## দেওয়ানা আইনের সংগ্রহ

অর্থাৎ

पूर्व ना

যে দকল আইন ও আইনের অর্থ ও দরকুলের অর্ডরপ্রভৃতি

ই০১ ১৭৯৩ দাল লা০১৮৪৩ দাল

হইয়াছে তাহা।

ঞ্ৰীযুত জান মাৰ্শমন দাহেবকৰ্তৃক দ∾গৃহীত।



## निर्घण ।

### চতুর্থ অধ্যায়।

	সরাসরী মোকদমা। আইনের মূল নিয়ম। সালিস। রে	জিষ্ট	রী কর	[न।	
ধারা।	C		मा ।		স্থ ।
· > 1					
٠	ণের সরাসরী মোকদ্দমা। কাসেক্টর সাহেবের ছারা				
	দেই মোকদমার বিচার।		>		>
२ ।					
	দেওন।	B	0	À	Œ
01	গ্রেক্তারীর ছকুম।	Ē	8	Ē	ঙ
81	সরাসরী মোকদ্বমা অগ্রাহ্য করিতে কালেক্টর				
	সাহেবের ক্ষমতা।	<b>B</b>	৬	ঐ	٥.
@ 1	— महामही विठात <b>७ क</b> श्रमला ।	<u>s</u>	9	ঐ	>>
91	— কালেক্টর সাহেবের ফয়সলা জারী করণ।	À	>	À	28
9 1	—— সরাসরী ফয়সলা অন্যথা করিবার নি <b>মিত্ত</b>				
	জাবেতায়ত মোকদম্ উপস্থিত করণ।	ঐ	٥٠	ঐ	29
b 1	বাকীদার পাট্টাদার প্রজা ও তাহার মালজামি-				
	নের উপর অন্য জিলায় ছকুম জারী করণ।	À	>>	ঐ	72
21	এক বিষয়ের মোকদ্দমা একি,আদালতে সোপর্দ				
	করণ।	À	25	À	२ •
201	বাকী রাজবের নিমিত্ত ভূমি ক্রোক করিতে জমী-				
	দারেরদের ক্ষমতা।	À	20	<b>B</b>	२১
221	— পেটাও প্রজারদের পাটা রদ করিতে এবং				
	তাহারদিগকে বেদখল করিতে জমীদারেরদের স্বতর।	B	28	B	२७
251				_	
	দের পাট্টা বাভিল করিতে ভূমাধিকারিরদের ক্ষমতা।	À		<u>a</u>	₹ @
201	ভূমাধিকারিরদের ক্ষমতার বিষয়ি দাধারণ বিধি।	À		B	२१
781	ক্রোক করণের বিরুদ্ধে সরাসরী মোকদমা।	Ā	74	Ā	२१
261	টাকা কি কাগলপত্র পাইবার বিষয়ে গোমাশ্তারদের নামে			_	
	ु महामही बालिस ।	À	২ ৽	ब	05
291	নীলের বাবৎ সরাস্রী মোকদমা। কোন প্রজা উৎপদ				
	নীল আপন কবুলিয়তের অন্যমতে বিক্রয় না করিবার	_		_	
	উপায়।	À	२ ०	ब्रे	७२
591	— সরাসরী ভদ্ধবীজ যেরপে এবং <b>যাঁহার ছারা</b>	5		۷.	
	করাঘাইবেক ভাহা।	Ā	54	À	૭৬
221	—— মোকদমা উপস্থিত থাকিতে উৎপন্ন নীল	<u> </u>		>	
	কাটিয়া লইয়া যাওন।	À	२8	ঐ	99

ধারা		খোল	াস।	মুল গূ	क्।
	নীলের বাবং সরাসরী মোকদমা। ফসল লইয়া যাইবার				
•	নিবারণ করণের ক্ষমতা। সরাদরী কি জাবেতামত মোকদ্দমার দারা করু-	À	२8	ब्र	94
201	সরাসরী কি জাবেতামত মোর্কদমার দারা কবু-				
	লিয়তের লিখিত নিয়ম পূর্ণ না করণের প্রতিকার। 🗓		2 &	ঐ	95
251	—— ই <b>रोम्श।</b>	<u>d</u>	२œ	<u>d</u>	8 •
२२ ।	রাইয়ত যেরূপে আপনার কবুলিয়তের বন্ধন-				
	হইতে মুক্ত হইতে পারে তাহা। 🙃 🚥 🚥	B	२७	<b>A</b>	85
२०।	मत्काती कार्याकात्रदक्तरमत् होका उमलक कत्रत्व मतामती				
	তজবীজ।	Ā	२٩	ঐ	87
२8।	মুৎফরককা মোক দমা। ভূমাধিকারির অযোগাতার রিপোর্ট				
	হইলে যাহা কর্ত্ততা হাহা।	B	২৭	<u>a</u>	8२
२৫।	নাবালকেরদের অধ্যক্ষ নিযুক্ত করণ।	À	२४	À	88
	বিবাদি মহালের সরবরাহকার নিযুক্ত করণ।	4	05	Ì	82
291	আইনের মূল নিয়ম। নানা সুবাতে সুদের হার।	ā	92	Ď.	¢ 5
261	— — সুদ ও ওয়াদিলাতের বিষয়ি দাধারণ বিধি।	À	00	B	œ٦
221	যে২ স্থলে আসল টাকাহইতে সুদ অধিক হয়				
	<b>टो</b> हो।	Ē	20	ब्र	e 5
901	আইনের মূল নিরম। ডিক্রীর মধ্যে সুদ কি ওয়াসিলাৎ				
	দেওনের ছকুম লিখন।	Ď.	20	À	¢ 5
051	— टक्कक दम्बन।		95	À	¢ 9
	—— বয়বলওফা কি কটকোবালাক্রমে বিক্রয় হওয়া				
	ভুমি।	ì	99	<u>a</u>	@ <b>b</b>
001	—— বরবলওফার কটক্রমে ভূমি বিক্রয় হইলে বন্ধক				-
	দেওনিয়া খাতক আপনার বন্ধকদেওয়া ভূমি যেরূপে				
	উদ্ধার করিতে পারে ভাহা।	À	99	ঐ	<b>C</b> 3
281	— বরবলওফারুমে ভূমি বিক্রয় হইলে যে প্রকারে				
	বন্ধকলওনিয়া মহাজন বিক্রয় সিদ্ধ করিয়াবন্ধকী ভূমির				
	দুখল পাইতে পারে তাহা।	Ē	95	B	७२
100	— সম্পত্তির উত্তরাধিকারিজ্ঞ।		8२	Ď.	৬৬
291	সম্পত্তির দাওলা না হয় তাহার এবং মৃত বা-				
	ক্রিরদের বিশেষতঃ মৃত ব্রিটনীয় প্রজারদের সম্পতি আ-				
	দালতের জিমা করণের বিষয়।	ঐ	88	ঐ	90
991	উত্তরাধিকারিজের বিষয়ি বিধান।		83	<b>D</b>	CP
071	উত্তরাধিকারিত্তের বিষয়ি স্থাবর এবৎ অস্থাবর				
	সম্পত্তির অন্যায়রূপে দখল নিবারণের আইন।	E.	84	<u>d</u>	95
160	উত্তরাধিকারিজ্ঞের গতিকে পাওনা টাকার আ-				
	দায় সুগম করণের নিমিত এবং মৃত ব্যক্তিরদের স্থলাভি-				
	হিক্ত ব্যক্তিবৃদিগকে যাহারা আপন্থ কর্জা টাকা পরি-				
	শোধ করিয়া দের তাহারদের বেকুঁকী হওনের নিমিত্তে				
	বিধি।	Ì	63	À	७७
80 1	— — উদ্মাদ ব্যক্তিরা।	À	<b>&amp;</b> 8	ঐ	44
	— পাঁতা ধন।	<b>D</b>	68	Ã	৮৮

ধারা।		नोमां।	बृ	লগুস্থ।
৪২। আইনের মূল নিয়ম। আদালতের ভারা মোকদমা <b>দালি</b> -				
मीटে অর্পণ করণ। 🔐 🔐 🔐		C C		۵۰.
- ৪৩। ভূমির বিষয়ে সালিসী করণ। উভয় পক্কের				
নির্দিষ্টকরা সালিদকে মোকদ্দমা সমর্পণ করণ।		69	À	26
৪৪। রেজিফারী করণ। যে দলীলদস্তাবেজ রেজিফারী				
করিতে হইবেক তাহা।	ঐ	æ	ক্র	22
৪৫। রেজিউরী করণের নিয়ম।	ঐ	90	À	202
৪৬। রেজিফারী বহা দেখন ও তাহাহইতে কোন				
কথার নকল কর্ণ।	<u>a</u>	92	ঐ	2 . 8
৪৭। — — রিকার্ড করণের নিয়ম।	ঐ	৬২	ঐ	5 . 8
৪৮। দন্তাবেজ রেজিফারী করণেতে যেরূপ বলবৎ				_
হইবেক ভাহা।	Ē	92	À	5 o æ
८३। कीम व्यर्थाय तृत्र्य।		30		203
<ul><li>६०। — नाटয়व नियुक्त कत्त्व।</li></ul>	À	30		309
৫১। (तिक्रिकेती विषय कर्क्क कर्न।	à	৬৪		
e २। — দেওয়ানী মোকামে রেজিউরী দক্তর স্থাপন	•			-
কর্ণ। ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১	ঐ	૭૯	À	22.
	_	•-	11	
পঞ্চম অধ্যায়।				
আপীল।				
ধারা।				
১। মুন্দেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনেরদের				
ডিক্রীর উপর্সর্মরী আপীল।	A	৬৬	्र	225
২। ৫০০০ টাকার উর্দ্ধুলোর মোকদমার প্রধান সদর আমী-				
নের করা নিম্পত্তির উপর এবং সামান্যতঃ জিলার জজ				
সালেবের ডিক্রীর উপর সরাসরী আপীল।	ঐ	৬৮	ब्र	>>>
৩। ৫০০০ টাকার অনুর্ক্ মূল্যের মোকদ্দমাতে মুনদেফ ও সদর				
আমীন ও প্রধান সদর আমীনেরদের নিষ্পত্তির উপর				
জিলার আদালতের জজ সাহেবের নিকটে জাবেতামত				
আপীল।	ह्ये	৬৯	द्ध	>>9
৪। অচিহ্নিত বিচারকেরদের ডিক্রীর উপর জিলার জজ সাহে-				
বের নিকটে আপীল করণের মিয়াদ। 🕠 🕠	ज	99	3	250
৫। রেসপাণ্ডেন্টকে তলব না করিয়া অধস্থ আদালতের ডিক্রী				
বহাল রাখিতে অথবা তাহা ছানী তজবীজের নিমিতে ফি				
রিয়া পাঠাইতে জিলার জজ সাহেবের ক্ষমতা।	ঐ	98	B	<b>५</b> २७
৬। আপেলাণ্টকে তলব না করিয়া যে আপীলা মোকদ্দমার নি-				
ম্পত্তি হয় তাহার ইফাম্প ও উকীলের রসুম ও খরচার				
বিষয়ি বিধি।	<u>a</u>	95	À	32F
৭। মুনদেক ও দদর আমানের ডিক্রীর উপর আপীল প্রধান				
সদ্র আমীনের নিকটে অর্পণ করণ।	À	99	À	>00
The more was tree of the test of				


ধারা।		খোল	ामा ।	মূল	গুৰু
<b>.</b> F1	জিলার আদালতের নিষ্পত্তির উপর এবং ৫০০০১ টাকার			~	
•	উর্দ্ধ মুল্যের মোকদ্দমায় প্রধান সদর আমীনের নিষ্পত্তির	ī			
	উপর সদর আদালতে জাবেতামত আপীর্ল।		40		200
۱ 🚓	আপীলী মোকদমার থরচার মালজামিন।	E	40	ঐ	>80
201	আপীলী মোকদমার শুনন ও নিষ্পত্তিকরণ।	Ì	₽8	À	\$8₹
221	আপীল করণের সময়ে অচিছিত বিচারকেরদের ছকুম জা	-			
	রী করণ কি স্থগিত রাখণ।		49	À	>89
251	ভূমিবিষয়ক মোকদমায় জিলার আদালতের নিষ্পত্তির	1			
	উপর সদর আদালতে আপীল হইলে ঐ জিলার আদাল	7			
	লের হুকুম জারী কি স্থগিত রাখণ।		44	À	284
106	আপীল করণের সময়ে বিবাদি ভূমিবিষয়ক নিয়ম।	À	42	À	>00
281	নগদ টাকা কিয়া অন্য কোন অস্থাবর সম্পত্তির বিষয়ি মো				•
	কদমার উপর সদর আদালতে আপাল উপস্থিত থাকন	-			
	সময়ে জিলার আদালতের ডিক্রী জারী কি স্থগিত রাখণ।	Ē	٥٥	À	>@2
261	আপীল হওনসময়ে যে সম্পত্তি জামিনস্বরূপ দেওয়া গিয়ায়ে	Ž.			
	তাহার বিষয়ি এবৎ ভাহার রেজিফীরীকরণ বিষয়ি বিধান।	À	22	Ì	500
221	জিলার আদালতের জজ দাহেব অথবা প্রধান দদর আমী				
	নের নিষ্পত্তির উপর দিতীয় অর্থাৎ থাস আপীল।	Ì	25	Ì	263
391	ৰিতীয় অর্থাৎ খাদ আপীল। আপীল চালাওনের বিধান।		>8	Þ	>0>
	ইফ্টাম্প এবং উকীলের রসুম।		26	À	১৬২
221	যে মোকদ্দমা ছানী তজবীজ অথবা গোড়াগুড়ি বিচার হও				
	নের নিমিত্ত ফিরিয়া পাঠান যায় তাহার বিষয়ে দেও	-			
	য়ানী আদালতদকলের যাহা কর্ত্ব্য তাহার নিয়ম।	B	29	Ò	290
501	জিলার জজ সাহেবের দারা ডিক্রীর পুনর্মিচার ।	À	24	Ì	১৬৭
521	জিলার আদালতের দ্বারা পুনর্মিচার। ইফ্টাম্প।	À	200	Ì	292
221	প্রধান সদর আমীনের দারী ডিক্রীর পুনর্বিচার।	Ì	202	ঐ	290
105	मालिटमत् क्यमनात् उत्रत् जाशीन।	À	205	À	290
	ষষ্ঠ অধ্যায়।				
	ডিক্রী জারী।				
ধারা।					
or f	জলার আদালতের হারা ডিক্রী জারী।	À	200	À	396
<b>1</b> 1	আদালতের ডিক্রী জারী করণার্থ রাজম্বের কর্মকারকের	t			
	দ্বারা ভূমির নীলাম।		309	À	240
01 1	ডিক্রী জারীক্রমে দেওয়ানীর কার্যাকারকেরদের ছারা বাটী	r			
	কি ফলের বাগান কি বাগান অথবা ক্লুদু২ ভূমিখণ				
	নীলাম।		222	ঐ	220
81 1	ভিন্ন এলাকায় সম্পত্তির নীলাম।	Ì	>>0	Ē	228
at 1	ডিক্রী জারীক্রমে যে ভূমি নীলাম হইবার ইশ্তিহার হয় তা-				
	হার উপর দাওয়া এবং তাহার নীলামের বিষয়ি ওজর।		>>8	ঐ	>>@

ধারা ।		(4)	<b>ा</b> लामा ।	মূ	লগ্ৰন্থ।
	ডিক্রী স্লারীক্রমে ভূমির যে নীলাম হয় তাহা অসিদ্ধ করণ।		224	_,	205
91					3
	কর্ণ।		222	Š	200
<b>b</b> 1	ডিক্রী জারী করণার্থ মোকদ্দমা উপদ্থিত করণের মিয়াদ।	Ď.	>> > > > 0	Ì	₹ 2 • 8
۵ ۱					
	লভের সাহায্য।	À	<b>&gt;</b> २०	3	3.0€
501	<b>डिकीमादित कमूत । *</b>	D	252	Ì	२०१
	নীলামের উৎপন্ন টাকা পাইতে ডিক্রীদারেরদের বিশেষ ২				
	অধিকার।	Ā	222	Þ	201
<b>5</b> ₹1	ডিক্রী জারীক্রমে আমীনেরা যে সম্পত্তি নীলাম করেন্				
	তাহার মূল্য যে মিয়াদের মধ্যে দাখিল করিতে হইবেক				
	তাহা।	À	<b>&gt;</b> 22	ঐ	২০৯
501	म्नारमक ও मनत आभीन ও প্রধান मनत आभीरनतरानत हाता				
•••	<b>डिको डार्वी कर्</b> व।	È	250	ã	२०३
581	ডিক্রী জারীক্রমে মুনদেফেরা যে টাকা পাব্ছ তাহা রাখণ ও	_			
• • • • • • • • • • • • • • • • • • • •	त्मश्रम् ।	À	<b>3</b> 2¢	É	233
501	জিলার আদালতের ডিক্রী জারীক্রমে কয়েদ করণ।	Ì			
331	মনদেফ কি সদর আমীন কি প্রধান সদর আমীনের ডিক্রী				•
• • • • • • • • • • • • • • • • • • • •	জারীক্রমে আসামীকে কয়ের করণ।	Š	১২৬	Ē	२५८
391	<b>मिश्रामी (क्रमशामाटक करामीहरमंद्र (श्राह्मोक)</b> होका।	Ì	229		२३७
371	কিস্তিবন্দীর দ্বারা ডিক্রীর টাকা শোধ করণ।	É			
221	যোত্রহীন থাতকদিগকে থালাস করণ।	<u>a</u>		3	
२०।	৬৪১ টাকার ন্যুন সংখ্যার ডিক্রীর নিমিত্ত কয়েদ করণের	-			
` '	शिशाम ।	ক্র	205	Ì	२२७
२५ ।	নিমকপোখানের সম্পর্কীয় ব্যক্তিরদের নামে ডিক্রী জারী		•		
,	কর্ণ।	S.	500	Š	<b>२</b> २8
221	मृत्काद्वत विकृष्क छिक्री सादी कद्रण।		200		226
	জিলার আদালতের ঘারা সুপ্রিম কোর্টের ডিক্রী জারী				
		Ē	306	B	२२१
281		À	300	ď	२२ १
	কলিকাভার ছোট আদালতের দ্বারা চবিশেপরগনার ডিক্রী				
		ĕ	306	À	२२४
	चलाच जाश्रामेत्र ।				
	সপ্তম অধ্যায়।				
	সদর দেওয়ানী আদালত।				
ধারা		\$	505	<b>A</b>	২৩•
21	districted of the state of the				२७२
51	সদর আদালতের এক জন জজ সাহেবের সাধারণ ক্ষমতা।	ज ज	204 204	ञ द्वे	२७२ २७४
01	জজ সাহেত্রেরদের মতের আনৈকা।	<b>4</b>	244	4	~V0

ধারা।					(	থাল	ोमा ।	মূল গ	17 1
. 81	অধ্য আদালতের নিষ	পত্তির উপ	র আপী	ন হইলে	সদ্ব			-	•
•	আদালতের এক জন	জজ সাহেতে	র ভার।	হাহার বি	চার।		202		२७५
@ I	সদর আদালতের ছারা	অধস্থ আদ	ালতের বি	উক্ৰী বা ব	হকুম				
	রুদ কর্ণ।				••	ঐ	282	À	२०४
<b>9</b> 1	প্রথমতঃ উপস্থিত মোক	দ্দমাকি দর	थास मन	র আদাৰ	<b>নতের</b>				
	' দ্বারা জিলার আদাল					À	285	छ	₹8•
91	সদর আদালতে সরাসর					ঐ	\$85	ঐ	<b>२</b> 85
61	मन्त् चानानट कार्य				কদ্মা				
	আপীলের যোগ্য।	সাধারণ বি	াধি।	• •	• •	À	282	ब्रे	२ <b>8</b> ३
21	मन्द्र ज्यानालट्ड माक्की अ	3 माक्का।		• •	••	ঐ	285	Q	500
201	সদর আদালতের ত্রুম				• •	Ì	> 6 0	ब	२७२
221	অধস্থ আদালতের ক্রটি								
	কতা করণ কিয়া হুকুম				• •	Ì	568	छ	२ ५ ०
<b>5</b> ₹ }	मन्त्र आमामटउत् डिकी				• •	Ì	268	B	२७১
201	मन्त्र जामानट्य जिन्ही					Ì	200	<u>a</u>	२ ७२
281	সদর আদালতের ডিক্রীর	-	<b>T</b> 1	• •	••	ज	263	ঐ	२७७
5¢ 1	সদর আদালতে খাস আ				• •	ঐ	234	Ì	२७४
221	<b>এ</b> শীমতী মহারাণীর হজু				কদ্দ-				
	মার সংখ্যা। আপ	-				ঐ	290	À	३,९०
391	🗐 🗐 মহারাণীর হজু				हा ड				
	ডিক্রী জারী কিয়া স্থ					म	292	<u>s</u>	२ १ ४
221	— কাগজগা		डिकी स	तांदी ।	• •	٩	>98	ঐ	२१४
251	সদর আদালতের আমল			• •	• •	ब	296	Ē	२৮ ०
201	বাদিপ্রতিবাদিকে কাগজ				• •	Ì	১৬৬	ब्रे	२४२
२५।	সদর আদালতের নিমি	ৰ যে২ কা			য় তা-				
		• • • •	• •			3	_	Ā	₹₩8
२२।	সদর আদালতের নিমিত্ত						১ ৬৮	Ē	5 P C
	टामिश्राञ्चितानिवरमव मर						> > >	ड	२४१
₹81	সদর আদালতের দ্বারা	আইনের ত	মর্থ করণ	١	• •	Ì	>9>	ब्र	२৮१
		আ	পেণ্ডিক্ল	1					
		পাটার বি	विश्विष	য়ান ৷					
ধারা						•			
	পাট্টার হার।		• •	• •	• •		• •	•••	3,20
<u>۱</u>			 1 farfis ~		entarit		• •	•••	222
91	পাটার শরওয়া এবং ব			इ.१८४०	<b>ગારા</b> !		•••	•••	220
				• •	• •		• •	••	₹ <b>&gt;8</b>
	পাট্টার মিয়াদ। খাজানা দেওন।	***		• •	••		••	••	२ <b>३ ५</b> २ <b>३ १</b>
اول	'레 (의) 어디 ( IF IS 이 1 · · ·	//*	***						< 20 7

#### পত্তনি তালুক।

ধারা	t						मूर	সগ্রস্থ।
> 1	সাধারণ বিধান।		• •			•••	•••	くかと
२ ।	পত্তনি তালুকের হস্তান্তর করণ						•••	0.2
91	বাকী খাজানার নিমিত্ত প্তনি	ে তালুে	কর নীলা	য়।	••		•••	७०१
8 1	নালাম স্থগিত করিতে পেটাও				•••	•••		900
@ 1	নীলামে শ্রিদারেরদিগকে যে				•••	•••		204
७।	নীলামের পর তালুকের দখল	পাও	নর নিয়ঃ	11	•••	•••	•••	0.2
বাকী	রাজবের নিমিত্ত ভূমির নীলাঃ	T 1	• •	••	••	••		٥٥٠
	ক্ৰোক ব	চ্র ণের	বিষয়ি	বিধান	1			
ধারা	1							
> 1	ক্রোকহওয়া সম্পত্তির নীলাম	করণের	ক্ষতা।	• •		•••	•••	95 G
२ ।	ক্রোক করণের ক্ষমতা।	•••				•••	•••	959
91	অপরাধের দেও।	••	•••	• •	••	•••	•••	952
8 1	বাকীদার।	• •	••	• •	• •	•••	• • •	057
@ 1		• •	•••	•••	• •	•••	•••	000
♦ i	থানাতলাশী।	••	••	•••	• •	•••	•••	<b>998</b>
91	ক্রোকের যোগা সম্পত্তি এবং				• •	• • •	•••	००५
<b>b</b> 1	ক্রোকহওয়া সম্পত্তিতে নীলা	মের ক	ণর্য্যকার্	করদের	যাহা			
	কর্ত্তব্য। ••	••	• •	•••	• •	•••	•••	201
21	নীলামের নিয়ম।	••	••	••	••	•••	•••	28.
_	<b></b>	-						
मला	लम् खारिट छत् इस्राम्थ ।	•••	***	•••	•••		•••	<b>285</b> .
					- S		•	
A13	ার দথলবিষয়ে দাঙ্গাহঙ্গামা বি	नवावन	447 4	ગજાત્ય	<b>ત્રું 14</b> વ			
	বেদখলের প্রতিকার করণ।	••	••	••	••	•••	•••	૭૭૨
F27 **	731m milimitatio							9.45



# আইন ও আইনের মুর্থের ও সরক্যুলর **স**র্ডরের থোলাসা।

#### চহুর্থ অপ্যায়।

সরাসরী মোকজম। আইনের মূল নিয়ম। সালিস। রেজিইটরী করণ।

#### ১ পারা।

মালওজারীর বাকীর এবং তাকা অন্যানেতে তুল্পীল করণের স্বাসরী মোকদ্দম। কালেক্টর সাতেবের দ্বারা সেই ফোক্দমার বিচার।

- ১। নে সকল আইনের দ্বারা মালগুড়ারীর বাকীর কি তাতা অন্যায়েতে তত্সীল করণের বিদ্যা স্বাসরী নালিশ কি দাওলা শুনিতে এক তাতা কালেকটর সাত্তেকে বিচারের নি-মিত্ত সোপদ্ধ করিতে দেওলানীর ৬৬ সাত্তেবেবদের প্রতি ক্ষমতা দেওলা গিয়াছে তাতা রদ ইকল।—১৮৩১ সা। ৮ তা। ২ পা।—১ পৃষ্টা।
- >। ইহার পার উক্ একার দা ওাার ফারেতামত নালিশ না হইলে দেওয়ানীর জন্মারেরেবা তাতা গ্রাহা বরিতে পারেন না।—১৮১১ সা। ৮ আ। ৩ পা ।—১ পৃষ্ঠা।
- ৩। এই আইন ছার্রা হওনের সমশে সেই প্রকার যে সকল যোকজ্মা দেওযানী আদিলতে উপস্থিত থাকে ভাহ কালেলটের সাথেরেরদের নিকটে বিচার ও নিষ্পান্তির নিমিত্তে ২ মান লাইবেক।—১৮১১ সা। ৮ মা। ৫ পা।—১ পৃষ্ঠা।
- ৪। নিফার ভূমির ভোগবাদ বা কেরা অপনার দের রাইযতের নামে খ জানার বাবৎ দে সরাসরী নালিশ করে ভালা ১৮৩১ সালের ৮ আইনানুসারে কালেক্টর সাহেবের দারা কিরার হইবেক একং দেওয়ানী আদালত তাতার বিচার করিতে পারেন্ না।—৮৩৭ নম্বরী আইনের অর্থা —১ পৃষ্ঠা।
- ৫। মালগুজারের। আপন জমীদারীর সর্বরাহ কার্স্যে যে পাটওয়ারী এবং এ দেশীয় অন্য গোমাশ্তা নিযুক্ত করিষা থাকেন্ তাহারদের নামে ১৮০৩ সালের ১৮ আ-ইনের ৩৭ ধারানুসারে যে সরাসরী নালিশ হয় তাহা ১৮৩১ সালের ৮ আইনানুসারে কা-লেকটর সাহের বিচার করিবেন।—১৪৬ নম্বরী আইনের অর্থ।—১ পৃষ্ঠা।
- ৬। অন্যায়েতে মালগুঙারী তহসীল করণেতে যে ক্ষতি হয় তাহার নালিশ ইহার পূন্দে মে বিধি ও নিষেধানুসারে জিলার জজ সাতেবের দারা দিচার হউত সেইমতে ১৮৩১ সালের ৮ আইনানুসারে কালেক্টর সাতেবের দারা তাহার বিচার হইবেক ৷—১৮৩৩ সালের ১৫ নবেমূরের সর্কুলের অর্ডর।—২ পৃষ্ঠা।
- ৭। এই প্রকার দকল সরাসরী নালিশ কালেক্টর সাহেবের নিকটে উপস্থিত করিছে চইকেক এবং ঠাহার করা নিজ্পত্তির উপর জাবেতামত আপীল না হইলে তাহা চূড়ান্ত চইকেক। কিন্তু যদি আপীলের এই তেতু হয় যে এ মোকদ্দমাতে আইন খাটে না তবে রাধ্যের কমিসানর সাহেবের এই ক্ষমতা আছে যে সরাসরী ফ্যসলার তারিখের পর এক মা সের মধ্যে ঐ আপীল গ্রাহা করেন্। এবং যদি ঐ আইন না খাটিবার লিখিত হেতুব প্রমাণ না হয় তবে কমিসানর সাহেব খ্রচাসমেত তাহা ডিসমিস করিবেন। যদি ছিনি এইমভ বোধ করেন্ যে আইনানুসারে ঐ মোকদ্দমা সরাসরী নালিশের ক্ষিত্র আবশ্যক ও উচিত বাধ হয় সেইমত তকুম করিবেন। —১৮৩১ সাণ। ৮ আ। ৪ ধা।—১ পৃষ্টা।

- ৮। ঐ প্রকার সরাসরী মোকজ্মাতে কালেক্টর সাহেব সম্পত্তি ক্রোক করণের হুকুম , দিলে যদি সেই হুকুমের বাধকতা হয় তবে কালেক্টর সাহেব সেই বাধকতার মোকজ্মা বিচার করিতে পারেন্। কিন্দু যদি ঐ বাধকতা কর্মেক কিছু দালা হয় তবে সেই মোকজ্মার বিচার মাজিট্টেট সাহেবের রারা হইবেক।—১১৫ নম্বরী আইনের অর্থ।—২ পৃঠা।
  - ৯। ১৮৩১ সালের ৮ তাইনানুসারে মোকদ্দমার সময়েং রিপোর্ট করণের বিষয়ে এবং সেই আইনসম্পর্কীয় সকল কর্ম করণেতে কালেক্টর সাহের রাজস্বের কমিস্যানর সাহেবের এবং সদর বোর্ড রেবিনিউর সাহেবেরদের উপদেশানুযায়ি কার্য্য করিবেন।—১৮৩১ সা। ৮ আ। ১৮ হা।—২ পৃষ্ঠা।
- ১০। প্রীবৃত গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলইইতে বিশেষ ক্ষমতা না পা-ইলে এই আইনানুসারে কালেক্টর সাহেবকে অর্পণহওয়া ক্ষমতানুসারে কালেক্টরের আসিন্টান্ট সাহেব কার্য করিবেন না। কেইরপ ক্ষমতা পাইলে কালেক্টর সাহেব যে মোকক্ষমা ভাঁহারদিগকে অর্পণ করেন্ ভাঁহারা তাহার নিষ্পত্তি করিবেন। কিন্তু ভাঁহার-দের ফয়সলা কালেক্টর সাহেবেরা পুনদ্িষ্টি করিবেন এবং তাহার উপর আপীল সর্ম শেষে কমিস্যানর সাহেবের নিক্টে ইউতে পারিবেক।—১৮৩১ সা।৮ আ।২১ ধা।—৩ পৃষ্ঠা।
- ১১। যে সমস্ত ফয়সলা অচিজিত ডেপুটা কালেক্টরেরদের দ্বারা করা যাইতেছে তাহা তাঁহারদের উপর কর্তৃঅকারি চিজিত সাকেবেরা বিবেচনাপূর্ত্বক অর্থাৎ কথন হ বাভল্যরপে এবং কথন হ অপেতারূপে পুনদৃষ্টি করিবেন।—১৮৪০ সালের ২৮ আগফের সরকুলের অর্জর।—১ পৃষ্ঠা।
- ২২। কালেক্টর সাহেব আপনার অধীন ডেপুটী কালেক্টরের মাসিক কৈফিন্ত তহকীক করিলে মধ্যে২ কোন মোকদ্মার কাগজপত্র তলব করিয়া পুনদৃষ্টি করিবেন কিন্তু আপীল হইয়াছে কেবল এই কারণে পুনর্ফিচার করিতে হইবেক না।—১৮৪২ দালের ২৯ আপ্রিলের সরকুলের অর্ডর।—৩ পৃষ্ঠা।
- ১০। মালওজারার বাকী হওনের বা তালা অন্যায়েতে তহদীল করণের পর এক বং-দরের মধ্যে যদি নালিশ কিয়া দরগাস্থু না করা যায় তবে কালেক্টর দাহেব তাহা গ্রাহ্য করিবেন না।—১৮২২ সা। ৭ আ। ২০ ধা। ৩ প্র।—৩ পৃহা।
- ১৪। যে পাট্টাদার প্রজা বা রাইরতের স্থানে ভূম্যধিকারী এবং ইজারদারের বাকী মালগুজারী পাওনা থাকে তাহারদিগকে ও তাহারদের মালজামিনদিগকে কয়েদ করণের বিষয়ে এবং নালিশের সরাসরী তজবীজ করণের বিষয়ে ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারা এবং ১৮০০ সালের ৫ আইনের ১৪ ধারাতে যে বিধি আছে তাহার তাৎপর্য এই যে অংপা দিনের অর্থাৎ সন হালের মধ্যে অথবা তাহা সমাপ্ত হওনের পরেই যে বাকী পড়ে কেবল এমত মালগুজারীর বাকীর বিষয়ে থাটে। কিন্তু যে মালগুজারীর বাকী পড়নের সময়অবধি তাহার বাবৎ নালিশ করণের সময়পর্যান্ত বারো মাসহইতে অধিক কাল অতীত হইয়া থাকে সেই বাকীর দাওয়ার মোকদমার বিচার ও নিক্ষান্তি সরাসরীমতে হইবেক না। পরন্ত এইরূপ নিষ্ধে থাকিতেও যে বাকী বারো মাসহইতে অধিক কালের হয় তাহার বন্দোবন্ত ও নিকাশ করিতে জজ সাহেব ও কালেক্টর সাহেব ভাল বুবিলেে সেই মত বাকী নিকাশ ও বন্দোবন্ত করিতে পারেন্।—১৮০৫ সা। ২ আ। ৪ ধা। ১ প্র।—৪ পৃষ্ঠা।
- ১৫। সরাসরীমতে মোকজমার নিষ্পত্তি করিতে কালেক্টর সাহেবের। যে ক্ষমতা পাইয়াছেন তাহা এইপর্যান্ত সম্পর্ক রাখিবেক যে মালগুঙারীর দাওয়া উপস্থিত হইলে পূর্কাই বংসরে যে মালগুঙারী দেওয়া গিয়া থাকে তাহার মতে মোকজমার নিষ্পত্তি করেন্। কিন্ত বেশী মালগুঙারীর লেখা কোন প্রকৃত একরারের দারা প্রমাণ না হইলে ঐ বেশী খাদানার কোন দাওয়া গ্রাহ্য হইবেক না।—১৮৩১ সা। ৮ আ। ১০ খা।—৪ পৃষ্ঠা।

- ১৬। যে ব্যক্তির বাকী খাজানা পাওনা থাকে সেই ব্যক্তি বাকীদারের সম্পত্তি ক্রোক করাইতে পারে অথবা তাহাকে করেদ করাইতে পারে এই দুই উপায়ের যাহা দুগম বোধ হয় তাহা করিতে পারে।——১১৯ নমুরী আইনের অর্থ।—৪ পৃষ্ঠা।
- ১৭। ১৭৯৯ সালের ৭ আইনানুসারে যে সরাসরী নালিশ হয় তাহা যত অপপ সংখ্যা টাকার হউক তাহা কালেক্টর সাহেব নাম গ্রুর করিতে পারেন্ না।—৫১৯ নমুরী আইনের অর্থ।—৪ পৃষ্ঠা।
- ১৮। যে কোন ভূমাধিকারী ১৮৩৩ সালের ৯ আইনের ১২। ১৩। ১৪ ধারার লিখিত ভকুম মতাচরণ না করিয়া উক্তমত সরাসরী মোকদ্দমা করেন্ ঐ মোকদ্দমা ননসুট হইবেক। যদ্যপি তিনি কোন রাইয়তকে বেদখল করেন্ কিয়া তাহার সম্পত্তি ক্রোক করেন্ তবে ঐ বেআইনী কার্য্যের নিমিত্তে জরীমানা দিবার যোগ্য হইবেন।—১৮৩৩ সা। ৯ আ। ১৫ ধা।—৪ পৃষ্ঠা।

মালপ্রজারীর বাকীর এবং তাহা অন্যায়েতে তহসীল করণের সরাসরী মোকদমা। জাবেতামত মোকদমা উপস্থিত করণের আখাস দেওন।

- ১৯। যদি কেই বাকী মালগুজারী পাইবার নিমিত্ত সরাসরী তজবীজের পরিবর্ত্তে জাবেতামত মোকদ্দমা করিতে মনস্থ করে তবে দাওয়ার সংখ্যা দৃট্টে মুনদেফদিগের নিকটে বা জিলা কি শহরের জজ সাহেবের নিকটে জাবেতামত নালিশ করিতে পারে। এবং জিলার জজ সাহেবের প্রতি তকুম ইইল যে বাকী মালগুজারীর কি তাহা অন্যায়েতে তুইদীল করণের বাবং যে সকল নালিশ সরাসরীরূপে বিচার ইইতে পারে তাহার জাবেতামত নালিশ করিতে উভয় বিবাদিকে আখাস দেন্।—১৮২১ সা। ২ আ। ৪ ধা।—৫ পৃষ্ঠা।
- ২০। বাকী মালগুজারীর কি তাহা অন্যায়েতে তহদীল করণের বাবৎ সরাসরী নালিশ না করিয়া জাবেতামত নালিশ করিতে আশাস দিবার নিমিত্ত তকুম হইল যে এই প্রকার যে দাওয়ার নালিশ সরাসরীমতে হইবার যোগ্য তাহা জাবেতামত উপস্থিত হইলে তাহার আর্জী চলিত আইনের নিরূপিত মূল্যের সিকী মূল্যের ইফাম্প কাগজে লেখা যাইবেক। কিন্তু সরাসরী ফরসলা অন্যথা করণের নিমিত্ত যে জাবেতামত নালিশ হয় তাহাতে এ তকুম খাটিবেক না কিন্তু ইফাম্পের মাসুলের বিষয়ে আইনে যে সাধারণ তকুম আছে তদনুসারে মাসুল দিতে হইবেক অর্থাৎ সম্পূর্ণ ইফাম্পের মাসুল দিতে হইবেক।—১৮৩১ সা।৮ আ।৮ ধা।—৫ পৃষ্ঠা।
- ২১। বাকী মালগুজারীর কি তাহা অন্যায়েতে তহসীল করণের বাবৎ যে নালিশ হয় তাহা ১৮৩১ সালের ৮ আইনের বিধির অনুসারে কালেক্টর সাহেব সরাসরীমতে বিচার করিতে পারেন্ এবং জাবেতামত মোকদ্দমার ন্যায় মুন্দেফ তাহা বিচার করিতে পারেন্। মুন্দেফের আদালতে নালিশ হইলে তাহার আর্জী সিকী মুল্যের ইফ্টাম্প কাগজে লেখা যাইবেক।—৭১৪ নম্বী আইনের অর্থ ।—৫ পৃষ্ঠা।
- ২২। যে রাইরত ও পাট্টাদার প্রজা অন্যায়রূপে তহসীলের বাবৎ নালিশ করে এবং যে জমীদার ও অন্যেরা আপনারদের হক পাওনার বাবৎ নালিশ করে এ দুই প্রকার নালিশের বিষয়ে উক্ত ২১ নম্বরী বিধান খাটে।—৭১৪ নম্বরী আইনের অর্থ।
  —৫ পৃষ্ঠা।
- ২৩। ১৮৩১ সালের ৮ আইনের ৮ ধারা যেমন বাকী মালওজারীর বিষয়ে থাটে তেমন মালওজারী অন্যায়েতে তহসীল করণের বিষয়েও থাটে এবং ঐ প্রকার দাওয়ার জাবেতামত মোকদ্দমা হইলে তাহা মুনদেফেরা সামান্যতঃ সিকী মুল্যের ইক্টাম্প কাগজে লইতে পারেন্।—১৮৪২ সালের ১৮ ফেকুআরির সরকালর অর্ডর।—১ পৃতা।
  - ২৪। ১৮৩১ সালের ৮ আইনের ৮ ধারানুসারে যে মোক্দমা উপস্থিত হয়

ভাষাতে উকীলের সম্পূর্ণ রসুম আমানৎ করিতে হইবেক এবং সওয়াল জওয়াব দাখিল করিতে হইবেক এবং জাবেতামত মোকদমা নির্বাহ করণের যে সকল দাঁড়া আছে তদনুসারে কার্য্য করিতে হইবেক। ঐ ৮ ধারার দারা পূর্বের আইনের এইমাত্র বিশেষ হইয়াছে যে ইফাম্পের মাসুলের চারি অংশের তিন অংশ সরকার ত্যাগ করিয়াছেন।

—১৩০ নম্বরী আইনের অর্থ।—১ পৃষ্ঠা।

- ২৫। ১৮৩১ সালের ৮ আইনের ৮ ধারানুসারে যে সকল মোকদ্দমা উপস্থিত হয় তাহা সর্বপ্রকারে জাবেতামত মোকদ্দমার ন্যায় জ্ঞান করিতে হইবেক অতএব মোকদ্দমার আরজী সম্পূর্ণ মূল্যের ইফাম্প কাগজে লেখা গেলে যেরূপ হইত সেইরূপে মোকদ্দমার বিষয় বুঝিয়া সওয়ালজওয়াব এবং অন্যান্য কাগজপত্র ইফাম্প কাগজে কিয়া শাদা কাগজে লিখিতে হইবেক।—১০০১ নমুরী আইনের অর্থ।—১ পৃষ্ঠা।
- ২৬। বাকী খাজানার বাবৎ কোন দেওয়ানী আদালতে নালিশ হইলে ফরিয়াদীর এমত প্রমাণ দিতে হইবেক যে আমি ১৮৩৩ দালের ৯ আইনের ১৪ ও ১৫ ধারানুসারে কার্য্য করিয়াছি। সেই বিষয়ে ফরিয়াদী যে প্রকার প্রমাণ দশাইতে পারে সেই প্রকার প্রমাণ বিচারক লইবেন।—৮৮৪ নমুরী আইনের অর্থ।—৬ পৃষ্ঠা।
- ২৭। মালগুজারীর বাকীর বাবৎ যেই নালিশ জাবেতামত হয় তাহা মুনদেক গ্রাহ্য ও বিচার ও নিষ্পান্তি করিতে পারেন্ এবং যে পেটাও রাইয়ত কি অন্য ব্যক্তি আপনার-দের মালের জোক ও আপনারদিগকে করেদের নিবারণের ইচ্ছা করিয়া নালিশ করে কিয়া ঐ জোক ও কয়েদের নিমিত ক্ততির দাওয়া করে ঐ মত দাওয়া মুনদেক গ্রাহ্য ও বিচার ও নিষ্পাত্তি করিতে পারেন্। এমত মোকদ্মায় মুনদেকেরা ক্ততির টাকা দেওয়াইতে পারেন্।—১৮৩১ দা। ৮ আ। ১১ ধা।—১ পৃষ্ঠা।

#### ৩ পারা।

মালওজারীর বাকীর এবং তাহা অন্যায়েতে তহসীল করণের সরাসরী মোকদমা। গ্রেস্তা: ' রীর জকুম।

- ২৮। জমীদার ও তালুকদার ও ভূমাধিকারি ও ইজারদারপ্রভৃতির দাধ্য আছে যে তাঁহারদিগের কাহারু মালপ্রজারীর বাকীর দাওয়া কোন মফঃদল তালুকদার রাইয়তপ্রভৃতির উপর থাকিলে যদি দেই বাকী টাকা মাল ক্রোক করণের দারা আদায় করিতে না পারেন্ তবে দেই বাকীদার অথবা তাইার মালজামিনের স্থানে দেই বাকী তলব করিলে অথবা দেই বাকীদার অথবা মালজামিন পলাইতে উদাত হইলে তাহাকে তলব না করিয়া ঐ পলায়নোস্থুপ বাকীদার কি মালজামিনকে নীচের লিখিতমতে কয়েদ করিতে পারেন্। —১৭৯৯ সা। ৭ আ। ১৫ ধা। ১ প্র। —৭ পৃষ্ঠা।
- ২৯। অংশাগ্য ভূষাধিকারির জমীদারীর ও সাধারণ জমীদারীর সরবরাহকার এবং কালেক্টর সাহেবেরা ও সরকারী যেই আমলারা কোন কারণে ভূমি ক্রোক করিয়া রাখেন্ অথবা সরকারের তরফে খাসতহসীলে থাকা ভূমির তহসীল করেন্ তাঁহারা এবং ঐ প্রকার সরবরাহকার ও কালেক্টর সাহেব ও অন্য সরকারী আমলারদের গোমাশ্তা উপরের উক্ত মতে মালগুজারীর বাকীর বাবং সরাসরী মোকদ্মা উপস্থিত করিতে পারেন্ এবং এই আইনের সকল ধারা তাঁহারদের বিষয়ে খাটিবেক।—১৭৯৯ সা। ৭ আ। ১৯ ধা।—৭ পৃষ্ঠা।
- ৩০। উপরের ২৮ নম্বরী বিধিতে "ভূমির ইজারদার" এ কথার সাধারণমতে অর্থ করিতে হইবেক অতএব সর্প্রপ্রকার দর ইজারদার মালগুজারীর বাকীর নিমিত্তে সরাসরী মোকদ্দমা উপস্থিত করিতে পারে।—২৭৮ নম্বরী আইনের অর্থ।—৭ পৃষ্ঠা।
- ৩১। ১৭৯৯ দালের ৭ আইনের ১৫ ধারা যেরূপে ভূম্যধিকারী ও ভূমির ইঞ্জার-দারের বিষয়ে খাটে দেইরূপে যে ব্যক্তিরা বন্ধকী খতক্রমে ভূমির ভোগবান হইয়াছে

ভাহারদের বিষয়েও থাটিবেক এবং ভাহারাও বাকী থাজানার নিমিত্তে সরাসরী মোকদ্দমা উপস্থিত করিতে পারে।—৩৫ নমুরী আইনের অর্থ।—৭ পৃষ্ঠা।

- ৩২। মালগুজারীর বাকীর নিমিত্ত লরাসরী মোকদ্দমা করণের বিষয়ে যে সকল বিধি নিরূপিত আছে তাহা যেমত মালগুজারীর ভূমির বিষয়ে থাটে সেইমত লাথেরাজ ভূমির বিষয়েও থাটিবেক।—৩১৩ নম্বরী আইনের অর্থ।—৭ পৃষ্ঠা।
- ৩৩। যে গ্রামবাসি ক্যক্তিরদের এইমাত্র পরসপর সম্পর্ক আছে যে তাহারা এক স্থানে বাস করে কিন্তু সাধারণে ভূমি চাসবাস করে না এমত গ্রামবাসি ব্যক্তিরদের নামে কোন জমীদার বাকী থাজানার নিমিত্ত একি সরাসরী নালিশ করিতে পারেন্ না ।—৮৬০ নম্বরী আইনের অর্থ ।—৭ পৃষ্ঠা।
- ৩৪। ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার সকল বিধি যেমত বাকীদার রাইয়তের বিষয়ে থাটে সেই মত তাহার মালজামিনের বিষয়েও থাটিবেক। কিন্দু যে ব্যক্তির নিমিন্ত কেহ হাজিরজামিন হইয়াছে সেই ব্যক্তি পলায়ন না করিলে ঐ হাজিরজামিনের বিষয়ে সেই ধারার বিধি থাটে না। যদি বাকীদার পলায়ন করে তবে তাহার স্থানে পাওনা টাকার বিষয়ে মালজামিন যেরূপ দায়ী সেইরূপ হাজিরজামিনও দায়ী এবং হাজিরজামিনের নামেও নালিশ হইতে পারে।—৪১ নমুরী আইনের অর্থ।—৮ পৃষ্ঠা।
- ৩৫। ১৮১২ দালের ৫ আইনের ১৩ ধারানুদারে ভূমির ফদল ক্রোক হইলে যদি রাইয়তেরা দেই ক্রোক বর্থান্ত করে তবে জমীদার অথবা তাঁহার গোমাশ্তা রাইয়তের-দের নামে যে নালিশ করেন্ তাহার দরাদরীমতে বিচার ও নিষ্ণাত্তি হইবেক।—৫০৩ নমূরী আুইনের অর্থ ।—৮ পৃষ্ঠা।
- ৩৬। যে সরাসরী মোকদমা কালেক্টর সাহেবের নিকটে উপস্থিত করা যায় ভাহা জাবেতামত মোকদমার ন্যায় নিস্পত্তি করিবার নিমিত্ত তিনি মুন্দেফের নিকটে অর্পণ করিতে পারেন্না।—৮৭৯ নমূরী আইনের অর্থ।—৮ পৃষ্ঠা।
- ৩৭। জাবেতামত মোকদমা হইলে যে মূলোর ইফীম্প কাগজে আরজী লিখিতে হইত তাহার দিকী মূলোর ইফীম্প কাগজে দরাদরী মোকদমার আরজী লিখিত হইয়া কালেক্টর সাহেবের নিকটে দাখিল হইতে পারে। কিন্তু যদি মফঃদলী তালুকদার কি ইজারদার অথবা রাইয়ত নিরুপিত ইফীম্প কাগজের মূলা নিতান্ত দিতে না পারে তবে কালেক্টর সাহেব উচিত বুঝিলে॥॰ আনা মূলোর ইফীম্প কাগজে তাহারদের আরজী গ্রাহ্য করিতে পারেন্।—১৮৩১ সা।৮ আ।৭ ধা।—৮ পৃষ্ঠা।
- ৩৮। বাকীদারকে গ্রেস্তার করণের আরজীর মধ্যে বাকীদার ও তাহার মালজামিনের নাম ও নিবাস ও যে মহালের বাবং মালগুজারীর দাওয়া হয় তাহার নাম ও সেই মহালের সালিয়ানা জমা ও সন হালের নিরুপিত কিস্তীং যত টাকার দাওয়া হয় তাহার সংখ্যা ও মালগুজারীকরণিয়া ব্যক্তি কি তাহার মালজামিনের স্থানে যত টাকা উসুল হইয়াছে এবং যত টাকা বাকী আছে তাহার সংখ্যা লেখা থাকিবেক। এবং সেই বাকী টাকা বাকীদার কিয়া তাহার মালজামিনের স্থানে তলব হইয়াছে কি না ও যদি তলব হইয়া থাকে তাহাতে সে কি করিল তাহা আরজীতে লেখা থাকিবেক।—১৮১৭ সা। ১৯ আ। ১৫ ধা। ২ প্রা—৮ পৃষ্ঠা।
- ৩৯। মালওজারীর বাকীপাওনিয়া ভূম্যধিকারী বা ইজারদার আপনার দরখান্ত কালেক্টর সাহেবের নিকটে দাখিল করিবেক।—১৭৯৯ সা। ৭ আ। ১৫ ধা। ২ প্র।— ১ পৃষ্ঠা।
- ৪০। ইহার পূর্ব্বে মুনসেফেরদের প্রতি এই তকুম ছিল যে বাকীদারকে গ্রেস্তার কর-ণের বিষয়ে তাঁহারদের নিকটে জমীদারেরা দরখান্ত করিলে তাঁহারা সেই বাকীদারকে গ্রেস্তার করিবেন কিন্তু সেই ব্যবহার এক্ষণে নিষেধ হইল।—১৮৩২ দালের ১৩ জুলাইর সরক্যুলর অর্ডর।—১ পৃষ্ঠা।

- 8>। গ্রেস্তার করণের ঐ দরখাস্থ আদালতের বৈঠক থাকিতে কি না থাকিতে , ভূমাধিকারী আপনি কিয়া কোন মোকররী উকীলের ছারা কালেক্টর সাহেবকে দিতে পারেন্। ঐ দরখাস্থ কালেক্টর সাহেবের নিকটে দাখিল হইলে তিনি বাকীদারকে গ্রেস্তার করণের নিমিত্ত দস্তক পাঠাইবেন এবং যদি দেই বাকীদার ঐ টাকা ৬০ দত্তের মধ্যে না দের তবে দেই দস্তক জারী হইবেক। এবং দস্তকবহনিয়া পেয়াদা আসামিকে কালেক্টর সাহেবের নিকটে পঁছছাইবেক। কিন্তু আসামী যদি নির্কাপত কালাপেক্ষা অধিক কালের দরখাস্ত লিখিয়া দেয় এবং যদি ফরিয়াদী ঐ দরখান্তের পৃষ্ঠে আপনার মঞ্জ্রীর দস্তখং করে তবে দস্তক জারী করা বিলম্ হইবেক। ফরিয়াদী যদি রাজীনামা লিখিয়া দেয় তবে দেই দস্তক জারী মৌকুফ হইবেক। ঐ দস্তক জারী করণেতে দুই জনের অধিক পেয়াদা কথন পাঠান যাইবেক না কিন্তু যদি আসামী পলায়নোল্মুখ হয় তবে তাহা নিবারণার্থ দুই জনের অধিক পেয়াদা পাঠান যাইতে পারে এবং তাহারা নিক্পিত তলবানা পাইবেক।—১৭৯৯ সা। ৭ আ। ১৫ ধা। ৩ প্র।—৯ পৃষ্ঠা।
  - ৪২। ১৮০৬ সালের ২ আইনের ২ ধারাতে যে এত্তেলা দেওনের ভতুম আছে তাহা ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার নিশিষ্ট সরাসরী ভকুমের বিষয়ে খাটে না।
    —৩০ নমূরী আইনের অর্থ ।—৯ পৃষ্ঠা।
  - 80। এইরপ বাকী টাকাপাওনিয়া ভূয়াধিকারিপ্রভৃতি যে জিলার মধ্যে ভূমি থাকে কিয়া যে জিলার মধ্যে বাকীদার বাস করে সেই জিলার কালেক্টর সাহেবের নিকটে আপন ইড্ছামতে দর্খান্ত করিতে পারিবেক। এবং যে জিলার মধ্যে বাকীদারের বসত নাই সেই জিলার কালেক্টর সাহেবের নিকটে দর্খান্ত হইলে তিনি বাকীদারের নিবাসের জিলার কালেক্টর সাহেবের নিকটে দন্তক পাঠাইবেন। তাহাতে হাদি বাকীদার গ্রেন্তার হয় তবে পেয়াদার সঙ্গে তাহাকে এলাকার কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেন। যদি বাকীদার রূপোশ হয় এবং দন্তক তাহার উপর জারী হইতে না পারে তবে জারী করণের উপযুক্ত তদবীর ও উপায় করা গিয়াছিল ইহা কালেক্টর সাহেবের হুলোধের নিমিত্ত দন্তকের পেয়াদার জোবানবন্দী নাজিবের রিটর্ণ অর্থাৎ কৈফিয়তের সঙ্গে পাঠান ঘাইবেক।—১৮১৯ সা।৮ আ। ১৯ গা।—১০ পৃষ্ঠা।
  - 88। ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ১। ২। ৩। ৪।৫। ৬ প্রকরণে বাকীদার রাইয়তেরদের গ্রেস্তার ও করেদ করণের বিষয়ে যে সরাসরী ভকুষ আছে তাহা নিমকপোপ্তানীর এলাকাদার প্রজাবর্গের উপর নিমকপোপ্তানীর কালে জারী হইবেক না। ঐ নিমকপোপ্তানীর কালে তাহারদের স্থানে বাকী পাইবার বিষয়ে ১৭৯৩ সালের ২৯ আইনের ১৯ ধারায় সেমত লেখা আছে তদনুসারে কার্য্য করিতে হইবেক।—১৮০১ সা। ৯ আ। ২ ধা।—১০ পৃষ্ঠা।

মালগুলারীর বাকীর কি তাহা অন্যায়েতে তহসীল করণের সরাসরী মোকদ্মা অগ্রাহ্য করিতে কালেক্টর সাহেবের ক্ষমতা।

- ৪৫। কোন সরাসরী নালিশের আরজী এই আইনের ভকুমানুসারে কালেক্টর সাহেবের নিকটে উপস্থিত হউলে তিনি সেই আরজীর পুর্চে নাম শ্বুর করণের অকুম লিখিয়া ও জাবেতামত নালিশ করিতে তকুম করিয়া ফরিয়াদীকে তাহা ফিরিয়া দিতে পারেন্। এবং দেওয়ানী আদালতের কার্য্যকারকেরদের কর্ত্তব্য যে ঐ দাওয়ার প্রথমতঃ জাবেতামত নালিশ হইলে যেমত ঐ নালিশের আরজী গ্রহণ করিতেন সেইমতে গ্রহণ করেন্। —১৮৩১ সা।৮ আ।৯ ধা।১ প্র।—১০ পৃষ্ঠা।
- ৪৬। রাজবের কমিস্যানর সাহেবের নিকটে কালেক্টর সাহেবের অকুমের উপর সরাসরী আপীল হইলে তিনি এইমত নালিশ গ্রাহ্য করিতে কালেক্টর সাহেবকে

ভকুম দিতে পারেন্ এবং তাহা গ্রাহ্য কি অগ্রাহ্য করণের বিষয় মোকদমার ভাব বুঝিয়া যেমত উচিত বোধ করেন্ সেইয়ত তাঁহাকে ছকুম দিতে পারেন্।—১৮৩১ সা।, ৮ আ। ৯ ধা। ২ প্র।—১১ পৃষ্ঠা।

8৭। কালেক্টর সাহেবের নথীতে যে সরাসরী মোকদমা উপস্থিত থাকে তাহা তিনি জিলার আদালতে অর্পণ করিতে পারেন্না। যথন কালেক্টর সাহেব মালগুজারীর বাকীর বাবৎ কোন সরাসরী নালিশ নামপ্তর করেন্ তথন তাঁহার উচিত যে
আইনমত অবিকল কার্য্য করেন্ এবং নামপ্তর করণের তকুম ঐ দর্খান্তের পৃষ্ঠে লিখিয়া
তাহা ফরিয়াদীকে ফিরিয়া দেন্। তাহাতে যদি সেই মোকদমা মুনসেফের বিচার করণের
যোগ্য হয় তবে ফরিয়াদী জাবেতামত নালিশ করিয়া ঐ দর্খান্ত মুনসেফকে দিতে পারিবেক
নতুবা জজ সাতেবকে দিবেক এবং তিনি তাহা প্রধান সদর আমীন বা সদর আমীনের নিকটে অর্পণ করিবেন।—১৮৩৫ সালের ২৭ ফেকুআরির সরকুলের অর্ডর।—১১ পৃষ্ঠা।

#### ৫ ধারা।

মালপ্রজারীর বাকীর কি তাহা অন্যায়েতে তহসীল করণের মোকদ্মা। সরাসরী বিচার
ও ফয়সলা।

- ৪৮। জাবেতামত দস্তক জারী হওনের পর যদি নাজির এইমত রিটর্ণ অর্থাৎ কৈফিয়ৎ লেখে যে আসামীকে পাওয়া গেল না তবে ফরিয়াদী কালেক্টর সাহেবের নিকটে এই মত দর্থাস্থ করিতে পারে যে মোকদমার তছবীজ এক মাসপর্যন্ত মৌক্ফুক রাপিয়া পুনর্কার এক দস্তক পাঠাইয়া আসামীকে গ্রেক্ডার করণের উদ্যোগ হয় এবৎ মাদের শেষে যদি আসামী হাজির না হয় তবে ইশ্ভিহার দেওয়াইয়া তাহার মিয়াদ অতীত হইলে মোকদমার তজবীজ হয়। অথবা মোকদমার তজবীজ মৌকুফ না করিয়া ১৫ রোজ মিয়াদে এই মজসুনে ইশ্ভিহারনামা লট্কান য়য় যে ইশ্ভিহারনামার মিয়াদ অতীত হইলে আসামী হাজির হউক কি না হউক সরাসরী মোকদমার নিঞান্তি হউবেক ও আসামী হাজির না হইলে ফরিয়াদীর দন্তাবেজ দেওয়া ও সাক্ষ্য লইয়া মোকদ্মার একত্রকা তডবিজ হউবেক।—১৮১৯ সা।৮ আ।১৮ ধা। ৩ প্র।—১১ পৃষ্ঠা।
- ৪৯। এই প্রকার দরাদরী মোকদমার বিচার ও নিষ্পত্তি করণেতে ব্যালেক্টর দাহেব এই আইনের লিথিতমত কার্য্য করিবেন। এবং যেই বিষয়ে এই আইনে কোন তকুম লেখা নাই দেইই বিষয়ে ঐ প্রকার দরাদরী মোকদমার বিচার ও নিষ্পত্তি দেওরানী আদালতে ইইবার নিমিত্ত যেই তকুম আছে তদনুদারে কার্য্য করিবেন। এবং উভয় পক্ষীয় লোকদিগকে ও দাক্ষিরদিগকে হাজির করাইবার বিষয় এবং নিষ্পত্তির তকুম জারী করণের বিষয়ব্যতিরেকে অন্য যে দকল তকুম দেওয়া আবশ্যক হয় তাহার বিষয়ে দেওরানী আদালতের দাতেবেরদের যে ক্ষমতা আছে কালেক্টর দাহেবেরও দেই ক্ষমতা থাকিবেক।—১৮২৪ দা। ১৪ আ। ৪ ধা।—১১ পৃষ্ঠা।
- ৫০। যথন বাকীদারকে কালেক্টর সাহেবের নিকটে পাঁতছান গেল তথন সেই সাহেব সেই আসামীর স্থানে দাওয়ার জওয়াব তলব করিবেন। তাহাতে যদি ঐ দাওয়া সমাক্ কিয়া তহুপোর কিছু মিথা। এইমত জওয়াব আসামী দেয় তবে দাথিলাদিগর কাগজপত্র এবং উভয়ের হিসাবিকতাব দৃথে সরাসরী বিচার হইবেক। তাহাতে ভূমাধিকারী ও ইজারদার কালেক্টর সাহেবের নিকটে এই সরাসরী মোকদমার সওয়াল ও জওয়াব করিবার কারশ যাহাকে বিহিত বুঝে তাহাকে নিযুক্ত করিতে পারে।—১৭৯৯ সা। ৭ আ। ১৫ ধা। ৪ প্র।—১২ পৃষ্ঠা।
- ৫১। এই মত সরাসরী মোকদমার উভয় বিবাদিরা আপন২ পক্ষের সওয়াল ও জওয়াব করিবার নিমিত্ত যে কোন লোককে ঘোখার কি উকীল কি প্রতিনিধিশ্বরূপ নিযুক্ত করা উচিত বোধ করে তাহাকে সম্পূর্ণ ক্ষমতা দিয়া নিযুক্ত করিতে পারে। মেহনতানার

বিষয়ে ঐ মোখার কি উকীল মওকেফলের সঙ্গে আপোসে বন্দোবস্ত করিবেক। কিন্তু যে ্ব্যক্তির প্রাজয় হয় কালেক্টর সাহেব যে মেহনতানা উপযুক্ত বুকেন্ তাহাহইতে অধিক 'তাহারে দিবার জ্কুম করিবেন না।—১৮২৪ সা। ১৪ আ। ৬ ধা।—১২ পৃষ্ঠা।

[সরাসরী মেকিলমাতে গোগ্রারনাম। ও ওকলিৎনামার ইফীম্পের কাগজের বিষয়ে ২ অধ্যায়ের ৪৭৪ নমূরী বিধান দেখ।]

- ৫২। যদ্যপিও জমীদার বা তালুকদার কি ইজারদার কি অন্য ভূম্যধিকারী আসামীকে পাট্টা না দিয়া থাকেন এবং তাহার স্থানে করুলিয়ৎ না লইয়া থাকেন্ তথাপি ঐ জমীদার-প্রভৃতি আপনার গ্রামের হিসাবকিতার রীতিয়ত রাঝা গিয়াছে এমত প্রমাণ দিলে ঐ তিসা-বের দারা অথবা বিশাসলোগ্য সাক্ষির দারা যদি এইমত সাব্যস্ত করে যে দাবীর টাকা আসামীর স্থানে নিতাও পাওনা আছে তবে ঐ জমীদারপ্রভৃতি বাকী টাকার বাবৎ ডিক্রী পাইবার যোগ্য হইবেন।—১৭৪ নমুরী আইনের অর্থ।—১২ পৃষ্ঠা।
- ৫৩। রাইয়ত যদি করুলিয়ৎ না লিখিয়া দিয়া থাকে তথাপি জমীদার ১৭৯৯ সালের ৭ আইনানুসারে তাহার নামে নালিশ করিতে পারেন এবং আদালতের এই ক্ষমতা আছে যে দাখিলা এবং উভয় বিহাদির হিসাবকিতাব তজবীজ করিয়া যাহা প্রকৃত ও ওয়াজিবী দেনা প্রমাণ হয় ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ৪ প্রকরণানুসারে তাহার ডিক্রী করেন্।—১৮০ নম্রী আইনের অর্থ।—১২ প্রা।
- ৫৪। এইমত সরাসরী মোকজমার ফরিরাদী ও আসামীর নালিশা ও জওয়াব ব্যতিরেকে অন্য সওয়াল জওরাবের আবশ্যক নাই কিন্তু তাহারা শুধরা নালিশী আর্জী কি শুধরা জওয়াব কি বেওরা জাপনার্থ অন্য কোন কাগজ দাখিল করিতে চাহিলে তাহা করিতে পারে।—১৮২৪ সা। ১৪ আ। ৭ ধা।—১২ পৃষ্ঠা।
- ৫৫। এই প্রকার সরাসরী মোকজমার যে দলীলদস্থাবেজ দরপেশ হয় তাহার নিমিত্ত কিয়া উভর পক্ষের যে সাক্ষী তলব করা হায় তাহার নিমিত্ত ইক্টাস্পের কোন রসুম লওয়া ঘাইবেক না এবং ঐ দলীলদস্থাবেজ দাখিল করিবার ও সাক্ষী তলব করিবার দরখাস্ত ইক্টাম্প কাগছে লিখিবার আবশ্যক নাই।—১৮২৪ সা। ১৪ আ। ৮ ধা।—১৩ পৃষ্ঠা।
- ৫৬। কালেক্টর সাহেব আপনার জিলার মধ্যে যে কোন স্থানে যান্ সেই স্থানে এই প্রকার সরাসরী মোকলমা প্রবণ ও নিপ্সত্তি করিতে পারেন্। কিন্তু তাহা কোন কাছারীতে কিয়া সকল লোকের সমাগ্যের অন্য স্থানে এবং উভয় পক্ষ কি তাহারদের উকীল হাজির থাকিলে তাহারদের সাক্ষাৎ করিতে হইবেক।—১৮২৪ সা। ১৪ আ। ১ ধা।—১৩ পৃষ্ঠা।
- ৫৭। যদি বাকীদার গ্রেস্তার হয় এবং দাওয়ার সমাক্ কি কতক মিথ্যা বলে তবে ঐ সরাসরী বিচার ও নিষ্পত্তি না হওয়াপ্র্যান্ত হাজির থাকিবার কারণ মাতবর জামিন দিতে চাহিলে কালেক্টর সাহেব তাহা লইবেন।—১৮১৭ সা। ১৯ আ। ১৬ ধা। ২ প্র। —১৩ পৃষ্ঠা।
- ৫৮। যদি ঐ সরাসরী মোকদ্দমা তহকীক করিয়া কালেক্টর সাতেবের এইমত বোধ হয় যে সেই বাকী টাকা কি তাহার অধিকাৎশ আসামীর দেনা অযথার্থ কিয়া ফরিয়াদী জানিয়া শুনিয়া অসঙ্গত নালিশ করিয়াছে তবে তিনি সেই আসামীকে ছাড়িয়া দিবেন এবৎ তাহাকে ক্ষতি পূরণের টাকা ও সম্যক্ খরচাও দেওয়াইবেন। কিন্তু যদি এমত প্রমাণ হয় যে আসামীর ঐ বাকী টাকা কি তাহার অধিকাৎশ নিতান্ত দেনা তবে যাবৎ সে আসামী ঐ বাকী টাকা ও সুদ ও নালিশী খরচা না দেয় অথবা যাবৎ তাহার খালাস করণের বিষয়ে ফরিয়াদী দরখান্ত না করে তাবৎ ঐ আসামীকে কালেক্টর সাহেব শক্ত কয়েদে রাখিবেন। আসামী কয়েদ হইলে কালেক্টর সাহেবের বিবেচনাক্রমে যত খোরাকী দেওয়া উচিত বোধ হয় অর্থাৎ দিন প্রতি চারি আনার অধিক ও এক আনার ন্যুন না হয় আসামীকে এইমত খোরাকী ফরিয়াদী দিবেক।—১৭৯৯ সা। ৭ আ। ১৫ ধা। ৫ প্র।—১৩ পৃষ্ঠা।

- ৫৯। এইরপ সরাসরী মোকদমাতে কত মালগুজারীর যথার্থরিপে দাওয়া হইতে পারে তাহা নির্ণয়করণার্থ যদি সরেজমীনে তদারককরণের নিমিত্ত আমীন পাঠান উচিত বোধ হয়, তবে ১৭৯৩ সালের ৭ আইনানুসারে, সেইরপ আমীন পাঠাইতে কালেক্টর সাহেবের দিয়েধ নাহি।—২৬৫ নমূরী আইনের অর্থ।—১৪ পৃষ্ঠা।
- ৬০। মালপ্রজারীর বাঞীর কি তাহা অন্যায়েতে তহদীল করণের নালিশ অতিবাহুল্য হওয়াপ্রযুক্ত যদি কালেক্টর সাহেব কর্ত্তব্য বোধ করেন্ তবে সেই এলাকার কমিসানর সাহেবের অনুমতিক্রমে এমত কোন দাওয়া সেই জিলার তহদীলদারের নিকটে তদস্ত ও রিপোর্ট করিবার নিমিত্ত পাঠাইতে পারেন্ এবং এই প্রকার মোকদ্মা কালেক্টর সাহেবের নিকটে সমর্পণ হইবার বিষয়ে ১৮২৪ সালের ১৪ আইন জারীহওনের পূর্বে বে সকল ভকুম দেওয়া গিয়াছিল সেই সকল ভকুমমতে তহদীলদারের। আপন্য কার্যা নির্বাহ করিবেন।—১৮৩১ সা। ৮ আ। ১৩ ধা।—১৪ পৃষ্ঠা।

মালপ্রজারীর বাকীর এবং তাহা অন্যায়েতে তহদীল করণের দরাদরী মোকদ্দমা। কালেক্-ট্র দাহেবের ফয়সলা জারীকরণ।

- ৬১। যে মোকদমাতে বিশেষ টাকা কিয়া কোন থরচার কি ক্ষতিপূরণের টাকা দিবার বিষয়ে ফয়সলা হয় সেই ফয়সলা জারী করণের বিষয়ে ১৮২২ সালের ৭ আইনের ২৩ ধারার ৩ প্রকরণে বে২ তুকুম আছে তাহা এই আইনানুসারে কালেক্টর সাহেবদিগের করা ফয়সলাতে খাটিবেক।—১৮৩১ সা। ৮ আ। ২০ ধা।—১৪ পৃষ্ঠা।
- ৬২। নিরুপিত কতক টাকা কিয়া খরচা অথবা ক্ষতিপূরণের টাকা দেওয়াইবার অর্থে কালেক্টর সাতেব বেহ ফয়সলা করেন্ মালগুজারীর বাকী আদায় করণের কারণ যেরূপ করা যায় সেইরূপে কালেক্টর সাতেব ঐ ফয়সলা জারী করিবেন।—১৮২২ সা। ৭ আ। ২৩ ধা। ৩ প্রা—১৪ পৃষ্ঠা।
- ৬৩। যে দকল আইনের দ্বারা বাকী মালগুজারীর দরাদরী ডিক্রী জারীকরণার্থ বাকীদারের তালুক বা অন্য প্রকার ভূমি নীলাম করিতে দেওয়ানী আদালতের জজ দাহেবের প্রতি তকুম আছে এবং দেইরূপ দরাদরী ফয়দলা জারীকরণার্থ ভূমি নীলাম করিতে কালেক্টর সাহেবের প্রতি নিমেধ আছে তাহা রদ হইল। এই বিষয়ে দেওয়ামী আদালতের জজ দাহেবের প্রতি যে ক্ষমতা ছিল তাহা কালেক্টর সাহেবের প্রতি অর্পণ হইন্যাছে।—১৮৩৫ সা। ৮ আ। ১ ধা।—১৫ পৃষ্ঠা।
- ৬৪। ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ৭ প্রকরণ কিয়া ২৩ ধারার ৬ প্রকরণ অথবা ২৫ ধারার অনুসারে বাকী মালগুজারী বা খাজানা আদায়ের নিমিত্ত যে ভূমি নীলাম হয় ভাহা সর্ব্ব সাধারণ লোকের দৃষ্টিগোচর স্থানে হইবেক এবং কালেক্টর সাহেব কি ভেপুটা কালেক্টর ঐ নীলাম করিবেন এবং নীলামের নিরুপিত দিনের ১০ দিন পূর্ব্বে ইশ্ভিহারের দ্বারা ভাহা সকল লোককে জানাইতে হইবেক।—১৮৩৫ সা। ৮ আ। ২ ধা। —১৫ পৃষ্ঠা।
- ৬৫। যদি কালেক্টর সাহেব আপনার করা সরাসরী ফয়সলাক্রমে কোন রাইয়তের ভূমি ক্রোক করাইয়া থাকেন্ ভবে জজ সাহেব তাহাতে হস্তক্ষেপ করিতে পারেন্ না যেহেত্ব কালেক্টর সাহেব জজ সাহেবের অধীন নহেন্। এবং যদি সরকারী মালগুজারী উদুল করিবার নিমিন্ত সমস্ত মহাল ক্রোক হইয়া থাকে অথবা খাসতহসীলে থাকে ভবে জজ সাহেব সেই মহালের সরবরাহ কার্য্যে হাত দিতে পারেন্ না ।—>>৬৫ নম্বরী আই-নের অর্থ ।—১৫ পৃষ্ঠা।

৬৬। বাকী থাজানার নিমিত্ত যে সরাসরী ডিক্রী হয় তাহা ডিক্রীর তারিথের পর বারো বৎসরের মধ্যে জারী করণের দর্থাস্ত হইতে পারে।—১২৬৬ নম্বরী আইনের অর্থ ।—১৫ প্রসা।

- ৬৭। কালেক্টর সাহেবের করা সরাসরী ফয়সলা অম্যথা করিবার নিমিত্ত দেওয়ানী

  আদালতে জাবেতামত মোকদমা উপস্থিত হইলে ঐ মোকদমার বিচার হওনের সময়ে জজ
  সাহেব ঐ সরাসরী ফয়সলা জারী স্থগিত করিতে পারেন্ না।—৭৩৮ নমূরী আইনের
  অর্থা—১৫ পৃষ্ঠা।
- ৬৮। যদি কালেক্টর সাহেব আপনার সরাসরী ফয়সলা জারীকরণার্থ সম্পত্তি নীলাম করিতে উদ্যত হন্ এবং যদি বাদি প্রতিবাদিছাড়া অন্য কোন ব্যক্তি উপস্থিত ছইয়া ঐ সম্পত্তির উপর দাওয়া করে এবং ঐ দাওয়া সাব্যস্তকরণার্থে ঐ ব্যক্তি জাবেতামত মোকদ্দমা করে তবে তাহার নিষ্পত্তি না হওয়াপ্রযাস্ত ঐ জজ সাহেব ঐ দীলাম স্থণিত করিতে পারেন্।

  —১১৮১ নম্বরী আইনের অর্থ।—১৬ পৃষ্ঠা।
- ৬৯। এইরপ সরাসরী মোকন্দমাতে কালেক্টর সাহেব যে ফয়সলা করেন্ তাহা জারী করিতে তাঁহাকে ক্ষমতা দেওয়া গিয়াছে অতএব বাকীদারকে কয়েদ ও খালাস করণের বিবরে কালেক্টর সাহেব যে জকুম দেন্ তাহা জজ সাহেবের দারা দিবার আবশ্যক নাই। কালেক্টর সাহেবের পরওয়ানা পাইলেই দেওয়ানী জেলরক্ষক ঐ আসামীকে কয়েদ বা খালাস করিবেন।—১৮৩৩ সালের ৪ জানুআরির সরকালর অর্জর।—১৬ পৃষ্ঠা।
- ৭০। বাকী মালগুজারীর নিমিত্ত কালেক্টর সাহিত্ত যে সরাসরী ফ্রসলা করেন্
  তাহা জারীকরণক্রমে হদি বাকীদার কয়েদ হয় এবং যদি সেই ত্যক্তি ১৮০৬ দালের
  ২ আইনের ১১ ধারানুসারে দর্থাস্ত করিয়া আপনার যোত্রহীনতার প্রমাণ করে তবে
  কালেক্টর দাহেব তাহাকে ঐ আইনক্রমে খালাস করিতে পারেন্।—৭৮৪ নম্রী আইনের
  অর্থ।—১৬ পৃষ্ঠা।

#### 9 शाता।

মালগুলারীর বাকীর এবৎ তাহা অন্যায়েতে তহদীল করণের সরাসরী মোকদ্মা। সরা-সরী ফয়সলা অন্যথা করিবার নিমিত্ত জাবেতামত মোকদ্দমা উপস্থিতকরণ।

[১৮৩১ সালের ৮ আইনের ৪ ধারা (এই অধ্যায়ের ৭ নয়ুরী বিধান) দেখ ·]

- ৭১। যে কোন ব্যক্তি কালেক্টর সাহেবের সরাসরী ফরসলাতে সক্ষত না হয় সেই ব্যক্তি জিলার কি শহরের দেওয়ানী আদালতে জাবেতামত সেই মোকক্ষার নালিশ করিতে পারে এবং ঐ মোকক্ষার নালিশ দাখিল করণের সময়ে ঐ সরাসরী নিষ্পত্তির কবকারী নালিশী আরজীর সঙ্গে দাখিল করিতে হইবেক।—১৮২৪ সা। ১৪ আ। ১০ ধা।
  —১৬ পৃষ্ঠা।
- ৭২। এইরূপ সরাসরী মোকদমাতে কালেক্টর সাহেব যে ফয়সলা করেন্ তাহা অনাথাকরণার্থ জাবেতামত যে মোকদমা হয় তাহা দেওয়ানী আদালতের সরাসরীরূপে হওয়া নিষ্পত্তির উপর জাবেতামত আপীলের ন্যায় বোধ করা যাইবেক। অতএব এইমত মোকদমাতে কালেক্টর সাহেব কি সরকারী অম্য কোন কার্য্যকারক সাহেবের বাদি কি প্রতিবাদি হওনের প্রয়োজন নাই।—১৮২২ সা। ৭ আ। ২৩ ধা। ২ প্র।—১৬ পৃষ্ঠা।
- ৭৩। ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ৫ প্রকরণানুসারে যাহারা মালগুজারীর বাকীর বিষয়ে কয়েদ হয় ভাহারা যে ভূমাধিকারিপ্রভৃতির দ্বারা কয়েদ হয়রা থাকে ভাহারদিগের নামে জাবেতামত নালিশ করিতে পারে এবং সেই দাওয়া যদি প্রমাণ না হয় তবে
  যত ক্তি হইয়াছিল ভাহার নিশা পরচাসমেত কয়েদকর্ণিয়ারদের স্থানহইতে ভাহারদিগকে
  দেওয়ান যাইবেক। যদি কয়েদহইতে খালাস হইবার নিমিত্ত ভাহারা তলবী টাকা দিয়া
  পশ্চাৎ জাবেতামত মোকদ্দমা উপস্থিত করে এবং এইমত সাবাস্ত করে যে ভৎসময়ে সেই
  টাকা দিবার দায় ভাহারদের শিরে সঙ্গত ছিল না তবে যত টাকা ভাহারা দিয়াছিল ভাহা
  মাসে শতকরা এক টাকার হারে সুদসমেত এবং সম্পূর্ণ থরচা ও ক্ষতি ভাহারা ফিরিয়া
  পাইবেক। ১৭৯৯ সা। ৭ আ। ১৬ ধা।—১৭ পৃষ্ঠা।

- ৭৪। ভূমাধিকারি ও ইজারদার মালগুজারীর বাকীর নিমিন্ত সরাসরী নালিশ করিলে যদি কালেক্টর সাহেব সরাসরী বিচারক্রমে তাহা অগ্রাহ্য করেন্ তবে ঐ ভূমাধি-কারিপ্রভৃতি ঐ দাওয়ার বিষয়ে দেওয়ৢনী আদালতে জাবেতামত নালিশ করিতে পারে। এবং যদি তথায় প্রমাণ হয় যে সরাসরী বিচারকালীন তাহারদের যে দাওয়া অগ্রাহ্য হই-য়াছিল তাহাসঙ্গত বটে তবে তাহারদের যত ক্ষতি হইয়া থাকে এবং ঐ দুইবার বিচারমুখে যে খরচা লাগিয়া থাকে তাহা এবং মালগুজারীর বাকী টাকা সুদসমেত পাইবেক।—
  ১৭৯৯ সা। ৭ আ। ১৭ ধা।—১৭ পৃষ্ঠা।
- ৭৫। মালওজারীর বাকীর কি তাহা অন্যায়েতে তহসীল করণের বিষয়ে কালেক্টর সাহেব যে স্রাস্রী ফয়সলা করেন্ তাহার উপর জাবেতামত নালিশ উপস্থিত হইলে ঐ ফয়সলা যাহার প্রতিকুলে হইয়া থাকে তাহাকে ঐ ফয়সলা দিবার কি দিতে চাহিবার তারিখহইতে এক বৎসরের মধ্যে নালিশ করিতে হইবেক।—১৮৩১ সা। ৮ আ। ৬ ধা।—১৭ পৃষ্ঠা।
- ৭৬। ১৮৩১ সালের ৮ আইন জারীহওনের পূর্ব্বে বিচারকেরা যে দকল দ্রাদ্রী ফয়দলা করিয়াছিলেন তাহাতে ঐ আইনের ৬ ধারার বিধি খাটিবেক অর্থাৎ ঐ বিচারকরদের করা দকল দ্রাদ্রী ফয়দলা অন্যথা করিবার নিমিত্তে জাবেতামত দমস্ত মোকদ্দমা ঐ আইন জারীহওনের পর এক বৎদরের মধ্যে করিতে হয়।—১৮৪১ সালের ১৬ জুলাইর আইনের অর্থ।—১৭ পৃষ্ঠা।
- ৭৭। উক্ত ৬ ধারায় জাবেতামত মোকজমা উপস্থিত করণের নিমিত্ত যে এক বৎসর মিয়াদ নিরুপিত আছে তাতা ১৮১৪ সালের ২৬ আইনের ৮ ধারার ১০ ও ১১ প্রকরণের নিয়মানুসারে হিসাব করিতে হইবেক।—১০২৮ নমূরী আইনের অর্থ।—১৭ পৃদ্ধা।
- ৭৮। ১৮২২ সালের ৭ আইনের ৩১ ধারার ২ প্রকরণের এবং ১৮৩১ সালের ৮ আইনের ১৯ ধারার যে২ ভাগে লেখে বে কালেক্টর সাকেবের সরাসরী ফরসলা অন্যথা করিবার নিমিত্ত জাবেতামত কোন মোকদ্মা সদর আগীন বা মুনসেফেরদের বিচার্য্য নহে এবং তাঁহারদিগকে অর্পণ হউতে পারে না তাহা রদ হইল।—১৮৩৭ সা। ২৫ আ। ২ ধা।—১৭ পৃষ্ঠা।
- ৭৯। ভূমির মালগুজারীর বিষয়ে কালেক্টর সাহেবেরা যে সরাসরী ফয়সলা করেন্ তাহা অন্যথা করণের নিমিত্ত জাবেতামত মোকদ্দমা হইলে তাহার মূল্য বুঝিয়া তাহা প্রধান সদর আমীন ও সদর আমীন ও মুন্সেফেরদের নিকটে উপস্থিত করা ঘাইতে পারে।—১৮৩২ সা। ৭ আ। ১০ ধা।—১৮ পৃষ্ঠা।
- ৮০। কালেক্টর সাহেবের ঐরূপ সরাসরী ফয়সলা অন্যথাকরণার্থ জাবেতামত মোকদ্মা দেওয়ানী আদালতে উপস্থিত হইলে কালেক্টর সাহেবের সরাসরী বিচারসম্পর্কীর সমস্ত কাগজ তলব হইবেক এবং ঐ মোকদ্মা মিসিলের শামিল রাখা যাইবেক।—১৮২২ সা। ৭ আ। ৩১ ধা। ১ প্র।—১৮ পৃষ্ঠা।
- ৮১। ১৮৩১ দালের ৮ আইনের বিধির অনুসারে মালগুজারীর বাকীর বিষয়ে কা-লেক্টর সাহেবের যে সরাসরী ফরসলা হয় তাহা অন্যথাকরণার্থ আপীল হইলে তাহার দর্গাস্ত সম্পূর্ণ মূল্যের ইফ্টাম্প কাগজে লিখিতে হইবেক।—১৮৩৪ দালের ১২ ডিসেম্বরের সর্কুলের অর্ডর।—১৮ পৃষ্ঠা।

মালপ্তজারীর বাকীর এবং তাহা অন্যায়েতে তহসীলকরণের সরাসরী মোকদমা। বাকীদার পাট্টাদার প্রজা ও তাহার মালজামিনের উপর অন্য জিলায় ছকুম জারীকরণ।

৮২। সে কোন মফঃসলী তালুকদার কি কট্কিনাদার কিয়া যোতদার কি অন্য মাল-প্রজারীকর্ণিয়া কি তাহার্দিগের মালজামিনের স্থানে মালগুজারীর বাকী পাওনা থাকে যদি সে ব্যক্তি তাহা তলবের সময়ে না দেয় এবং যে ভূমির বাবং বাকীর দাওয়া হয়
• সেই ভূমি যে জিলাতে থাকে তদ্ভিন্ন অন্য জিলায় যদি বাকীদার বাস করে তবে ঐ জমীদার প্রভৃতির ক্ষমতা আছে যে ঐ বাকীদার যে জিলার মধ্যে বাস করে তাহাকে গ্রেস্তার করণের নিমিত্ত সেই জিলার কালেক্টর সাহেবকে আরজী দেয়। কালেক্টর সাহেব ঐরপ
আরজী পাইলে ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ৩ প্রকরণের বয়ানমতে লেখা দম্ভক
জারী করিবার ছকুম দিবেন।—১৮১৭ সা।১৯ আ।১৫ ধা।১ প্র।—১৮ পৃষ্ঠা।

৮৩। ঐ আরজীর মধ্যে এইং বিষয় লিখিতে হইবেক অর্থাৎ বাকীদার ও তাহার মালজামিনের নাম ও তাহার নিবাদ এবং যে মহালের বাবৎ বাকীর দাওয়া হয় তাহার নাম ও দে মহালের দালিয়ানা জমা ও বৎদরের নিরুপিত কিস্তিং যত টাকা দিতে হয় তাহার দংখ্যা ও যত টাকা উদুল হইয়া থাকে ও যত টাকা বাকী আছে তাহার দংখ্যা ও বাকী টাকা তলব হইয়াছিল কি না ও যদি তলব হইয়া থাকে তবে তাহাতে বাকীদার কি করিলেক।—১৮১৭ দা। ১৯ আ। ১৫ ধা। ২ প্র।—১৯ পৃষ্ঠা।

৮৪। যদ্যপি বাকীদার অথবা তাহার মালজামিনকে ঐ কালেক্টর সাহেবের এলাকার মধ্যে পাওয়া যায় ও গ্রেক্তার হইয়া তলবী টাকা না দেয় ও কালেক্টর সাহেবের নিকটে তাহাকে হাজির করা যায় ও যে জিলার মধ্যে ভূমি থাকে সেই জিলার কালেক্টর সাহেবের নিকটে তাহাকে না পাঠাওনের কোন হেতু দেখাইতে না পারে অথবা সেই জিলার কালেক্টর সাহেবের নিকটে হাজির হইবার মাতবর জামিন না দিতে পারে তবে সেই বাকীদার কি তাহার মালজামিনকে মজকুরী পেয়াদা মহসিল দিয়া সেই জিলার কালেক্টর সাহেবের হজুরে তাহাকে পাঠান যাইবেক এবং মোকদমার সম্পূর্ণ কৈফিয়ৎ তাহার সঙ্গে পাঠাইতে হইবেক। যে ব্যক্তি গ্রেক্তার হয় সেই ব্যক্তি যদি ঐ জিলার কালেক্টর সাহেবের নিকটে না পাঠান যাওনের উপস্কুত হেতু জানায় কিয়া তাহার নিকটে হাজির হইবার মাতবর জামিন দেয় তবে কেবল গ্রেক্তারী আরজী ও সেই মোকদমার মোতালক সমস্ত কাগজ ঐ জিলার কালেক্টর সাহেবের নিকটে পাঠান যাইবেক।—১৮১৭ সা। ১৯ আ। ১৫ ধা। ৩ প্র।—১৯ পৃষ্ঠা।

৮৫। সে ভূমির বাবং মালগুজারীর বাকীর দাওরা হয় সেই ভূমি যে জিলায় থাকে সেই জিলার কালেক্টর সাহেবের নিকটে ঐ বাকীদার আপনি কিয়া তাহার মাল-জামিন যদি হাজির হয় কিয়া পাঠান যায় তবে কালেক্টর সাহেবের নিজ এলাকার মধ্যে ঐ বাকীদার গ্রেস্তার হইলে তিনি যেমতাচরণ করিতেন সেইমত আচরণ করিবেন।
—১৮১৭ সা। ১৯ আ। ১৫ ধা। ৪ প্র।—২০ পৃষ্ঠা।

#### ১ ধারা।

মালপ্তজারীর বাকীর এবং তাহা অন্যায়েতে তহদীলকরণের সরাসরী মোকদ্দমা। এক বিষয়ের মোকদ্দমা একি আদালতে সোপদ্দকরণ।

৮৬। যদি জজ সাহেবের কর্ণগোচর হয় যে এই আইনানুসারে যে কোন বিষয় বিচার্য্য হয় তাহার সম্পর্কীর কোন মোকদ্দমা আপনার আদালতে কিয়া আপনার তাবে কোন আদালতে উপস্থিত আছে এবং সেই বিষয়সম্পর্কীয় নালিশ পূর্দের কালেক্টর সাহেবের নিকটে হইরাছে তবে জজ সাহেব সেই মোকদ্দমা কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবার হুকুম দিবেন এবং কালেক্টর সাহেব সেই দুই নালিশ নিষ্পত্তি করিবেন।—১৮৩১ সা। ৮ আ। ১৪ ধা।—২০ পৃষ্ঠা।

৮৭। উক্ত ১৪ ধারাতে "একি বিষয়সম্পর্কীয়" এই কথার এই অর্থ করিতে হইবেক যে দুই মোকন্দমার নালিশের হেত একি।—১০০১ নম্বরী আইনের অর্থ।—২০ পৃষ্ঠা।

৮৮। ঘদি কালেক্টর সাহেবের কর্ণগোচর হয় যে যে বিষয়সম্পর্কীয় নালিশ আপ-

নার নিকটে উপস্থিত আছে দেই বিষয়সম্পর্কীয় জাবেতামত নালিশ পূর্বের জজ সাহেবের আদালতে হইয়াছে তবে তিনি ঐ মোকদমার বিচার স্থগিত রাখিয়া তাহার রোমদাদ, জজ সাহেবের নিকটে পাঠাইবেন এবং জজ সাহেব উভয় মোকদমা আপনি নিষ্পত্তি করিবেন কি তাঁহার অধীন কোন আদালতে বিচারের নিমিত্ত পাঠাইবেন।—১৮৩১ সা। ৮ আ। ১৫ ধা।—২০ পৃষ্ঠা।

৮৯। ১৮৩১ সালের ৮ আইনের ১৪ ও ১৫ ধারার ছকুম সদর দেওয়ানী আদালতের সঙ্গে সম্পর্ক রাখে না কেবল জিলা ও শহরের আদালতে ও তাঁহার অধীন আদালতে খাটে।—১২৫২ নমুরী আইনের অর্থ।—২০ পৃষ্ঠা।

- ৯০। জজ সাহেবের ও তাঁহার অধীন আদালতের বিচারকের কর্ত্তা যে এই আইনানুসারে বিচার্য এক বিষয়ের সমস্ত মোকদ্দমা নিম্পান্তির নিমিত্তে সাধ্যপর্যান্ত একি আদালতে পাঠান্। অধীন আদালতের কর্ত্ত্তা যে মালগুজারীর বাকীর কি তাহা অন্যায়েতে তহসীলকরণের সম্পর্কীয় কোন মোকদ্দমা আপনং আদালতে উপস্থিত হইলে যদি তাঁহারা জাত হন্ যে সেই বিষয়সম্পর্কীয় কোন মোকদ্দমা অন্য আদালতে উপস্থিত আছে কি কালেটক্র সাহেবের নিকটে সরাস্রী নালিশমতে উপস্থিত আছে তবে সে মোকদ্দমার বিচার স্থািত রাখিয়া নথী জজ সাহেবের নিকটে পাঠান্।—১৮৩১ সা।৮ আ।১৬ ধা।—
  ২১ পৃষ্ঠা।
- ৯১। এই আইনানুসারে যে বিষয়ের আপীল হয় যদি জাত হওয়া যায় যে ঐ বিষয়সম্পর্কীয় অন্য কোন মোকদমার নিষ্পান্তি হইয়াছে তবে সেই মোকদমার রোয়দাদ তলব হইয়া পড়া যাইবেক এবং আপীলের মুখে যে ফয়সলা হয় সেই ফয়সলা আপীল না হওয়া সেই বিয়য়সম্পর্কায় অন্য সকল মোকদমাতেও খাটিবেক। এই মত হইলে উভয় পক্ষকে এমত সয়াদ দিতে হইবেক যে তাহারা য়য়ৎ অথবা তাহারদের উকীল হাজির হইয়া প্রত্যেক মোকদমা চালায়।—১৮৩১ সা।৮ আ।১৭ ধা।—২১ পৃষ্ঠা।
- ৯২। এই রপে পূর্বে জাবেতামত মোকদ্মা উপস্থিত হওয়াপ্রযুক্ত কালেক্টর সাহেব .
  সে সকল মোকদ্মা দেওরানী আদালতে অর্পণ করেন্ তাহা স্বতন্ত্র করিয়া নমূর বিলী
  হউবেক এবং যদ্যপি দুই মোকদ্মার ডিক্রী এক কালে হয় তথাপি প্রত্যেক মোকদ্মা
  আলাহিদা মোকদ্মার ন্যায় বোধ করিয়া ডিক্রী করিতে হইবেক !—১০০১ নমূরী আইনের অর্থ।—২১ পৃষ্ঠা।
- ৯৩। ঐ ১৮৩১ সালের ৮ আইনের ১৫ ধারার বিধির অনুসারে যে মোকদ্দমা অধস্থ দেওয়ানী আদালতে অর্পণ হয় তাহা জাবেতামত দেওয়ানী মোকদ্দমার ন্যায় বহীর মধ্যে লেথা ঘাইবেক এবং বিচার হইবেক।—৯৫১ নম্বরী আইনের অর্থ।—২১ প্রস্তা।

#### ১০ ধারা।

মালপ্তজারীর বাকীর এবং তাহা অন্যায়েতে তহসীলকরণের সরাসরী মোকদমা। বাকী রাজস্বের নিমিত্ত ভূমি ক্রোক করিতে জমীদারেরদের ক্ষমতা।

১৪। যথন কোন কট্কিনাদার কি যোতদারপ্রভৃতি ধরা পড়িয়া অব্যাজে বাকী টাক না দেয় ও দেই নিমিত্ত করেদ হয় তথন ভূমাধিকারী কিয়া ইজারদারের সাধ্য আছে যে যাবৎ দেই বাকী টাকা সুদসমেত উসুল না হয় তাবৎ ঐ কট্কিনাদারের ভূমি ক্রোক করেন্ এবং নিজ আমলার দ্বারা তাহার সরবরাহ করেন্। কিন্তু ভূমাধিকারি-প্রভৃতি ভূমি এই কপে ক্রোক করিলে চাদীপ্রভৃতি ক্লুমুং প্রজা যত মালগুজারী বাকীদারকে দিত তাহার বেশী তলব করিবেন না। যদি দেই বাকীদার বাকী টাকা সুদসমেত দেই সনের মধ্যে দেয় তবে তৎক্ষণাৎ দেই ক্রোক বর্থান্ত হইবেক এবং ক্রোককর্ণিয়া ব্যক্তি

্ভূমি ক্রোক থাকিবাপর্যান্তের আয়ব্যয়ের প্রকৃতপ্রস্তাবের হিদাব তাহাকে দিবেন।—১৭৯৯ , সা। ৭ আ। ১৫ ধা। ৬ প্র।—২১ পৃষ্ঠা।

- ৯৫। বাকীদারের উপর দস্তক জারী না হইলে তাহার ভূমি এইরপে ক্রোক হইতে পারে কি না এই বিষয়ে সন্দেহ হইয়াছে এবং বাকীদারের উপর দস্তক জারী না হইলে সরাসরী বিচারক্রমে ফরসলা হইতে পারে কি না এই বিষয়ে আইনের মধ্যে কিছু নির্দিষ্ট না থাকাতে প্রজারা ও জমীদারের পেটার এলাকাদারেরা রূপোশ হইয়া হুকুম এড়াইয়া থাকে কেননা তাহারা ভরসা করে যে দস্তকের মিয়াদের মধ্যে ধরা না পড়িলে জমীদারের সরাসরী নালিশ বিফল হইবেক এবং তাহার জাবেতামত মোকদ্মাকরিতেই হইবেক। এই সকল ব্যাঘাত নিবারণের নিমিত্তে নীচের লিখিত হুকুম হইতেছে।—১৮১৯ সা। ৮ আ। ১৮ ধা। ১ প্র।—১২ প্রা।
- ৯৬। এক্ষণকার আইনমতে জমীদার বা তালুকদার অথবা ইজারদার বকেয়া টাকা আদামীর স্থানে ভলব করিলে বা না করিলে তাহার নামে সরাসরীমতে নালিশ করিয়া দস্তক জারী কারাইতে পারেন্। এক্ষণে তকুম হইল যে ঐ ভূমাধিকারিপ্রভৃতি তালুকদার লোকের কি ইজারদারদিগের কিয়া অন্য যাহারা জমীদার ও প্রজা লোকের মধ্যেতে অধিকারের দখীলকার থাকে তাহারদিগের কাহাক নামে বাকীর নিমিতে সরাসরী নালিশ করণের পর আসামী গ্রেক্তার হইলে বা না হইলে আপন তর্ফ্রইতে ভূমি ক্লোক করণের ও প্রজা লোকের স্থানে খাজানা তহসীল করণের নিমিত্ত সাজাওল পাঠাইতে পারিকেন। কিন্তু সরাসরী মোকদমাতে যে মালগুজারীর বাকীর দাওয়া হয় তাহা যদি ক্লোককরণের তারিখের পূর্বের সম্পূর্ণ এক মাস বাকী না ছিল এবং যদি ঐ তলবী টাকা এক মাসের সমুদ্র কিন্তির ভুল্য না হয় তবে জমীদার সেইরূপ সাজাওল পাঠাইতে পারেন্ না ।—১৮১৯ সা । ৮ আ। ১৮ ধা। ২ প্রা ।—২২ পৃথা।
- ৯৭। যে তালুকদার বা ইজারদার কি যাহারা জমীদার ও প্রজা লোকের মধ্যেতে অধিকারের দুখীলকার থাকে তাহারদের নামে জমীদার ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারানুসারে সরামরী নালিশ না করিলে আপনার তরফহইতে ১৮১৯ সালের ৮ আইনের ১৮ ধারানুসারে সাজাওল পাঠাইছা প্রজা লোকের ভূমি ক্রোক করিতে ও তাহারদের স্থানে খাজানা উসুল করিতে পারে না।—৪৫১ নম্বরী আইনের অর্থ।—২২ পৃষ্ঠা।

#### ১১ ধারা।

মালগুলারীর বাকীর এবং তাহা অন্যায়েতে তহসীল করণের সরাসরী মোকদ্দমা। পেটাও প্রজারদের পাটা রদ করিতে এবং তাহারদিগকে বেদখল করিতে জমীদারেরদের অধিকার।

৯৮। যদি বাকীদারের কিয়া মালজামিনের স্থানে অথবা তাহারদের ভূমি ক্রোককরণের দারা মালগুজারীর বাকী দেই সনের ভিতরে উমুল না হয় তবে জমীদার বা ইজারদার
কি অন্য ভূয়াধিকারী আগামিসন আরম্ভইতে বাকীদারের সংক্রান্ত ভূমির বন্দোবন্ত অপর
ষেমতে করণ বিহিত বোধ হয় সেই মতেই করিতে পারেন্ কিন্ত ওমধ্যের ম্বজ্রানসকলের
ম্বজ্র বহল রাখিতে হইবেক। যদি দেই বাকীদার কেবল এক সনের জন্যে কইকিনাদার থাকে
তবে সুতরাং তদধিক মুদ্দতে কট্কিনা রাখিবার দাওয়া করিতে পারে না। কিন্তু যদি পান্তার
মিয়াদ গত না ইইয়া থাকে তথাপি যদ্যপি সেই ব্যক্তি নিরুপিত মালগুজারী না দেওয়াতে
তাহার করার বিচলিত হইয়াছে তবে জমীদার তাহার পান্তা বাজেয়ান্ত করিতে পারেন্।
মদ্যপি বাকীদার মকঃসলী তালুকদার হয় অথবা প্রকারান্তরের ভূমির ভোগবান হয় এবং
মদি তাহার সনদক্রমে কিয়া দেশীয় ব্যবহারানুসারে তাহার ভূমি বিক্রয় হইতে পারে তবে
জমীদার দেওয়ানী আদালতে নালিশ করিয়া মালগুজারীর বাকী উসুলের নিমিত্ত দেই ভূমি

বিক্রা করাইতে পারেন্। যদি বাকীদার কেবল এইমত পাট্টাই প্রজা হয় যে যাবৎ মালপ্রজারী করে কেবল তাবৎ সেই ভূমিতে তাহার স্বস্ত আছে এবৎ সেই ভূমিতে যদি তাহাক কোন স্বস্থাধিকার কি হস্তান্তর করিবরে স্বস্ত না থাকে তবে সেই যে বাকীদার প্রজা করারের অন্যথা করিয়াছে তাহার হস্তহইতে সেই ভূমি জমীদার ছাড়াইয়া লইতে পারেন্।
—১৭৯৯ সা। ৭ আ। ১৫ ধা। ৭ প্র।—২৩ পৃষ্ঠা।

৯৯। ইহাতে ভূমাধিকারী ও ইজারদার (এই প্রকরণের লিখিত হস্কান্তর হইবার যোগ্য ভূমি বিক্রয় করাইবার কারণছাড়া) অপর সকল বিষয়ে আদালতে দর্খান্ত না করিয়া আপনার শক্তানুদারে কার্য্য করিতে পারে। কিন্তু যদি ভাছারা কিয়া ভাছারদের আমলারা আপনারদিগের শক্তির বহির্ভূত কোন কর্ম্ম করে এবং ভাছাতে পাট্টাদিগর কাগজপত্রের অনুসারে কিয়া তথাকার আদ্যোপান্তের দাঁড়াক্রমে প্রজারদের কোন মুক্ত লোপ হয় তবে ভাছার নিশার দায় সেই জ্মীদারের শিরে পড়িবেক। ভূমাধিকারিগণের ও প্রজাদির মুক্ত নিগ্রম কার্যা কেবল বাকীদারদিগের স্থানে মালগুজারী উদ্বলের নিয়ম ধার্য্য করণ। ভাছাতে যদি কাহাক মুক্ত লোপ হয় তবে ভাছার উচিত যে এই আইনের লিখিত ভকুমমতে আপন মুক্ত পাইবার জন্য এবং ক্ষতি ও খর্চার দাওয়ার দেওয়ানী আদালতে নালিশ করে।—১৭৯৯ সা। ৭ আ। ১৫ ধা। ৭ প্র।—২৪ পৃষ্ঠা।

১০০। উক্ত আইনের ১৫ ধারানুসারে যে বৎসরের খাজানা পাওন। থাকে সেই বৎসরের শেষে বাকীদার ইজারদার বাকী টাকা না দিলে আপনার ভূমিহইতে ছাড়ান ঘাইতে পারে। এব ভূমাধিকারী দেওয়ানী আদালতে দরখাস্ত না করিয়া ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ৭ প্রকরণানুসারে ঐ বাকীদার রাইয়তের ভূমি ছাড়াইয়া লইতে পারেন্ কিন্দু ইয়াতে কিছু জবরদন্তী করিতে হইবেক না জবরদন্তী করিলে সেই বিষয় ১৮৪০ সালের ৪ আইনের বিধির মধ্যে পড়িবেক।—৪২ নয়রী আইনের অর্থ।—২৪ পৃষ্ঠা।

১০১। দেওয়ানী আদালতে বিনা দর্থান্তে পাট্টাদার রাইয়তের ভূমি ছাড়াইয়া লইতে ভ্রমাধিকারিদিগকে উক্ত আইনক্রমে যে শক্তি দেওয়া গেল তাহাতে অনেক অন্যায়া-চর্ণ হইতে লাগিল তদ্বিষয়ে সদ্ধ আদালতে জিজ্ঞাসা করা গেল তাঁহারা পশ্চাৎ লিখিত ভকুম ও বিধান করিলেন "সদর আদালত ঐ প্রকরণের যে এমত অর্থ তাহা কদাচ্ স্বীকার করিতে পারেন্ না যেহেতুক ঐ প্রকরণে কেবল এইমাত্র হুকুম আছে যে ভূম্যধিকারী দেওয়ানী আদালতে দর্থান্ত না করিয়া আপনার বাকীদার প্রজার ভূমি ছাড়াইয়া লইতে পারেন্ কিন্তু ঐ প্রজা আমি বাকীদার নহি কহিয়া আপনার ভূমি ত্যাগ না করণের ঝুঁকী আপনার শিরে লইলে যাহা২ কর্ত্তব্য তাহার বিষয়ে ঐ প্রকরণে কিছু লেখা নাই। দেইমত গতিকে যাহা কর্ত্তব্য তাহা ঐ প্রকরণের প্রতি দৃষ্টি না রাথিয়া নির্দ্ধার্য্য করিতে হইবেক এবং সদর আদালত নিশ্চয় বোধ করেন্ যে এমত হইলে অর্থাৎ রাইয়ত আপনার ভুমি ত্যাগ করিতে অস্বীকৃত হইলে ভূম্যধিকারির উচিত যে আইনমতে যে উপায় আছে তদনুসারে ঐ ভূমি ক্লোক করেন্ অথবা ঐ রাইয়তের নামে জাবেতামত কিয়া সরাসরীমতে নালিশ করেন। ফলতঃ সদর আদালত বোধ করেন্ যে ঐ প্রকরণ যেপর্যান্ত এই প্রকার মোকদ্দমার সঙ্গে সম্পর্ক রাখে সেইপর্যান্ত তাহার অভিপ্রায় যে অন্যান্য দাওয়াদারেরদের ন্যায় জমীদারেরদের আপন্থ যথার্থ যে পাওনা থাকে তাহা নির্ক্সিরোধ উপায়ের দ্বারা আদায়করণের যে অধিকার আছে তাহা সপফীরূপে জানান যায় এবং সাধারণ নিয়মানুসারে এবং দেশের দস্তরমতে ভূমাধিকারিরদের ইহার পূর্ক্তে যে শক্তি ছিল তাহাছাড়া নূতন শক্তি অর্পণ করা ঐ প্রকরণের অভিপ্রায় ছিল না বর্ণ তাহার অভিপ্রায় এই ছিল যে জমীদারেরদের এমত মনঃপ্রতায় জল্মে যে তাঁহারদের ক্ষমতানুদারে যথার্থ ও নির্বিরোধরতে কার্য্য করিলে তাঁহারদের অপরাধির মধ্যে গণ্য হওনের ভয় না থাকে এবং তৎপ্রযুক্ত আপন্থ যথার্থ পাওনা টাকা আদায় করিতে জমীদারেরদিগকে দাহদ দেওয়া

যার এবং রাইরতেরদের অন্যায় প্রভিবন্ধকতা নিবারণ হয়"।—১১৩ নম্বরী আইনের ত্তার্থের ২ দফা।—২৪ পৃষ্ঠা।

১০২। ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধ্বরার ৫ প্রকরণানুসারে বাকী খাজানার নিমিত্ত যে ফয়সলা হয় তাহার টাকা যদি বাকীদার রাইয়ত অথবা তাহার মালজামিনকে কয়েদ করণের দারা অথবা ঐ ১৫ ধারার ৬ প্রকরণানুসারে তাহার ভূমি জোককরণের দারা সেই বৎসরের মধ্যে আদায় না হয় তবে যে বৎসরের খাজানার বিষয়ে ফয়সলা হইয়াছিল সেই বৎসরের শেষ হইলে ঐ ধারার ৭ প্রকরণানুসারে দেওয়ানী আদালতে দর্খাস্ত করিয়া যে খাজানার বিষয়ের ফয়সলা হইয়াছিল তাহার সম্পর্কীয় আদায় তালুক কি অন্য হয়ান্তর করণের যোগ্য ভূমি বিজয় করণের দারা আদায় হইতে পারে। কিন্দু জজ্ঞ সাহেবের উচিত নহে যে খাজানার বাকীর এজহার পাইলে তাহার বিষয়ে তজবীজ না করিয়া ভূমি নীলামকরণের নিমিত্ত বোর্ডের সাহেবেরদের নিকটে দরখান্ত করেন্। —১২৮ নয়রী আইনের অর্থ।—২৫ পৃষ্ঠা।

১০৩। বাকী খাজানার বিষয়ে ডিক্রী হইলে ফরিয়ানী ডিক্রীহওয়া এলাকা আপন তরফ্ হটতে অসিদ্ধ করিয়া এলাকাদারের তাহা ছাড়া করিয়া লইতে পারে। কিন্তু যে টাকা বাকী পড়িয়াছে তাহা যদি পত্তনি তালুক অথবা যে তালুক বিক্রয়হওনের যোগ্য এমত তালুকের বাকী না হয় তবে কোন সরাসরী ফয়সলার দারা বাকীদারের স্থাবর সম্পত্তি নীলাম হইতে পারে না। যদি জমীদার অথবা ফরিয়াদী বাকীদারের অন্য কোন তালুক অথবা সম্পত্তি নীলাম করিতে চাহেন্ তবে তাহার পক্ষে সরাসরী ফয়সলা হইলেও জাবেতায়ত নালিশ করিতেই হইবেক।—১৮১৯ সা।৮ আ।১৮ ধা।৪ প্র।—২৫ পৃষ্ঠা।

#### ১২ ধারা।

মালগুরারীর বাকীর এবং তাহা অন্যায়েতে তহদীলকরণের সরাসরী মোকজ্যা। বাকী খাজানার নিমিত্তে খোদক্ষ্যা রাইয়তেরদের পাটা বাতিল করিতে ভূমাধিকারিরদের ক্ষমতা।

১০৪। এই ধারার ২ ও ৪ প্রকরণেতে বাকীদারদিগের এলাক। ক্রোক এবং অসিদ্ধ হওনের বিবয়ে যে সকল নিয়নের প্রসদ্ধ হইল তাহা কেবল জমীদার ও প্রজার মধ্যেতে হওয়া তালুক ও ইজারা ও অন্যান্য এলাকার সহিত সম্পর্ক রাঝে। খোদকন্তা প্রজালোকের ও প্রাচীননিবাসি চাসি লোকের সহিত সম্পর্ক রাখেনা। এ খোদকন্তা প্রজালোকের ও প্রাচীন নিবাসি চাসিরদের স্থানে যে বাকীর দাওয়া হয় দেই বাকীর নিমিত্ত বংশরের মধ্যে আসামীর ফসলওগয়রহ ক্রোক করিতে এবং তাহাকে গ্রেন্তার করাইতে জমীদারের ক্ষমতা আছে। যদি সাল আথেরীতে খোদকন্তা প্রজা লোকের কি প্রাচীন নিবাসি চাসি লোকের মধ্যে কাহাক শিরে খাজান বাকী থাকে তবে জমীদারপ্রভূতি সরাসরীমতে নালিশ করিয়া দন্তক জারী করাইতে পারেন্। যদি আসামী হাজির না হয় অথবা গ্রেন্তার হইতে পারে না তবে এই ধারার ও প্রকরণের নিয়মহাতারণ করা যাইবেক। এবং যদি দাওয়াদার বংশরের মধ্যে বাকীর সরাসরীমতে ডিক্রী পাইয়া তাহা জারী না করিয়া থাকে তবে সেই ডিক্রী বাকীর বিষয়ে মাতবর প্রমাণ জ্ঞান হইবেক। যদি আদালতে বাকী সাবুদ হয় এবং তাহা অবিলম্বে আদায় না হয় তবে দাওয়াদার আথেরী সালেতে ঐ ভূমির এলাকার যে প্রকার বিলী বন্দোবন্ত করিতে চাতে সেইরপে করিতে পারে।—১৮১৯ সা।৮ আ। ১৮ ধা। ৫ প্রা।—২৬ পৃষ্ঠা।

১০৫। ১৮১৯ দালের ৮ আইনের ১৮ ধারার ৪ এবং ৫ প্রকরণানুদারে যদি ভূমাধি-কারিপ্রভৃতি দরাদরী অথবা জাবেতামত মোকদমার ছারা ইহা দাবাস্ত না করিয়া থাকেন্ যে থাজানা নিতান্ত বাকী আছে তবে তিনি কোন পাট্টাদার রাইয়তের পাট্টা অদিদ্ধ করিতে পারেন্ না। থোদকন্তা রাইয়তেরদের শক্তি আছে যে ভূমিহইতে বেদথলহওনের পূর্বে যে টাকা তাহারদের স্থানে পাওনা আছে জমীদার কতেন দেই টাকা তাহারা অব্যাক্তে আদালতে দাখিল করিতে পারে।—১২০৫ নম্বরী আইনের অর্থ।—২৬ পৃষ্ঠা। •্

১০৬। ১৮১৯ সালের ৮ আইক্সের ১৮ ধারার ৫ প্রকরণে এমত লেখা আছে নে রীজ্যনুসারে কার্য্য না করিলে খোদকন্তা রাইরতের দিগকে উন্তাক্ত বা বেদখল করিলে তাহা বেআইনী হয় তাহাতে সুতরাৎ বোধ হয় যে জমীদার খোদকন্তা রাইয়তকে বেআইনীরূপে বেদখল করিলে তাহার অবশ্য কোন প্রতিকারের উপায় থাকিবেক। দেই প্রতিকার জজ সাহেব করিবেন এবং বেদখলহওয়া রাইয়ত তাহার নিকটে সরাসরী নালিশ করিলে তিনি এইমত জকুম দিবেন যে ঐ রাইয়তকে পুনরায় দেই ভূমি ফিরিয়াদিতে হইবেক এবং ভূমাধিকারী আইনমত কার্য্য না কর্ণপর্যান্ত দেই ভূমি ঐ রাইয়তের দখলে থাকিবেক। ঐরুপ অন্যায় কর্মের প্রতিকারকরণের যে ক্ষমতা ইহার পূর্দের জজ সাহেবের ছিল তাহা এক্ষণে কালেক্টর সাহেবের প্রতি অর্পণ হইয়াছে অতএব তিনি দেইরূপ কার্য্য করিবেন। কিন্তু যদি বেদখলহওনেতে কোন জবরদন্তী কর্মা হইয়া থাকে তবে তাহা মাজিস্ট্রেট সাহেবের বিচার্য্য হইবেক।—১৮৩৩ সালের ১৫ নবেম্বের সরক্যুলর অর্ডর।—২৬ পৃষ্ঠা।

১০৭। কালেক্টর সাহেব যদি দ্রাদ্রীমতে এমত কয়সলা করেন্ যে খোদকস্তা রাইয়তের স্থানে খাজানা বাকী আছে এবং বাকীদার বলিয়া দেই ব্যক্তিকে বেদখলকরিতে হইবেক তবে ঐ খোদকস্তা রাইয়ত দেই ফয়সলা অন্যথাকরণার্থ জিলার আদালতে অথবা
মুনদেকের আদালতে জাবেতামত মোকদ্মা করিলে গত খাজানার বিষয়ে বিবাদ হইতেছে
তত টাকা মোকদ্মার মূল্য জান করিতে হইবেক অর্থাৎ আদৌ যত টাকার বাবৎ
দ্রাদ্রী নালিশ হইয়াছিল তাহা।—৮৬২ ন্যুরী আইনের অর্থ।—২৬ পুটা।

১০৮। যে ভূমি প্রজা বা রাইয়ত দখল করিতে আপনার অধিকার আছে বোধ করে এমত ভূমিহইতে ভূমাধিকারী তাহাকে বেদখল করিতে পারে কি না এই বিহয়ে যে সকল বিরোধ হয় তাহা ১৭৯৩ সালের ৪৯ আইন অথবা ১৮১৯ সালের ৮ আইনের দ্বারা নিষ্পত্তি হইবেক।—৪৮২ নমুরী আইনের অর্থ।—২৭ প্রতা।

[১৭৯৩ সালের ৪৯ আইন ১৮৪০ সালের ৪ আইনের দারা রদ হইয়াছে তাহা আ-পেণ্ডিক্লের মধ্যে দেওরা গিয়াছে। উক্ত ১০৮ নম্বরী বিধান ঐ প্রকার বিরোধের কেবল সরাসরীমতে নিম্পত্তির সঙ্গে সম্পর্ক রাখে এবং তাহাতে জাবেতামত মোকদ্মাকরণের কোন নিখেধ নাই। উক্ত সকল বিধানের বিষয়ে ১৮৪০ সালের ৪ আইন বিশেষরূপে বিবেচনা করিতে হইবেক।]

#### ১৩ ধারা।

#### ভূমাধিকারিরদের ক্ষমতার কিষয়ি সাধারণ বিধি।

১০১। ভূমাধিকারি ও প্রজারদের ব্যভাধিকারের সংক্রান্তের মোকদ্দমা দেওয়ানা আদালতে উপস্থিত হইলে জজ সাহেব উভয়তঃহওয়া একরার লিখনাদিদুটে কিয়া শরাকি শাব্রমতে অথবা আইনক্রমে কিয়া আদোপান্তের চলন দাঁড়ানুসারে সেই মোকদ্মার বিচার ও নিষ্পত্তি করিবেন। আদালতে দরখান্ত না করিয়া ভূমাধিকারিপ্রভৃতি আপনার রাইয়তেরদিগকে মালপ্রজারীর হিসাব নিষ্পত্তির কারণ কিয়া ভূমি মাপিবার নিমিত্ত কিয়া অন্য কোন বিশিষ্ট হেতুতে ডাকাইয়া আনিতে পারে। যদি রাইয়ত হাজির না হয় তবে দেওয়ানী আদালতে তাহা প্রমাণ হইলে তাহারদের সকল খরচা ও ক্ষতিদেওনের দও ছইবেক। কিন্তু যদি ভূমাধিকারী কিয়া ভাহারদের আমলারা আপনারদের সাধ্যের বহির্ভূত কোন কর্ম্ম করে তবে দেওয়ানী আদালতে তাহা সাব্যস্ত হইলে তাহারদের শিরে সমস্ত ক্ষতিও থারচা দিবার দায় পড়িবেক ও তাহারদের জরীমানা করা ঘাইবেক।—১৭৯১ সা। ৭ আ।১৫ ধা।৮ প্র!—২৭ পৃষ্ঠা।

#### ক্রোককরণের বিরুদ্ধে সরামরী মোকদমা।

১১০। যে কোন প্রকার রাইয়ত মালজামিন না দিয়া থাকে তাহার খাজানা বাকী পড়িলে যদি তাহার জিনিসপত্র ক্রোক হয় এবং যদি সেই ব্যক্তি কহে যে আমার স্থানে কিছু থাজানা বাকী নাই এবং ক্রোকহওনের পর পাঁচ দিবসের মধ্যে আদালতের সাহে-বের কিয়া কালেক্টর সাহেবের অথবা পর্গনার কাজীর কিয়া মুনসেফের কিয়া ক্রোককর্ণিয়ার সাক্ষাথ মাতবর জামিনসহিত এই মজমুনে এক একরারনামা লিখিয়া দেয় যে এই একরারনামার তারিখহউতে ১৫ পনের দিবসের মধ্যে এই মোকদ্মাতে দেওয়ানী আদালতে নালিশ করিব এবং বিচারানুসারে যত টাকা আমার শিরে বাকী সাব্যন্ত হয় তাহা সুদ ও থরচাসমেত দিব তবে ক্রোককরণিয়ার কর্ত্তরা যে ঐ জিনিসপত্র ক্রোককরা ক্রান্ত হইয়া যাহার জিনিস তাহাকে ফিরিয়া দেয়।—১৮১২ সা। ৫ আ। ১৫ ধা।—
২৮ পৃষ্ঠা।

১১১। যদি বাকীদার মিয়াদের মধ্যে একরারনামা না লিখিয়া দেয় তবে ক্রোককরণিয়ার ক্ষমতা আছে যে ঐ বাকী টাকা খরচাসমেত শোধ না হইলে ঐ ক্রোকী জিনিস বিক্রয় করে। যদি বাকীদার একরারনামা লিখিয়া দিয়া নিয়মিত দিবসের মধ্যে দেওয়ানী আদালতে নালিশ না করে তবে ক্রোককরণিয়া ব্যক্তি বাকী টাকা মালজামিনের স্থানে তলব করিবেক। যদি জামিনদার ঐ টাকা তৎক্ষণাৎ না দেয় তবে ক্রোককরণিয়া ব্যক্তি জামিনদারের ও বাকীদারের কিয়া এই দুই জনের মধ্যে এক জনের অস্থাবর বন্দ্র ক্রোক করিয়া বিক্রয় করাইতে পারিবেক কিল্ড লাঙ্গলইত্যাদি চাসবাসের সর্জ্ঞাম বিক্রয় করিতে পারিবেক না ০০১২২ সা। ৫ আ। ১৫ ধা।—২৮ প্রতা।

১১২। যে কোন রাইয়ত খাজানার বিষয়ে মালজামিন দিয়া থাকে তাহার খাজানা বাকী পড়িলে যদি তাহার জিনিস বাকী আদারের নিমিত্তে ক্রোক করা যায় এবং যদি রাইয়ত কহে যে আমার স্থানে কিছু খাজানা বাকী নাই এবং যদি মালজামিন ক্রোকহওনের পর পাঁচ দিবসের মধ্যে জজ সাহেবের কিয়া কালেক্টর সাহেবের কিয়া পরগনার কাজীর কি মুনসেকের কিয়া ক্রোককরণিয়ার সাক্ষাৎ দুই জন সাক্ষির সাক্ষ্য প্রমাণে এক একরারনামা এই মজমুনে লিখিয়া দেয় যে আমি কিয়া বাকীদার এই একরারনামার তারিখহইতে পনের দিবসের মধ্যে এই মোকদ্মাতে দেওয়ানী আদালতে নালিশ করিব ও বিচারানুসারে আমার কি বাকীদারের শিরে বাকীর যত টাকা দেনা ঠাহরে তাহা সুদ্ ও খরচাসমেত দিব তবে ক্রোককরণিয়া বাক্তির কর্ত্ব্য যে তৎক্ষণাৎ জিনিস ক্রোককরাতে ক্ষান্ত হয়।—১৮১২ সা। ৫ আ। ১৬ ধা।—২৮ পৃষ্ঠা।

১১৩। যদি মালজামিন মিয়াদের মধ্যে এই একরারনামা লিখিয়া না দেয় এবং যদি নীলামের দিবদের পূর্ব্বে ঐ বাকী টাকা খরচাদমেত না দেওয়া যায় তবে ঐ জিনিস নীলাম হইবেক। যদি মালজামিন একরারনামা লিখিয়া দিয়া নিয়মিত দিবদের মধ্যে নালিশ না করে তবে ক্রোককরণিয়া মালজামিনের স্থানে বাকী টাকা পুনর্বার তলব করিবেক ভাহাতে যদি ঐ বাকী টাকা তৎক্ষণাৎ না দেওয়া যায় তবে ঐ ক্রোক করণিয়া ঐ বাকীদার এবং তাহার মালজামিন কিয়া এই দুই জনের মধ্যে এক জনের জিনিসপত্র ক্রোক করিয়া বিক্রয় করিবেক কিন্তু লাক্লইত্যাদি চাসের সর্প্তাম বিক্রয় হইবেক না। যদি মালজামিন স্থানান্তরে থাকে এবং বাকীদার নির্ণতিমতে একরারনামা লিখিয়া দিয়া অন্য জামিন দেয় তবে ক্রোককরণিয়া জিনিস ক্রোককরাতে ক্রান্ত হইবেক এবং উপরের ধারার লিখিতমতে কার্য্য করা যাইবেক।—১৮১২ সা। ৫ আ। ১৬ ধা। —২৯ পৃষ্ঠা।

১১৪। যদ্যপি বাকীদার এবৎ তাহার মালমামিন একরারনামার লিখিত মিয়াদের

মধ্যে নালিশ করিতে জটি করিলে সাধারণ রীত্যনুসারে তাহারদের সম্পত্তি ক্রোক ও বিক্রয় হইবেক তথাপি ঐ সম্পত্তি বেআইনমতে নীলাম হইলে যদি ক্ষতি হয় তবে সেই ক্ষতির টাকা পাইবার নিমিত্ত তাহার সরাসরীমতে নালিশ করিতে পারে।—৪২১ নমূরী আইনের অর্থ।—২৯ পৃষ্ঠা।

১১৫। থাজানার বাকীর নিমিন্ত সম্পত্তি ক্রোক হইলে জামিন লইবার যে ক্ষমতা মুনদেফদিগকে দেওয়া গিয়াছিল সেই ক্ষমতা ১৮৩৯ সালের ১ আইনানুসারে রহিত হইয়াছে।—১২৫৫ নমুরী আইনের অর্থ।—২৯ প্রতা।

১১৬। ১৮১২ সালের ৫ আইনের ১৫ ও ১৬ ধারা মতান্তর হইয়া প্রকৃম হইল যে যে বাকীদারের জিনিস ক্রোক হয় সেই ব্যক্তি হদি সমুদয় টাকার উপর আপত্তি না করিয়া কেবল কতক অংশের উপর আপত্তি করে তবে সেই কতক অংশ টাকা দিয়া অবশিষ্ট আপত্তির নিমিত্তে মালজামিন দিলে তাহার জিনিস ক্রোকহইতে খালাস হইবেক।—১৮৩১ সা।৮ আ। ১২ ধা।—২৯ পৃষ্ঠা।

১১৭। যে তহদীলদার ও দাজাওল ও অন্যান্য রাজন্বের আমলারা দ্রকারের তরফে মালগুজারীর টাকা আদায়করণের কার্য্যে নিযুক্ত আছে তাহারদের বিষয়ে ঐ ১৮১২ দালের ৫ আইনের ১৫ ও ১৬ ধারা থাটিবেক।—১৮১৮ দালের ২৮ আপ্রিলর দর্বুলুলর অর্ডর।—৩০ পৃষ্ঠা।

১১৮। যে বাকীদারের জিনিসপত্র ক্রোক হইয়াছে সেই ব্যক্তি যদ্যপিও মালজায়িন দিতে না পারে তথাপি ঐ বাকী টাকা তাহার স্থানে পাওনা ছিল কি না এই বিষয়ে সেই ব্যক্তি ক্রোককরণিয়ার নামে দেওয়ানী আদালতে নালিশ করিতে পারে এবং আদালতের বিচারে যদি এইমত বোধ হয় যে ঐ জিনিস অনর্থক ক্রোক ও নীলাম হইয়াছে তবে তাহাতে তাহার যে ক্ষতি হইয়া থাকে তাহা সেই বাকীদার বুঝিয়া পাইবেক।—১৮১২ সা। ৫ আ। ১৭ ধা।—১০ প্রতা।

১১৯। ১৮১২ সালের ৫ আইনের ১৫ ও ১৬ এবং ১৭ ধারানুসারে নালিশ হইলে যদি ফরিয়াদী জাবেতামত মোকদম। উপস্থিত করিতে না চাতে তবে সেই নালিশ স্রাস্রীমতে হইবেক।—১৮১৬ সালের ১২ ডিসেম্বের স্রকুলের অর্ডর।—৩০ পৃষ্ঠা।

১২০। বেআইনী নীলামের দ্বারা যে ফাতি হইয়াছে সেই ক্ষতির তারিখের পর এক বংসরের মধ্যে ১৭ ধারার লিথিত প্রকার মোকদ্দমা উপস্থিত করিতে হইবেক।—৪৬৭ নম্বী আইনের অর্থ।—৩০ পৃষ্ঠা।

১২১। ১৮০৩ সালের ১৭ আইনের ৬ ধারার বিধি ১৮১২ সালের ৫ আইনের ১৭ ধারার লিখিত প্রকার মোকদমার বিভয়ে খাটিবেক অর্থাৎ বেআইনীমতে যদি জিনিস ক্রোক হয় তবে ক্ষতিগ্রস্ত রাইয়তের ক্রোকের দারা যে দুব্যের নোকসান হইয়াছে তাহার মূল্য এবং আরো তবুলা টাকা ক্ষতিপূর্ণ বলিয়া তাহাকে দেওয়ান ঘাইবেক।— ৩২৭ নম্বরী আইনের অর্থ।—৩১ পৃষ্ঠা।

১২২। বাকীদার অথবা তাহার মালজামিনছাড়া যদি অন্য কোন ব্যক্তি ক্লোকহওয়া সম্পত্তির উপর দাওয়া করে তবে সেই ব্যক্তি জামিন দিয়া ঐ সম্পত্তি থালাস করিয়া লইতে পারিবেক না এবং ১৮১২ সালের ৫ আইনের ১৫ ধারার বিধির অনুসারে তাহার দাওয়ার তজবীজ হইতে পারে না ।—৩৪৮ নমুরী আইনের অর্থ ।—৩১ পৃষ্ঠা।

১২৩। বাকীদার কিয়া তাহার মালজামিনছাড়া যদি অন্য কোন ব্যক্তি সেই ক্লোকহওয়া সম্পত্তির উপর দাওয়া করে তবে সেই দাওয়া ১৭৯৯ সালের ৭ আইনের ৯ ধারানুসারে জাবেতামত মোকদ্দমাক্রমে তজবীজ হইবেক।—৩৪৮ নম্বরী আইনের অর্থ।—৩১ পৃষ্ঠা।

১২৪। নিফার ভূমাধিকারিরা ভূমি ক্রোক করিলে সেই ক্রোক বরখাস্ত করণের জন্যে অথবা ভাহারা বেআইনীমতে ক্রোক করিলে যে ক্ষতি হয় ভাহা পাইবার জন্যে রাইয়-

তেরা যে নালিশ করে তাহা কালেক্টর সাহেব বিচার করিবেন:—১১২ নম্বরী আইনের অর্থ।—৩১ পৃষ্ঠা।

১২৫। ১৮১২ সালের ৫ আইনানুসারে দেওয়ানী আদালতে যে সকল মোকদ্মা হয় তাহার বিচার ১৭৯৯ সালের ৭ আইনের লিখিত তকুমানুসারে সরাসরীমতে হই-বেক।—১৮১২ সা। ৫ আ। ২০ খা।—৩১ পৃষ্ঠা।

#### ১৫ ধারা।

টাকা কি কাগজপত্র পাইবার বিষয়ে গোমাশতারদের নামে সরাসরী নালিশ।

১২৬। যদি কোন ভূমাধিকারী কি ইজারদার আপনার সদর বা মফঃসল গোমাশ্তার স্থানে তাহার হস্তে কর্ম থাকনের কালে নগদ টাকার বিষয়ে কিয়া হিসাবের নিকাশের দাওরা থাকে কিয়া সেই আমলা অপদন্ত হইলে সেই টাকা বা হিসাব চাহিলে যদি সেই ব্যক্তি তাহা না দেয় তবে ভূমাধিকারিপ্রভৃতি তৎক্ষণাৎ এই আইনের ১৫ ধারার লিখিত যে ভকুম বাকী উসুলের কারণ বাকীদারদিগকে আটক ও কয়েদ করাইবার অর্থে চলে সেই ভকুমানুসারে ঐ গোমাশ্তাকে আটক ও কয়েদকরণের বিষয়ে সরাসরীমতে নালিশ করিতে পারে ও আদালতের সাহেবেরা যেরুপে বাকীদারদিগের স্থানে বাকী উসুলকারণ সহায়তা করেন সেইমত এই বিষয়ে সহকারী হউবেন।—১৭৯৯ সা। ৭ আ। ২০ ধা।—৩২ প্রতা।

১২৭। এই প্রকারে গোমাশ্তার স্থানে টাকা বা হিসাব বুঝিয়া দিতে সরাসরীমতে যে নালিশ হয় তাহার বিষয়ে হাদশ মাস মিয়াদের নিয়ম থাকিবেক।—১৮০৫ সা। ২ আ। ৪ পা। ২ প্রা।

্রিট বিষয়ের অতিরিক্ত কথা ১৪৬ নমূরী আইনের অর্থেতে লেখা আছে। এই অধ্যাধ্যের ৫ নমূরী বিধান দেখা।

#### ১৬ ধারা।

নীলের বাবৎ সরাসরী মোকদমা। কোন প্রদ্ধা উৎপন্ন নীল আপন কবুলিয়তের অন্যমতে বিক্রেয় না করিবার উপায়।

১২৮। যদি কোন জন কোন রাইয়তকে নিরুপিত কতক ভূমিতে নীলের কৃষিকার্য্য করিবার ও ভূমির উৎপন্ন নীল তাহার নিকটে পঁছছাইয়া দিবার করারে কবুলিয়ৎ লিথিয়া লইয়া টাকা দাদন করে তবে দেই ভূমির উৎপন্ন নীলগাছেতে ঐ ব্যক্তি স্বআধিকারী বোধ হইবেক এবং এই আইনের পশ্চাৎ যেরূপ লেখা আছে দেই প্রকারে ভূমির উৎপন্ন রহ্মণের এবং কবুলিয়তের করার সকল পূরা করাইবার নিমিতে নালিশ করিতে পারে।—১৮২৩ সা। ৬ আ। ২ ধা।— ৩২ পৃষ্ঠা।

১২৯। নালকুঠার যে মালিক নালের দাদন দিয়াভিলেন তৎপরে ঐ দুঠার যে ব্যক্তি মালিক হয় সেই ব্যক্তি তাহার স্থলে আছে এমত জান করিতে হইবেক এবং ঐ দাদনী টাক। ফিরিয়া পাইবার নিমিত্ত সাবেক মালিক যে উদ্যোগ করিতে পারিত নূতন মালিকও সেইরূপ উদ্যোগ করিতে পারিবেক।—৫৬৫ নমুরী আইনের অর্থ।—৩২ পৃষ্ঠা।

১৩০। যদি কোন লোক উপরের লিখনমতে কর্লিয়ৎ লইয়া টাকা দাদন করণের পরে বুঝে যে ঐ কর্লিয়তের আসামী ঐ ভূমির উৎপন্ন অন্য জনকে দেওনের দ্বারা ঐ নিরুপিত নিয়মের অন্যথাচরণ করিতে উদ্যত আছে অথবা ঐ ভূমির উৎপন্ন অন্য জনকে দিতে অঙ্গীকার করিয়াছে তবে দাদনদেওনিয়া ব্যক্তি তথাকার জজ সাহেবের নিকটে নালিশের আর্জী দিতে পারেন এবং তিনি আসল কর্লিয়ৎ ঐ আর্জীর সহিত দাখিল করিবেন এবং সেই আর্জীতে ইহা লিখিবেন যে যে আসামীর নামে নালিশ করিতেছি দেই আসামী বেচ্ছাপুর্মক ও যথার্থরূপে ঐ করুলিয়ৎ লিখিয়া দিয়াছে।—১৮২৩ সা। ৬ আ। ৩ ধা। ১ প্র!—১৩ পৃষ্টা।

১৩১। ঐ আরজী এবং কবুলিয়ৎ দাখিল হইবামাত্র এক তলবচিঠী নাজিরের নিকট-হইতে পাঠান ঘাইবেক এবং তাহাতে এই স্কুম লেখা ঘাইবেক যে ঐ আদামী স্বয়ং কিয়া তাহার মোখার ঐ তলবচিঠীর লিখিত মিয়াদের মধ্যে হাজির হইয়া ঐ নালিশের জওয়াব দেয় সেই মিয়াদ কুড়ি দিনের অধিক হইবেক না।—১৮২৩ দা। ৬ আ। ৩ ধা। ২ প্র।—৩৩ পৃষ্ঠা।

১৩২। ঐ আসামাকে চলিত আইনানুসারে তলব করিতে হইবেক অর্থাৎ এক জন পেয়াদার দারা তাহার উপর এত্তেলানামা জারী করিতে হইবেক।—৫৬৪ নম্বরী আইনের অর্থ।—৩৩ পৃষ্ঠা।

১৩৩। যে ব্যক্তিকে ঐ তলবচিঠী জারী করিবার নিমিন্ত পাঠান যায় তাহার প্রতি ছকুম হইবেক যে ঐ আসামী যে গ্রামে থাকে সেই গ্রামের কাল্লারীতে কিয়া অনেক লোকের সমাগমের অন্য কোন স্থানে ঐ তলবচিঠীর এক নকল লটকাইয়া দেয় এবং যে জুমির বিষয়েতে নালিশ হয় সেই ভূমির উপর এক বাঁশগাড়ি করে। ইহা করণের দ্বারা ঐ দাওয়ার বিষয় বিলক্ষণরূপে এইমত প্রচার করা যাইবেক যে অন্য যে কোন জন ঐ দাওয়ার প্রতিবন্ধকতা করিতে চাহে কিয়া আপনি ঐ নালিশের পূর্কে ঐ ভূমির উৎপল্লের অধিকারী হইয়া থাকনের কথা প্রমাণ করিতে চাহে সেই জন স্বয়্রং অথবা তাহার মোখার তাহা করণার্থ আদালতে হাজির হয়। যদি ঐ তৃতীয় ব্যক্তি সরাসরী নিম্পত্তির পূর্কে হাজির না হয় তবে তাহার সেই হাজির না হওয়া কোন নিদর্শনপত্রের দ্বারা ঐ ভূমির উৎপল্লেতে অধিকারী হওয়ার প্রতিবন্ধক বোধ হইবেক কিন্তু সেই ব্যক্তি জাবেতামত নালিশ করিতে পারে।—১৮২৩ সা। ৬ আ। ৩ ধা। ৩ প্র।—৩৩ পৃষ্ঠা।

১৩৪। যে জন তলবচিঠী জারী করিতে যায় সে যদি আসামীর দেখা না পায় তথাপি উপরের লিখনমতে ঐ দাওয়ার প্রচার করিবেক। যদি ঐ আসামী নিরুপিত মিয়াদের মধ্যে ঐ নালিশের জওয়াব দিবার কারণ হাজির না হয় এবং ফরিয়াদীর দাওয়ার প্রতিবন্ধকতার আর কোন দাওয়া উপস্থিত না হয় তবে জজ সাহেব ফরিয়াদীর দাওয়ার এবং অন্যান্য কথার সত্তা জানিবার জন্যে সাফিদিগের বাক্য শুনিয়া আসামী হাজির হইলে যেমত করিতেন সেইমত মোকদ্দা নিষ্পত্তি করিবেন ।—১৮২৩ সা। ৬ আ। ৩ ধা। ৪ প্রা। ৩৪ প্রা।

১৩৫। ঐ মিয়াদের মধ্যে যদি আসামী কি তাহার মোখার হাজির হয় এবঁৎ কবুলিয়ৎ লিখিয়া দেওয়া অমীকার করে তবে তাহার প্রমাণ লইতে হইবেক। যদি এইমত
প্রমাণ হয় সে ঐ কবুলিয়ৎ স্বেচ্ছাক্রমে লিখিয়া দেওয়া গিয়াছিল এবং কোন তৃতীয় ব্যক্তি
ফরিয়াদীহইতে আপন কোন বলবৎ দাওয়া প্রমাণ করিতে না পারে তবে ফরিয়াদীর
সেই ভূমির উৎপন্ন পাওনের সরাসরী ভকুম হইবেক। যদি আসামী ঐ কবুলিয়ৎ লিখিয়া
দেওয়া স্বীকার করে এবং আপন করা করারের পূরা নাকরণের কোন মাতবর হেতু জানাইতে না পারে তবে তাহাতে এইরূপ নিষ্পত্তি করা যাইবেক।—১৮২৩ সা। ৬ আ। ৩ ধা।
৫ প্রা—৩৪ পৃষ্ঠা।

১৩৬। যদি ইহা প্রমাণ হয় যে আসামী স্বেচ্ছাপূর্কক কবুলিয়ৎ লিখিয়া দেয় নাই কিয়া যদি বোধ হয় যে ঐ নালিশ কেবল ঝকড়া ও উপদুবের নিমিত্তে উপস্থিত হইয়াছে এবং ঐ দাওয়া অমূলক কিয়া ফরিয়াদীর আদালতে নালিশ করণের কোন উপযুক্ত কারণ ছিল না তবে ঐ মোকদমা ডিসমিস হইবেক এবং ফরিয়াদী তাহার সকল খরচা দিবেক এবং আসামী ঐ নালিশেতে যে দুঃখ ও ক্লেশ পাইয়া থাকে তাহার বদলে যত টাকা উপযুক্ত বুঝেন্ তত টাকা জজ সাহেব দেওয়াইবেন।—১৮২৩ সা। ৬ আ। ৩ ধা। ৬ প্র।
—৩৪ পৃষ্ঠা।

১৩৭। যদ্যপি কোন চলিত আইনানুসারে রাইয়ত কোন ব্যক্তির সঙ্গে করার করিয়া থাকে এবং নীলের কৃষি করিতে এবং তাহা ঐ ব্যক্তিকে দিতে একরার করিয়া থাকে এবং ঐ ব্যক্তি রাইয়তকে দাদন দিয়া থাকে তাহাতে যদি তৃতীয় ব্যক্তি ঐ লেখাপড়া ও দাদনের বিষয় জাত থাকিয়া তাহা অন্যথা করিবার নিমিত্তে রাইয়তকে ভূলাইয়া কুপরান্দর্শ দেয় তবে দাদনকরণিয়া ব্যক্তির ক্ষমতা আগছে যে রাইয়তের নামে এবং কুপরামর্শ দেওনিয়ার নামে অথবা উভয়ের নামে দেওয়ানী আদালতে নালিশ করিয়া নিজের যত ক্ষতি হইয়া থাকে তাহা খ্রচাদমেত উভয়ের স্থানে কিয়া এক জনের স্থানে পাইবার নিমিত্ত ডিক্রী লয়।—১৮৩৬ সা। ১০ আ। ৩ধা।—৩৪ পৃষ্ঠা।

১৩৮। যদি রাইয়ত দি নামক নীলকুঠীর কর্ত্বার নামে নালিশ করে যে তিনি জবরদন্তী করিয়া আমার নীলগাছ কাটিয়া লইয়া যাইতেছেন এবং আরো কহে যে বি নামক অন্য নীলকুঠীর কর্ত্বার স্থানে দাদন লইয়া তাঁহাকে দিবার কারণ নীলগাছ উৎপন্ধ করিয়াছি এবং যদি ঐ দি কহেন যে আমি রাইয়তকে দাদন দিয়াছিলাম এবং আমার কারণ দে নীলগাছ উৎপন্ধ করিয়াছে এবং রাইয়ত তাহা স্থীকার না করে তবে মাজিস্ট্রেট দাহেবের এমত বোধ করিতে হইবেক যে ঐ বিবাদি গাছ রাইয়তের দেখলে আছে এবং দে আপন ইচ্ছামতে দি অথবা বিকে দিতে পারে। এবং দেই গাছ জবরদন্তী করিয়া কাটিয়া লইয়া যাইতে দিকে নিষেধ করিতে পারেন্ দি ১৮২৩ দালের ৬ আইন এবং ১৮৩৬ দালের ১০ আইনানুদারে ঐ রাইয়তের নামে অথবা বির নামে নালিশ করিতে পারেন্ এবং যদি ঐ দি জামিন দেন্ তবে দর্যানরী তহকীকক্রমে দেই গাছ কাটিয়া লইয়া যাইতে পারেন্।—১৩৫৯ নম্বরী আই নের অর্থ।—৩৫ পৃষ্ঠা।

১৩৯। কিন্তু যদি কোন ব্যক্তি কেবল আপনার কর্জা টাকা উদুল করণের নিমিত্তে কিয়া চলিত আইনানুসারে তাহার সঙ্গে যে করার হইয়াছিল তাহা পূরা করাইবার নিমিত্ত কোন কর্ম করিয়া থাকে তবে এই ধারাক্রমে তাহার উপর কোন নালিশ হইতে পারে না —১৮৩৬ সা । ১০ আ । ৩ ধা । —৩৫ পৃষ্ঠা ।

১৪০। ১৮২৩ সালের ৬ আইন অথবা এই আইনানুসারে যে কোন মোকদ্দমা উপ-দ্বিত হয় তাহাতে যদি আদালত আবশ্যক বোধ করেন্ তবে আদামী ও ফরিয়াদীর উভ-যের জোবানবন্দী লইতে পারেন্ এবং যদি আদামীর পক্ষে ডিক্রী হয় তবে তাহার যে খরচ হইয়াছে ও যে সময়ের নোক্সান হইয়াছে তাহাকে পোষাইয়া দিবার হুকুম করিতে পারেন্।—১৮৩৬ সা। ১০ আ। ৪ ধান—৩৫ পৃষ্ঠা।

১৪১। যদি বিচারের সময়ে ইহা জানা যায় যে আসামী কোন তৃতীয় ব্যক্তিকে ঐ ভূমির উৎপন্ন দিবার কবুলিয়ৎ লিথিয়া দিয়াছে তবে সেই তৃতীয় ব্যক্তিকে ব্বয়ৎ বা ভাহার উকীলকে হাজির হইতে তলক হইকে। এবং যদি মোকদ্দমা নিক্ষান্তি হওনের পূর্বের ঐ তৃতীয় ব্যক্তি ঐ ভূমির উৎপন্ন পাইবার নিমিন্ত আর এক তুলা কবুলিয়ৎ উপস্থিত করে তবে জজ সাহেব সরাসরীমতে তজবীজ করিয়া ইহা নিশ্চয় করিবেন যে ঐ২ ব্যক্তির মধ্যে সেই ভূমির উৎপন্নেতে কাহার অধিকার হয় কি না ও যদি হয় তবে ভাহারদের মধ্যে কাহার অধিকার প্রথম ও অনাহইতে নাাযা। কিন্তু ১৮১২ সালের ২০ আইনের অনুসারে যে কবুলিয়তের রেজিইরী হইয়া থাকে সেই কবুলিয়ৎ অধিক মানা হইবেক। পরে সেই ব্যক্তিরদের মধ্যে যাহার যে উপযুক্ত হয় ভাহার পক্ষে ভাহার ডিক্রী করা ঘাইবেক।—১৮২৩ সা। ৬ আ। ৩ ধা। ৭ প্র।—৩৫ পৃষ্ঠা।

১৪২ । এই ধারার লিখিত ছকুমানুদারে যে আদামী হাজির হয় দে জেলগানায় কয়েদ হইবেক না এবং মোকদমার জওয়াব তাহার স্থানে লইতে এবং দেই জওয়াব দপট করিয়া বুঝিবার নিমিত্ত যে জিজাদার প্রয়োজন হয় তাহার উত্তর লইতে যে কালের আবশ্যক হয় তাহার অধিক কাল আদামীকে দেখানে রাখা হাইবেক না।—১৮২৩ দা। ৬ আ। ৩ ধা। ৮ প্রা।—৩৬ পৃষ্ঠা।

১৪৩ । নীলকুচীর কর্ত্তা দাহেবেরা জন্মীদার কি ভূম্যধিকারী নহেন্ অতএব তাঁহারা রাইয়তের্দিগকে তলব করিতে পারেন্ না কিয়া জোর করিয়া তাহার্দিগকে হাজির করা ইতে পারেন্ না। ৩৯৪ নম্বী আইনের অর্থ । ৩৬ পৃষ্ঠা।

নীলবিষয়ক সরাসরী মোকদ্দমা। সরাসূত্রী তজবীজ যেকপে এবং যাহার দ্বারা করা যাই-বেক তাহা।

১৪৪। এই আইনানুসারে যে সরাসরী তজরীজ হয় তাহা মালগুজারীর বাকী আদায়ের নিমিন্ত সরাসরী মোকজমার নিমিন্ত যে নিয়ম নির্দিন্ত আছে সেই নিয়মানুসারে করা যাইবেক। তাহা জজ সাহেব কিয়া কালেক্টর সাহেবের দারা তজরীজ হইবেক। যদি কালেক্টর সাহেবের নিকটে সেই মোকজমা সমর্পণ করা যায় তবে তিনি তাহা আপনি নিম্পান্তি করিবেন এবং এই আইনমত সেইরূপে যে কোন মোকজমা কালেক্টর সাহেব নিম্পান্তি করেব্ তাহার উপর কোন আপীল হইতে পারিবেক না। কিন্তু নীলের কৃষি ও তাহা দাঞ্লি করিয়া দিবার কবুলিয়তের দ্বারা কোন ব্যক্তি দাওয়া করিলে সেই দাওয়া যদি সরাসরী বিচারক্রমে নির্থক করা যায় কিয়া যদি সেই ব্যক্তি ঐ নিম্পান্তিতে অসমত হয় তবে কবুলিয়তের লিখিত দণ্ডের টাকা পাইবার কারণ এবং আপনার অন্য যে পাওনা ন্যায় বুঝে তাহাও পাইবার কারণ জাবেতামত নালিশ করিতে পারে।— ১৮২৩ সা। ৬ আ। ৬ ধা।—৩৬ পৃষ্ঠা।

১৪৫। খাজানার বাবৎ সরাসরী নালিশকরণের বিষয়ে ১৮০৫ সালের ২ আইনে যে বিধি আছে সেই বিধি ১৮২৩ সালের ৬ আইনানুসারে নীলের দাদন ফিরিয়া পাইবার বাবৎ যে মোকদ্দমা উপস্থিত করা যায় তাহার বিষয়েও খাটিবেক।—৫৬৫ নম্বরী আইনের অর্থ।—৩৬ পৃষ্ঠা।

১৪৬। নীলের কবুলিয়তের বিষয়ে যে সরাসরী নালিশ হয় তাহা ১৮৩১ সালের ৮ আইনানুসারে আদৌ কালেক্টর সাহেবের বিচার্য্য নহে কিন্তু উক্তমতে ৬ ধারানুসারে জাজ সাহেব সেই মোকদ্মা কালেক্টর সাহেবের প্রতি সোপদ্দ করিতে পারেন্ তাহা হইলে ঐ মোকদ্মা ঐ ধারার লিখিতমতে বিচার হইবেক।—১৮৩৫ সালের ২০ নবেয়রের সরকালর অর্ডর।—৩৬ পৃষ্ঠা।

১৪৭। ১৮২৩ সালের ৬ আইন অথবা এই আইনের বিধির অনুসারে জাবেতামত অথবা সরাসরী যে কোন মোকদ্মা জজ সাহেবের নিকটে উপস্থিত হয় তিনি তাহার বিচার ও নিম্পান্তির নিমিন্ত তাহা প্রধান সদর আমীন কি সদর আমীনকে তাঁহারদের ক্ষমতা বুঝিন্তা সমর্পণ করিতে পারেন্। এবং ঐ মোকদ্মা যে২ নিয়মানুসারে জিলা ও শহরের জজ সাহেবের দারা বিচার ও নিম্পান্তি হইত সেইং নিয়মানুসারে বিচার ও নিম্পান্তি হইবেক এবং কোন আইনে ইহার নিয়েধ থাকিলেও তাহাতে প্রতিবন্ধক হইবেক না।—১৮৩৬ সা। ১০ আ। ৫ ধা।—৩৭ পৃষ্ঠা।

১৪৮। কোন সরাসরী মোকজমা ১৮২৩ সালের ৬ আইনানুসারে উপস্থিত হইলে যদি নিশ্পত্তি হওনের নিমিত্ত তাহা ১৮৩৬ সালের ১০ আইনের ৫ ধারানুসারে প্রধান সদর আমীন কি সদর আমীনের প্রতি সোপর্দ হয় তবে ১৮২৩ সালের ৬ আইনের ৬ ধারার বিধানমতে তাঁহার ফয়সলার উপর আপীল হইতে পারিবেক না।—১৩৫৭ নম্বরী আইনের অর্থ।—৩৭ পৃষ্ঠা।

১৪৯। সদর আদালত চলিত আইনের ভাব বুঝিয়া স্থির করিয়াছেন যে ১৮২৩ সালের ৬ আইন এবং ১৮৩৬ সালের ১০ আইনের বিধির অনুসারে জাবেতামতে যে মোকদমা উপস্থিত করা যায় সেই মোকদমার মুল্য বা সংখ্যা যদি ৩০০ টাকার অধিক না হয় এবং যদি তাহাতে কোন ব্রিটনীয় প্রজা অথবা বিদেশীয় ইউরোপীয় লোক অথবা আমেরিকীয় লোক বাদী বা প্রতিবাদী না হন তবে মুন্দেফেরা অন্যান্য মোকদমা আইন-মতে যেরপ বিচার ও নিম্পত্তি করিতে পারেন্ দেইরূপেও ঐ মোকদমার বিচার ও নিম্পত্তি করিতে পারেন্।—১০৯২ নম্বর্গ আইনের অর্থ।—১৭ পৃষ্ঠা।

#### ১৮ ধারা।

নীলবিষয়ক সরাসরী মোকদ্দমা। মোকদ্দমা উপীস্থিত থাকিতে উৎপন্ন নীল কাটিয়া লইয়া যাওন।

- ১৫০। সরাসরী বিচারের সময়ে যদি জানা যায় যে ভূমিতে হওয়া নীলগাছ কাটিবার যোগ্য হইরাছে এবং তাহা কাটা না গেলে তাহার হানি হইবেক তবে উভয় বিবাদির মধ্যে যদি এক জন ইহা স্বীকার করে যে সরাসরী বিচারপূর্ব্বক অন্য পক্ষে ডিক্রী হইলে তাহাকে ঐ গাছের পরিবর্ত্তে উপযুক্ত টাকা আমি দিব তবে সেই গাছ তাহাকে দিবার ছকুম জজ সাহেব দিতে পারেন্। এবং জজ সাহেব সেই ভূমির আন্দাজী উৎপন্ন কত এবং সেই নীলগাছেতে নীল করিলে আন্দাজী মূল্য কত হইতে পারে তাহা বিবেচনা করিয়া সেই পরিবর্ত্তের টাকার সংখ্যা দ্বির করিবেন এবং এইরূপে দ্বিরহওয়া টাকার সংখ্যা ক্রকারীতে লেখা যাইবেক।—১৮২৩ সা। ৬ আ। ৩ ধা। ৯ প্র।—৩৭ পৃষ্ঠা।
- ১৫১। যদি নীলগাছ পাইবার বিষয়ে দরখাস্ত হয় এবং যদি ৯ প্রকরণানুসারে উভয় বিবাদির কোন ব্যক্তির প্রতি ঐ নীলগাছদেওনের হুকুম হয় তবে দেই ব্যক্তির উচিত যে ঐ নীলগাছ কাটিয়া লইয়া যাওনের পূর্বে এই বিষয়ের মোকদ্দমা যে আদালতে উপস্থিত হইয়া থাকে দেই আদালতে হুদোধজনক জামিনী এই মজমুনে দাখিল করে যে ঐ নীলগাছের বিষয়ে অন্য ব্যক্তির স্বস্ত্ব প্রমাণ হইলে কি ঐ জমীর উপস্থত্বতে অপর ব্যক্তির স্বস্ত্র বলবং ইইলে অথবা তাহার মালগুজারী বাকী থাকিলে আমি তাহার দায়ী হইব।—১৮৩৬ দা। ১০ আ। ২ ধা।—৩৮ পৃষ্ঠা।
- ১৫২। নীলগাছ পাইবার বিষয়ে যাহারা নালিশ করে তাহারা উক্ত আইনের ও ধারার ৯ প্রকরণানুসারে করার লিথিয়া দিলে সেই করার সরাসরী ফয়সলাক্রমে জারী করা ঘাইতে পারে। ঐ সরাসরী ফয়সলার মধ্যে এমত ছকুম লিথিতে হইবেক যে পরাজিত ব্যক্তির একরারে যত টাকা লেখা থাকে তাহা সেই ব্যক্তি দিবেক। যদাপি সেই টাকা না দেওয়া যায় তবে সরাসরী ফয়সলা জারী করিবার নিমিত্ত যে তকুম নির্দিষ্ট আছে সেই ছকুমানুসারে তাহা উসুল হইবেক।—৫১৫ নম্বরী আইনের অর্থ।—৩৮ পৃষ্ঠা।

#### ১৯ ধারা।

नीलिविषयुक भवामती মाकक्या। कमल लहेया याहेवात निवात् कत्रवात क्रया।

- ১৫৩। নিরূপিত কোন ক্ষেত্রে উৎপন্ন যাহার পাইবার অর্থে সরাসরী ফরসলা হয় সেই ব্যক্তি ঐ ক্ষেত্রে চৌকী দেওয়াইতে পারে এবং সেই গাছ কাটিবার ও লইয়া যাইবার নিবারণ করিতে পারে। যদি কেহ সেই গাছ কাটিতে কি লইয়া যাইতে উদ্যত হয় তবে সেই ব্যক্তি নিকটবর্ত্তি দারোগার নিকটে যাইয়া ঐ গাছ স্থানান্তরকরণের নিবারণের বিষয়ে সাহায্য চাহিতে পারে এবং ঐ দারোগার কর্ত্তর্য যে সেই বিষয়ের ডিক্রা দেখিলে যথাসাধ্য সে ব্যক্তির সাহায্য করে।—১৮২৩ সা। ৬ আ। ৪ ধা। ১ প্র।
  —৩৮ পৃষ্ঠা।
- ১৫৪। থাজানার নিমিত্তে জমীদারকে ভূমির ফদল ক্রোক করিতে যে ক্ষমতা দেওয়া গিয়াছে উপরের প্রকরণের দ্বারা তাহার কিছু হানি না হইবার কারণ শুকুম হইতেছে যে উপরের উক্ত যে নীলকুঠীর কর্ত্তা সাহেবের পক্ষে ফয়দলা হইয়াছে যে ক্ষেত্তইতে নীলগাছ কাটিয়া লয় দেই ক্ষেতের বাকী থাজানার বিষয়ে ঐ নীলকুঠীর সাহেব এবং ঐ ক্ষেত্রের প্রজা এই দুই জন দায়ী হইবেক।—১৮২৩ সা।৬ আ। ৪ ধা। ২ প্র।—৩৮ পৃষ্ঠা।

#### ২০ ধারা।

নীলবিষয়ক সরাসরা মোকদমা। সর্ধসরী কি জাবেতামত মোকদমার দারা কবুলিয়তের ' লিখিত নিয়ম পূর্ণ না কর্ণের প্রতিকার।

১৫৫। যে প্রজা নীলের কৃষি করণের এবং তাহা দাখিল করণের নিমিত্ত দাদন লইয়া করুলিয়ৎ লিখিয়া দিয়া থাকে দেই প্রজা যদি দেই ভূমির কৃষি করিতে ক্রাটি করে কিয়া কৃষি করিয়াও আপনার কবুলিয়তের নিয়ম পূর্ণ করিতে ক্রাটি করে কিয়া অন্য কোন জনকে দেই নীলগাছ বিক্রয় করে কি দেয় তবে নীলকুঠীর কর্ত্বা আদালতে তাহার নামে জাবেতা অথবা দরাদরীমতে নালিশ করিতে পারে।—১৮২৩ দা। ৬ আ। ৫ ধা। ১ প্র।—৩৯ পৃষ্ঠা।

১৫৬। যদি সরাসরীমতে নালিশ হয় এবং ফরিয়াদীর পক্ষে ডিক্রী হয় তবে আসামী যত টাকা দাদন লইয়াছিল তাহা ও তাহার সুদ ও আদালতের খরচা দিবেক।—১৮২৩ সা। ৬ আ। ৫ ধা। ২ প্র।—৩৯ পৃষ্ঠা।

১৫৭। কিন্তু ঐ নলিকুঠীর কর্তা সাতের আপনার চাকরের দ্বারা ঐ ভূমির কৃষি করাইতে পারেন্ না এবং রাইরতকে আপনার করা করুলিয়ৎঅনুসারে কার্য্য করাইতে পোলিদের সহারতা চাহিতে পারেন্ না। ১৮২৩ সালের ৬ আইনের ৫ ধারাতে ফেরপ তকুম আছে তাহাছাড়া অন্য প্রকার তাহার প্রতিকার হইতে পারে না।—৩৮৫ নম্বরী আইনের অর্থ।—৩৯ পৃষ্ঠা।

১৫৮। যদি কোন প্রবিঞ্চনা কি অন্যায় কার্য্য করা প্রমাণ না হয় এবং যদি কবুলিয়তের লিখিত নিয়ম পূর্ণ করণের ক্রাটি দৈবঘটনাপ্রযুক্ত হইয়াছে বোধ হয় তবে কবুলিয়ৎ লিখিয়া দেওয়া ব্যক্তির উপর যে দঙ্গের জকুম করা যাইবেক তাহার সংখ্যা সুদদমেত দাদনের তিনগুণের অধিক হইবেক না।—১৮২৩ সা। ৬ আ। ৫ ধা। ৪ প্র।—৩৯পৃষ্ঠা।

১৫১। ১৮২৩ সালের ৬ আইনের ৫ খারার ৪ প্রকরণে এইমত ত্রুম আছে যে করু-লিয়ৎ লিথিয়া দেওয়া ব্যক্তি যদি আপনার একরার মত কার্যা না করে তবে তাহার উর্ক্ সংখ্যক দাদনী টাকার সুদ্দমেত তিনপ্রণ দও হইতে পারে। আলাহাবাদের জজ সাহেব ঐ আইনের তাৎপর্য্যের বিষয়ে এই জিজাসা করিলেন যে ঐ দওঁ কেবল দাদনী টাকার তিনপ্রণ হইবেক কি দাদনী টাকার তিনপ্রণ এবং তদতিরিক্ত মোকদ্দমা নিষ্পত্তিহওনের সময়ে যে সুদ হইয়া থাকে তাহাসুদ্ধ হইতে পারে। সদর আদালত বিধান করিয়াছেন যে আইনের অর্থ এই যে কেবল দাদনী টাকার তিনপ্রণ দও হইতে পারে।—১৮৪১ সালের ২২ অকটোবরের আইনের অর্থ।—১৯ পৃষ্ঠা।

১৬০। মে লোকেরা নীলের ক্ষেতে গরুপ্রভৃতি ছাড়িয়া দেয় কি অন্য কোন প্রকারেতে নীলগাছের হানি করে তাহারদের দোষ দাবাস্ত হইলে ১৮০৭ দালের ৯ আইনের ১৯ ধারানুদারে মাজিস্টেট দাহেব যে জরীমানা ও কয়েদ থাকার ছকুম দিতে পারেন তাহারা ঐ জরীমানা ও কয়েদ থাকনের যোগ্য হইবেক।—১৮৩০ দা। ৫ আ। ৪ ধা।—৪০ পৃষ্ঠা।

# ২১ ধারা।

# नीलिवश्यक मदामदी (शाकक्या। इसीन्त्रा।

১৬১। নীলের ক্ষেত করিবার ও তাহার ফদল দাখিল করিয়া দিবার যে কবুলিয়ৎ লেখা যায় তাহা যদি ঐ কবুলিয়ৎ লিখিয়া দিবার কারণ যত টাকা দেওয়া গিয়া থাকে তত টাকার তমঃসুক লিখিবার নিমিত্ত নির্মাপত ইফ্টাম্প কাগজে লেখা যায় তবে তাহার ইফ্টাম্প উপযুক্ত নহে এমত আপত্তি হইতে পারিবেক না ।—১৮২৩ সা। ৬ আ। ৭ ধা।—৪০ পৃষ্ঠা।

১৬২। যদি বৎসরে২ দাদন লইয়া পাঁচ অথবা দশ বৎসর পর্যাস্ত নীলের কৃষি করিতে কোন রাইয়ত কবুলিয়ৎ লিখিয়া দেয় এবং তত টাকার তমঃসুক যে মুল্যের ইফ্টাম্প-কাগজে লেখা উচিত তত টাকার ইফ্টাম্প কাগজে দেই কবুলিয়ৎ লেখা যায় তবে ইফ্টাম্পের বিষয়ে কোন আপত্তি হইতে পারে না।—৮৭৩ নম্বরী আইনের অর্থ।—৪০ প্রদা।

১৬৩। নীলের ক্ষেত করিবার ও তাহা দাখিল করিবার কারণ যে কবুলিয়ৎ লেখা যায় তাহা একহইতে অধিক জনেতে লিখিয়া দেওয়াতে কিয়া দেই কবুলিয়তের নিয়মিত কার্য্য একহইতে অধিকহওয়াতেও আপত্তি হইবেক না। কিন্তু ইহা কর্ত্তব্য যে প্রত্যেকের কার্য্য তাহাতে বিশেষ করিয়া লেখা যায় এবং দাদনীর যত২ টাকা দেওয়ার কথা তাহাতে লেখা যায় সেই সমুদ্য টাকার তমঃসুকের কারণ যত মুল্যের ইফ্টাম্প কাগজ লাগে তত মুল্যের ইফ্টাম্প কাগজে তাহা লেখা যায়।—১৮২৩ সা। ৬ আ। ৮ ধা।—৪০ পৃষ্যা।

#### ২২ ধারা।

নীলবিষয়ক স্রাস্রী মোক্জ্মা। রাইয়ত যেরপে আপনার কবুলিয়তের বন্ধনহইতে মুক্ত হইতে পারে তাহা।

১১৪। যে ব্যক্তি নীলগাছের ক্ষেত করিবার নিমিন্ত দাদন লইয়া করুলিয়ৎ লিপিয়া দিয়াছে তাহার করুলিয়তের মিয়াদ পূর্ণ হইলে যদি সেই ব্যক্তি হিসাবকিতাব চুকাইয়া বন্ধনহইতে মুক্ত হইতে চাহে এবং যদি নীলকুটার কর্ত্তা তাহার হিসাব নিশ্পান্তি করিতে অসমত হন্ তবে সেই ব্যক্তি জজ সাহেবের নিকটে আরজী দাখিল করিতে পারে এবং জজ সাহেব ঐ উভয় পক্ষীয় লোক কিয়া তাহারদের মোখারের সম্মুখে সেই বিষয়ের তন্ধবীজ করিবেন। যদি এই মত প্রমাণ হয় যে করুলিয়তের মিয়াদ পূর্ণ হইয়াছে এবং আরজীকরণিয়ার স্থানে কিছু টাকা বাকী নাই অথবা যদি বাকী থাকিলে ঐ ব্যক্তি আদালতে তাহা দাখিল করিতে প্রস্তুত হয় তবে জজ সাহেব তাহাকে ঐ করুলিয়তের বন্ধনহইতে মুক্ত করিবেন এবং ঐ নীলকুটার কর্ত্তা কি তাহার গোমাশ্তাকে ঐ টাকা দিবেন।—১৮৩০ সা। ৫ আ। ৫ ধা। ১ প্র।—৪১ পৃষ্ঠা।

১৬৫। যদি নীলকুঠীর কর্ত্তী সরাসরী বিচারক্রমে যে টাকা বাকী থাকে ভাহা লইতে অসমত 'হন্ তবে জজ সাহেব সেই টাকা আর্জীকরণিয়াকে ফিরিয়া দিবেন এবং নীলকুঠীর কর্ত্তা ভাহার জাবেতামত মোকদমা উপস্থিত করিয়া ভাহার প্রতিকার পাইতে পা-রেন্।—১৮৩০ সা। ৫ আ। ৫ ধা। ২ প্র।—৪১ পৃষ্ঠা।

১৬৬। যদি রাইয়ত আপন কবুলিয়তের মিয়াদ পূর্ণ হওনের পূর্বেন নীলকুঠীর কর্তার সঙ্গে আপন হিসাবকিতার চুকাইতে দরখাস্ত করে তবে ১৮৩০ সালের ৫ আইনের ৫ ধারার ১ প্রকরণানুসারে জজ সাহেব সেই নালিশ সরাসরীমতে শুনিতে ও নিষ্পত্তি করিতে পারেন্না।—১১৩০ নম্বী আইনের অর্থ।— ৪১ পৃষ্ঠা।

১৬৭। যে ব্যক্তি নীলের কৃষি করণের বিষয়ে পুনরায় কবুলিয়ৎ লিখিয়া দিতে কবুল না করে এবং আপন বন্ধনহইতে মুক্ত হইবার নিমিত্ত ১৮৩০ সালের ৫ আইনের ৫ ধারানু-সারে সরাসরী নালিশ করে তাহার ঐ নালিশ কেবল জন্ধ সাহেব বিচার করিতে পারেন্ এবং রাজ্যের কর্মকারকের নিকটে তাহা অর্পণ হইতে পারে না।—১৮৩৫ সালের ২০ নবেশ্বরের সরকালর অর্জর।—৪১ পৃষ্ঠা।

১৬৮। রাইয়তের কবুলিয়তের মিয়াদ পূর্ণ না হইলে ১৮৩০ সালের ৫ আইনের ৫ ধা-রানুসারে সেই ব্যক্তি আপনার হিসাবকিতাব চুকাইবার দাওয়া করিতে পারে না। যদ্যপি সেই ব্যক্তি কহে যে নীলকুঠীর কর্ত্তার স্থানে আমার নীলগাছের বাবৎ পাওনা আছে এবৎ সাহেব তাহা দিতে চাহেন্ না তবে তাহার বিষয়ে জাবেতায়ত নালিশ করিতে হইবেক। ১৩৪ নম্বী আইনের অর্থ।—৪১ পৃষ্ঠা।

#### ২ ৩ ধারা।

শরকারী কার্য্যকারকেরদের টাকা তসরুফকরণের সরাসরী তদ্ধবীদ্ধ।

্রিই ধারার বিষয়ি সমস্ত আইন প্রথম বালমের ২ অধ্যায়ের ৫ ধারাতে লেখা। আছে।]

# ২৪ ধারা।

মুৎফরকরা মোকদমা। ভূমাধিকারির অযোগাতার রিপোর্ট হইলে ঘাহা কর্ত্তব্য তাহা।

১৬৯। যদি কালেক্টর সাহেব কোন ভূমাধিকারির বিষয়ে এমত রিপোর্ট করেন্
যে সে অপ্রাপ্তব্যবহার এবং যদি সেই ভূমাধিকারী কিয়া তাহার পক্ষে কেহ করে যে সে
ব্যক্তি অপ্রাপ্তব্যবহার নহে তবে সেই ভূমাধিকারী জিলার জজ সাহেবের নিকটে এক
দর্থাস্ত করিতে পারে এবং জজ সাহেব তাহা সদর আদালতে পাঠাইবেন। পরে সদর
দেওয়ানী আদালত এক প্রকুমনামা সেই জিলার জজ সাহেবের নিকটে এই মজমুনে পাঠাইবেন যে ঐ ভূমাধিকারিকে আদালতে হাজির করাইয়া যে তিন জন মাতবর সাক্ষী সেই
ভূমাধিকারির বিস্তারিত জানে তাহারদের প্রমাণ এবং অন্যং প্রমাণের দারা ঐ ভূমাধি
কারির বয়স নির্ণয় করেন্। পরে জজ সাহেব এইরপে হাহা অবগত হইয়াছেন তাহা আপনার বিবেচিত বেওরাসমেত সদর দেওয়ানী আদালতে পাঠাইবেন এবং সদর দেওয়ানী
আদালত সেই ভূমাধিকারী অপ্রাপ্তব্যবহার বটে কি না ইহা নিম্পান্তি করিবেন এবং তাঁহারদের ঐ নিম্পান্তি চূড়ান্ত হইবেক। পরে সদর আদালত ঐ নিম্পান্তিপত্রের নকল শ্রীযুত
গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে পাঠাইবেন এবং ঐ শ্রীযুত সেই ভূমাধিকারির ভূমি কোর্ট ওয়ার্ডসের এতমামের তলে আসিবার কি না আসিবার প্রকুম দিবেন
—১৭৯৩ সা। ১০ আ। ৫ ধা। ২ প্র।—৪২ পৃষ্ঠা।

১৭০। যদি কোন ভূম্যধিকারী বাতুল কিম্ব! জড় কিম্বা শরীরাদির অন্য দোষপ্রযুক্ত অযোগ্য বোধ হয় তবে বোর্ড রেবিনিউর সাহেবেরা তাহার এক বেওরা কৈফিয়ৎ জিলার দেওয়ানী আদালতে পাঠাইতে কালেক্টর সাহেবকে স্থকুম করিবেন এবং জজ সাহেবকে এই কৈফিয়তের নকল সদর আদালতে পাঠাইবেন। পরে সদর আদালত জজ সাহেবকে এই মজমুনে এক পরওয়ানা দিবেন যে ঐ জমীদারকে আদালতে হাজির করাইয়া দৃষ্টি-ক্রমে তাহার আয়াল সত্য জানেন্ এবং তিন জন মাতবর সাক্ষির স্থানে তাহার বিষয়ের প্রমাণ লন্। পরে জজ সাহেব সেই বিষয়ের রোয়দাদ আপনার বিবেচিত কৈফিয়ৎ সমেত সদর আদালতে পাঠাইবেন এবং সদর আদালত সেই ভূম্যধিকারির অযোগ্যতা প্রকৃত কি না ইহা নিষ্পান্তি করিয়া জ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে জানাইবেন এবং ঐ জ্রীযুত সেই নিষ্পান্তিক্রমে সেই ভূম্যধিকারির ভূমি কোর্ট ওয়ার্ডসের সাহেবদিগের এতমানের তলে আদিবার কি না আদিবার অর্থে স্থকুম দিবেন।—১৭৯৩ সা। ১০ আ। ৫ ধা। ওপ্র।—৪৩ পৃষ্ঠা।

১৭১। যে ভূমাধিকারিরা আজন জড় নহে কিন্তু পশ্চাৎ বাতুল হইয়া অযোপ্য বোধ হয় ঐ ভূমাধিকারির। প্রতিবৎসরে একবার এবং আবশ্যক বোধ হইলে ততো-ধিকবার জজ সাহেবের নিকটে হাজির হইবেক তাহাতে জজ সাহেব জানিতে পারিবেন যে সেই ব্যক্তি সুস্থ হইয়াছে কি না। এবং যে কালে ঐ ভূমাধিকারির আহ্নালদৃষ্টে তাহার অযোগ্যভার হেতু দূর হইয়াছে বোধ হয় সে কালে জজ সাহেবের কর্ত্তব্য যে তাহার সম্বাদ বিশ্বারিত বিবরণ লিথিয়া সদর আদালতে পাঠান্ এবং সদর আদালতের সাহেবের। ঐ ভূমাধিকারির অযোগ্যতা দূর হইয়াছে কি না ইহা নিম্পত্তি করিবেন এবং আপনারদের নিম্পত্তির সম্বাদ শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌল্সেলে দিবেন এবং ঐ শ্রীযুত সেই নিম্পত্তিক্রমে সেই ভূমাধিকারিকে কাপন ভূমির ভার অর্পণ করিবার কি না করিবার অর্থে কোর্ট ওয়ার্ডসের সাহেবদিগকে ছকুম দিবেন।—১৭৯৩ সা। ১০ আ। ৫ ধা। ৫ প্র।—৪৩ পৃষ্ঠা।

১৭২। যে ভূম্যধিকারী দিতীয় এবং তৃতীয় প্রকরণের লিখিত হেতুপ্রযুক্ত অযোগ্য বোধ হইয়া থাকে দে যদি আপনার অযোগ্যতার হেতু দূর হইয়াছে জানে তবে জিলার জজ সাহেবের নিকটে দর্থাস্ত দিতে পারে এবং জজ সাহেব তাহা সদর আদালতে পাঠাইবেন এবং সদর আদালত দেই ভূম্যধিকারির আহাল তহকীক করিতে এবং তাহার বি যয়ে প্রমাণ লইতে জজ সাহেবকে হুকুম দিবেন। পরে জজ সাহেব সেই বিষয়ের রিপোর্ট সদর আদালতে পাঠাইবেন এবং সদর আদালত অযোগ্যতা দূর হইয়াছে বা না হইয়াছে ইহা নিক্ষান্তি করিবেন এবং দেই নিক্ষান্তির সমাদ শ্রীপুত গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে দিবেন এবং ঐ শ্রীপুত ঐ নিক্ষান্তিক্রমে সেই ভূম্যধিকারিকে আপনার ভূমির কার্য্যের ভার অর্পণ করিবার কি না করিবার তুকুম দিবেন।—১৭৯৩ সা। ১০ অ:। ৫ ধা। ৬ প্র।—88 পৃষ্ঠা।

#### ২ ৫ ধারা।

मु थ्वतकका स्मोक्षमभा। नाटाल क्वरत्व अक्षाक नियुक्त कव।

১৭৩। যদি সাধারণ জমীদারীর কোন জমীদারের মৃত্যু হয় এবং তাহার উত্তরাধিকারী অশপবয়স্ক কিয়া বাবুল কি আজন অজান এবং সেই মৃত ব্যক্তি মরণের পূর্কে কাহাকেও অধ্যক্ষ না করিয়া থাকে এবং সদি জিলার জঞ্জ সাহেব তাহার বেওরা কৈফিন্তং কালেক্টর সাহেবের দ্বারা পান্ কিয়া সেই মৃতের বংশের হিতাথী যে কেহ থাকে সেই ব্যক্তি যদি এই মত জানায় যে মৃত ব্যক্তির নিকট কুটুম্ব জমীদারীর সরবরাহ করণের সোগ্য কেহ নাই তবে জজ সাহেবের উচিত যে সেই বিষয়ের তহকীক করেন্ এবং মৃত্য ভিটিত বিশিষ্ট জনেককে উত্তরাধিকারির অধ্যক্ষতা কর্মে নিযুক্ত করেন্ এবং এইরূপ সকল বিষয়ের বেওরা কৈফিন্তং সদর দেওয়ানী আদালতে পাঠান্।—১৮০০ সা । ১ আ । ১ ধা।—
৪৪ পৃষ্ঠা।

১৭৪। উক্ত আইনের দ্বারা জজ সাহেবের প্রতি জকুম হইল মে সে সাধারণ জমীনারীর মালগুলারী একেবারে সরকারে দাখিল হয় এইমত জমীদারীর ফদি নাবালক এক জন অংশী হয় এবং অন্যান্য সকল অংশিরা অযোগ্য না হয় তবে ডিনি ঐ নাবালকের এক জন অধ্যক্ষকে নিযুক্ত করেন্ এবং সেই বিষয়েতে সদর আদালতের সক্ষা কর্তৃক্স থাকি-বেক।—১১০ নম্বরী আইনের অর্থ।—৪৪ পৃষ্ঠা।

১৭৫। কিন্তু সদর আদালত বিধান করিলেন যে ঐ ১৮০০ সালের ১ আইনের বিধির এমত অভিপ্রায় নহে যে যে সাধারণ জমীদারীর মালগুজারী একেবারে সরকারে দাখিল হয় কেবল এমত জমীদারীর নাবালক উত্তরাধিকারির বিষয়ে তাহা খাটে। অতএব যে তালুকের খাজানা সরকারে দাখিল না হইয়া জমীদার এবং অনোরদের নিকটে দাখিল হয় এইমত তালুকের নাবালক উত্তরাধিকারির অধ্যক্ষতা কর্মে জনেককে নিযুক্ত করিতে সদর আদালত জজ সাহেবকৈ অনুমতি করিয়াছেন।—১১২ নম্বরী আইনের অর্থ।—৪৪ পৃষ্ঠা।

১৭৬। নাবালকের জমীদারী যদি সাধারণে থাকে তবে জিলার জজ সাহেবের কর্তব্য যে নাবালকের মাতার দরখাস্ত পাইলে ১৮০০ সালের ১ আইনের বিধির অনুসারে এক জন অধ্যক্ষকে নিযুক্ত করেন্ এবং সদর আদালতে ঐ ব্যক্তি মঞ্চুর হইবার নিমিত্ত তাহার এক রিপোর্ট করেন্।—১৬০ নমুরী আইনের অর্থ।—৪৫ পৃষ্ঠা। ১৭৭। ১৮০০ সালের ১ আইনানুসারে যে অধ্যক্ষ নিযুক্ত হয় তাহার বিষয়ের রি-পোর্ট বিশেষ নক্শামতে সদর আদালতে দিতে হইবেক।—১৮৩২ সালের ১৪ ডিসেম্বের সর্কালর অর্জ্ব।—৪৫ পৃষ্ঠা।

১৭৮। জজ সাহের যাহারদিগকে অধ্যক্ষতা কর্মে নিযুক্ত করেন্ তাহারদের বিষয়ে যদি কেহ অসমত হয় তবে দেই ব্যক্তির সদর দেওয়ানী আদালতে আপীল করিতে হই-বেক।—৫৯৬ নম্বরী আইনের অর্থ।—৪৫ প্রতা।

১৭৯। যথন সদর দেওয়ানী আদালত কোন নাবালকের অধ্যক্ষকে মঞ্চুর করিয়াছেন তথান ঐ নাবালক বয়ঃপ্রাপ্ত না হওয়াপর্যান্ত সদর আদালতের অনুমতিবিনা ঐ অধ্যক্ষ তগীর হইতে পারে না।—১৬৬ নম্বরী আইনের অর্থ।—৪৫ পৃষ্ঠা।

১৮০। কোন নাবালক কন্যার এক জন অধ্যক্ষ ১৮০০ সালের ১ আইনানুসারে নিযুক্ত হইয়াছিল এবং জজ সাহেব ঐ কন্যাকে বিবাহ করিতে নিষেধ করিয়াছিলেন। পরে সেই কন্যা জজ সাহেবের এবং আপনার অধ্যক্ষের অজ্ঞাতসারে গোপনে বিবাহ করিল এবং জজ সাহেবের নিকটে এই দর্শাস্ত দিল যে আমি দৌবনপ্রাপ্ত হইয়াছি এবং ছেছা-ক্রমে বিবাহ করিয়াছি। তাহাতে সদর আদালত ঐ বিবাহ মঞ্জুর করিলেন এবং স্বামী জজ সাহেবের গুকুম না মানাতে দণ্ডের যোগ্য নহে এমত গুকুম করিলেন।—১৩৭ নম্বরী আইননের অর্থ।—৪৬ পৃষ্ঠা।

১৮১। নাবালকের অধ্যক্ষ ভাহার স্থলাভিয়িক্ত অতএব যদি সর্বরাহকারের দ্বারা জমীদারীর সর্বরাহ হয় তবে ভাহার উৎপল্লের যে অংশ নাবালকের হয় তাহা ঐ অধ্যক্ষ লইতে পারে এবং নাবালকের সম্পত্তির ব্যয়ের বিষয়ে জজ সাহেব হাত দিতে পারেন্না।—১৫৪ নম্রী আইনের অর্থ।— ৪৬ পৃষ্ঠা।

১৮২। ১৮০০ দালের ১ আইনানুদারে নিযুক্ত ওয়া অধ্যক্ষ অথবা দরবরাহকারকে নাবালকের যে জমীদারী অর্পণ হইয়াছে দেই জমীদারীর দরবরাহ কার্য্য তাহারা আপনারদের বুদ্ধি দাধ্যপর্য্যন্ত করিবেক।—৬৬৩ নমূরী আইনের অর্থ।—৪৬ পৃষ্ঠা।

১৮৩। জিলার জজ সাহের আপন আদালতের ওয়ার্ডদের জমীদারীর হিসাব রাথিবার নিমিত্ত আমলা নিযুক্ত করিতে পারেন্ না—৬৮২ নমূরী আইনের অর্থ।—৪৬ পৃষ্ঠা।

১৮৪। সাধারণ জমীদারীর অধিকারিরদের মধ্যে এক কি ততােধিক জন নাবালকী কি অন্য কারণে আপনার কার্য্য করিতে অবােগ্য হইলে তাহারদের অধ্যক্ষ তাহারদের সকল কর্মের সরবরাহ করিবেক এবং ঐ অধ্যক্ষ যে ব্যক্তিরদের স্থলাভিষিক্ত তাহারা আপনার-দের কার্য্য নির্দ্ধাহ করিতে ক্ষমতাপ.. হইলে যে২ কর্ম্ম করিত ঐ অধ্যক্ষেরা সেই২ কর্ম্ম করিত পারিবেক।—১৮০৫ সা। ১৭ আ। ৫ ধা।—৪৬ পৃষ্ঠা।

১৮৫। ১৮০০ সালের ১ আইনানুসারে যে সকল অধ্যক্ষ নিযুক্ত হয় তাহারদের হিসাবিকতাব তদ্ধবিদ্ধর নিমিত্র তাহা দেওয়ানী আদালতে দাখিল করিতে জিলার জজ সাহেব হুকুম দিতে পারেন্ না। নাবালকের সম্পত্তির সরবরাহ কার্য্যের বিষয়ে জিলার জজ সাহেব হাত দিতে পারেন্ না। কিন্তু ঐ অধ্যক্ষের বিষয়ে যদি বিশাসযোগ্য এমত এজ-হার দেওয়া যায় যে সেই ব্যক্তি মন্দাচর্ণপ্রযুক্ত সেই কর্মের অযোগ্য তবে জজ সাহেব সেই বিষয় তদন্ত করিতে পারেন্ এবং ঐ অধ্যক্ষকে তগীর করণের উদ্যোগ করিতে পারেন্। তদন্ত করিলে যদি দৃষ্ট হয় যে ঐ অধ্যক্ষ কিছু সম্পত্তি কি টাকা ভ্সক্ত করিয়াছে তবে ভাহা ফিরিয়া পাইবার নিমিত্ত জাবেভামত নালিশ না হইলে জজ সাহেব ভাহাতে হাত দিতে পারেন্না।—৭২০ নমুরী আইনের অর্থ।—৪৭ পৃষ্ঠা।

১৮৬। বধির ও মুক ব্যক্তির যে অধ্যক্ষ ১৮০০ দালের ১ আইনানুদারে নিযুক্ত হয় দেই অধ্যক্ষের এইমত ক্ষমতা নাহি যে ঐ নাবালকের তরফে মোপ্তার নিযুক্ত করিয়া তাহার দারা পাপর অর্থাৎ যোত্রহীনমতে আপীল করণের অনুমতি পাইবার জন্য দর্থাস্ত করে।—১২৫৪ নমূরী আইনের অর্থ।—৪৭ পৃষ্ঠা।

১৮৭। নাবালকের পিতার জীবদ্দশায় তাহার নামে যে নালিশ হইয়াছিল তাহার
, জওয়াব দিতে ঐ নাবালক আদালতের মোকররী এক জন উকীলকে নিযুক্ত করিতে পারে না।
'যদি ঐ নাবালকের কোন কুটুম নাই তবে জজ স্কাহেব তাহার এক জন অধ্যক্ষকে নিযুক্ত
করিতে পারেন্ এবং ঐরপ নিযুক্তহওয়া অধ্যক্ষ নাবালকের মোকদ্মার জওয়াব দিবার
নিমিক্ত উকীল নিযুক্ত করিতে পারিবেক!—১৯৮ নম্বী আইনের অর্থ।—৪৭ পৃষ্ঠা।

১৮৮। জজ সাহেব যাহারদের কৃতিঅ ও সুপ্রতিষ্ঠিততা আছে ও যাহারদিগকে বিশ্বাস যোগ্য বোধ করেন্ তাহারদিগকে অধ্যক্ষতা কর্মে নিযুক্ত করিবেন। কিন্তু শাব্রের ও শরার মতে যে কেহ নাবালক ভূমাধিকারির উত্তরাধিকারী থাকে কিয়া তাহার মর্ণানম্ভর তাহার লভ্যপ্রাপক হইতে পারে এমত ব্যক্তিকে অধ্যক্ষতা কর্মে নিযুক্ত করিবেন না।—১৮০০ সা। ১ আ। ২ ধা।—৪৭ পৃষ্ঠা।

১৮৯। যদি মৃত ভূম্যধিকারিগণের আজুীয় কেহ নাবালকের অধ্যক্ষতা ভার বিনা-বেতনে গ্রহণ করিতে না চাহে এবং যদি অধ্যক্ষকে কিছু বেতন দিবার আবশ্যক থাকে তবে জজ দাহেব বিষয় বুঝিয়া দেই বেতন নির্দিষ্ট করিবেন ।—১৮০০ দা। ১ আ। ৩ ধা।—৪৭ পৃষ্ঠা।

১৯০। যাহারা এই আইনানুসারে অধ্যক্ষতা কর্মে নিযুক্ত হয় তাহারা জজ সাহেবের মোহরে ও দস্তখতে সনদ পাইবেক। এবং যত কাল ঐ অধ্যক্ষতা ভার তাহারদের প্রতি থাকে তত কাল হাজির হইবার বিষয়ে তাহারা জামিন দিবেক এবং আইনের মধ্যে যে একরারের পাঠ লেখা আছে সেইমত একরার লিখিয়া দিবেক। ১৮০০ সা। ১ আ। ৪ ধা।—৪৮ পৃষ্ঠা।

১৯১। অধ্যক্ষতা ভার ত্যাগ করণের পর অথবা নাবালক বয়ঃপ্রাপ্ত হওনের তারি-থের পর বারো বংদর অতীত না হওয়াপর্যাস্ত ঐ একরারনামা আদালতের দিরিশ্তায় থাকিবেক কিন্তু নাবালক বয়ঃপ্রাপ্ত হউলে যদি ঐ একরার ফিরিয়া দিতে স্বীকার করে তবে তাহা অধ্যক্ষকে ফিরিয়া দেওয়া ঘাইতে পারে।—১৪৮ নম্বরী আইনের অর্থ।—৪৮ পৃষ্ঠা।

১৯২। ঘাহারা এই আইনানুসারে অধ্যক্ষতা ভারে নিযুক্ত হয় তাহারা নাবালকের রক্ষণাবেক্ষণ করিবেক এবং তাহাকে প্রণাভ্যাস ও সুনীতি শিক্ষা করাইবেক এবং সাধারণ জমীদারীর সরবরাহকারে নিযুক্ত করণের বিষয়ে আপনার সম্মতি অসম্মতি দিবেক এবং সেই সরবরাহকারের কর্ত্তব্য যে জমীদারীর যত টাকা লাভ হয় তাহার মোটহইতে সকল অংশির জনাজাতি অংশাংশক্রমে যাহা নাবালকের অর্শে তাহা তাহার অধ্যক্ষকে বুঝাইয়া দেয়।—১৮০০ সা। ১ আ। ৫ ধা।— ৪৮ পৃষ্ঠা।

১৯৩। এই আইনানুসারে সরবরাহকারের হত্তে যে জমীদারী রাখা যায় সেই জমীদারী সরকারী মালগুজারীর বিষয়ে দায়ী থাকিবেক এবং ঐ জমীদারীর মালগুজারী বাকী পড়িলে তাহা নীলামে বিক্রের হইবার যোগ্য হইবেক। — ১৮০০ সা। ১ আ। ৬ ধা।—৪৮ পৃষ্ঠা।

১৯৪। এই আইনের মতে ক্ষমতাপ্রাপ্ত কোন জিলার জজ সাহেবের করা কোন কর্মের দ্বারা যদি কেহ আপনাকে অন্যায়গ্রস্ত বোধ করে তবে সেই ব্যক্তি আপনার নালিশের আরজী সেই জজ সাহেবের নিকটে কিয়া সদর দেওয়ানী আদালতে দিতে পারে। জজ সাহেবের নিকটে আরজী দেওয়া গেলে তাঁহার উচিত যে ঐ আরজী এবং মোকদ্মার রোয়দাদ সদর আদালতে পাঠান এবং সদর আদালত তাঁহার তকুম বহাল রাথিবনে অথবা তাহা রদ করিবেন। এই মত সকল মোকদ্মায় সদর আদালত যে তকুম দেন্ তাহাই চূড়ান্ত হইবেক। এই ধারানুসারে যে রোয়দাদী কাগজপত্র সদর আদালতে পাঠান যায় তাহা ইঙ্গরেজী স্তায়ায় তরজমা করিয়া পাঠাইতে হইবেক।—১৮০০ সা। ১ আ। ৭ ধা।—৪৯ পৃষ্ঠা।

#### ২৬ ধারা।

মুৎফরককা মোকদ্দমা। বিবাদি মহাঙ্গের সরবরাহকার নিযুক্তকরণ।

১৯৫। সাধারণ ভূমিসকলের অংশিদিগের পরকার বিরোধ বিসম্বাদ হওয়াতে ঐ অংশিদিগের ক্ষতি এবং মালগুলারী তহসীলের বিশৃঞ্জল হইয়াছে অতএব প্রক্ম হইল যে সরকারী রাজস্বের কর্মকারকেরদের মধ্যে কেহ কিয়া ভূমির অংশিদিগের মধ্যে কোন ব্যক্তি এমত বিষয়ে যদি জিলা ও শহরের জজ সাহেবের মধ্যব্যক্তি হওনের বিশিষ্ট কারণ দর্শাইয়া দর্খাস্ক করে তবে ঐ জজ সাহেবের ক্ষমতা আছে যে এক জন কৃতকর্মা ব্যক্তির স্থানে জামিন লইয়া তাহাকে ঐ সাধারণ ভূমির সরবরাহ কার্য্য করিতে নিযুক্ত করেন্। যে সরবরাহকার এইরূপে জজ সাহেবের দ্বারা নিযুক্ত হয় তাহার বিষয়ে যদি রাজস্বের কর্মকারক কি সাধারণ ভূমির অংশিদিগের মধ্যে কেহ কোন ওজরকরেন্ তবে তাঁহারা আপনারদের ওজরসম্বলিত আরজী আপাল আদালতের জজ সাহেবের নিক্টে দাখিল করিবেন এবং ঐ আদালতের জজ সাহেব জিলার জজ সাহেবের নিযুক্ত করা সরবরাহকারকে বহাল রাখিবেন কিয়া অন্য কোন ব্যক্তিকে ঐ ভূমির সরবরাহ কার্য্য নিযুক্ত করিবেন।—১৮১২ সা। ৫ আ। ২৬ ধা।—৪৯ পৃষ্ঠা।

১৯৬। উক্ আইনানুসারে যদি বিশিষ্ট হেতু দর্শান যায় তবে জজ সাহেব সাধারণ জমীদারীর সমুদয় ক্রোক করিতে পারেন্ কিন্তু এ জমীদারীর এক অংশ ক্রোক করিতে পারেন্ না। কিন্তু যে হেতু দর্শান যায় তাহা বিশিষ্ট কি না এই বিষয়ে জজ সাহেব যাহা নিষ্পত্তি করেন্ তাহার উপর আপীল হইতে পারে।—৭১৭ নমূরী আইনের অর্থ। —৪৯ পৃষ্ঠা।

১৯৭। ১৮১২ সালের ৫ আইনের ২৬ ধারার বিধি মফঃসলী তালুকের সঙ্গে সম্পর্ক রাখে না।—১২৮৩ নম্বরী আইনের অর্থ।—৪৯ পৃষ্ঠা।

১৯৮। এইরপে সরবরাহকার নিযুক্ত করণের আবশ্যক হইলে জজ সাহেবের কর্ত্বরা যে প্রথমতঃ সেই বংশের কোন এক ব্যক্তিকে কিয়া অংশিদিগের কোন মিত্রকে সেই কর্মের ভার বিনাবেতন গ্রহণে লওয়াইতে উদ্যোগ করেন্। কিন্তু যদি সেই সরবরাহকারকে বেতন না দিলেই নয় তবে জজ সাহেব প্রত্যেক মোকদ্দমার বিশেষ ভাব বুঝিয়া বেতন নির্দ্দিন্ত করিবেন। যে সরবরাহকার এইমতে নিযুক্ত হয় সেই ব্যক্তি সেই ভূমির সরকারী মালওজারী দাখিল করিয়া এবং আপনি যে বেতন লইবার জকুম পাইয়াছে তাহা লইয়া ঐ ভূমির অবশিষ্ট প্রাপ্তি অংশিদিগের জনাজাতকে বুঝাইয়া দিবেক।—১৯৫ নয়রী আইনের অর্থ।—৫০ পৃষ্ঠা।

১৯৯। দেই প্রকার সরবরাহকার নিযুক্ত করিতে ছইলে জজ সাহেব অতিসাবধান হইয়া জমীদারীর পরিমাণ ও উৎপন্ন যথাসাধ্য বুঝিয়া সরবরাহ করণের খরচের নিয়ম করিবেন এবং কোন বেজায় বেতনের অনুমতি দিবেন না।—১৪২ নম্বরী আইনের অর্থ।
—৫০ পৃষ্ঠা।

২০০। যে ব্যক্তি এইরপে সরবরাহ কার্য্যে নিযুক্ত হয় ভাহাকে মোখারের ন্যায় জান করিছে হইবেক এবং আপন মওকেকলের উপকারের নিমিন্ত কার্য্য করিবার ঝুঁকী ভাহার উপর থাকিবেক এবং ভাহার প্রতি অর্পিত কর্মা বিশ্বস্তরূপে নির্বাহ করিছে সে দায়ী হইবেক। ঐ সরবরাহকারের স্থানে যে "উপযুক্ত জামিন" লইবার হুকুম আছে ভাহার এইমত তাৎপর্য্য নহে যে সেই ব্যক্তি কেবল হাজিরজামিন দিবেক কিন্তু সরবরাহকারে যে টাকা উসুল করে ভাহার বিশ্বাসযোগ্য হিসাব দেওনের বিষয়ে মালজামিন দিবেক এবং জমীদারীর পরিমাণ বুঝিয়া মালজামিনী নির্দিষ্ট করিছে হইবেক।—১৪২ নম্বরী আইনের অর্থ।—৫০ পৃষ্ঠা।

২০১। যে সরবরাহকার এমতে নিযুক্ত হয় তাহার কর্মকার্যের দারা যদি রাজস্বের কর্মকারক সাহেব কিয়া অংশিদিগের মধ্যে কেহ নারাজ হন্ তবে ওাঁহারা দেই বিষয়ের বৃত্তান্ত লিখিয়া সরবরাহকারের তগীর হওনের দ্বেখাস্ক জিলা বা শহরের আদালতের জজ সাহেবের নিকটে দাখিল করিতে পারেন্। দেই দরখাস্ক পাইয়া জজ সাহেব যে ভকুম দেন্ তাহাতে যদি তাঁহারা নারাজ হন্ তবে তাঁহারা আপনারদের ওজরের আরজী আপীল আদালতে দিতে পারেন্ এবং আপীল আদালতের সাহেবেরা ঐ সরবরাহকারকে তগীর বা বহাল করিবেন।—১৮১২ সা। ৫ আ। ২৭ ধা।—৫০ পৃষ্ঠা

২০২। ১৮১২ সালের ৫ আইনের ২৬ ও ২৭ ধারার বিধি নীচের লিখিত প্রকারে শুধুরা গেল।—১৮২৭ সা। ৫ আ। ২ ধা।—৫১ পৃষ্ঠা।

্রিই শ্রধরা বিধি প্রথম বালমের তৃতীয় অধ্যায়ের ১১১ এবং ১১২ নম্বরী বিধিতে লিখিত আছে।]

## ২ ৭ ধারা।

# আইনের মুল নিয়ম। নানা সুবাতে সুদের হার।

## [বাঙ্গালা বেহার এবং উড়িহ্য। ।]

২০৩। ২০৪। দেওরানী আদালতের জন্ধ সাহেব নীচের লিখিত নিরিখঅনুসারে সুদের ডিক্রী করিবেন। বাঙ্গালা ও বেহার ও কটক ছাড়া উড়িয়া দেশে যদি ইঙ্গরেজী ১৭৮০ সালের ২৮ মার্চ তারিখের পূর্দের কর্জ হয় দেই কর্জ দিককা ১০০১ টাকার অধিক না হইলে তাহার সুদ শত ভঙ্গায় মাণে ৩৮ বংশরে ৩৭॥০ দিতে ও লইতে ডিক্রী করিবেন।
—১৭৯৩ সা। ১৫ আ। ২ ধা। ১। ২ প্র।—৫১ পুরু।

২০৫। দেই কর্জ দিককা ১০০২ টাকার অধিক হউলে তাহার শত তদ্ধায় মাদে ২ টাকা বংসারে ২৪ টাকা দিতে ও লউতে ডিক্রী করিবেন।—১৭৯৩ দা। ১৫ আ। ২ ধা। ৩ প্র। — ৫১ পৃষ্ঠা।

২০৬। ২০৭। যদি ১৭৮০ সালের ২৮ মার্চের পর এবং ১৭৯৩ সালের ১ জানু-আরি তারিথের পূর্ফের ঐ কর্জ হইরা থাকে তবে ১০০ টাকার অধিক না হইলে তাহার সুদ শতকরা মাদে ২ টাকা বংদরে ২৪ টাকা দিতে ও লইতে ডিক্রী করিতে হইবেক।— ১৭৯৩ সা। ১৫ আ। ৩ ধা। ১। ২ প্র।—৫১ পৃষ্ঠা।

২০৮। দেই কর্জ দিককা ১০০ টাকার অধিক হইলে তাহার সুদ শত তক্ষায় মাদে ১ টাকা বংসরে ১২ টাকা দিতে ও লইতে ডিক্রী করিতে হইবেক।—১৭৯৩ সা।১৫ আ। ওধা।৩ প্র।— ৫১ পৃষ্ঠা।

২০৯। যদি ১৭৯৩ সালের ১ জানুআরি তারিপের কিয়া তাহার পরের কর্জ হয় তবে সেই কর্জের সুদ শত তক্ষায় মাসে ১ টাকা বৎসরে ১২ টাকার অধিক দিতে ও লইতে ডিক্রী করুন যাইবেক না —১৭৯৩ সা । ১৫ আ । ৪ ধা ।—৫১ পৃষ্ঠা ।

# [কটক।]

২১০। ২১১। জিলা কটকে ও প্রগনা পটাদপুর ও কুমারদিচর ও বগরাই প্রগনাতে যদি ১৮০৩ সালের ১৪ অক্টোবর তারিখের পূর্দের কর্জ হইরা থাকে তবে সেই কর্জ দিককা ১০০ টাকার অধিক না হইলে জজ সাহেব শত তস্কায় মাসে ২॥০ টাকা বৎসরে ৩০ টাকা দিতে ও লইতে ডিক্রী করিবেন। সেই কর্জ দিককা ১০০ টাকার অধিক হইলে তাহার সুদ শত তস্কায় মাদে ২ টাকা বৎসরে ২৪ টাকা দিতে ও লইতে ডিক্রী করিবেন।—১৮০৫ সা। ১৪ আ। ১ ধা। ১। ২ প্র।—৫২ পৃষ্ঠা।

২১২ । যদি ১৮০৩ সালের ১৪ অক্টোবর তারিখের পরের কর্জ হয় তবে শত তক্ষায় বৎসরে ১২ টাকার অধিক দিতে ও লইতে জজ সাহেবেরা ডিক্রী করিবেন না।— ১৮০৫ সা। ১৪ আ। ৯ ধা। ৩ প্র। — ৫২ পৃষ্ঠা। ২১৩। ১৮০৩ সালের ১৪ অক্টোবর তারিখের পর যে খত অথবা একরার দেওয়া ও লওয়া মায় তাহাতে যদি বৎসরে ১২ টাকার অধিক সুদ লেখা থাকে তবে জজ সা-: হেবের কর্ত্তব্য যে ঐ খত অথবা একরীরের উপর কিছু সুদ না দেওয়ান্।—১৮০৫ সা। ১৪ আ। ১ধা। ৪ প্র।—৫২ পৃষ্ঠা।

#### ২৮ ধারা।

আইনের মূল নিয়ম। সুদ ও ওয়াসিলাতের বিষয়ি সাধারণ বিধি।

২১৪। ১৭৯৩ সালের ১৫ আইনের ২ ও ৩ ও ৪ ধারার লিখিত মোকদ্মায় যদি মহাজন ও খাতকেতে উভয়ের ইচ্ছায় অশ্প নিরিখের সুদ ধার্য্য হয় তবে সেই নিরিখ-অপেকা অধিক সুদ দিতে ও লইতে আদালত তকুম করিবেন না।—১৭৯৩ সা। ১৫ আ। ৫ ধা।—৫২ পৃষ্ঠা।

২১৫। কোন আদালতের জজ সাতের সাধুখাতকী হিসাব নিঞ্পত্তিমুখে যে সুদদেনা ও পাওনা হয় সেই সুদের সুদদিতে ও লইতে ডিক্রী করিবেন না। কিন্তু সাধু ও থাতক উভয়ের স্বেচ্ছায় যদি হিসাব নিঞ্পত্তিক্রমে সুদের বাকী আসলে চড়াইয়া পূর্কের খত ফিরিয়া নয়া খত লইয়া থাকে তবে তাহার প্রতি এই ছকুম চলিবেক না।—১৭৯৩ সা। ১৫ আ। ৭ ধা।—৫২ পৃষ্ঠা।

২১৬। যদি সাধু ও খাতক এই আইনের নিরুপিত নিরিখছাড়া অধিক সুদের নিরিখ খত অথবা একরারে লেখে তবে জিলা ও শহরের জজ সাহেবেরা কিছু সুদের ডিক্রী করিবেন না।—১৭৯৩ সা। ১৫ আ। ৮ ধা।—৫২ পৃষ্ঠা।

২১৭ । অনর্থকি আপীল নিবারণকরণের জন্য যে আপীল আদালত অধন্থ আদাল-তের কোন ডিক্রী বহাল রাখেন্ দেই ডিক্রীর দংখ্যার উপর দেই ডিক্রীর তারিশ্বইউতে শতকরা ১ টাকার হারে সুদ্দমেত ডিক্রী করিবেন এবং আপীল অনর্থক দৃষ্ট হইলে আপোলন্টের জরীমানা করিবেন।—১৭৯৬ সা। ১৩ আ। ৩ ধা।—৫৩ পৃথা।

২১৮। কিন্তু মুৎফরককা মোকদমায় জিলার জজ সাহেব ১৭৯৬ সালের ১৩ আই-নের ৩ ধারানুসারে আপেলাটের জরীমানা করিতে পারেন্না। সেহেতুক ঐ ধারা মুৎফরককা আপীলের সঙ্গে সম্পর্ক রাথোনা।—১১৩৮ নমূরী আইনের অর্থ।—৫৩ পৃষ্ঠা।

২১৯। উক্ত ২১৭ নম্বরী বিধান সকল আপীল আদালতের বিষয়ে খাটে অর্থাৎ জিলা ও শহরের জজ অথবা প্রধান সদর আমীন অধস্থ আদালতের ডিক্রীর উপর আপীল নিম্পত্তি করণের সময়ে সেই আইনের সেই ধারানুসারে কার্য্য না করিলে নয়। তাঁহারা সুদের সম্পূর্ণ নিরিথহইতে অপ্প সুদের ডিক্রী করিতে পারেন্ না।—১৮৩৫ সালের ২ অক্টোবরের সরক্যলর অর্ডর।—৫৩ পৃষ্ঠা।

২০। যদ্যপি এমত প্রমাণ হয় যে সুদের বিষয়ের ছকুম এড়াইবার নিমিত্ত আদলের মধ্যহইতে ডিসকোল অর্থাৎ ধরাট অথবা অন্য কোন প্রকারে কিছু কর্ত্তন করিয়া লওয়া গিয়া থাকে তবে ফরিয়াদীর দেই মোকদ্দমা ডিসমিস হইবেক এবং আসামীর খ্রচা ফরিয়াদীর স্থানহইতে দেওয়ান যাইবেক।—১৭৯৩ সা। ১৫ আ। ৯ ধা।—৫৩ পৃষ্ঠা।

২২১। ১৭৯৩ দালের ১৫ আইনের বিধি কেবল টাকা কর্জের দঙ্গে দক্ষার্ক রাখে।—
৪৮৭ নমূরী আইনের অর্থ।—৫৩ পৃষ্ঠা।

- ৩৯। ১৮১৪ সালের ২৬ আইনের ৮ ধারার ২ প্রকরণের বিধির অনুসারে প্রথমত উপস্থিত মোকদ্দমার প্রধান সদর আমীন ও সদর আমীন ও মুনসেফেরদের নিষ্পাত্তির উপর জিলার জজ সাহেবের নিকটে আপীলের যে দরখাস্ত হয় তাহার সঙ্গে আসল ডিক্রীর নকল দিবার আবশ্যক নাই।—১১৫৯ নম্বরী আইনের অর্থ।—১১৯ পৃষ্ঠা।

- ৪০। আপেলান্ট ডিক্রীর বিষয়ে যে ওজর রাখে তাহা এবং আপীলকরণের অন্যং হেতু আদল দরখান্তে লিখিয়া দিতে পারে কিয়া আলাহিদা আরজীতে লিখিয়া দাখিল করিতে পারে। যদি আলাহিদা দরখান্তে তাহা দাখিল হয় তবে অন্য আরজী যে ইন্টাম্প কাগজে লিখিতে হয় দেই ইন্টাম্প কাগজে তাহা লিখিতে হইবেক।—১৮১৪ দা। ২৬ আ। ৮ ধা। ৫ প্র।—১১৯ পৃষ্ঠা।
- 8)। ঐ আলাহিদা যে দরথান্তে আপীলকরণের হেতু লেখা যায় তাহা ১৮২৯ সালের ১০ আইনের B চিহ্নিত তফ্সীলের ৯ ধারার নিরুপিত ইফ্টাম্প কাগজে লিখিতে হই-বেক।—৫৫৬ নম্বরী আইনের অর্থ।—১১৯ পৃষ্ঠা।
- 8২। যদি দেই মোকদমার নির্মাহ করিবার নিমিত্ত উকীল নিযুক্ত না হয় তবে উকী-লের রসুম আমানৎ করণের আবশ্যক নাই কিন্তু যদি উকীল মোকরর হয় তবে যে আদালতে মোকদমার বিচার হওনের বিষয় হয় সেই আদালতে ঐ উকীলের রসুম আমানৎ রা-থিতে হইবেক।—১৮১৪ সা। ২৬ আ। ৮ ধা। ৪ প্র।—১২০ পৃষ্ঠা।
- ৪৩। যে আদালতে আপীলের বিচার হইবেক সেই আদালতে যদি আপীলের দর্থান্ত দেওয়া যায় তকে তাহার সঙ্গে আসল ডিক্রীর এক দন্তখৎহওয়া নকল দাখিল করিতে হইবেক।—১৮১৪ সা। ২৬ আ। ৮ ধা। ৭ প্র।—১২০ পৃষ্ঠা।
- 88। কোন জিলার আদালতে যে কোন মোকদ্দমা প্রথমত উপস্থিত হয় অথবা আ-পীল হয় তাহার বিচারকরণের ভার সদর দেওয়ানী আদালত উপযুক্ত হেতু দেখিলে অন্য জিলার আদালতে অর্পণ করিতে পারেন ।—১৮৩৭ সা। ৩ আ। ১ ধা।—১২০ পৃষ্ঠা।
- ৪৫। এইমতে যথন সদর দেওয়ানী আদালত এক জিলাহইতে অন্য জিলায় কোন মোকদ্দমা অর্পণ করেন্ তথন তাহার হেতু আপন রোয়দাদের মধ্যে লিখিবেন।—১৮৩৭ সা। ৩ আ। ২ ধা।—১২০ পৃষ্ঠা।
- ৪৬। সদর আমীন ও মুনসেফেরদের নিষ্পাত্তির উপর আপীল হইলে সওয়ালজওয়াব
   ১ টাকা মুলোর ইফাম্প কাগজে লিখিতে হইবেক।—১৮৩২ সা। ৭ আ। ৩ ধা।—১২০ পৃষ্ঠা।
  - 89। প্রধান সদর আমীনের নিষ্পত্তির উপর জজ সাহেবের নিকটে যে আপীল হয় তাহা ১৮৩২ সালের ৭ আইনের ৩ ধারার লিখিত বর্জিত কথার মধ্যে গণ্য নহে অতএব সেই আপীলের আর্ক্সী ৪ টাকা মুল্যের ইফ্টাম্প কাগজে লিখিতে হইবেক — ৮৩৪ নমূরী আইনের অর্থ।—১২১ পৃষ্ঠা।
  - ৪৮। ১৮১৭ সালের ও আইনের ২ ধারা রদ হইল এবং প্রথমত উপস্থিত কোন নালিশে কি আপীলে যত টাকার দাওয়া জিলার আদালতে হইয়া থাকে সেই নালিশ জিলার জজ সাহেবের দারা নিষ্পাত্তি হউক কি অধস্থ আদালতে সোপর্দ্দ করা যাউক তাহাতে ইক্টাম্পের মাসুল মাফ হইবেক না।—১৮৩১ সা। ৫ আ। ১ ধা। ৩ প্র।—১২১ পৃষ্ঠা।
- ৪৯। যদি প্রথমত উপস্থিত মোকদমায় মুনদেক ও দদর আমীন কি প্রধান দদর আমীনের নিষ্পান্তিতে কোন ব্যক্তি নারাজ হয় তবে জিলা ও শহরের আদালতে দেই ব্যক্তির আপীল করণের অধিকার আছে। ঐ দরখাস্ত আদালতে পঁছছিলে দিরিশ্তাদার তাহা তহকীক করিবেন এবং যদ্যপি তাহা নির্কপিত ইফ্টাম্প কাগজে লেখা গিয়া থাকে এবং নির্কপিত মিয়াদের মধ্যে দাখিল হইয়া থাকে তবে তাহা নথীর শামিল হইয়া আদালতের বহীতে রেজিফারী হইবেক। কিন্তু যদ্যপি তাহাতে কোন নিয়মের ব্যতিক্রম দেখা যায় তবে দিরিশ্তাদার তাহা জজ সাহেবকে বিশেষরূপে জানাইবেন এবং জজ সাহেব যেমত বিহিত্ত বোধ করেন্ সেইমত ছকুম দিবেন।—১৮৩৫ সালের ও ফেব্রুআরির সরকালর অর্ডর।—১২১ প্রতা।
- ৫০। আপীলের বিষয়ে যে নিয়ম করা গিয়াছে তাহার যদি কিছু ব্যতিক্রম আপীলের আরজীতে দুফ্ট হয় তবে তাহা বিশেষরূপে জজ সাহেবকে জানাইতে হইবের এবং তিনি

যেমত বিহিত বুঝেন্ সেইমত ছকুম দিবেন।—১৮৩৮ সালের ২৮ সেপ্টেম্বরের সরকালর অর্জন ।—১২১ পৃতা।

- ৫১। অতএব বদি আপীলের আর্জী সর্বপ্রকারে দাঁড়ায়ত হয় তবে সিরিশ্তাদার ঐ আর্জীর পৃষ্ঠে সেই কথা লিখিয়া তাহাতে দস্তখৎ করিবেন। তৎপরে আপ'লের আর্জীর শামিলে মোকন্দমার মিসিল রাখিতে হুকুম দেওয়া যাইবেক তাহার তাৎপর্যা এই যে ১৮৩১ সালের ১ আইনের ২ ধারার ২ প্রকরণ এবং ১৮৩৮ সালের ৭ আইনানুসারে জজ সাহেব যখন আপীল শুনেন তথন যে ডিক্রীর উপর আপীল হইয়াছে সেই ডিক্রী যথার্থ কি না ইহা নিশ্চয়করণের নিমিত্ত রোয়দাদের যে কোন কাগজপত্র দৃষ্টি করা আবশ্যক বোধ হয় তাহা দৃষ্টি করিতে পারেন্। যে দিবসে আপীলের আর্জী দাখিল হয় সেই দিবসে নিদানে তাহার পর দিবসে গিরিশ্তাদারের দারা মোকন্দমার কাগজপত্র তহকীককরণের এবং মোকন্দমার মিসিল আপীলের আর্জীর শামিল রাখিবার হুকুম দেওনের কিছু বাধা নাই।—১৮৩৮ সালের ২৮ সেপ্টেম্বের সর্কুলের অর্ডর।—১২১ পৃষ্ঠা।
- ৫২। যদি আপীলের দরখাস্ত ও জামিনী নির্ক্তিগতমতে এবং নির্ক্তিগতময়ে দাখিল হইরা থাকে তবে জিলার জজ সাহেব সেই আপীল মঞ্জুর ক্রেবিন।—১৮১৪ ব্লা। ২৬ আ। ৮ ধা। ৩ প্র:—১২২ পৃষ্ঠা।
- ৫৩। জাবেতামত আপীল মঞ্জুর হওনের নিমিত্ত কেবল ইতা নিশ্চয় করিয়া জানিবার আবশ্যক আছে যে আপীলের নির্দিষ্ট মিয়াদ অতীত হয় নাই এবং আপীলের দর্খান্ত নিরুপিত ইক্টাম্প কাগজে লেখা গিয়াছে। আপীল নথীর শামিল করা গেলে এবং শুনিবার নিমিত্ত উপস্থিত হইলে যদ্যপি রেক্পাণ্ডেটের উপর জকুম জারী হওনের পর অথবা ১৮৩১ দালের ৫ আইনের ১৬ ধারার ৩ প্রকরণের বিধানানুদারে এমত দৃষ্ট হয় যে আপেলানকৈ উপযুক্তমতে এছেল। দেওয়া গিয়াছে এবং ঐ নিম্পান্তি দরকারের আইন ও কার্য্য নির্দাহের নিয়মানুদারে হইয়াছিল এবং যদি আরো দৃষ্ট হয় যে আপেলাক হাজির না হইবার যে কারণ জানাইয়াছিল তাহা অমূলক এবং দে জানিয়াশ্যনিয়া অধস্থ আদালতে হাজির হইতে ক্রুটি করিয়াছিল তবে দেই আপীল ডিদমিদ হইবেক। কোন মোকদ্দমা একতর্ফা ডিক্রী হইয়াছিল কেবল ইহাতে গোড়াগুড়ি বিচারের নিমিত্ত তাহা ফিরিয়া পাচাওনের অথবা আদল মোকদ্দমায় আপেলান্টের ওজর বিবেচনা করিবার উপযুক্ত কারণ নহে।—১৮৪১ দালের ১২ মার্চের দরকুলের অর্জর।—১২২ পৃষ্ঠা।
- ৫৪। আপীলহওরা মোকদ্দার জন্ম দাহেব ডিক্রী করিলে ঐ মোকদ্দা যে তারিখে অধন্ম আদালতে তন্ধবীন্ধ ও বিচারের নিমিত্ত অর্পণ হইয়াছিল তাহা ডিক্রীতে লিখিবেন। অচিহ্নিত বিচারকেরা আপনারদের আদল ডিক্রীতে দেই বৃত্তান্ত লিখিবেন।—১৮৪০ দালের ১৪ আগটের সরকালর অর্ডর।—১২২ পৃষ্ঠা।
- ৫৫। যে টাকার বাবঁৎ নালিশ হইরাছিল তাহার আর্দ্ধেকের ডিক্রী হইলে এবং সেই ডিক্রীর উপর আপীল হইলে যদি আপীল আদালত বোধ করেন্ যে সমুদয় টাকার ডিক্রী করা উচিত ছিল তবে ফরিয়াদী নিজে সেই ডিক্রীর বিষয়ে ওজর না করিলে তাহার উপকারের নিমিত্ত অধস্থ আদালতের ডিক্রীর দংশোধন হইতে পারে না ।—৮৬৮ নয়রী আইনের অর্থ।—১২২ পৃষ্ঠা।
- ৫৬। ৫৭। যদি জিলার আদালত নানা ব্যক্তির প্রতিকুলে ডিক্রী করেন্ এবং যদি তাহার মধ্যে কেবল এক জন আপীল করে তবে কেবল সেই ব্যক্তির আপত্তির বিষয়ে আপীল আদালতের বিচার করা উচিত কিন্তু যখন যথার্থ বিচার হওনের নিমিত্ত আবশ্যক বোধ হয় তখন ডিক্রীর দ্বারা যে সকল ব্যক্তিরদের লাভালাভ হয় সেই প্রত্যেক ব্যক্তির প্রতি দৃষ্টি রাখিয়া আপীল আদালত ডিক্রী করিবেন। ৯৯৭ নমুরী আইনের অর্থ।—১২৩ পৃষ্ঠা।
- ৫৮ । মুনদেফ ও সদর আমীনেরদের নিম্পত্তির উপর আপীল হইলে জজ সাহেব যে ডিক্রী করেন্ তাহা চূড়ান্ত হইবেক।—১৮৩১ সা। ৫ আ।২৮ ধা। ১ প্র!—১২৩ পৃষ্ঠা।

৫৯ । মুনদেফ ও সদর আমীনেরদের ডিক্রীর উপর আপীল হইলে জঙ্গ সাহেব যে নিষ্পান্তি করেন্ তাহা চূড়ান্ত অতএব ঐ অধন্ত আদালতের ডিক্রীর উপর আপীলমুখে জিলার জজ সাহেব যে নিষ্পান্তি করেন্ তাহার উপর আপীলের কোন দর্থান্ত সদর অ্যাদালত লইতে ও বিচার করিতে পারেন্ না —১৮৮ নমুরী আইনের অর্থ।—১২৩ পৃষ্ঠা।

#### ৪ ধারা ।

বিলায়তের সনদ অপ্রাপ্ত অর্থাৎ অচিহ্নিত বিচারকেরদের ডিক্রীর উপর জিলার জজ্জ সাহেবের নিকটে আপীলকরণের মিয়াদ।

৬০। প্রধান সদর আমীনের নিষ্পত্তির উপর জিলা ও শহরের জজ সাহেবের নিকটে আপীল হইলে সেই আপীলের দর্থান্ত প্রধান সদর আমীনের নিষ্পত্তির বা হুকুমের তারিখের পর ত্রিশ দিনের মধ্যে প্রজরাইতে হইবেক। ঐ মিয়াদ ১৮১৪ সালের ২৬ আইনের ৮ ধারার ১০ প্রকরণের নিয়মানুসারে হিসাব করিতে হইবেক। কিন্তু যদি অনিবার্য্য কোন কারণপ্রযুক্ত আপেলান্ট আপন আপীলের দর্থান্ত প্রজরাইতে পারিল না এমতপ্রমাণ হয় তবে সেই মিয়াদ অহীত হইলেও তাহার আর্জী গ্রাহ্য হইতে পারে।—১৮৩৭ সা। ২৫ আ। ৯ ধা।—১২৩ পৃষ্ঠা।

৬১। মুৎফরককার বিষয়ে মুনদেফেরদের অকুমের উপর আপীল করণের মিয়াদ ঐ অকুমের তারিথঅবধি গণ্য করিতে হইবেক কিন্ত অকুমের নকলের দরখান্ত করিলে পর তাহা প্রস্তুত করিতে যত কাল লাগে তাহা ঐ মিয়াদের মধ্যে ধরা ঘাইবেক না। ঐ অকুমের নকল শাদা কাগজে দিতে হইবেক এবং তাহাতে নকল পাইবার দরখান্তের তারিথ এবং দিবার নিমিত্ত তাহা প্রস্তুত হওনের তারিথ লেখা থাকিবেক।—১৩২৩ নম্বরী আইনের অর্থ।—১২৩ পৃষ্টা।

৬২। সদর আমীন কি মুনসেফের নিঞ্চান্তির উপর যে আপীল হয় তাহা নিঞ্চান্তির পর ৩০ দিবসের মধ্যে করিতে হইবেক। এই সকল আপীলের মিয়াদ ১৮১৪ সালের ২৬ আইনের ৮ ধারার ১০ প্রকরণের নিয়মানুসারে হিসাব করিতে হইবেক।—১৮৩২ সা। ৭ আ। ২ ধা। ৩ প্র।—১২৩ পৃষ্ঠা।

৬৩। কিন্তু মুনসেকের নিষ্পত্তির উপর আপীল করণের যে মিয়াদ নিরূপিত আছে সেই মিয়াদের মধ্যে অপীপাল না করণের বিশিষ্ট হেতু যদি দর্শান যায় তবে সেই মিয়াদ-গতে জজ সাহেব আপীল লইতে পারেন্।—১৮১৪ সা। ২৩ আ। ৪৬ ধা। ১ প্র।—১২৪ পৃষ্ঠা।

৬৪। ১৮১৪ সালের ২৩ আইনের ৪৫ ধারার ৬ প্রকরণে তকুম আছে যে মুন্সেফ যে ডিক্রী করিয়াছেন তাহা যদি বেদাঁড়া বোধ হয় তবে মুন্সেফেরদের নিষ্পান্তির উপর আপীল লগুনের মিয়াদ গত হইলেও জজ সাহেব আপীল লইতে পারেন্। এই প্রকরণ যদ্যাপিও দণষ্টতঃ রদ হয় নাই তথাপি সদর আদালত বোধ করেন্ যে তাঁহারদের ডিক্রী অসঙ্গত অথবা বেদাঁড়া হইলেও আপীল করণের নিরূপিত মিয়াদ গত হইলে যদ্যাপি মিয়াদের মধ্যে আপীল না করণের বিশিষ্ট হেতু না দর্শান যায় তবে আপীল গ্রাহ্য হইতে পারে না।—৯৭৯ নমুরী আইনের অর্থ।—১২৪ পৃষ্ঠা।

৬৫। মোকদমার আপীল করণের বিষয়ে যে পৃথক্ মিয়াদ নিকপণ হইয়াছে যে তারিখে উভয় বিবাদিকে ডিক্রীর নকল দেওয়া যায় কিয়া দিবার প্রস্তাব হয় সেই তারিখালবিধি ঐ য়য়াদ গণ্য হইবেক। কিন্তু যদি উভয় বিবাদী কিয়া ভাহারদের উকীল ডিক্রী লইবার নিমিন্ত হাজির না হয় তবে যে তারিখ তাহারদিগকে দিবার নিমিন্ত ডিক্রীর নকল প্রস্তুত হইয়াছিল সেই তারিখাঅবধি গণ্য হইবেক। এবং ডিক্রী না দেওনের সেই কারণ ডিক্রীর পৃঠে লিখিতে হইবেক এবং তাহাতে আদালতের জজসাহেবের দৃত্তখুৎ থাকিবেক।

—১৮০৫ সা। ২ আ। ৮ ধা।—১২৪ পৃষ্ঠা।

- ৬৬। আপীলের দর্থান্ত মঞ্চুরহওনের যে মিয়াদ নিরূপণ আছে সেই মিয়াদ ডিক্রী-হওনের তারিথহইতে হিসাব করা ঘাইবেক। কিন্তু যে তারিথে আপেলান্ট ইফাম্প কাপ্তজ দাখিল করিল সেই তারিথঅবধি যে তারিথে আপেলান্টকে ডিক্রীর নকল দেওয়া যায় কি দিবার প্রস্তাব হয় সেই তারিথপর্যান্ত যে কএক দিবস গত হয় তাহা ঐ মিয়াদের মধ্যে ধরা ঘাইবেক না। ডিক্রীর পৃষ্ঠে যে২ কথা লেখা যায় তাহা দৃষ্টি করিয়া জজ সাহেব ঐ দিবসের সংখ্যা জানিতে পারিবেন।—১৮১৪ সা। ২৬ আ। ৮ধা। ১০ প্র।—১২৪ পৃষ্ঠা।
- ৬৭। উক্ত মিয়াদের মধ্যে মুসলমানের কি হিন্দুর কোন পরব অথবা নির্দিষ্ট কোন বিশ্রামের দিন পড়িলে ঐ মিয়াদের নূয়নতা হইবেক না। কিন্ত যে দিবদে কোন পরব বা বিশ্রামের দিনপ্রযুক্ত আদালত বন্দ হয় যদি সেই দিবস মিয়াদের শেষ দিন হয় তবে আদালত পুনর্ধার থুলিবামাত্র দর্থাস্ক করিলে আপেলান্টের কোন অপরাধ হইবেক না।
  —১৮৩২ সা। ৭ আ। ২ ধা। ৪ প্র।—১২৫ পৃষ্ঠা।
- ৬৮। জাবেতামত আপীলের নির্দিষ্ট মিয়াদ হিসীব করণেতে আদালতে ইফ্টাম্প কাগজ দাখিল করণঅবধি ঐ ডিক্রীর নকল আপেলাঐকে দেওন কিয়া দিতে প্রস্তাব করণ পর্যান্ত যত দিন গত হয় তাহা ঐ মিয়াদের মধ্যে ধরা বাইবেক না। এই নিয়ম সরাসরী ও জাবেতামত ও থাস আপীলের বিষয়ে খাটে।—৪১৩ নমূরী আইনের অর্থ।—১২৫ পৃষ্ঠা।
- ৬৯। যে মোকদমার আপীল হইতে পারে পরন্ত আপীল প্রজরাণ যায় নাই সেই মোকদমায় যদি কোন ব্যক্তি পুনর্বিচারের নিমিত্ত দর্খান্ত করে এবং সেই দর্খান্ত মঞ্জুর না হয় তবে প্রথম ডিক্রীর উপর জাবেতামত আপীলকরণের যে মিয়াদ নিরূপণ আছে তাহার হিসাব করণেতে অথস্থ আদালতে পুনর্বিচারের দর্খান্ত যতকাল উপস্থিত ছিল তত কাল ঐ মিয়াদের মধ্যে না ধরণের বিদয়ে কোন ব্যক্তি আপনার হক বলিয়া দাওয়া করিতে পারে না। কিন্তু আপীল আদালত তাহার সেই ওজর বিবেচনা করিবেন এবং বিলম্বের অন্য যে কারণ দর্শান যায় তাহার বিলয়ে যেরূপ হয় সেই রূপে ঐ কারণ উচিত ও উপযুক্ত বোধ হইলে মঞ্চুর করিবেন বা না করিবেন।—১১২৭ নম্বী আইনের অর্থ।—১২৫ পৃষ্ঠা।

#### ৫ ধারা।

রেম্পাণ্ডেন্টকে তলব না করিয়া অধস্থ আদালতের ডিক্রী বহাল রাখিতে অথবা তাহা ছানী তজবীজের নিমিত্ত ফিরিয়া পাঠাইতে জিলার জজ সাহেবের ক্ষমতা।

- ৭০। যখন মৃনদেফ বা সদর আমীন বা প্রধান সদর আমীনের নিষ্পত্তির উপর জিলা বা শহরের আদালতে আপীল হয় তখন প্রথমতঃ রেসপাডেন্টের নিকটে কোন শুকুমনামা পাটাইবার আবশ্যক হইবেক না। জজ সাহেব প্রথমত উপস্থিত হওয়া মোকদ্মার রোয়ন্দাদ ও আপীলের দরখান্ত আপেলান্ট কিয়া তাহার উকীলের সমক্ষে পাঠ করিয়া যদি সেই ডিক্রী মতান্তর কি অন্যথা করিতে কোন হেতু না দেখেন্ তবে তাহা বহাল রাখিতে পারেন্। এবং এ রেসপাণ্ডেন্ট ডিক্রী জারী করিবার নিমিত্ত যাহাং কর্তব্য তাহা করিবার নিমিত্ত যাহাং কর্তব্য তাহা করিবার নিমিত্ত যাদালতের ডিক্রীর উপর আপীল হইয়াছিল সেই আদালতের মার্ফত ঐ ডিক্রী বহালের সম্বাদ তাহাকে দিতে হইবেক।—১৮৩১ সা। ৫ আ। ১৬ ধা। ৩ প্র।—১২৫ পৃষ্ঠা।
- ৭১। উক্ত ও প্রকরণে যে "রোয়দাদের" কথা লেখা আছে তাহা কেবল ডিক্রীর রুব-কারী বুঝায় না কিন্তু তাবং মিদিল বুঝায়। পরন্ত প্রত্যেক মোকদমার প্রত্যেক কাগজ পাঠ করিতে হইবেক এমত নহে কিন্তু আপীল হওয়া ডিক্রী যথার্থ ইহা মনঃপ্রত্যয় হই বার জন্য আদল মোকদমার মিদিলের যে দকল কাগজপত্র পাঠ করিবার আবশ্যক তাহা মাত্র জন্ধ লাহেবের। পাঠ করিবেন।—১৮৩৬ সালের ১৯ আগকের সরক্রুলর অর্ডর।—১২৬ পৃষ্ঠা।

৭২। ৭৩। যদি কোন জিলার জজ দাহেব বোধ করেন্ যে ঐ ডিক্রী যথার্থ এবং তাহা অন্যথা করিবার কোন হেতু না দেখেন্ তবে তাহার নম্বর না মানিয়া এবং প্রতিবাদিকে তলবকরণ ব্যতিরেকে এবং সমুদায় রোয়দাদ পুনর্দৃষ্টি না করিয়া বহাল রাখিতে পারেন্। কিন্তু যদি জিলার জজ দাহেব এমত বুঝেন্ যে ঐ ডিক্রী অযথার্থ এবং এই প্রকরণের লিখিত নানা কারণের কোন কারণে তাহা পরিবর্ত্ত কি শুধরিবার যোগ্য হয় তবে ঐ ডিক্রীতে যে সকল বেদাঁড়া ও অবিধি ও অন্য কোন দোম থাকে তাহা তিনি ছকুমনামাতে লিখিয়া যে আদালতহইতে ডিক্রী হইয়াছিল সেই আদালতে তাহা পাঠাইতে এবং ঐ আদালতের বিচারককে তাহা পুনর্বিচার করিতে এবং তাহাতে ন্যায় ও আইনের মতাচরণ করিতে ক্রুম দিতে পারেন্।—১৮৩১ সা। ১ আ। ২ ধা। ২ প্র। এবং ১৮৩৮ সা। ৭ আ।—১২৬ পৃষ্ঠা।

98। ১৮০১ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণের প্রকুমমতে জজ সাহেবের উচিত যে মোকদমার নগর না মানিয়া যত শীঘু হইতে পারে তত শীঘু আপেলাট অথবা তাহার উকীলের সমক্ষে আপীলের দর্শাস্ত এবং রোয়দাদের যে২ ভাগ পাঠ করা আবশ্যক বোধ হয় তাহা পাঠ করেন্। এবং তাহা সম্পূর্ণরূপে বিবেচনা করিয়া যদি আপীল হওয়া ডিক্রী যথার্থ বোধ হয় তবে তাহা বহাল রাখেন্ এবং রেসপাতেটে ঐ ডিক্রী অগোণে জারীর উদ্যোগ করিতে পারিবার নিমিত্ত যে আদালতের ডিক্রীর উপর আপীল হইয়াছিল সেই আদালতের দ্বারা তাহাকে ঐ বহালী অকুমের সমৃদ দেন্।—১৮৩৮ সালের ২৮ সেপ্টেম্বরের সরকুলের অর্ডর।—১২৬ পৃষ্ঠা।

৭৫। আপীলের দর্থান্ত গুজরাণ গেলে আপেলান্টকে তিন দিনের পর হাজির হউতে এবং যে দিনে তাহার দর্থান্তের বিবেচনা হইবেক সেই দিবসে তাহাকে অথবা তাহার উকীলকে হাজির হউতে তকুম দিতে এবং হাজির না হউলে তাহার মোকদ্দমা ডিসমিস করিতে অথবা নথীহউতে উঠাইতে আদালতের জজ্ঞ সাহেবের প্রতি বিশেষ নিষেধ হইল।—১৮৩৯ সালের ২৩ আগন্টের সরকুলের অর্ডর।—১২৭ পৃষ্ঠা।

৭৬। ১৮৩১ সালের ৫ আইনের ১৬ ধারার অনুসারে যে আপীল হয় ভাহা জাবেভামত আপীলের ন্যায় জান হইবেক এবং রেক্সাত্তেন্টের প্রথমে তলব না হইলেও ভাহা
একেবারে নথীর শামিল করা ঘাইবেক। (তৎপরে এই সরক্যুলর অর্ডরের মধ্যে ১৮১২
সালের ৫ নবেয়রের সরক্যুলর অর্ডর আমলে আনিবার হুকুম ছিল কিন্তু ঐ ৫ নবেয়রের
সরক্যুলর অর্ডর ১৮৪১ সালের ২৯ আইনের দ্বারা রদ হইয়াছে)।—১৮৩৯ সালের ২৩
আগন্টের সরক্যুলর অর্ডর।—১২৭ পৃষ্ঠা।

বন। এমত সকল গতিকে আপেলান্টের আপীল ডিসমিস বা নাম ধ্বুর হইয়াছে জজ সাতেব এইমাত্র কথা আপন ভকুমনামাতে লিখিবেন না কিন্তু অধস্থ আদালতের ডিক্রিবহাল রহিল ইহা লিখিবেন। জাবেতামত কোন ডিক্রী প্রন্তুতকরণের আবশ্যক নাই। হে ডিক্রীর উপর আপীল হয় তাহা বহাল হওনের সংক্রেপ ভকুম জজ সাহেব লিখিবেন এবং ডিক্রীর প্রতিকুলে আপেলান্ট য়েহ ওজর জানাইয়াছিল তাহার খোলাসা ঐ ছকুমনামাতে লেখা থাকিবেক। তাহার তাৎপর্যা এই যে ঐ মোকদ্মার উপর তৎপরে খাস আপীল হইলে আপীল আদালত দেখিতে পারিবেন যে আপেলান্ট যে ওজর পূর্বেক করে নাই এমত নূতন কোন ওজর করিতেছে কি যে ওজর নাম ধ্বুর হইয়াছিল তাহাই পুনর্বার করিতেছে। জজ সাহেবের ঐ ছকুম জাবেতামত ডিক্রীর নায় জান হইয়া তাহার তুলা বলবৎ ছইবেক। অভএব উভয় বিবাদী সেই ছকুমের নকল চাহিলে জজ সাহেবের আদালতের ডিক্রীর নকল যে মুল্যের ইফ্রাম্প কাগজে ভাহার ছকুম আছে সেই মুল্যের ইফ্রাম্প কাগজে ভাহার নকল লইতে হইবেক।—১৮৩৮ সালের ২৮ সেপ্টেম্বরের সরক্যুলর অর্ডর।—১২৭ পৃষ্ঠা।

৭৮। আপীলের বিষয়ে যে২ নিয়ম পূর্ব্বে চলন ছিল ১৮৩১ দালের ৫ আইনের দারী ভাহার এইমাত্র বিশেষ হইয়াছে যে জজ দাহেব রেক্পাণ্ডেন্টকে হাজির হইতে গুকুম না দিয়া অধস্থ আদালতের ডিক্রী বহাল রাখিতে পারেন্। অতএব পূর্ব্বে যেরূপ ব্যবহার হইয়া আদিতেছে তাহাই থাকিবেক কেবল এই বিশেষ হইল যে আপীলের আর্জীর জন্তয়াব দিবার নিমিত্ত রেক্পাণ্ডেন্টের তলব হইবার পূর্ব্বে তাহার কোন খর্চখ্রচা হইতে পারে না এইপ্রযুক্ত রেক্পাণ্ডেন্টকে তলব করণের পূর্বে আপোলান্টের স্থানে ঐ খ্রচখ্রচার মালজামিনী তলব করিতে হইবেক না। আপীল মঞ্চুরকরণের পূর্বে আপীলের আর্জী এবং ডিক্রী পাঠ করণের আবশ্যক নাই। কেবল এইমাত্র আবশ্যক যে আপীলের নিরূপিত মিয়াদ অতীত হয় নাই এবং আপীলের আর্জী নিরূপিত মুল্যের ইফ্টাম্প কাণ্ডের লেখা গিয়াছে ইহা নিক্ষয় জাত হওয়া যায়। অতএব যেপর্যান্ত জজ দাহেব ডিক্রী এবং অন্যান্য কাগজপত্র পাঠ করিয়া ঐ আপীল মঞ্চুর করিতে নিক্ষয় না করেন্ দেই পর্যান্ত ঐ আপীলের আর্জী মুৎফর্ককা আর্জীর ন্যায় জ্ঞান করা কর্ত্ব্যে নহে।—১৮৩২ দালের ২৪ আগান্টের সর্ব্যুলর অর্ডর।—১২৮ পৃষ্ঠা।

৭৯। জজ সাহেব যেপথ্যন্ত আপীলের দর্শান্ত ও ডিক্রী পাঠ না করেন্ সেইপথ্যন্ত আপেলানকৈ আপনার দাওয়া সাব্যন্ত করণের নিমিত্ত নূতন প্রমাণ দশাইতে অনুমতি দিতে হইবেক না।—৭৯০ নমুরী আইনের অর্থ।—১২৮ পৃষ্ঠা।

৮০। প্রথম আপীল যদ্যপি আইনের নির্কৃপিত মিয়াদের মধ্যে করা যায় তবে সেই আপীল করিতে আপোলান্টের অধিকার আছে। অতএব আসল মোকদ্মার রোয়দাদ পাঠ করণের পূর্বে জজ সাহেব অধন্ধ আদালতের ডিক্রী বহাল রাখিলে তাহাতে আপীলের দরখান্ত নামপ্তুর হইয়াছে এমত জান করিতে হইবেক না কিন্ত আপীলের দোমগুণ বিবেচনা করিয়া তাহা চূড়ান্তরূপে ডিসমিস হইয়াছে এমত জান করা যইবেক।—৭৪২ নমুরী আইনের অর্থ।—১২৮ পৃষ্ঠা।

৮১। আপেলান্টেরদিগকে আপনারদের আপীলের দরখান্তের সঙ্গে ডিক্রীর নকল এবং আপীলের অজুহাত গুজরাইতে হুকুম দিতে হইবেক না।—৮৬৩ নম্বরী আইনের অর্থ।—১২৮ পৃষ্ঠা।

৮২। ১৮৩১ দালের ৫ আইনের ১৬ ধারার ৩ প্রকরণানুসারে যে আপীলী মোকদমার নিষ্পত্তি হয় তাহা রোয়দাদ পাঠ করণের পর আপীলের দোযওণ বিবেচনাক্রমে জাবেতামত নিষ্পত্তিহওয়া আপীলের ন্যায় জান করিতে হইবেক এবং সেইমতে মাদিক কৈফিয়তে লিখিতে হইবেক।—৮৭৮ নমুরী আইনের অর্থ।—১২৮ পৃষ্ঠা।

## ৬ ধারা।

আপেলাউকে তলব না করিয়া যে আপীলী মোকদ্দমার নিম্পত্তি হয় তাহার ইফাম্প ও উকীলের রসুম ও খরচার বিষায় বিধি।

৮৩। ১৮৩১ সালের ৯ আইনের ২ ধারার বিধির বিষয়ে সদর আদালত নীচের লিখিত কার্যানির্বাহের নিয়ম ধার্য্য করিয়াছেন।—১৭৫ নম্বরী আইনের অর্থ।—১২৮ পৃষ্ঠা।

৮৪। যদ্যপি রেক্সাণ্ডেন্টকে হাজির না করাইয়া অধস্থ আদালতের কোন ডিক্রী বহাল হয় তবে আপেলান্ট আপীলের দরখান্ত যে ইন্টাম্প কাগজে দাখিল করিয়াছিল তাহার মুল্যের কোন অংশ ফিরিয়া পাইবেক না। এবং আপেলান্ট উকীলের যে রসুম আমানং করিয়াছিল তাহা সমুদয় ঐ উকীল পাইবেন।—৬৭৫ নয়রী আইনের অর্থ।— ১২৮ পৃষ্ঠা।

৮৫। যদি রেক্সাণ্ডেন্টের হাজির হইতে তলব না হয় এবং যদি সেই ব্যক্তি তথাপি

এক জন উকীলের দার। আপীলের দরখাস্তের জওয়াব দাখিল করে তবে দে উকীলের রসুম রেক্পাত্তেন্ট আপনি দিবেক।—১৭৫ নমূরী আইনের অর্থ।—১২৯ পৃষ্ঠা।

- ৮৬। যদি ডিক্রী পুনর্বিচার করিবার গুকুম হয় তবে আপেলার্ট আপনার আপীলের দরখান্তের যে ইন্টাম্পের মানুল দিয়াছিল তাহা তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক এবং যদি আপেলার্ট ও রেক্পাণ্ডেন্টের উকীল হাজির ছিলেন তবে তাঁহারা নিরূপিত রসুমের চারি অংশের এক অংশের অধিক পাইবেন না।—৬৭৫ নমুরী আইনের অর্থ।—১২৯ পৃষ্ঠা।
- ৮৭। যে মোকদ্দমার দোষ্ট্রণ বিবেচনা করিয়া উপরের উক্তমতে নিষ্পত্তি হয় দেই মোকদ্দমাতে নিযুক্ত উকীলেরা আইনের নিরূপিত সমুদ্র রসুম পাইবেন।—৮৭৮ নম্বরী আইনের অর্থ।—১২৯ পৃষ্ঠা।
- ৮৮। এমত মোকদ্দমার ইফ্টাম্পের রসুমের কোন অংশ ফিরিয়া দেওয়া হাইবেক না।
  —৮৭৮ নম্বী আইনের অর্থ।—১২৯ পৃষ্ঠা।
- ৮৯। যদ্যপি আপীল আদালত অধস্থ আদালতের ডিক্রী বহাল রাখেন্ তবে ঐ আপীল আদালত রেক্পাণ্ডেন্টের খর্চা দিতে আপেলান্টকে প্রকুম করিতে এবং যে রসুম আমানং হইয়াছিল তাহা রেক্পাণ্ডেন্টের উকীলকে দিতে প্রকুম করিতে পারেন্ না। আপীলের দর্খান্তের জওয়াব দিতে রেক্পাণ্ডেন্টের তলব না হইলে তাহার কিছু খর্চা লাগে না অতএব সেই খর্চার জামিনী আপেলান্টের স্থানে তলব কর্ণের আবশ্যক নাই।—১৮৩৮ সালের ২৮ সেপ্টেম্বের সর্কুলের অর্জ্র।—১২৯ পৃষ্ঠা।
- ৯০। কিন্তু সেই প্রকার মোকদ্মায় রেক্সাণ্ডেন্টকে ষয়ং অথবা তাহার উকীলকে হাজির হইতে নিষেধ নাই। যদ্যপি রেক্সাণ্ডেন্ট আপনার ইল্ছাপূর্বক হাজির হয় তবে তাহার যে কোন খরচা লাগে তাহা তাহারি শিরে পড়িবেক সেই খরচা আপেলান্টের দিতে হইবেক না। কিন্তু আপেলান্টের যে খরচা লাগে তাহা জন্ধ শাহেবের আপনার ডিক্রীর নিক্ষা ভাগে লেখা উচিত কেননা সে জন্ধ সাহেবের নিক্ষান্তি যদি খাস আপীলের মুখে মতান্তর হয় তবে সেই খরচা দেওয়াইবার বিষয়ে উদ্যোগ হইতে পারিবেক।—১৮৩৮ সালের ২৮ সেপ্টেম্বরের সরক্যুলর অর্ডর।—১২৯ পৃষ্ঠা।
- ৯১। যদি আপেলাট আপনার আপীলের দরখাস্তের সঙ্গে অধস্থ আদালতের ডিক্রীর এক নকল দাখিল করিয়া থাকে তবে ঐ আপীল নামঞ্ব হইলে দেই নকল তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক। যদ্যপি দেই মোকদমার খাদ আপীল হইতে পারে তবে আপোলাট আপীলের দরখাস্তের সঙ্গে ডিক্রীর দেই নকল দাখিল করিতে পারিবেক এবং আপীল আদালত তাহার আপীল নামঞ্ব করিয়া যে হুকুম করিয়াছিলেন তাহার এক নকল তাহার সঙ্গে দাখিল করিতে হইবেক।—১৮৩৮ সালের ২৮ সেপ্টেম্বরের সর্কুয়লর অর্ডর।—১২৯ পৃষ্ঠা।
- ৯২। যদি রেক্সাত্তেন্টের রীতিমত তলব না হয় তবে তাহার প্রতিকূলে আদালত কোন চুড়াস্ত ডিক্রী করিতে পারিবেন না।—৯৪৪ নম্বরী আইনের অর্থ।—১২৯ পৃষ্ঠা।

্রিঅধন্থ আদালতের ডিক্রী বহালকরণের সময়ে সুদের বিষয়ে যে ছকুম দিতে হইবেক ভাহার বিষয়ে চতুর্থ অধ্যায়ের ২১৯ নম্বরী বিধি দেখ।

## ৭ ধারা।

মুনসেফ ও সদর আমীনের ডিক্রীর উপর আপীল প্রধান সদর আমীনের নিকটে অর্পণ করণ।

৯৩। যথন জিলা ও শহরের জজ সাহেবের এইমত বোধ হয় যে তাঁহার নিকটে এত মোকদ্দমা উপস্থিত আছে যে তাহা যেমত শাঘু নিষ্পত্তি করিতে হয় সেই মত শীঘু নিষ্পত্তি করিতে পারেন্ না তথন মুনদেফ ও সদর আমীনের নিষ্পত্তির উপর নির্দিষ্ট সংখ্যার আপীল প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিতে সদর আদালতের অনুমতি প্রার্থনা করিবেন। এবং সদর দেওয়ানী আদালতের সাহেবেরা তাঁহার ঐ প্রার্থ নায় সক্ষত হইতে পারেন্ এবং এই আইনের ১৬ ধারার ১ প্রকরণের লিখিত ভুকুমনকল এমত আপীলী মোকদ্মাতে খাটিবেক।—১৮৩১ সা। ৫ আ। ১৬ ধা। ২ প্র।—১৩০ পৃষ্ঠা।

[যে হুকুমের বিষয় উপরে লেখা গেল তাহা ১৮১৪ সালের ২৪ আইনের ৭ ধারার ৪ প্রকরণ এবং ঐ আইনের ৯ ধারার ৪ প্রকরণ।]

১৪। ১৮১৪ দালের ২৪ আইনের ৭ ধারার ৪ প্রকরণে প্রকৃষ আছে যে আপীলী মোকদমার বিচার করণসময়ে দদর আমীন ১৮১৪ দালের ২৩ আইনের ৭৫ ধারানুদারে কার্য্য করিবেন এবং যদি জিলার জজ দাহেব দিতীয় অর্থাৎ খাদ আপীল মঞ্চুর না করেন্ত্বে ঐ দদর আমীনের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক। ১৮১৪ দালের ২৩ আইনের ৭৫ ধারাত্ত প্রকৃষ আছে যে দদর আমীনেরদের প্রতি অর্পণহওয়া আপীলী মোকদমার এক স্বতন্ত্র রেজিন্টরী তাঁহারা রাখিবেন এবং যে মোকদ্দমা প্রথমতঃ বিচারের নিমিত্ত তাঁহারদের নিকটে সোপর্দ্দ হয় তাহার দঙ্গে মিশাল করিবেন না এবং আপীল নিষ্পত্তি করণের বিষয়ে জিলার জজ দাহেবের প্রতি বেং ভকুম নির্দ্দিন্ট আছে দেই২ ভকুমানুদারে তাঁহারা মোকদ্দমা নিষ্পত্তি করিবেন।—১৩০ পৃষ্ঠা।

৯৫। [১৮১৪ সালের ২৪ আইনের ৯ ধারার ৪ প্রকরণে তকুম আছে যে জিলার জ্ঞাজ সাহেব রেজিইর সাহেবের নিকটে যে আপলি মোকদ্দমা অপণ করেন্ তাহা রেজিইর সাহেব বিচার করিবেন এবং তাঁহার নিশান্তির উপর যদি জজ সাহেব থাস আপীল গ্রহণ না করেন্ তবে তাহা চুড়ান্ত হইবেক।]—১৩০ প্রতা।

৯৬। জিলা ও শহরের জজ সাহেবের কর্ত্রা দে সদর আমীন ও মুনসেফেরদের নিম্পত্তির উপর আপীল সাধ্যপর্যান্ত দৃট্টি করেন্ অথবা ঐ বিচারকেরা সঞ্জা সতর্ক থাকেন্ এই নিমিত্ত তাঁহারদের কোনং ডিক্রীর আপীল আপনং নথীতে রাথেন্। কিন্তু যথন কার্য্যের বাজ্লাপ্রযুক্ত জজ সাহেব যেমত শীঘু ঐ মোকদমা দৃষ্টি করিতে হয় সেই মত শীঘু তাহা দৃষ্টি করিতে পারেন্ না তথন তাঁহার উচিত যে সময়ক্রমে ঐ আপীলের নির্দিষ্ট সংখ্যা প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিতে সদর আদালতের অনুমতি প্রাথিনা করেন্।—১৮৩৫ সালের ৬ ফেব্রুআরির সর্ক্যুলর অর্ত্র।—১৩১ পৃষ্ঠা।

৯৭। ঐ প্রকার অনুমতি প্রার্থনা করণের পূর্বের জজ দাতেবের উচিত যে আপনার এবং প্রধান দদর আমীনের নথীতে যে দকল মোকদ্দমা উপস্থিত আছে তাহার এক কৈফির্থ দদর আদালতে পাঠান্।—১৮৩৮ দালের ৭ ডিদেয়্রের দরকুলের অর্ড্র।—১৩১ পৃষ্ঠা।

৯৮। ঐ প্রত্যেক মোকদ্দমা প্রধান সদর আমীনের নিকটে অর্পণ করণের পূর্বের তাহার রোয়দাদ অথবা অধস্থ আদালতের রুবকারী পুনর্দৃষ্টি করিবার জিলা ও শহরের জ্ঞান সাহেবের আবশ্যক নাই যেহেতুক প্রধান সদর আমীন যে নিম্পত্তি করেন্ ১৮১৪ সালের ২৬ আইনের ২ ধারানুসারে এবং খাস আপীল মঞ্জুর করণের বিষয়ে অন্য যেহ আইন আছে তদনুসারে তাহার খাস আপীল হইতে পারে।—১৮৩৫ সালের ৬ ফেব্রু-আরির সরকালর অর্জন।—১৩১ পৃষ্ঠা।

৯৯। যে সকল আপীলা মোকদমা প্রধান সদর আমীনের সমীপে পাচান যায় সদর আমীনের বিষয়ে যেং বিধি নির্দ্দিষ্ট আছে তদনুসারে তিনি তাহার বিচার ও নিষ্পান্তি করিবেন। যে বিষয়ে ঐ সকল বিধি স্পাষ্ট্যরূপে না থাটে ঐ বিষয়ে জিলা ও শহরের জজ সাহেবের উপদেশের নিমিত্ত আইনের মধ্যে যে সকল বিধি আছে তদনুসারে প্রধান সদর আমীন সাধ্যপ্র্যান্ত করিবেন।—১৮৩১ সা। ৫ আ। ১৮ ধা। ৪ প্র।—১৩২ পৃষ্ঠা।

- ১০০। যে প্রধান সদর আমীনের। মুনসেফেরদের ডিক্রীর উপর আপীল শুনিবার ক্ষমতা রাখেন্ তাঁহারা কোন মোকদমা ছানী ডজবীজের নিমিন্ত মুনসেফের নিকটে ফিরিয়া পাটাইতে পারেন্। যদ্যপি প্রধান সদর আমীনের এইমত বোধ হয় যে মুনসেফ কোন মোকদমা অসঙ্গতমত নন্সুট করিয়াছেন তবে তাঁহার উচিত যে তাহা জজ সাহেবের নিকটে ফিরিয়া পাটাইয়া এই পরামর্শ দেন্ যে ঐ মোকদমা পুনর্কার নথীর শামিল করিতে এবং তাহার দোযগুণ বিবেচনা করিয়া তাহার বিচার করিতে মুনসেফকে ছকুম দেওয়া যায়।—১০২৩ নমূরী আইনের অর্থ।—১৩২ পৃষ্ঠা।
- ১০১। সদর আমীন ও মুনদেকের ডিক্রীর উপর আপীল প্রধান সদর আমীনের নিকটে অর্পণ হইলে ঐ প্রধান সদর আমীনের এইমত ক্ষমতা নাই যে ঐ মোকদমা অধস্থ আদালতের নথীর শামিল করিতে এবং তথায় তাহার গোড়াগুড়ি বিচার করিতে তুকুম দেন্।—১৮৩৯ সালের ১৪ জুনের সরক্যলর অর্ডর।—১৩২ পৃষ্ঠা।
- ১০২। ঐ আপীল বিচারকরণের সময়ে যদি প্রধান সদর আমীনের এইমত বোধ হয় যে অধস্থ আদালতের ডিক্রী অন্যথা করিয়া সেই মোকদ্দমা গোড়াগুড়ি বিচার করিতে প্রকুম দেওগা উচিত তবে সেইরপ বিবেচনাকরণের হেতু তিনি এক রুবকারীতে লিখিয়া মোকদ্দমার কাগজপত্র সম্যেত জজ সাহেবের গুকুম পাইবার নিমিত্ত তাঁহার নিকটে অর্পণ করিবেন এবং আপন আদালতের ১ নম্বরী কৈফিয়তে তাহা লিখিবেন।—১৮৩৯ সালের ১৪ জুনের সরব্যুলর অর্ডর।—১৩২ পৃষ্ঠা।
- ১০৩। জজ সাতেব প্রধান সদর আমীনের সেইরপে দরখান্ত পাইলে আপন আদালতের বিতীয় নয়রী কৈফিয়তের তৃতীয় নয়রী ঘরের ১৬ নয়রী শিরোভাগের নিমেন তাহা লিখিবেন এবং সেই বিষয় উত্তমরূপে বিবেচনা করিয়া তাহা যে আদালতে আদৌ বিচার হইয়াছিল সেই আদালতে তাহা ফিরিয়া পাঠাইতে অথবা নিজে তাহার বিচার করিতে প্রধান সদর আমীনকে ছকুম দিবেন।—১৮৩৯ সালের ১৪ জুনের সরক্যুলর অর্ডর।—১৩২ পৃষ্ঠা।
- ১০৪। কিন্তু উক্ত বিধির এমত তাৎপর্য্য নহে যে প্রধান সদর আমীন আপনি সেই মোকদমা নিম্পত্তি করণের জন্য যে ছানা তজবীজ আবশ্যক বোধ করেন্ তাহা করিতে অধস্থ আদালতকে তুকুম দিতে পারেন্ না।—১৮৩৯ সালের ১৪ জুনের সরক্যুলর অর্জর। —১৩২ পৃষ্ঠা।
- ১০৫। যদি জজ সাহেব সেই মোকদমা গোড়াগুড়ি বিচার করিবার নিমি**ত্ত অধস্থ** আদালতে তাহা ফিরিয়া পাঠাইতে অকুম দেন্ তবে তাহা নিরূপিতমতে কৈফিয়তের মধ্যে লিখিতে হইবেক।—১৮৩৯ সালের ১৪ জ্বনের সরক্যুলর অর্ডর।—১৩৩ পৃষ্ঠা।
- ১০৬। সদর আমীন ও মুনসেফেরদের নিম্পত্তির উপর যে আপীল প্রধান সদর আমীনের প্রতি অর্পণ হয় তাহার বিচারকরণ সময়ে ১৮৩১ সালের ৫ আইনের ১৬ ধারার ৩ প্রকরণানুসারে তিনি কার্য্য করিতে পারেন্ না অর্থাৎ রেক্পাণ্ডেটকে তলব না করিয়া অধস্থ আদালতের ডিক্রী বহাল রাখিতে পারেন্ না। ঐ ক্ষমতা কেবল জিলার জঙ্ক সাহেবকে দেওয়া গিয়াছে।—১৮৩৭ সালের ২১ আপ্রিলের সরক্যুলর অর্ডর।—১৩৩ পৃষ্ঠা।

্অধস্থ আদালতের ডিক্রী বহাল করণের সময়ে যে সুদ দিবার স্থকুম করিতে হইবেক তাহার বিষয়ে চতুর্থ অধ্যায়ের ২১৯ নম্বরী বিধান দেখা।]

- ১০৭। আপীলের বিচার করিবাতে প্রধান সদর আমীনের প্রতি ছকুম আছে যে কোন দস্তাবেজ দাখিল হওনের কিয়া সাক্ষি তলব করিবার পূর্বে ১৮১৪ সালের ২৬ আইনের ১০ ধারার লিখিত দাঁড়ামতে কার্য্য করেন্।—১৮৩১ সা। ৫ আ। ২১ ধা।—১৩৩ পৃষ্ঠা।
- ১০৮। জিলা ও শহরের আদালতের মোকামছাড়া অন্য স্থানে নিযুক্তহওয়া প্রধান সদর আমীন যেমতে ১৮২১ দালের ২ আইনের ১১ ধারার ২ প্রকরণের বিধির অনুসারে

প্রথমত উপস্থিতহওয়। মোকজমা লইতে পারেন্ দেইমতে আপীলী মোকজমা লইতে পা-রেন্।—১৮৩৫ সালের ১৮ সেপ্টেয়রের সর্কুলর অর্ডর।—১৩৩ পৃঠা।

### ৮ ধারা।

জিলার আদালতের নিষ্পত্তির উপর এবং ৫০০৭ টাকার উর্দ্ধ মূল্যের মোকদ্দমায় প্রধান সদর আমীনের নিষ্পত্তির উপর সদর আদালতে জাবেতামত আপীল।

- ১০৯ । জিলা কিয়া শহরের জজ সাহেব প্রথমতঃ যে সকল মোকদমার নিষ্পত্তি করেন্ ভাহার উপর আপীল সদর দেওয়ানী আদালতে হইতে পারে।—১৮৩১ সা। ৫ আ। ২৮ ধা। ৩ প্র।—১৩৩ প্রা।
- ১১০। জিলার জজ সাহেবের ডিক্রীর উপর জাবেতামত অথবা থাস আপীল কর-ণের তিন মাস মিয়াদ নিরূপণ হইল।—১৮৩২ সা। ৭ আ। ২ ধা। ১ প্র।—১৩৪পৃষ্ঠা।
- ১১১। ৫০০০ টাকার উর্ক্ন মুল্যের যে সকল মোকদ্দমা প্রধান সদর আমীনের প্রতি অর্পণ হয় ঐ প্রধান সদর আমীনের করা নিষ্পত্তির উপর আপীল একেবারে সদর দেওয়ানী আদালতে করিতে হইবেক এবং জিলার জজ সাহেবের নিষ্পত্তির উপর করা আপীল যে২ বিধির অনুসারে সদর দেওয়ানী আদালতে হইত সেই২ বিধানানুসারে সর্ব্বপ্রকারে এই২ আপীলেরো কার্য্য হইবেক।—১৮৩৭ সা। ২৫ আ। ৪ ধা।—১৩৪ পৃষ্ঠা।
- ১১২ । ৫০০০৲ টাকার উর্ভ্লোর মোকদ্মা হইলে যদি প্রধান সদর আমীন তাহা ছইতে অম্প টাকার ডিক্রী করেন্তবে প্রধান সদর আমীনের ঐ ডিক্রীর উপর আপীল সদর আদালতে হইবেক।—১২৮২ নম্রী আইনের অর্থ।—১৩৪ পৃতা।
- ১১৩। প্রথমত উপস্থিত মোকদমার ডিক্রীর উপর যদি সদর আদালতে আপীল হয় এবং ঐ আপীলের দরখান্ত জিলার জজ সাহেব কিয়া প্রধান সদর আমীনকে দেওয়া যায় তবে তাঁহার উচিত যে ১৭৯৩ সালের ৬ আইনের ১০ ধারার বিধির অনুসারে কার্য্য করেন্ এবং ঐ দর্থান্ত ও তাহার সঙ্গে যে কোন কাগজপত্র দাখিল হইয়াছিল তাহা যথাসাধ্য শীর্ত্ব এক সার্টিফিকট ও কবকারী সমেত সদর আদালতে পাঠান্। ঐ কবকারীর মধ্যে উভয় বিবাদির নাম এবং ডিক্রীর পোলাসা ও তাহার তারিখ এবং আপীলের আরজী দাখিলকরণের তারিখ এবং ঐ আরজী নিরুপিত মিয়াদের মধ্যে দাখিল হইয়াছে ইহা যে২ কারণে বোধ হয় তাহা লিখিতে হইবেক।—১৮৩৩ সালের ২৮ জুনের সরক্যুলর অর্ডর।—১৩৪ পৃষ্ঠা।
- ১১৪। এবং তাহার সমকালীন আপেলাউকে লিখিত এমত এত্তেলানাম। দিতে হই-বেক যে তোমার আপীলের দরখান্ত সদর দেওয়ানী আদালতে পাঠান গিয়াছে অতএব ছয় সপ্তাহের মধ্যে যদি ঐ মোকদমার কার্য্য চালাইতে ক্রটি কর এবং সেই ক্রটির মাতবর কারণ দর্শাইতে না পার তবে তোমার ঐ আপীল ডিসমিস হইবেক। এই এত্তেলানামার এক নকল এবং তাহা রীতিমত জারীহওনের এক সর্টিফিকট সদর আদালতে পাঠাইতে হইবেক।—১৮৩৩ সালের ২৮ জুনের সরকালর অর্ডর।—১৩৪ পৃষ্ঠা।
- ১১৫। প্রত্যেক আপীলের দর্থান্তের সঙ্গে এক স্বতন্ত্র রুবকারী ও সার্টিফিকট পাঠা-ইতে হইবেক।—১৮৩৩ সালের ২৮ জুনের সরক্যুলর অর্ডর।—১৩৪ পৃতা।
- ১১৬। জিলার আদালতের ডিক্রীক্রমে এব<sup>্</sup> ৫০০০ টাকার উর্ক্ন মূল্যের মোকদ্মায় প্রধান সদর আমীনের ডিক্রীতে যে ব্যক্তি আপনাকে অন্যায়গ্রস্ত বোধ করে সেই ব্যক্তি তাহার উপর আপীল সদর আদালতে করিতে পারে। সেই আপীলের আরজী ভূমির মোকদ্মা হইলে তাহার দালিয়ানা উৎপন্ন ও নগদ টাকার হইলে তাহার দংখ্যা তাহাতে লিখিতে হইবেক এবং যাহার হকে ডিক্রী হয় তাহার নাম এবং যে আদালতে ডিক্রী হইল

তাহার নাম এবং ডিক্রী হইবার সময় এবং ডিক্রী জারী হইয়াছে কি না তাহা এবং আপীল-করণের হেতু মোটে অথবা বিশেষ করিয়া লিখিতে হইবেক। ঐ ডিক্রী যে আদালতে হইয়া-।ছিল সেই আদালতে কিয়া সদর আদালতে আপীলের আর্জ্রী দেওয়া যাইতে পারে কিয়া এই নিদর্শনে এক একরারনামা দিতে হইবেক যে আপেলান্ট সেই ডিক্রীর নকল পাইবার দরখান্ত করিয়াছিল কিন্তু পায় নাই। এবং ডিক্রীর তারিখহইতে তিন মান পরে আপীল না করণের মাত্রবর কারণ দর্শান গেলে সদর আদালত ঐ আপীল লইতে পারেন্। কিন্তু নিরূপিত কাল গতে আপীল সেইরূপ সদর আদালত লইলে তাহার হেতু বহীতে লিখিতে হইবেক।—১৭৯৩ সা। ৬ আ। ১০ ধা।—১৩৫ পৃষ্ঠা।

১১৭। আপীলের যেং দরখান্তে সমস্ত রেন্সাতিটেরে নাম না লেখা থাকে তাহা বেদাঁড়া জান করিতে হউবেক এবং আইনানুসারে তাহা গ্রাহ্য হইতে পারে না এবং রীতি-মতে আপীলের দরখান্ত হইলে আপীল করণের নিরুপিত মিয়াদ হিসাব করণের বিষয়ে যেরূপ কার্য্য হয় সেইরূপ কার্য্য এইপ্রকার বেদাঁড়া দরখান্তের বিষয়ে হইবেক না।— ১৮৪২ সালের ১ জুলাইর সর্ক্যুলর অর্ডর।—১৩৬ পৃষ্ঠা।

১১৮। অধস্থ আদালতে আপেলান্টের বিপক্ষ যাহার। ছিল তাহারদের কোন এক ব্যক্তির নাম লিখিতে যদি আপেলান্ট ফটি করে এবং তাহা না লিখনের কোন কারণ দর্শায় তবে আপীলের মিয়াদের মধ্যে তাহার নাম লিখিয়া দাখিল করিতে পারে। তাহা না করিলে তাহার আপীল বেদাঁড়া হইবেক।—১৮৪২ সালের ১ জুলাইর সর্কুলর অর্ডর।
—১৩৬ পৃষ্ঠা।

১১৯। আপীলের উক্ত প্রকার বেদাঁড়া দরখান্ত সদর আদালতে পাঠাইবার নিমিত্ত যে জজ সাহেবেরদের এবং প্রধান সদর আমীনেরদের হজুরে দাখিল হয় তাঁহারা দর-খান্তকারিরদিগকে ঐ অকুম জানাইবেন।—১৮৪২ সালের ১ জুলাইর সরকুলের অর্ডর।—১১৬ পৃষ্ঠা।

১২০। নির্মাপত মালজামিনী দাখিল হইলে যে দিবসে আপীলের আরজী দাখিল হইরাছিল তাহা জজ সাহেব তাহার পৃষ্ঠে লিখিয়া তাহাতে দস্তখং করিবেন এবং আরজীর পাশ্বে" আপীল হইল" এই শব্দ লিখিবেন। পশ্চাং সেই আরজী জজ সাহেব সদর আদালতে পাঠাইবেন এবং আপোলাটকে এই সম্বাদ দিবেন যে তোমার মোকদ্মার রোম্নাদের নকল পনর দিনের মধ্যে সদর দেওয়ানী আদালতে পঁতছিবেক এবং যদি তুমিছর সপ্তাহের মধ্যে তথার মোকদ্মার সওয়াল ও জওয়াব না কর কিয়া না করণের বিশিষ্ট হেবু না জানাইতে পার তবে তোমার মোকদ্মা ডিসমিদ হইবেক।—১৭৯৩ সা। ও আ। ১০ ধা।—১৩৬ পৃষ্ঠা।

১২১। অধন্থ আদালতের নিষ্পত্তির উপর আপীল সদর আদালতে হইলে ঐ আপীল যে উকীল অধন্থ আদালতে দাখিল করেন্ তিনি আপেলাটের নিযুক্ত কর্মকারক অতএব ১৭৯৩ সালের ও আইনের ১০ ধারা এবং ১৭৯৭ সালের ১২ আইনের ও ধারার যে এত্তেলার স্থকুম আছে সেই এত্তেলা ভাঁহার অবশা লইতে হয় এবং তিনি ভাহার রসীদ দিলে আপেলাটের উপর জারী হইয়াছে এমত বোধ হইবেক ।—১৮৪১ সালের ১৭ ডিসেম্বরের সরকুলর অর্জর।—১৩৬ পৃষ্ঠা।

১২২। এই বিষয়ে কোন ভূম না হয় এই নিমিত্তে তকুম হইল যে উক্ত প্রকার আপী-লের দর্থান্ত কোন অধস্থ আদালতে কোন উকীলের দাখিল করিতে হইলে ভাঁহার ওকা-লতনামায় এমত কথা লেখা থাকিবেক যে ঐ এক্তেলা লইতে ভাঁহাকে বিশেষ ক্ষমতা দেওয়া গেল কিন্তু ওকালতনামায় ঐ কথা না লেখা থাকিলেও উকীল ভাহা লইবার ভারহইতে মুক্ত নহেন্।—১৮৪১ সালের ১৭ ডিসেম্বরের সরকালর অর্ডর।—১৩৬ পৃষ্ঠা।

১২৩। আপীলী মোকদমাসকলের রোয়দাদ পাঠাইবার সময়ে জিলা বা শহরের জজ সাহের অথবা প্রধান সদর আমীন কেবল আসুল সওয়ালজওয়াবের কাগজ ও জোবানবন্দী ও দস্তাবেজ এক ফিরিন্তিসমেত পাঠাইবেন এবং দাক্ষিকে হাজির করিবার দরখান্ত ও প্রওয়ানা ও অন্যান্য নানাপ্রকার কাগজপত্র প্রথমতঃ পাঠাইবেন না। যদি এইমত নানাপ্রকার কাগজ দৃষ্টি করিতে আবশ্যক বোধ হয় তবে দদর আদালত তাহা তলব করিবেন।—১৮৩১ দা। ৯ আ।৮ ধা।—১৩৭ পৃষ্ঠা।

১২৪। ৫০০০ টাকার উর্ক্ব মুল্যের মোকদমায় প্রধান সদর আমীনের নিষ্পত্তির উপর জাবেতামত আপীলের সমস্ত দর্থাস্ত একেবারে সদর আদালতে কিয়া প্রধান সদর আমীনের নিকটে করিতে হইবেক। প্রধান সদর আমীনের নিকটে দাখিল হইলে যদি নিরুপিত মিয়াদের মধ্যে দর্খাস্ত দাখিল হইয়া থাকে তবে তিনি যত শীঘু হইতে পারে ঐ আপীলের দর্খাস্ত এবং তাহার সঙ্গে যে কাগজপত্র গাঁথা গিয়া থাকে তাহা আপনার পদসম্পর্কীয় মোহরে ও দস্তখতে সটিফিকটসমেত সদর আদালতের রেজিইটর সাহেবের নিকটে পাচাইবেন এবং উভয় বিবাদির নাম এবং ডিক্রীর খোলাসা এবং তাহার তারিখ এবং যে তারিখে দর্খাস্ত দাখিল হইয়াছিল তাহা এক ক্রকারীতে লিখিয়া তাঁহার নিকটে পাচাইবেন। কিন্তু সদর আদালতের হুকুম না পাওয়াপর্যান্ত তিনি আসল কাগজপত্র নকল করাইবেন না অথবা সেই কাগজ পাচাইবেন না। পরে হুকুম পাইলে অতিসাবধান করিয়া তাহা পাচাইবেন এবং রোয়দাদের যে নকল করিতে হুকুম আছে তাহা নির্ক্তিয়ে থাকিবার নিমিত্ত জজ সাহেবের রিকার্ডদন্তরে দাখিল করিবেন।—১৮৪০ সাল্লের ৬ জানুআরির সর্কুলর অর্জর।—১৩৭ পৃষ্ঠা।

১২৫। প্রথমতঃ উপস্থিত মোকদ্মায় জিলা ও শহরের জজ সাহেব যে ডিক্রী করেন্
এবং ১৮৩৭ সালের ২৫ আইনানুসারে প্রধান সদর আমীনেরা যে ডিক্রী করেন্ তাহার
উপর আপীল হইলে সেই আপীলের দরখান্ত যদি জজ সাহেব অথবা প্রধান সদর আমীনের নিকটে দাখিল হয় তবে তাহার সঙ্গে আপীলহওয়া ডিক্রীর নকল দিবার আবশ্যক
নাই।—১৮৩৮ সালের ২৪ আগত্তের সরক্যুলর অর্ডর।—১৩৭ পৃষ্ঠা।

১২৬। ঐ আপীলের আরজী ডিক্রী হওনের পর তিন মাসের মধ্যে জজ সাহেব অথবা প্রধান সদর আমীনের নিকটে দিতে হইবেক এবং কোন কারণে ঐ তিন মাসহইতে কিছু অধিক কাল দেওয়া যাইবেক না। যদি তিন মাসের মধ্যে না দেওয়া যায় তবে জজ সাহেব অথবা প্রধান সদর আমীন এমত লিখিতে পারিবেন না যে তাহা রীতিমত দাখিল হইয়াছে।—১৮৩৮ সালের ২৪ আগস্টের সরকুলের অর্ডর।—১৩৮ পৃষ্ঠা।

১২৭। জন্ধ সাহেব ও প্রধান সদর আমীনের প্রতি ক্রকুম হইল যে তাঁহারদের আমলারা ঐ ডিক্রীর নকল প্রস্তুত করণে অনাবশ্যক কোন বিলম্ব না করেন্ এই বিষয়ে তাঁহারা অত্যন্ত মনোযোগী হন্। ১৮১৪ সালের ২৬ আইনের ৮ ধারার ৯ প্রকরণে যে সকল বৃদ্ভান্ত লিথিবার ছকুম আছে সেই সকল বৃদ্ভান্ত সিরিশ্তাদার ঐ ডিক্রীর নকলের পৃষ্ঠে লিথিবেন এবং ইফাল্পকাগন্ধ দাথিল হওনের পর এক মাসের মধ্যে যদি ডিক্রীর নকল না দেওয়া যায় তবে ঐ বিলয়্বের কারণ স্পাই্ট করিয়া লিথিবেন।—১৮৩২ সালের ১৮ মের সরকালর অর্জর।—১৩৮ পৃষ্ঠা।

১২৮। যথন কোন আপীলী মোকদমার আসল কাগজপত্র পাঠান যায় তখন সেই কাগজপত্র পথিমধ্যে হারাণ যাইতে পারে তাহার প্রতিকারের নিমিন্ত ঐ কাগজপত্রর নকল নিয়ত রাখিতে হইবেক। কিন্তু আপীল আদালত ঐ কাগজপত্র তলব না করিলে তাহার নকল হইবেক না ও তাহা পাঠান যাইবেক না।—৭৪২ নম্বরী আইনের অর্থ।— ১৩৮ পৃষ্ঠা।

১২৯। ১৩০। ১৩১। ১৩২। আপীলের আরম্ভীর দকে যে দটি ফিকট পাচাইতে হয় তাহার দুই পাচ মূল গ্রন্থের মধ্যে লেখা আছে। তাহার দকে যে রবকারী পাচান যায় তাহা কথন কাগজের উভয় পৃষ্ঠায় লিখিতে হইবেক না।—২৮৩৪ দ্বালের ২৪ অক্টোবরের সরকালর অর্জর।—১৩৯ পৃষ্ঠা।

১৩৩। প্রধান সদর আনীন আপীলের সটিফিকট উর্দু ভাষার লিথিয়া সদর আদা-লভে পাঠাইবেন।—১৮৩৯ সালের ১০ সেপ্টেশ্বরের সরক্যুল্র অর্ডর।—১৩৯ পৃষ্ঠা।

১৩৪। সদর দেওয়ানী আদালতের প্রতি যে ক্ষমতার্পণ হইয়াছে তদনুসারে কার্য্য করিবার নিমিত্ত নানা অধন্থ আদালতের প্রতি ছকুম হইল যে উভয় পক্ষের বিবাদের মূলীভূত বিষয় এবং যে২ হেতুতে ডিক্রী বা ছকুম করিয়া থাকেন্ ভাহা নিয়ত লেখেন্।—১৮৩১ সা। ৯ আ। ২ ধা। ৭ প্র।—১৪০ পৃষ্ঠা।

১৩৫। ১৮১৪ সালের ২৬ আইনের ১০ ধারানুদারে যে রোয়দাদ প্রক্ত করিবার জকুম আছে তাহা জজ সাহেবেরা আপীলী মোকদমার কাগজপত্তের সঙ্গে নিয়ত সদর আদালতে পাঠাইবেন। ইহা না পাঠাওনেতে অনেক ক্লেশ হইতেছে যেহেতুক আপোলাও কথন২ কহে যে আমি যে দলীলদস্তাবেজ দাখিল করিতে চাহিয়াছিলাম তাহা জজ সাহেব লন্ নাই অথবা যে সাল্লির ইসমনবীসী দিয়াছিলাম তাহারদের নামে জল সাহেব সফীনা দেন্ নাই।—১৮৩৬ সালের ৫ আগঠের সরকালর অর্জ্ব।—১৪০ পৃষ্ঠা।

১৩৬। সদর আদালতে আপীলের দর্থীস্ত পাঠাওনের সময়ে জিলার জজ সাহেব এবং প্রধান সদর আমীন ইহা লিথিয়া জানাইবেন যে আপীলহওয়া ডিক্রী জারী হইয়াছে কি না।—১৭৯৬ সালের ২৭ আপ্রিলের সরক্যুলর অর্ডর!—১৪০ পৃষ্ঠা।

১৩৭। সদর আদালতের এক জন জজ সাহেব ছকুম করিতে পারেন্ যে কোন মো-কদমার যেপর্যান্ত চূড়ান্ত ছকুম না হয় সেইপর্যান্ত অধন্থ আদালতের ডিক্রী বা ছকুম ন্থ্যিত থাকে।—১৮৩১ সা। ৯ আ। ২ ধা। ৫ প্র।—১৪০ পৃষ্ঠা।

### ৯ ধারা

## আপীলী মোকদমার খরচার মালজামিন।

[সদর দেওয়ানী আদালতে আপীলী মোকদমার খরচার মালজামিনী দিবার যে স্কুম ছিল তাহা ১৮৪১ সালের ১৭ আইনের দ্বারা রদ হইয়াছে। অতএব নীচের লিখিত বিধান কেবল জিলা ও শহরের জজ সাহেবেরদের ও অধস্থ আদালতের নিষ্পত্তির উপর আপীলের বিষয়ে খাটে।]

১৩৮। যদি জাবেতামত আপীল গ্রাহ্য হয় তবে আপোলান্ট আপীলের আর্জীর নঙ্গে আপীলের অর্চার নিশার কারণ মাতবর মালজামিনী দিবেক। এইমত জামিনী দাখিল না কুরলে অথবা দাখিল করণের অক্ষমতার প্রমাণ না দিলে তাহার আপীল মঞ্জুর হইবেক না। যদি কেহ আপীলের আর্জী দিয়া নিরূপিত মিয়াদের মধ্যে ঐ জামিনী দাখিল না করে তবে দেই মিয়াদ গতে তাহার আপীলের অধিকার আর থাকিবেক না। —১৭৯৮ সা। ২ আ,। ১০ ধা।—১৪১ পৃষ্ঠা।

১৩৯। সদর দেওয়ানী আদালত বিধান করিয়াছেন যে আপীলের আরজীর সক্ষেমালজামিনী দাখিল না করিলে যদ্যপি আপীল গ্রাহ্য হইতে পারে না তথাপি আরজীর সক্ষে জামিনী দাখিল না করণের যদি মাতবর কারণ দর্শান যায় তবে আদালত সেই আরজী গ্রাহ্য করিতে এবং আপেলাউকে জামিনী দাখিল করিবার উপযুক্ত সময় দিতে পারেন্।—১৬৯ নম্বী আইনের অর্থ।—১৪১ পৃষ্ঠা।

১৪০। আপালা মোকদমাতে যে ব্যক্তি আপেলান্টের খরচার জামিন হয় তাহার একরারনামার মজমুন এই যে আপালের নিষ্পান্তি হওনসময়ে আপোলেটর স্থানে যে কোন ব্যক্তি থাকুক আপালের সমস্ত খরচার নিশা করিব। অভএব যখন আপেলান্ট কিরেসপাণ্ডেন্ট অথবা জামিন আপাল উপস্থিত থাকিতে মরে তথন নূতন জামিনী তলব করিবার আবশাক নাই যেহেতুক তাহাতে অনেক ক্লেশ ও বিলম্ব হয়।—১৮৩২ সালের ১৩ জুলাইর সরকুলর অর্ডর।—১৪১ পৃষ্ঠা।

১৪১। মুনসেফেরদের ডিক্রীর উপর যে আপীল হয় তাহাতে থরচার নিশার কারণ জামিনী তলব করিতে আইনে কোন বিধি নাই অতএব সদর আদালত বিধান করিতেছেন যে মুনসেফের ডিক্রীর উপর যে ব্যক্তি আপীল করে তাহার ঐ প্রকার জামিন দিবার আ-বশ্যক নাই।—১৮৩৭ সালের ৮ সেপ্টেম্বরের সরক্যুলর অর্ডর।—১৪১ পৃষ্ঠা।

িকিন্ত তাহার পর জারীহওয়। আইনে এমত ত্কুম হইল যে আপীল আদালত রেক্পাণ্ডেনকৈ হাজির না করাইয়া আপীলের ডিক্রী বহাল রাখিতে পারেন্ এইপ্রযুক্ত আপীলের আরজীর সঙ্গে আপেলান্ডের খরচার জামিনী দিবার আবশ্যক নাই। কিন্তু যথন আপীল আদালত সেই মোকদ্দমা জাবেতামত আপীলের ন্যায় শুনিতে এবং রেক্পাণ্ডেনকৈ তলব করিতে নিশ্চয় করেন্ তথন খরচার নিশার কারণ জামিনী আপেলান্ডের স্থানে তলব করিতে হইবেক। নীচের লিখিত বিধান এই নূতন নিয়মের সঙ্গে সম্পর্ক রাখে।

১৪২। এক্ষণে আপীল আদালত পক্ষান্তর ব্যক্তিকে হাজির না করাইয়া অধস্থ আদালতের নিষ্পত্তি বহাল রাখিতে অথবা তাহার পুনর্ম্কিচার করিতে প্রকুম দিতে পারেন্
অতএব আপীলের আর্জীর দক্ষে জামিনী তলব করিবার আবশ্যক নাই।—১৮৩৩ দালের
২৮ জ্বনের সর্কুলের অর্জান অর্জা ।—১৪১ পৃষ্ঠা।

১৪৩। যথন আপীল আদালত রেক্সাণ্ডেইকে তলব করিবার আবশ্যক বোধ করেন্
তথন আপীলের থরচার জামিনী দাখিল করিবার নিমিত্ত আপোলইকে কত মিয়াদ দেওয়া
যাইবেক এই বিষয়ে সন্দেহ হওয়াতে বিধান হইল যে ১৮১৪ সালের ২৬ আইনের ৮
ধারার নিয়মমতে হিসাবকরা এক মাস অতীত হওনের পর যদি রেক্সাণ্ডেইকে তলব
করিতে এবং জামিনী দাখিল করিতে হুকুম হয় এবং আপোলই তৎক্ষণাৎ জামিনীপত্র
দাখিল করিতে প্রস্তুত্ত না থাকে তবে যে আদালতে আপীলের বিচার হয় সেই আদালত
জামিনী দাখিল করিবার নিমিত্ত যে মিয়াদ উপযুক্ত বুঝেন্ তাহা নির্দ্দিষ্ট করিতে পারেন্।
এবং যদি আপোলটে সেই মিয়াদের মধ্যে জামিনী দাখিল না করে অথবা দাখিল না করণের মাতবর কারণ না দেখায় তবে তাহার আপীল কসুরপ্রযুক্ত ডিসমিস হইবেক।—১৮৩৯
সালের ১২ জুলাইর সরকুলের অর্ডর।—১৪২ পৃষ্ঠা।

১৪৪। উক্ত বিধান প্রধান সদর আমীনের আদালতের বিষয়ে থাটিবেক এবং জজ সাহেধের আদালতহইতে থারচার নিমিত্ত জামিনী দাখিল করণের বিষয়ে যদি তকুম না হইয়া থাকে তবে ঐ আপীল প্রধান সদর আমীনের নিকটে অর্পণ হইলে পর তিনি কিছু বিলয় না করিয়া সেই জামিনী দাখিল করণের বিষয়ে ত্রকুম দিবেন।—১৮৩১ সালের ১২ জুলাইর সরকাুলর অর্ড্র।—১৪২ পৃষ্ঠা।

১৪৫। ডিক্রীর তারিখের পর এক মাদের মধ্যে যদি জামিনী দাখিল করণের ত্রকুম হয় এবং এক মাদ পূর্ণ হওনের অবশিষ্ট যে কাল থাকে তাহা যদি এমত অপপ হয় যে আপেলার্ট মাদ শেষ হওনের পূর্বেজামিনী দাখিল করিতে না পারে তবে জজ দাহেব আপনার বিবেচনামতে তাহাকে অধিক মিয়াদ দিতে পারেন্।—১২৪৪ নমূরী আইনের অর্থ।—১৪২ পৃষ্ঠা।

ভিন্ন রাজারদের অধিকারনিবাসি আপেলান্ট ও রেসপাণ্ডেন্টের দ্বারা আপীলা মোকদমার শ্বরুচার জামিনী দেওনের বিষয়ি বিধি ও অধ্যায়ের ৬১ ধারাতে লেখা আছে।]

## ১০ ধারা।

## আপীলী মোকদমার শুনন ও নিষ্পত্তিকরণ।

১৪৬। প্রথমত উপস্থিতহওয়া মোকদমার সওয়াল ও জওয়াবের যেরূপ কর্ম হয় সেইরূপে আপালের সওয়াল ও জওয়াব করিবার আইনের মধ্যে যে ছকুম আছে তাহা নীচের লিখিতমতে মতান্তর হইল।—১৮১৪ সা। ২৬ আ। ১ ধা। ১ প্র।—১৪২ পৃষ্ঠা। ১৪৭। রেকপাণ্ডেন্টের ক্ষমতা আছে যে ঐ দরখান্তের ও আপীলের হেতুর জওয়াব দাখিল করে বা না করে। ঘদাপি দাখিল না করে তবে যে আদালতে আপীলের বিচার হয় সেই আদালত ঐ দরখান্তের জওয়াব কি মোকদ্দমা কপান্ট বুঝিবার নিমিন্ত যে বিশেষ কথার জওয়াব দাখিল হওয়া উচিত বুঝেন্ তাহা দাখিল করিবার হুকুম দিতে পারেন্।
—১৮১৪ সা। ২৬ আ। ৯ ধা। ২ প্র।—১৪৩ পৃষ্ঠা।

১৪৮। আপেলান্টের আপীলের দরখাস্ত ও আপীল করণের হেতু ও রেম্পাণ্ডেন্টের জওয়াবভিন্ন আর কোন সওয়াল ও জওয়াব লওয়া ঘাইবেক না। কিন্তু যদি এই আইনের ৭ ধারার ১ প্রকরণের মতে নালিশের আরজীর অন্য নকল দাখিল করণের আবশ্যক হয় কিয়া এই আইনের ৬ ধারার ৩ প্রকরণানুসারে আদালত কোন অবশেষ সওয়াল ও জওয়াব দাখিল করিবার অনুমতি দেন্ তবে তাহা দাখিল হইতে পারে।—১৮১৪ সা। ২৬ আ। ১ ধা। ৩ প্র।—১৪৩ পৃষ্ঠা।

১৪৯। ১৮১৪ সালের ২৬ আইনের ১২ ধারার বিধি কেবল প্রথমত উপস্থিতহওয়া মোকদ্দমার বিষয়ে খাটে আপীলী মোকদ্দমার বিষয়ে খাটে না।—১১৯১ নম্বরী আইনের অর্থ।—১৪৩ পৃষ্ঠা।

১৫০। ১৮১৪ সালের ২৬ আইনের ১০ ধারার বিধি যেমত প্রথমত উপস্থিত মোকদ্দনার বিষয়ে থাটে। অতএব সকল মোকদ্দনার বিষয়ে থাটে। অতএব সকল মোকদ্দনার যে মূল বিষয় লইয়া বিবাদ হয় এবং উভয় বিবাদী যে২ হেতুতে আপনারদের সপ্তয়ালজওয়াবের পোষকতা করে তাহা আদালত অতিমনোযোগপূর্বক লিখিয়া রাখিবেন।
—১৮৪০ সালের ২ অক্টোবরের সর্কুলের অর্ডর।—১৪৩ পৃষ্ঠা।

১৫১। মোকদমা যথার্থমতে নিষ্পত্তি করিবার নিমিত্ত অন্যান্য যে সাক্ষির সাক্ষ্য লইবার আবশ্যক বোধ হয় তাহা আপীল আদালত লইতে পারেন্ কিয়া সেই মোকদমা বিচারের কারণ অধস্থ আদালতে পুনর্কার সোপর্দ করিতে পারেন্ এবং যথার্থ বিচারার্থে অন্যান্য যে সাক্ষির সাক্ষ্য লইবার আবশ্যক বোধ হয় তাহা অধস্থ আদালতকে লইতে হুকুম করিতে পারেন্।—১৭৯৩ সা। ৫ আ। ১৮ ধা।—১৪৪ পৃষ্ঠা।

১৫২। যদ্যপি আপেলাউ ছয় সপ্তাহের মধ্যে আপনার মোকদমার সওয়ালজওয়াব না করে এবং তাহা না করিবার কোন বিশিষ্ট হেডু না দর্শাইতে পারে তবে মোকৃদমা ডিসমিস হইবেক এবং জজ সাহেব রেসপাণ্ডেউকে আদালতের খরচা দেওয়াইতে পারেন্। কিন্তু আপীল আদালতের সাহেবেরা আপেলাউকে মোকদমা চালাইতে অনুমতি দিলে কিয়া তাহা ডিসমিস করিলে তাহার হেডু রোয়দাদের বহীতে লিখিবেন।—১৭৯৩ সা। ৫ আ। ২১ ধা।—১৪৪ পৃষ্ঠা।

১৫৩। যদি কোন আদালতে কোন সময়ে ফরিয়াদী অথবা আপেলান্ট ছয় সপ্তাহ-পর্যান্ত মোকদ্দমা বা আপীল চালাইতে ফটি করে তবে সেই মোকদ্দমা বা আপীল ডিস-মিস হইবেক। মোকদ্দমা বা আপীল ডিসমিস করণের পূর্বে ফরিয়াদী অথবা আপেলান্টকে কিছু এভেলা দিবার আবশ্যক নাই। যদি বিশেষ দর্থান্তক্রমে অধিক মিয়াদ দেওয়ার বিষয়ে ফরিয়াদী অথবা আপেলান্ট পূর্বে আদালতের অনুমতি না পাইয়া থাকে তবে আদালতের অথবা আসামীর কি অন্য কাহারো কোন কর্ম করণব্যতিরেকে এবং কারণ না দর্শাইয়া ঐ মোকদ্দমা বা আপীল কাযেহ ডিসমিদ হইবেক। আদালত যদি কোন গতিকে অধিক মিয়াদ দেন্ তবে তাহার কারণ রোয়দাদের বহীতে লেখাইবেন কিন্তু যদি অধিক মিয়াদ না দেন্ তবে তাহার কারণ বহীতে লিখিবার আবশ্যক নাই।—১৮৪১ সা। ২৯ আ। ১ ধা।—১৪৪ পৃষ্ঠা।

১৫৪। উক্ত আইন জারী হওনের তারিখে আদালতের নথীতে যে সকল মোকদ্দমা মুলতবী ছিল তাহা বাদী কিয়া প্রতিবাদী ঐ তারিখঅবধি ছয় সপ্তাহপর্যন্ত চালাইতে ফুটি করিলে ঐ মোকদমাতে ঐ আইন খাটিবেক এবং ঐ আইনের ছাপাহওয়া নকল যে তারিখে কোন কাছারীতে পঁলছে দেই তারিখঅবধি ঐ ছয় সপ্তাহ গণ্য হইবেক।—১৮৪১ সালের ২৪ ডিসেম্বরের সরকালর অর্ডর।—১৪৫ পৃষ্ঠা।

১৫৫। যথন আপীলের দর্থান্ত সদর দেওয়ানী আদালতে দেওয়া যায় তথন যে তারিখে দর্থান্ত আদালতে প্রজরাণ যায় দেই তারিখঅবধি আপীল উপস্থিতহওয়া গণ্য হইবেক। কিন্তু যে আদালতে মোকদ্দমা হইয়াছিল তথায় যথন আপীলের দর্থান্ত প্রজরাণ যায় তথন সদর আদালতে যে তারিখে দর্থান্ত পঁত্রছে সেই তারিখঅবধি আপীল উপস্থিতহওয়া গণ্য করিতে হইবেক এবং আপেলাইকে যে ছয় সপ্তাহের মিয়াদ দেওয়া গিয়াছে তাহার মধ্যে যদি সেই বাক্তি য়য়ং অথবা তাহার উকাল আপীলের হেতুনা প্রজরায় তবে তাহার কসুর হইয়াছে বোধ হইবেক এবং তাহার আপীল ডিসমিস হইবেক। শুদ্ধ উকীল নিযুক্তকরণেতে তাহার আপীল ডিসমিস হওনের প্রতিবন্ধক হইবেক না।—১৮৪১ সালের ৩১ ডিসেম্বরের আইনের অর্থ।—১৪৫ পৃষ্ঠা।

১৫৬। উক্ত ১ ধারানুসারে [১৫৩ নম্বর] মোকদ্দমা বা আপীল ডিসমিস হইলে আসামী অথবা রেম্পাণ্ডেট তাহাতে যে সকল খরচপত্র করিয়া থাকে তাহা আদালত তাহাকে দেওরাইবেন। কিন্তু মোকদ্দমা এরপে ডিসমিস হইলে যদি অন্য কোন প্রতিবন্ধক না থাকে তবে কেবল ডিসমিস হওনপ্রযুক্ত নূতন মোকদ্দমা বা আপীল করণের নিবারণ হইবেক না।—১৮৪১ সা। ২৯ আ। ২ ধা।—১৪৫ পৃষ্ঠা।

১৫৭। প্রতিবাদি ব্যক্তিকে রেম্পাও করিতে অর্থাৎ জওয়াব দিতে তলব না হইলে বদি সেই ব্যক্তি উপস্থিত হয় তবে আইনানুসারে ঐ আপীল ডিদমিদ হইলে তাহাকে আদালতের খরচা দেওয়াইতে অকুম হইবেক না যেহেতুক তলব না হইলে তাহাকে প্রকৃত-মতে রেম্পাতেন্ট কহা ঘাইতে পারে না।—১৩২৭ নমুরী আইনের অর্থ।—১৪৫ পৃষ্ঠা।

১৫৮। ১৮৪১ সালের ২৯ আইনের ১ ধারানুসারে আপেলাট নূতন আপীল করিতে পারে এই কথা সাধারণ এবং সকল আপীলের বিষয়ে খাটে অতএব যদি জিলার জজ্ঞ সাহেবের আদালতে ঐ আইনানুসারে কোন আপেলাট কসুর করে এবং তাহার মোকদ্দমানথীহইতে উঠান যায় তবে তাহার আপীল মিথ্যা হইল।—১১৩৪ নম্বরী আইনের অর্থ।—১৪৬ পৃষ্ঠা।

১৫৯। [জিলা ও শহরের আদালতের জজ সাহেবেরা এবং প্রধান সদর আমীনেরা যেমতে ও যে পরাক্রমানুসারে এবং যে বিধি ও নিষেধ দৃট্টে প্রথমত উপস্থিতহওয়া মোকদ্মার বিচার ও নিষ্পত্তি করেন্ সাধাপর্যান্ত সেইরূপে আপীলী মোকদ্মার বিচার ও নিষ্পত্তি করেন্ সাধাপর্যান্ত সেইরূপে আপীলী মোকদ্মার বিচার ও নিষ্পত্তি করিবেন এবং প্রথমত উপস্থিতহওয়া মোকদ্মায় যেরূপে ডিক্রী প্রস্তুত ও নকল করিতে এবং সেই ডিক্রী উভয় বিবাদিকে দিতে কি দিবার প্রস্তাব করিতে ভুকুম আছে সেইরূপে ভাঁহারা আপীলী মোকদ্মার ডিক্রীর বিষয়ে করিবেন।

১৬০। প্রথমত উপস্থিতহওয়া মোকদ্দমায় যেমতে আপীলের আরজী ও সওয়াল ও জওয়াব ও জোবানবন্দী ও নিদর্শনপত্র নম্বর বিলিও তাহাতে চিক্ষ ও তারিথ ও দস্কুপৎ হয় সেইরপ আপীলী মোকদ্দমার আরজীপ্রভৃতির নম্বর বিলিইত্যাদি করিতে হইবেক। —১৭৯৩ সা। ৫ আ। ২৯ ধা।—১৪৬ পৃষ্ঠা।

১৬১। অনর্থক আপীল নিবারণ করণের জন্য যে আপীল আদালত অধস্থ আদাল-তের কোন ডিক্রী বহাল রাখেন্ সেই ডিক্রীর সংখ্যার উপর সেই ডিক্রীর তারিখহইতে শতকরা ১ টাকার হারে সুদসমেত ঐ আদালত ডিক্রী করিবেন এবং আপীল অনর্থক দৃষ্ট হইলে আপেলান্টের জরীমানা করিবেন।—১৭১৬ সা। ১৩ আ। ৩ ধা।—১৪৬ পৃষ্ঠা।

১৬২। যদি ডিক্রীর উপর আপীল হইলে তাহা বহাল থাকে তবে ১৭৯৬ দালের ১৩ আইনের ও ধারানুদারে ঐ ডিক্রীর তারিএঅবধি টাকা পরিশোধ না হওনের তারিএ-পর্যান্ত যে আদল টাকা ও সুদ ও থরচার হুকুম আদল ডিক্রীতে হইয়াছিল তাহার মোট টাকার উপর সুদ দিবার ডিক্রী করিতে হইবেক।—১৮৩৬ দালের ৪ মার্চের দরকুলের অর্ডর।—১৪৬ পৃষ্ঠা। ১৬৩। বর্ত্তমান আইনানুসারে ১৭৯৩ সালের ও আইনের ১২ ধারার বিধিসম্পর্নীয় মোকদ্দমায় যে ব্যক্তির জরীমানা হয় সেই ব্যক্তি ভাষা না দেওরাপর্যান্ত কয়েদ হইবার যোগ্য হইবেক কিন্তু যদি ১৭৯৬ সালের ১৩ আইনের ও ধারানুসারে অনর্থক আপীল করণের নিমিত্ত জরীমানা হয় তবে অপরাধি ব্যক্তি সেই টাকা তৎক্ষণাৎ না দিলে আদালতের ডিক্রী জারী করণের বিষয়ে যে হুকুম আছে সেই হুকুমানুসারে ঐ টাকা উসুল হইবেক।—১০৯৬ নম্বরী আইনের অর্থ।—১৪৬ পৃষ্ঠা।

[কিন্ত জানা কর্ত্তব্য যে আলাহাবাদের সদর আদালত সম্পুতি কহিয়াছেন যে ১৭৯৬ সালের ১৩ আইনের ৩ ধারা জিলা আদালতের বিষয়ে খাটে কি না এই বিষয়ে সন্দেহ হইতে পারে যেহেতুক তাহা জরীমানাকরণ বিষয়ের আইন।]

১৬৪। যদি সেই দাওয়া অধস্থ আদালতে ডিসমিস হইয়া আপীল আদালতে ডিক্রী হয় তবে অধস্থ আদালতের নিষ্পত্তি হওনের তারিথপর্যান্ত সুদের হিসাব করিতে হইবেক এবং ঐ আসল টাকা ও সুদ ও খরচা এই মোট টাকার উপর দেনা পরিশোধ না হওনের তারিথপর্যান্ত সুদ দিবার অকুম করিতে হইবেক।—১৮৩৬ সালের ৪ মার্চের সর্কুলর অর্ডর।—১৪৭ পৃষ্ঠা।

১৬৫। যথন মোকদমার থরচা ডিক্রীর মধ্যে লেখা যায় তথন ডিক্রীকরণিয়া আদালত যে বিষয়ের ডিক্রী করেন্ ঐ থরচা সেই বিষয়ের এক অৎশ হয় এবৎ তাহার উপর আদালতের ডিক্রীর তারিথঅবধি সুদ চলিবেক।—৭১৫ নম্বরী আইনের অর্থ।—১৪৭ পৃষ্ঠা।

১৬৬। রেসপাতে ত অধস্থ আদালতে দে নালিশ করিয়াছিল সেই নালিশ যদ্যপি আপীল আদালত ব্যামোহদায়ক জান করেন্তথাপি সেই আদালত ঐ রেসপাতেওের জরীমানা করিতে পারেন্ন।—১৮৩৩ সালের ২৫ জানুআরির সরক্যুলর অর্ড্র ।—১৪৭ সৃষ্ঠা।

### ১১ ধারা।

আপীল করণের সময়ে বিলায়তের সনদঅপ্রাপ্ত অর্থাৎ অচিছিত বিচারকেরদের ছকুম জারী করণ কি স্থগিত রাখণ।

১৬৭। মুনদেফের নিষ্পারির উপর আপীল মঞ্র হইলে যদি আপেলাট আদাল-তের ফয়সলা আমলে আনিবার নিমিত্ত জজ সাহেব যে মিয়াদ নিরূপণ করেন্ তাহার মধ্যে মাতবর জামিন দেয় তবে জজ সাহেব মুনদেফের সেই ডিক্রী স্থগিত রাখিতে পারেন্।— ১৮১৪ সা। ২৩ আ। ৪৬ ধা। ৫ প্র।—১৪৭ পৃষ্ঠা।

১৬৮। ১৬৯। উক্ত ৫ প্রকরণে লেখা আছে যে জজ সাহেব ডিক্রী জারী স্থগিত "করিতে পারেন্" ইহাতে কোনং জজ সাহেবেরা বোধ করিলেন যে মাতবর জামিনী দাখিল হইলে তাঁহারা আপনং বিবেচনামতে সেই ডিক্রী জারী বা স্থগিত করিতে পারেন্। তাহাতে সদর আদালত বিধান করিলেন যে নগদ টাকা অথবা অন্য অস্থাবর সম্পত্তির বিষয়ে মুনসেফের আদালতে ডিক্রী হইলে এবং তাহার উপর আপীল হইলে যদি আপেলান্ট আপীল আদালতের করা নিক্ষত্তি আমলে আনিবার নিমিত্ত মাতবর জামিনী দাখিল করে তবে ডিক্রী অবশ্য স্থগিত করিতে হইবেক।—২৮৪ নমুরী আইনের অর্থ।—১৪৭ প্রতা।

[এই অধ্যায়ের ১৬৭ নম্বরী বিধান ১৮১৪ সালের ২৩ আইনের ৭৩ ধারার ছারা সদর আমীনেরদের প্রতি খাটান গেল।]

১৭০। সদর আমীনের নিষ্পান্তির উপর জিলার জজ সাহেবের নিকটে আপীল হইলে সেই ডিক্রী জারীকরণ বা ছগিত করণের ভার ঐ জজ সাহেবের প্রতিই আছে এবং ছে প্রধান সদর আমীনের নিকটে ঐ আপীল সোপর্দ হয় তাঁহার প্রতি সে ভার নাই।—৬৪৬ নম্বরী আইনের অর্থ।—১৪৭ পৃষ্ঠা। [৫০০০১ টাকার অনুর্ক্ধ যে মোকদ্দমা প্রধান সদর আমীনের দ্বারা নিষ্পত্তি হইয়া তাহার উপর জাবেতামত আপীল জিলার জজ সাহেবের নিকটে হয় সেই২ মোকদ্দমার বিষয়ে পূর্বোক্ত আপীলসম্পর্কীয় বিধি খাটে!]

## ১২ ধারা।

ভূমিবিষয়ক মোকন্দমায় জিলার আদালতের নিষ্পত্তির উপর সদর আদালতে আপীল হইলে ঐ জিলার আদালতের গুকুম জারী কি স্থগিত রাথণ।

১৭১। যদি কোন ব্যক্তি আপন দখলে না থাক। ভূমি কিয়া বাটী কি অন্য স্থাবর বন্ধর মত্তের দাওয়াতে নালিশ করে এবং মোকদমার দোষগুণ বিবেচনা করিয়া ঐ ফরিয়াদীর হকে সেই বন্ধর ডিক্রী হয় তবে সেই ব্যক্তি আপীলমুখে যে ডিক্রী হয় তাহা মানিবার অর্থে মাতবর জামিনা দাখিল করিলে সেই মোকদমার আপীল উপস্থিত হইলেও ফরিয়াদী ঐ বন্ধর দখল পাইবেক। যদি সেই বন্ধ মালগুজারীর ভূমি হয় তবে তাহার এক বৎসরের উৎপন্নের ও লাখেরাজ ভূমি হইলে তাহার দশ বৎসরের উৎপন্নের ও বাটী কিয়া অন্য কোন স্থাবর বন্ধ হইলে তাহার আন্দাজী মূল্যের সংখ্যার জামিন দিতে হইবেক।—১৮০৮ সা। ১৩ আ। ১১ ধা। ২ প্র।—১৪৮ পৃষ্ঠা।

১৭২। যে আদালতে আপীল উপস্থিত হয় সেই আদালতের জজ সাহেব আপীলের অবস্থাতে যদি বিরোধি বন্ধ আপেলান্টের ভোগদখলে থাকা বিহিত বোধ করেন্ তবে আপেলান্টের স্থানে উপরের লিপিতমতে এক কেতা জামিনী লইয়া ঐ বন্ধ তাহার ভোগদখলে রাখিতে পারেন।—১৮০৮ সা। ১৩ আ। ১১ ধা। ৩ প্র।—১৪৮ পৃষ্ঠা।

১৭৩4 কোনং গতিকে এমত হইতে পারে যে অধস্থ আদালত রেন্সণাত্তি কৈ বিরোধি বিষয়ের ভোগদখল দেওয়াইলে পর সেই বন্ধ তাহার হাতছাড়া করিয়া তাহা আপেলাকের দখলে রাখিতে আপীল আদালত উচিত বোধ করিতে পারেন্ কিন্তু এমত সকল বিষয় ভাঙ্গিয়া লেখা দৃঃদাধ্য।—১০ নমুরী আইনের অর্থ।—১৪৮ পৃষ্ঠা।

১৭৪। আইনানুসারে যেং মোকন্দমার আপীল হইতে পারে দেইং মোকন্দমার আপীল করণের নিরুপিত মিয়াদ অতীত না হইলে শেষ ডিক্রী মানিবার অর্থে ডিক্রীদার জামিন না দিলে তাহাকে সেই ভূমির দখল দেওয়াইতে হইবেক না কিন্তু সেই ব্যক্তি যদি জামিনী দিবার প্রস্তাব করে তবে ১৮০৮ সালের ১০ আইনের ১১ ধারার ২ প্রকরণানুসারে তাহাকে দখল দেওয়ান যাইতে পারে।—৫৩৬ নম্বরী আইনের অর্থ।—১৪৯ পৃষ্ঠা।

১৭৫। উক্ত আইনের অর্থের মধ্যে (অর্থাৎ এই অধ্যায়ের ১৭৩ নম্বরী বিধান) যে গতিকে অধস্থ আদালত রেক্পাণ্ডেন্টকে ভূমির দখল দেওয়াইয়াছেন সেই গতিকে সেই ভূমির দখল পুনর্বার আপেলান্টকে দেওয়াইতে আপীল আদালতের ক্ষমতার বিষয় লেখে। তাহাতে সূত্রাৎ বোধ হইতে পারে যে তিছিময়ে অধস্থ আদালতে আপীলহওয়া মোকদমায় রেক্পাণ্ডেন্টকে ভূমির দখল দেওয়া যাইবার যে হুকুম হইয়াছিল আপন বিবেচনামতে আপীল আদালতের হুকুম পাইবার অপেক্ষায় তাহা ঐ অধস্থ আদালত জারী করণের বিলম্ব করিতে পারেন্। এবং সেই গতিকে সন্ধিবেচনাপূর্বক দেইরপ কার্যা করণের নিষেধ নাই।—১০৭৭ নমুরী আইনেরঅর্থ।—১৪৯ পৃষ্ঠা।

১৭৬। আদালতের ডিক্রী স্থগিত করণের মালজামিনীপত্র নিরূপিত পাঠানুসারে লিখিতে হইবেক।—১৮৩৭ সালের ১৭ ফেব্রুআরির সরক্যুলর অর্ডর।—১৪৯ পৃষ্ঠা।

১৭৭। আপীলা মোকদমাতে যে ব্যক্তি আপেলান্টের খরচার জামিন হয় তাহার একরারনামার মজমুন এই যে আপীলের ডিক্রী হওনসময়ে আপেলন্ট কিয়া রেসপাণ্ডেন্টের স্থানে যে কোন ব্যক্তি থাকুক আপীলের সমস্ত খরচার নিশা করিব। অভএব যথন আপেলান্ট কি রেসপাণ্ডেন্ট অথবা জামিন আপীল উপস্থিত থাকিতে মরে তখন নূতন জামিন তলব করিবার আবশ্যক নাই যেহেতুক তাহাতে অনেক ক্লেশ ও বিলম্ব হয়।—১৮৩২ সালের ১৩ জুলাইর সরক্যুলর অর্ডর।—১৪৯ পৃষ্ঠা।

১৭৮। মালগুজারীর ভূমি আপীলের অবস্থাকালে আপেলার্ট কি রেন্সাণেওটের ভোগদখলে থাকিলে যদি ভোগবান ব্যক্তি সরকারের জমা দিতে গয়ৎগত্ত ও বিলম্ব করে এবং সেই ভূমির নীলাম হয় তবে যে ব্যক্তির দখলে ভূমি নাহি সেই ব্যক্তি যদি নীলামের পূর্বে মালগুজারীর বাকী টাকা দেয় ও নিয়মিতমতে জামিনী দাখিল করে তবে তৎক্ষণাৎ তাহাকে সেই ভূমিতে দখল দেওয়ান যাইবেক। এবং সেই ব্যক্তি যত টাকা দেয় মোকদ্দমার চূড়ান্ত ডিক্রীঅনুসারে হিসাব রফা করণের সময়ে সেই টাকা শতকরা সালিয়ানা ১২ টাকার হিসাবে সুদ্সমেত পাইতে পারিবেক।—১৮০৮ সা। ১৩ আ। ১১ ধা। ৪ প্র।—১৪৯ পৃষ্ঠা।

১৭৯। যদ্যপি আপেলান্ট নিয়মিতমতে জামিনী দিয়া থাকে তথাপি মোকদমা নিম্প্রনির বিলম্ হওয়াতে যদি ঐ জামিন প্রচুর বোধ না হয় তবে রেক্পাণ্ডেন্টের য়ত ফতি হইবার সম্ভাবনা আছে তাহার নিশা মিলিবার অনুসারে ঐ রেক্পাণ্ডেন্টের দর্থান্তক্রমে অন্যবেশী মালজামিনী আপেলান্টের স্থানে তলব হইতে পারে। যদি নির্পিত মিয়াদের মধ্যে ঐ বেশী জামিনী না দেওয়া যায় তবে আদালত সেই ডিক্রী জারী করিতে হুকুম দিতে পারেন্। কিন্ত এমত করিতে লাগিলে রেক্পাণ্ডেন্টকে বিরোধি বন্তর দখল দেওয়াইবার পূর্কে তাহার স্থানে মাতবর মালজামিন লইতে হইবেক।—১৭৯৮ সা। ৫ আ। ৩ ধা।—১৫০ পৃষ্ঠা।

১৮০। যে মোকদমার দিতীয় অর্থাৎ খাস আপীল আইনানুসারে হইতে পারে সেই মোকদমায় যদি ডিক্রীদার আপীল করণের মিয়াদের মধ্যে ভূমির দখল পাইতে চাহে তবে শেষ ডিক্রী মানিবার অর্থে তাহার স্থানে মালজামিনী তলব করিতে হইবেক।—১০৭৭ নম্বরী আইনের অর্থ।—১৫০ পৃষ্ঠা।

## ১৩ ধারা।

## আপীলকরণের সময়ে বিবাদি ভূমিবিষয়ক নিয়ম।

১৮১। মখন কোন অধস্থ আদালতে ভূম্যাদি স্থাবর বস্তর ডিক্রী ফরিয়াদীর পক্ষে হয় তথান যদি আসামী সেই ডিক্রীর উপর আপীল করে এবং নিয়মিতমতে মালজামিনী দিয়া সেই বিরোধি বিষয় আপন ভোগদখলে রাখে তবে আপীলের অবস্থায় সেই সম্পত্তি স্বেচ্ছায় বিক্রয় করিলে কি দান করিলে অথবা বন্ধক দিলে তাহা অসিদ্ধ হইবেক।—১৭৯৮ সা। ৫ আ। ৪ ধা।—১৫০ পৃষ্ঠা।

১৮২। কিন্তু সকর ভূমি যাহার দখলে থাকে সেই তাহার মালপ্রজারীর দায়ে ঠেকে ও তাহাতে সরকারের মালপ্রজারী আদায় না হইলে তাহা ভোগবানের হাতছাড়া হইয়া নীলাম হইতে পারে। ইহাতে যাহার নামে আপীলে চূড়ান্ত ডিক্রী হয় সেই ব্যক্তি সেই বস্তু আপনি খরীদ না করিলে তাহার বিষয় নই হয়। অতএব এক্ষণে বিধান হইল যে যে ভূমির বিষয়ে ডিক্রী হইয়াছে তাহা যদি আপীলের অবস্থায় আপেলান্টের ভোগদখলে থাকিবার অনুমতি হইয়া থাকে এবং আপীল মুলতবী থাকনসময়ে অথবা শেষ ডিক্রীজারী না হওনের পূর্ব্বে যদি আপোলেটের স্থানে বাকী মালপ্রজারী আদায়ের নিমিত্ত সেই ভূমি নীলাম হয় এবং রেসপাণ্ডেন্টের দারা খরীদ হয় ও আপীলের বিচারে রেসপাণ্ডেন্টের নামে চূড়ান্ত ডিক্রী হয় তবে সেই খরীদার রেসপাণ্ডেন্ট যে মুল্যে বন্ধ খরীদ করিয়াছিল তাহার উপর থরচা ও সুদ্দ চড়াইয়া নীলামের পূর্ব্বে ভাহার পক্ষে ভূমির যে উপস্বভেষর ডিক্রী হয় তাহা সমেত ঐ খ্রীদের টাকা আপেলান্টের স্থানে উসুল করিতে পারে।—১৫১ পৃষ্ঠা।

১৮৩। যে আপেলান্টের ভোগদখলে ঐ ভূমি রাখা গিয়াছিল সেই আপেলান্টের খালানা না দেওয়াতে যদি সেই ভূমি নীলাম হয় এবং রেন্সাত্তেন্ট তাহা খ্রাদ না করে এবং তাহার পক্ষে যদি শেষ ডিক্রী হয় তবে যত টাকায় বিকায় তত টাকা ও সুদ এবং নীলামের পূর্বে তাহার নামে ভূমির যে উৎপদ্ধের ডিক্রী হইয়াছে সে সমস্ত আপেলান্টের স্থানে পাইতে পারিবেক। যদি রেসপাণ্ডেন্ট এমত প্রমাণ দিতে পারে যে আপেলান্ট সেই বন্দ্ত গোপনে বা আগোপনে খরীদ করিয়াছে তবে আপেলান্টের খরীদ করা বৃথা হইয়া রেসপাণ্ডেন্ট সেই ভূমি ও তাহার সকল উপস্থত্য পাইতে পারিবেক।—১৭৯৮ সা। ৫ আ। ৪ ধা।—১৫১ পূর্দ্ধা।

১৮৪। যে গতিকে অথন্থ আদালতে করিয়াদীর পক্ষে ডিক্রী হইরা থাকে এবং আপীলের সময়ে ঐ ভূমির ভোগদখল সেই ব্যক্তি পাইরা থাকে সেই গতিকে এবং সামান্যতঃ যে সকল গতিকে অথন্থ আদালতের ডিক্রীক্রমে ভূমির ভোগদখল হন্তান্তর করা গিয়াছে এবং সেই ডিক্রীর উপর আপীল উপরিন্ধ আদালতে হইয়াছে এমত সকল গতিকে পুর্বোক্ত মিয়ম খাটিবেক।—১৭৯৮ সা। ৫ আ। ৫ ধা।—১৫১ পৃতা।

১৮৫। সমর বিশেষে এমত হইতে পারে যে আপেলান্ট কিয়া রেক্পাণ্ডেন্ট ডিক্রী জারীকরণের বা স্থানিত করণের নিয়মিত জামিন দিতে পারে না। এমত গতিকে যাবৎ বাদী বা প্রতিবাদী জামিন না দেয় কিয়া সেই মোককমার আপীলে চূড়ান্ত ডিক্রী না হয় তাবৎ সেই ভূমি কালেন্ট্র সাহেব ক্রোক রাখিবেন ও যাহার নামে শেষে ডিক্রী হয় তাহার শিরে ঐ ক্রোকী খরচা পড়িবেক। এমত গতিকে ১৮২৭ সালের ৫ আইনের বিধি খাটিবেক। কিন্তু যেপঠান্ত ডিক্রীকরণিয়া আদালতহইতে কালেক্টর সাহেব ক্রোকী পরওয়ানা না পান্ সেইপঠান্ত ঐ সম্পত্তি ক্রোক করিবেন না। এবং জ্ঞা সাহেব কালেক্টর সাহেবের নামে যে পরওয়ানা পাচান্ তাহাতে ক্রোক হইবার বন্ধুর নিদর্শন থাকিবেক এবং ক্রোক খালাসীর জন্য অন্য পরওয়ানা না আইসনপঠান্ত সেই বন্ধু ক্রোক রাখিতে তকুম হইবেক।—১৭৯৮ সা। ৫ আন ৬ ধা।—১৫২ প্রা।

১৮৬। জিলা আদালতের দ্বারা বস্তু ক্রোক হইলে এবং আপীল আদালত মোকদ- '
মার নিষ্পত্তি না হওনপর্যান্ত সেই ক্রোক বহাল রাখিবার জকুম দিলে এবং যে দকল মোকদমাতে আপেলাণ্ট ও রেক্পাণ্ডেণ্ট জামিন দিতে না পারিলে আপীল আদালত সম্পত্তি
ক্রোককরণের জকুম দেন্ এমত মোকদমার বিষয়ে এই আইনের ৫ ও ৬ ধারার লিখিত
কথা খাটিবেক।—১৮০৬ সা। ২ আ। ৭ ধা।—১৭২ পৃষ্টা।

## ১৪ ধারা।

নগদ টাকা কিয়া অন্য কোন অস্থাবর সম্পত্তির বিষয়ি মোকদমার উপর সদর আদালতে আপীল উপস্থিত থাকনসময়ে জিলার আদালতের ডিক্রী জারী কি স্থগিত রাখণ।

১৮৭। নগদ টাকা ও অস্থাবর বস্তুর মোকদ্মাদকলের ডিক্রীর উপর আপীল হইলে ঐ ডিক্রী জারী হওন ও না হওনের বিষয়ে চলিত আইনের বিধি ও নীচের লিখিত দাঁড়া থাটিবেক।—১৮০৮ সা। ১৩ আ। ১২ ধা। ১ প্র।—১৫২ পৃষ্ঠা।

১৮৮। এমত ডিক্রী জারী না হওনের নিমিত্ত আপেলান্টের তর্ফহইতে অথবা ডিক্রী জারী হওনের নিমিত্ত রেম্পাণ্ডেন্টের তর্ফহইতে আপীলের অবস্থাতে যে জামিনী তলব হয় সেই জামিনীপত্রে ডিক্রীর লিখিত আদল টাকা এবং আপীলমুখে মোকদমার নিষ্পত্তি না হওনের কালপর্যান্ত তাহার উপর যে সুদ হইতে পারে তাহা আদায় হওনের উপযুক্ত টাকার সংখ্যা লেখা থাকিবেক।—১৮০৮ সা। ১৩ আ। ১২ প্রা। ২ প্র।—১৫২ প্রতা।

১৮৯। আপীলের অবস্থায় বাদি বা প্রতিবাদির স্থানে হাজিরজামিন কিয়া মাল-জামিন তলব হইলে যদি ঐ ব্যক্তি নগদ টাকা কিয়া প্রোমিসরি নোট অথবা প্রত্যয়যোগ্য অন্য কোন নিদর্শন পত্র দাখিল করে তবে আদালতের কর্ত্তব্য যে জামিনীর বদলে তাহা মঞ্জুর করেন্। সেই নগদ টাকাইত্যাদি তাহাকে ফিরিয়ানা দেওয়াপ্র্যন্ত খাজা- ঞীর জিম্মায় থাকিবেক কিয়া আদালত যেমত উচিত বুঝেন্ সেইমত তদিষয়ে স্কুম করিবেন।—১৮০৬ সা। ২ আ। ৮ ধা।—১৫৩ পৃষ্ঠা।

১৯০। উপরের উক্ত আইনে জামিনীর পরিবর্ত্তে আপেলান্টের ভূমি বন্ধক দেওনের বিষয়ে কিছু লেখা নাই। এবং দেইরূপে আপন ভূমি বন্ধক দিতে অনুমতি তাহাকে দিলে রেক্পাণ্ডেটের পক্ষে অন্যায় হয় যেহেতুক তাহার যত জামিনী পাওয়া সম্ভব তত জামিনী পাওয়া হয় না। অতএব সদর দেওয়ানী আদালত বোধ করেন্ যে আপেলান্টের টাকার জামিনীর পরিবর্ত্তে আপনার ভূমি বন্ধক দেওয়া বিহিত্ত নহে এবং দেইরূপে ভূমি বন্ধক লইতে আদালতের প্রতি নিষেধ করিতেছেন।—১০২৪ নম্বরী আইনের অর্থ।—১৫৩ পৃষ্ঠা।

১৯১। নগদ টাকা কিয়া অন্য অস্থাবর বস্তুর বিষয়ের ডিক্রীর উপর যদি আপীল হয় তবে আপীলের সময়ে সেই ডিক্রী জারী করণ বা স্থগিত করণের বিষয়ে আদালত আপনা রদের বিবেচনামতে কার্য্য করিতে পারেন্ না। আপীলের মুথে যে ডিক্রী হয় তাহা মানিবার অর্থে ১৮০৮ দালের ১৩ আইনের ১২ ধারার ২ প্রকরণানুসারে যদি আপেলান্ট মাতবর জামিন দেয় তবে আপীল অবস্থায় দেই ডিক্রী জারী হইতে পারে না।—১০৬ নম্বী আইনের অর্থ।—১৫৩ পৃষ্ঠা।

#### ১৫ ধারা।

আপীল গওন সময়ে যে সম্পত্তি জামিনস্থরপে দেওয়া গিয়াছে তাহার বিষয়ি এবং তাহার রেজিউরী করণ বিষয়ি বিধান।

১৯২। আপীলের ডিক্রী মানিবার অর্থে যে আদালতে জামিনী দাখিল হয় সেই আদালতের জজ দাহেবের উচিত যে সেই জামিনী মাতবর ও প্রামাণ্য ইহা সুন্দররূপে নিশ্চর করেন্। এবং নাজির অথবা অন্য যে আমলার প্রতি জামিনী তহকীককরণের ভার আছে তাঁহাকে জজ দাহেব এইমত তকুম দিবেন যে এ দম্পত্তির বিষয়ে প্রকৃতপ্রস্তাব বৃত্তান্ত লিখিয়া দাখিল করেন্ ও তাহার বিষয়ে অনুসন্ধানকরাতে যাহা আত হইয়াছেন তাহার বিপোর্ট করেন্। আরো এ নাজিরকে ইহা জানান যাইবেক যে এ রিপোর্টের মধ্যে যদি তিনি জানিয়া শ্রনিয়া কিছু মিখ্যা লেখেন্ তবে তাহার বিষয়ে তিনি জওয়াব দিবেন।—১৮০৮ দা। ১৩ আ। ১৩ ধা।—১৫৩ প্রতা।

১৯৩। দেওয়ানী মোকদমার আপীল অবস্থায় ডিক্রী জারী করণ বা স্থানিত রাখণের বিষয়ে আপেলান্ট কি রেম্পাণ্ডেন্টের স্থানে জামিনী লইবার বিষয়ে আইনেতে যে সকল কথা লোখা আছে তদতিরিক্ত নীচের লিখিও তকুম নিন্দিষ্ট হইল।—১৮১৪ সা। ২৬ আ। ১৩ ধা। ১ প্র।—১৫৪ পৃষ্ঠা।

১৯৪। যাহার। উক্তমতে জামিন হয় তাহারদিগের প্রতি প্রকুম আছে যে যে মডলবে তাহারদের জামিনা লওয়া যায় তাহা যাবৎ দিন্ধ না হয় তাবৎ তাহারদের দক্ষতির তালিকার লিখিত যে ভূমি কি অন্য স্থাবর বন্ধ দৃষ্টে তাহারদের জামিনা মঞ্চুর হইয়াছে তাহা দান বা বিক্রয় কি বন্ধক দেওনের দ্বারা হস্তান্তর না করে।—১৮১৪ সা। ২৬ আ। ১৩ ধা। ২ প্র।—১৫৪ পৃষ্ঠা।

১৯৫। জামিনীর দ্বারা ঐ জামিনদারের যে দেনা হয় তাহা তাহার স্থানে আদায় হইলে ঐ বস্তু কোন প্রকারে হস্তান্তর করিলে কি বন্ধক দিলে তাহা অসিদ্ধ হইবেক না। কিন্তু যদি ঐ জামিনদার জামিনী লিখিয়া দেওনের তারিখঅবধি ঐ ডিক্রী জারী না হওয়া পর্যান্ত ইহার মধ্যে ঐ বস্তু কোন প্রকারে হস্তান্তর করে তথাপি আদালতসম্পর্কার পাওনা অন্ত্রে আদায় হওনের যোগ্য বোধ হইয়া জামিনীতে ঐ জামিনদারের যাহা দেনা হয় তাহা না দিলে ঐ বস্তু সমুদ্য কি তাহার হিদ্যাহইতে ঐ টাকা লওয়া যাইবেক।—১৮১৪ সা। ২৬ আ। ১৩ ধা। ৩ প্র।—১৫৪ পৃষ্ঠা।

১৯৬। ডিক্রী জারী করণার্থ যে সম্পত্তি বন্ধক দেওয়া গিয়াছে তাহা যদি বিক্রা করিতে কি হস্তান্তর করিতে উদ্যোগ হয় তবে খরীদারকে ইহা জানাইতে হইবেক যে তাহাতে আদালতের অধিকার আছে। এবং যদি সেই বন্ধকী ভূমিসম্পর্কীয় মোকদমার উপর ইন্ধলণ্ড দেশের শ্রীযুক্ত বাদশাহের হজুর কৌন্সেলে আপীল হয় তবে ঐ আপীলের নিম্পত্তি যাবং না হয় তাবং ঐ ভূমির উপর আদালতের অধিকার থাকিবেক।—৬৫৯ নম্বী আইনের অর্থ।—১৫৪ পৃষ্ঠা।

১৯৭। ১৯৮। যাহারা ডিক্রী জারীকরণার্থ জামিন হইয়াছে তাহারদের কোন স্থাবর সম্পত্তি আদালতে বন্ধক হইয়াছে কি না ইহা সকল লোকে জানিতে পারিবার নিমিত্ত এবং ঐ ভূমি চাতুরীক্রমে হস্তান্তর করা নিবারণের নিমিত্ত নীচের লিখিত বিধান হইল।
—১৮৩৭ সালের ১৭ ফেকুআরির সরক্যুলর অর্ডর।—১৫৫ পৃষ্ঠা।

১৯৯। যথন কোন ব্যক্তি আপনার ভূমি বা অন্য স্থাবর সম্পত্তি জামিনীয়রূপ আদালতে বন্ধক দিয়াছে তথন নাজিরের উচিত যে সেই জামিনীর মাতবরীর বিষয় নিশ্চয় জ্ঞাত হইয়া নির্দিষ্ট পাঠানুসারে এক কৈফিয়তের মধ্যে এ সম্পত্তির দলীলদস্তাবেজের খোলাসা লেখেন্। নাজির আরো লিখিবেন যে আমি এই সকল দলীলদস্তাবেজ তদারক করিয়াছি এবং এই জামিনী মাতবর জ্ঞান করি।—১৮৩৭ সালের ১৭ ফেব্রুআরির সরক্যুলর অর্জর।—১৫৫ পৃষ্ঠা।

২০০। যে সকল সম্পত্তি জামিনীস্বরূপ বন্ধক দেওরা যায় তাহার এক রেজিস্টর নির্দিষ্ট পাঠানুসারে নাজির রাখিবেন এবং কোন বিশেষ সম্পত্তি আদালতে জাগিনীস্বরূপ বন্ধক হইয়াছে কি না ইহা যাহারা জানিতে চাহে তাহারদিগকে সর্কদা ঐ রেজিস্টর দেখিতে দিবেন।—১৮৩৭ সালের ১৭ ফেব্রুআরির সর্কালর অর্জ্র।—১৫৫ পৃষ্ঠা।

২০১। যদি সকর ভূমি আদালতে জামিনীয়রপে বন্ধক দেওয়া যায় তবে তাহার বিষয়ের সম্বাদ কালেক্টর সাহেবকে দিয়া এইমত ভকুম করিতে হইবেক যে ঐ ভূমি যদি সরকারী মালগুজারীর বাকী আদায়ের নিমিত্ত নীলাম হয় তবে তিনি ফাজিল টাকা আমানৎ করিয়া রাখিবেন এবং আদালতে তাহার এতেলা দিয়া যেপঠ্যন্ত আদালতহইতে সম্বাদ না পান্ যে জামিন আপনার দায়হইতে মুক্ত হইয়াছে সেইপঠ্যন্ত তাহা আমানৎ রাখেন্।
—১৮৩৭ সালের ১৭ ফেব্লুআরির সরক্ষলর অর্ডর।—১৫৫ পূর্চা।

জিলা ও শহরের আদালতের ডিক্রীর উপর সদর আদালতে আপীল থাকনের সময়ে ঐ ডিক্রী জারী কি স্থগিত করণের বিষয়ে যে সকল বিধি আছে তাহা ১৮৩৭ সালের ২৫ আইনের ৪ ধারার ছারা ৫০০০ টাকার উর্দ্ধ মূল্যের যে মোকদমা প্রধান সদর আমীনের ছারা নিক্সান্তি হইয়া আপীল হয় তাহার বিষয়ে থাটিবেক।

## ১৬ ধারা।

জিলার আদালতের জজ সাহেব অথবা প্রধান সদর আমীনের নিক্ষান্তির উপর দ্বিতীয় অর্থাৎ খাস আপীল।

২০২। সদ্র আদালতের এক জন জজ সাতেবের এইমত ক্ষমতা আছে যে যদি ১৮২৫ সালের ২ আইনের ৪ ধারার ২ প্রকরণের কোন বিধির অনুসারে কোন হেতু দেখেন্ ততে কোন মোকদ্মার দ্বিতীয় অর্থাৎ খাস আপীল মঞ্র করেন্।—১৮৩১ সা । ৯ আ। ২ ধা । ৪ প্র ৷—১৫৬ পৃষ্ঠা ।

২০৩। প্রধান সদর আমীনেরা আপনং ডিক্রী জারীকরণেতে যে সকল তকুম করেন্ তাহার উপর আপীল প্রথমতঃ জিলা ও শহরের আদালতে হইবেক এবং দ্বিতীয় অর্থাৎ থাস আপীল সদর দেওয়ানী আদালতে হইবেক ।—১৮৩১ সা। ৫ আ। ২২ ধা।—১৫৬ পৃষ্ঠা।

- ২০৪। ২০৫। মুন্দেফ ও সদর আমীনের নিষ্পত্তির উপর যে সকল আপীল প্রধান সদর আমীনের নিকটে হয় সেই আপীলের নিষ্পত্তির উপর দ্বিতীয় অর্থাৎ খাস আপীল জিলার জজ সাহেবের নিকটে হইতে পারে।—১৮৩১ সা। ৫ আ। ১৬ ধা। ১। ২ প্র।—১৫৬ পৃষ্ঠা।
- ২০৬। ১৮৩৭ সালের ২৫ আইনের ৮ ধারানুসারে কোন মুখ্ফরককা অথবা সরা-সরী দেওয়ানী মোকদ্মার প্রধান সদর আমীন যে ভকুম করেন্ সেই মোকদ্মার মূল্য ৫০০০ টাকার বেশী হউক বা কম হউক তাহার উপর আপীল প্রথমে জিলার জজ সাহে-বের নিকটে হইবেক এবং তৎপরে থাস আপীল সদর আদালতে হইবেক। —১৮৩৮ সালের ৫ জুনের সরকালর অর্ডর।—১৫৭ পৃষ্ঠা।
- ২০৭। ১৮১৪ সালের ২৬ আইনের ২ ও ৩ ধারার লিখিত তকুম এবং তাহা শুধরিবাতে যে সকল তকুম হইয়াছে এবং খাস আপীল গ্রহণকরণের বিষয়ে ১৮১৪ সালের ২৬ আইনের ৪ ধারার ২ প্রকরণে যে তকুম আছে তাহা প্রধান সদর আমীনের নিম্পত্তিকরা আপীলের বিষয়ে খাটিবেক।—১৮৩১ সা। ৫ আ। ১৯ ধা। ১ প্র।—১৫৭ পৃষ্ঠা।
- ২০৮। জিলার জজ দাহেব দদর আদালতে জিজাসা না করিয়া প্রধান দদর আমী নের নিম্পত্তির উপর খাদ আপীল গ্রাহ্য করিতে বা না করিতে পারেন্।—৩৩৬ নম্বরী আইনের অর্থ।—১৫৭ পৃষ্ঠা।
- ২০৯। আপীল আদালত দিতীয় অর্থাৎ গাস আপীল গ্রাহ্যকরণের বিষয়ে ১৮১৪ সালের ২৬ আইনের ২ ধারা এবং ১৮১৭ সালের ১৯ আইনের ৭ ধারা এবং ১৮১৯ সালের ৯ আইনের ৩।৪।৫ ধারার লিখিত হুকুমেতে দৃষ্টি রাখিয়া কার্য্য করিবেন।—১৮২৫ সা।২ আ।৪ধা।২ প্র।—১৫৭ পৃষ্ঠা
- ২১০। গদি মোকদমার ডিঞীর মজমুনের কি তাহার দকে দাখিলহওয়া দস্তাবেজের দারা জজ সাহেবের এমত বোধ না হয় যে ঐ ডিক্রী আদালতের চলিত কোন দাঁড়া ও দস্তরের ব্যতিক্রমে কি চলিত আইনের বিরুদ্ধে কি শরা কি শাস্ত্রের ব্যতিক্রমে হইয়াছে কিয়া অন্য যে কোন দাঁড়া বা পূর্দের রেওয়াজ মোকদমার দহিত সম্পর্ক রাথে তাহার বিরুদ্ধে হইয়াছে কিয়া ঐ ডিক্রীতে লোকদিগের ছব্তমসম্বার এমত কোন ভারি বিরয়্ত আছে যে তাহাতে পূর্বেক কথন প্রধানহ আদালতহইতে কোন ছকুম হয় নাই তবে খাস অর্থাৎ দিতীয় আপীল মঞ্ব হইবেক না এবং মোকদমার বিবরণ ও বেওরাসম্পর্কীয় হাহাহ ডিক্রীতে লেখা থাকে তাহা দর্ব্ব প্রকারে প্রমাণ জান করা হাইবেক।—১৮১৪ সা। ২৬ আ। ২ ধা। ১ প্র।—১৫৮ পৃষ্ঠা।
- ২১১। খাদ আপীল মঞ্জুর ছইবার বিষয়ে উক্ত আইনের ২ ধারার ১ প্রকরণে যেই হেতু লেখা গিয়াছে তাহার অতিরিক্ত কোন আদালতের যে ডিক্রীর উপর আপীল হয় তাহা যদি সেই আদালতের করা অন্য ডিক্রীর ব্যতিক্রম ও অদমান বোধ হয় অথবা সেই মোকদ্দমায় অন্য যে আদালতের এলাকা থাকে সেই আদালতের ডিক্রীর ব্যতিক্রম হয় অথবা সেই হেতুর অন্য মোকদ্দমার ডিক্রীর সঙ্গে না মিলে তবে দিতীয় অর্থাৎ থাস আপীল গ্রাহ্য ছইতে পারে।—১৮১৭ সা। ১৯ আ। ৭ ধা। ১ প্র।—১৫৮ পৃষ্ঠা।
- ২১২। যদি মোকদমা বিনাদাক্ষ্যে বা সপষ্টতঃ দাক্ষ্যের বিরুদ্ধে করা যায় তবে মোকদমার বিবরণ ও বেওরার বিয়য়ে যে ভুল হইয়া থাকে তাহা শুধরণের নিমিত্তে খাদ আপীল গ্রাহ্য হইতে পারে না যেহেতুক ১৮১৪ দালের ২৬ আইনের ২ ধারায় এমত ভুকুম আছে যে মোকদমার বিবরণ ও বেওরাদম্পর্কীয় যাহা২ ডিক্রীতে লেখা থাকে তাহা দর্ম প্রকারে প্রমাণ জান করা যাইবেক।—২৪৬ নমুরী আইনের অর্থ।—১৫৮ পৃষ্ঠা।
- ২১৩। যদি অসঙ্গত ক্ষতিপূরণের টাকার ডিক্রী হইয়াছে বোধ হয় তবে থাস আপীল গ্রাহ্য করণের যেং হেতু আইনে নির্দ্দিট আছে সেইং হেতু সেই ডিক্রীর

মধ্যে দৃষ্ট হয় কি না ইহা অধন্থ আদালত আপন বিবেচনানুদারে নিশ্চয় করিবেন।— ২৪৬ নমূরী আইনের অর্থ।—১৫৮ পৃষ্ঠা।

২১৪। খাস আপীল গ্রাহ্য না হওনের পূর্বের ঐ আপীলের দরখাস্ত মুৎফরককা দর-খাস্তের ন্যায় জ্ঞান করিতে হইবেক।—১১৩৯ নম্বরী আইনের অর্থ।—১৫৯ পূচা।

## ১৭ ধারা।

দ্বিতীয় অর্থাৎ খাস আপীল। আপীল চালাওনের বিধান।

২১৫। যে ডিক্রীর উপর আপীল হয় তাহার এক নকল সর্ক্ষা খাস আপীল গ্রাহ্য করণের দরখাস্তের সঙ্গে দিতে হইবেক।—১১৩৯ নমূরী আইনের অর্থ।—১৫৯ পৃষ্ঠা।

২১৬। যদি উক্ত কোন হেতৃপ্রযুক্ত ফরিয়াদী অথবা আসামী জাবেতামত আপিলৈ যে ডিক্রা হইয়াছে তাহাতে নারাজ হইয়া থাস আপীলের দ্বারা আপনার মোকদ্দমার বিচার হওনের বিষয়ে মনস্থ রাথে তবে তাহার উচিত যে ঐ আপীল গ্রাহ্য করণের শক্তিয়ে আদালতের আছে সেই আদালতে জাবেতামত আপীল গ্রাহ্য করণের নিরূপিত মিয়াদের মধ্যে দ্বিতীয় অর্থাৎ থাস আপীলের দ্রথাস্ত করে।—১৮১৪ সা। ২৬ আ। ২ ধা। ২ প্র।—১৫১ পৃষ্ঠা।

২১৭। ঐ দর্থাস্ত নির্মিত ইক্টাম্প কাগজে লিখিতে হইবেক এবং যে হেতুতে খাস আপীল করণের মনস্থ হয় সেই হেতু তাহার মধ্যে লিখিতে হইবেক এবং আপোলাট কিয়া তাহার উকীল তাহা দাখিল করিবেক। যদি উকীলের দারা দাখিল হয় তবে ঐ উকীল সেই দর্খাস্তে দন্তখং করিবেক ও তাহার পৃষ্ঠে ইহা লিখিবেক যে খাস আপীল মঞ্চুর হওনের অর্থে দর্খাস্তে যে২ হেতু লেখা আছে তাহা আমি সম্পূর্ণ বিবেচনাপূর্কক বিশিষ্ট ও উপ্যুক্ত বোধ করি।—১৮১৪ সা। ২৬ আ। ২ধা। ৩ প্র।—১৫৯ পৃষ্ঠা।

২১৮। যে বিশেষ হেতুতে খাদ আপীলের দর্খাস্ত হয় তাহা যদি দপ্ট করিয়া লেখা না যায় এবং যদ্যপি তাহা না লেখা কেবল অনবধানপ্রযুক্ত হইয়াছে তবে উপযুক্ত ইটাম্প কাগজে লিখিত অবশেষ এক আর্জী দাখিল করিতে আপেলাউকে অনুষ্ঠি হই-তে পারে।—২৪৮ নয়রী আইনের অর্থ।—১৫৯ পৃষ্ঠা।

২১৯। যদি মোকদমার দকল বৃত্তান্ত বুঝিয়া আদালতের বোধ হয় যে উক্ত কোন কার্পপ্রযুক্ত খাদ আপীল মঞ্জুর করা উচিত তবে নিয়মিত জামিনী দাখিল করিতে আপেলাউকে তকুম দেওয়া যাইবেক। নিরুপিত জামিনী আদালতে দাখিল হইলে জজ দাহেব দেই খাদ আপীল মঞ্জুর করিয়া জাবেতামত হওয়া আপীলের মোকদমার ন্যায় তাহার বিচার করিবেন।—১৮১৪ দা। ২৬ আ। ২ ধা। ৪ প্র।—১৬০ পৃষ্ঠা।

২২০। জন কএকের প্রতিকুলে এমত ডিক্রী হইল যে তাহার। ও তাহারদের পরিবার গোলাম ও ডিক্রীদারের সম্পত্তি। ঐ ডিক্রী মফঃসল আপীল আদালতে বহাল হয় কিন্তু তাহার বিষয়ে সদর দেওয়ানী আদালত খাস আপীল গ্রাহ্য করিয়া তকুম করিলেন যে আপেলান্টেরদের স্থানে, জামিনীর দাওয়া না করিয়াও ডিক্রী জারী স্থগিত হইবেক।—
৫৫০ নমুরী আইনের অর্থ।—১৬০ পৃষ্ঠা।

২২১। দর্থাস্তকারী অথবা আপেলান্ট নির্মপিত মিয়াদের মধ্যে আপীলের থর্চার জামিনী না দেওয়াতে কোন জজ দাহেব দেই খাদ আপীল নথীহইতে,উঠাইলেন তাহাতে দদর আদালত বিধান করিলেন যে জজ দাহেব উপরিস্থ আদালতের বিনাঅনুমতিতে ঐ দর্খান্ত পুনর্কার গ্রাহ্য করিতে পারেন্ না।—১১৭১ নম্বরী আইনের অর্থ।
—১৬০ পৃষ্ঠা।

২২২। আপীল আদালত খাদ আপীলের দরখান্ত মঞ্রকরণের পূর্কে খাদ আপী-লের দরখান্তকরণিয়া ব্যক্তি যে২ দলীলদস্তাবেজ দাখিল করিয়াছিল ভাহার অভিরিক্ত - মোক দমার রোয়দাদের শামিলে থাকা অন্য কোন দস্তাবেজ তলব করিতে পারেন্।— ১৮১৯ সা। ৯ আ। ৪ ধা।—১৬০ পৃষ্ঠী।

২২৩। কিন্তু এই আইনের উপরের ধারার এমত তাৎপর্য্য নহে যে খাস আপীলের দরখাস্ত দিবার মিয়াদের অথবা সেই আপীল মঞ্চরের যে প্রকার দন্তর আছে তাহার কিছু পরিবর্ত্ত হয়।—১৮১৯ সা। ৯ আ। ৬ ধা।—১৬০ পৃষ্ঠা।

২২৪। যে আদালতে খাস আপীল গ্রাহ্য হইতে পারে সেই আদালত মোকদমার দোষপ্রণ বিবেচনা করিয়া চূড়ান্ত ডিক্রী করিতে পারেন্ অথবা যে আদালতে আসল ডিক্রী হইয়াছিল কিয়া যে আদালতে তাহার আপীলের প্রথম ডিক্রী হইয়াছিল সেই আদালতে ঐ মোকদমা পুনর্বিচার হইবার নিমিত্ত পাঠাইতে পারেন্।—১৮১৭ সা। ১৯ আ। ৭ ধা। ২ প্র।—১৬১ পৃষ্ঠা।

২২৫। খাদ আপীল অগ্রাহা করণের নিমিত্ত জিলার জজ সাহেব যে স্থকুম দেন্
এবং খাদ আপীলের মুখে তিনি যে ফয়দলা করেন্ তাহা চুড়াত হইবেক এবং উপরিস্থ
আদালত তাহা পুনর্কার বিচার করিতে পারিবেন না।—১৮১৪ সা। ২৬ আ। ২ ধা। ৬
প্র।—১৬১ পৃষ্ঠা।

২০১। কোন এক গতিকে জিলার এক জন জজ সাহেব খাস আপীলের দরখান্তের কোণেতে ঐ দরখান্ত নাম-খুরের হুকুম লিখিয়া তাহা ফিরিয়া দিলেন। তাহাতে বিধান হটল সে এমত কর্ম আদালতের স্থাপিত নিয়ম ও ব্যবহারের বিরুদ্ধ এবং উপরিস্থ আদালত সেই দরখান্ত পুনর্কার বিচার করিবার হুকুম জজ সাহেবকে দিতে পারেন্।— ১৪১ নমূরী আইনের অর্থ।—১১১ পৃষ্ঠা।

২২৭। জিলার জজ দাহেবের প্রতি আপনার বার্ষিক কৈফিয়তের মন্তব্য কথার ঘরের মধ্যে ইহা লিখিতে তকুম হইল যে দদর আমীন ও মুনদেফেরদের নিষ্পত্তির উপর যে খাদ আপীল হয় তাহার কত মোকদমাতে ঐ জজ দাহেব প্রধান দদর আমীনের দঙ্গে সমুৎপরে ঐক্য হইয়া ঐ অধস্থ আদালতের ডিক্রী বহাল রাখিলেন বা শুধরাইতে তকুম দিলেন এবং কত মোকদমাতে ঐ প্রধান দদর আমীনের নিষ্পত্তি অন্যথা করিয়া অধস্থ আদালতের ডিক্রী বহাল কিয়া মতান্তর করিলেন।—১৮৩৭ দালের ৮ ডিদেম্বরের দরক্যুলর অর্ডর।—১৬১ প্রতা।

২২৮। উত্তর কালে খাস আপীলের নিষ্পত্তি হইলে চূড়ান্ত ডিক্রীর মধ্যে ঐ থাস জাপীল মঞ্জুর করণের হেতু লেখা থাকিবেক।—১৮৪২ সালের ৮ জুলাইর সরক্যুলর অর্ডর।—১৬২ পৃষ্ঠা।

## ১৮ ধারা।

দ্বিতীয় অর্থাৎ খাস আপাল । ইফাল্প এবং উকীলের রসুম।

২২৯। খাস আপীল গ্রাহ্য করণের যে দরখান্ত হয় তাহার সঙ্গে দাখিলহওয়া দলীলদন্তাবেজের কোন ইফান্সের মাসুল লাগিবেক না।—৫৩৭ নম্বরী আইনের অর্থ।—
১৬২ পৃষ্ঠা।

২৩০। খাস আপীল হইলে যদি দেই মোকদ্মার দোহওঁও বিবেচনা বিনা তাহা পুনর্কার বিচার হইবার নিমিত্ত অধস্থ আদালতে ফিরিয়া পাঠান যায় তবে আপেলানট আপনার আপীলের দরখান্ত দাখিল করণের সময়ে যে ইন্টাম্পের মূল্য দিয়াছিল তাহা তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক। যদি আপেলান্ট কি রেস্পাণ্ডেন্ট উকীল মোকরর করিয়া থাকে তবে জাবেতামত মোকদ্মাতে তাহার যে রসুম পাওনা হইত তাহার দিকীর অধিক না হয় এমত আন্দাজে জজ সাহেব যাহা উচিত বোধ করেন্ তাহা তাঁহাকে দেওয়াইবেন।—১৮১৭ সা।১৯ আ।৮ ধা।—১৬২ পৃষ্ঠা।

২৩১। যদি আপীল আদালত খাদ আপীল মঞুর করণের কোন হেতুনা দেখিয়!
ঐ দরখান্ত নামঞুর করেন্ তবে আপেলান ইটান্পের কিছু মাসুল ফিরিয়া পাইবেক
না। কিন্তু যদি জন্ত নাহেব বোধ করেন্ যে আপেলান্টের স্থানে সমুদয় মাসুল লইলে
তাহার অধিক ক্ষতি হইবেক তবে.ঐ ইফান্পের মাসুলের চারি হিস্যার তিন হিস্যাহইতে
অধিক না হয় এয়ত ঐ মাসুলের টাকা তাহাকে কি তাহার প্রতিনিধিকে ফিরিয়া দেওয়াইতে পারেন্।—১৮১৪ সা। ২৬ আ। ২ ধা। ৫ প্র।—১৬২ পৃষ্ঠা।

খোস আপীলে উকীলের রসুমের বিষয়ি বিধি ১৮৩১ সালের ৯ আইনের ৭ ধারার ১।২।৩।৪ প্রকরণে পাওয়া ঘাইবেক।]

# ১৯ ধারা।

যে মোকদ্দমা ছানী তজবীজ অথবা গোড়াগুড়ি বিচার হওনের নিমিত্ত ফিরিয়া পাঠান যায় তাহার বিষয়ে দেওয়ানী আদালতসকলের যাহা কর্ত্তব্য তাহার নিয়ম।

২৩২। যখন কোন মোকদমা গোড়াগুড়ি বিচার ইইবার নিমিত্ত কোন আদালতে ফিরিয়া পাঠান যায় তখন এক বা ততোধিক বিশেষ বিষয় তজবীজ করণের তকুম না ইইলে সমস্ত মোকদমার গোড়াগুড়ি বিচার করিতে ইইবেক।—১০৭৩ নম্বরী আইনের অর্থ।—১৬৩ পৃদ্ধা।

২৩৩। যথন কোন মোকদমা ছানী তজবীজ অথবা গোড়াগুড়ি বিচার হওনের নিমিত্ত ফিরিয়া পাঠান যায় এবং মোকদমার প্রথম বিচারের সময়ে যে উকীলেরা মোকরর ছিল তাহারা হাজির থাকে তখন জজ দাহেব তাহারদিগকে ডাকিয়া জিজাদা করিবেন যে তোমরা আপনারদের মওকেলের স্থানে কোন হুকুম পাইয়াছ কি না এবং মোকদমা চালাইতে প্রস্তুত আছ কি না। যদ্যপি তাহারা কহে যে আমরা প্রস্তুত আছি তবে উভয় বিবাদিকে আর কোন সম্বাদ দিবার আবশ্যক নাই।—১৮৩৮ দালের ৩১ আগত্তের সরক্যুলর অর্জর।—১৬৩ পৃতা।

২৩৪। যদি ফরিয়াদীর উকীল হাজির না থাকে কিয়া হাজির থাকিয়াকহে যে আমি আপনার মওকেলের স্থানে কোন প্রকুম পাই নাই অথবা মোকদমা নির্মাহ করিছে প্রস্তুত নহি তবে জজ সাহেব ঐ উকীল আপন মওকেকলের স্থানে সেই বিনয়ের জিজাসাবাদ করিবার নিমিন্ত সেই মোকদমার বিচার বিলয় করিবেন না কিন্ত তাঁহার কর্ত্বর যে ম অথবা ষ্ট চিচ্ছিত তফসীলের পাঠানুসারে এক এল্লোনামা ফরিয়াদীর উপর জারী করিয়া আইনমতে কার্য্য করিতে তাহাকে প্রকুম দেন্। এল্লোনামা জারী হওনের পর যদি ফরিয়াদী ছয় সপ্তাহের মধ্যে আপনি কিয়া তাহার উকীল মোকদমার তদবীর না করে তবে ১৮১২ সালের ৫ নবেয়রের সরক্যুলর অর্ভরের ২ দফার অনুসারে জজ সাহেব তাহাকে মোকদমার তদবীর না করণের হেতু দর্শাইতে প্রকুম দিবেন। সেই হেতু দর্শান না গেলে মোকদমা ডিসমিস হইবেক।—১৮৩৮ সালের ৩১ আগস্টের সরক্যুলর অর্ডর।—১৬৩ পৃষ্ঠা।

[১৮১২ দালের ৫ নবেম্বর তারিথের ঐ সরক্যুলর অর্ডর ১৮৪১ দালের ২৯ আইনের দ্বারা মতান্তর হইয়াছে।]

২৩৫। যদি নাজির এমত রিপোর্ট করেন্ যে ফরিয়াদীর উপর এত্তেলানামা জারী ছইতে পারিল না তবে জজ সাহেব জিলার কাছারীতে এবং ফরিয়াদীর বাসস্থানের বহির্দারে অথবা যে গ্রামে সে ব্যক্তি বসতি করে তাহার সকল লোকের দৃষ্টিগোচর স্থানে নিরুপিত পাঠানুসারে এক ইশ্তিহারনামা লট্কাইয়া ফরিয়াদীকে আইনমতে কার্য্য করিতে ত্কুম দিবেন। যদ্যপি ইশ্তিহারের পর ফরিয়াদী ছয় সপ্তাহের মধ্যে মোকদ্দমার তদবীর না করে তবে জজ সাহেব উক্ত সরকুলের অর্ডরের নিয়মমতে মোকদ্দমা নিম্পত্তি করিবেন।—১৮৩৮ সালের ৩১ আগিফের সরকুলের অর্ডর।—১৬৪ পৃষ্ঠা।

২৩৬। মোকদমার প্রথম বিচারের সময়ে যে উকীল নিযুক্ত ছিল লে যদি হাজির না থাকে অথবা হাজির থাকিয়া কহে যে আমি আপন মওকেকলের স্থানে কোন হুকুম পাই নাই অথবা মোকদমা নির্বাহ করিতে প্রস্তুত্ত নহি তবে ঐ উকীলের আপনার মওকেকলের স্থানে দেই বিষয়ের জিজাদাবাদ করিবার নিমিত্ত জজ দাহেব দে মোকদমার বিচার করিতে বিলয় করিবেন না কিন্তু C এবং D চিক্তিত পাঠক্রমে এক এত্তেলানামা আদামীর উপর রীতিমতে জারী করিবেন এবং ১৮০৬ দালের ২ আইনের ২ এবং ও ধারার বিধির অনুদারে কার্য্য করিবেন।—১৮৩৮ দালের ৩১ আগ্রেইর দরক্যুলর অর্ডর।—১৬৪ পৃষ্ঠা।

২৩৭। উক্ত বিধানের এইমত তাৎপর্য্য নহে যে সেই মোকদমার ছানী তজ্ঞবীজ কিম্বা গোড়াগুড়ি বিচারের নিমিত্ত তাহা ফিরিয়া আইলে ঐ মোকদমার প্রথম বিচারের সময়ে যে উকীলের। নিযুক্ত ছিল তাহারদের মওকেকলের। সেই মোকদমা উকীলেরদের দারা নির্মাহ হওনের ইচ্ছা করিলে সেই উকীলেরা মোকদমা নির্মাহ করণের ভারহইতে মুক্ত হয়। এবং যে উকীলেরা প্রথম বিচারের সময়ে নিযুক্ত ছিল তাহারা ছানী তজ্ঞবীজ অথবা গোড়াগুড়ি বিচারের সময়ে আপন্য পরিশ্রমের বাবং কিছু অধিক রসুম পাইবেক না যেহেতুক তাহারা প্রথমে যে রসুম পাইয়াছিল তাহা মোকদমার চূড়ান্ত নিম্পত্তি না হওয়াপর্যান্ত তাহারদের সম্পূর্ণ রসুমের নাায় জ্ঞান করিতে হইবেক। এবং আদালতের সাহেবেরা তাহারদিগকে কিছু অধিক রসুম দেওয়াইবেন না।—১৮৩৮ সালের ৩১ জ্ঞাগফৌর সরকুলের অর্ডর।—১৬৫ পৃষ্ঠা।

২৩৮। আপীল আদালত মোকদমার গোড়াগুড়ি বিচারের নিমিন্ত তাহা ফিরিয়াপাচাইলে এমত ছকুম করিবেন যে যে আদালতে তাহা পাচান গেল সেই আদালতের খরচা দেওনের বিষয়ে এবং মোকদমা প্রথমত উপস্থিত হওনঅবধি ক্রমেং যে নানা আদালতে ভুমণ করিয়া থাকে সেইং আদালতে উভয় বিবাদির যে খরচা হইয়াছে তাহা দেওনের বিষয়ে যেমত যথার্থ ও উচিত বাধ হয় সেইমত ছকুম করেন্। কিন্তু যদি কোন বিশেষ কারণপ্রযুক্ত আপীল আদালত ঐ মোকদমার ফয়সলা হওনের তারিখপর্যান্ত যে সকল খরচা হইয়াছে তাহা উভয় বিবাদির এক জনের শিরে রাখা অথবা উভয়কে আপনং খরচা দিবার ছকুমকরা যথার্থ বোধ করেন্ তবে খরচা দেওনের বিষয়ে সেইরপ ছকুম করিতে পারেন।—১৮৩৬ সালের ৪ নবেয়রের সরকালর অর্জন।—১৬৫ পৃষ্ঠা।

২৩৯। যে মোকদমার ছানী তজবীজ অথবা গোড়াগুড়ি বিচার হইবার নিমিত্ত ফি-রিয়া পাঠান যায় তাহার বিষয়ে অধস্থ আদালত যথাসাধ্য শীঘু মনোযোগ করিবেন।— ১৮৩৭ সালের ৭ জুলাইর সরক্যুলর অর্জর।—১৬৬ পৃষ্ঠা।

- ২৪০। মোকদমার ছানী ওজবীজ অথবা গোড়াওড়ি বিচার হইবার নিমিত্ত যে বৎসরে ফিরিয়া পাচান যায় সেই বৎসরের তারিথ ঐ মোকদমাতে না দিয়া প্রথম যে বৎসরে উপস্থিত হইয়াছিল তাহার তারিথ তাহাতে লিখিতে হইবেক। এবং সেই মোকদমা ফিরিয়া পাচাওনের জকুমের তারিথ এবং যে তারিথে অধন্থ আদালতে পঁছছে তাহা এবং তৎপরে তাহা ক্রকার করণার্থ যে২ উদ্যোগ হইয়াছে তাহার এক সংক্ষেপ কৈফিয়ৎ মন্তব্য কথার ঘরে লিখিতে হইবেক। তাহার নিম্পত্তি করণের বিলম্ব হইলে তাহার কারণও লিখিতে হইবেক। তাহার নিম্পত্তি করণের বিলম্ব হইলে তাহার কারণও লিখিতে হইবেক। সালের ৭ ডিসেম্বরের সরক্যুল্র অর্ডর।—১৬৬ পৃষ্ঠা।
- ২৪১। ঐ প্রকার মোকদামার এক কৈফির প্রতিমাদে নির্দিষ্ট পাঠানুসারে পাঠাইতে হইবেক।—১৮৪১ সালের ১৯ মার্চের সরক্যুলর অর্ডর।—১৬৬ পৃষ্ঠা।
- ২৪২। প্রতিমানে জিলা অথবা শহরের জজ সাহেবেরা অচিক্তি বিচারকেরদের নিকটে গোড়াগুড়ি বিচারের নিমিত্ত যত মোকদমা পাঠান তাহা ঐ কৈফিয়তের দারা দৃষ্ট ছইবেক। ঐ কৈফিয়তের শিরোভাগে যাহা লেখা আছে তদ্বারা আপীলহওয়া ডিক্রী যে বিশেষ কারণপ্রযুক্ত অসঙ্গত বা দোষী বোধ হইয়াছে তাহা সদর আদালত নিশ্চয় জানিতে পারিবেন।—১৮৪১ সালের ১৯ মার্চের সরকালর অর্ডর।—১৬৬ পৃষ্ঠা।

২৪৩। ঐ কৈফিয়তের দ্বারা জিলা ও শহরের জজ সাহেবেরা এবৎ উপরিস্থ আদালতের সাহেবেরা অচিহ্নিত বিচারকেরদের আচরণ ও বুদ্ধি ও আইনবিষয়ক জ্ঞানের যথার্থ অনুভব করিতে পারিবেন।—১৮৪১ সালের ১৯ মার্চের সরকুালর অর্ডর।—১৬৬ পৃষ্ঠা।

২৪৪। সদর আদালতের হুকুমানুসারে যে সকল মোকদ্দমা ছানী ভদ্ধবীক্স হওনার্থ জিলা বা শহরের জন্ধ সাহেব এবং প্রধান সদর আমীনেরদের নিকটে পাচান যায় ভাহার এক কৈফিয়ৎ সেইরপে প্রস্তুত করা ঘাইবেক।—১৮৪১ সালের ১৯ মার্চের সরক্যুলর অর্ডর।—১৬৭ পৃষ্ঠা।

## ২০ ধারা।

# জিলার জজ সাহেবের দ্বারা ডিক্রীর পুনর্বিচার।

২৪৫। জিলা ও শহরের আদালতে জাবেতামত প্রথমত কি আপীলমতে উপস্থিতছওয়া যে কোন মোকদমার নিষ্পত্তি হইয়া তাহার উপর উপরিস্থ আদালতে আপীল না
হইয়া থাকে সেই মোকদমায় যদি বাদী বা প্রতিবাদী আপনাকে অন্যায়গ্রস্ত বোধ করে
এবং যে সাক্ষ্য কি দলীলের সন্ধান জানিত না তাহার সন্ধান পাওনহেতুক কি অন্য বিশিক্ষ কারণপ্রযুক্ত সেই ডিক্রী পুনর্ঝার বিচার করাইবার মনস্থ রাখে সেই বাদী বা
প্রতিবাদী যে আদালতে ডিক্রী হইয়াছিল সেই আদালতে পুনর্ঝিচারের দরখাস্ত করিতে
পারে। ঐ দর্খাস্ত নিরূপিত মুল্যের ইফ্টাম্প কাগজে লেখা ঘাইবেক এবং ডিক্রী দিবার কি
দিতে চাহিবার তারিখঅবধি তিন মাসের মধ্যে ঐ দর্খাস্ত দাখিল করিতে হইবেক। ঐ
মিয়াদের জাবেতামত আপীলের নিরূপিত্মতে হিসাব করিতে হইবেক।—১৮১৪ সা। ২৬
আ। ৪ ধা। ২ প্র।—১৬৮ পৃষ্ঠা।

২৪৬। সদর আদালত বিধান করিয়াছেন যে সরাসরী মোকদমারও দেইরূপে পুনর্বিচার হইতে পারে।—২১৬ নমূরী আইনের অর্থ।—১৬৮ পৃষ্ঠা।

২৪৭। মুৎফরককা মোকদমার হুকুমের দেইরুপে পুনর্বিচার হইতে পারে।—১২৪৯
নম্বরী আইনের অর্থ।—১৬৮ পৃষ্ঠা।

২৪৮। জিলার জজ সাহেব মোকদমার দোষগুণ বিবেচনা না করিয়া কিয়া কসুরপ্রযুক্ত তাহা ডিসমিস করিলে ১৮১৪ সালের ২৬ আইনের ৪ ধারার বিধির অনুসারে সেই ত্রকু-মের পুনর্বিচার হইতে পারে।—১২৬৯ নম্বরী আইনের অর্থ।—১৬৮ পৃষ্ঠা।

২৪৯। যদি পুনর্স্কিচারের দর্থান্ত নির্মণত কালের মধ্যে দাথিল না করণের বিশিষ্ট হেতু দর্শান যায় তবে ঐ মিয়াদ গত হওনের পরে আদালতের সাহেবেরা দেই দর্থান্ত লইতে পারেন্। কিন্তু জজ সাহেবেরা মিয়াদ অতীত হওনের পর দর্থান্ত লইবার বিষয়ে অতিসাবধান হইয়া কার্য্য করিবেন এবং দর্থান্ত লওনের হেতু আপনারদের রুবকারীতে লিখিবেন। যদি আদালতের জজের এমত বোধ হয় যে পুনর্স্কিচার হইবার কোন বিশিষ্ট হেতু নাই তবে তিনি দেই দর্থান্ত নাম শ্লুর করিবেন এবং তাঁহার দেই নাম শ্লুরী হুকুম চূড়ান্ত হইবেক। যদি জজ সাহেবের বোধ হয় যে পূর্কের নিম্পত্তিহওয়া কোন ভারি গলং কি অন্য ভুল সারিবার নিমিত্ত কিয়া ন্যায্য বিচারের নিমিত্ত ডিক্রীর পুনর্জিচারকরা আবশ্যক তবে তাঁহার কর্ত্তর্য যে সদর দেওয়ানী আদালতে দেই বিষয়ের রিপোর্ট করেন্ এবং ঐ রিপোর্টের মধ্যে আপন অভিপ্রায়ের হেতু লেখেন্ এবং পুনর্স্কিচারের দর্থান্তের নকল এবং আসল ডিক্রীর নকল ঐ আদালতের হলুরে পাঠান্।—১৮১৪ সা। ২৬ আ। ৪ ধা। ২ প্র।—১৬৮ পৃষ্ঠা।

২৫০। যদ্যপি সদর আদালত এইমত বুঝেন্ যে ন্যায্য বিচারের নিমিত্ত পুনর্ঝি-চার করা আবশ্যক তবে সেইরূপ পুনর্ঝিচার করণের অনুমতি দিতে পারেন্। এবং প্রত্যেক গতিকে পুনর্ঝিচারের অনুমতি দেওনের হেডু আপনারদের রুবকারীর বহীতে লিখিবেন এবং এইমত মোকদমায় নূতন কোন দলীল অথবা প্রমাণ লওয়া কি না লওয়ার বিষয়ে যেমত উচিত বুঝেন্ দেইমত ছকুম করিবেন।—১৮১৪ লা। ২৬ আ। ৪ ধা। ৩ প্র। —১৬৯ পৃষ্ঠা।

২৫১। যদি জিলার জন্ধ সাহেব প্রথমতঃ পুনর্মিচারের কোন দর্থান্ত নাম-পুর করেন্ কি অধন্থ আদালত সেই বিষয়ের অনুমতি, চাহিলে সদর আদালত তাহাতে অনুমতি না দেন্ তবে ঐ মোকন্দমা আপীলের যোগ্য হইলে যে আদালতে তাহার আপীল হইতে পারে সেই আদালতে আপীল করিতে দর্থান্তদেওনিয়ার প্রতি নিষেধ নাই এবং ঐ প্রকার আপীল গ্রাহ্য হওনের বিষয়ে চলিত আইনে যে সকল হুকুম ও নিয়ম আছে তাহা সেই আপীলের বিষয়ে থাটিবেক।—১৮১৪ সা। ২৬ আ। ৪ ধা। ৪ প্র।—১৬৯ পৃষ্ঠা।

২৫২। তিন মালের মধ্যে জিলার জজ সাহেবের ছকুমের পুনর্বিচারের দরখাস্ত তাঁ-ছাকে দেওয়া গেলে তিনি সদর আদালতের অনুমতি না পাইয়া সেই ছকুমের পুনর্বিচার করিতে পারিবেন না —১৮৩৪ সালের ৫ ডিসেয়রের সরকালর অর্ডর ।—১৬৯ পৃষ্ঠা।

২৫৩। যদি জিলার জজ সাহেবের এমত প্রত্যয় না হয় যে যথার্থ বিচার ইওনের নিমিন্ত তাঁহার ডিক্রীর পুনর্বিচার করণের আবশ্যক আছে তবে তিনি তাহার বিষয়ে সদর আদালতে অনুমতি চাহিবেন না। যে কারণে তিনি সেইরপ বোধ করিয়াছেনতাহা তিনি আপনার পত্রের মধ্যে সপষ্ট করিয়া লিখিবেন। যদি ডিক্রীর পুনর্বিচারের এই কারণ হয় যে ডিক্রী হওনের সময়ে যে বিষয় বা সাক্ষী বাদি প্রতিবাদির জাতসার ছিল না অথবা তাহারা সেই সময়ে তাহা উপস্থিত করিতে পারিল না এবং সেই বিষয় বা সাক্ষী তৎপরে দৃষ্ট হইল তবে সেই নূতন বিষয় যেরপে দৃষ্ট হইল তাহা এবং উপযুক্ত সময়েতে তাহা উপস্থিত করিতে না পারিবার কারণ এবং তাহার প্রমাণ এবং ঐ নূতন বিষয় বা গাক্ষির দারা পূর্বে ডিক্রী কিপর্যন্ত মতান্তর হইবার যোগ্য এই সকল বৃত্তান্ত জন সাহেবের সদর আদালতে জানাইতে হইবেক। এবং পুনর্বিচার করণের অনুমতি দেওয়া উচিত কি না ইহার নির্ণয় করণার্থ সদর আদালত যেপ্রকার বৃত্তান্ত জানিতে চাহেন্ তাহা উক্ত কথার দ্বারা কাষ্ট বোধ হইতে পারিবেক।—১৮৩৫ সালের ২৭ নবেশ্বরের সরক্যুলর অর্ডর।—১৬৯ পৃষ্ঠা।

২৫৪। ডিক্রীর পুনর্বিচারকরণের দর্থাস্ত নাম শ্বুরীর হুকুমের পুনর্বিচারের দর্থাস্ত সেই বিষয়ের দিতীয় দর্থাস্ত জান করিতে হইবেক এইপ্রযুক্ত পুনর্বিচারের প্রথম দর্থান্তের ইফ্টাম্পের বিষয়ে যে নিয়ম আছে তদনুসারে দ্বিতীয় দর্থান্তের ইফ্টাম্পের মূল্য নির্নিয় হইবেক। অভএব সদর আদালত বিধান করিতেছেন যে এইমত প্রত্যেক দর্থান্ত আপালহওয়া ডিক্রী দিবার অথবা দিতে প্রস্তাব হইবার পর তিন মাসের মধ্যে দেওয়া গেলে তাহা ২১ টাকা মুল্যের ইফ্টাম্প কাগজে লেথা যাইতে পারে। তিন মাসের পর দর্থান্ত হইলে ১৮২৫ সালের ২ আইনের ২ ধারার ১ প্রকরণের হুকুমমতে ডিক্রীর উপর জাবেতামত আপাল হইলে যেরূপ হইত সেইরূপে পুনর্বিচারের দর্থান্তকর দিয়া ব্যক্তির প্রতিক্রলে যত মুল্য বা টাকার ডিক্রী হইয়াছে তদনুসারে ১৮২৯ সালের ১০ আইনের ৪ চিক্রিত তফ্টালের ৮ ধারার নিরূপিত ইফ্টাম্প কাগজে লিখিতে হইবেক।—৮৪২ নম্বরী আইনের অর্থ।—১৭০ পৃষ্ঠা।

২৫৫। উক্ত স্থকুমের তাৎপর্য্য এই যে পুনর্ষিচারের দর্থাস্ক যে জন্ত লাহের ঐ ডিক্রী করিয়া থাকেন্ সাধ্যানুসারে তাঁহার নিকটে দেওয়া যায় ও তাঁহার দারা নিম্পত্তি হয়। কিন্তু যদি সেই মোকদমা আপীল হওনের যোগ্য হয় তবে আপীল হওনের অধীনতায় ঐ পুনর্ষিচারের দর্থাস্ত গ্রাহ্য হইবেক।—১৮২৫ সা। ২ আ। ও ধা।—১৭০ পৃষ্ঠা।

২৫৬। যদি জিলার জজ দাবের ছয় মাদের অতিরিক্ত দুটী পাইয়া থাকেন এবং ছয়

মাদের মধ্যে তাঁহার উপস্থিত হওনের সম্ভাবনা নাই তবে তাঁহার পদে যে সাহেব নিযুক্ত হন্ তিনি ছয় মাদ মিয়াদ অতীত হওনের অপেক্ষা না করিয়া উক্ত ও ধারানুসারে সাবেক জজ সাহেবের হুকুমের পুনস্বিচার করণের দরখান্ত লইয়া রীতিমত কার্য্য করিতে পারেন্।
—১৮৩৯ সালের ৭ জুনের সরক্যুলর অর্জ্য ।—১৭০ পৃষ্ঠা।

২৫৭। যথন উক্ত নিয়মানুসারে পুনর্মিচার করণের অনুমতির দরখাস্ত সদর আদালতে করণের আবশ্যক হয় তথন যে জজ সাহেব মোকদ্দমা নিষ্পত্তি করিলেন তিনি ছয় মাসের মধ্যে ফিরিয়া আদিবেন না ইহা যে২ কারণে বোধ হইল তাহা সদরে জানাইতে হইবেক। সেই সম্বাদ পাইলে সদর আদালত বিবেচনা করিতে পারিবেন যে সেইরূপ মোকদ্দমার পুনর্ফিচার করিবার অনুমতি দেওয়া উচিত কি না।—১৮৩৯ সালের ৭ জুনের সর্ব্যুলর অর্ব্য —১৭০ পৃষ্ঠা।

২৫৮। যদি জজ সাহেবের অবর্ত্তমানে অতিরিক্ত জজ সাহেব তাঁহার এওজে কার্য্য করণদময়ে ডিক্রী করেন্ এবে তাহার পুনর্স্তিচার করিতে হয় তবে ঐ তাতিরিক্ত জজ সাহেব যদি দেই জিলার মধ্যে থাকেন্ তবে দেই ডিক্রীর পুনর্স্তিচার তিনিই করিবেন জজ সাহেব করিবেন না দে১১২৩ নয়রী আইনের অর্থ। দে১৭০ পৃষ্ঠা।

২৫৯। যদি প্রধান সদর আমীনের জাবেতামত মোকদমার নিক্পব্রির উপর জিলার জজ সাহেবের নিকটে আপীল হয় এবং ঐ জজ সাহেবের নিশ্পত্তির উপর খাস আপীল সদর আদালতে হইয়া নামঞুর হয় তবে জিলার জজ সাহেব ১৮১৪ সালের ২৬ আইনের ৪ ধারানুসারে আপনার ডিক্রীর পুনর্বিচার করিবার নিমিত্ত দরখান্ত করিতে পারেন্। যদি সদর আদালত ১৮৩১ সালের ৯ আইনের ৪ ধারার ২ প্রকরণানুসারে কোন জিলার জজ সাহেবের ডিক্রী বহাল রাখিয়াছেন তবে তাহা সর্বতোভাবে সদর আদালতের ডিক্রীর নায় জান করিতে হইবেক এবং কেবল সদর আদালত সেই ডিক্রীর পুন্রিচার করিতে পারেন্।—১০৫৭ নমূরী আইনের অর্থ।—১৭১ পৃষ্ঠা।

# ২১ ধারা।

# জিলা আদালতের দারা পুনর্মিচার। ইফ্টাম্প।

২৬০। পুনর্কিচারের দরখান্ত অতিবাজলারপে দাখিল হওয়াতে দেওয়ানী আদালতের কার্য্যের অত্যন্ত ব্যাঘাত হইতেছে অতএব তাহা নিবারণার্থ জকুম হইল মে ১৮১৪ সালের ২৬ আইনের ৪ ধারার ২ প্রকরণের মধ্যে ১৮২৯ সালের ১০ আইনের ৫ চিক্তিত তফ্দীলের ৭ ধারার নিরূপিত মূল্যের ইফ্টাম্প কাগজে ঐ পুনর্কিচারের দরখান্ত লিখিবার যে জকুম আছে সেই জকুম ডিক্রী দেওন বা দিতে উদ্যোগ করণের তিন মাস পরে পুনর্কিচারের যে দরখান্ত গুজরাণ যায় কেবল সেই দরখান্তের বিষয়ে খাটিবেক। যদি তিন মাস অতীত হইলে পর সেই দরখান্ত দেওয়া যায় তবে দরখান্তকরণিয়া যোত্রহীন না হইলে ডিক্রীহওয়া সম্পত্তির মূল্যানুসারে তাহা ১৮২৯ সালের ১০ আইনের ৪ চিচ্ছিত তফ্দীলের ৮ ধারার নিরূপিত মূল্যের ইফ্টাম্প কাগজে লিখিত হইবেক।—১৮২৫ সা। ২ আ। ২ ধা। ১ প্র।—১৭১ পৃষ্ঠা।

২৬১। যদি পুনর্কিচারের দরখান্ত নাম শ্বুর হয় তবে ঐ দরখান্তকরণিয়া যে ইন্টাম্প কাগজে ঐ দরখান্ত লিখিয়াছিল তাহা কিছু ফিরিয়া পাইবেক না। কিন্তু যদি ঐ দর-খান্ত উচ্চ মূল্যের ইন্টাম্পকাগজে লেখা গিয়া থাকে তবে জজ সাহেব যদি বুঝেন্ যে ঐ সমুদ্য ইন্টাম্পের টাকা দরখান্তকরণিয়ার দিতে হইলে তাহার অত্যন্ত ক্লেশ হইবেক তবে তিনি তাহার চারি অপশের তিন অপশপ্র্যান্ত ফিরিয়া দিতে ছুকুম করিতে পারেন্।— ১৮২৫ সা। ২ আ। ২ পা। ২ প্র। ন ১৭২ পৃষ্ঠা।

२७२। यमि ऄ नामश्रुतर एशा मत्थास कम मुलात है फीम्ल कागर ज लथा शिया थारक

এবং যে আদালতে সেই দরখান্ত নামঞুর হয় যদি সেই আদালত তাহা অমূলক ও ক্লোদায়ক বোধ করেন্ তবে সে অপপ ইফাম্পের মাসুল দরখান্তকরণিয়ার নোক্দান হইবেক এবং তদতিরিক্ত তাহার জরীমানা হইতে পারে। কিন্তু ঐ জরীয়ানা উক্ত মূল্যের ইফাম্পের অধিক হইবেক না।—১৮২৫ সা। ২ আ। ২ ধা। ৩ প্র।—১৭২ পৃষ্ঠা।

২৬৩। যদি পুনর্ফিচারের দরখান্ত গ্রাহ্য হয় তবে যে আদালতে ঐ বিচার হয় দেই আদালতের জজ দাহেব দরখান্তকরণিয়া নে ইন্টাম্পের মাদুল দিয়াছিল তাহার বিষয়ে যেমত উচিত বোধ করেন্ দেই মতে গুকুম দিবেন অর্থাৎ পক্ষান্তর ব্যক্তিকে তাহা মোকদমার থরচা বলিয়া দিতে গুকুম করিবেন কিয়া তাহা তিন পোয়াপর্যান্ত দরকার্হইতে ফিরিয়া দেওয়াইবেন।—১৮২৫ দা। ২ আ। ২ ধা। ৪ প্র।—১৭২ পৃষ্ঠা।

২৬৪। তিন মাদের পর পুনর্স্রিচারের দরখান্ত দাখিল করণের বিষয়ে যে অতিরিক্ত খরচা লাগিবেক তাহা কেবল ঐ বিলয়ের এবং তাহাতে যে ক্লেশ সম্ভাবনা তাহার দওম্বরূপ প্রকুম হইয়াছে। যে আদালতে পুনর্স্রিচারের দরখান্ত দেওয়া যায় সেই আদালত ঐ দরখান্ত কোন হেতুহে নামপ্তর করিতে পারেন্ মেহেতুক বাদী বা প্রতিবাদী নিরূপিত মিয়াদের মধ্যে দরখান্ত না করণের কোন মাতবর হেতু না দর্শাইলে ঐ পুনর্স্রিচারের দরখান্ত প্রাহ্য করণের আবশ্যক নাই।—৪৯০ নম্বরী আইনের অর্থ।—১৭২ পৃষ্ঠা।

২৬৫। পুনর্মিচারের দরখাস্তের দঙ্গে যে কাগজপত্র দাখিল হয় তাহা দলীলদস্তা-বিজের ন্যায় জ্ঞান করা যাইবেক এবং ঐ কাগজপত্র আসল নালিশ অথবা জাবেতামত কি খাস আপীলের দরখাস্তের সঙ্গে দাখিল হইলে যেরপ হইত সেইরূপে তাহার বিহয়ে ১৮২৯ সালের ১০ আইনের B চিক্লিত তফদীলের ৫ ধারার লিখিত নিয়মানুসারে ইস্টাম্পের মাসুল দিতে হইবেক।—১০৫৮ নম্বরী আইনের অর্থ।—১৭২ পৃষ্ঠা।

#### ২২ ধারা।

# প্রধান সদর আমীনের দ্বারা ডিক্রীর পুনর্বিচার।

২৬৬। ডিক্রীর পুনর্দ্ধিচারের বিষয়ে যে সকল ছকুম আছে তাহা প্রধান সদর আমী-নের নিষ্পত্তিকরা প্রথমত উপস্থিতহওয়া মোকদ্দমা এবং আপীলের উপর থাটিবেক।— ১৮৩১ সা। ৫ আ। ১৯ ধা। ১ প্র।—১৭৩ পৃষ্ঠা।

২৬৭। যদি প্রধান সদর আমীনের এমত বোধ হয় যে পুনর্স্কিচারের দর্থাস্ত গ্রাহ্য করা কর্ত্তব্য তবে জিলার জজ সাহেবের নিকটে তাহার রিপোর্ট করিবেন এবং সদর আদালত সেইরপ রিপোর্ট পাইয়া আইনমতে যেমত কার্য্য করিতেন সেইমত জিলার আদালতের সাহেবেরা তাহার অনুমতি দিবেন বা না দিবেন।—১৮৩১ সা। ৫ আ। ১৯ ধা। ২ প্র।—১৭৩ পৃষ্ঠা।

২৬৮। প্রধান সদর আমীন আপনার ফয়সলার পুনর্কিচার করা উচিত বোধ করিলে এবং ১৮৩১ সালের ৫ আইনের ১৯ ধারার ২ প্রকরণানুসারে জিলার জজ সাহেবের অনুমতি চাহিলে যদি জজ সাহেব সেই প্রকার অনুমতি না দেন্ তবে তাঁহার সেই ছকুম চূড়াম্ভ হইবেক এবং সেই বিষয়ের সদর আদালতে কোন আপীল হইতে পারে না।—১৮৪১ সালের ১৪ মের আইনের অর্থ।—১৭৩ পৃষ্ঠা।

২৬৯। প্রধান সদর আমীন যে সকল মোকদমার ডিক্রী করেন্ তাহার পুনর্বিচারের সকল দরখাস্ত তাঁহার নিকটে করিতে হইবেক এবং তিনি ১৮৩১ সালের ৫ আইনের ১৯ ধারানুসারে কার্য্য করিবেন। যদি ৫০০০১ টাকার উর্ক্ মূল্যের বিষয়ে এইরূপ
দরখাস্ত হয় তবে তিনি তাহ! সদর আদালতে পাঠাইবেন।—১৮৩৮ সাঁলের ২৩ ফেব্রুআরির সর্ক্যুলর অর্ডর।—১৭৩ পৃষ্ঠা।

২৭০। ৫০০০ টাকার উর্জ মূল্যের যে মোকদ্দমা প্রধান সদর আমীনের প্রতি অর্পণ

হয় তাহাতে তাঁহার ডিক্রীর পুনর্মিচারের যে দরখান্ত করা যায় তাহা তিনি সদর আদালতে পাটাইবেন এবং জিলার জজ সাহেবের করা, ডিক্রীর পুনর্মিবেচনার্থে দরখান্ত
হইলে যে বিধানানুসারে কর্ম হইত সেই বিধানানুসারে ইহারো কর্ম হইবেক।—১৮৩৭
সা। ২৫ আ। ৪ ধা।—১৭৩ পৃষ্ঠা।

২৭১। এই অধ্যায়ের ২৫৬ ও ২৫৭ নম্বরী বিধি প্রধান সদর আমীনের বিষয়ে খাটে।—১৮৩৯ সালের ৭ জুনের সরক্যুলর অর্ডর।—১৭৩ পৃষ্ঠা।

# ২৩ ধারা।

# मानिरमद्राप्तद क्यमनाद उपद आभीन।

২৭২। দালিদেরদের নিষ্পত্তির অনুসারে অধন্থ আদালত যে ডিক্রী করেন্ তাহার উপর আপীল হইলে ঐ দালিদেরা রেশ্বংখুরী কিয়া পক্ষপাত করিয়াছে ইহা দুই জন মাতবর দাক্ষির ছারা প্রমাণ না হইলে দেই আপীল গ্রাহ্য হইবেক না।—১৭৯৩ দা। ৫ আ। ২৮ ধা।—১৭৪ পৃষ্ঠা।

২৭৩। সালিসেরদের ফয়সলাঅনুসারে যে ডিক্রী হয় তাহার উপর আপীল হইলে সেই আপীল গ্রাহ্য না হওনের পূর্দের ১৭৯৩ সালের ৫ আইনের ২৮ ধারার বিধির অনু-সারে তাহা ডিসমিস হইবেক না।—৪৮ নম্বরী আইনের অর্থ।—১৭৪ পৃষ্ঠা।

## ষষ্ঠ অধ্যায়।

# ডিক্রী জারী।

# ১ ধারা।

# किलात आमालएउत बाता फिक्की काती।

- ১। ১৮১৫ দালের ফেব্রুআরি মাদের ১ তারিখের পর যে ডিক্রী হয় জিলার আদালত দেই ডিক্রী নীচের লিখিত ছকুম ও কথার মতন্যতিরেকে জারী করিবেন না।—১৮১৪ দা। ২৬ আ। ১৫ ধা। ৪ প্র।—১৭৫ পৃষ্ঠা।
- ২। যে ব্যক্তি কোন ডিক্রী জারী করণের বাসনা রাখে তাহার উচিত যে ঐ ডিক্রী যে আদালতে হইয়া থাকে সেই আদালতে আপনি কিয়া তাহার উকীল তাহা জারী করণের প্রার্থনায় এক আরজী দাখিল করে। ঐ আরজী ১৮২৯ সালের ১০ আইনের B চিচ্ছিত তফসীলের ৭ ধারার নিরপিত মূলোর ইফীল্প কাগজে লিখিতে হইবেক।—১৮১৪ সা। ২৬ আ। ১৫ ধা। ৫ প্র।—১৭৫ পৃষ্ঠা।
- ৩। ঐ দরখান্তে মোকদমার নম্বর ও ফরিয়াদী ও আসামীর নাম এবং দেই ডিক্রীহওনের তারিখ ও তাহার খোলাসা এবং তাহার উপর কোন আপীল দরপেশ বা মঞ্চুর

  হইয়াছে কি না ও ডিক্রী হওনের পরে উভয় বিবাদির মধ্যে বিবাদের রফা হইয়াছে কি

  ান ও হইয়া থাকিলে কি প্রকারে হইয়াছে তাহা লেখা থাকিবেক। এবং ডিক্রীর অনুসারে

  দরখান্তকরণিয়ার খরচা বাবতে বা প্রকারান্তরে যত টাকা পাওনা হয় তাহার সংখ্যার নিরপণ ও যাহার নামে ডিক্রী জারী করিতে হইবেক তাহার নাম ঐ দরখান্তে লিখিতে হই
  বেক।—১৮১৪ সা। ২৬ আ। ১৫ ধা। ৬ প্র।—১৭৫ পৃষ্ঠা।
- 8। ডিক্রী জারী করণার্থ দরখাস্তের বিষয়ে নীচের লিখিত কার্য্য নির্বাহের নিয়ম প্রকাশ হইল।—১৮৪২ সালের ২২ আপ্রিলের সরকালর অর্ডর।—১৭৫ পৃষ্ঠা।
- ৫। এই সকল নিয়ম যেমন সদর আদালতের ডিক্রী জারীর বিষয়ে খাটে ডেমনি জিলা ও অধন্থ আদালতের ডিক্রী জারীর বিষয়েও থাটে।—১৮৪২ সালের ২২ আপ্রিলের সরক্যুলর অর্ডর।—১৭৬ পৃষ্ঠা।
- ৬। ১৮১৪ সালের ২৬ আইনের ১৫ ধারার ৬ প্রকরণে এমত হুকুম আছে যে ডিক্রীদারেরা আপন২ ডিক্রী জারী করণের বিষয়ে দরখান্ত করিলে আরজীর মধ্যে কোন বিশেষ২ বৃত্তান্ত লিখিবেক। কিন্ত ঐ নিয়ম আলগা পড়াতে নীচের লিখিত উপদেশ সর্ব্ব সাধারণের বিজ্ঞাপনার্থ প্রকাশ হইল এবং উত্তর কালে এই নিয়ম না মানিয়া যে কোন দরখান্ত দেওয়া যায় তাহা আদালতে থাকিবেক এবং তাহার উপর কোন হুকুম দেওয়া যাইবেক না —১৮৪২ সালের ২২ আপ্রিলের সর্কুলের অর্ডর।—১৭৬ পৃষ্ঠা।
- ৭। কোন ডিক্রীদার যোত্রহীন হউক কি না হউক আপনার ডিক্রী জারী করণের ইচ্ছা করিলে যে আদালতে ডিক্রী করা গিয়াছে সেই আদালতের বিষয়ে যে ইন্টাম্পের মূল্য নির্দিন্ট আছে সেই মূল্যের কাগজে দরখান্ত লিখিবেক অর্থাৎ মূনদেকের আদালতে হইলে শাদা কাগজে এবং সদর আমীনের কি প্রধানসদর আমীনের অথবা জিলার আদালতে হইলে ॥ ত আনা মূল্যের ইন্টাম্প কাগজে এবং সদর দেওয়ানী আদালতে হইলে ২১ টাকা মূল্যের ইন্টাম্প কাগজে দরখান্ত লিখিবেক।—১৮৪২ দালের ২২ আপ্রিলের দরক্যুলর অর্জর।—১৭৬ পৃষ্ঠা।

- ৮। ডিক্রী জারীকরণের দর্থাস্থের শিরোভাগে নীচের লিখিত পাঠানুসারের এক কৈফির্থ থাকিবেক ও তাহাতে নীচের লিখিত বিশেষ কথা লেখা যাইবেক। এ পাঠ এবং ঐ বিশেষ কথা এই গ্রন্থের মধ্যে পাওয়া যাইবেক।—১৮৪২ সালের ২২ আপ্রিলের সর্কালর অর্জর।—১৭৬ পৃষ্ঠা।
- ৯। ডিক্রীদার যথন বিপক্ষ ব্যক্তিকে কয়েদকরণের ছকুমের বিষয়ে দর্থাস্ত করে তথন বে আদালতে ঐ দর্থাস্ত দাখিল করে অর্থাৎ যে আদালতে ঐ ডিক্রী হইয়াছিল অথবা যে আদালতে ডিক্রী জারীর নিমিত্তে দোপর্দ হয় দেই আদালতে ডিক্রীদার দর্থাস্তের মধ্যে বিপক্ষ ব্যক্তির বাদ স্থান লিখিবেক এবং গ্রেস্তারী পরওয়ানা যে স্থানে জারী হইবেক তাহাও লিখিবেক। যদি কোন দক্ষত্তির নীলামের নিমিত্তে দর্থাস্ত করে তবে ঐ দক্ষত্তির এবং তাহা যে স্থানে আছে তাহারো এক তফদীল উক্ত কৈফিয়তের নীচে লিখিতে হইবেক এবং তফদীলের মধ্যে যে কোন ঘর কি বাগান অথবা ভূমির বিষয় লেখা থাকে তাহার চতুঃদীমাও লিখিতে হইবেক।—১৮৪২ দালের ২২ আপ্রিলের দর্কুলর অর্ডর।—১৭৬ পৃষ্ঠা।
- ১০। ঐ দর্থান্ত পাইলে আদালতের জজ সাহেবের কর্ত্বতা যে ঐ মোকদমার রোয়দাদের শামিলকরা ডিক্রীর সঙ্গে ঐ দর্থান্ত মোকাবিলা করেন্ এবং তাহার পর আইনানুসারে তাহা জারী করেন্।—১৮১৪ সা। ২৬ আ। ১৫ ধা। ৭ প্র।—১৭৮ পৃদ্য।
- ১১। যদি ঐ ডিক্রী জমীদারী কিয়া হজুরী তালুক অথবা মফঃদলী তালুক কিয়া অন্যপ্রকার স্থাবর বন্ধর বিবয়ি হয় তবে আদালতের জজ সাহেব ঐ বন্ধর দথল ডিক্রী-দারকে দেওয়াইবেন। যদি ঐ ডিক্রী নগদ কিয়া অন্য অস্থাবর সম্পত্তির বিষয়ের হয় তবে সেই টাকা অথবা জিনিস যাহার ন্যায্য তাহাকে দেওয়াইবেন কিয়া সেই জিনিসের মূল্য অথবা নগদ টাকা পরিশোধ করণের কারণ যাহার প্রতিকূলে ডিক্রী হইয়া থাকে তাহার ভোগদথলী বাটী বা ভূমি বা অন্য সকল স্থাবর বা অস্থাবর সম্পত্তি নীলাম করিবেন এবং আবশ্যক হইলে তাহাকে কয়েদ রাখিবেন। এবং জজ সাহেব আবশ্যক বোধ করিলে তাহার সকল সম্পত্তি নীলাম করিতে এবং তাহাকে কয়েদ করিতে পারেন্।—১৭৯৩ সা। ৪ আ। ৭ ধা।—১৭৮ পৃষ্ঠা।
- ১২। যে ডিক্রী জারী করণের দরখান্ত হয় তৎসম্পর্কে মোকদমার যদি একতর্ফী ডিক্রী হইরা থাকে কিয়া ডিক্রী হওনের তারিখঅবধি ঐ দরখান্ত প্রজাইবার তারিখপ্রধান্ত এক বৎসরের অধিক কাল গত হইরা থাকে অথবা যদি পক্ষান্তরের উত্তরাধিকারির-দের নামে কিয়া কএক জনের প্রতিক্রুলে ডিক্রী হইলে তাহার মধ্যে কেবল এক বাক্তির প্রতি ডিক্রী জারী করিবার দরখান্ত হয় কিয়া যদি এমত বোধ হয় যে ডিক্রী হওনের পরে বিবাদের বিষয় উভয় পক্ষের ইচ্ছাক্রমে কোন প্রকারে নিম্পত্তি হইয়াছে তবে আদালতের উচিত যে হঠাৎ ডিক্রী জারী করণের ত্রকুম না দিয়া যাহার উপর ডিক্রী জারী করিতে হইবেক তাহার নামে এক এত্তেলানামা এই মজমুনে পাঠান্ যে নিরুপিত মিয়াদের মধ্যে সেই ব্যক্তি আদালতে হাজির হইয়া ডিক্রী জারী নিবারণ হইবার কোন বিশিষ্ট হেতু থাকিলে তাহা জানায়। এমত এত্তেলা পাইলে পর যদি ঐ ব্যক্তি আপনি কিয়া তাহার উকীল হাজির না হয় কিয়া ডিক্রী জারী না করণের উপযুক্ত হেতু দর্শাইতে না পারে তবে আদালতের জন্ধ সাহেব ডিক্রী জারী হওনের ত্রকুম দিবেন। যদ্যপি সেই ব্যক্তি কিয়া তাহার উকীল হাজির হয় এবং ডিক্রী জারী হওনের বিষয়ে কোন ওজর করে তবে জন্ধ সাহেব মোকদমার বৃত্তান্ত বিবেচনা করিয়া যাহা বিহিত বুঝেন্ তাহাই করিবেন।—১৮১৪ সা। ২৬ আ। ১৫ ধা। ৮ প্র।—১৭৮ প্রতা।
- ১৩। উক্ত ১৫ ধারার ৮ প্রকরণে যে বিধি আছে তাহার মতাচরণ আদালতের সা-হেবেরা রা করিলে নহে এবং জজ সাহেবেরদের এমত ক্ষমতা নাই যে আপন ইড্যামতে সেই কার্যা করেন্ বা না করেন্। কিন্তু সেই হুকুমের দ্বারা কোন অন্যায় না হয় এই

নিমিত্ত জানান যাইতেছে যে যে লোকের প্রতিকুলে ডিক্রী হইয়াছে দেই লোক কিয়া দেই লোক মরিলে তাহার স্থলাভিষিক্ত ব্যক্তি যদি ডিক্রীর টাকা উসুল করণের যোগ্য বস্তু স্থানা-স্তর বা হস্তান্তর করিতে উদ্যত হয় তবে ১৮১৪ দালের ২৬ আইনের ১৫ ধারার ৮ প্রকরণানুসারে আদালত ঐ ডিক্রীর মতাচরণ করণের নিমিত্ত জামিনী তলব করিবেন এবং যদি জামিন না দেওয়া যায় তবে ১৮০৬ দালের ২ আইনের ৫ ধারাতে উপস্থিতথাকা মোকদ্দমার বিষয়ে যেমন২ জকুম লেখা আছে দেই মত দেই জিনিদ ক্রোক করিবেন।—১৮২৫ দা। ৭ আ। ৭ ধা।—১৭৯ পৃষ্ঠা।

১৪। যথন ১৮১৪ দালের ২৬ আইনের ১৫ ধারার ৮ প্রকরণ এবং ১৮২৫ দালের ৭ আইনের ৭ ধারানুদারে ডিক্রী জারী না হওনের কারণ জানাইতে আদামীর নিকটে অকুমনামা না পাঠান গিয়া একেলানামা দেওয়া গিয়া থাকে এবং দেই আদামীর দন্ধান না পাওয়া যায় তথন ইশ্ভিহার দিতে হইবেক। কিন্তু ইশ্ভিহারের মর্ম্ম যদি একেলানামার মধ্যে লেশা যায় এবং যদি ঐ একেলানামার দক্ষে নাজিরের নিকটে এই মজমুনে এক পরওয়ানা পাঠান যায় যে তাহা আদামীর উপর জারী করিতে না পারিলে তাহা আদামীর বাটীতে লট্কান যায় তবে অনায়াদে কার্য্য দিদ্ধ হইতে পারে।—১২৩৬ নম্বরী আইনের অর্থ।—১৭৯ পৃষ্ঠা।

১৫। সদর আদালত যে বাক্তির প্রতিকুলে ডিক্রী করিয়া থাকেন্ ঐ ডিক্রী জারী না করণের হেতু দর্শাইতে যখন সেই ব্যক্তিকে প্রকুম দিতে হয় তথান জজ সাহেব সেই ব্যক্তিকে সেই এতেলা দিবেন যদি ঐ আসামী কোন ওজর না করে তবে জজ সাহেব সদর আদালতে আর কিছু জিজাসা না করিয়া তাহা জারী করিবেন। যদ্যপি ঐ ব্যক্তি কোন ওজর করে তবে জজ সাহেব তাহার তজবীজ করিরেন এবং সেই বিহয়ের এক রিপোর্ট সদর আদালতে পাঠাইবেন এবং সদর আদালতহইতে প্রকুম না পাওয়াপর্যান্ত সেই ডিক্রী জারী করণের বিহয়ে আর উদ্যোগ করিবেন না ।—১৮৪২ সালের ৮ জুলাইর সরকুলের অর্ডর। —১৮০ পৃষ্ঠা।

১৬। কিন্তু কোন মোকদ্দমাতে রসুমের কি খরচার বাবং যে টাকা সরকারের কি উকীলদিণের পাওনা হয় তাহা উদুলকরণের বিষয়ে আদালত স্তকুম দিতে পারেন্। এমত মোকদ্দমাতে এবং যে সকল মোকদ্দমাতে বাদী বা প্রতিবাদী গোত্রহীনমতে সওয়াল,জওয়াব করিয়া থাকে সেই মোকদ্দমাতে উভয় বিবাদির মধ্যে কাহারো দর্খান্ত না পাইয়া ঐ রসুমের কি অন্য খরচার বাবং যে টাকা সরকারের কি উকীলদিগের পাওনা হয় তাহা উদুল করণার্থে আদালত ডিক্রী জারী করিবেন।—১৮১৪ সা। ২৬ আ। ১৫ ধা। ৯ প্র। —১৮০ পৃষ্ঠা।

১৭। যদ্যপি ডিক্রীদার আপন ডিক্রী জারী করিবার নিমিন্ত দর্থাস্ত করিয়া থাকে এবং তাহার পক্ষে হওয়া ডিক্রীর টাকা আদায়ের যোগ্য কোন সম্পদ্ধিনা পাওয়া যায় তবে তাহার খাতক অন্য কোন ব্যক্তির প্রতিকুলে আপন পক্ষে যে ডিক্রী পাইয়াছে তাহার উপর ঐ ডিক্রীদার যথার্থ দাওয়া করিতে পারে এবং যে ব্যক্তির প্রতিকুলে খাতকের পক্ষে ডিক্রী হইয়াছে সেই ব্যক্তি তাহা জারী নাকরণের কোন বিশিষ্ট কারণ না দর্শাইলে ডিক্রী-দার তাহা জারী করিতে পারে ।—২৯৩ নম্বরী আইনের অর্থ।—১৮০ পৃষ্ঠা।

১৮। কৃষ্টের প্রতিকুলে বংশীর প্রমাণ না হওয়া যে দাবী থাকে বংশীর প্রতিকুলে রাম নামক অন্য ব্যক্তি আপন ডিক্রী জারী করণের নিমিত্ত সেই দাবীতে অধিকার রাখে এমত জান করিতে হইবেক এবং তাহা নীলাম হইতে পারে। যে ব্যক্তি তাহা নীলামে খরীদ করে সেই ব্যক্তি কৃষ্টের স্থানে তাহার দাওয়া করিতে পারে এবং কৃষ্ট্র সেই টাকা না দিলে তাহার নামে নালিশ করিতে পারে।—১২৪৮ নম্বরী আইনের অর্থ।—১৮০ পৃষ্ঠা।

১৯। প্রমাণহওয়া যে দাবীর ডিক্রী হইয়াছে তাহার বিষয়ে উক্র বিধান থাটিবেক এবং যে ব্যক্তি নীলামে সেই দাবী খ্রীদ করে আসল ডিক্রীদার সেই ডিক্রী যেরুপে জারী করিতে পারিত খরীদার দেইরুপে তাহা জারী করিতে পারিবেক।—১২৪৮ নম্বরী আইনের অর্থ।—১৮০ পৃষ্ঠা।

- ২০। রামের পক্ষে ডিক্রী হইয়া যদি সে ব্যক্তি তাহার পিঠে লিখিয়া গোপালকে ঐ ডিক্রী দেয় তবে দেওয়ানী আদালত ঐ খারিজদাখিল রীতিমতে মঞ্চুর করণের নিমিত্ত খারিজ দাখিলকরণিয়া রামের আবশ্যক যে সে স্বয়ৎ অথবা সেই বিশেষ কারণে মোখার নিযুক্ত করিয়া তাহার ছারা জোবানীতে বা দরখাস্তের ছারা গোপালকে ঐ ডিক্রী দেওনের সন্থাদ দেয় পরে ডিক্রী জারী করণের ছকুমে আসল ডিক্রীদারের নাম কাটিয়া গোপালের নাম লেখা ঘাইবেক।—১৩৪১ নমুরী আইনের অর্থ।—১৮০ পৃষ্ঠা।
- ২১। সরকারহইতে যে পেন্সন দেওয়া যায় তাহা আদালতের ডিক্রী জারী করণার্থ ক্রোক হইতে পারে না।—৭৮৮ নম্বরী আইনের অর্থ।—১৮০ পৃষ্ঠা।
- ২২। ডিক্রী জারী করণার্থ দেওয়ানী আদালত সেনাপতি সাহেবেরদের মাহিয়ানা ক্রোক করিতে পারেন না।—৯০২ নম্বরী আইনের অর্থ।—১৮০ পৃষ্ঠা।
- ২৩। সরকারী চাকরেরদের মাহিয়ানা ডিক্রী জারী করণার্থ ক্রোক হইতে পারে। যে কর্মকারক ঐ মাহিয়ানা বাঁটেন তাঁহাকে ঐ মাহিয়ানা ক্রোক করিছে আদালতের জজ সাহেব হুকুম করিতে পারেন্ এবং ঐ মাহিয়ানাবাঁটনিয়া কর্মকারকের প্রতি সেইরূপ করিতে হুকুম হইল। সেই মাহিয়ানার টাকাতে যদি ঐ ডিক্রীর টাকা অকুলান হয় তবে ঐ আসামীকে সুতরাৎ কয়েদ করা ঘাইতে পারে।—৮২৭ নয়ুরী আইনের অর্থ।—১৮১ পৃষ্ঠা।
- ২৪। যখন ডিক্রী জারীক্রমে অস্থাবর সম্পত্তি নীলাম হয় তথন খরীদার খরীদের টাকা লা দিলে তাহা উঠাইয়া লইয়া গাইতে পারিবেক না। যদি নীলামের অধ্যক্ষ জিনিসের স্থুলা না পাইয়া খরীদারকে তাহা দেন্ তবে তাহার দায়ী তিনি হইবেন এবং যদি খরীদার তৎপরে টাকা না দেয় তবে ঐ নীলামের অধ্যক্ষ তাহা নিজহইতে দিবেন এবং তৎপরে আইনমতে খরীদারের স্থানে তাহা পাইবার নিমিত্ত নালিশ না করিলে পাইবেন না।— ৭৮৭ নমুরী আইনের অর্থ।—১৮১ পৃষ্ঠা।
- ২৫। দীল্লরাম সোণামুখীর মুনসেফের কালারীতে গণেশ গরাইনের নামে ১৯৬১ টাকার দাবীতে নালিশ করিল এবং ঐ গরাইনের বিরুদ্ধে যে ডিক্রী ইইতে পারিত তাহা জারী না হওনের নিমিত্ত সে ব্যক্তি গোপাল গরাইন নামক তাহার এক কুটুমুকে তাহার নামে বরজুরার মুনসেফের কালারীতে ঐ মাসের ৫ তারিখে এক মিখ্যা মোকদমা করায় এবং ঐ মাসের ৮ তারিখে ঐ গণেশ গরাইন এক ফেরেবী "একওয়াল দাবী" দাখিল করে তাহাতে সে ঐ মিখ্যা দাওয়া স্থীকার করে এবং দাওয়া পরিশোধের নিমিত্তে আপনার সম্ভক্ত জায়দাদ বন্ধকষরপ দিল এবং তাহার অনুসারে সেই দিবসে তাহার পক্ষে এক ডিক্রী হয়। তাহাতে সদর আদালত জজ সাহেবকে কহিলেন যে উক্ত বিবর্গদৃষ্টে ক্ষতিগ্রস্ত ডিক্রীনারের উক্ত ফেরেবী কার্য্যের দারা যত নোকসান ইইয়াছে তাহার বিষয়ে ঐ ফেরেবী ব্যক্তির নামে জাবেতামত মোকদমা করে এবং মোকদমার বিচার হওনের সময়ে উক্ত সমস্ত জায়দাদ ক্রোক হইতে পারে এবং তাহার দারা ডিক্রীদারের হক রক্ষা হইতে পারে।

  —১৮৪১ সালের ৪ ভুনের আইনের অর্থ।—১৮১ পৃষ্ঠা।
- ২৬। যোত্রহীন ডিক্রীদারের পক্ষে যে সম্পত্তির ডিক্রী হয় তাহার দখল সরকারী কার্য্যকারকের ছারা তাহাকে দেওয়ান যাইবেক এবং তাহাতে যে খর্চ লাগে তাহা পক্ষাম্বর ব্যক্তি দিবেক।—১১৮৬ নম্বরী আইনের অর্থ।—১৮১ পৃষ্ঠা।
- ২৭া ডিক্রী জারী করণের বিষয়ি নানা কাগজপত্র একি নথীতে রাখিতে হইবেক।— ১৮২৪ সালের ২৮ মের সরকালর অর্ডর।—১৮১ পৃষ্ঠা।
- ২৮। ২৯। ডিক্রী জার্রা করণের দরখান্ত এবং ঐ দরখান্তক্রমে যে২ কার্য্য হয় তাহার রেজিন্টর নিয়মিত পাঠানুলারে রাখিতে হইবেক দেই পাঠ এই গ্রন্থের মধ্যে লেখা

আছে। কিন্তু জন্ত্র সাহের ইচ্ছা করিলে নৃতন ছার বা বিভাগ ঐ রেজিউরের মধ্যে করি-তে পারেন্।—১৮২৪ সালের ২৮ মের সরকালর অর্ডর।—১৮২ পৃষ্ঠা।

- ৩০। ডিক্রী জারী করণের দরখান্ত জজ সাহেব প্রধান সদর আমীনকে অর্পণ করিছে পারেন্ এবং চলিত আইনানুসারে তিনি তাহা জারী করিবেন।—১৮৩৬ সা। ৫ আ।—১৮২ পৃষ্ঠা।
- ৩১। ডিক্রীর অভিপ্রায় সিদ্ধ করণার্থ সুদ বা ওয়াসিলাতের বিষয়ে অথবা বিরোধি অন্য কোন বিষয়ে যে ছকুম হয় তাহা নুতন মোকদ্দমার হেতু জান করিতে হইবেক না এবং সেই ছকুমের বিষয়ে জাবেতামত মোকদ্দমা হইতে পারে না ।—১৮৩১ সালের ১১ জানুআরির সরকালর অর্ডর।—১৮৩ পৃষ্ঠা।
- ৩২। ওয়াদিলাত কিয়া সুদ কি বিরোধি অন্য কোন বিষয়ে ডিক্রী জারী করণ সময়ে যে কোন ছকুম দেওয়া যায় তাহা ডিক্রীকরণিয়া আদালত যে বিষয়ের নিষ্পত্তি করিয়াছেন সেই বিষয়ের সম্পর্কে সেই আদালতের অভিপ্রায়্য সিদ্ধ করণার্থ আবশ্যক ছকুমের মত জান করিতে হইবেক এবং তাহা নূতন মোকদ্দমার কারণ জান করিতে হইবেক না ।—
  ১১২৯ নয়রী আইনের অর্থ।—১৮৩ পৃষ্ঠা।

### ২ ধারা।

আদালতের ডিক্রী জারী করণার্থ রাজস্বের কর্ম্মকারকের দ্বারা ভূমির নীলাম।

- ৩৩। যে কালে ডিক্রী জারীক্রমে মালপ্রজারীর কোন ভূমি নীলামে বিক্রয় করিতে হয় সেই কালে জজ সাহেবের কর্ত্তব্য যে ডিক্রীর নকল ইঙ্গরেজী তর্জমাসমেত বার্ডি রেবিনিউর সাহেবেরদের নিকটে পাঠান্।—১৭৯৩ সা। ৪৫ আ। ২ ধা।—১৮৩ পৃষ্ঠা।
- ৩৪। উক্ত ২ ধারাতে যে কাগজের বিষয় লেখা আছে তাহা এক্ষণে রাজস্বের কমি-দ্যানর সাহেত্রের নিকটে পাঠাইতে হইতেক।—৮৯৭ নম্বরী আইনের অর্থ।—১৮৩ পৃষ্ঠা।
- ৩৫। বোর্ডের সাহেবেরা ভূমির মধ্যে যাহা বিক্রয় হইলে ডিক্রীর মতাচরণ হয় তাহা নীলাম করিবেন।—১৭৯৩ সা। ৪৫ আ। ৩ ধা।—১৮৩ পৃষ্ঠা।
- ৩৬। এইরপে কোন ভূমির অংশ নীলাম করিতে হইলে তাহার মোকররী জমা ১৭৯৩ সালের ১ আইনের ১০ ধারাক্রমে ধার্য্য হইবেক।—১৭৯৩ সা। ৪৫ আ। ৪ ধা। —১৮৩ পৃষ্ঠা।
- ৩৭। যে ভূমি এইরপে নীলাম করাইতে হয় তাহা আমীনের দ্বারা অথবা নিকটবর্দ্ধি তহসীলদারের দ্বারা ক্রোক করিতে বোর্ডের সাহেবেরা কালেক্টর সাহেবকে ভকুম দিতে পারেন্। যে লোক সেই কার্য্যে নিযুক্ত হয় তাহার কর্ত্তব্য যে ঐ ভূমির মালগুলারী তহসীল করে এবং সেই ভূমির অধিকারিকে তাহার কিছুই নফ্ট করিতে না দেয় এবং জমা ধার্য্য করণের বিষয়ে যে সকল বৃত্তান্তের আবশ্যক তাহা দেয়।—১৭৯৩ সা। ৪৫ আ। ৫ ধা।—১৮৪ পৃষ্ঠা।
- ৩৮। ভূমি ক্রোক ও বিক্রয় করণেতে যে খরচ হয় তাহা ভূমাধিকারির শিরে পড়ি-বেক এবং তাহা ভূমির আনায়হওয়া খাজানাহইতে দেওয়া যাইবেক অথবা ভূমি বিক্র-য়ের মূল্যহইতে লওয়া যাইবেক।—১৭৯৩ সা। ৪৫ আ। ৬ ধা।—১৮৪ পৃষ্ঠা।
- ৩৯। যে ভূমি এইরূপে বিক্রয় করিতে হয় তাহার অধিকারির সাধ্য আছে যে আপনার তরফ জনেক আমলাকে সেই আমীনের জমাথরচের হিসাব লিখিতে নিযুক্ত করে। কট্কিনাদারপ্রভৃতি প্রজাদিগের যে করারদাদ থাকে তদনুসারে ঐ আমীন মালগুলারী তহস্পিল করিবেক এবং তাহার অধিক লইবেক না এবং যদি সে ব্যক্তি কিছু ব্যতিক্রম করে তবে তাহার নামে নালিশ হইতে পারে। যদি ভূমাধিকারির সহিত কট্কিনাদারপ্রভৃতি প্রজারদের কোন করারদাদ না থাকে তবে আমীন প্রগনার নিরিশ্বঅনুসারে মালগুলারী

তহসীল করিবেক। এবং যদি ঐ আমীন ভূমি তাহার এতমামে থাকিবার সময়ে কিছু খাজা-না তসরুফ করে কিয়া কিছু হৃতি করে তবে ভূমাধিকারী কিয়া ইজারদার দেওয়ানী আদা-লতে তাহার নামে নালিশ করিতে পারে।—১৭৯৩ সা। ৪৫ আ। ৭ ধা।—১৮৪ পৃষ্ঠা।

- ৪০। ঐ মত ভূমির এতমাথে তহসীলদার নিযুক্ত হইলে তাহার প্রতিও দেই সকল ছকুম খাটিবেক।—১৭৯৩ সা। ৪৫ আ। ৮ ধা।—১৮৪ পৃষ্ঠা।
- ৪১। বে আমীন এইরপে নিযুক্ত হয় যদি ভূম্যধিকারী কিয়া ইজারদার কি তাহার জামিন ঐ আমীনের বাধকতা করে বা করায় তবে কালেক্টর সাতেবের হুকুমের বাধকতা ভূমাধিকারী ও অন্যেরা করিলে ১৭৯৩ সালের ১৪ আইনানুসারে তাহারদের প্রতি কালেক্টর সাতেবের যে মতাচরণ করিবার হুকুম আছে তিনি সেই মতাচরণ এই স্থলে করিবেন। এবং মালগুজারী তহসীল করণের নিমিত্ত এই আইনানুসারে নিযুক্ত আমীনের বাধকতা ভূম্যধিকারী কি ইজারদার কিয়া জামিনের দারা হইলে তাহারদের বিষয়ে ঐ ১৪ আইনের বিধি থাটিবেক। ভূম্যধিকারিপ্রভৃতিভিন্ন অন্য কেহ সেই অপরাধ করিলে জামিনেরা বাধকতা করিলে যে দও ও হুকুম হয় তাহারদের বিষয়েও সেইরপ দও ও হুকুম হইবেক।—১৭৯৩ সা। ৪৫ আ। ৯ ধা।—১৮৪ পৃষ্টা।
- ৪২। কোন ভূমির এইরূপ নীলামের তকুম হইলে কালেক্টর সাহেবের মোহর ও দন্তখতে এক তকুমনামা পাইলে দেই ভূমির অধিকারী কিয়া ইজারদার আমীনের অথবা তহসীলদারের নিকটে রুজ হইবেক অথবা আপনার তরক গোমাশ্তাকে রুজু করিবেক এবং দেই ভূমি সমুদ্য কিয়া তাহার যে অংশ বিক্রয় হয় তাহার জমাখরে ও জমা ওয়া-দিল বাকীপ্রভৃতি কাগজপত্র ঐ আমীনের নিকটে দাখিল করিবেক এবং সেই কাগজ দুষ্টে ঐ আমীন দেই ভূমির মোকররী জমা ধার্য করিবেক। হদ্যপি কোন ভূম্যধিকারী বা ইজারদার এই ত্রুম না মানে তবে বাবং তাহারা কালেক্টর সাহেবের ত্রুমমতে কার্য্য না করে তাবং তাহারদের দিনপ্রতি জরীমানা হইবেক। যে জরীমানার তবুম হয় তাহা মঞ্চুর কারণ কালেক্টর সাহেব প্রিয়ুত গবর্নর জেনরল বাহাদুরের হজুর কোন্সেলে জানা-ইবেন এবং সেই জরীমানা বাকী মালগুজারী উসুল করণের নিয়মমতে উসুল হইবেক।—১৭৯৩ সা। ৪৫ আ। ১০ ধা।—১৮৫ প্রতা।
- , 80। কালেক্টর সাহেবের অকুমনামা পাইলে সেই ভূমির মোকররী জমা ধার্য্য করিবার নিমিত্ত ভূমাধিকারী কি ইজারদার পাটওয়ারীকে কিছা জমীদারীর অন্য আমলাকে ভূমির উসুল তংগীলের কাগজপত্র সমেত আমীনের নিকটে কৃজু করাইবেক। ইহাতে যদি কেহ সেই অকুম না মানে তবে উপরের ধারার লিখনানুসারে তাহার জরীমানা হইবেক।—১৭৯৩ সা। ৪৫ আ। ১১ ধা।—১৮৫ পৃষ্ঠা।
- 88। ভূমি নীলাম হইবার পূর্কে এক ইশ্তিহারনামা দিতে হইবেক এবং সেই সমুদ্র ভূমির কিয়া তাহার কিসমতওয়ারী জমা ঐ ইশ্তিহারনামাতে লেখা যাইবেক ও যে স্থানে নীলাম হইবেক তাহা ও নীলামের তারিখ ও বেলা এবং যে সনে নীলাম হয় সেই সনের যে বাকী মালগুজারী খরীদারের দিতে হইবেক তাহাও ইশ্তিহারনামায় থাকিবেক। যদি সেই মালগুজারীর সংখ্যা স্থির না হইতে পারে তবে যে নিয়মানুসারে তাহা স্থির হইবেক তাহা ইশ্তিহারনামার মধ্যে দিতে হইবেক। ঐ ইশ্তিহারনামা জিলার দেওয়ানী আদালতের কাছারীতে ও কালেক্টর সাহেবের দস্তরখানায় ও সেই ভূমির মধ্যে প্রধান গ্রামে ও বার্ড রেবিনিউর দস্তরখানায় সকল লোকের দৃষ্টিপাতের স্থানে নীলামের এক মাস পূর্বের লট্কান যাইবেক। এবং নীলামের মোকামে লট্কান যাইবেক।—১৭৯৩ সা। ৪৫ আ। ১২ ধা।—১৮৬ পৃষ্ঠা।
- ৪৫। উক্ত ১২ ধারাতে যে বিধি আছে তাহা যে জমীদারীর মালগুজারী একেবারে সরকারে দাখিল হয় কেবল দেই জমীদারীর কিসমতের বিঘয়ে খাটে এবৎ সিক্মী অথবা মফঃসলী ভালুকের বিঘয়ে খাটে না।—১১৯৪ নম্বরী আইনের অর্থ।—১৮৬ পৃষ্ঠা।

- ৪৬। ভূমি নীলামের সময়ে তাহার ধরীদার দেই ভূমির মুল্যের শতকরা ৫ টাকার হিসাবে বায়না দাখিল করিবেক। যদি দেই ধরীদার দেই ভূমির মুল্যের টাকা নিয়মিত কালের মধ্যে না দেয় তবে দে বায়নার টাকা সরকারে জব্দ হইয়া দেই ভূমি পুনর্বার নীলাম হইবেক। যদি দেই ভূমির মূল্য প্রথম নীলামের অপেক্ষা দ্বিতীয় নীলামে অপে হয় তবে দেই ক্ষতির নিশা প্রথম ধরীদার করিবেক। যদি দ্বিতীয় নীলামে অধিক মূল্যে বিক্রয় হয় তবে তাহা ভূমাধিকারির হিসাবে মজুরা পড়িবেক।—১৭৯৩ সা। ৪৫ আ। ১৩ ধা।—১৮৬ পৃষ্ঠা।
- 89। যদি প্রথম এরীদার বারনার টাকা না দেয় অথবা দ্বিতীয় নীলাম ছইলে যে ক্ষতি হয় তাহা এরচাসমেত না দেয় তবে দেওয়ানী আদালতের ডিক্রী জারী করিবার নিমিত্ত যে তুকুম আছে সেই তুকুমানুসারে তাহার স্থানে ঐ টাকা উসুল হইবেক।—১৭৯৩ সা। ৪৫ আ। ১৪ ধা —১৮৬ পৃষ্ঠা।
- ৪৮। এইরপে ভূমি নীলাম হইলে দেই সকল ভূমির মালগুজারীর বাকী কি যে মৌকুফী টাকা নীলাম হইবার বংসরের পূর্দের দরুন সরকারের পাওনা থাকে তাহা নীলামের খরীদারের দিবার নির্ণয় নীলামের নিয়মে না থাকিলে খরীদার দেই টাকার বিষয়ে দায়ী হইবেক না। দেই টাকা ভূমির পূর্দ্ধাধিকারির স্থানে লওয়া যাইবেক এবং দে সহজে দেই টাকা না দিলে তাহার দুবা জব্দ হইবেক এবং দেই ব্যক্তি কয়েদ হইতে পারে কট্কিনাদারপ্রভৃতি প্রজাবর্গের স্থানে পূর্দ্ধাধিকারির যে মালগুজারী পাওনা থাকে তাহার স্বস্তুবে খর্বিদারকে দিতে পারে।—১৭৯৩ সা। ৪৫ আ। ১৫ ধা।—১৮৭ পৃষ্ঠা।
- ৪৯। পূর্ব্বোক্ত ধারায় যে সকল তকুম আছে তাহা যেপর্যান্ত নিফ্কর ভূমি নীলামের বিসয়ে থাটিতে পারে সেইপর্যান্ত খাটিবেক। কিন্তু সেই ভূমিতে পূর্ব্বাধিকারির যে স্বপ্ত ছিল খরীদার কেবল সেই স্বত্তের স্বত্তবান হউবেক এবং ঐ ভূমিতে সরকারী মালগুজারীর যে দাওয়া থাকে তাহা সেই ভূমির অধিকারির পরিবর্ত্ত হওয়াতে লোপ হইবেক না।—১৭৯৩ সা। ৪৫ আ। ১৭ ধা।—১৮৭ পৃষ্ঠা।
- ৫০। এলাকা বারাণসের মধ্যে অনেক প্রকার সনদী ভূমি আছে তাহাতে কোন একহ তালুক কিয়া জমীদারী কি প্রামে তাহার অধিকারিদিগের একের স্বজ্ঞের অন্তর্গর্ভে অন্যাধিকারিরদের স্বস্তর বর্ত্তিতেছে এবং দেই ভূমির মালগুলারীর সর্বরাহ একহ প্রাট্টার অনুসারে তাহার অধিকারিদিগের মধ্যের জনেক দুই জন প্রধানের মারফতে হয় অভএব এমত একাধিকারিরদের স্বজ্ঞের অন্তর্গর্ভে অন্যাধিকারিদিগের স্বস্ত্র হা ক্রেক্ত্র যদি কেহ খরীদ করে তবে খরীদার যে অধিকারির দায়ে দেই ভূমি বিক্রয় হয় কেবল দেই অধিকারির স্বজ্ঞে স্বস্ত্রবান হইবেক তদ্মি অন্যাধিকারিদিগের স্বস্ত্র তাহাতে বিচলিত হইবেক না।—১৭৯৫ সা। ২০ আ। ১৯ ধা।—১৮৭ পৃষ্ঠা।
- ৫১। ভূমি নীলামে বিক্রর হইলে কালেক্টর সাহেব উপযুক্তমত বহীর মধ্যে সেই ভূমির থারিজদাথিলের কৈফিয়ৎ লিখিবেন।—১৭৯৩ সা। ৪৫ আ। ১৮ ধা।—১৮৭ পৃষ্ঠা।
- ৫২। ডিক্রী জারীক্রমে পত্তনি এবং দরপত্তনি তালুক নীলাম হইলে তাহা কালেক্টর সাহেবের দ্বারা হইলেক।—১৪৯ নমুরী আইনের অর্থ।—১৮৭ পৃষ্ঠা।
- ৫৩। ডিক্রী জারীক্রমে সিক্মী এবং অন্যান্য তালুক বিক্রয় হইলে তাহা কালেক্টর সাহেবের ছারা নীলাম হইবেক।—১২১ নমুরী আইনের অর্থ।—১৮৭ পৃষ্ঠা।
- ৫৪। ডিক্রী অথবা আদালতের অন্য শুকুম জারী করণার্থ যথন ভূমি নীলাম করিতে হয় এবং তমিমিত্ত বোর্ড রেবিনিউর সাহেবেরদের নিকটে দরখান্ত করা যায় তথন জন্ত দাহেবের উচিত যে ভূমি ক্রোক করিতে এক জন চাপরাসী কি অন্য কোন আমলাকে তথায় পাঠান্ এবং বেপর্যান্ত ঐ নীলাম না হয় অথবা তাহার নিষেধ না হয় সেইপর্যান্ত তাহা ক্রোক করিয়া রাখেন্।—১৮১৬ সালের ১৭ ফেকুআরির সর্কুলের অর্ডর।—১৮৮ পৃষ্ঠা।

- ৫৫। এমত হইলে রাজবের কর্মকারকের। দথীলকার ব্যক্তিকে বেদখল করিতে যেপর্যান্ত হুকুম না দেন্ দেইপর্যান্ত দেই ভূমি তাহার হাতছাড়া করণের আবশ্যক নাই। কিন্ত ক্রোক করণের বিষয়ে জিলা ও শহরের আদালতের এক হুকুমনামা ঐ দম্পত্তির কোন স্থানে লট্কাইতে হইবেক এবং ঐ হুকুমনামা জারী করিতে যে ব্যক্তিকে পাঠান যায় তাহার উচিত যে ঐ ভূমির ক্রোক বরখান্ত অথবা নীলাম নিষেধ না হওয়াপর্যান্ত ভূমির উপর থাকে।—১৮১৬ সালের ১৭ ফেবুুআরির সরকুলের অর্ডর।—১৮৮ পৃষ্ঠা।
- ৫৬। ঐ ভূমির উপর এইরেপ চাপরাসী বঁদাওনেতে তৎসম্পর্কীয় ব্যক্তিরদের নির্থক খরচ হইরাছে অতএব শুকুম হইল যে সেইরেপে কোন ভূমি বা অন্য স্থাবর সম্পত্তি কোক করিতে দেওয়ানী আদালতের প্রকুম হইলে ঐ আদালত আপনার বিবেচনামতে সেই ভূমিতে কোন চাপরাসী বসাইবেন বা না বসাইবেন। এবং যে ব্যক্তির দর্খান্তক্রমে ভূমি ক্রোক হয় তাহার ইচ্ছা বুঝিয়া এবং সম্পত্তির মূল্য এবং অন্যান্য বিশেষ বিষয় বিবেচনা করিয়া জজ সাহেবেরা ঐ রূপে চাপরাসী বসাওনের বিষয়ে প্রকুম করিবেন।—১৮৩৪ সালের ৫ সেপ্টেম্বের সর্কুলর অর্ডর।—১৮৮ পৃষ্ঠা।
- ৫৭। যখন ডিক্রী জারী করণার্থ ভূমি নীলাম করিতে শুকুম হয় তখন যে আদালতহইতে সেই ডিক্রী হইয়া থাকে অথবা যে আদালতে সেই ডিক্রী জারী করণার্থ পাঠান য়ায
  ভাহার জজ দাহেবের উচিত যে ডিক্রীর টাকা দাখিল হইলে অথবা বিশিষ্ট কারণান্তরে
  সেই ভূমির নীলাম মৌকুফ করণার্থ কালেক্টর দাহেবের প্রতি এক শুকুমনামা পাঠান্। ঐ
  নীলাম মৌকুফ বা বিলম্ব করণের কারণ জজ দাহেব আপন শুকুমনামাতে লিখিবেন। যদি
  নীলামের বিলম্ব করা যায় তবে জজ দাহেব সেই নীলাম করণার্থ অন্য তারিখ নিরপণ
  করিতে পারেন্ এবং জজ দাহেব নীলাম মৌকুফ বা বিলম্ব করণের এইরপ যে শুকুম দেন্
  ভাহা কালেক্টর দাহেব মানিবেন।—১৭৯৩ দা। ৪৫ আ। ১৬ ধা।—১৮৮ পৃষ্ঠা।
- ৫৮। ১৮২৫ সালের ৭ আইনের ৩ ধারার ৭ প্রকরণের বিধি আদালতের ডিক্রী-ক্রেমে কালেক্টর সাহেব যে সকল ভূমি নীলাম করেন্ তাহার বিষয়ে খাটে এবং ঐ প্রকার নীলামের বিষয়ে এক্ষণে যে২ ছকুম চলন আছে তাহা অধরাইবার নিমিত্ত নীচের লিখিত ছকুম নির্দিষ্ট করা যাইতেছে।—১৮২৫ সা। ৭ আ। ৪ ধা। ১ প্র।—১৮৮ পৃষ্ঠাঃ
- ৫৯। আদালতের ডিক্রী জারী করণের নিমিত্ত ভূমি নীলাম করণের আবশ্যক ছইলে এবং ডিক্রীদার যে ভূমি দেখাইয়া দেয় তাহা যদি এইপ্রকার হয় যে রাজস্বের কর্ম-কারকের নিকটে সমাচার না দিলে নীলাম হইতে পারে না তবে আদালতের সাহেবের কর্ত্তর্বা যে ঐ ডিক্রীর নকল ও তর্জমা বোর্ডের সাহেবেরদের অথবা রাজস্বের কমিস্যানর সাহেবের নিকটে পাঠান্। এবং যে ব্যক্তির স্থানে ডিক্রীর টাকা পাওনা হয় সেই ব্যক্তির ভূমি বলিয়া ডিক্রীদার যে ভূমি দেখাইয়া দেয় তাহার বেওরা লিখিয়া কমিস্যানর সাহেবের নিকটে পাঠান্।—১৮২৫ সা। ৭ আ। ৪ ধা। ২ প্র।—১৮৯ পৃষ্ঠা।
- ৬০। বোর্ড রেবিনিউর সাহেবেরা অথবা কমিদ্যানর সাহেব উক্ত পত্র পাইলে ১৭৯৩ সালের ৪৫ আইনের নিয়মানুদারে কার্য্য করিয়া ঐ ভূমির কৈফিয়তের মধ্যে ডিক্রী জারী করণার্থ যে ভূমি নীলাম করা উপযুক্ত বোধ হয় এবং ডিক্রীর টাকা কুলাইতে পারে এমত কোনং ভূমি নীলাম করিবার নিমিত্ত বাচনী করিতে কালেক্টর সাহেবকে হুকুম দিবেন।
  —১৮২৫ সা। ৭ আ। ৪ ধা। ৩ প্র।—১৮৯ পৃষ্ঠা।
- ৬১। ৬২। সরকারের বিরুদ্ধে অপরাধি করণপ্রযুক্ত যে ভূমি কিছু কালের নিমিত্ত সরকারের অকুমে ক্রোক হয় তাহা ক্রোক থাকন সময়ে ডিক্রণী জারী করিবার বা জরীমানার টাক। উসুল করিবার নিমিত্ত বিক্রেয় হইবেক না। এমত সকল গতিকে দেওয়ানী আদালতের ডিক্রণী জারী করিবার নিমিত্ত গবর্ণমেন্ট আপনি যথার্থ নিয়ম করিবেন।—১৮১৮ সা। ৩ আ। ১০ ধা। ২ ও ৩ প্র।—১৮৯ পৃষ্ঠা।

- ৬৩। কোন ব্যক্তির প্রতিকূলে ডিক্রী হইলে সেই ব্যক্তির অধিকারের বহির্ভূত দম্পত্তি ঐ ডিক্রী জারীর নিমিত্ত নীলাম হইতে পারে না। অতএব কৃষ্ণের নামে রাম যে নালিশ করে সেই নালিশে যদি গোপাল বাদী বা প্রতিবাদী না হয় তবে কৃষ্ণের প্রতিকূলে যে ডিক্রী হয় তাহা জারী করণের নিমিত্ত গোপালকে আপন ভূমিহইতে বেদখল করিতে হইবেক না।—৭৪৪ নমুরী আইনের অর্থ।—১৮৯ পৃষ্ঠা।
- ৬৪। ডিক্রী জারী করণার্থ যোডদারের হব্দ ও লাভ নীলাম হইতে পারে।—৮৯০ নম্বরী আইনের অর্থ।—১৮৯ পৃষ্ঠা।
- ৬৫। ডিক্রী জারী করণার্থ যে ভূমির নীলাম হয় তাহা যদি অসিদ্ধ হয় এবং নীলা-মের আমানতী যে টাকা পূর্বে সরকারে জব্দ হইয়াছিল তাহা যদি দেওয়ানী আদালত ফিরিয়া দিতে জকুম করেন্ তবে কালেক্টর সাহেবের সেই অকুম অবশ্য প্রতিপালন করিতে হইবেক। যদি সেই জকুমে কালেক্টর সাহেব অসম্মত হন্ তবে তিনি আপীল করিতে পারেন্।—১১১০ নমুরী আইনের অর্থ।—১৮৯ পৃষ্ঠা।

## ৩ ধারা।

ডিক্রী জারীক্রমে দেওয়ানীর কার্য্যকারকেরদের ছারা বাটী কি ফলের বাগান কি বাগান অথবা ক্ষুদু ২ ভূমি এও নীলাম।

- ৬৬। ১৭৯৩ সালের ৪৫ আইন এবং ১৭৯৫ সালের ২০ আইন এবং ১৮০৩ সালের ২৬ আইন কি চলিত অন্য যে কোন আইনে হুকুম আছে যে ডিক্রী জারী করণার্থ ভূমি নীলাম করিতে হইলে তাহা কালেক্টর সাহেবপ্রভূতির দ্বারা করিতে হইবেক সেই হুকুমের মতান্তর হইল।—১৮২৫ সা। ৭ আ। ২ ধা। ১ প্র।—১৯০ পৃষ্ঠা।
- ৬৭। ১৭৯৩ সালের ৪৫ আইনের ছকুম বাটা ঘর কি বাগান কি ফলের বাগান কি নিফার কুদু ভূমি এও নীলামের সহিত সম্পর্ক রাথিবেক না ডিক্রী জারী করণার্থ সেই-প্রকার কোন বন্ধ বিক্রয় করিতে হইলে তাহা বোর্ড রেবিনিউর সাহেব কিয়া রাজন্মের কর্মকারক সাহেবেরদের জাতসার করণবাতিরেকে আদালতের প্রকুমক্রমে কিয়া আদালতসম্পর্কার অন্য কার্যকারকের দারা নীলাম হইবেক I—১৮২৫ সা। ৭ আ। ২ ধা। ২ প্র।—১৯০ পৃষ্ঠা।
- ৬৮। ভূমি বিক্রয় করণের দ্বারা ডিক্রী জারী করণের ক্ষমতাপন্ধ আদালতসম্পর্বীয় দাহেবেরা যেরপে ডিক্রী জারী করণার্থ নীলামের যোগ্য অস্থাবর বস্তু নীলাম করণের ত্রুমু দিতে পারেন্ সেইমত কোন বাটী ঘর কি বাগানইত্যাদি ডিক্রী জারী করণার্থ নীলাম করিতে পারিবেন।—১৮২৫ সা। ৭ আ। ২ ধা। ৩ প্র।—১৯০ পৃষ্ঠা।
- ৬৯। সদর আদালত উক্ত আইনের এমত অর্থ করেন্। বাটী ঘর কি বাগান কি ফলের বাগান কি নিফ্কর কুদু ও ভূমিখণ্ড অস্থাবর সম্পত্তির ন্যায় দেওয়ানী আদালতের দ্বারা নীলাম হইবেক। কিন্তু নিফ্কর বৃহৎ ভূমিখণ্ড এবং মালগুজারীর সকল ভূমি যত্ত কুদু হউক তাহা ফলের বাগান বা বাগিচা না হইলে রাজস্বের কর্মকারকের দ্বারা নীলাম হইবেক।—১৯৩ নমূরী আইনের অর্থ ।—১৯০ পৃষ্ঠা।
- ৭০। গ্রাম্য চৌকীদারেরদের ভরণপোষণের নিমিত্ত যে ভূমি বৃত্তি আছে ভাছার ফদল ঐ ভূমির মালিকের প্রতিকুলে হওয়া ডিক্রী জারী করণার্থ নীলাম হইতে পারে।— ১২১২ নম্বরী আইনের অর্থ।—১৯০ পৃষ্ঠা।
- ৭১। এই আইনানুসারে যে বাটী ঘর কি বাগান কি ফলের রাগান কি নিক্ষর ক্লুদু ভূমিখণ্ড নীলাম হয় তাহার নীলাম করণার্থ আদালতের সাহেবেরা নাজিরেরদিগকে নিযুক্ত করিতে পারেন্।—১৮২৫ সা। ৭ আ। ৩ ধা। ১ প্র।—১৯১ পৃষ্ঠা।
  - १२। ये প্रकाর वाणे चत्रहेजामि ब्लाक ও नीलात्मत्र कार्या नामित्हता नियुक्त घरेला

ঐ নীলামের উৎপল্লের উপর তাহারা কিছু কমিসান পাইবেক না।—৫০৯ নম্বরী আইনের অর্থ।—১৯১ প্রা।

- ৭৩। আদালতের ডিক্রী বা ছকুম জারী করণার্থ অস্থাবর বস্তু কিয়া এই আইনের ২ ধারার ২ প্রকরণের লিখিত স্থাবর বস্তু ক্রোক ও নীলাম করিতে হইলে ঐ নীলামের তাবং বৃত্তান্ত দেশের চলিত ভাষার ইশ্তিহারের দিন এবং নীলাম হওনের নিরূপিত দিন ছাড়া নীলামের পূর্বে ৩০ দিনপ্র্যান্ত ঘোষণার দ্বারা সর্ক্তর প্রচার করিতে হইবেক।—১৮২৫ সা। ৭ আ। ৩ ধা। ২ প্র।—১৯১ প্রা।
- ৭৪। পরে ১৮৪২ সালের ১৫ মার্চ তারিখে জিলার জজ সাহেবের প্রতি উক্ত বিধি প্রতিপালনের বিষয়ে পুনরায় ছকুম হইল এবং তাঁহার প্রতি এই আজ্ঞা হইল যে ১৮২৫ সালের ৭ আইনের ও ধারার ২ প্রকরণের বিষয়ে যদি তাঁহার অধীন বিচারকের। শৈথিলা করেন্ তবে জজ সাহেব তাঁহারদের শাসন করিবেন।—১৮৪২ সালের ১৫ মার্চের সরক্যুলর অর্ডর।—১৯১ পৃষ্ঠা।
- ৭৫। যে স্থানে ঐ বন্ধ থাকে সেই স্থানে ঢোল পিটাইয়া ঐ ঘোষণা দেওয়া যাইবেক এবং যে গ্রামে কি নগরে ঐ বন্ধ ক্রোক হয় তাহার মধ্যগত সকল লোকের দৃষ্টিগোচর স্থানে এবং মুনসেফের কাছারীতে এবং কালেক্টর সাহেবের ও যে জজ সাহেব নীলামের ত্রুম দিরা থাকেন তাহার কাছারীতে ইশ্তিহারনামা লট্কান যাইবেক। ঐ নীলামের ত্রুম দদর আমীনের দ্বারা হইলে তাহার কাছারীতে ঐ ইশ্তিহারনামা লট্কান যাইবেক।—১৮২৫ সা। ৭ আ। ৩ ধা। ২ প্রা ৷—১৯১ পৃষ্ঠা।
- ৭৬। মোকদ্মার বিষয় বুঝিয়া জজ সাহেব যেমত উচিত বোধ করেন্ সেই মতে ঐ ক্লোক ও নীলামের জকুম পরেহ কি একেবারে দিতে পারেন্।—১৮২৫ সা।৭ আ।৩ ধা।৩ প্র।১৯১ পৃষ্ঠা।
- ৭৭। ডিক্রী জারীক্রমে কোন সম্পত্তি ক্রোক হইলে সেই জিনিস আপন জিম্মায় রাখিতে কোন ব্যক্তি ইচ্ছা না করিলে তাহাকে সেইরপ রাখিতে জকুম দেওয়া যাইতে পারে না। যদি কেই ইচ্ছাক্রমে সেই জিনিস আপন জিম্মায় লইতে করার করে তবে সেই জিনিসের কিছু ক্ষতি হইলে তাহার বিষয়ে সেই ব্যক্তি দায়ী হইবেক এবং ক্ষতির দাওয়াতে তাহার নামে জাবেতামত নালিশ হইতে পারে কিন্তু তাহার নামে কোন সরাসরী নালিশ হইতে পারে না।—৯৫৮ নমুরী আইনের অর্থ।—১৯২ পৃষ্ঠা।
- ৭৮। সামান্যতঃ যে ব্যক্তির দর্থান্তে কোন বস্তু ক্রোক হয় ঐ বস্তু ক্রোক থাকন সময়ে নির্ম্বিল্লে রাখণের বিষয়ে সেই ব্যক্তি দায়ী হইবেক।—৯৫৮ নমুরী আইনের অর্থ। —১৯২ পৃষ্ঠা।
- ৭৯। ১৮১২ সালের ৫ আইনের ১৪ ধারায় লাঙ্গলইত্যাদি কৃষি করণের দুব্যজাত বিক্রেয় করিতে যে নিষেধ আছে তাহার অভিপ্রায় যে কেবল বকেয়া খাজানা উসুল করণের নিমিত্ত সেই বন্দুর নীলাম হইতে পারে না। ডিক্রী জারী করণার্থ সেই বন্দু নীলাম করিতে নিষেধ নাই।—১৬২ নম্বরী আইনের অর্থ ।—১৯২ পৃষ্ঠা।
- ৮০। ডিক্রী জারী করণার্থ আদালতের আমলার দ্বারা জিনিস নীলাম হইলে যদি খরীদার খরীদের টাকা দিতে ও জিনিস আপন দখলে লইতে স্থীকার না করে এবং যদি দ্বিতীয়বার নীলাম হয় তবে প্রথম নীলামঅপেক্ষা দ্বিতীয় নীলামে যত অপ্প মূল্যে জিনিস বিক্রয় হয় তাহা ডিক্রী জারী করণার্থে যেং হুকুম নির্দ্দিউ আছে সেইং হুকুমানুসারে উসুল করিতে হইবেক।—৫৫৪ নমুরী আইনের অর্থ।—১৯২ পৃষ্ঠা।
- ৮১। যদি খরীদারকে আপনার খরীদা জিনিসের দখল দিবার প্রস্তাব হইলে পর সেই ব্যক্তি উপযুক্ত সময়ের মধ্যে তাহা আপন দখলে লইতে ছীকার না করে তবে দখল না লওয়াতে যে অনিষ্ট হইবেক তাহা তাহার শিরে পড়িবেক ইহা তাহাকে বিশেষরূপে জানাইতে হইবেক এবং খরীদের টাকা ডিক্রীদারকে দিতে হইবেক।—৫৩২ নম্রী আইনের অর্থ।—১৯২ পৃষ্ঠা।

৮২। ডিক্রী জারী করণার্থ যে জিনিস নীলাম হয় তাহা ডিক্রীদার আপনি খরীদ করিলে খরীদের সমুদায় টাকা দাখিল না করিয়া তাহার পক্ষে যত টাকার ডিক্রী হইয়াছে তত টাকার রসীদ আদালতে দাখিল করিতে পারে বিশেষতঃ অন্যান্য যে ব্যক্তিরদের সেই জিনিসের উপর দাওয়া থাকে তাহারদের এবং সরকারের দাওয়ার যদি কিছু বিশ্ব না হয় তবে এইরপে ডিক্রীদার টাকা না দিয়া আপন রসীদ দিতে পারে। এবং ঐ জিনিসে দখল দেওনের বিষয়ে অন্যান্য খরীদারেরদের সম্পর্কে যে২ বিধি খাটে সেই২ বিধি তাহারদের বিষয়েও খাটিবেক এবং দেওয়ানী বা রাজন্বের কর্মকারকের দ্বারা নীলাম হইলে এই বিধি তুলারপে খাটিবেক।—১৮৩৯ সালের ১৮ জানুআরির সরকুলর অর্ডর।
—১৯২ পৃষ্ঠা।

৮৩। যদি ডিক্রীদার আপন খাতকের কোন সম্পত্তি কালেক্টরী নীলামে আপন ডিক্রীর সংখ্যার অপেক্ষা অধিক টাকাতে খরীদ করে তবে ঐ ডিক্রীদারের ঐ খরীদের সমুদায় টাকার উপর শতকরা ১৫ টাকার হিসাবে আমানৎ করিতে হইবেক অথবা আপনার পাওনা টাকা বাদ দিয়া বাকী টাকা দাখিল করিতে হইবেক যেহেতুক আপনার ডিক্রীর টাকা বাদে বাকী টাকা যদি ডিক্রীদার দাখিল না করে তবে ঐ নীলাম অসিদ্ধ হইবেক এবং খরীদার আপনি যত টাকা ডাকিয়াছিল তাহার উপর যে টাকা বায়না দিয়াছিল তাহা হারিবেক।—১৩৫০ নমুরী আইনের অর্থ।—১৯৩ পৃষ্ঠা।

৮৪। ৮৫। ৮৬। ৮৭। ডিক্রী জারী কর্ণার্থ যদি বাটা নীলামে ধরা যায় এবং যদি সেই সমুদায় বাটীর নিমিত্ত কোন খরীদার উপস্থিত না হয় এবং যদি কোন ব্যক্তি কহে যে ঘর ভাঙ্গিয়া গর-জাম বিক্রয় করিলে ক্রয় করিতে পারি তবে সেইরপ করা যাইতে পারে না। বৃক্তের বিষয়েও সেইরপ বিধি চলিবেক তাহা বিক্রয় না হওয়াপর্যান্ত কাটান যাইতে পারে না। ইহাতে কোন অনিষ্ট হইতে পারে না যেহেতুক ডিক্রীদার ইড্ছা করিলে তাহা আপনি খরীদ করিয়া টাকার পরিবর্ত্তে আপন রদীদ আদালতে দাখিল করিতে পারে। —১২২৭ নমুরী আইনের অর্থ।—১৯৩ পৃষ্ঠা।

৮৮।৮৯।৯০। যখন কোন বিদেশী আদালতে ডিক্রী হয় অথবা এই দেশের মধ্যে আইনের বহির্ভূত প্রদেশে ডিক্রী হইয়া থাকে এবং ডিক্রীদার সেই ডিক্রী যে প্রদেশে আইন চলন আছে সেইখানে জারী করিতে চাহে তথন সেই ব্যক্তি সেই আইন বৃহির্ভূত দেশের দেওয়ানী আদালতে তাতার পক্ষে হওয়া ডিক্রী ধরিয়া পক্ষান্তর ব্যক্তির নামে নালিশ করিতে পারে।—১১৩৩ নমুরী আইনের অর্থ।—১৯৪ পৃষ্ঠা।

৯১। বংশী কিছু টাকা কর্জ করিলে এবং আনন্দ তাহার জামিন হইলে সদি ঐ আনন্দ জামিনী থতে লেখে যে আমি অমুক্য তালুকের জমীদার কিন্তু যদি দেই থতের মধ্যে এমত না লেখে যে আমি এই কর্জের নিমিত্ত ঐ তালুক বন্ধক রাখিলাম তবে জামিনীর ঝুঁকী তাহার উপর থাকিতে দেই ভূমি আইনমতে হস্তান্তর করিতে নিষেধ নাই।—১০১৭ নমুরী আইনের অর্থ।—১৯৪ পুড়া।

#### ৪ ধারা।

# ভিন্ন এলাকায় সম্পত্তির নীলাম।

১২ । ১৩ । ১৪ । যদি অন্য জজের এলাকায় সম্পত্তি নীলাম করণের দর্থান্ত গ্রাহ্য করিতে হয় তবে যে জিলার মধ্যে ঐ বিক্রয়ের যোগ্য সম্পত্তি থাকে সেই জিলার জজ সাহেবের নিকটে ঐ দর্থান্ত পাঠাইতে হইবেক। এবং নীলামের স্থকুমকরণিয়া আদালতের এলাকার মধ্যে সম্পত্তি থাকিলে জজ সাহেব ফেরুপে তছবীজ ও কার্য্য করিতেন যে জজ সাহেবের এলাকার মধ্যে ভূম্যাদি থাকে তিনি সেইরুপে তাহার তজবীজ ও কার্য্য করিবেন। রাজন্বের কার্য্যকারকের স্থকুম হইলে বা না হইলে যে সকল নীলাম হয় তাহার বিষয়ে উক্ত বিধি থাটিবেক।—১৮৪০ সালের ৮ মের সরকুলের অর্ডর।—১৯৪ পৃষ্ঠা।

৯৫। উক্ত সরক্যুলর অর্ডর দেমত জিলার আদালতে খাটে সেইমত তাহার অধীন আদালতের বিষয়েও খাটিবেক।—১৮৪১ সালের ২৪ সেপ্টেম্বরের সরক্যুলর অর্ডর।— ১৯৫ পৃষ্ঠা।

৯৬। উক্ত সরক্যুলর অর্ডরের অনুসারে কার্য্য করিতে হইলে ঐ অধস্থ আদালত ১২৩৫ নম্বরী আইনের অর্থের মর্মানুসারে কার্য্য করিবেন। এবং প্রধান সদর আমীন ও সদর আমীন যে জজ সাহেবের এলাকার মধ্যে সম্পত্তি থাকে তাঁহার নিকটে আপনারদের মোহর ও দস্তথতে ক্রকারীসমেত আপনারদের দরখান্ত পাঠাইবেন এবং মুন-দেকেরা ঐ দরখান্ত আপন২ জিলার জজ সাহেবের দ্বারা ও দন্তথতে পাঠাইবেন।—১৮৪১ সালের ২৪ সেপ্টেম্বের সরক্যুলর অর্ডর।—১৯৫ পৃষ্ঠা।

## ৫ ধারা।

ডিক্রী জারীক্রমে যে ভূমি নীলাম হইবার ইশ্তিহার হয় তাহার উপর দাওয়া এবং তাহার নীলামের বিষয়ি ওজর।

৯৭। আদালতের কর্মকারকেরদের নারা যে ভূম্যাদি নীলাম হইবার ইশ্ভিহার হয় যদি তাহার কোন দাওয়া উপস্থিত হয় কিয়া ইশ্ভিহারের মিয়াদের মধ্যে কোন ওজর হয় তবে যে আদালতহইতে নীলামের হুকুম হইয়াছিল দেই আদালতে তাহার তজবীজ হই-বেক কিয়া তাহার তজবীজ করণের ভার সদর আমীন অথবা মুনদেকের প্রতি অর্পণ হইতে পারে। এবং যদি আবশ্যক বোধ হয় তবে যাবৎ ঐ দাওয়া বা ওজরের বিবেচনা না হয় ভাবৎ নীলাম স্থগিত হইতে পারে। কিন্তু যদি ন্যাম্য বিচারের ব্যাহাত করিবার অথবা প্রবিশ্বনা করণের অভিপ্রায়ে ঐ দাওয়া বিলম্ব করিয়া দরপেশ হইয়াছে তবে নীলাম স্থগিত হইবেক না। এবং ঐ দাওয়াদার জাবেতামত নালিশ দেওয়ানী আদালতে করি-বেক।—১৮২৫ সা। ৭ আ। ৩ ধা। ৬ প্র।—১৯৫ পৃষ্ঠা।

৯৮। ৫০০০১ টাকার উর্দ্ধ মূল্যের মোকদমায় প্রধান সদর আমীন আপন ডিক্রী জারী করণসময়ে ১৮২৫ সালের ৭ আইনের ৩ ধারার ৬ প্রকরণানুসারে যে২ হুকুম দেন্ ভাহার উপর আপীল একেবারে সদর দেওয়ানী আদালতে করিতে হইবেক।—১১৪৮ নম্বরী আইনের অর্থ।—১৯৫ পৃষ্ঠা।

৯৯। যে ভূমি নীলাম করিতে হয় তাহার উপর কালেক্টর সাহেবের নিকটে যদি এমত ওজর হয় যে ডিক্রীর লিখিত টাকার দায়ি জনের ঐ ভূমাাদিতে অধিকার নাই তবে কালেক্টর সাহেবের উচিত যে যে আদালত ঐ নীলামের হুকুম করিয়াছিলেন তাহার জজ সাহেবের নিকটে ঐ দাওয়া বা ওজরের সম্বাদ দেন্ এবং সেই বিষয়ে যাহাং আপন সিরিশ্তার লেখা থাকে তাহার বেওরা লিখিয়া পাঠান্ এবং তাহার প্রত্যুম্ভরে যেং হুকুম পান্ তদনুসারে নীলাম করেন্বা না করেন্।—১৮২৫ সা। ৭ আ। ৪ ধা। ৪ প্র।—১৯৬ পৃষ্ঠা।

১০০। যে যাজির প্রতিকূলে ডিক্রী জারী করণের দর্গাস্ত হয় সেই ব্যক্তিভিন্ন অন্যের নামে যদি কালেক্টর সাহেবের বহীতে জমীদারীর রেজিইটরী হইয়া থাকে তবে কেবল সেইপ্রযুক্ত কালেক্টর সাহেব ঐ জমীদারী নীলাম করিতে অম্বীকৃত হইতে পারেন্ না কিন্ত যদি ঐ জমীদারীর উপর কোন দাওয়া হয় অথবা ভাহার নীলামের বিষয়ে কোন ওজার হয় তবে কালেক্টর সাহেব ১৮২৫ সালের ৭ আইনের ৪ ধারার ৪ ও ৫ প্রকর্ণানুসারে কার্যা,করিবেন ।—১৪৮ নম্বরী আইনের অর্থ।—১৯৬ পৃষ্ঠা।

১০১। যে আদালতহইতে নীলামের জ্কুম হয় কেবল সেই আদালতের দ্বারা ঐ প্রকার দাওয়ার বিচার ও নিম্পত্তি হইতে পারে। যদি কালেক্টর সাহেবের নিকটে দাওয়া করা যায় তবে তাঁহার উচিত যে ঐ দাওয়ার বিচার হইবার নিমিত্ত তাহা দেওয়ানী আদালতে পাঠান্।—৭৯৪ নয়রী আইনের অর্থ।—১৯৬ পৃষ্ঠা।

১০২। ১০৩। যে আদালতহইতে নীলামের স্থকুম হইয়া থাকে সেই আদালতের বিশেষ স্থকুমবিনা ঐ নীলাম বিলম্ব করিতে কালেক্টর সাহেবের কোন ক্ষমতা নাই। যদ্যপি দেইমত স্থকুম না পঁছছে তবে নীলাম অবশ্য করিতে হইবেক।—১৮৪০ সালের ৪ সেপ্টেম্বের সর্কালর অর্জন —১৯৬ পৃষ্ঠা।

১০৪। যদি কালেক্টর সাহেব সেই প্রকার দাওয়া বা ওজরের বিষয় জজ সাহেবকে জানান্ অথবা যে জজ সাহেব নিলামের তকুম করিলেন যদি তাঁহার নিকটে কোন দাওয়া-দার দাওয়া দরপেশ করে তবে ঐ জজ সাহেব তৎক্ষণে তাহার সত্যাসত্যতার বিষয়ে সরাসরী বিবেচনা করিবেন এবং আবশ্যক হইলে দাওয়ার নিম্পত্তি না হওয়াপর্যান্ত কালেক্টর সাহেবকে ঐ নীলাম স্থগিত করিতে তকুম দিতে পারেন্। কিন্ত নীলামের ইশ্ভিহার দেওনের পর উপযুক্ত মিয়াদের মধ্যে ঐ দাওয়া কি ওজরের দর্খান্ত না করা গেলে এবং নীলামের ব্যাঘাত করণের নিমিত্ত তাহা উপস্থিত হইয়াছে বোধ হইলে নীলাম করিতে বিলম্ন করা যাইবেক না। এমত হইলে জজ সাহেব ঐ নীলাম করিতে তকুম দিতে পারেন্ এবং দাওয়াদার আপনার দাওয়া বুঝিয়া পাইবার নিমিত্ত জাবেতামত নালিশ করিতে চাহিলে করিতে পারে।—১৮২৫ সা। ৭ আ। ৪ ধা। ৫ প্র।—১৯৭ পৃষ্ঠা।

১০৫। ১০৬। আদালতের ডিক্রী জারী করণার্থ ভূমি নীলাম করণের প্রকৃম হইলে যে সকল ওজর হয় সেই২ ওজরের প্রত্যেক দর্থান্ত পৃথক্ মিসিলে রাখিতে হইবেক এবং সেই দর্থান্ত সিদ্ধান বা অসিদ্ধাকরণার্থ যে সাক্ষ্যা দেওরা যায় তাহা এবং ডিক্রীদারের জওন্যাব মনোযোগপূর্বক ঐ দর্থান্তের শামিল রাখিতে হইবেক এবং সেই সম্পত্তির অন্যান্য দাওয়ার মিসিলের শামিল করিতে হইবেক না। যথন ঐ প্রকুমের উপর কোন আপাল হয় তথন আপাল আদালত অন্য প্রকুম না দিলে যে বিশেষ বিষয়ের সঙ্গে ঐ আপালের সম্পর্ক আছে কেবল সেই বিশেষ বিষয়ের রোয়দাদ আপাল আদালতে পাঠাইতে হইবেক। এবং ঐ রোয়দাদের সঙ্গে ঐ ডিক্রীর নকল এবং ডিক্রী জারী করণার্থ ডিক্রীদারের দর্থান্ত ও সম্পত্তি ক্রোকের বিষয়ে ও নিয়মিত এত্তেলানামা জারী করণার্থ ডিক্রীদারের দর্থান্ত ও সম্পত্তি ক্রোকের বিষয়ে ও নিয়মিত এত্তেলানামা জারী করণের বিষয়ে নাজিবের রিপোর্ট পাঠাইতে হইবেক। কিন্তু ডিক্রী জারী করণের বিষয়ে কাগজপত্র একত্র রাখিতে হইবেক। এবং প্রকুমের বাধকতাকরণ বিষয়ের কাগজপত্র সেইরূপে পৃথক্ রাখিতে হইবেক এবং বাধকতা হওনের রিপোর্ট প্রত্যেক মিসিলের আরয়ে থাকিবেক।—১৮৩৮ সালের ৭ ডিনেম্বরের সরক্যালর অর্ডর ৮—১২৭ পৃষ্ঠা।

১০৭। ডিক্র্র্নী জারী করণার্থ স্থাবর সম্পত্তি বিক্রয় করিতে জজ সাহেব অথবা আদালতসম্পর্কার অন্য কর্মকারক প্রকুম দিলে যদি ইশ্তিহারের মিয়াদের মধ্যে ইশ্তিহার হওয়া সম্পত্তির উপর দাওয়া হয় অথবা বিক্রয়ের বিযয়ে কোন ওজর হয় তবে ১৮২৫ সালের ৭ আইনের ৩ ধারার ৫ প্রকরণে আপীল করণের যে তিন মাস মিয়াদ নিরূপণ আছে তাহা অতীত না হইলে ঐ প্রকুম জারী হইবেক না। ঐ মিয়াদ নীলাম করণের শেষ প্রকুমের তারিথঅবধি গণ্য করিতে হইবেক এবং বাদি প্রতিবাদির ইফ্টাম্প কাগজ আদালতে দাখিল করণের তারিথঅবধি ঐ প্রকুমের নকল সেই ব্যক্তিকে দিবার কি দিজে চাহিবার তারিথপর্যান্ত যে সময় গত হয় তাহা ঐ মিয়াদের মধ্যে ধরা যাইবেক না ।—১৮৩৩ সালের ১৯ জুলাইর সরকুলের অর্ডর।—১৯৮ পৃষ্ঠা।

১০৮। উক্ত সর্কুলর অর্ডরে যে কথা লেখা আছে অর্থাৎ "ইশ্ভিহারের মিয়াদের মধ্যে সম্পত্তি নীলামের বিষয়ে যে ওজর হয়" এই কথার অর্থের মধ্যে যে আসামীরদের প্রতিকুলে অকুম হইয়াছে সেই আসামীরা আপনং সম্পত্তি নীলাম হওনের বিষয়ে যে ওজর করে তাহা অন্যান্য ব্যক্তিরদের ওজরের ন্যায় গণ্য করিতে হইবেক।—৮৪৪ নম্বরী আইনের অর্থ।—১৯৮ পৃষ্ঠা।

১০৯। সদর দেওয়ানী আদালতের এই [১০৭ নমূরী] ছকুম হওয়াতে এমত ব্যবহার

হইতে লাগিল দে কেবল ঐ নীলাম তিন মাদপর্যান্ত বিলম্ন করিবার নিমিত্ত লোকেরা নীলা-মের নিরুপিত দিবদের পূর্ব্ধ দিবদে ওজরের দরখান্ত করিতে লাগিল এবং দেই তিন মাদ অতীত হইতে২ অন্য ব্যক্তি নূতন দাওয়া করিল ইহাতে ডিক্রী জারী করণের অত্যন্ত বিলম্ব হইল। তাহাতে দদর আদালত কহিলেন যে আমারদের উক্ত ১৮৩৩ দালের ১৯ জুলাইর সর্কুলর অর্ডরের এমত অভিপ্রায় ছিল না যে নীলামবিষয়ক ওজরের প্রত্যেক দরখান্ত নাম প্রুব হইলে নীলাম পুনং স্থাতি করিতেই হইবেক কিন্তু তাহার এইমাত্র তাৎপর্য্য যে ঐ হুকুমে যে ব্যক্তিরা নারাজ হয় তাহারা তিন মাদের মধ্যে আপীল করিতে পারিবার নিমিত্ত এ আপীল করণের যে তিন মাদ মিয়াদ নির্দিষ্ট আছে তাহা অতীত না হওনের পূর্ব্বে নীলামের হুকুম জারী হইবেক না।—৮৭৭ নমুরী আইনের অর্থ।—১৯৮ পৃষ্ঠা।

১১০। আদালতের ডিক্রী জারী করণার্থ ১৮২৫ দালের ৭ আইনানুসারে ভূমি নীলাম করিতে হইলে নীলামের ডাকনিয়া লোকদিগকে সর্কদা ইহা সপফ্রপে জানাইতে হইবেক যে ডিক্রীর লিখিত যে টাকা উদুল করিবার নিমিত্ত ঐ নীলামের তুকুম হয় দেই টাকার দায়ি জনের ঐ ভূমাদিতে যে স্বস্ত ও লাভ থাকে তাহাভিন্ন তাহারা ঐ ভূমিতে অতিরিক্ত আর কিত্ত পাইবেক না।—১৮২৫ সা। ৭ আ। ৩ ধা। ৭ প্র।—১৯৯ পৃষ্ঠা।

১১১। ১১২। ডিক্রী জারী করণার্থ যে সম্পত্তি নীলাম করিতে হয় তাহা পূর্দের বন্ধক হইয়াছে বলিয়া বন্ধকলওনিয়া ব্যক্তি দাওয়া করিলে সেই দাওয়ার বিষয়ে যদি আদালত সরাসরী বিচার করেন্ তবে তাহা বেআইনী ও অনাবশ্যক যেহেতুক পূর্কের কোন বন্ধকের দাওয়া বজায় রাথিয়া আসামীর ঐ সম্পত্তিতে যে মন্তর ও লাভ আছে কেবল তাহাই বিক্রয় হয় এবং ঐ নীলামে যাহারা ডাকে তাহারদিগকে অতি সপাক্তরপে জানাইতে হয় যে ঐ বিক্রয়হওয়া ভূমি বা অন্য সম্পত্তিতে আসামীর যে ম্বন্ধ ও লাভ আছে কেবল তাহাই তাহারদিগকে অর্পণ করা গেল।—১৮৪০ সালের ৪ সেপ্টেম্বের স্রক্তালর অর্ডর।—১৯৯ পৃষ্ঠা।

১১৩। নীলাম সম্পন্ন না হইতে২ যদি পূর্ফকার দাওয়া উপস্থিত করা যায় তবে ষে কার্য্যকারক নীলাম নির্দ্ধাহ করেন্ তাঁহার উচিত যে ঐ প্রকার দাওয়া থাকনের বিষয় ডাকনিয়া ব্যক্তিরদিগকে জ্ঞাপন করেন্ এবং নালাগের ক্রবকারীতে তাহা লেখেন্।—
১৮৪০ সালের ৪ সেপ্টেম্বের সর্ক্যুলর অর্ডর।—১৯৯ পৃষ্ঠা।

5\8 । ১১৫ । ১১৬ । ডিক্রী জারীক্রমে ভূমি নীলাম করিতে হইলে যদি কোন ওজর বা দাওরা হয় তবে যাহা২ কর্ত্তব্য তাহা সদর আদালত নীচের লিখিতমতে সংক্রেপ করিয়া জানাইলেন । নীলামের পূর্দে জজ সাহেবের নিকটে ঐ সম্পত্তির বিষয়ে দাওয়া বা ওজর হইলে এবং জজ সাহেব তাহা নামঞ্জুর করিলে তাঁহার ক্রকুমের তারিখঅবিধি তিন মাসপর্যান্ত নীলাম স্থগিত রাখিতে হইবেক । যদি ঐ ওজর নীলামের পর জজ সাহেবের নিকটে করা যায় এবং তিনি তাহা নামঞ্জুর করিয়া নীলাম বহাল রাখেন্ তবে যে তারিখে ঐ ওজর জজ সাহেব নামঞ্জুর করিয়া নীলাম বহাল রাখেলন সেই তারিখঅবিধি ঐ টাকা তিন মাসপর্যান্ত আদালতে আমানৎ থাকিবেক ।—১০২৭ নমুরা আইনের অর্থ।—১৯৯ পৃষ্ঠা।

১১৭। কিন্তু যদি নীলামের পূর্বে কোন দাওয়া না করা যায় তবে ঐ নীলাম ইশ্তিহারের পর ত্রিশ দিবসের মধ্যে হইতে পারে এবং যদি নীলামের পর ত্রিশ দিবসের মধ্যে কোন ওজর না করা যায় তবে ঐ সময় অতীত হইলে নীলামের উৎপন্ন টাকা ডিক্রীদারকে দেওয়া যাইতে পারে।—১০২৭ নমুরী আইনের অর্থ।—১৯৯ পৃষ্ঠা।

১১৮। যে বন্ধকলওনিয়া মহাজনের নিকটে যে ভূমি বন্ধক হইয়াছে সেই মহাজন ছাড়া অন্য ব্যক্তির পক্ষে হওয়া ডিক্রা জারী করণার্থ সেই ভূমি নীলাম হইতে পারে কিন্তু বন্ধকলওনিয়া মহাজনের যে স্বজ্ঞ ও লাভ তাহাতে থাকে তাহা বজায় রাখিয়া নীলাম করিতে হইবেক।—৮৫৬ নমুরী আইনের অর্থ।—১৯৯ পূষ্ঠা।

১১৯। ডিক্রীর সমস্ত টাকা পরিশোধ না হওরাপর্যান্ত ডিক্রীদারের সুদ পাইবার অধিকার আছে অতএব জিলার জন্ধ দাহেবের বিবেচনায় যে দাওয়াদারের ওজর কপষ্টতঃ ফেরেবী করিবার অথবা কেবল ব্যামোহ দিবার নিমিত্ত হইয়াছে কিয়া অমূলক বোধ হয় দেই দাওয়াদারের প্রতি দেই টাকার সুদ দিবার অকুম করিতে পারেন্। কিন্তু দেই অকুমের উপর সুতরাৎ দদর আদালতে আপীল হইতে পারে।—১০১০ নম্বরী আইনের অর্থ।—২০০ পৃষ্ঠা।

১২০। ডিক্রী জারী করণের সময়ে জিলা ও শহরের জন্ধ সাহেবের সাধ্য আছে যে নানা দাওয়াদারের ওজরের সরাসরী তজবীজ করিয়া যে পাট্টা চাতুরীক্রমে হইয়াছে এই মত মনঃপ্রতায় হয় সেই পাট্টা বাতিল করেন্। যে ব্যক্তি তাঁহার ঐ নিম্পত্তিতে নারাজ হয় সেই ব্যক্তি চাহিলে স্রাসরীমতে আপীল করিতে পারে কিয়া জাবেতামত মোকদ্দমা করিতে পারে।—১০৫৯ নমুরী আইনের অর্থ।—২০০ পৃষ্ঠা।

[ডিক্রী জারীক্রমে সম্পত্তির নীলাম করণের ওজরের বিচার করণের বিষয়ে সদর আদা- লত শেষ যে বিধান করিয়াছেন তাহা এই ২।]

১২১। ডিক্রী জারী করণার্থ সম্পত্তি বিক্রয়ের বিষয়ে যে২ ওজর হয় তাহার নিম্পত্তি করণে দেওয়ানী আদালতের রীতি নির্ণয় ও স্থির করণের নিমিত্ত কলিকাতা ও আলাহাবাদের সদর দেওয়ানী আদালত নীচের লিখিত বিধি স্থির করিয়াছেন।—১৮৪২ সালের ১০ জ্বনের সর্বুলর অর্ডর।—২০০ পৃষ্ঠা।

১২২। ১। এমত গতিকে স্থাবর বা অস্থাবর সম্পত্তির বিক্রয় করণের সামান্যতঃ তিন প্রকাব ওজর হয় ।

প্রথম। নীলাম হওনের নিমিত্ত যে সম্পত্তির ইশ্তিহার হইয়াছে তাহা ওজরদারের নিকটে বন্ধক আছে।

দিতীয়। যে টাকার নিমিত্ত ঐ সম্পত্তির নীলাম হওনের ইশ্তিহার হইয়াছে সেই টাকার দায়ি জনের ঐ সম্পত্তিত সম্পূর্ণ লাভ নাহি কেননা ঐ সম্পত্তির অন্যং শরীক আছে এবং তাহারদের মধ্যে ওজরদার এক জন এবং ঐ সম্পত্তির বিভাগ হয় নাহি।

তৃতীয়। যে ব্যক্তি দেই টাকার দায়ী তাহার ঐ ক্রোক ও নীলামের জন্য ইশ্ভিহার-হওরা সম্পত্তিতে কোন লাভ নাই।—১৮৪২ সালের ১০ জুনের সরকুলের অর্ডর।—১০০ পৃষ্ঠা।

১২৩। ২। প্রথম প্রকার ওজরের বিষয়ে ১৮৪০ দালের ৪ দেপ্টেম্বর তারিপের ১০৬ নম্বরী দরকুলের অর্ডরে বিধান হইয়াছে যে বন্ধকলগুনিয়ার দাওয়ার বিষয়েতে কোন দরাদরী তহকীক করিতে হইবেক না হেহেতুক নীলামের পূর্বে দম্পত্তির দক্ষে বন্ধক-দেওনিয়া ব্যক্তির যে সম্পর্ক ছিল নীলামের পর নীলামের অরীদারের ঠিক দেই সম্পর্ক আছে এবং বন্ধকলগুনিয়া ব্যক্তির যে অধিকার এবং লাভ আছে নীলামের দারা তাহার কোন প্রকারে ব্যাঘাত হয় নাই। দেই দময়ে আরো বিধান হইল যে সময় থাকিলে নীলামের কর্ত্তা এমত দাওয়া থাকনের সম্বাদ নীলামে ডাকনিয়া ব্যক্তির্দিগকে জানাইবেন। —১৮৪২ সালের ১০ জ্বনের সর্কুলের অর্ডর।—২০১ পৃষ্ঠা।

১২৪। ৩। দ্বিতীয় প্রকার ওজর এই যে ওজরদার ক্রোকহওয়া এবং নীলামের ইশ্তিহারহওয়া সম্পত্তির অংশের উপর দাওয়া রাথে এবং এমত দর্থান্ত করে যে ঐ অংশ নীলাম না হয় এবং যে টাকার নিমিত্ত সম্পত্তি নীলাম হওনের জন্য ইশ্তিহার হয় সেই টাকার দায়ি ব্যক্তির অংশমাত্র নীলাম হয়। এই প্রকার ওজরের উক্ত মূল নিয়মানুসাবে নিম্পত্তি করিতে হইবেক।

অতএব আদালত এই প্রকার ওজর শুনিবেন না যেহেতুক যে ব্যক্তি টাকার দায়ী কেবল তাহার স্বস্ত ও লাভ বিক্রয় হয় অতএব ঐ সম্পত্তিতে অন্যং শরীকেরদের যে অধিকার ও লাভ থাকে তাহার কিছু ব্যাহাত হইবেক না। এইমত গতিকেও নীলামের সময়ে নীলামের কর্ত্তা ঐ সম্পত্তিতে ওজরদার বা ওজরদারসকল যে দাওয়া উপস্থিত করিয়াছে তাহা সকলকে। জানাইবেন।—১৮৪২ সালের ১০ জুনের সরকালর অর্ডর।—২০১ পৃষ্ঠা।

১২৫। ৪। তৃতীয় প্রকার ওজর এই যে ওজরদার নীলামে ধরিয়া দেওয়া সম্পত্তি বেকরার কটে থরীদ করিয়াছে বা অন্য প্রকারে তাহার সম্পূর্ণরূপে স্বজ্ঞাধিকার প্রাপ্ত হইয়াছে অতএব ঐ সম্পত্তি দেনদারের নহে। এই প্রকার ওজরের বিষয়ে সদর আদালতের সাহে-বেরা বিধান করিয়াছেন যে ঐ প্রকার দাওয়ার সরাসরী তহকীক করিতে হইবেক কেননা ঐ কিম্পত্ত নীলাম হইবেক কি না তাহা ঐ তহকীকের দ্বারা নিম্চয় হইবেক। যদ্যপি এমত মাতবর প্রমাণ হয় যে সম্পত্তি ক্রোক হওনের পূর্বের অথবা নীলামের জন্যে ইশ্তিহার দেওনের পূর্বের তাহা ওজরদার কি দাওয়াদারের দখলে ছিল তবে তাহার কথিত স্বজ্ঞ যথার্থ কি না এই বিষয়ের তজবীজ না করিয়া নীলাম স্থাণিত করণের উপযুক্ত কারণ আছে বোধ করিতে হইবেক এবং যে ব্যক্তি ইহাতে নারাজ হয় সে ব্যক্তি জাবেতামত মোকদ্বমা করিতে পারিবেক।—১৮৪২ সালের ১০ জুনের সরক্যুলর অর্ডর।—২০১ পৃষ্ঠা।

১২৬। ৫। এবং ইহা বিশেষরূপে শ্বরণে রাখিতে হইবেক যে এই প্রকার নীলাম হইলে যে ব্যক্তির বিষয় বিক্রয় হয় নীলামের সময়ে তাহার ঐ সম্পত্তিতে যে শ্বজ্ঞ ও লাভ ছিল তাহাবিনা খরীদারকে আর কিছু বিক্রয় হয় নাই এবং আদালত আপনার ডিক্রী জারী করণেতে বিক্রীত দুব্যের সম্পর্কে আসামী যে স্থানে ছিল কেবল সেই স্থানে খরীদারকে স্থাপন করিবেন —১৮৪২ সালের ১০ জুনের সরক্যুলর অর্ডর।—২০১ পৃষ্ঠা।

১২৭। ৬। উক্ত বিধি স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিষয়ে সমানরূপে থাটিবেক।—
১৮৪২ সালের ১০ জুনের সরক্যুলর অর্ডর।—২০১ পৃষ্ঠা।

# ৬ ধারা।

# ডিক্রী জারীক্রমে ভূমির যে নীলাম হয় তাহা অসিদ্ধ করণ।

১২৮। এমত ভূমি বিক্রয় করিতে হইলে জজ দাহেব যথাদাধ্য উদ্যোগ করিবেন যে বাজারে ঐ দম্পত্তির যে মূল্য হইতে পারে তাহার কম মূল্যে বিক্রয় না হয়। কিন্তু যথান নীলাম দমাপ্ত হইয়াছে এবং ডাকনিয়া ব্যক্তিকে এমত কহা গিয়াছে যে তুমি এই বন্তুর খরীদারে হইলা তথান দেই বন্তুতে খরীদারের অধিকার হয় এবং তাহা কম মূল্যে বিক্রয় হয়য়াছে বলিয়া পুনরায় নীলাম হইতে পারে না।—৮২৯ নয়রী আইনের অর্থ।—২০২ পৃষ্ঠা।

১২৯। নিরুপিত মিয়াদের ইশ্তিহার দেওয়া না গেলে কোন জন্ধ বা আদালতের অন্য কর্মকারকের দারা কোন নীলাম হইতে পারে না। যে জন্ধপ্রভূতির দারা নীলামের প্রকুম হয় তাঁহার যদি এমত মনঃপ্রতায় হয় যে ঐ নীলামের বিষয়ে আইনের বিরুদ্ধ কার্য্য হইয়াছে তবে ঐ নীলাম অদিদ্ধ হইবেক। কিন্তু আবশ্যক যে জিলার আদালতে মুৎফরককা দর্থান্তের নিমিত্ত যে ইন্টাম্প কাগজের প্রকুম আছে সেই প্রকার কাগজে লিখিত এবং আইনবিরুদ্ধ যে কার্য্য হইয়া থাকে তাহার বেওরাযুক্ত এক আরজী ঘাঁহার দারা নীলামের প্রকুম হইয়া থাকে নীলামের প্রকুম হইয়া থাকে নীলামের প্রকুম হইয়া থাকে নীলামের পর এক মাসের মধ্যে ভাঁহার নিকটে উপস্থিত করা যায়।—১৮২৫ লা। ৭ আ। ৩ প্র। ৩ প্র।—২০২ পৃষ্ঠা।

১৩০। যথন কোন নীলাম উক্ত প্রকরণ কিয়া অন্য প্রকরণেতে অদিদ্ধ হয় এবং তাহাতে খরীদারের কোন চাতুরী বা প্রবঞ্চনা প্রকাশ না হয় তথন ঐ থরীদার ঐ বস্তু ফিরিয়া দিলে সুদসমেত কি সুদছাড়া আপন থরীদের টাকা ফিরিয়া পাইবেক।—১৮২৫ সা। ৭ আ। ৩ ধা। ৪ প্র।—২০২ পৃষ্ঠা।

১৩১। এই ধারানুসারে জজ সাহেব যে সরাসরী নিষ্পত্তি করেন্ তাহার উপর সরা-সরী আপীল হইতে পারে।—১৮২৫ সা। ৭ আ। ৩ ধা। ৫ প্র।—২০২ পৃষ্ঠা।

১৩২। কালেক্টর সাহেবপ্রস্তির দারা ভূমি নালাম হইলে জাবেতামত মোকদমা বিনা অথবা ঐ নালামের ইশ্ভিহার দেওন কিয়া নির্বাহ করণেতে বেআইনী কর্মা হইয়াছে ইহার প্রমাণ না হইলে ঐ নালাম সরাসরীমতে অসিদ্ধ হইতে পারে কি না এই বিষয়ে সন্দেহ হওয়াতে জানান ঘাইতেছে যে যে আদালতহইতে ঐ নালামের হুকুম হইয়া থাকে তাহার জজ সাহেবের নিকটে যদি সরাসরী বিচারক্রমে এমত প্রমাণ হয় যে সেই কার্য্য আইনের অন্যমত করা গিয়াছিল তবে ঐ জজ সাহেব সেই নালাম অসিদ্ধ ও নির্থক করিয়া পুনর্কার নীলাম করিতে হুকুম দিতে পারেন্। কিন্তু আবশ্যক যে আইনের বিরুদ্ধহওয়া ঐ কর্মের বেওরা নির্পিত এক আরজীতে ইন্টাম্প কাগজে লিখিত হইয়া যে আদালতহইতে নীলামের হুকুম হইয়াছিল সেই আদলতের সাহেবকে দেওয়া যায়। এবং যে আদালতের হুকুমতের নীলাম অসিদ্ধ হয় সেই আদালতের সাহেবের সাধ্য আছে যে এই আইনের ও ধারার ৪ প্রকরণের লিখিতমতে খরীদের টাকা সুদ্বমতে বা সুদ্ছাড়া ফিরা-ইয়া দিবার হুকুম করেন্।—১৮২৫ সা। ৭ আ। ৫ ধা। ১ প্র।—২০৩ পৃষ্ঠা।

১৩৩। এই ধারানুসারে যে সরাসরী ডিক্রী হয় তাহার উপর সরাসরীমতে আপীল হইতে পারে।—১৮২৫ সা। ৭ আ। ৫ ধা। ২ প্র।—২০৩ পৃষ্ঠা।

১৩৪। যদি রাজস্বের কর্মকারকের। বেআইনীমতে ভূমি নীলাম করেন্ তবে দেই নীলাম অদিদ্ধ করণার্থ ১৮২৫ দালের ৭ আইনের ৫ ধারানুদারে যে সরাদরী মোকদ্দমা হয় তাহা যে আদালতহইতে নীলামের তুকুম হইয়াছিল প্রথমতঃ দেই আদালতে করিতে হইবেক এবং তাহার উপর নিয়মিতমত আপীল হইতে পারে। যদি দেই নীলাম জজ দাক্রেরে তুকুমে হইয়া থাকে তবে তিনি দেই দরাদরী নালিশের বিচার ও তজ্কবীজ হওনার্থ, প্রধান সদর আমীন অথবা দদর আমীনের নিকটে অর্পণ করিতে পারেন্। কিন্তু তদ্বিয়রের চূড়ান্ত তুকুম আপনি দিবেন।—গ্রন্থেকের ১৮৩৪ দালের ১৫ জানুআরির ৬ নমুরী তুকুম।—২০৩ পৃষ্ঠা।

## ৭ ধারা।

ডিক্রী জারীক্রমে নীলামহওয়া ভূমির উৎপন্ন টাকা বন্টন করণ।

১৩৫। নীলামহওয়া সম্পত্তিত যাহারদের স্বজ্ঞ থাকনের বিষয় নীলামের পর দৃষ্ট হয় তাহারদের স্বজ্ঞ রক্ষা করিবার নিমিত্ত জুকুম হইল যে ১৮২৫ সালের ৭ আইনানুসারে স্থাবর সম্পত্তি নীলাম হইলে ঐ নীলাম অসিদ্ধ হইবার নিমিত্ত ওজর করণের যে মিয়াদ ঐ আইনের ৩ ধারার ৩ প্রকরণে ও ধারার ১ প্রকরণে নির্দিষ্ট আছে সেই মিয়াদ যাবৎ অতীত না হয় এবং সেই ভূমির দেখল যাবৎ খ্রীদারকে না দেওয়া যায় তাবৎ ঐ নীলামের উৎপক্ষ টাকা আমানৎ রাখিতে হইবেক।—১৮২৮ সালের ৬ জুনের সরক্যুলর অর্জর।—২০৩ পৃষ্ঠা।

১৩৬। ঐ ওজর শুনিবার যে এক মাস মিয়াদ নিরপণ আছে তাহা অভীত না হইলে যদি জজ সাহেব আইন ও সদর আদালতের সর্কুলর অর্ডর না মানিয়া আপনার থাজানাথানাহইতে কোন টাকা দেন্ তবে তাহার বিষয়ে তিনি আপনি দায়ী হইবেন।—১৮৩৬ দালের ২ জানুআরির সর্কুলর অর্ডর।—২০৩ পৃষ্ঠা।

১৩৭। যথন নীলামের পর কোন দাওয়াদারের ওজর জিলার জজ সাহেবের ছারা নাম প্রুর হয় তথন তিনি নিরুপিত পাঠানুসারে তাহার এক ক্রকারী লিখিবেন।—১৮৩৬ সালের ২ জানুআরির সরকালর অর্জর।—২০৪ পৃষ্ঠা।

১৩৮। ১৩১। ১৮২৫ সালের ৭ আইনে লেখা আছে যে আদালতের ডিক্রীর যে টাকা

উসুল করিবার নিমিন্ত নীলামের ছকুম হয় সেই টাকার দায়ি জনের ঐ ভূম্যাদিতে যে হাজ্য ও লাভ থাকে ভাহার অতিরিক্ত ঐ নীলামের দ্বারা আর কিছু অর্পণ হইল না। অতএব সরকারের সম্পর্কে ঐ নীলাম খোশখরীদের ন্যায় জ্ঞান করিছে হয় এবং ঐ নীলামহওয়া মহালে সরকারের যে বাকী মালগুজারী পাওনা থাকে ভাহা নীলামের উৎপন্ধ টাকাহইতে বাদ দেওয়া অনাবশ্যক এবং অনুচিত। অভএব বোর্ডের সাহেবেরা ভাহা নিষেধ করিয়া কালেক্টর সাহেবকে এইমত ছকুম দিলেন যে আদালতের ডিক্রীক্রমে কোন মহাল নীলাম হইলে তিনি অতি মনোগোগপূর্থক সকল লোককে ইহা জ্ঞাত করিবেন যে ভূমির সাবেক মালিকের উপর যে সকল দায় ছিল ভাহা খরীদারের উপর অর্শিবেক এবং ভূমির উপর সরকারের যে দাবী থাকে ভাহা ঐনীলামের দ্বারা কোন প্রকারে লোপ হইল না।—১৮৪১ সালের ১৫ অক্টোবরের সরকারের অর্জ্ব।—২০৪ পূর্ডা।

১৪০। খরীদারকে সম্পত্তির দখল দেওয়াইবার প্রস্তাব হইলে পর যদি উপযুক্ত সময়ের মধ্যে দেই ব্যক্তি দেই ভূমির দখল লইতে স্থীকার না করে তবে নীলামের উৎপন্ন টাকা ডিক্রীদারকে দিতে হইবেক এবং সেই সম্পত্তির দখল না লওয়াতে খরীদারের যে অনিষ্ট হইবেক তাহা তাহাকে বুঝাইতে হইবেক।—৫৩২ নম্বরী আইনের অর্থ।—২০৪ পৃষ্ঠা।

#### ৮ ধারা।

ডিক্রী জারী করণার্থ মোকদমা উপস্থিত করণের মিয়াদ।

[ডিক্রী জরী করণার্থ মোকদ্দমা উপস্থিত করণের মিয়াদের মূল বিধান এই I]

- ১৪১। জিলা কিয়া শহরের আদালতের জজ সাহেবেরদের প্রতি তকুম আছে যে বারো বৎসরের পূর্বের যে মোকদমা হয় তাহার ফরিয়াদী যদি ঐ মিয়াদের মধ্যে সেই বিষয়ের নালিশ না করণের কোন মাতবর কারণ দশাইতে না পারে তবে দেই বিষয়ের নিষ্পত্তি না করেন্।—১৭৯৩ সা। ৩ আ। ১৪ ধা।—২০৫ পৃষ্ঠা।
- ১৪২। বারো বৎসর এবং ততোধিক কালপর্যান্ত ডিক্রী জারী না হইলে যদি ডিক্রীদার ডিক্রী জারী না করণের মাতবর কারণ দর্শায় এবং পক্ষান্তর ব্যক্তি কোন মাতবর
  ওল্পর না করিতে পারে তবে ডিক্রীদার দরখান্ত করিলে ঐ ডিক্রী জারী হইতে পারে।—
  ১ নম্বরী আইনের অর্থ।—২০৫ পৃষ্ঠা।
- ১৪৩। ডিক্রী হওনসময়ে যদি তাহা জারী না হয় তবে তৎপরে বারো বৎসরের মধ্যে দর্শাস্ত করিলে তাহা জারী হউতে পারে কিন্ত জারী করণের পূর্বের পক্ষান্তর ব্যক্তিকে ভকুম দিতে হইবেক যে তাহার বিষয়ে তাহার কোন ওজর থাকিলে দে তাহা দর্শায়। যদি বারো বৎসরের মধ্যে তাহা জারী না হয় তবে বিলম্বের মাতবর কারণ না দর্শাইলে জারীর দর্শাস্ত গ্রাহ্য হইতে পারে না।—১৩৬ নম্বরী আইনের অর্থ।—২০৫ পৃষ্ঠা।

## ৯ ধারা।

ডিক্রী জারী করণেতে কালেভ্টর সাহেবের ও অন্যথ আদালতের সাহায্য।

- ১৪৪। নানা আদালতের জজ সাহেবের প্রতি তকুম আছে যে যদি তাঁহারদিগের ইহা বোধ হয় যে কোন ডিক্রী জারী করণেতে যাহারদিগকে দখল দেওয়াইতে হয় তাহার-দিগকে দখল দেওয়ানের ছারা হউক কিয়া ওয়াসিলাতের হিসাব দুরস্ত করণের ছারা কি আর কোন কার্য্য করণের ছারাই বা হউক তথাকার কালেক্টর সাহেবের সহায়তা পাই-লে ঐ ডিক্রী শীঘু ও সম্পূর্ণরূপে জারী হইতে পারে তবে ঐ সহায়তা করিবার নিমিত্তে কালেক্টর সাহেবকে লিখিয়া পাটাইবেন।—১৮২৫ সা। ৭ আ। ৬ ধা।—২০৫ পৃষ্ঠা।
- ১৪৫। সদর আদালত বোধ করেন্ যে ভূমির স্বত্যাধিকার অথবা দখলের বিষয়ের ডিক্রী হইলে দেওয়ানী আদালতের উচিত যে সেই ডিক্রী জারী করণেতে ১৮২৫ দালের

৭ আইনের ৬ ধারার বিধির অনুসারে যথাসাধ্য রাজন্মের কর্মকারকেরদের সাহায্য লই-

য়া কর্মা করেন্।—১৮৩৭ সালের ৬ জানুআরির সরক্যুলর অর্ডর।—২০৬ পৃষ্ঠা। ১৪৬। ডিক্রী জারী করণের বিষয়ে কালেক্টর সাহেবের নিকটে দেওয়ানী আদালত-হইতে যে সকল ভুকুম পাঠান যায় তাহার মধ্যে কালেক্টর সাহেব যে ছুকুম না মানেন্ তাহার এক ত্রৈমাসিক কৈফিয়ৎ কমিসানর সাহেবের নিকটে পাঠাইতে হইবেক। ঐ কৈফিয়তের নকল সদর আদালতে পাঠাইবার আবশাক নাই। কিন্তু যদি কোন বিশেষ গতিকে অত্যন্ত বিলম্ব হয় এবং তাহার মাতবর কারণ কালেকটর সাহেব দর্শাইতে না পারেন তবে তাহার রিপোর্ট সদর আদালতে করিতে হইবেক।-১৮৩৮ দালের ৭ ডি-দেশ্বরের সরক্যুলর অর্ডর।—২০৬ পৃষ্ঠা।

১৪৭। জিলা ও শহরের জজ সাহেবেরদের প্রতি আরো ছকুম হইল যে তাঁহারা ডিক্রী জারীর সাহায্য করিতে অন্যান্য জিলার আদালতের প্রতি তুকুম করিলে যদি ঐ আদালত অত্যন্ত বিলয় করেন্ তবে তাহার রিপোর্ট দদর আদালতে দেন্ ৷--১৮৩৮ गालের ৭ ডিনেমুরের সরকালর অর্ডর ।-- ২০৬ পৃষ্ঠা।

১৪৮। যদি দেওয়ানী আদালত মালওজারীর ভূমির কোন হিস্যার উপর কাহারো र ज्योधिकांत र अस्तर फिब्ली करतम् अव शक्तिक्रेत मारहरतत् नारम अरे मजमूरन अक তকুমনামা দেন্যে ঐ জমীদারী বা তালুক অংশাংশ করেন্ এবং আদালতহইতে হওয়া ডিক্রীর মতে ডিক্রীদারদিগের হিস্যাতে তাহারদিগকে দখল দেওয়ান্ তবে ঐ ভূমির হিস্যার বাঁটওয়ারা ও থারিজ করাতে ও সরকারের জমা ধার্যাকরাতে ও তাহাতে দখল দেওয়ানেতে যে খরচপত্র হয় তাহা সমস্ত যে হ্যক্তি ঐ হত্ত কবুল না রাখিয়া থাকে তাহার শিরে দেনা পড়িবেক। কিন্তু বিশেষ কারণ দুষ্ট হইলে আদালতের সাহেবেরা এই সাধারণ নিয়ম-মতাচরণ না করিয়া ফরিয়াদী ও আদামী উভয় পক্ষের কিয়া তাহারদিগের এক পক্ষের •উপর ঐ **খরচা দেওনের হুকুম দিতে পারেন্।** এই ধারানুসারে যে সকল <mark>হুকুম হয় তাহার</mark> নকল আদালতের অকুমনমাসমেত জজ সাহেব কালেক্টর সাহেবের নিকটে পাঠাই-दिन।->৮১৪ मा। >> जा। ६ धा।-२०१ श्रुषा।

১৪৯। জমীদারী বাঁটওয়ারা কর্ণার্থ কালেক্টর দাহেব যে আমীন নিযুক্ত করেন সেই ব্যক্তি ঘুষ লইলে ফৌজদারী আদালতে জরীমানা দিবার যোগ্য হইবেক। এবং ঐ আমীন যে টাকা ক্ষতি করিয়াছে তাহা পাইবার জনো তাহার নামে দেওয়ানী আদলিতে নালিশ হইতে পারে। এমত মোকদমায় ঐ আমীন যে নগদ টাকা কি জিনিস ঘাহার স্থানে লইয়া থাকে তাহা তাহাকে ফিরিয়া দেওয়ান যাইবেক এবং ঐ আমীন যাবং ডিক্রীর টাকা না দেয় কিয়া ঐ ডিক্রীর টাকা তাহার জিনিস বিক্রয়ের ছারা আদায় না হয় তাবৎ কয়েদ थाकित्वक।->৮১৪ मा। ১৯ जा। ১৩ धा। २ প्र।--२०१ श्रुष्टा।

## ১০ ধারা।

# जिक्कीमादत्त्र कमूत्।

১৫০। ঘুখান কোন ডিক্রী সম্পূর্ণরূপে জারী হইয়াছে কিয়া ঘুখান ডিক্রী জারী করণার্থ ডিক্রীদারের যথোচিত চেক্টা না হওয়াতে ঐ ডিক্রী নথীহইতে উঠান গিয়াছে তথন ডিক্রী জারী করণের দর্থাস্ত নিম্পত্তি হইয়াছে এমত বোধ করিতে হইবেক।—**১৮৩৮ দালে**র ৭ ডিসেম্বরের সরক্যুলর অর্ডর।—২০৮ পৃষ্ঠা।

১৫১। যদি ডিক্রীদার আপন ডিক্রী জারী করণের দরখাস্ত দিয়া ছয় সপ্তাহের মধ্যে উ-দ্যোগ নাকরে অথবা সেই ব্যক্তি যে সম্পত্তি দেখাইয়া দিয়াছে তাহা নীলাম হইয়া যে ব্যক্তির প্রাপ্য তাহাকে নীলামের উৎপন্ন টাকা দেওয়া গিয়াছে অথবা যথন অন্যান্য দাওয়াদারেরা ঐ সম্পত্তির উপর আপনং যুক্ত সাব্যস্ত করাতে ঐ জিনিদের ক্লোক বর্থান্ত হইয়াছে তথান ঐ মোকদমা নথীহইতে উঠাইরা দিতে হইবেক। তৎপরে যদি ডিক্রীদার পুনর্বার দর্থাস্ত করে তবে দেই মোকদমা ডিক্রী জারীর নূতন অথবা পুনরুত্থাপিত মোকদমার ন্যায় নথীর শামিল করা ঘাইবেক এবং যে তারিখে তাহা আদালতে পুনর্বার গ্রাহ্য হয় তাহাই তাহার তারিখ হইবেক।—১৮৩৮ সালের ৭ ডিসেম্বরের সরক্যুলর অর্ডর।—২০৮ পৃষ্ঠা।

#### ১১ ধারা ৷

नीलाट्यत् उंप्लब छोका लाइटङ छिक्कीमाटत्त्रस्तत् विटमघर अधिकात्।

- ১৫২। ডিক্রী জারী করণের নিমিত্ত যে নীলাম হয় তাহার উৎপল্লের অংশ পাইবার নিমিত্ত ডিক্রীদারের দাওয়া যে আদালতের দ্বারা নিঞ্চাত্তি হইবেক ইহা নির্ণয় করণের নিমিত্ত সদর আদালত নীচের লিখিত বিধান করিতেছেন।—১৮৪০ সালের ২০ নবেম্বরের সর্ক্যুলর অর্ডর।—২০৮ পৃষ্ঠা।
- ১৫৩। ডিক্রী জারী করণার্থ সম্পত্তির নীলাম হইলে তাহার উৎপল্লের অংশ পাইবার অর্থে যত দাওরা হয় তাহা যে আদালতের তুকুমে নীলাম হইয়া থাকে সেই আদালতে উপস্থিত করিতে হইবেক। ঐ আদালতের তুকুমে যে ব্যক্তি নায়াজ হয় সেই ব্যক্তি জিলার জজ সাহেব কিয়া সদর দেওয়ানী আদালতে আপীল করিতে পারে। কিন্তু উপরিস্থ আদালতে এই বিষয়ের রীতিমতে আপীল না হইলে ঐ আদালত তাহাতে হস্তক্ষেপ করিতে পারেন না।—১৮৪০ সালের ২০ নবেয়রের সরকালর অর্ডর।—২০৮ প্রা।
- ১৫৪। যে ডিক্রীতে আগেকার তারিথ থাকে তাহাঁ আগে পরিশোধ হঁইবেক না কিন্তু যে সকল ডিক্রীক্রমে সম্পত্তি ক্রোকের তকুম হইরাছিল সেই ডিক্রীর প্রত্যেক ডিক্রীন্দার অংশাংশমতে টাকা পাইবার অধিকার রাথে। কিন্তু যদি কোন বিশেষ দাওয়ার পরিশোধের নিমিত্ত কোন সম্পত্তি বন্ধক দেওয়া গিয়া থাকে তবে সেই দাওয়া প্রথমে পরিশোধ হইবেক।—১৩৫ নমুরী আইনের অর্থ।—২০৯ পৃদ্ধা।
- ১৫৫। যে দকল ডিক্রীক্রমে সম্পত্তি ক্রোক করণের স্থকুম হইয়াছে যদি টাকা বিলিকরণের পূর্বের তারিখ তাহাতে থাকে তবে ঐ ডিক্রীদারেরা জনাজাত অংশাংশমতে ডিক্রীর টাকা অগ্রে পাইবেক। এবং যে ডিক্রীক্রমে সম্পত্তি ক্রোক করণের স্থকুম হয় নাই দেই ডিক্রীর ডিক্রীদারেরা তৎপরে টাকা পাইবেক। যদ্যপি ডিক্রীর সম্পত্তি প্রকৃতপ্রস্তাবে বন্ধক দেওয়া গিয়াছিল তবে সেই বন্ধকলওনিয়া ব্যক্তির দাওয়া অন্যান্য দকল দাওয়াদারের অগ্রে পরিশোধ হইবেক।—১০৫৬ নম্বরী আইনের অর্থ।—২০৯ পৃষ্ঠা।

## ১২ ধারা।

ডিক্রী জারীক্রমে আমীনের। যে সম্পত্তি নীলাম করে তাহার মূল্য যে মিয়াদের মধ্যে দাখিল করিতে হউবেক তাহা।

- ১৫৬। ডিক্রী জারীক্রমে আমীনেরা যে সম্পত্তি বিক্রয় করে তাহার মূল্য গরীদারের দাখিল করণের কোন বিশেষ মিয়াদ আইনে নির্দিষ্ট নাই। অতএব কলিকাভাস্থ ও আলাহাবাদের সদর দেওয়ানী আদালতের সাহেবেরা গুকুম করিতেছেন যে আমীনের-দের দারা যে নীলাম হয় তাহার ইশ্তিহারনামাতে নীচের লিখিত কথা লেখা যাইবেক।

  —১৮৪২ সালের ১২ আগন্টের সরকুলের অর্জর।—২০৯ পৃষ্ঠা।
- ১৫৭। নীলামে সম্পত্তি খরীদ করণের সময়ে খরীদার যে মূল্যেতে তাহা ক্রয় করে তাহার উপর শতকরা ১০১ টাকা করিয়া বায়নাম্বরূপ আমানৎ করিবেক এবং যদি তাহা না করে তবে ঐ সম্পত্তি তৎক্ষণাৎ পুনর্কার নীলামে ধরা গিয়া বিক্রয় হইবেক।—১৮৪২ সালের ১২ আগস্টের সরকালর অর্জর।—২০৯ পৃষ্ঠা।

১৫৮। স্থাবর সম্পত্তির নীলাম হইলে থ্রীদার তাহার মূল্যের সমুদয় টাকা নীলা-মের দিবসের পর ১৫ দিনের মধ্যে দাখিল করিবেক তাহা দিতে ফ্রটি করিলে তাহার বায়নার টাকা জব্দ হইবেক। এবং ঐ সম্পত্তি প্রথম থ্রীদারের কুঁকীতে পুনর্বার নীলাম হইবেক ঐ দ্বিতীয় নীলামেতে যদি তাহার ডাকঅপেক্ষা অধিক ডাক হয় তবে প্রথম থ্রীদারে সেই অধিক টাকা পাইবেক না যদি কম হয় তবে তাহার নিশা করিবেক।—১৮৪২ সালের ১২ আগ্যেইর সর্কুলের অর্ডব।—২০৯ পৃষ্ঠা।

১৫৯। অস্থাবর সম্পত্তির মুল্যের সমুদয় টাকা নীলামের পর ২৪ ঘন্টার মধ্যে এবৎ ঐ সম্পত্তি থারীদারকে দেওনের পূর্বে দিতে হইবেক যদি থারীদার তাহা না দেয় তবে উপরের লিখিত বিধানমতে তাহার দও হইবেক।—১৮৪২ সালের ১২ আগস্টের সরক্যুলর অর্ডর।—২০৯ পৃষ্ঠা।

১৬০। নালাম যদি দিদ্ধ না করা যায় তবে বায়নার যে টাকা জব্দ হইয়াছিল তাহা-হইতে ঐ নালামের উৎপন্ন টাকার উপর আমীনের রসুম বাদ দিয়া বাকী টাকা ডিক্রাদা-রের নিমিত্তে সম্পত্তির মালিকের নামে জমা হইবেক।—১৮৪২ সালের ১২ আগুটের সরকুলের অর্ডর।—২০৯ পৃষ্ঠা।

#### ১৩ ধারা।

মুনদেফ ও দদর আমীন ও প্রধান দদর আমীনেরদের দ্বারা ডিক্রী জারী করণ।

১৬১। জিলা ও শহরের আদালতের ডিক্রী জারী করিবার নিমিত্ত যে দকল সাধারণ ত্রকুম আছে তাহার অনুসারে প্রধান সদর আমীনের ডিক্রী ঐ প্রধান সদর আমীনের দ্বারা জারী হইবেক।—১৮৩১ সা। ৫ আ। ২২ ধা।—২১০ পৃষ্ঠা।

১৬২। ঐ ২২ ধারায় প্রধান সদর আমীনেরদিগকে আপনি২ ডিক্রী জারী করিবার যে ছকুম দেওয়া গিয়াছে ঐ ছকুম মুনদেফ ও সদর আমীনের উপরেও খাটিবেক [এবৎ জিলার আদালতের ডিক্রী জারী করণের বিষয়ে যে সকল ছকুম আছে তাহার অনুসারে ঐ সদর আমীন ও মুনদেফেরদের ডিক্রী জারী হইবেক।]—১৮৩২ সা। ৭ আ। ৭ ধা।—২১০ পৃষ্ঠা।

১৬৩। ১৮৩২ সালের ৭ আইনের ৭ ধারানুসারে মুনদেফেরদের ডিক্রী জারী কর-ণের নিমিত্তে যে দর্খাস্ত হয় তাহা শাদা কাগজে লিখিতে হইবেক।—৭৯৮ নম্বী আই-নের অর্থ।—২১০ পৃষ্ঠা।

১৬৪। ডিক্রী জারী করণার্থ সম্পত্তির নীলাম বা হস্তান্তর করণের বিহয়ে যাহার। গুজর করে তাহারা আপন ২ দরখান্ত মুনসেফের আদালতে শাদা কাগজে করিতে পারে।

—১২৭৮ নম্বরী আইনের অর্থ।—২১০ পৃষ্ঠা।

১৬৫। মুনদেফেরদের ডিক্রী জারী করণার্থ তাঁহারা কোন আসামীর সম্পত্তি বিক্রয় করিতে আপনারদের সিরিশ্তার কোন আমলাকে পাচাইতে পারেন্।—১০৫০ নম্বরী আইনের অর্থ।—২১০ পৃষ্ঠা।

১৬৬। ডিক্রী জারী করণার্থ যে লাখেরাজ ভূমি ক্রোক হয় তাহা কাহার দথলে আছে অন্যান্য বিচারকের। এই বিষয়ের যেরূপ বিচার করিতে পারেন্ সেইরূপে মুনলেফের্-দের বিচার করিবার ক্ষমতা আছে।—৭৯৮ নম্বরী আইনের অর্থ।—২১০ পৃষ্ঠা।

১৬৭। মুনদেফেরদের ডিক্রী জারীক্রমে ক্রোকহওয়া লাখেরাজ ভূমির উপর দা-ওয়া হইলে সেই দাওয়ার নিষ্পত্তি করিতে মুনদেফেরদের প্রতি নিষেধ নাই।—১০৫৪ নম্বী আইনের অর্থ।—২১০ পৃষ্ঠা।

১৬৮। বাকী খাজানা আদায়ের নিমিত্ত জাবেতামত মোকদমা হইলে মুনসেফের! যে ডিক্রী করেন্ তাহা জারী করণার্থ সম্পত্তি বিক্রয় করিতে মুনসেফেরদের যে ক্রমতা ছিল তাহা ১৮৩৯ সালের ১ আইনের দ্বারা রহিত হয় নাই।—১২১৯ নম্বরী আইনের অর্থ। —২১০ পৃষ্ঠা।

- ১৬৯। মুনসেফের ডিক্রীর উপর আপীল হইলে যদি আপীল আদালত তাহা জারী স্থানিত করিতে প্রকৃম না দেন্ তবে ঐ ডিক্রী জারী করিতেই হইবেক। কেবল আপেলান্টের আপীল করাতে ডিক্রী জারী স্থানিত হইবেক না ।—১৮৩৫ সালের ৬ নবেম্বরের সর্ক্যুলর অর্ডর।—২১১ পৃষ্ঠা।
- ১৭০। উক্ত ১৬৯ নম্বরী সরক্যুলর অর্ডরের বিধি সদর আমীন ও প্রধান সদর আ-মীনের সঙ্গে সম্পর্ক রাখে। ওাঁহারদের করা ডিক্রীর উপর আপীল হউলে যদি আপীল আদালত ডিক্রী স্থাতি করিতে ছকুম না দেন্ তবে ঐ ডিক্রী অবশ্য জারী হউবেক।— ১৮৩৯ সালের ২৩ আগস্টের সরক্যুলর অর্ডর।—২১১ পৃষ্ঠা।
- ১৭১। অধস্থ আদালতের ডিক্রীর উপর আপীল হইলে যদি জজ সাহেব রেন্সা-শুন্টকে তলব করিয়া সেই ডিক্রী বহাল রাথেন্ তবে সেই ডিক্রী জজ সাহেবের আদালতের ডিক্রীর নায় ভান হইবেক এবং তাঁহার ডিক্রী জারী করণার্থ যে২ বিধি আছে তদনুসারে জারী হইবেক।—৮৬১ নমুরী আইনের অর্থ।—২১১ পৃষ্ঠা।
- ১৭২। ১৮৩১ সালের ৫ আইনের ১৬ ধারার ৩ প্রকরণ এবং ঐ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণানুসারে যদি রেক্পাণ্ডেন্টকে তলব না করিয়া অধস্থ আদালতের ডিক্রী আপীল আদালতে বহাল রাখা যায় অথবা কসুরপ্রযুক্ত ডিসমিস হয় তবে যে আদালতে প্রথম ডিক্রী হইয়াছিল সেই আদালতে ঐ ডিক্রী জারী করণের দরখাস্ত দিতে হইবেক এবং কোন আপীল না হইলে তাহা যেরুপে জারী হইত সেইরুপে ঐ আদালত তাহা জারী করিবেন। কিন্দু যদি আপীল আদালত রেক্পাণ্ডেন্টকে তলব করিয়া ঐ আপীলের দোষ্টণ বিবেচনা করিয়া তাহা নিম্পত্তি করেন্ তবে আপীল আদালতের দ্বারা ঐ ডিক্রী জারী হইবেক।—১৮৩৪ সালের ২২ আগটের সরকুলের অর্ডর।—২১১ পৃষ্ঠা।
- ১৭৩। যে মুনদেফ ডিক্রী করেন্ যদি আসামী দেই মুনদেফছাড়া অন্য মুনদেফের এলাকায় বাস করে অথবা ক্রোকের সোগ্য সম্পত্তি যদি অন্য মুনদেফের এলাকায় থাকে তবে জজ সাহেব ঐ ডিক্রী জারী করণের ভার যে মুনদেফের এলাকায় জিনিস বা আসামী থাকে তাঁহার প্রতি অর্পণ করিবেন।—৭০১ নম্বরী আইনের অর্থ।—২১১ পৃষ্ঠা।

[এই অধ্যায়ের ৩০ নম্বরী বিধি দেখা।]

- ,১৭৪। প্রধান দদর আমীন ও দদর আমীন ও মুনদেকেরদিগকে ১৮৩২ দালের ৭ আইনের ৭ ধারানুদারে আপন ও জিলী জারী করণের ক্ষমতার বিষয়ে যে বিশেষ ছকুম আছে তাহাতে দৃক্তি রাথিয়া ঐথ বিচারকেরা জজ দাবেবকে জিজ্ঞাদা না করিয়া আপন ও জিলী জারী করণের দরখাস্ত লইয়া তদনুদারে ডিক্রী জারী করিতে পারেন্।—১৮৩৩ দালের ১ নবেয়রের দরকুলের অর্ডর।—২১১ পৃষ্ঠা।
- ১৭৫। সদর আমীন ও মুনদেফেরদের প্রতি আপনং ডিক্রী জারী করণের ভার সাধ্যপর্যান্ত রাখিতে হইবেক। বিশেষ কারণ না হইলে জজ সাহেব অপাল হওন বিনা ঐ ডিক্রী জারী করণেতে হস্তক্ষেপ করিবেন না ঘেহেতুক অধস্থ আদালতের ভকুমের উপর আপাল হইলে জিলা বা শহরের জজ সাহেবেরা যে নিষ্ণান্তি করেন্ তাহা চূড়ান্ত। কিন্তু ঘদ্যপি জজ সাহেব আদৌ সেই ডিক্রী জারী করণের ভার গ্রহণ করেন্ তবে তাঁহার ভকুমের উপর সদর আদালতে আপাল হইতে পারে এবং এইরপে ঐ আদালতের সময় মিথা হরণ হয়।—১৮৩৩ সালের ৬ সেপ্টেম্বের সর্বুলের অর্ডর।—২১২ পৃষ্ঠা।
- ১৭৬। মুনসেফেরদের ডিক্রী জারী করণের দরখান্ত জিলার জজ সাহের আপনার ক্ষমতাক্রমে প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিতে পারেন্না। মুনসেফেরদের করা ডিক্রী তাঁহারাই জারী করিবেন। কিন্তু আইনানুসারে মুনসেফ যে কোন জাবেতামত মোকদমা শুনিতে ও নিঞ্চত্তি করিতে পারেন্না কেবল এইমত মোকদমার ডিক্রী মুনসেফ জারী করিতে পারেন্না।—১২২১ নম্বরী আইনের অর্থ।—২১২ পৃষ্ঠা।
- ১৭৭। ওয়াসিলাত কিয়া সুদ কিয়া উভন বিবাদির বিরোধি অন্য কোন বিষয়ে ডিক্রী জারী করণার্থ যে অকুম হয় তাহা নূতন মোকদ্মার হেতু জান করিতে হইবেক না

এবং তাহার বিষয়ে জাবেতামত মোকদমা হইতে পারে না।—১১২৯ নমুরী আইনের অর্থ।—২১২ পৃষ্ঠা।

১৭৮। ১৮৩৭ সালের ২৫ আইনের ১ ও ৪ ধারার লিখিত বিধির অনুসারে যে মোকদ্দমা প্রধান সদর আমীনের নিকটে অর্পণ হয় সেই মোকদ্দমার ডিক্রীর উপর আপীল যেরপে সদর আদালতে করিতে হয় সেইরপে ঐ ডিক্রী জারী করণার্থ প্রধান সদর আমীন যে২ গুকুম দেন্ তাহার উপর আপীল সদর আদালতে হইবেক।—১৮৩৮ সালের ৫ জুনের সরকালর অর্জন।—২১২ পৃষ্ঠা।

১৭৯। প্রধান সদর আমীন ও সদর আমীন ও মূনসেফেরদের আদালতে উপস্থিতহওয়া জাবেতামত মোকদমার যে রোয়দাদী কাগজপত্র মাসে২ তাঁহারদের পাঠাইতে হয়
তাহার সঙ্গে পূর্ব মাসে তাঁহারা যে সকল ডিক্রী জারীর মোকদমা নিষ্পত্তি করিয়াছেন
তাহার রোয়দাদও জজ সাহেবের নিকটে পাঠাইবেন। কিন্ত ডিক্রী জারী করণের যে
মোকদমা নথাহইতে উঠান গিয়াছে এবং রোয়দাদ পাঠাওনের তারিথের পূর্বে তাহা
জারী করণের নিমিত্ত নূতন দর্খাস্ত হইয়াছে সেই প্রকার মোকদমার রোয়দাদ পাঠাইতে

হইবেক না া—১৮৩৯ সালের ২০ সেপ্টেম্বরের সরকুলের অর্ডর ।—২১২ পৃষ্ঠা।

#### ১৪ ধারা।

ডিক্রী জারীক্রমে মুনসেফেরা যে টাকা পান্ তাহা রাখণ ও দেওন।

১৮০। ডিক্রী জারী করণের বাবং মুনসেফেরা যে দকল টাকা পান্ ও যে দকল টাকা দেন্ তাহার এক হিদাব নির্দিষ্ট পাচানুদারে রাখিবেন ঐ হিদাব উত্তম শক্ত কাগজে প্রস্তুত করা এক বহীর মধ্যে লিখিতে হউবেক। তাহাতে কোন জমাখরত লিখনের পূর্দ্ধে মুনদেকের উচিত যে ঐ বহীর প্রত্যেক পূষ্ঠায় নম্বর দিয়া জজ দাহেবের নিকটে পাচান্ এবং তাহাতে মোট যত পূষ্ঠা থাকে তাহা জজ দাহেবে টুকিয়া মুনসেফের নিকটে বহী ফিরিয়া পাচাইবেন। ঐ বহী দমাপ্ত হউলে তাহা জজ দাহেবের দিরিশ্তায় থাকিবার নিমিত্ত মুনসেফ তাঁহার নিকটে পাচাইবেন।—১৮৩০ দালের ৫ ফেকুআরির সরকুলের অর্জর।—২১৩ পৃষ্ঠা।

১৮১। মুনদেফের আদালতে টাকা দাখিল হইলে তাহা যাহার প্রাপ্য তাহাকে সাধ্যপর্যন্ত অগোণে দিতে হইবেক। যদ্যপি সেই ব্যক্তি কিয়া তাহার মোখার হাজির না থাকে তবে নিকটস্থ থানাদারের দ্বারা তাহা জজ সাহেবের নিকটে পাঠাইতে হইবেক। টাকার জমাখরচের হিসাব মাসে২ সমাপ্ত করিতে হইবেক এবং প্রতিমাসে যত টাকা পাওয়া গিয়াছে ও দেওয়া গিয়াছে তাহার এক খোলাসা ঐ রেজিফারী বহীহইতে লিখিয়া জজ সাহেবের দৃষ্টি করণার্থ এবং তাহার দিরিশ্তায় থাকিবার নিমিত্ত তাঁহার নিকটে পাঠাইতে হইবেক। জজ সাহেব তাহা দৃষ্টি করিবেন এবং যদি কিছু ব্যতিক্রম দেখেন্ তবে তাহা বুঝাইয়া দিতে মুনদেফকে ছকুম করিবেন।—১৮৩০ সালের ৫ ফেব্রুআরির সরকুলের অর্ডর।—২১৩ পৃষ্ঠা।

১৮২। যে মুনসেফেরদের কাছারী জিলার সদর মোকামে অথবা ভাহাইইতে কএক জোশমাত্র দূরে থাকে সেই মুনসেফেরদের টাকা দেওনের বিষয়ে এক্ষণে যে ব্যবহার চলিতেছে ভাহার প্রায় কিছু মতান্তর করণের আবশ্যক নাই। ডিক্রীদার মুনসেফের নিকটে দর্থাস্ত করিবেক এবং মুনসেফ আপনার আদালতে টাকা পাঠাইতে জঙ্গ সাহেবের নিকটে দর্থাস্ত করিবেন অভএব জঙ্গ সাহেবের নিকটে ডিক্রীদারের দর্থাস্ত করণের আবশ্যক নাই।—১৮৩৯ সালের ২২ মার্চের সরকুলের অর্ডর।—২১৩ পৃষ্ঠা।

## ১৫ ধারা।

# জিলার আদালতের ডিক্রী জারীক্রমে কয়েদ করণ।

১৮৩। তৎপরে আদালত ভূমাদি সকল বন্ধ নীলামে বিক্রয় করিবেন কিয়া আসামিকে কয়েদে রাখিবেন বর্ণ যদি জজ সাহেব আবশ্যক জানেন্ তবে তাঁহার সাধ্য আছে যে তাহার সকল বন্ধ নীলাম করিয়া ও তাহাকে কয়েদে রাখিয়া ডিক্রী জারী করেন্।—১৭৯৩ সা। ৪ আ। ৭ ধা।—২১৩ পৃষ্ঠা।

১৮৪। যদি দেওয়ানী জেলথানাইইতে পলায়নপ্রযুক্ত ফৌজদারী হুকুমক্রমে আদামীর পায়ে বেড়ি দিবার হুকুম হয় নাই তবে তাহার পায়ে বেড়ি দেওয়া যাইবেক না অর্থাৎ দেওয়ানী আদামী পলাইতে না পারে কেবল এই নিমিত্ত তাহার পায়ে বেড়ি দেওয়া যাইতে পারে না ।—৬২৪ নয়রী আইনের অর্থ।—২১৩ পৃষ্ঠা।

১৮৫। কোন আসামী ফৌজদারী তকুমক্রমে করেদ থাকিতেই দেওয়ানীর বিষয়ে তাহাকে গ্রেন্ডার করণের তকুম হইলে দেওয়ানী আদালত ঐ আসামীকে কয়েদের মিয়াদ অতীত হইলে সোপর্দ করণের তকুম মাজিফ্রেট সাহেবকে দিতে পারেন্না। আসামী খালাস হইলে পর নিয়মিত দাঁড়াক্রমে তাহাকে গ্রেন্ডার করিতে হইবেক।—১২৭৬ নম্বী আইনের অর্থ।—২১৪ পৃষ্ঠা।

১৮৬। যে ব্যক্তির দরখাস্তক্রমে আসামী কয়েদ হইয়াছে সেই ব্যক্তির সম্মতি না হইলে জজ সাহেব দেওয়ানীসম্পর্কীয় কোন আসামীকে পীড়াপ্রযুক্ত খালাস করিতে পা-রেন্না।—১১১৪ নম্রী আইনের অর্থ।—২১৪ পৃষ্ঠা।

১৮৭। কোন আসামী এক বৎসরের অধিক কয়েদ থাকিলে জজ সাহেবের উচিত যে তাহার কয়েদ থাকনের কারণ সংক্রেপে লিখিয়া সদর আদালতে জানান্।—১৮৩৩ সালের ১৩ সেপ্টেম্বের সরকুলের অর্ডর।—২১৪ পৃষ্ঠা।

১৮৮। যে আসামীরা দেওয়ানী জকুমক্রমে কয়েদ হয় তাহারদের সঙ্গে মাজিট্রেট সাহেবের কোন কথাবার্ত্তা কহনের আবশ্যক হইলে কেবল জজ সাহেবের দ্বারা তাহা করিতে হইবেক এমত জকুম দিতে জজ সাহেবের ক্ষমতা নাই।—১০২১ নমুরী আইনের অর্থ।
—২১৪ প্রতা।

১৮৯। কিন্তু করেদীরদের সঙ্গে জজ সাহেবের কোন কথা কহিতে হইলে তিনি মাজিট্রেট সাহেবের অনুমতি না লইয়া তাহা করিতে পারেন্।—১০২১ নমুরী আইনের অর্থ।—২১৪ পৃষ্ঠা।

# ১৬ ধারা।

মুনদেফ কি সদর আমীন কি প্রধান সদর আমীনের ডিক্রী জারীক্রমে আসামীকে করেদ করণ।

১৯০। দেওয়ানীবিষয়ক মোকদ্মার ডিক্রী জারী করণের নিমিত্তে এদেশীয় বিচার্কেরা আদামীকে কয়েদ করিবার প্রকুম দিতে পারেন্না। আদামীকে কয়েদ করণের আব্দানক হইলে যে কর্মকারকের দ্বারা আদামী গ্রেক্তার হয় ঐ কর্মকারক খোরাকীর টাকা সমেত তাহাকে জিলার আদালতের জজ দাহেবের নিকটে পাটাইবেন এবং তিনি উচিত বুঝিলে তাহাকে আপন আমলার দ্বারা জেলখানায় কয়েদ করিবেন। এই গতিকে মুনদেফ বা দদর আমীনের করা প্রকুমের উপর আপীল হইলে জিলা বা শহরের জজ দাহেব যে নিষ্পত্তি করেন্ তাহা চূড়ান্ত হইবেক।—১৮৩২ দা। ৭ আ। ৭ ধা।—২১৫ পৃষ্ঠা।

১৯১। উক্ত বিধি মুনদেক ও প্রধান সদর আমানেরদের বিষয়ে খাটিবেক অতএব জঙ্গ সাহেবের অনুমতি না হইলে প্রধান সদর আমান কোন আসামীকে করেদ করিতে পারেন্ না [অর্থাৎ ৫০০০১ টাকার কম মুলোর মোকদমায়।]—৯৪৭ নয়রী আইনের অর্থ।—২১৫ প্রা।

১৯২। কিন্ত ৫০০০ টাকার উর্দ্ধ মুলোর মোকদমাতে জজ সাহেব যে গুকুম করি-তেন প্রধান সদর আমীন দেই গুকুম করিতে পারেন্ কিন্তু তাহার উপর সদর আদালতে আপীল হইতে পারে। ৫০০০ টাকার উর্দ্ধ মুলোর মোকদমাতে প্রধান সদর আমীন আসামীকে কয়েদ করণের গুকুম দিতে পারেন্। যদ্যপি সেই প্রকার মোকদমার জজ সাহেবের কোন এলাকা না থাকে তথাপি তিনি দেওয়ানী জেলরক্ষকের উপর এমত পরপ্রয়ানা দিবেন যে প্রধান সদর আমীনের গুকুম পাইলে আসামীকে কয়েদ বা থালাস করেন্। জজ সাহেব কেবল পরওয়ানা দিবেন এবৎ জেলরক্ষক আসামীকে কয়েদ বা থালাস করিবেন।—১৮৪০ সালের ১৮ সেপ্টেয়রের সরকুলর অর্ডর।—২১৫ পৃষ্ঠা।

১৯৩। ফরিদপুরের জাইন্ট মাজিস্ট্রেট সাহেবের এলাকার মধ্যে প্রধান সদর আমীন এবং মুনসেফের। ডিক্রী জারীক্রমে আসামীকে গ্রেস্তার করিলে তাহাকে দেওয়ানী জেল-খানায় কয়েদ করিবার নিমিত্ত ফরিদপুরের জাইন্ট মাজিস্ট্রেটের নিকটে পাঠাইবেন এবং সেই সকল বৃত্তাস্ক ঢাকার জজ সাহেবের নিকটে জানাইবেন এবং জজ সাহেব সেই স্কুম বহাল বা বাতিল করিবেন।—১৮৩৪ সালের ২১ মার্চের সরকালর অর্ডর।—২১৫ পৃষ্ঠা।

[অন্যান্য যে আদালত এইমতে অতিদূর স্থানে থাকে তাহার বিষয়েও এই বিধি খাটিবেক।]

#### ১ ৭ ধারা।

## प्ति उरानी (जलशानाएं करमित्र प्रतिक्री के कि।।

১৯৪। ডিক্রী জারীপ্রযুক্ত কিয়া দেওয়ানী আদালতের অন্য ত্রুমানুসারে যে সকল লোক কয়েদ হয় তাহারদের খোরাকী টাকার বিষয়ে এমত নির্দিষ্ট হইল যে ফরিয়াদী কোন ব্যক্তির গ্রেস্তারের নিমিত্ত দরখাস্ত করিলে যদি গ্রেস্তারীর খরচাব্যতিরেকে আদামীর ত্রিশ দিবসের উপযুক্ত খোরাকী টাকা আমানৎ না করে তবে আদালত গ্রেস্তার করণের কোন ত্রুম দিবেন না। ঐ ত্রিশ দিন গত হইলে আগামি ত্রিশ দিনের খোরাকী টাকা আমানৎ রাখিতে হইবেক এবং এইরুপে তাহার খালাস না হওয়াপর্য্যস্ত খোরাকী আমানৎ করিতে হইবেক।—১৮৩০ সা। ৬ আ। ২ ধা।—২১৬ পৃষ্ঠা।

১৯৫। জজ সাহেব গ্রেস্তারীর স্তকুম জারী করণের সময়ে আসামীর অবস্থাও মর্যাদার প্রতি বিবেচনা করিয়া খোরাকীর পরিমাণ নিরূপণ করিবেন। তাহা দিন প্রতি। আনার অধিক ও / আনার কম হইবেক না। তৎপরে কোন প্রবল্প কারণ দেখান গোলে তাহার পরিবর্ত্ত হইতে পারে। যদি কোন বিশেষ অবস্থাপ্রযুক্ত। আনাহইতে অধিক খোরাকী দেওনের আবশ্যক হয় তবে সদর দেওয়ানী আদালতের সাধ্য আছে যে জজ সাহেবের রিপোর্ট দৃষ্টি করিয়া কিয়া বিশ্বস্ত সম্বাদ শুনিয়া অধিক খোরাকী নিরূপণ করেন্ কিন্তু তাহা দিন প্রতি ১১ টাকার অধিক হইবেক না।—১৮৩০ সা। ৬ আ। ২ ধা।—২১৬ পৃষ্ঠা।

১৯৬। ঐ খোরাকী টাকা নাজিরের স্থানে দিতে হইবেক এবং তিনি মার্নেই ফরিয়াদীকে তাহার রসীদ দিবেন। যদি ফরিয়াদী নিরূপিত দিবসে খোরাকী দিতে বুটি বা
অস্বীকার করে তবে নাজির তৎক্ষণাৎ তাহার রিপোর্ট জজ সাহেবকে দিবেন এবং জজ সাহেব তৎক্ষণাৎ আসামীর খালাসের ছকুম করিবেন। এবং ঐ আসামী এইরূপে খালাস হইলে পুনর্বার ঐ মোকদ্দমার বিষয়ে ঐ ফরিয়াদীর ঐ দাওয়াতে গ্রেফ্টার ও কয়েদ হইবেক
না। কিন্তু যদি এমত প্রমাণ হয় যে আসামী যে ডিক্রী বা অন্য দাওয়া প্রযুক্ত প্রথমতঃ কয়েদ
হয় সেই ডিক্রীর টাকা আদায় হওনের সুলভ যে ধনেতে হইত সেই ধন প্রবঞ্চনা ও দুর্ফীতা
করিয়া গোপনে রাথিয়াছে কিয়া হস্তান্তর করিয়াছে তবে ঐ মোকদ্দমায় ঐ ফরিয়াদীর

দাওয়াতে আসামী পুনর্কার গ্রেক্টার ও কয়েদ হইতে পারিবেক।—১৮৩০ সা। ৬ আ। ৩ ধা।—২১৭ পৃষ্ঠা।

১৯৭। আসামী কোন বিষয়ে জেলখানায় কয়েদ হইলেই সেই বিষয়ে পুনর্জার গ্রেস্তার বা কয়েদ হইতে পারে না। কিন্তু যদি ঐ ব্যক্তি কেবল নাজিরের চাপরাসীর জিমায় ছিল এবং জেলখানায় কখন কয়েদ হয় নাই এবং ফরিয়াদী খোরাকী না দেওয়াতে খালাস হইয়াছে তবে সেই বিষয়ে সেই ব্যক্তি তংপরে কয়েদ হইতে পারে।—১০৯০ নয়ুরী আইনের অর্থ।—২১৭ পৃষ্ঠা।

১৯৮। ইহার পর কয়েদহওয়া আসামীরদের খোরাকী টাকাবিয়য়ক দাঁড়া নিবর্তু ও পরিবর্ত্ত করিতে আবশ্যক বোধ হউলে সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের ক্ষমতা আছে যে প্রীমুত গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌল্যেলের অনুমতিক্রমে অন্য কোন আইন জারী কর্ণবাতিরেকে তাহা নিবর্ত্ত পরিবর্ত্ত করেন্।—১৮৩০ সা। ৬ আ। ৫ ধা।—২১৭ পৃষ্ঠা।

১৯৯। খোরাকী টাকা আমানৎ না হইলেও ১৭৯৯ সালের ৭ আইনক্রমে বাকীদার-কে গ্রেস্তার করণের দস্তক জারী করিতে ১৮৩০ সালের ৬ আইনের দারা কোন নিষেধ নাই। কিন্তু ত্রিশ দিনের খোরাকী টাকা আমানৎ না হইলে কোন বাকীদার জেলখানায় করেদ হইতে পারে না।—৫৭৫ নমুরী আইনের অর্থ।—২১৭ পৃষ্ঠা।

২০০। যদি আদামী আদালতের হুকুম না মানাতে কয়েদ হয় তবে তাহার খোরাকী ফরিয়াদীর স্থানহইতে লওয়া হাইবেক না।—১৭৯৩ সা। ৪ আ। ৮ ধা।—২১৭ পৃষ্ঠা।

২০১। ডিক্রী জারীক্রমে করেদহওয়া ব্যক্তির্দিগকে যে খোরাকী দেওরা যার সেই খোরাকী টাকা আদার হওনের উপযুক্ত বস্তু ঐ ব্যক্তির থাকিলে ঐ খোরাকী টাকা আদালতের খরচার ন্যায় জান করিয়া ঐ ব্যক্তির ফিরিয়া দিতে হইবেক। ঐ খোরাকীর উপযুক্ত কিছু জায়দাদ যদি না থাকে তবে কেবল দেই নিমিত্ত তাহাকে কয়েদ রাখা উচিত নহে।—১৮০৬ সা। ২ আ। ১২ ধা।—২১৮ পৃষ্ঠা।

২০২। যে ব্যক্তির দরখান্তে দেওয়ানী স্কুমক্রমে আসামী কয়েদ হয় সেই ব্যক্তি তাহার খোরাকী টাকা দিবেক। যদি ঐ ব্যক্তি উকীলের রসুমের নিমিত্ত কয়েদ হয় তবে ঐ উকীল হাহার খোরাকী দিবেন। যদি ইফান্পের মাসুলের নিমিত্ত অথবা সরকারের পাওনা কোন টাকার নিমিত্তে কয়েদ হয় তবে সরকারহইতে তাহা দেওয়া যাইবেক। কিন্তু সকল গতিকে দেওয়ানী স্কুমানুসারে আসামীকে কয়েদ করণের দরখান্ত আদালতে দিতে হইবেক এবং ঐ আসামীর স্থানে প্রাপ্য টাকার দাওয়া করণের পর প্রথমতঃ তাহার সম্পত্তির উপর এবং তথপরে তাহার জামিনের সম্পত্তির উপর ডিক্রী জারী করিতে হইবেক।—২১ নমুরী আইনের অর্থ।—২১৮ পৃষ্ঠা।

২০৩। যে গতিকে কোন আসামী বাকী মালগুজারীর নিমিত্ত অথবা আইনের তুকুম করা অন্য কোন বাবতে কালেক্টর সাহেব কি অন্য সরকারী কর্মকারকের দরখান্তে দেওয়ানী জেলখানায় কয়েদ হয় সেই গতিকে ঐ আইনের উক্ত ধারার ভাব ও মর্ম্ম থাটিবেক।
এবং আসামী যে জজ্ঞ সাহেবের তুকুমে কয়েদ হয় সেই জজ্ঞ সাহেব আপনার বিবেচনামতে
ভাহার খোরাকীর নিমিত্ত যত টাকা নিরূপণ করেন্ ভাহা কালেক্টর সাহেব অথবা অন্য যে কর্মকারকের দরখান্তক্রমে আসামী কয়েদ হয় তিনি দিবেন।—১৮১৮ সালের ২০ আপ্রিলের সরকুলের অর্জন —২১৮ পৃষ্ঠা।

২০৪। দেওয়ানী জেলখানায় কয়েদহওয়া ব্যক্তিরদের খোরাকীর বিষয়ে যে বিধি আছে তাহা যেমন সাধারণ ব্যক্তিরদের বিষয়ে খাটে তেমনি সরকারী কর্মকারকেরদের বিষয়েও খাটিবেক।—৬৪৭ নম্বরী আইনের অর্থ।—২১৮ পৃষ্ঠা।

### ১৮ ধারাণ

# কিস্তিবন্দীর দ্বারা ডিক্রীর টাকা শোধ করণ।

২০৫। যে ব্যক্তির উপর ডিক্রী হয় সেই ব্যক্তি কিয়া তাহার মালজামিনের যদি ডিক্রীর টাকা আদার হওনের যোগ্য কিছু জারদাদ থাকে তবে সেই ডিক্রী জারী করণেতে আদালতের সাহেবেরা কোন প্রকার বিলম্ব ও ব্যাজ করিতে দিবেন না। কিন্তু যদি ফরিয়াদী ডিক্রীর টাকা কিন্তিবন্দীমতে কিয়া প্রকারান্তরে পাওনের একরারনামা পাইয়াডিক্রী জারী হওনেতে কিছু বিলম্ব স্থীকার করে কিয়া যদি জজ সাহেব কোন বিশেষ হেতু-প্রযুক্ত ভূম্যাদি বন্ধ বিক্রেয়করণের কিছু গৌণ করা উচিত বুঝেন্ তবে কিছু বিলম্ব হইতে পারে।—১৮০৬ সা। ২ আ। ২০ ধা।—২১৯ পৃষ্ঠা।

২০৬। ডিক্রী জারী হওনের উপযুক্ত যদি কোন সম্পত্তি না থাকে এবং যদি জজ সাহেব যে মিয়াদ দেওয়া বিহিত বুঝেন্ সেই মিয়াদের মধ্যে আসামী কিয়া তাহার মালজামিন কিস্তিবন্দীমতে ডিক্রীর টাকা দেওনের নিমিত্ত হাজিরজামিনী কি মালজামিনীর সহিত এক একরারনামা লিখিয়া দিতে স্বীকৃত হয় তবে যে আদালতে শেষ ডিক্রী হয় সেই আদালত কিয়া যে আপীল আদালত ঐ ডিক্রী সংশোধন করেন্ সেই আদালত ঐ একরারনামা গ্রাহ্য করিতে এবং তাহার নিয়মমত কার্য্য করণে ক্রাটি না হইলে তাহার লিখিত নিয়মানুক্রমে ডিক্রী জারী করাইতে পারেন।—১৮০৬ সা। ২ আ। ১০ ধা।—২১৯ পৃষ্ঠা।

২০৭। যে ব্যক্তি এমত একরারনামা দাখিল করে দেই ব্যক্তি যদি কয়েদ থাকে তবে তৎক্ষণাৎ খালাস হইবেক এবং ঐ ব্যক্তি একারারনামার লিখিত নিয়মমত কার্য্য করিতে জটি না করিলে ঐ ডিক্রী জারীক্রমে আর কয়েদ হইতে পারে না। এবং একরারনামাতে যে সুদের হার লেখা আছে তাহার অধিক সুদ তাহার স্থানে লওয়া ঘাইরেক না।—১৮০৬ সা। ২ আ। ১০ ধা।—২১৯ পৃষ্ঠা।

২০৮। যে কোন মহাজনের নালিশক্রমে কোন খাতক কয়েদ হয় যদি সেই খাতক কিস্তিবন্দী করিয়। আপনার দেনা পরিশোধ করিতে একারারনামা লিখিয়া দেয় এবং সেই একরারনামা জজ সাহেবের সাক্ষাৎ খাতক ও মহাজন দ্বীকার করিয়া তাহাতে দস্ত্বও করে এবং যদি দ্বিক্রী জারী করা সেই নিমিন্ত দ্বণিত হয় তবে ঐ খাতক সেই একরারনামার নিয়ম পূর্ণ করিতে ক্রটি করিলে মহাজনের আপনার পাওনা পাইবার নিমিন্ত নৃতন নালিশ করণের আবশ্যক নাই দ্বিক্রী জারী করণের সাধারণ নিয়মানুসারে ঐ দ্বিক্রী জারী হইবেক। যদি খাতক কিয়া জামিন কহে যে কিস্তিবন্দীক্রমে আমরা টাকা দিয়াছি এবং মহাজন যদি তাহা দ্বীকার না করে তবে খাতককে তাহার প্রমাণ করিবার অনুমতি দিতে হইবেক।—৪৪ নমুরী আইনের অর্থ।—২১৯ পৃষ্ঠা।

২০৯। ডিক্রী জারী করণের ছকুম হইলে যদি আসামী এইমত প্রস্তাব করে যে আমার ভূমি ক্রোক হউক এবং তাহার উৎপন্ন খাজানাহইতে আমার দেনা পরিশোধ হউক
এবং যদি মহাজন তাহাতে স্বীকৃত হয় তবে আদালতের সাহেবেরদের তাহা আবশ্য মঞ্জুর
করিতে হইবেক এবং কালেক্টর সাহেবকে সেই ভূমি ক্রোক করিতে এবং তাহার খাজানা
আদায় করিয়া আদালতে দাখিল করিতে জজ সাহেব ছকুম দিবেন।—৭৫২ নম্বী আইনের অর্থ।—২২০ পৃষ্ঠা।

# ১৯ ধারা।

### যোত্রহীন খাতকদিগকে খালাস কর্ণ।

২১০। যে সকল যোত্রহীন কর্জা খাতক এবং তাহার্দ্রদেগের জামিনেরা দেওয়ানী আন্দালতের ডিক্রী জারী করণার্থ কয়েদ হয় যদি কিন্তিবন্দীমতে কিয়া অন্য কোন প্রকারে দেনা পরিশোধ করিতে তাহারদের শক্তি না থাকে তবে তাহারদের উপকারের নিমিত্ত জিলা ও সদর আদালতের সাধ্য আছে যে এমত কোন কয়েদী ব্যক্তি আপনার সর্ম্ব প্রকার যে সম্পত্তি নিজনামে কি বিনামে অথবা সাধারণে থাকে তাহার তালিকা শপথপূর্মক আদালতে দাখিল করিলে ঐ তালিকার সভ্যতার বিষয়ে এবং প্রতিবাদি ব্যক্তি ঐ তালিকার বিষয়ে যে ওজর করে তাহার তজবীজ করিতে ত্রকুম দেন্।—১৮০৬ সা। ২ আ। ১১ ধা।—২২০ পৃষ্ঠা।

২>১। যদি ঐ জজ সাহেবের এমত মনঃপ্রতায় হয় যে ঐ তালিকা সত্য এবং তাহার লিথিত সম্পত্তিভিন্ন ডিক্রী জারী করণের যোগ্য আসামীর আর কোন সম্পত্তি নাই এবং ঐ
তালিকার লিখিত সম্পত্তি সমুদায় কিয়া জজ সাহেব যাহা বিক্রয় করা উচিত বুঝেন্ তাহা আদালতে দাখিল হয় তবে জজ সাহেব আইনানুসারে ঐ সকল ভূম্যাদি নীলাম করিয়া কয়েদী
ব্যক্তির স্থানে হাজিরজামিন লইয়া বা না লইয়া তাহাকে খালাস করিতে পারেন্।
১৮০৬ সা। ২ আ। ১১ ধা।—২২০ পৃষ্ঠা।

২১২। কিন্তু যে সকল লোক প্রকৃত্ই দৃষ্ ও যোত্রহীন ও ধার্মিক ও সত্যপরায়ণ কেবল এইমত ব্যক্তিদিগের উপকারের নিমিত্ব উপরের লিখিত নিয়ম নির্দিষ্ট হইল অতএব যদি কোন কর্জা থাতক কিয়া তাহার জামিন ডিক্রা জারীক্রমে কয়েদ হইয়া আপনার কিছু সম্পত্তি গোপনে র'থে অথবা এমত কোন ছল বা দোয় করে যে উপরের উক্ত যে সকল ধার্মিক ও সত্যপরায়ণ লোকেরা মহাজনের টাকা দিবার নিমিত্ত আপনারদের সমস্ত সম্পত্তি সমর্পণ করিতে উদ্যত তাহারদিগের মতে আদালতের দয়া ও অনুগ্রহের যোগ্য না বুঝা যায় তবে এমত অধার্মিক লোকেরা যাবৎ ডিক্রীর সমস্ত মতাচরণ না করে তাবৎ খালাস হইবেক না দ্বেচ্ছ সা। ২ আ। ১১ ধা দেহিৎ পৃষ্ঠা।

২১৩। আর কোন কয়েদী ব্যক্তি কয়েদহইতে থালাস হইলে পর য়িদ কিছু
সম্পত্তি পায় তবে মহাজন জজ সাহেবের অনুমতি লইয়া ঐ সম্পত্তিইতে য়াহা আপনার
ডিক্রীর পাওনা টাকা আদায় হওনের উপযুক্ত ঠাহরে তাহা নীলাম করিয়া লইতে পারিবেক। কয়েদী ব্যক্তির থালাসহওয়া এমত নীলামের প্রতিবন্ধক হইবেক না। এবং থাতক
থালাস হওনসয়য়ে আপনার য়ে কোন সম্পত্তি স্থনামে বা বিনামে ভোগ করিয়া চক্রান্তে
গোপনে রাথিয়াছিলইহার প্রমাণ হইলে মহাজন তাহাকে পুনরায় কয়েদ করাইতে পারে।
এই ধারানুসারে জিলার আদালতের সাহেবেরা য়ে সকল ভকুম করেন্ সেই২ ভকুমের উপর
আপীল উপরিস্থ আদালতে হইতে পারে।—১৮০৬ সা। ২ আ। ১১ ধা।—২২১ পৃষ্ঠা।

২১৪। ২১৫। ১৮০৬ সালের ২ আইনের ১১ ধারার বিধি যে খাতকেরা কয়েদ হইয়াছে কেবল তাহারদের বিষয়ে খাটে অতএব যে ব্যক্তি কয়েদ না হইয়াছে সেই ব্যক্তি উক্ত ধারানুসারে উদ্ধার হইতে পারে না। কিন্তু ঐ আইনের ১০ ধারায় (অর্থাৎ ২০৫। ২০৬। ২০৭ নম্বরী বিধানে) প্রকুম আছে যে আদালতের সাহেবেরা কিন্তিবন্দী করিয়া আদালতের ডিক্রী জারী করিতে অনুমতি দিতে পারেন্ এইমত গতিকে খাতকের পূর্কে কয়েদ থাকনের আবশ্যক নাই।—১১৯৬ নম্বরী আইনের অর্থ।—২২১ পৃষ্ঠা।

২১৬। কর্জা থাতককে দায়হইতে চূড়ান্তরূপে থালাস করিতে কোন দেওয়ানী আদা-লতের ক্ষমতা নাই। এবং যোত্রহীন যে থাতক খালাস হয় তাহার সম্পত্তির উৎপন্ন টাকা-হইতে সরকারী পাওনা অগ্রে পরিশোধ হইবেক পরে সাধারণ ব্যক্তির পাওনা শোধ হই-বেক এমত কোন হুকুম নাই। খাত্তক খালাস হইলে পর তাহার স্থানে যে কোন সম্পত্তি পাওয়া যায় তাহা ১৮০৬ দালের ২ আইনের ১১ ধারানুদারে মহাজন নীলাম করিতে পারে।—১১৯৬ নম্বী আইনের অর্থ।—২২১ পৃষ্ঠা।

২১৭। সদর দেওয়ানী আদালত বিধান করিতেছেন যে ঐ ১১ ধারার বিধির অনুসারে খাতকের যে সকল সম্পত্তি থাকে তাহার যথার্থ তালিকা আদালতে দাখিল হইলে
এবং সেই সকল সম্পত্তি আদালতে অর্পণ করিলে তাহার কর্জের সংখ্যার বিষয়ে অথবা
ডিক্রী জারীক্রমে সেই ব্যক্তি যত কাল কয়েদ আছে এই দুই বিষয়ে কিছু বিবেচনা না
করিয়া সেই ব্যক্তি খালাস হইতে পারে কিন্তু তাহাকে খালাস করণের বিষয়ে যে স্তকুম
হয় তাহার উপর আপীল হইতে পারে।—১০৮ নমুরী আইনের অর্থ।—২২১ পৃষ্ঠা।

২১৮। দেওয়ানী আদালতের ডিক্রীক্রমে কয়েদহওয়া অন্যথ ব্যক্তিরদের বিষয়ে যেমন ঐ আইনের ঐ ধারা খাটে তেমনি দেওয়ানী আদালতের তুকুমক্রমে কয়েদহওয়া মালগুজারীর বাকীদারের বিষয়েও তাহা খাটিবেক কিন্তু যে বাকীদারের প্রতিক্রুলে কোন দেওয়ানী আদালতের ডিক্রী না হইয়া কেবল কালেক্টর সাহেবের দর্থাস্কক্রমে বাকীর নিমিত্ত কয়েদ হইয়াছে তাহার বিষয়ে ঐ ১১ ধারা খাটে না।—৮৬ নম্বরী আইনের অর্থ।—২২২ পৃষ্ঠা।

২১৯। কালেক্টর সাহেবের ছকুমক্রমে যে আবকারেরা কয়েদ হয় ভাহারদের বিষয়ে ঐ বিধি থাটে না।—৯৫ নম্বী আইনের অর্থ।—২২২ পৃষ্ঠা।

২২০। সদর দেওয়ানী আদালত ঐ সকল বিধির এই অর্থ করেন্ যে দেওয়ানী আদালতের জাবেতামত বা সরাসরী ডিক্রীক্রমে যে সকল ব্যক্তি কয়েদ হয় তাহারদের বিয়য়েতাহা খাটে কিন্তু যাহার। দেওয়ানী আদালতের ডিক্রীবিনা অন্য ত্রকুমে কয়েদ হয় তাহারদের বিষয়ে খাটে না।—৩২৮ নয়্রী আইনের অর্থ।—২২২ পৃষ্ঠা।

২২১। কিন্তু ১৮৩১ দালের ৮ আইনানুসারে কালেক্টর সাহেব যে সরাসরী ডিক্রী করেন্ তাহা জারী করণার্থ আদামী কয়েদ হইলে সেই ব্যক্তি ১৮০৬ দালের ২ আইনের ১১ ধারানুসারে দরখান্ত দিলে এবং আপন যোত্রহীনতার প্রমাণ করিলে খালাস হইতে পারে যেহেতুক ইহার পূর্বে জজ সাহেবের যে ক্রমতা ছিল তাহা কালেক্টর সাহেবের হইয়াছে।—১৮৩৬ সালের ১৮ নবেম্বের গ্রক্টলর অর্জর।—২২২ পৃষ্ঠা।

২২২। বোত্রহীন ব্যক্তির মোকদমা শর্চাসমেত ডিদমিস হইলে ডিক্রীক্রমে তাহার প্রতি যে টাকা দিবার প্রকুম হয় তাহা না দিলে সেই ব্যক্তি আসামীর দর্থাস্কক্রমে কয়েদ হইলে অন্যান্য দকল যোত্রহীন কর্জা থাতকের মত ১৮০৬ সালের ২ আইনের ১১ ধারার বিধির অনুসারে খালাস হইতে পারে।—১১০ নম্বরী আইনের অর্থ।—২২২ পৃষ্ঠা।

২২৩। করেদী ব্যক্তি যদি অবশেষে কেবল মোকদ্দমার এরচার বাবৎ কয়েদ থাকে তবে যোত্রহীনেরদের বিষয়ে যে বিধি হইয়াছে সেই বিধির ছারা ঐ ব্যক্তি খালাস হইতে পারে।—৩০৯ নমুরী আইনের অর্থ।—২২২ পৃষ্ঠা।

২১৪। সদর দেওয়ানী আদালতের ডিক্রী জারী করণের ভার যদি জিলার জজ সা-হেবের প্রতি অর্পণ হয় তবে ডিক্রী জারীক্রমে যে আদামী কয়েদ হয় তাহাকে ঐ জিলার জজ সাহেব সদর আদালতে জিজাদা না করিয়া ১৮০৬ সালের ২ আইনের ১১ ধারানু-সারে খালাস করিতে পারেন।—১০৬২ নম্বরী আইনের অর্থ।—২২২ পৃষ্ঠা।

২২৫। ১৮০৬ সালের ই আইনের ১১ ধারার বিধির অনুসারে যে যোত্রহীন খাতক আপনার সম্পত্তির বিষয়ে শপথপুরুক জোবানবন্দী দেয় সেই ব্যক্তি খতের দক্তন আপনার পাওনা টাকা যদি জানিয়াগুনিয়া ছাপাইয়া রাখে তবে সেই ব্যক্তি মিথ্যা শপথ করণের দোষে দওনীয় হইতে পারে।—১০৮৬ নম্বরী আইনের অর্থ।—২২২ পৃষ্ঠা।

২১৬। এদেশীর বিচারকেরদের ডিক্রীপ্রযুক্ত যে কোন ব্যক্তি করেদ হয় সেই ব্যক্তি যোত্রহীন হইলে খালাস ইইবার যোগ্য কি না ইহার নিষ্পত্তি করণের ভার সূত্রাৎ ঐ আদালতের প্রতি আছে। তথাপি দরখান্ত ইউরোপীয় জজ সাহেবের নিকটে দেওয়া উচিত এবং তিনি ঐ ব্যক্তির জোবানবন্দী আপনি লইবেন অথবা এদেশীয় বিচারকের নিকটে ঐ দরখাস্ত তজবীজ করণার্থ অর্পণ করিবেন। যদি তাহাকে খালাস করণের স্তকুম হয় তবে জজ সাহেবের নিকটে এইমত দরখাস্ত দিতে হইবেক যে তিনি ঐ ব্যক্তিকে খালাস করিতে জেলরক্ষককে স্তকুম দেন্। ঐ স্তকুমে যাহারা নারাজ হয় তাহারা আপীল করিতে পারে।—১১০৮ নমুরী আইনের অর্থ।—২২৩ পৃষ্ঠা।

২২৭। আডবোকেট জেনরল সাহেবের বে মত ১৮৩৭ সালের ২৫ আগস্ট তারিখে আদালতের জজ সাহেবেরদের উপদেশের নিমিত্ত ঘোষণা হইল তাহাতে বিধান আছে যে যোত্রহীন খাতকের উপকারার্থ যে আইন অর্থাৎ আকৃট পার্লিমেন্টে হইয়াছে তাহার দ্বারা এদেশীয় সকল আদালত বন্ধ আছেন্। অতএব তাঁহারদের নিকটে উপস্থিত-হওয়া কোন মোকদ্দমায় যদি করিয়াদীর দাওয়া যোত্রহীনের তফ্দীলের মধ্যে মঞ্চুর হইয়াছে অথবা যদি কেবল সংখ্যার বিষয়ে বিবাদ থাকে তবে ফরিয়াদীর আপনার মোকদ্দমায় ক্ষান্ত হইতে হইবেক। যোত্রহীনতা মঞ্চুর হওনের পূর্দের ফরিয়াদীর পক্ষে যদি ডিক্রীমাত্র হইরা থাকে তবে সেই ব্যক্তি ঘোত্রহীনের সম্পত্তি ক্রোক করিতে পারে না কিন্তু অন্যান্য মহাজনেরদের ন্যায় তাহার পাওনা টাকা কলিকাতান্থ আদালতে সাব্যস্ত করিতে হইবেক। ইঙ্গলণ্ড দেশে ডিক্রী হওনের পর দেউলিয়া ব্যক্তি এবং যোত্রহীন ব্যক্তিরদের বিষয়েও এই বিধির অনুসারে কার্য্য হইতেছে। কিন্তু যদি ফরিয়াদী আপনার ডিক্রী জারী করিয়া থাকে তবে সেই ব্যক্তি যোত্রহীন খাতকের সম্পত্তিহইতে আপনার পাওনা সমুদায় টাকা পাইতে পারে।—১৮৩৭ সালের ২৫ আগস্টের সরকুলের অর্ডর।—১২৩ পৃষ্টা।

#### ২০ ধারা !

৬৪১ টাকার লান মংখ্যার ডিক্রীর নিমিত্ত করেদ করণের মিয়াদ।

২২৮। অপপ টাকার ডিক্রীর বাবৎ লোক অনেক কাল কয়েদ না থাকে এই নিমিন্ত ১৮০৬ দালের ২ আইনের ১১ ধারার বিধানছাড়া তকুম হইতেছে যে কোন ব্যক্তি ৬৪ টাকার অধিক না হয় এমত দংখ্যার ডিক্রী জারী করণার্থ ছয় মাদের অধিক কাল কয়েদ থাকিবেক না। ঐ ছয় মাদ গত হইলে দেই ব্যক্তি থালাদ হইবেক। কিন্তু কয়েদ থাকনের সময়ে কি খালাদ হওনের পরে দেই ব্যক্তির যে দুব্যসামগ্রী পাওয়া যায় তাহা ডিক্রীর টাকা দমুদায় কি তাহার মধ্যে দাহা বাকী থাকে তাহা আদায় হইবার আন্দান্তমতে ক্রোক ও বিক্রয়ের যোগ্য হইবেক।—১৮১৪ দা। ২৩ আ। ৪৫ ধা। ৭ প্র।—২২৪ পৃষ্ঠা।

২২৯। ঐ ৭ প্রকরণের দারা ১৮০৬ সালের ২ আইনের ১১ ধারার বিধির কেবল এইমাত্র বিশেষ হইয়াছে যে ৬৪ টাকার অধিক না হয় এমত সংখ্যার টাকার ডিক্রী জারী করিবার নিমিত্ত খাতককে যে সময়ের অতিরিক্ত কয়েদ রাখা ঘাইতে পারে না তাহা নির্দ্ধিষ্ট হইল।—৩০৮ নমূরী আইনের অর্থ।—২২৪ পৃষ্ঠা।

২৩০। যে ব্যক্তিরা কালেক্টর সাহেবের দর্থান্তে কয়েদ হইয়াছে তাহারদের বিয়য়ের উক্ত ৭ প্রকর্ণ থাটে না।—৩০২ ময়ৢরী আইনের অর্থ।—২১৪ পৃষ্ঠা।

[১৮১৪ সালের ২৩ আইনের ৪৫ ধারার ৭ প্রকরণ সরাসরী মোকদমার ডিক্রীর উপর থাটিবার বিষয়ে কথন হুকুম হয় নাই।]

২৩১। থাতক কিন্তিবন্দী লিখিয়া দিলে এবং মহাজন তাহাতে সম্মত হইলে সেই গাতককে দেওরানী আদালতের অবশ্যই খালাস করিতে হইবেক। কিন্তু যদ্যপি কোন থাতক সুদ ও আদালতের থর্চাসমেত ৬৪ টাকার উর্দ্ধ সংখ্যার কিন্তিবন্দী লিখিয়া দেয় তথাপি ৬৪ টাকার কম সংখ্যার ডিক্রী জারীক্রমে ছয় মাসপর্যান্ত কয়েদ থাকনের প্র ১৮১৪ সালের ২৩ আইনের ৪৫ ধারার ৭ প্রকরণানুসারে তাহার খালাস হও- নের যে অধিকার আছে তাহা লোপ হইল না।—৫৬৯ নমুরী আইনের আর্থ।—২২৪ পৃষ্ঠা।

২৩২। উক্ত প্রকরণেতে কয়েদের যে দীমা নির্দিষ্ট আছে তাহা কেবল আদালতের ডিক্রীঅনুসারে কয়েদহওয়া খাতকের বিষয়ে খাটিবেক। কিন্তু যাহারা জরীমানার টাকানা দেওয়াতে কয়েদ হয় তাহারদিগকে জজ সাহেব আপনার বিবেচনাক্রমে খালাস করিবনে বা না করিবেন।—৯৬৪ নমূরী আইনের অর্থ্য।—২২৪ পৃষ্ঠা।

২৩৩। যদি কোন ব্যক্তির দেনা ৬৪ টাকার উর্ক্না হয় তবে দেই ব্যক্তি ছন্ন মাদের অধিক কাল কয়েদ থাকিতে পারে না। কিন্তু ঐ ছয় মাদের মধ্যে ১৮০৬ দালের ২ আইনের ১১ ধারানুসারে যোত্রহীন থাতকেরদের বিষয়ি আইনের দ্বারা দেই ব্যক্তি খালাস ইইতে পারে।—৩২৮ নমুরী আইনের অর্থ।—২২৪ পৃষ্ঠা।

#### ২১ ধারা।

নিমক পোখানের সম্পর্কার ব্যক্তিরদের নামে ডিক্রী জারী করণ।

২৩৪। যদি নিমক মহালের মোতালক কোন এদেশীয় আমলা কিয়া অন্য এলাকাদার কাহারু উপর মোকদমার ডিক্রী হয় এবং কার্ত্তিক মাদাবধি আঘাঢ় মাদের শেষপর্যন্তের মধ্যে আদালত তাহা জারী করিতে তকুম দেন্ তবে সেই ব্যক্তি আপনি কয়েদ না হইয়া তাহার দুব্য ক্রোক হইতে পারিবেক। এবং নিমক পোখানের কাল গেলে নিমকীর এজেন্ট সাহেব তাহাকে হাজির করাইবার বিষয়ে দায়ী হইবেন কিন্তু নিমক পোখানের বিষয়ে যে দানন পাইয়াছিল তাহা অথবা দরকারী সর্ক্তাম ক্রোক হইবেক না। পরক্ত আবল ও ভাদু ও আগিন মাদে নিমক পোখানের সময়ের মধ্যে যদি ঐ এজেন্ট সাহেব আদালতে জানান্ বে ঐ আদামীর নিমকের কার্য্যেতে হাজির থাকিবার আবশ্যক নাই তবে দেই ব্যক্তিনিজে এবং তাহার সম্পত্তি ডিক্রী জারীর বিষয়ে দায়ী হইবেক।—১৮১৯ সা। ১০ আ। ২২ ধা।—২২৫ পৃষ্ঠা।

২৩৫। যদি নিমক টোকীয়াতের আমলার মধ্যে কাহার নামে ডিক্রী হয় এবং জজ দাহেব দেই ডিক্রী জারী করিতে হুকুম দেন্ তবে দেই ব্যক্তির দুব্যাদি ক্রোক হুইতে পারে। যদ্যপি ভাহাকে ধরিয়া আনিতে হয় তবে অন্য ব্যক্তি ভাহার পদে নিযুক্ত হওনার্থ যাবং যে দাহেবের অধীনে কার্য্য দে করে দেই দাহেবকে দয়াদ না দেওয়া যায় ভাবং ভাহাকে ধরিয়া আনিতে হইবেক না।—১৮১৯ দা। ১০ আ। ২৯ ধা।—২২৫ পৃষ্ঠা।

#### ২২ ধারা।

## मत्काद्वत विक्रस्त ि ख्ली जाती कर्ण।

২৩৬। সরকারের বিরুদ্ধে যে খরচা ও ক্ষতি দিবার ডিক্রী হয় তাহা সরকারী থাজানা-খানাহউতে দেওয়া যাইবেক।—১৭৯৩ সা। ৩ আ। ১১ ধা।—২২৫ পৃষ্ঠা।

২৩৭। ১৭৯৩ সালের ৪ আইনের ৭ ধারায় ডিক্রী জারী কর্ণের সাধারণ যে নিয়ম আছে তাহা সরকারের বিরুদ্ধে ডিক্রী জারী করণের বিষয়ে সম্পূর্ণরূপে খাটিতে পারে
না।—১৮১৮ সালের ১৬ আপ্রিলের সরকালর অর্ডর।—২২৫ পৃষ্ঠা।

২৩৮। যদ্যপি সরকারের প্রতিকূলে ডিক্রী হয় তবে যে সরকারী কার্য্যকারক ঐ মোকদমা নির্বাহ করিয়া থাকেন্ তিনি ঐ ডিক্রীর উপর আপীলকরা কর্ব্য কি না ইহা প্রায়ত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌলেলে নিশ্যয় করিতে পারেন্ এ নিমিত্ত ঐ ডিক্রী এবং রোয়দাদের নকল প্রীযুতের হজুরে অথবা বোর্ড রেবিনিউর দাহেবদিগের নিকটে পাঠাইবেন এবং দেই ডিক্রীর বিবয়ে তাঁহার যে আপত্তি থাকে তাহাও তথায় জানাইবেন।—১৮১৮ সালের ১৬ আপ্রিলের সরকালর অর্ডর।—২২৫ পৃষ্ঠা।

২৩৯। ১৮০৫ সালের ২ আইনের ৯ ধারাতে এমত বিধি আছে যে যে সকল প্রথমত উপস্থিত মোকদ্দমা বা আপালে গবর্গমেন্ট এক পক্ষ হন্ সেই মোকদ্দমায় ডিক্রীকর্ণিয়া আদালত ঐ ডিক্রীর নকল যত শীঘু হইতে পারে গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের নিকটে পাটাইবেন।—১৮১৮ সালের ১৬ আপ্রিলের সরক্যুলর অর্ডর।—২২৬ পৃষ্ঠা।

২৪০। এই সকল বিধানের অভিপ্রায় এই যে ঐ ডিক্রার আপালকরা কি তাহা জারীকরা উচিত ইহা এযুত গবর্নর জেনরল বাহাদুর বুঝিতে পারেন্।—১৮১৮ সালের ১৬ আপ্রিলের সরক্যুলর অর্ডর।—২২৬ পৃষ্ঠা।

২৪১। এমত বৈথি হইতে পারে না যে যে মোকদ্দমা দেশের আদালতে রীতিমত আইনানুসারে বিচার ও নিষ্পত্তি চূড়ান্তরপে হইয়াছে সেই মোকদ্দমায় সরকারের বিরুদ্ধহওয়া ডিক্রী সম্পূর্ণরূপে জারী করিতে জ্রীবৃত গবর্নর জেনবল বাহদুর হজুর কৌস্সেলে সরকারী কর্মকোরককে অনুমতি দিবেন না।—১৮১৮ সালের ১৬ আপ্রিলের সরকুলের অর্ডর।—
২২৬ প্রতা।

২৪২। অতএব সরকারের বিরুদ্ধে ডিক্রী জারী করণার্থ সরকারী খাজানাখানার টাকা জিলার আদালতের তকুমক্রমে ক্রোক করা ন্যায়া বিচার হওনের নিমিত্ত কথন আবশাক হইতে পারে না। এমত কর্মা করিলে দেশের শাসনকর্তার সম্ভূমের লাঘব হয় এবং
সরকারী যে টাকা কোন বিশেষ কার্য্যের নিমিত্ত নির্দ্ধিট ইইয়াছে তাহা অন্য কার্য্যে ব্যয় করাতে সরকারী কার্য্যের ব্যাঘাত হইতে পারে।—১৮১৮ সালের ১৬ আপ্রিলের সরক্যুলর অর্ডর।—২২৬ পৃষ্ঠা।

২৪৩। অতএব কালেক্টর সাহেব অথবা সরকারের তরফ অন্য লে কার্যাকারক মো-কদ্মা নির্কাহ করিয়া থাকেন্ তাঁহাকে সরকারের প্রতিক্র্লহওরা চূড়ান্ত ডিক্রীর মতাচরণ করিতে জিলা ও শহরের আদালতের জজ সাহেবেরা হুকুম দিবেন। যদি ঐ কালেক্টর সাহেব আদালতের ডিক্রী বা হুকুম না মানেন্ তবে তিনি জরীমানার যোগ্য হন্ এবং যদি সেই জরীমানা দিতে ঘীকার না করেন্ এবং প্রিযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌলেলে সেই জরীমানাতে সমত হন্ তবে কালেক্টর সাহেবের মাহিয়ানাহইতে তাহা বাদ দিতে হুকুম হুইবেক।—১৮১৮ সালের ১৬ আপ্রিলের সরকুলের অর্ডর।—২২৬ পৃষ্ঠা।

3.88। কিন্তু যে গতিকে প্রায়ৃত গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলহইতে বিশেষ অকুম পাইয়া কালেক্টর সাহেব সরকারের বিরুদ্ধে ডিক্রী অগোণে জারী করণের কোন আপত্তি জানান্ সেই গতিকে উক্ত বিধি খাটিতে পারে না। যদি আদালত ঐ আপত্তি গ্রাহ্য না করেন্ এবং সেই বিষয়ে যদি কোন উপরিস্থ আদালতে আপীল হইতে না পারে তবে এমত বোধ করিতে হইবেক যে প্রীয়ুত গবর্নর্ জেনরল বাহাদুর আপনি সেই ডিক্রী জারী করিতে অকুম দিবেন। যদি প্রীয়ুত তাহা না করেন্ তবে সেই বিষয় সদর আদালতে অর্পণ করিতে হইবেক সদর আদালত যে স্থলে কোন বিশেষ বিধি নাই সেই স্থলে বেমত করিয়া থাকেন্ সেইমত চলিত আইনের ভাবদুয়েই তাহার বিষয়ে ছকুম দিবেন কিয়া গবর্ণমেউকে জিজ্ঞাসা করিবেন।—১৮১৮ সালের ১৬ আপ্রিলের সরকালর অর্ডর।—২২৭ পৃষ্ঠা।

২৪৫। কোন আদালতের জাবেতামত ডিক্রীর দারা যে টাকা দেওনের তকুম হইয়াছে ভাষা দিতে সদর বোর্ড রেবিনিউর সাহেবের। তকুম করিতে পারেন্ এবং গবর্গমেন্টের প্রতিকুলে ডিক্রী হওয়াপ্রযুক্ত অথবা আসামীরদের মৃত্যু কি দরিদুতাপ্রযুক্ত মোকদমার থারচার নিমিত্ত যে টাকা আগাম দেওয়া গিয়াছিল তাহা নিতান্ত অপ্রাপ্য হইলে ঐ সকল টাকা কালেক্টর সাহেবের বহীহউতে উঠাইতে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা ত্রুক দিতে পারেন্ এবং তদ্বিষয় গবর্গমেন্টের বিজ্ঞাপনের নিমিত্ত রিপোর্ট করিবেন।—সদর বোর্ডের ১৮৪২ সালের ২৭ জুনের বিধির ২৭ ধারা।—২২৭ পৃষ্ঠা।

#### ২৩ ধারা।

## জিলা অদালতের দারা সুপ্রিম কোর্টের ডিক্রী জারী করণ।

২৪৬। সুপ্রিম কোর্ট যদি আপনার ডিক্রী জারী করণের কোন রিট অর্থাৎ পরওয়ান। দেওয়ানী আদালতে না পাঠান্ তবে ঐ দেওয়ানী আদালত সুপ্রিম কোর্টের ডিক্রী জারী করিবেন না।—৫৬৭ নম্বরী আইনের অর্থ।—২২৭ পৃঠা।

#### ১ ৪ ধারা।

### মফঃদলে ছোট আদালতের ডিক্রী জারী করণ।

২৪৭। যথনছোট আদালতে ফরিয়াদীর পক্ষে ডিক্রী হয় যদি ঐ ডিক্রী জারী হওনের পূর্বের আসামী চবিশপরগনার মধ্যে গিয়া রহে তবে ফরিয়াদী এই বিষয়ের বৃত্তাস্ত এক দরখাস্তেলিখিয়া এবং ঐ ডিক্রীর মোহর ও দন্তখংকরা এক নকল ঐ চবিশপরগনার জঙ্গ সাহেবরের নিকটে দাখিল করিবেক এবং ঐ জঙ্গ সাহেব আপনার ডিক্রী যেমতে জারী করেন্সেইমতে ঐ ডিক্রী জারী করিবেন।—১৮১২ সা। ১৬ আ। ২ ধা। ১ প্র।—২২৭ পৃষ্ঠা।

২৪৮। যদি আসামী ঐ ডিক্রী জারী হওনের বিষয়ে এমত কোন ওজর করে যে তাহা ঐ ছোট আদালতে দরপেশ করা উচিত তবে জজ সাহেব ঐ আসামীর স্থানে মালজামিনী লইয়া ঐ ডিক্রী জারী না হওনের বিষয়ে ছোট আদালতে দরখাস্ত করণের নিমিত্ত ভাহাকে উপস্কুল মিয়াদ দিবেন। ঐ মিয়াদ অতীত হইলে যদি ঐ আসামী ছোট আদালতের সাহেবের স্থানহইতে ডিক্রী জারী না হওনের তুকুমনামা না আনে তবে সেই ডিক্রী তৎক্ষণাৎ জারী হইবেক।—১৮১২ সা। ১৬ আ। ২ ধা। ২ প্র।—২২৮ পৃষ্ঠা।

২৪৯। যদি কোন আসামী ছোট আদালতের জেলখানায় কয়েদ হইয়া ১৮০৫ 
শালের ১১ ক্ফব্রুআরির নির্দিট দাঁড়াঅনুসারে খালাস হইয়া থাকে তবে সেই আসামী ঐ
টাকার জন্যে চবিষশপরগনার জজ সাহেবের হুকুমে পুনরায় কয়েদ হইবেক না। সেই স্থলে
কেবল তাহার দুব্যজাত পাওয়া গেলে ঐ ডিক্রী জারী হইতে পারিবেক।—১৮১২ সা।
১৬ আ।২ ধা। ৩ প্র।—২২৮ পৃষ্ঠা।

২৫০। উক্ত আইনানুসারে চিক্সিশপরগনার জজ সাহেবের ছোট আদালতের ডিক্রী চারী করিতে হইলে তিনি আপনার ডিক্রী বেরুপে জারী করিতেন সেইরুপে তাহা জারী করিবেন। বানী প্রতিবাদী এদেশীয় হইলে জজ সাহেব যেরুপ আচরণ করিতে পারেন্
ইউরোপীয় লোক হইলেও সেইরুপ আচরণ করিতে পারিবেন।—৯৩২ নম্বরী আইনের অর্থ।—২২৮ পৃষ্ঠা।

### ২ ৫ ধারা।

কলিকাতার ছোট আদালতের দ্বারা চলিবশপর্থনার ভিক্রী জারী করণ।

৫১। ১৮৩৯ সালের ২৭ আইনের হেতুবাদ।-- ২২৮ পৃষ্ঠা।

২৫২। চরিশপরগনার আদালতের নিষ্পত্তিহওরা মোকদ্যার কোন আসামী যদি ডিক্রী জারী হওনের পূর্বে ছোট আদালতের এলাকার মধ্যে গিরা রহে তবে চরিশ প্রগনার জজ সাহেব এক লিখিত দরখাস্ত এবং ঐ ডিক্রীর নকল ছোট আদালতে পাঠাইলে ঐ আদালতের জজ সাহেব আপনার আদালতে ডিক্রী হইলে যেরপে জারী করিতেন সেইরপে তাহা জারী করিবেন এবং আদালতের খরচার বিষয়ে উভয় গভিকে সমান বিধি চলিবেক। কিন্তু যে নালিশের হেতু ছোট আদালতের এলাকার মধ্যে উপস্থিত হইলে ঐ নালিশ সেই আদালতের বিচারের যোগ্য হইত এমত নালিশের হেতুসম্পর্কীর ডিক্রীভিন্ন ঐ ছোট আদালত অন্য কোনপ্রকার ডিক্রী জারী করিবেন না।—১৮৩৯ সা। ২৭ আ। ১ ধা।—২২৯ পৃষ্ঠা।

#### সপ্তম অধ্যায়।

## সদর দেওয়ানী আদালত।

#### ১ शाता।

# কলিকাতাস্থ সদর দেওয়ামী আদালত।

- ১। কোন ব্যক্তি জয়য়ান বা বংশপ্রযুক্ত কোন দেওয়ানী মোকদমায় কোম্পানি বাহাদুরের অধিকারের মধ্যে সদর দেওয়ানী আদালতের এলাকার বহির্ভূত হইবেক না ।—
  ১৮৩৬ সা। ১১ আ। ২ ধা।—২৩০ পৃষ্ঠা।
- ২। সদর দেওয়ানী আদালতের কার্যানির্নাহের নিমিত্ত জীবুত গবর্নর জেনরল বাহাদুরের বিবেচনাতে যত জন জজ সাহেবের আবশ্যক বোধ হয় তত জন নিযুক্ত হইবেন।—
  ১৮১১ সা। ১২ আ। ২ ধা। ২ প্র।—২৩০ পৃষ্ঠা।
- ৩। সদর দেওয়ানী আদালতের প্রধান জজস্করপ খ্যাতি এবং ঐং আদালতের প্রথম ও দিতীয় ও তৃতীয় ও চতুর্থ ও পঞ্চম জজস্করপ খ্যাতি এই অবধি রহিত হইল।—
  ১৮২৯ সা। ৩ আ। ২ ধা।—২৩০ পৃষ্ঠা।
- ৪। সদর দেওয়ানী আদালতের জজ সাহেবেরা য়২ কার্য্যে বসিবার পূর্বের ১৭৯৩ সালের ৫ আইনের ২ ধারার নিয়মিত পাঠানুসারে শপথ করিবেন।—১৮০১ সা।২ আ। , ৪ ধা।—২৩০ পৃষ্ঠা।

শপথের পাঠ।

- ৫ । সদর দেওয়ানী আদালতের জজ সাহেবেরা নিজাম আদালতে কি প্রীযুত গতত্ন্বর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে অন্য যে কোন সাহেবকে শপথ করাইতে নিযুক্ত করেন্ ভাঁহার নিকটে শপথ করিবেন।—১৮২৯ সা। ৩ আ। ৩ ধা।—২৩১ পৃষ্ঠা।
- ৬। সদর দেওয়ানী আদালতের মোহর গোল হইবেক এবং তাহাতে নাচের লিখিত আক্ষর থাকিবেক। "কলিকাতাস্থা সদর দেওয়ানী আদালতের মোহর।" ঐ আদালত কলিকাতার মধ্যে কোন উপযুক্ত কোটার দিনেং বৈঠক করিবেন কিন্তু কার্য্য বুরিয়া সময়-ক্রমে কোন নির্দ্দিউ বৈঠকের দিনে বৈঠক মৌকুফ করিতে পারেন্। এবং বৈঠকের দিন ও দরবারের সময়ছাড়া ঐ আদালতের এলাকার কোন ছকুম ও ডিক্রী ও ব্যাপার হই-বেক না।—১৭৯৩ সা। ৬ আ। ৩ ধা।—২৩১ পৃষ্ঠা।
- ৭। সদর দেওয়ানী আদালতের কাছারী দরবারের সময়েতে খোলা থাকিবেক।— ১৮০১ সা। ২ আ। ৬ ধা।—২৩১ পৃষ্ঠা।
- ৮। সদর দেওয়ানী আদালতের জজ সাহেবের। আপনারদের ভারের কার্য্য চালাই-বার দাঁড়া যেরূপে আইনের মতের বহির্ভূত না হয় দেইরূপে ধার্য্য করিবেন।—১৮০১ সা। ২ আ। ৬ ধা।—২৩১ পৃষ্ঠা।
- ১। সদর দেওয়ানী আদালতে পূর্জাকের এগার ঘন্টাঅবধি অপরাকের পাঁচ ঘন্টা-পর্যান্ত হাজির থাকিবার নিরূপণ আছে যদি আদালতের আমলা বা উকীলেরা ছুটা না পাইয়া থাকেন্ অথবা পীড়া হওনের বিষয় না জানাইয়া থাকেন্ তবে ঐ সময়ের মধ্যে তাঁহারদের অবশ্য হাজির থাকিতে হইবেক।—সদর দেওয়ানী আদালতের ১৮৩৪ সা-লের ১৪ নবেম্বের বিধান।—২৩১ পূষ্চা।

- > । মহরম ও দশহরার কালে দদর দেওয়ানী আদালত বন্দ করিবার কি না করি-বার অর্থে দদর আদালতের দাহেবেরা যাহা ভাল বুঝেন্ তাহাই নিরপণ করিবেন ।— ১৭৯৮ দা। ৩ আ। ৩ ধা।—২৩১ পৃষ্ঠা।
- ১১। সকল দেওয়ানী আদালতে যে সকল রিপোর্ট পাঠাইতে হয় তাহার পাঠ ও তাহা যে মতে প্রস্তুত করিতে হয় ও যে সময়ে পাঠাইতে হয় তাহা সদর দেওয়ানী আদালত নিরূপণ করিবেন।—১৮২৯ সা। ৭ আ। ৩ ধা। ১ প্র।—২৩২ পৃষ্ঠা।
- ১২। সদর দেওয়ানী আদালত আপনার রেজিইটর সাহেবের দশুখৎকরা তুকুমের ছারা আপীলহওয়া মোকদ্দমা বিচারের নিমিত্ত প্রস্তুত করণের এবং ঐ আদালতের ডিক্রী ও তুকুম জারী করণের এবং আইনের বিধানানুসারে আবশ্যক তুকুম দিবার ভার ঐ রেজিইটর সাহেবের প্রতি অর্পণ করিতে পারেন্।—১৮৪১ সা। ১৭ আ। ১ ধা।—২৩২ পৃষ্ঠা।
- ১৩। সদর আদালতে উপস্থিতহওয়া কোন মোকদমার থরচার নিমিন্ত জামিনী লও-নের আবশ্যক নাই। কার্য্য নির্বাহের যে নিয়ম সময়ক্রমে আবশ্যক বোধ হয় তাহা ঐ আদালত নিরূপণ করিতে পারেন্। ঐ নিয়ম শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হজুরে দরপেশ হইবেক এবং শ্রীযুত তাহা মঞ্জুর করিলে এই আইনের মধ্যে লেখা থাকিলে যেরূপ প্রবল হইত দেইরূপ তাহা প্রবল হইবেক।—১৮৪১ সা। ১৭ আ। ২ ধা।—২৩২ পৃষ্ঠা।

### १ शाता।

#### সদর আদালতের এক জন জল সাহেবের সাধারণ ক্ষমতা।

- ১৪। সদর আদালতের এক জন জজ সাহেব সাক্ষির জোবানবন্দী লওনের ভার রে-জিফার সাহেবের প্রতি অর্পণ না করিয়া আদালতের দরবারের সময়ে আপনি লইতে পারেন্।—১৮০১ সা। ২ আ। ৬ ধা।—২৩২ পৃষ্ঠা।
- ১৫। ১৯। মোকন্দমা রুবকার হওনের সময়ে যে ছকুম হইয়া থাকে ভাহা সদর আদালতের এক জন জজ সাহেব আপনার করা বা অন্য জজ বা জজেরদের করা ছকুম হউক তাহা শেব এতাবতা পূরা করিতে পারেন্। কিন্তু তিনি ঐ আদালতের অন্য এক জন কি ততোধিক জজ সাহেবের করা নিষ্পান্তি কি ছকুম অন্যথা কিয়া মতান্তর করিতে পারেন্না —১৮১০ সা। ১৩ আ। ৪ ধা। ২ প্র। এবং ৮ ধা। ১ প্র।—২৩২ পৃষ্ঠা।
- ১৬। ১৯। দদর আদালতের এক জন জল্প সাহেব বৈঠক করিলে সাক্ষ্য গ্রাহ্য করগের বিষয়ে এবং সাক্ষিরদের জোবানবন্দীর বিষয়ে ফলতঃ মোকদমার বিচারসম্পর্কীয়
  অন্যান্য সকল বিষয়ে আইনমতে ছকুম দিতে পারেন্। কিন্তু ঐ আদালতের দুই জন জল্প
  সাহেব বৈঠক করিলে তাঁহারদের সাধ্য আছে যে এক জন জল্প সাহেবের সমক্ষে বে
  সাক্ষির জোবানবন্দী হইয়া থাকে পুনর্কার তাহার জোবানবন্দী লওয়া যদি বিহিত বুঝেন্
  তবে তাহা লন্ এবং ঐ এক জন জল্প সাহেবের দেওয়া ছকুমের অতিরিক্ষ চলিত আইনের
  মতানুযায়ি ছকুম দিতে পারেন্ কি তাহা মতান্তর অথবা অন্যথা করিতে পারেন্।—১৮১০
  সা।১৩ আ। ৪ ধা। ৪ প্র। এবং ৮ ধা। ১ প্র।—২৩৩ পৃষ্ঠা।
- ১৭। ১৯। সদর আদালতের এক জন জজ সাহেবের সমক্ষে যদি কোন সাক্ষী মিথা শপথ করে তবে ঐ সাহেব তাহার অপরাধের বিচার ফৌজদারী আদালতে হইবার নিমিত্ত তাহাকে তথায় সোপর্দ করিতে কিয়া তাহার জামিন লইতে ছকুম দিতে পারেন্। —১৮১০ সা। ১৩ আ। ৪ ধা। ৫ প্র। এবং ৮ ধা। ১ প্র।—২৩৩ পৃষ্ঠা।
- ১৮। ১৯। জিলার জজ সাহেবের আদালতে উপস্থিত বা নিষ্পত্তিহওয়া বিষয়ের মুৎফরকনা আরজী এবং অন্যান্য যে সকল আরজী সদর আদালতের লইবার ক্ষমতা আছে তাহা এক জন জজ দাহেব লইয়া আইনানুসারে এবং ১৮১০ সালের ১৩ আইনের

বিশেষ বিধিতে দৃষ্টি করিয়া নিষ্পত্তি করিতে পারেন্।—১৮১০ সা। ১৩ আ। ৪ ধা। ৬ প্র। এব৭ ৮ ধা। ১ প্র।—২৩৩ পৃষ্ঠা।

- ২০। সদর আদালতের এক জন জাজ সাহেব আপনার দেওয়া ডিক্রী বা ছকুম বাতি-রেকে অনা সকল মোকদ্দমার জাবেতামত কি থাস আপীলের দর্থান্ত মঞ্র কি নামঞ্কুর করিবার ক্ষমতা রাথেন্।—১৮১০ সা। ১৩ আ। ৮ ধা। ২ প্র।—২৩৩ পৃতা।
- ২১। কিন্তু সদরে আদালতের এক জন জজ সাহেব ঐ আদালতের দুই বা ততোধিক জঙ্গ সাহেবের করা ফয়সলা কি তকুম পরিবর্ত্ত করিতে পারেন্ না।—১৮১০ সা। ১৩ আ:।৮ ধা। ৩ প্র।—২৩৪ পৃষ্ঠা।
- ২২। সদর দেওয়ানী আদালতের এক জন জজ সাহেব যে ডিক্রী বা ছকুম আপনি করিয়া থাকেন্ তাহার উপর আপীল লইতে পারেন্না।—১৮১০ সা। ১৩ আ। ৬ ধা। ৪ প্র।—২৩৪ পৃষ্ঠা।
- ২৩। ঐ আদালতের এক জন জজ সাহেব এই আইনের ৬ ধারানুসারে যে তকুম করেন্ তাহা দুই বা ততোধিক জন জজ সাহেবের বৈঠকে করা ফরসলা ও তকুমের তুলা প্রবল হইবেক।—১৮১০ সা। ১৩ আ। ৭ ধা।—২৩৪ পৃষ্ঠা।
- > ৪। সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের শুনিবার যোগ্য সকল বিষয়ে ঐ আদালতের এক জন জজ সাহেব বৈঠক করিয়া বিচার করিতে পারেন্ এবং চলিত আইনানুসারে ও ১৮৩১ সালের ৯ আইনের ২ ধারার ১ প্রকরণের পর লিথিত ধারানুসারে ত্রকুম দিতে ও মোকদ্দমা নিষ্পত্তি করিতে পারেন্।—১৮৩১ সা। ৯ আ। ২ ধা। ১ প্র।—২৩৪ পৃষ্ঠা।
- ২৫। ১৮০১ সালের ৯ আইনের ২ ধারার ৪ প্রকরণের লিথিত যোকসমাভিন্ন জা-বেতামত বা মুৎফরককা সমস্ত মোকসমা সদর আদালতের এক জন জজ সাহেব নিষ্পত্তি করিতে পারেন্।—১৮৩২ সা। ৭ আ। ১৫ ধা।—২৩৪ পৃষ্ঠা।
- ২৬। সদর আদালতের এক জন জজ সাহেবের সাধ্য আছে যে আপীলের যোগ্য সরাসরী মোকদ্মা এবং সামান্যতঃ সকল মুখ্ফরককঃ মোকদ্মায় জিলার জজ সাহেব যে ফুকুম করেন্ তাহার উপর আপীল হইলে আপীলের নিষ্পত্তি না হওয়াপ্যান্ত সেই স্কুম্ স্থািত্ করিতে স্কুম দিতে পারেন্।—১৯১ নম্বরী আইনের অর্থ।—২৩৪ পৃষ্ঠা।
- ২৭। সদর আদালতের এক জন জজ সাহেব উপযুক্ত কারণ দেখিলে ১৮২৫ সালের ২ আইনের ৪ ধারার ২ প্রকরণের কোন বিধির অনুসারে আপনার ক্ষমতাক্রমে দ্বিতীয় অর্থাৎ খাস আপীল মঞ্জুর করিতে পারেন্।—১৮১১ সং। ৯ আ। ২ ধা। ৪ প্র।—২৩৪ পৃষ্ঠা।

#### ৩ ধারা।

## জজ সাহেবেরদের মতের অনৈক্য।

- ২৮। তিন জন জজ দাহেব একত্র বৈঠক করিলে যদি তাঁহারদের প্রস্পার মতের ফের পড়ে তবে অধিকাংশ জজের মত প্রবল হউবেক। দুই জন জজ দাহেবের বৈঠক হইলে যদি তাঁহারদের মতের অনৈক্য হয় তবে তৃতীয় জজ উপস্থিত না হওয়াপ্যান্ত দেই বিষয় যবেস্থবে থাকিবেক।—১৮০১ দা।২ আ।৬ ধা।—২৩৫ পৃষ্ঠা।
- ২৯। যদি আলাহাবাদের সদর আদালতে কেবল এক জন জজ সাহেব উপস্থিত থাকেন্
  অথবা দুই জন উপস্থিত থাকেন্ এবং চলিত আইনক্রমে যে বিষয়ে দুই জন জজ সাহেবের
  সমতির আবশ্যক দেইমত বিষয়ে ঐ দুই জন জজ সাহেবের অনৈক্য হয় তবে কলিকাতান্থ
  সদর দেওয়ানী আদালতের এক জন জজ সাহেবের নিম্পত্তির নিমিত্ত তাঁহার নিকটে সেই
  বিষয় সমর্পণ হইবেক।—১৮১১ সা। ৬ আ। ৭ ধা। ১ প্র।—২৩৫ পৃষ্ঠা।
- ৩০। যে জজ দাহেবের নিকটে দেই বিষয় অর্পণ হয় তাঁহার উভয় বিবাদিকে কি তাহারদের উকীলকে হাজির করিবার আবশাক নাই। তিনি রোয়দাদের কাগজপত্র

মনোবোগপূর্বক পাঠ করিয়া দেই বিষয়ে আপনার মত ধার্য্য করিয়া লিখিয়া রাখিবেন।
—>৮৩১ সা। ৬ আ। ৭ ধা। ২ প্র।—২৩৫ পৃষ্ঠা।

- ৩১। যখন কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতে চারি জন জজ সাহেব উপস্থিত থাকেন্ এবং যে বিষয়ের নিষ্পান্তিতে অধিকাংশ জজের সমাতির অপেকা থাকে এমত বিষয়ে দৃই জন জজ সাহেবের মত অন্য দৃই জন জজ সাহেবের মতের বিপরীত হয় তখন সেই বিষয় আলাহাবাদের সদর আদালতের এক জন জজ সাহেবের নিকটে সোপর্দ হইতে পারে এবং তিনি উভয় বিবাদি কি তাহারদের উকীলকে হাজির না করাইয়া রোয়দাদ অতিমনোয়োগপূর্বক বিবেচনা করিয়া তাহার বিষয়ে আপনার মত ধার্য্য করিয়া লিখিবনা—১৮৩১ সা। ৯ আ। ৯ বা।—২৩৫ পৃষ্ঠা।
- ৩২। দুই জন জজ সাহেব কোন ডিক্রীর সকল বিষয়ে যদি একা হন্ তবে তাঁহারদের নিষ্ণান্তি অন্য যে কোম দুই জন জজ সাহেবের মতের প্রস্পার অনৈক্য আছে তাঁহারদের মতের সঙ্গে যদি না মিলে তথাপি তাহা চূড়ান্ত হইবেক।—৫২৬ নম্বরী আইনের অর্থ।—২৩৫ পৃষ্ঠা।
- ৩৩। দেওয়ানী মোকদমার নিষ্পত্তি হউলে যদি খরচার কি ওয়াদিলা কি এমত আনা বিষয়ে জজ দাহেবেরদের মধ্যে অনৈকা হয় তবে দেই বিরোধি বিষয় তৃতীয় জজ দাহেবের নিকটে দোপর্দ হউবেক এবং তিনি কেবল দেই বিশেষ বিষয়ের বিবেচনা করিবেন। মোকদমার ডিক্রীতে তিনি দেবে দিতে পারিবেন না।—১৮৩২ দালের ৪ দেপ্টেম্বরের দরকুলের অর্ডর।—২৩২ পৃষ্ঠা।

#### ৪ ধারা ।

অধস্থ আদালতের নিম্পত্তির উপর আপীল হইলে সদর আদালতের এক জন জ্জ সাহেবের দারা তাহার বিচার।

- ৩৪। অধস্থ কোন আদালতের ডিক্রীর উপর আপীল হইলে যদি দদর আদালতের এক জন জজ দাহেবের এইমত বোধ হয় যে ঐ ডিক্রী বা হুকুম যথার্থ এবং তাহা অন্যথা করণের কোন হেতু নাই তবে নথার নমূর না মানিয়া এবং প্রতিবাদিকে তলত্ত না করিয়া এবং মোকদমার দমস্ত রোয়দাদ দৃষ্টি করিয়া কি না করিয়া তাহা বহাল করিছে পারেন্।—১৮৩১ দা। ১ আ। ২ ধা। ২ ধা। ২ ধা।—২৩৬ পৃষ্ঠা।
- ৩৫। ১৮৩১ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণের বিধির অনুসারে জিলার জাজ সাহেবের ডিক্রী সদর আদালতের জাজ সাহেবের দ্বারা বহাল হইলে রেসপাণ্ডেন্ট আপনার পক্ষের ডিক্রী জারী করণার্থ অগোণে উদ্যোগ করিতে পারে এনিমিত্ত যে জাজ সাহেব ডিক্রী বহাল করেন্ তিনি আপনার অকুমের এক নকল জিলার জাজ পাহেবের নিকটে পাঠাইতে অকুম দিবেন।—১৮৩৫ সালের ২০ ফেকু আরির সরক্লার অর্ডর।—২৩৬ পৃষ্ঠা।
- ৩৬। কিন্তু যদি ঐ এক জন জন্ত দাহেব এমত বুঝেন্ যে যে ডিক্রী বা ছকুমের উপর আপীল হইয়াছে তাহা সপাইজেপে অযথার্থ কিয়া কোন আইনের বিক্লম্ব কিয়া হিন্দুর শাস্ত্র বা মুসলমানের শরার মতের কিয়া তাহাতে যে শাস্ত্র থাটে তাহার বিক্লম্ব কিয়া উপযুক্ত বিবেচনা করণবাতিরেকে নিম্পত্তি হইয়াছিল কিয়া তাহা মিথ্যা কম্পনামুলক হইয়াছে কি অসম্পর্ক কোন বিষয় বুঝিয়া নিম্পত্তি হইয়াছে এবং এইপ্রযুক্ত তাহা পরিবর্ত্ত কি মতান্তর করা উচিত তবে ঐ জন্ত দাহেব ঐ নিম্পত্তিতে যে সকল সেদাঁড়া কিয়া অবিধি কিয়া দোষ থাকে তাহা ছকুমনামাতে লিখিয়া যে আদালতে ডিক্রী হইয়াছিল সেই আদালতে ফিরিয়া পাঠাইয়া তাহা পুনর্দৃষ্টি করিতে এবং ন্যায় ও আইনমতে তাহার নিম্পত্তি করিতে ছকুম দিতে পারেন্।—১৮৩১ দা। ১ আ। ২ ধা। ২ প্র।—২৩৬ পৃষ্ঠা।

- ৩৭। সদর আদালতের এক জন জজ সাহেব এই আইনানুসারে বৈঠক করিয়া অধস্থ আদালতের সকল রোয়দাদ কি তাহার কতক অংশ তলব করিতে পারেন্ এবং আপীলী মোকদ্দমা নিষ্পত্তি করণের পূর্দের যে সকল বৃত্তান্ত সুক্ষাইরেপে জানিবার আবশ্যক বোধ হয় তাহার এক কৈফিয়ৎ পাঠাইতে হুকুম দিতে পারেন্।—১৮৩১ সা। ৯ আ। ২ ধা। ৩ প্র।—২৩৬ পৃষ্ঠা।
- ৩৮। ৩৯। যদাপি রেক্পাণ্ডেন্টকে হাজির না করাইয়া অধস্থ আদালতের ডিক্রী বহাল হয় তবে আপেলান্ট আপীলের দরখান্ত যে ইন্টাম্প কাগজে দাখিল করিয়াছিল তাহার মূলোর কোন অংশ ফিরিয়া পাইবেক না। কিন্তু আপেলান্ট উকীলের যে রসুম আমানং করিয়াছিল তাহা সমুদর ঐ উকীল পাইবেন।—১৭৫ নমুরী আইনের অর্থ। —২৩৭ পৃষ্ঠা।
- 8॰। যদি রেম্পাণ্ডেটের হাজির হইতে তলব না হয় এবং যদি সেই ব্যক্তি তথাপি এক জন উকীলের দ্বারা আপীলের দর্খান্তের জওয়াব দাথিল করে তবে সে উকীলের রসুম রেম্পাণ্ডেট আপনি দিবেক।—১৭৫ নমুরী আইনের অর্থ।—২৩৭ পৃষ্ঠা।
- ৪১। যদি ডিক্রী পুনর্দৃষ্টি করিবার জকুম অধস্থ আদালতে পাঠান যায় তবে ১৮১৭ দালের ১৯ আইনের ৮ ধারার বিধির অনুসারে দরখাস্তের ইফাল্পের মাসুল আপেলান্টকে ফিরিয়া দেওয়া যাইবেক এবং আপেলান্ট কি রেস্পাণ্ডেন্টের উকীল নিরূপিত রসুমের চারি অংশের এক অংশের অধিক পাইবেন না।—১৭৫ নম্বরী আইনের অর্থ।
  —২৩৭ পৃষ্ঠা।
- 8২। মুনসেফ ও সদর আমীনেরদের ডিক্রীর উপর আপীল হইলে জজ সাহেব যে নিষ্পত্তি করেন্ তাহা চূড়াস্ত অতএব ঐ অধস্থ আদালতের ডিক্রীর উপর আপীলমুখে জিলার জজ সাহেব যে নিষ্পত্তি করেন্ দেই নিষ্পত্তির উপর আপীলের কোন দরখাস্ত সদর আদালত লইতে ও বিচার করিতে পারেন্ না।—১৮৮ নমূরী আইনের অর্থ।—২৩৭ পৃষ্ঠা।
- ৪০। প্রথম আপীল যদ্যপি আইনের নিরুপিত মিয়াদের মধ্যে করা যায় তবে দেই আপীল করিতে আপেলান্টের অধিকার আছে। অতএব আদল মোকদ্মার রোয়দাদ পাচ করণের পূর্বে দদর আদালতের ম্বন্ধ দাহেব অধন্ধ আদালতের ডিক্রী বহাল রাখিলে তাহাতে আপীলের দরখান্ত নাম শ্বুর হইরাছে এমত জান করিতে হইবেক না কিন্তু আপীলের দোমগুণ বিবেচনা করিয়া তাহা চূড়ান্তরূপে ডিস্মিদ হইয়াছে এমত জান করা ঘাইবেক।—৭৪২ নমুরী আইনের অর্থ।—২৩৭ পৃষ্ঠা।
- 88। অধস্থ আদালতের যে তুকুমের উপর জাবেতামত বা সরাসরী আপীল হয় তাহা যদি দপ্যতঃ বেআইনী এবং অবথার্থ বোধ হয় তবে ঐ মোকদ্দমার রোয়দাদ তলব না করিয়া ১৮৩১ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকর্ণ এবং ১৮৩২ সালের ৭ আইনের ১৫ ধারার দারা সদর আদালতে যে ক্ষমতার্পণ হইয়াছে তদনুসারে কার্য্য করিতে ঐ সদর আদালতের সাহেবেরদের সম্পূর্ণমতে সাধ্য আছে এমত তাঁহারা জ্ঞান করেন্।—৮৩৯ নম্বরী আইনের অর্থ।—২৩৭ পৃষ্ঠা।
- ৪৫। যদি রেদপাতেন্টের রীতিমতে তলব না হয় তবে দদর আদালত তাহার প্রতিকু-লে কোন চূড়ান্ত ডিক্রা করিতে পারেন্ না।—৯৪৪ নম্বরী আইনের অর্থ।—২৩৮ পৃষ্ঠা।
- 85। সদর আদালতের এক জন জজ সাহেবের সাধ্য আছে যে যেপর্যান্ত কোন যোকন্দমার চুড়ান্ত ছকুম না হয় সেইপর্যান্ত যদি অধন্ত আদালতের ডিক্রী বা ছকুম হাগিত রাখিতে উচিত বোধ করেন্ তবে দেইরূপে তাহা হুগিত রাখিতে পারেন্।—১৮৩১ সা।
  ১ আ। ২ ধা। ৫ প্রা—২৩৮ পৃষ্ঠা।

### ৫ श्राता ।

সদর আদালতের দারা অধন্য আদালতের ডিক্রী বা প্রকুম রদ করণ।

- 89। যে ডিক্রী বা শুকুমের উপর আপীল হয় তাহা যদি জাবেতামতে কিয়া আপীলক্ষমে মোকদমার দোষ গুণ বিবেচনাপূর্কক নিক্ষান্ত হইয়াছিল এবং যদি ঐ মোকদমার শেষ নিক্ষান্ত কেবল বৃহান্ত কিয়া দাক্ষিরদিগের দাক্ষ্যের বিষয় ভিন্নং মতের উপর কিয়া দান্দিগ্ধ ও আপত্তিবিশিষ্ট শরা ও শাব্দের মতের উপর কিয়া চলিত আইনের অর্থের উপর নির্ভর থাকে তবে এক জন জজ সাহেব সেই ডিক্রী বা ভুকুমের অন্যথা করিতে পারেন্ না এমত গতিকে যে শুকুম ও ব্যবহার পূর্কাবধি চলিত আছে তদনুদারে ঐ এক জন জজ সাহেব কার্য্য করিবেন।—১৮৩১ সা। ১ আ। ২ খা। ৪ প্র।—২৩৮ পৃষ্ঠা।
- .৪৮। অধস্থ আদালতের ডিক্রী বা আপীলের উপর আপীল হইলে যদি সদর আদালতের এক জন জজ সাহেব তাহার পরিবর্ত্ত করা বিহিত বুঝেন্ তবে আর এক জন কি ততােধিক জন জজ সাহেব তাঁহার সঙ্গে বৈঠক না করিলে তিনি তাহার বিষয়ের কোন চূড়ান্ত হুকুম দিবেন না।—১৮১০ সা। ১৩ আ। ৬ ধা। ৩ প্র।—২৩৮ পৃষ্ঠা।
- ৪৯। উপরের উক্ত প্রকরণ মতান্তর হইয়া বিধান হইল যে সদর আদালতের এক জন জজ সাহেব বৈঠক করিয়া অধস্থ আদালতের কোন ডিক্রী বা ছকুম পরিবর্ত্ত করা বিহিত্ত বুঝিলে এবং আপনার ঐ অভিপ্রায়ের কথা ঐ মোকদমার রোয়দাদের শামিল রাখিলে এবং তাহার পর ঐ আদালতের অন্য এক জন জজ সাহেব তাঁহার ঐ মতের সঙ্গে ঐক্য হইলে ঐ বিহীয় জজ সাহেব দুই জন জজ সাহেবের একত্র বৈঠকের অপেক্ষা না করিয়া তদনুসারে চূড়ান্ত প্রকুম দিতে পারেন্ ও তাহা জারী করিতে প্রকুম দিতে পারেন্। এই-মত হইলে যে জজ সাহেব শেষ বৈঠক করিয়া থাকেন্ তিনি ঐ চূড়ান্ত প্রকুম দন্তথং করিবেন এবং তাহাতে প্রথম জজ সাহেবের দন্তথং করণের আবশ্যক বোধ হইবেক না। কিন্দু ঐ প্রথম জজ সাহেবের মত শেষ ডিক্রীর মধ্যে লেখা ঘাইবেক।—১৮১৪ সা। ২৫ আ। ৮ ধা।—২৩৯ পৃষ্ঠা।

[ঐ আইনের ১৬ ধারার দারা ঐ ছকুম সদর আদালতে চলন হইল।]

- ৫০। ১৮১৪ দালের ২৫ আইনের ১৬ ধারা মতান্তর হইল। যথন দদর আদালতের এক জন জজ দাহেব জাবেতামত অথবা থাদ আপীল বিচার করণ দময়ে বাধে করেন্ যে অধস্থ আদালতের ডিক্রী অন্যথা বা মতান্তর করিতে হয় তথন তিনি অন্য দুই জন জজ দাহেবকে আহান করিবেন এবং ঐ তিন জন জজ দাহেব একত্র বদিয়া তাহা শুনিয়া নিম্পত্তি করিবেন অপর জজের আবশ্যক হইবেক না। তিন জন জজই তাহাতে দন্তথং করিবেন কিন্তু যদি এক জন জজ দাহেব অদ্যাত হন্ তবে অদ্যাত জজ দাহেবের ঐ ডিক্রীতে সহী করিবার আবশ্যক নাই কেবল ঐ ডিক্রীতে তাঁহার মত লেখা যাইবেক।
  —১৮৪০ দা। ২ আ। ১ ধা —২৩১ পৃষ্ঠা।
- ৫১। উক্ত বিধান সরাসরী আপীল অথবা মুৎফরককা আপীলের বিষয়ে সম্পর্ক রাখেনা। এবং ১৮৩১ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণের দ্বারা এক জন জজ সাহেবকে যে ক্ষমতা অর্পণ হইয়াছে ইহার দ্বারা তাহার কিছু হানি হইবেক না ৮৮১৮৪৩ সা। ২ আ। ২ ধা।—২৩৯ পৃষ্ঠা।
- ৫২। জিলার জজ সাহেব জাবেতামত মোকদমায় আপনার আদালতের ডিক্রী জারী করণের যে হুকুম দেন্ তাহা ১৮৩১ দালের ৯ আইনের ২ ধারার ৪ প্রকরণের বর্জনীয় বিষয়ের মধ্যে গণ্য হইবেক না অতএব ১৮৩২ দালের ৭ আইনের ১৫ ধারানুসারে দদর আদালতের এক জন জজ সাহেব উচিত বোধ করিলে দেই প্রকার হুকুম শুধ্রিতে বা অন্যথা করিতে পারেন্।—৮০৪ নম্বরী আইনের অর্থ।—২৪০ পৃষ্ঠা।

- ৫৩। কোন কঠিন কি ভারি মোকদমা উপস্থিত হইলে যদি সদর আদালতের এক জন জজ সাহেব এইমত বোধ করেন্যে তাহার দুই বা ততােধিক জজ সাহেবের দারা বি-চার হওয়া উচিত তবে তিনি আপনার মত লিখিয়া অন্য জন্ম সাহেবের নিকটে তাহা অর্পণ করিতে পারেন্। ১৮৩১ সা। ২ আ। ২ ধা। ৬ প্র।—২৪০ পৃষ্ঠা।
- ৫৪। এক জন জজ সাহেব আপনার মত লিখিয়া অন্য জজ সাহেবের নিকটে তাহা অর্পণ করিলে বাদী প্রতিবাদী কি তাহারদের উকাল দরখান্ত লিখিয়া সেই মতে আপনারদের আপত্তি জানাইতে পারেন্ না।—১৮৩৬ সালের ১১ নবেশ্বরের স্রকুলর অর্জ্ব।—২৪০ পৃষ্ঠা।
- ৫৫। কিন্তু যদি বাদী প্রতিবাদী কি তাহারদের উকীল আপনারদের মোকদম।
  দপষ্ট করণের নিমিত্ত এক অবশেষ আরজী দেওরা নিতান্ত আবশ্যক বোধ করে তবে যে
  জ্ঞান্ত সাহেব ঐ মোকদমার নিষ্পত্তি প্রথমে করিলেন দেই আরজী তাঁহার নিকটে সোপর্দ হইবেক এবং তিনি তাহার বিষয়ে বিহিত হুকুম দিবেন।—১৮৩৬ সালের ১১ নবেশ্ব-রের সরকুলের অর্ডর।—২৪০ পৃষ্ঠা।

#### ৬ ধারা।

## প্রথমত উপস্থিত মোকদ্দমা কি দরখাস্ত সদর আদালতের দারা জিলার আদালতে সোপর্দ করণ।

- ৫৬। জিলা ও শহরের জন্ধ সাহেবের বিচার্য কোন মোকদমা যদি ঐ জন্ধ সাহেব না শুনেন্ কিয়া শুনিতে অশ্বীকার করেন্ এমত প্রমাণ হয় তবে সদর দেওয়ানী আদালতের জন্ধ সাহেব সেই মোকদমার বিচার ও নিষ্পত্তি করিতে জিলার জন্ধ সাহেবকে অকুম দিতে পারেন্। তাহাতে সেই মোকদমার ফরিয়াদী জন্ধ সাহেবের মারকতে সদর আদালতের ঐ অকুমের সম্মাদ পাইলে পর যদি অয় সপ্তাহের মধ্যে ঐ মোকদমা না চালায় তবে জন্ধ সাহেব তাহা ডিসমিস করিতে পারেন্। এবং জন্ধ সাহেবের কর্ত্তরা যে ডিসমিস করেবের পর এক সপ্তাহের মধ্যে তাহার সমাচার এবং ডিসমিস করেবের হেতু সদর আদালতে জানান্।—১৭৯৩ সা। ৬ আ। ৪ ধা। ১ প্র।—২৪০ পৃষ্ঠা।
- ৫৭। সদর আদালতের জজ জিলা বা শহরের কিয়া ৫০০০ টাকার উর্দ্ধ মূল্যের নালিশে প্রধান সদর আমীনের আদালতে উপস্থিতথাকা কি নিষ্পত্তিহন্তর কোন মোকদমার কিয়া বিষয়সম্পর্কীয় আরজী লইতে পারেন্ এবং যদি এইমত প্রমাণ হয় যে ঐ আদালতের বিচারক তাতা লন্ নাই কিয়া তাতা লইয়া বিচার করিতে অস্বীকার করিলেন তবে সেই মোকদমা লইতে এবং আইনানুসারে তাতার বিচার করিতে তাঁহারদিগকে হুকুম দিছে পারেন্।—১৭৯৮ সা। ২ আ। ৭ ধা।—২৪১ পৃষ্ঠা।

#### ৭ ধারা |

# সদর আদালতে দরাদরী আপীল এবং মুৎফরককা দর্থাস্ত।

- ৫৮। যদি জিলার আদালত কিয়া ৫০০০১ টাকার মুল্যের মোকল্যায় প্রধান সদর আগীন তাঁহারদের শুনিবার যোগ্য মোকল্মা কিয়া আপীল নামঞ্কুর করিয়া থাকেন্ কিয়া যদি মঞ্জুর করিয়া তাহার দোষগুণ বিবেচনা না করিয়া বিলম্ব কি বেদাঁড়া বা কসুর প্রযুক্ত তাহা ডিসমিদ করিয়া থাকেন্ তবে দদর আদালত দেই ডিক্রা বা হুকুমের উপর দ্রাদ্রী আপীল লইতে পারেন্।—১৮১৪ সা। ২৬ আ। ৩ ধা। ২ প্র।—২৪১ পৃষ্ঠা।
- ৫৯। জাবেতামত আপীলের দর্থান্ত দাখিল হইবার বিষয়ে যে সিরাদ নিরূপণ আছে দেই মিয়াদের মধ্যে উক্প্রকার স্রাস্রী আপীল দাখিল করিতে হইবেক এবং জিলার আদালতে স্রাস্রী আপীল গ্রাহ্য হওনের বিষয়ে যে বিধি আছে দদর আদালতে

দেইরূপ আপীল হইলে দেই বিধি থাটিবের।—১৮১৪ দা। ২৬ আ। ৩ ধা। ৫ প্র।— ২৪১ পৃষ্ঠা।

স্থ্যিধিকারির অধোগ্যতার বিষয়ে সদর আদালত সরাসরী আপীল লইতে পারেন্। তদ্মিয়ে ৪ অধ্যায়ের ২৪ ধারা দেখ।]

নিবালকের অধ্যক্ষেরদের নিয়োগের বিষয়ে সদর আদালত সরাসরী আপীল লইতে পারেন্। সেই বিষয়ে ৪ অধ্যায়ের ২৫ ধারা দেখা।

#### ৮ ধারা।

সদর আদালতে জাবেতামত আপীল। যে২ মোকদমা আপীলের যোগ্য। সাধারণ বিধি।

- ৬০। সদর দেওয়ানী আদালতের সাহেবের। আইনের দারা যে২ বিষয়ে হস্তক্ষেপ করিতে পারেন্ না দেই২ বিষয়ে যাহাতে বাদিপ্রতিবাদির ঐ আদালতে দরখাস্ত করনের প্রবোধ জন্মে এইমত কোন কথা জন্ধ সাহেবেরা দরখাস্তের উপর লিখিবেন না।—১৮৪২ সালের ১ আপ্রিলের সরকালর অর্ডর:—২৪২ পৃষ্ঠা।
- ৬>। জিলার আদালতে প্রথমত উপস্থিতহওঁয়া যে মোকদমার নিক্পান্তি হয় তাহার উপর আপীল দদর দেওয়ানী আদালতে হইবেক।—১৮৩১ দা। ৫ আ। ২৮ ধা। ৩ প্র। —২৪২ পৃষ্ঠা।
- ৬২। ৫০০০ টাকার উর্র মূল্যের যে সকল মোকদ্দমা প্রধান সদর আমীনের প্রতি অর্পণ হয় তাহার উপর আপীল একেবারে সদর দেওয়ানী আদালতে হইবেক এবং জিলার জজ সাহেবের ডিক্রীর উপর আপীল হইলে যে সকল বিধি থাটে প্রধান সদর আমীনের ডিক্রীর উপর আপীল হইলেও সেই সকল বিধি থাটিবেক।—১৮৩৭ সা। ২৫ আ। ৪ ধা।—২৪২ পৃষ্ঠা।
- ৬৩। নালিনের ফরদলাঅনুসারে অধস্থ আদালত যে ডিক্রী করেন্ তাহার উপর সদর দেওরানী আদালতে আপীল হইলে যদ্যপি শপথক্রমে এমত প্রমাণ না হয় যে সা-লিনের। যুষ লইয়াছিল কি পক্ষপাত করিয়াছিল তবে সদর আদালত তাহা খরচাসমেত ডিসমিস করিবেন।—১৭৯৩ সা। ৬ আ। ২২ ধা।—২৪২ পৃষ্ঠা।
- ৬৪। তুকুমের বাধকতা করণের অথবা তাহা এড়াইবার মোকদমায় যদি জিলার জজ দাহেব অপরাধি ব্যক্তির ভূমি জব্দ কি জরীমানা করেন্ তবে দেই ভূমির দালিয়ানা জমা বা উৎপন্ন অথবা দেই জরীমানার সংখ্যা অম্পবা ভারী হউক দেমত দকল ডিক্রীর উপর দদর দেওরানী আদালতে আপীল হইতে পারে।—১৮০ নমূরী আইনের অর্থ।—২৪২ পৃষ্ঠা।
- ৬৫। কোর্ট ওয়ার্ডনের সাহেবেরা যে নিষ্পত্তি করেন্ তাহার উপর যদি সদর দেও-য়ানী আদালতে তিন মাদের মধ্যে আপীল হয় তবে তাহা গ্রাহ্য হইতে পারে। যদি সেই মিয়াদের মধ্যে দরখাস্ত না করণের মাতবর কারণ দর্শান যায় তবে তিন মাস অতীতেও তাহা গ্রাহ্য হইতে পারে।—১৭৯৩ সা। ১০ আ। ৩২ ধা। ২ প্র।—২৪৩ পৃষ্ঠা।
- ৬৬। মুন্দেফ ও সদর আমীনের ফয়দলার উপর আপীল হইলে জজ সাহেব তরি-হয়ে মোকদ্মা রুবকার করণসময়ে যে ছকুম দেন্ তাহার উপর সদর আদালতে আপীল হইতে পারে না।—১৮৩৩ সালের ১৩ ডিসেম্বরের সদর আদালতের বিধান ও নির্দারণ। —২৪৩ পৃষ্ঠা।
- ৬৭। সদর দেওয়ানী আদালতে আপীলহওয়া মোকদমার শীঘু নিষ্পত্তি হইবার নিমিত্ত সদর আদালত সেই মোকদমার উভয় বিবাদিকে নাচের লিখিত বিধান জানা-ইতেছেন।—১৮৪১ সালের ১৬ আপ্রিলের সরকাুলর অর্ডর।—২৪৩ পৃষ্ঠা।

- ৬৮। জামিনীনামা এবং অজুহাত এবং তাহার জওয়াব সদর আদালতে দাখিল করণে অনেক বিলয় হইতেছে ইহা দেখিয়া সদর আদালতে বাদিপ্রতিবাদিরদিগকে জানাইতেছেন যে তাহারা পূর্বাপেকা শীঘু এবং আইনের অবিকল বিধির অনুসারে আপনারদের মোকদমা চালায়। তাহারা যদি মোকদমা মুলতবী রাখণের নিমিত্ত কিয়া সওয়ালজওয়াব করণার্থ অধিক মিয়াদের নিমিত্ত প্রার্থনা করে তবে অত্যাবশ্যক ও উপযুক্ত হেতু না দর্শাইলে অনুমতি পাইবেক না।—১৮৪১ সালের ১৬ আপ্রিলের সরকুলের অর্জন।—১৪৩ পৃষ্টা।
- ৬১। আপৌলের দরখাস্ত ও সওয়ালজওয়াব ও জোবানবন্দী ও নিদর্শনপত্রাদিতে জিলার আদালতে মেরপে নম্বর দাগ ও নিশানী ও তারিখবন্দ ও দস্তখৎ করা যায় সেই-রূপে সেই কাগজপত্রপ্রভৃতিতে নম্বনাগইত্যাদি সদর আদালতের রেজিফুর্ সাহেবের দ্বারা করা যাইবেক।—১৭৯৩ সা। ৬ আ। ২৮ ধা।—২৪৩ পৃষ্ঠা।
- ৭০। যে সকল বিষয়ের কারণ কোন দাঁড়া নির্দিষ্ট নাই সেই সকল বিষয়ে সদর দেওরানী আদালত ন্যায় ও ঘাথার্থ্য ও সদ্বিচারানুসারে কার্য্য করিবেন।—১৭৯৩ সা। ৬ আ। ৩১ ধা।—২৪৩ পৃষ্ঠা।
- ৭১। অধস্থ আদালতের নিম্পত্তির উপর সদর আদালতে আপীল হইলে সাক্ষিরদিগের কথা শুনন ও সাক্ষ্য লওনছাড়া অন্য সকল বিষয়ে জিলা ও শহরের আদালতের জ্ঞ সাহেব যেমতে মোকদমার বিচার ও নিম্পত্তি করেন্ এবং যে সকল তুকুম ও
  অরা তাঁহারদের সম্পর্কে নির্দিষ্ট আছে সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের কর্ত্বস
  বে সাধ্যানুসারে শেই সকল তুকুম ও অরোয় দৃষ্টি রাখিয়া বিচার করেন্।—১৭৯৩ সা।
  ৬ আ। ৭ ধা।—২৪৪ পৃষ্ঠা।

# আপীল করণের মিয়াদ।

- ৭২। আপীল করণের মিয়াদের বিষয় ৫ অধ্যায়ের ৪ ধারায় লেখা আছে।
- ৭৩। যে মোকদমার আপীল হইতে পারে পরন্থ আপীল প্রজরাণ যায় নাই সেই মোকদমায় যদি কোন ব্যক্তি পুনর্বিচারের নিমিত্র দর্থান্ত করে তবে প্রথম ডিক্রীর উপর জাবেতামত আপীল করণের যে মিয়াদ নিরূপণ আছে তাহার হিদাব করণেতে অধস্থ আদালতে পুনর্বিচারের দর্থান্ত যত কাল উপস্থিত ছিল তত কাল ঐ মিয়াদের মধ্যে না ধরণের বিষয়ে কোন ব্যক্তি আপনার হক বলিয়া দওয়া করিতে পারে না। কিন্তু আপীল আদালত তাহার সেই ওজর বিবেচনা করিতে পারেন্ এবং বিলম্বের অন্য যে কারণ দর্শান যায় তাহার বিষয়ে যেরূপ করিয়া থাকেন্ সেইরূপে ঐ কারণ উচিত ও উপযুক্ত বোধ হইলে মঞ্জুর করিবেন বা না করিবেন।—১১২৭ নমুরী আইনের অর্থ।—২৪৪ পৃষ্ঠা।

## আপীলের দর্থাস্ত ও জওয়াব।

- ৭৪। আপীলের আর্জীর মর্মা এবং আপীলী আর্জী পাইলে জজ সাহেবের যাহা কর্ত্তব্য এবং ঐ আর্জীর সঙ্গে যে২ কাগজপত্র অধন্থ আদালতহইতে আপীল আদালতে পাঠাইতে হয় এবং যে২ গতিকে ডিক্রীর দন্তথতী নকল আর্জীর সঙ্গে দিতে হয় বা না হয় এই সকল বিষয় ৫ অধ্যায়ের ১০ ধারাতে লেখা আছে।
- ৭৫। আপালের প্রথম আরজী অথবা অবশেষ আরজীতে আপালের হেতু লিথিবার বিষয়ি বিধি ৫ অধ্যায়ের ৪০ ও ৪১ নম্বরী বিধানে আছে।—২৪৪ পৃষ্ঠা।
- ৭৬। সদরু আদালতে যে সকল আপীলের আর্জী দেওয়া যায় তাছাতে প্রত্যেক আসামীর নাম একং করিয়া লিখিতে হইবেক কেবল এক জন আসামীর নাম লিখিয়া ওগয়র্হ ইত্যাদি শব্দ লিখিলে হইবেক না। যদি কোন আপীলের দর্খান্তে সমস্ত রেসপাতেন্টের নাম না লেখা যায় তবে তাহা বেদাঁড়া বোধ হইয়া গ্রাহ্য হইবেক না এবং আপীলের নিরূপিত মিয়াদ হিসাব করণের বিষয়ে যেরূপ কার্য্য হয় সেইরূপ কার্য্য ঐ

বেদাঁড়া দরখান্তের বিষয়ে হইবেক না।—১৮৪২ দালের ১ জুলাইর দরকুলের অর্ডর।
—২৪৪ পৃষ্ঠা।

- ৭৭। উত্তর কালে আপেলান্ট কোন কারণ না দর্শাইয়া যদি আসামীরদের মধ্যে কোন ব্যক্তির নাম দর্থান্তে লিথিতে ক্রটি করে তবে আপীলের মিয়াদের মধ্যে তাহারদের নাম লিথিয়া দাখিল করিতে তাহাকে অনুমতি দেওয়া যাইবেক। তাহা না করিলে ভাহার আপীল বেদাঁড়া বোধ হইয়া অগ্রাহ্য হইবেক।—১৮৪২ সালের ১ জুলাইর সরকুলের অর্ডর।—২৪৫ পৃষ্ঠা।
- ৭৮। উক্ত প্রকার কোন দর্থান্ত সদর আদালতে পাঠাইবার নিমিত্ত জিলার জজ্ঞ সাহেবের কিয়া প্রধান সদর আমীনের নিকটে করা গেলে তাঁহার। ঐ ২ বিধি আপেলান্ট-দিগকে জানাইবেন।—১৮৪২ সালের ১ জুলাইর সরক্যুলর অর্ডর।—২৪৫ পৃষ্ঠা।
- ৭৯। ১৮১৪ দালের ২৬ আইমের ৫ ধারার ২ প্রকরণের সম্পর্কে সদর আদালতে যে সকল সওয়ালজওয়াব দাঝিল হয় তাহা আদালতের নির্দিষ্ট পাঠানুসারে তৈয়ার করিতে হটকে অন্য প্রকারে লিখিত হটলে ঐ ধারার নিরূপিত দও করা ঘাইবেক।—১৮৪০ দালের ১৯ মের সদর আদালতের বিধান ও নির্দারণ।—২৪৫ পৃষ্ঠা।
- ৮০। যদি আপোলাট হয়ৎ অথবা তাহার উকাল কি মোখার আপীলের দর্থান্তের সক্ষে অধস্থ আদালতের ডিক্রীর নকল দাখিল করে তবে এদেশীয় ডেপুটা রেজিউর ইন্টাম্প কাগজ ও অন্যান্য বিষয়ে ঐ দর্থান্ত আইনমতে হইয়াছে কি না ইহার তহকীক করিবেন। যদি ঠিক হইয়া থাকে তবে দর্থান্ত নথীর শামিল করিবেন।—১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৪৫ পৃষ্ঠা।
- ৮১। যথন দর্থান্ত নথীর শামিল করা গিয়াছে তথন এদেশীয় ডেপুটী রেজিন্টর রেক্পাত্তেন্টের প্রতি এন্তেলানামা জারী করিবেন এবং অধন্থ আদালতহইতে মোকদমার । মিদিল তলব করিবেন। ঐ এদেশীয় ডেপুটী রেজিন্টরের ক্রকারী জিলার আদালতে পঁলছনের পর মিদিল পাঠাইবার নিমিত্ত দুই মাদ মিয়াদ দেওয়া গেল। ঐ এত্তেলানামা এবং ইশ্তিহারনামা তৎসমকালে জিলার জজ সাহেবের নিকটে পাঠান ঘাইবেক।—১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নিজারণ।—২৪৫ পৃষ্ঠা।
- ৮২। জিলার আদালত অথবা প্রধান সদর আমীনের আদালতে নিম্পত্তিহওয়া যে সকল মোকদমার উপর আপীল সদর আদালতে হয় ঐ মোকদমার কাগজপত্র তলব হওনের তারিথের পর দুই মাসের মধ্যে তাহা নকল করিয়া সদরে পাঠাইতে হইবেক।—১৮৪১ সালের ১৬ আপ্রিলের সরকালর অর্ডর।—২৪৫ পৃষ্ঠা।
- ৮৩। যদি আপীলের দরখান্তের মধ্যে আপীলের হেতু লেখা গিয়াছে এবং অধন্ত আদালতের ডিক্রীর নকল তাহার সঙ্গে দাখিল হইয়াছে তবে অধন্ত আদালতহইতে ঐ রিটর্ণ না পঁছছনপর্যান্ত এদেশীয় ডেপুটা রেজিইর ঐ মোকদমা আপনার দহরে রাখি বেন ।—১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৪৫ পৃষ্ঠা।
- ৮৪। যদ্যপি আপীলের দ্রখান্তে আপীলের হেতু না লেখা গিয়াছে এবং অধস্থ আদালতের ডিক্রীর নকল তাহার সঙ্গে দাখিল না হইয়াছে তবে ঐ হেতু এবং ঐ ডিক্রীর নকল দাখিল করিবার নিমিত্ত আপেলাটকে ছয় সপ্তাহ মিয়াদ দেওয়া যাইবেক।—১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৪৫ পৃষ্ঠা।
- ৮৫। যদি আপীলের হেতু এবং ডিক্রীর নকল ছয় সপ্তাহের মধ্যে দাখিল করা যায় তবে এদেশীয় ডেপুটা রেজিউর জিলার আদালতহইতে কাগজপত্র না পঁত্রছনপর্যাস্ত ঐ মোকদ্দমা আপন দত্তরে রাখিবেন ১৮৪২ সালের ২১ জানু আরির সদর আদালতের বিধান ও নির্দারণ ২৪৬ পৃষ্ঠা।
  - ৮৬। যদি আপীলের হেতু এবং ডিক্রীর নকল ছয় সপ্তাহের মধ্যে দাখিল না হয়

ভবে এদেশীয় ডেপুটা রেজিফারের জিজাসিত সকল বিষয় নিষ্পস্তার্থে সদর আদালতের যে এক জন জজ সাহেব নিযুক্ত হইরাছেন তাঁহাকে ডেপুটা রেজিফার ঐ বিষয় জানাইবেন।
—>৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৪৬ পৃষ্ঠা।

৮৭। যদি আপীলের আর্জী জিলার আদালতে দাখিল করা যায় তবে আপীলের হেতু এবং ডিক্রীর নকল দাখিল করণের নিমিত্ত যে ছয় সপ্তাহ মিয়াদ দেওয়া গিয়াছে তাহা সদর আদালতে ঐ নালিশের আর্জী পঁত্রছনের তারিখঅবধি গণ্য হইবেক।— ১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৪৬ পৃষ্টা।

৮৮। যদি ১৮৪ সালের ২৯ আইনানুসারে আপেলার্ট আপীলের হেতু দাখিল করণের নিমিত্ত ছয় সপ্তাহের অধিক মিয়াদ প্রার্থনা করে তবে ঐ ডেপুটা রেজিফার উক্ত জজ সাহেবের নিকটে ঐ দরখাস্ত এবং আপীলের আর্জী জানাইবেন।—১৮৪২ সা-লের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৪৬ পৃষ্ঠা।

৮৯। আপেলাকের মোকদমার সমস্ত তদবীর সমাপ্ত হইলে এবং জিলার আদালতহইতে রিটর্ণ ও মিদিল পঁতছিলে ঐ ডেপুটা রেজিইটর রেক্পাণ্ডেন্টকে জওয়াব দিবার নিমিত্ত পনের দিন মিয়াদ দিবেন।—১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৪৬ পৃষ্ঠা।

৯০। রেক্পাণ্ডেন্টের জন্তরার দাখিল হইলে অথবা মিয়াদ অতীত হইলে ঐ ডেপুটী রেজিইটর বিলি করণের উপযুক্ত মোকদমার ফিরিস্তির মধ্যে ঐ মোকদমা রাখিবেন। যদি নিরূপিত মিয়াদের পর কিন্তু জজ সাহেবের নিকটে মোকদমা অর্পণের পূর্বে জন্তরাব গুজরাণ যায় তবে ঐ ডেপুটা রেজিইটর জন্তরাব লইয়া মোকদমা মিসিলে রাখিবেন।—
১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৪৬ পৃখা।

৯>। আপীল করণের যে মিয়াদ নিরূপণ আছে তাহা অতীত হইলে যদি আপীল মঞ্জুর করণের দরখাস্ত দেওয়া যায় তবে ডেপুটা রেজিউর তাহা উক্ত জজ সাচেবের নিকটে অপণ করিবেন।—১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।
—২৪৬ পৃষ্ঠা।

৯২। যদি অধস্থ আদালত আপনার ডিক্রীর নকল প্রস্তুত করণেতে কিয়া তাহার পুটে লিখনের বিষয়ে কোন বেদাঁড়া করিয়া থাকেন্ তবে ঐ ডেপুটী রেজিফর উক্ত জজ সাহেবকে তাহা জানাইবেন।—১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৪৬ পৃষ্ঠা।

৯৩। যদি আপীলের বাদী বা প্রতিবাদী মরে তবে ঐ ডেপুটী রেজিইটর তাহার স্থলাভিষিক্ত ব্যক্তিকে হাজির করাইবার উদ্যোগ করিবেন। তাহাতে মৃত ব্যক্তির স্থলাভিষিক্তকে যদি এই বিষয়ে সন্দেহ হয় তবে ঐ ডেপুটী রেজিইটর উক্ত জজ সাহেবকে তাহা জানাই
বেন।—১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৪৬
পূষ্টা।

৯৪। যদি মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত নাবালক কি উন্মাদ হয় তবে এক জন আধ্যক্ষ নিযুক্ত হওনের নিমিত্ত ঐ ডেপুটী রেজিফ্টর উক্ত জজ সাহেবকে তাহা জানাইবেন।—১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৪৬ পৃষ্ঠা।

৯৫। যদি দ্বলাভিষিক্ত ব্যক্তির হাজির হওনের যে মিয়াদ নিরুপণ হইয়াছে সেই মিয়াদের মধ্যে হাজির না হয় কিয়া দ্বলাভিষিক্তের ন্যায় কার্য্যে মঞ্চুর হইবার অনুমতি হইলে
পর অথবা সংসারাধ্যক্ষ কর্মে নিযুক্ত হওনের পর যদি ঐ দ্বলাভিষিক্ত ব্যক্তি কি সংসারাধাক্ত ছয় সপ্তাহের মধ্যে আপীলের সওয়াল জওয়াব করিতে ফটি করে ভবে ঐ ডেপুটা
রেজিন্টার উক্ত জজ্ঞ সাহেবকে ভাহা জানাইবেন এবং ভাহার বিষয়ে ১৮৪১ সালের ২৯
আইনানুসারে কার্য্য হইবেক।—১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালভের বিধান
ও নির্দ্ধারণ।—২৪৭ পৃদ্ধা।

৯৬। জিলার আদালতের স্থানে ঐ ডেপুটী রেজিন্টার যে বিষয় তলব করিলেন তাহাতে

যদি কিছু বিলম্ব হয় তবে যে আদালতে তলব হইয়াছিল সেই আদালতের জন্ধ নাহেবকে ঐ ডেপুটা বেজিন্টর তাহা জানাইবেন। হাদ্যপি তৎপরে বিলম্ব হয় তবে ঐ ডেপুটা বেজিন্টর সদর আদালতে তাহা জানাইবেন।—১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধার্ণ।—২৪৭ পৃষ্ঠা।

আপীলের সময়ে অধস্থ আদালতের ডিক্রী জারী বা স্থগিত করণ। জামিনী।

- ৯৭। সদর আদালতে আপীল হইলে অধস্থ আদালতের ডিক্রী জারী বা স্থাপিত করণের বিষয়ে ৫ অধ্যায়ের ১২।১৩।১৪।১৫ ধারা দেখ।—২৪৭ পৃষ্ঠা।
- ৯৮। আপীলী মোকদমাতে যে ব্যক্তি আপেলান্টের শর্চার জামিন হয় তাহার একরারনামার মজমুন এই যে আপীলের ডিক্রী হওনসময়ে আপেলান্টের স্থানে যে কোন ব্যক্তি থাকুক আপীলের সমস্ত থ্রচার নিশা করিব। অতএব যথন আপেলান্ট কি রেস্পাত্তেন্ট অথবা জামিন আপাল উপস্থিত থাকিতে মরে তথন নূতন জামিন তলব করিবার আবশ্যক নাই যেহতুক তাহাতে অনেক ক্লেশ ও বিলম্ব হয়।—১৮৩২ সালের ১৩ জুলাইর সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৪৭ পৃষ্ঠা।
- ৯৯। মোকদমার আপীল হইলে জামিনীর এওজে আপেলান্টের ভূমি বস্তুক দেওন অনুচিত।—১৮৩৬ সালের ৭ জুনের সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৪৭ পৃষ্ঠা।
  আপেলান্টের ক্রুটি।
- ১০০। ছয় সপ্তাহপর্যান্ত আপেলান্ট মোকদ্দমা চালাইতে ক্রুটি করিলে যাহা কর্ত্তব্য ভ্রিষয়ে ৫ অধ্যায়ের ১৫৩। ১৫৬ নমুরী বিধান দেখ।—২৪৭ পৃষ্ঠা।
- ১০১। যদি আপেলান সদর আদালতে আপীল দাখিল করিলে পর ছর সপ্তাহ পর্যান্ত তাহা না চালায় এবং না চালাওনের বিশিষ্ট কারণ না দর্শাইতে পারে তবে তাহা ডিসমিস হইবেক। রেসপাওেন্টের খরচা আদালত তাহাকে দেওয়াইতে পারেন্। আপেলান্টকে ছয় সপ্তাহের পর আপনার মোকদমা চালাইতে অনুমতি দিলে বা না দিলে তাহার হেতু সদর আদালত আপনার রোয়দাদে লিখিবেন।—১৭৯৩ সা। ৬ আ। ১৯ ধা। —২৪৭ পৃষ্ঠা।
- ১০২। যথন আপীলের দর্থাস্ত সদর দেওয়ানী আদালতে দাখিল হয় তথন আপীল উপস্থিত কর্ণের মিয়াদ দর্থাস্ত প্রজরাণের তারিখঅবধি গণ্য হইবেক। মথন অধস্থ আদালতে দর্থাস্ত প্রজরাণ যায় তথন যে তারিখে দর্থাস্ত সদর আদালতে পঁতছে দেই তারিখঅবধি মিয়াদ চলিবেক। দেই তারিখঅবধি আপেলান্টের ছয় সপ্তাহের মধ্যে মোকদ্মা চালাইতে হইবেক। যদি ঐ ছয় সপ্তাহের মধ্যে আপোলান্ট স্বয়্ কিয়া তাহার উকীল হাজির না হয় এবং আপীলের হেতু না প্রজরায় তবে তাহার কসুর হইয়াছে বোধ হইবেক। সুদ্ধ উকীলকে নিযুক্ত করণেতে তাহার আপীল ডিসমিস করণের প্রতিবন্ধক হইবেক না —১৮৪১ সালের ৩১ ডিসেয়বের আইনের অর্থ।—২৪৮ পৃষ্ঠা।
- ১০৩। ১৮৪১ সালের ২৯ আইনের দুই ধারায় লেখা আছে যে যে কোন গতিকে মোকদ্দমা বা আপীল ডিদমিস হয় সেই গতিকে যে রেসপাণ্ডেও উকীলকে নিযুক্ত করিয়া জওয়াব দিয়াছে তাহাকে খর্চা দেওয়াইতে হইবেক। কিন্তু যদি রেসপাণ্ডেওের তলব না হইয়া সে হাজির হয় তবে খর্চা পাইবেক না —১৩২৭ নম্বরী আইনের অর্থ।—২৪৮ পৃষ্ঠা।

উकीम ।

- ১০৪। দ্ধিলার আদালতের উকীলের বিষয়ে যে বিধি আছে সেই বিধি সদর আদালতের উকীলেরদের বিষয়ে খাটে। সেই বিষয়ে দ্বিতীয় অধ্যায়ের ১৪ ধারাঅবধি ২০ ধারাপর্যান্ত দেখ।—২৪৮ পৃষ্ঠা।
- ১০৫। বে মোখ্রারনামাক্রমে ওকালৎনামা দেওয়া গিয়াছে তাহা এবং থরচার এবং, ডিক্রী জারী করণের বা স্থগিত করণের জামিনীনামা এবং ওকালৎনামা এবং যে ডিক্রীর

উপর আপীল হইয়াছে তাহার নকল আপেলাউকে আপনার আপীলের আরজীর দক্ষেদাখিল করিতে অনুমতি দেওয়া গিয়া থাকে। অন্যান্য দকল দলীলদস্তাবেজ পৃথক দর-খাস্তে নিরুপিত ইফ্টাম্প কাগজে দাখিল হইয়া থাকে।—১৬১ নম্বরী আইনের অর্থ।—
২৪৮ পর্যা।

- ১০৬। সদর আদালতের উকীল বা মোখারেরদের যত কাল মোকদমা থাকে তত কাল ঐ আদালতে তাঁহারা হাজির থাকিবেন অথবা হাজির না হইবার কারণ এক আরজী লিখিয়া দাখিল করিবেন। এমত না করিলে তাঁহারা আপনারদের কর্মহইতে অবদর হই-বেন।—১৮৪০ সালের ২০ নবেশ্বরের সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৪৮ পৃষ্ঠা।
- ১০৭। যদি কোন উকীল ছুটা লইয়া স্থানান্তর হন তবে যে দিবসে তাঁহার ছুটীর শেষ হয় দেই দিবসে তাঁহার ফিরিয়া আদিতে হইবেক। এমত না করিলে তাঁহার নাম উকীলেরদের ইসমনবিসীহইতে কাটা যাইবেক।—১৮৪০ সালের ২৭ মার্চের সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৪৮ পৃষ্ঠা।
- ১০৮। যদি কোন উকাল ছুটা পাইয়া স্থানাস্থরে যান এবং অতিরিক্ত ছুটা পাইবার বাসনা রাখেন তবে ঐ অতিরিক্ত ছুটার দর্থাস্ত আদালতে এমত সময়ে দাখিল করিতে হইবেক যে অতিরিক্ত ছুটা না দেওয়া গেলে পূর্প্রকার দেওয়া ছুটার মিয়াদের মধ্যে ফিরিয়া আসিতে পারেন্। যদি সেইমতে অতিরিক্ত ছুটা না পাইয়া কোন উকাল প্রাপ্ত ছুটার অতিরিক্ত কাল গরহাজির থাকেন্ তবে তাঁহার নাম উকালদিগের ইসমনবিসাইইতে উঠাইবার যোগ্য হইবেক।—১৮৪০ সালের ২৭ মার্চের সরকুলের অর্ডর।—২৪৯ পৃষ্ঠা।
- ১০৯। যখন কোন উকীল দশ দিনের অধিক কালের নিমিত্ত ছুটার দরখাস্ত করেন্
  তথান যত মোকদমায় তিনি একাকী অথবা অন্য উকীলের সঙ্গে মোকরর থাকেন্ তাহার
  এক কৈফিয়ৎ দাখিল করিবেন।—১৮৪২ সালের ১৫ জুলাইর সদর আদালতের বিধান
  ও নির্দ্ধারণ।—২৪৯ পৃষ্ঠা।
- ১১০। উকীলের ছুটীর দর্থান্ত সদর আদালতের নাজির লইতে পারেন্ না। সেই প্রকার সকল দর্থান্ত রেজিন্টর সাহেবের নিকটে করিতে হইবেক এবং তিনি সদর আদালতে তাহা জানাইবেন।—১৮৪২ সালের ১৫ জুলাইর সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৪৯ পৃষ্ঠা।
- ১'১১। ১৮৩৩ সালের ১২ আইনানুসারে নিযুক্ত উকীল এবং মোখার যেং মোকদ-মাতে মোকরর হন্ সেইং মোকদমার কাগজপত্র দৃষ্টি করিবার এবং দর্থাস্ত ও সওয়াল জওয়াবপ্রভৃতি দাখিল করিবার জন্যে আদালতের মুহুরারদিগের নির্দিষ্ট কামরায় যাইতে পারিবেন।—১৮৩৪ সালের ১৮ ফেব্রুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—
  ২৪৯ পৃষ্ঠা।
- ১১২। প্রত্যেক উকীল এবং মোখ্রার এক জন মুছরীরকে নিযুক্ত করিতে পারেন্ এবং যে সকল কাগজপত্তের আবশ্যক হয় তাহার নকল লইবার নিমিত্ত ঐ মুছরীর রিকার্ড দস্তুরে যাইতে পারে কিন্তু তাহার বিষয়ে ঐ উকীল অথবা মোখ্রার দায়ী হইবেন।—
  ১৮৩৪ সালের ১৮ ফেব্রু আরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৪৯ পৃষ্ঠা।
- ১১৩। যে উকাল এবং মুহুরীর সদর দেওয়ানী আদালতের সিরিশ্তাদারের দফ্তরে আপনারদের ওকালখনামা এবং অন্যান্য কাগজপত্র দাখিল করেন্ ঐ কাগজপত্র দাখিল করণের প্রমাণের ন্যায় যে আমলা ঐ কাগজপত্র লইবার নিমিত্ত নিযুক্ত আছেন তাঁহার বহীতে তাঁহারা সহী করিবেন।—১৮৩৫ সালের ৯ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৪৯ পৃষ্ঠা।
- ১১৪। ১৮১১ সালের ১২ আইনানুসারে নিযুক্ত উকীল এবং মোগ্রার যে সকল দরখাস্ত দাখিল করেন্ তাহার উপর যে জন্ম সাহেবের সমক্ষে মোকদমা উপস্থিত থাকে তাঁহার নাম আপন ঝুঁকীতে লিখিবেন। তাহার অভিপ্রায় এই যে ঐ দর্খাস্ত একেবারে

সেই জন্ম সাহেবের নিকটে পঁছছে এবং মুৎফরককা দম্ভরের জন্ম সাহেবের নিকটে দাখিল না হয়।—১৮৩৪ সালের ৮ আগটের সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৪৯ পৃষ্ঠা।

- ১১৫। যে মোকদমায় সরকার বাদী বা প্রতিবাদী হন্ সেই মোকদমার নিষ্পত্তি সদর আদালতে হইলে জজ সাহেব আপনার ডিক্রীর নিষ্ণা ভাগে সরকারী উকীলকে যে রসুম দিতে হইবেক তাহা টুকিয়া রাখিবেন।—১৮৩৪ সালের ৩ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৪৯ পৃষ্ঠা।
- ১১৬। যে মোকদমায় সদর আদালত আমানৎহওয়া রসুমের কতক অংশমাত্র উকীলকে দিতে এবং অবশিষ্ট বাদিপ্রতিবাদিকে ফিরিয়া দিতে গুকুম করেন্ অথবা যে মোকদমায় ১৮২৯ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ৮ প্রকরণের লিখিত সটি-ফিকটক্রমে ইষ্টাম্পের মাসুলের সমুদয় অথবা কতক অংশ বাদিপ্রতিবাদিকে ফিরিয়া দিতে ছইবেক সেই মোকদমায় যদি উকীল বা মোখারের সেই টাকা লইবার বিশেষ ক্ষমতা তাঁহারদের ওকালৎনামা অথবা মোখারনামাতে না থাকে তবে আদালতের থাজাঞ্চী তাঁহাকে সেই টাকা দিবেন না। সেই মত ক্ষমতা যদি তাঁহারা দেখাইতে না পারেন্ তবে যে ব্যক্তি ঐ টাকা পাইবার অধিকার রাখে যাবৎ সেই ব্যক্তি তাহা পাইবার দর্খাস্ত আদালতে না করে এবং তাহা লইতে আদালতহইতে অনুমতি না পায় তাবৎ ঐ টাকা আমানৎ থাকিবেক।—১৮৩৪ সালের ৩ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ। —২৫০ পৃষ্ঠা।
- ১১৭। সদর আদালতের উকীলেরা আদালতে যে সকল বিজ্ঞাপন করেন্ তাহার সভাতার বিষয়ে তাঁহারদিগকে দায়ী জান করা যাইবেক।—১৮৪২ সালের ৮ জুলাইর সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৫০ পৃষ্ঠা।
- ১১৮। কোন মোকদমায় নিযুক্তহওয়া উকীল কি মোখারকে ডেপুটী রেজিইটরের কোন
  ছকুমের লিখিত এতেলা দেওয়া গেলে সেই তকুম হওনের বিষয়ে য়থোচিত সয়াদ দেওয়া
  গিয়াছে এমত জান করা ঘাইবেক। যদাপি ঐ উকীল কি মোখারের সাক্ষাতে তকুম দেওয়া
  য়ায়য় তবে এতেলা দিবার আবশাক নাই।—১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৫০ পৃষ্ঠা।
  - ১১৯। সদর আদালতের কোন মোকররী উকীল কিয়া মোখার যদি জানিয়াশুনিয়। ডেপুটা রেজিউরের দস্তরে হাজির হইতে ফটি করেন্ তবে তিনি কর্মাহইতে চ্যুত হওনের যোগ্য হইবেন।—১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।
    —২৫০ পৃথা।
  - ১২০। সদর আদালতের উকীলের মরণ বা সদেশগু হওন কি ইশ্তাফা দেওন বা তগীর হওনের সম্বাদ ডেপুটা রেজিইর ১৮১৪ সালের ২৭ আইনের ১৮ ধারার ও প্রকর-ণের নিরুপিতমতে দিবেন।—১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৫০ পৃষ্ঠা।
- ১২১। যদি ঐ ধারার নিরূপিত মিয়াদের মধ্যে আপেলান্ট অন্য উকীল নিযুক্ত করি-তে অথবা স্বয়ৎ হাজির হইয়া মোকদমা চালাইতে ক্রটি করে তবে ডেপুটা রেজিন্টর সদর আদালতের উক্ত জজ সাহেবকে তাহা জানাইবেন এবৎ ১৮৪১ সালের ২১ আইনানুসারে কার্য্য হউবেক।—১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—
  ২৫০ পৃষ্ঠা।

## ১ ধারা।

## महत् जामानटा माक्तो ଓ माक्ता।

১২২। যদি সদর আদালত আপীলী মোকদমায় অধিক সাক্ষ্য লইতে উচিত বোধ ক্রেন্তবে তাঁহার। কাছারীর সময়ে ঐ সাক্ষিরদিগের জোবানবদী লইতে পারেন্এবৎ ঐ জোবানবন্দীতে তাহারদের স্বাক্ষর করাইয়া লাইবেন অথবা রেজিইটর সাহেবকে সাক্ষিদিণের সাক্ষ্য লাইয়া জোবানবন্দীতে তাহারদিণের স্বাক্ষর করাইতে হুকুম দিবেন। রেজিইটর সাহেব বাদিপ্রতিবাদি কি তাহারদের উকালদিণের সমক্ষে ঐ সাক্ষিরদের জোবানবন্দী লাইবেন এবং ঐ উভয় বিবাদী কিয়া তাহারদের উকালেরা সাক্ষিদিণের স্থানে যদি কিছু সওয়াল করিতে চাহে তবে তাহা করিতে পারে এবং সাক্ষিরা যে জওয়াব দের তাহা লি-থিত হইয়া তাহাতে তাহারা স্বাক্ষর করিবেক। যদি উভয় বিবাদী সাক্ষ্য লওনের বিষ্বরের সম্বাদ পাইয়া সাক্ষিদিণের জোবানবন্দার কালে রেজিইটর সাহেবের সমক্ষে হাজির না হয় তবে ঐ রেজিইটর সাহেব সেই সাক্ষিদিণের জোবানবন্দা করাইবেন এবং সেই জোবানবন্দী মাত্রর জান হইবেক।—১৭৯৩ সা। ৬ আ। ১৬ ধা।—২৫১ পৃষ্ঠা।

১২৩। যদি দাক্রী মান্য ক্রীলোক হয় তবে জিলার আদালতের প্রতি যেরূপ অনুমতি আছে দেইরূপে দদর দেওয়ানী আদালত তাহারদের জোবানবন্দীর নিমিত্ত আমীন পাঠা\*ইতে পারেন।—১৭৯৩ সা। ৬ আ। ১৭ ধা।—২৫১ পৃষ্ঠা।

[অনুপস্থিত সাক্ষিরদের জোবানবন্দীর বিষয়ি বিধি ও অধ্যায়ের ২১ ধারাতে আছে।]
১২৪। যদি সাক্ষির তলব হইলে ঐ সাক্ষী হাজির না হয় কিয়া হাজির হইয়া যদি
প্রতিজ্ঞা করিতে কিয়া সাক্ষ্য দিতে কি আপন জোবানবন্দীতে স্বাক্ষর করিতে না চাহে অথবা মিথ্যা শপথ করে কি আদালতের অবজ্ঞা করে তবে ঐরপ অপরাধি সাক্ষিদিগের
প্রতি সেমত উদ্যোগ করিতে জিলার আদালতের সাহেবদিগেরে তুকুম আছে সদর দেওয়ানী আদালতের সাহেবেরাও সেইরপ উদ্যোগ করিবেন।—১৭৯৩ সা। ৬ আ। ১৮ ধা।—
২৫২ পৃষ্ঠা।

১২৫। যদি সদর দেওয়ানী আদালতের জজ সাহেবেরদের কিয়া কোন এক জন জজ সাহেবের প্রতি ক্ষমতা থাকনমতে তাঁহারদের বিবেচনায় মিথ্যা শপথ করণ বা করাওণের অপরাধের বিষয়ে কোন ব্যক্তিকে ফৌজদারী আদালতের তজবীজের নিমিত্ত সোপদ করিতে উচিত বোধ করেন্ তবে তাঁহারদের কর্ত্তব্য যে তালিষ্যে আপনার মতের কথা লেখান্ এবং আসামীকে কয়েদে কি জামিনীতে রাখিবার অকুম দেন্। ঐ অকুমের দস্তখংকরা ও মোহর্যুক্ত নকল মোকদমার সমস্ত আসল কাগজ সম্বলিত জিলার মাজিট্টেট সাহেবের নিকটে পাঠান ঘাইবেক এবং ঐ মাজিট্টেট সাহেব আইনমতে তাল্বিয়ে কার্য্য করিবর ।—১৮১৭ সা। ১৭ আ। ১৪ ধা। ৩ প্র।—২৫২ পৃষ্ঠা।

## ১০ ধারা।

## সদর আদালতের ছকুমনামা ও পরওয়ানা।

১২৬। সদর দেওয়ানী আদালতের স্থানহইতে উভয় বিবাদী কিয়া তাহারদের উকীলদিগের তলবের অথবা ডিক্রী জারী কিয়া অন্যান্য কার্য্যের নিমিত্তে যে সকল ছকুম হয়
সেই২ ছকুম দেশীয় ভাষায় লেখা যাইবেক বা ছাপা হইবেক তাহাতে আদালতের মোহর
ও রেজিফার সাহেবের দস্তখং থাকিবেক।—১৭৯৩ সা। ৬ আ। ১৩ ধা।—২৫২ পৃষ্ঠা।

১২৭। সদর আদালতে যাহার। হাজির থাকে তাহারাছাড়া উভর বিবাদী কিয়া সাক্ষী কি অনা ব্যক্তিরদের প্রতি সদর আদালতের যে সকল ছকুম জারী করিতে হয় তাহা যে এলাকার আদালতে সেই মোকদ্দমা উত্থাপন হইয়া থাকে কিয়া ঐ বিরোধি ভূমি থাকে অথবা উভয় বিবাদী বাস করে সেই আদালতের সাহেবদিগের নিকটে ছকুমনামা পাঠান যাইবেক এবং ঐ ছকুমনামা জারী করিবার এবং সদর আদালতে তাহা ফিরিয়া পাঠাইবার মিয়াদ সেই ছকুমনামার লেখা যাইবেক।—১৭৯৩ সা। ৬ আ। ১৩ ধা।—২৫২ পৃষ্ঠা।

১২৮। এমত প্রত্যেক হুকুমনামা দেশীয় ভাষাতে লিখিত হইয়া ইকরেজা প্রিদেপ্টের্ মধ্যে করিয়া পাঠাইতে হুইবেক।—১৮০১ দালের ২০ আপ্রিলের দরকুলের অর্ডর।— ২৫৩ পৃষ্ঠা। ১২৯। উক্ত প্রকার মোকদ্দমার অকুমনামা জারী হওনার্থ জিলার আদালতে পাঠান গোলে ঐ আদালত তাহা নিরুপিত মিয়াদের মধ্যে জারী করিয়া সদর আদালতে ফিরিয়া পাঠাইবেন কিয়া তাহা জারী না হওনের মাতবর কারণ দর্শাইবেন।—১৭৯৩ সা। ৬ আ। ১৪ ধা।—২৫৩ পৃষ্ঠা।

১৩০। এইরপে যথন কোন তকুমনামা জারীহওনার্থ জিলার আদালতে পাঠান যায় তথন জিলার আদালত যে সমাদ পাঠান তাহা ইঙ্গরেজী ভাষার সটিফিকট অথবা রিটর্ণের মধ্যে লিখিতে হইবেক না কিন্তু ঐ আদালতের হুবকারীর খোলাসাতে ঐ সমাদ থাকিবেক। তাহার অভিপ্রায় এই যে সদর আদালত ইঙ্গরেজী সটিফিকট অথবা রিটর্ণের প্রতি দৃষ্টি না করিয়া সমস্ত বিষয় অবগত হইতে পারেন্।—১৮০১ সালের ২৫ জুনের সর্ক্যলর অর্ডর।—২৫৩ পৃষ্ঠা।

১৩১। যখন ভকুষনামা অথবা ডিক্রী জারী হওনার্থ সদর আদালতহইতে জিলার আদালতে পাঠান যায় তথন ঐ ভকুষনামা জারী হইবার বেওরা তাহার পৃষ্ঠে অথবা পৃথক্ কাগজে লিখিয়া দেই ভকুষনামার সহিত সংযোগ করিয়া পাঠাইতে হইবেক। যদি ঐ জারী হওনের বেওরা পৃথক্ কাগজে লেখা যায় তবে দেই ভকুষনামার পৃষ্ঠে এমত কিছু শব্দ লিখিতে হইবেক যে তদনুসারে দেই বেওরা পৃথক্ কাগজে লেখা হইরাছে ইহা বোধ হয়। ঐ ভকুষনামার নকল ও জারী হওনের কৈফিয়তের নকল আদালতের দিরিশতায় থাকিবেক।—১৭১৩ সা। ৬ আ। ১৪ ধা।—২৫৩ পৃষ্ঠা।

১৩২। যখন জিলার জজ সজ সাহেব নিরুপিত মিয়াদের মধ্যে ঐ ছকুমনামা সম্পূর্ণ করেপ জারী করিতে না পারেন্ তখন সেই বিষয়ে যাহাৎ করিয়াছেন এবং যাহা করিতে বাকী আছে তাহার সম্মাদ এক সাঁটিফিকটের মধ্যে লিখিয়া পাটাইবেন এবং যে সময়ের মধ্যে তাহা জারী হওনের সম্ভাবনা আছে তাহাও লিখিবেন। এবং যদি সেই মিয়াদের করে আওতা তাহা জারী হউতে না পারে তবে পুন্দ্য এক রিপোর্ট করিবেন।—১৮৩৪ সালের ২৫ জুলাইর সরকালর অর্জন।—২৫৩ পৃষ্ঠা।

১৩৩। যদি সদর আদালতের অকুমনামা জারী ও রিপোর্ট করণের বিষয়ে জিলার জজ সাহেবের আদালতে বিলয় হয় এবং তিনি তাহার বিষয়ে কোন মাতবর কারণ দে-খাইতে না পারেন্ তবে তিনি তাহার বিষয়ে নিজে দায়ী হইবেন।—১৮৩৪ সালের ২৫ জুলাইর সর্কুলর অর্ডর।—২৫৪ পৃষ্ঠা।

১৩৪। সদর আদালতের শুকুমনামা যদি কোন মিয়াদী রিটর্ণ সাঁটি ফিকটসমেত জিলার আদালতের জজ সাহেবের পাঠাইতে হয় তবে যে মোকদ্দমার সম্পর্কে শুকুমনামা জারী হইরাছিল সেই মোকদ্দমার নম্বর এবং উভয় বিবাদির নামের অতিরিক্ত প্রিসেপ্টের রেজিইটরের নম্বর নিয়ত নিরুপিত পাঠানুসারে লেখা ঘাইবেক।—১৮৩৫ সালের ১৭ জুলাইর সরকালর অর্তর।—২৫৪ পৃষ্ঠা।

১৩৫। সদর আদালতের যে শুকুমনামার রিটর্গ পাঠাইবার আবশাক নাই সেই
শুকুমনামাসম্পর্কীয় যদি জিলার আদালত কোন সম্বাদ বা মন্তব্য কথা সদরে জানাইতে
চাহেন্ কিম্বা সদর আদালতহটতে কিছু জানিতে চাহেন্ তবে মূল গ্রন্থের লিখিত ৯ নম্বরী
সটিফিকটঅনুসারে লিখনপঠন করিবেন।—১৮৩৬ সালের ৪ নবেম্বরের সর্কুলের অর্ডর।
—২৫৪ পৃষ্ঠা।

সার্টিফিকটের পাঠ।

১৩৬। ৫০০০ টাকার উর্ক্ব মূল্যের মোকক্ষায় সদর আদালতের সকল প্রিসেপ্ট একেবারে প্রধান সদর আমীনের নিকটে পাঠান ঘাইবেক এবং বিশেষ হুকুম না থাকিলে ঐ প্রিসেপ্টের সকল রিটর্ণ সাঁটিফিকটসমেত প্রধান সদর আমীন সদর আদালতে পাঠা-ইবেন্।—১৮৩৮ সালের ২৩ ফ্রেকুআরির সরকালর অর্ডর।—২৫৪ পৃষ্ঠা।

১৩৭। যদি প্রধান সদর আমীন ইঙ্গরেজী ভাষা না জানেন্ তবে সেই রিটর্গের সঙ্গে

যে সর্টিফিকট পাঠাইতে হয় তাহা ইন্সরেজী ভাষায় লিখিবার আবেশ্যক নাই।—১৮৩৮ সালের ১০ আগস্টের সরকালর অর্ডর।—২৫৪ পৃষ্ঠা।

১৩৮। প্রধান সদর আমীন সদর আদালতের অকুমের রিটর্ণ নিরূপিত পাঠানুসারে উর্দু অথবা বাঙ্গলা ভাষায় লিখিয়া পাঠাইবেন্।—১৮৩৯ সালের ১০ সেপ্টেম্বরের সর্কুলর অর্ডর।—২৫৫ পৃষ্ঠা।

১৩৯। যথন সদর আদালত কোন অকুমনামা জারী হওনার্থ জিলার আদালতে পাঠান্
এবং যাহার প্রতি তাহা জারী করিতে হয় সেই লোক অনেক তত্ত্বে না মিলে কিয়া আপনাকে লুকায় এবং ঐ শুকুমনামা তাহার উপর জারী হইতে না পারে তথন ঐ জিলার
আদালতের কর্ত্বতা যে সেই শুকুমনামার নকলসমেত এক ইশ্ভিহারনামা এই মজমুনে
কাছারীতে সকল লোকের দৃষ্টি গোচর স্থানে লট্কান্ যে সেই লোক যদি নির্কাপত মিয়াদের মধ্যে হাজির না হয় এবং সেই শুকুমনামা না মানে তবে সদর আদালত সেই মোকদমা একতর্ফা বিচার ও নিষ্পান্তি করিবেন। ঐ ইশ্ভিহারনামা সেই লোকের বসত বাটীর
পুরদ্ধার অর্থাৎ সদর দরওয়াজায় কিয়া সেই লোক সে গ্রামে বাস করে তথায় অনেক
লোকের দৃষ্টিপাতের স্থানে লট্কান যাইবেক। পবে ঐ ইশ্ভিহারনামা যে রূপে জারী
হইয়াছে তাহার বৃত্তান্ত জিলার আদালত সদর আদালতে জানাইবেন।—১৭৯৩ সা। ৬
আ। ১৪ ধা।—২৫৫ পৃষ্ঠা।

১৪০। যদি জিলার আদালত এই মত জানান্ যে সেই লোক পলাইয়াছে কি তাহাকে মিলে না কি আপন হারে লুকাইয়াছে একারণ তাহার উপর ঐ জকুমনামা জারী হইল না এবং নিয়মানুসারে ইশ্তিহারনামা লটকান গিয়াছিল তবে সেই লোক হাজির হইয়া জকুমনামার অনুসারে কার্য্য করিলে সদর আদালত হেরুপে মোকদমার বিচার ও নিষ্পত্তি করিতেন সেইরুপে একতর্ফা বিচার ও নিষ্পত্তি করিবেন।—১৭৯৩ সা। ৬ আ। ১৫ ধা।—২৫৫ পৃষ্ঠা।

১৪১। সদর আদালত কলিকাতার সীমার বাহিরে যেরপে আপনার তকুমনামা জারী করিতে পারেন্ দেইরপে তাঁহ রা ক লকাতা শহরের সীমার মধ্যে তাহা জারী করিতে পারেন্ কিন্তু ঐ তুকুমনামা লিখিত হইবেক এবং তাহার নিক্ষা ভাগে কিয়া তাহার উপরে ইঙ্গ্রেজী ভাষায় তাহার এক তর্জনা দিতে হইবেক এবং সদর আদালতের এক জন জ্ঞা সাহেব তাহাতে দন্তখৎ করিবেন।—তৃতীয় জর্জের ৫৩ বর্ষীয় আইনের ১৫৫ অধ্যায়ের ১১৩ ধারা।—২৫৬ পৃষ্ঠা।

## প্রিসেপ্ট ও রিটর্ণের বিষয়ে নীচের লিখিত বিধান হইল।

প্রথম। সকল প্রিসেপ্ট ১। ২। ৩। ৪। ৫ নম্বরী পাঠানুসারে প্রন্তুত করিতে হইবেক। 
ঐ২ পাঠ মূল গ্রন্থের মধ্যে দেওয়া গিয়াছে।—১৮৩৫ সালের ৬ ফেকুআরির সরকুলের 
অর্জর।—২৫৬ পৃষ্ঠা।

দ্বিতীয়। প্রিনেপ্ট পাঠাওনের সকল ছকুমে লিখিতে হইবেক যে ঐ প্রিনেপ্টের রি-টর্নের আবশ্যক আছে কি না এবং যে মিয়াদের মধ্যে ঐ রিটর্ণ করিতে হইবেক তাহা। —১৮৩৫ সালের ৬ ফেব্রুআরির সরকালর অর্ডর।—২৫৬ পৃষ্ঠা।

তৃতীয়। সদর আদালতহইতে ঐ প্রিসেপ্ট পাঠাওনের তারিথঅবধি ঐ মিয়াদ গণ্য হইবেক।—১৮৩৫ সালের ৬ ফেবুআরির সরকালর অর্ডর।—২৫৬ পৃষ্ঠা।

চতুর্থ। ইহার পূর্বে প্রিসেপ্ট ও রিটর্ণের সঙ্গে যে রোয়দাদ পাঠান যাইত তাহার তারিথ ঐ প্রিসেপ্ট ও রিটর্ণে লেখা যাইত। কিন্তু উত্তর কালে ঐ প্রিসেপ্ট ও রিটর্ণ যে তারিথে পাঠান যায় সেই তারিথ তাহাতে থাকিবেক এবং অধীন আদালত আপনং রিটর্ণ নিরূপিত মিয়াদের মধ্যে পাঠাইবেন।—১৮৩৫ সালের ৬ ফেব্রুআরির সরক্যুলর অর্ডর।—২৫৬ পৃষ্ঠা।

পঞ্ম। সদর আদালতের কোন জন্ধ সাহেব প্রিসেপ্ট পাঠাওনের কোন চিঠাতে সহী করিলে পেশ্কারের উচিত যে এক কবকারী প্রস্তুত করিয়া ও তাহাতে দস্ত৺ করিয়া তাহা ও তাহার সঙ্গে যে সকল কাগন্ধপত্র পাঠাইতে হয় তাহা জন্ধ সাহেবের চিঠা সহীকর-ণের পর সাত দিবদের মধ্যে এক মুহুরীরের মার্ফতে প্রিসেপ্টের দস্তরের ইঙ্গরেজী কেরাণীর নিকটে পাঠান্। তাহার সঙ্গে যে কাগন্ধ পাঠান যায় তাহার ফিরিস্তি কবকারীর নিম্দে থাকিবেক এবং ঐ কাগন্ধপত্র ঠিক ও সম্পূর্ণ থাকনের বিষয়ে ঐ পেশ্কার দায়ী হইবেন।—১৮৩৫ সালের ৬ ফেব্রুআরির সর্কুলর অর্ডর।—২৫৬ পৃষ্ঠা।

ষষ্ঠ। প্রত্যেক ক্রবকারী যে তারিথে পঁছছে তাহা ইক্সরেজী কেরাণী তাহার উপর লি-থিবেন এবং তৎপরে প্রিদেপ্ট প্রস্তুত করিয়া তাহাতে রেজিইটর সাহেবের নহী করাইয়া লইবেন। তৎপরে তাহা নির্দিষ্ট বহীর মধ্যে লিখিবেন এবং সাধ্য হইলে তাহা সেই দিবসে পাঠাইবেন। যদ্যপি তৎপর দিবসে কিয়া তাহার পর কোন দিবসে তাহা পাঠান যায় তবে এ রুসীদের তারিখ বদলাইয়া যে দিবসে পাঠান যায় সেই দিবসের তারিখ তাহাতে দিবেন।—১৮৩৫ সালের ৬ ফেব্রুআরির সরক্যুলর অর্ডর।—২৫৬ পৃষ্ঠা।

সপ্তম। যে কর্মকারকের নিকটে ঐ প্রিসেপ্ট পাচান যায় তিনি যদি নিরুপিত মিয়া দের মধ্যে তাহার সম্পূর্ণ রিটর্ণ করিতে না পারেন্ তবে পশ্চাৎ লিখিত ৫ নমূরী পাচানুসারে সটিফিকট সহিত এক ক্রকারী পাচাইবেন এবং রিটর্ণ না পাচাওনের কারণ এবং সদর আদালতের প্রকৃম জারী করণার্থ আর কত দিন লাগিবেক তাহা ঐ ক্রকারীতে লিখিবেন।—১৮৩৫ সালের ৬ ফেকুআরির সরকালর অর্জর।—২৫৬ পৃষ্ঠ।

লিখিবেন।—১৮৩৫ সালের ও ফেব্রুআরির সরক্যুলর অর্ডর।—২৫৬ পৃষ্ঠ।
অফটম। ঐ রিটর্গ এবং দার্টিফিকট দদর আদালতে পঁছছিলে এবং তাহার পৃষ্ঠে
রীত্তিমত দস্তথং হইলে এবং তাহা বহীর মধ্যে লেখা গেলে বে জজ দাহেবের প্রিদেপট তাঁহার পেশ্কারের নিকটে প্রিদেপ্টের কেরাণী তাহা পাঠাইবেন এবং পেশ্কার তাহা পাওনের তারিখ তাহাতে টুকিয়া রীতিমতে জজ দাহেবের নিকটে তাহা দরপেশ করিবেন।
—১৮৩৫ দালের ৬ ফেব্রুআরির সরক্যুলর অর্ডর।—২৫৭ পৃষ্ঠা।

নবম। ঐ প্রিসেপ্টের মধ্যে যে মিয়াদ নিরুপিত হয় তাহা এবং পত্রের ডাকের দ্বারা তাহা যাইতে আদিতে যত দিন লাগে তত দিবদ অতীত হইলে পর যদি দটিফিকট ও রিটর্ণ না পাঁছছে অথবা বিলয়ের কারণ না দর্শান যায় তবে রেজিইর সাহেব তাহা না পাঠাওনের কারণ নিরুপিত মিয়াদের মধ্যে জানাইবার নিমিত্ত এক পত্র লিখিবেন। যদি সেই মিয়াদের মধ্যে কোন উত্তর না পাঁছছে তবে যে জজ সাহেব প্রিসেপ্ট পাঠাইলেন তাঁহাকে তাহা জানাইতে হইবেক এবং তিনি যথোচিত কর্ম্ম করিবেন।—১৮৩৫ সালের ৬ ফেব্রুআরির সর্কুলর অর্ডর।—২৫৭ পৃষ্ঠা।

দশম। যে কর্মকারকের দারা রিটর্ণ অথবা সটিফিকট পাঠান যায় ঐ সটিফিকটের সঙ্গে তিনি যে সকল কাগজ পাঠান্ তাহার এক ফিরিস্তি ক্রকারীর নিক্ষা তাগে লিখিবেন। —১৮৩৫ সালের ৬ ফেব্রুআরির সরক্যুলর অর্ডর।—২৫৭ পৃষ্ঠা। একাদশ। কোন প্রিসেপ্ট অথবা রিটর্ণের সঙ্গে যে সকল কাগজপত্র পাঠাইতে হয়

একাদশ। কোন প্রিদেপ্ট অথবা রিটর্ণের সঙ্গে যে সকল কাগজপত্র পাচাইতে হয় তাহা যদি এমত ভারী হয় যে পত্রের ডাকের দ্বারা তাহা পাচান যায় না তবে তাহা ডাক বাঙ্গীতে পাচাইতে হইবেক এবং যে মোকদ্দমা ও প্রিদেপ্ট অথবা রিটর্ণের সঙ্গে ঐ কাগজপত্রের সম্পর্ক থাকে তাহা লিখিয়া ঐ পুলিন্দার মধ্যে রাখিতে হইবেক। ঐ প্রিদেপ্ট অথবা রিটর্ণ এবং আদালতের ক্রকারী পত্রের ডাকের দ্বারা পাচাইতে হইবেক।—১৮৩৫ সালের ৬ ফেব্রুআরির সরক্যুলর অর্ডর।—২৫৭ পৃষ্ঠা।

দাদশ। যে সকল প্রিনেপ্টের রিটর্ণ ও পত্রের উত্তর পাঠাইবার মিয়াদ শেষ হইলে তাহা না পঁছছে তাহার এক ফিরিস্তি প্রিদেপ্টের কেরাণী প্রতি সপ্তাহের শেষে রেজিইর সাহেবকে দিবেন।—১৮৩৫ সালের ৬ ফেব্রুআরির সরকালর অর্ডর।—২৫৭ পৃষ্ঠা।

প্রিসেপ্ট ও রিটর্ণ ও সর্টিফিকটের ফিরিস্কি।

### ১১ ধারা।

অধস্থ আদালতের ক্রটি ও সদর আদালতের ছকুমের বাধকতা করণ কিয়া ছকুম না মানন।

১৪২। অধক্ আদালতের সাহেবেরা সদর আদালতের জকুমনামা পাইয়া যদি তাহা না মানেন্ কিয়া সদর আদালতের জকুমের বিষয়ে শৈথিলা করেন্ কিয়া মিথাা রিটর্ণ লেখেন্ তবে তাঁহারদিগকে সদর আদালতের সাহেবেরা সসপেও করিতে পারেন্। যদি সদর আদালত এইরপে কোন জজকে সসপেও করেন্ তবে তাঁহারদের কর্ত্তরা যে তাহার পর দশ দিবসের মধ্যে তাহার সমাদ প্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌল্যেলে দেন্ এবং তাহার হেতু বোধের নিমিত্ত রোয়দাদ ও জোবানবন্দী আদি কাগজপত্র যাহা আবশ্যক হয় তাহা প্রীযুতের হজুরে দাখিল করেন্ এবং সেই মোকদমাসম্পর্কায় যেহ কাগজপত্র ঐ প্রীযুত দৃট্টি কর্ণ উচিত জানেন্ ও চাহেন্ তাহাও দেন্।—১৭৯৩ সা। ৬ আ। ১৩ ধা।—২৬০ পৃষ্টা।

১৪৩। কোম্পানি বাহাদুরের চিছিত চাকর সাহেবদিগের কেহ কথন আদালতের সংক্রান্ত কোন কর্মা করিতে জানিয়া শুনিয়া শৈথিলা করিলে অথবা কোন গর্হিত কর্মো আসক হইলে সেই কুরুর্ম সদর আদালতে জাত করা গেলে কিয়া ঐ আদালতের সম্মুখে দাখিলহওয়া কাগজপত্রের দারা তাহা বুঝা গেলে তাহার বেওরা লিখিত হইয়া হজুর কৌন্দেলে চালান হইবেক। কিন্তু এক্ষণে তুকুম হইল যে ঐ আদালতসংক্রান্ত বিচারকের কেবল বুঝিবার ভ্রান্তিতে যদি সেই শৈথিলাদি ক্রটি হইয়া থাকে এবং তাহা সদর আদালত লম্মু অপরাধ জান করেন্ তবে ঐ সদর আদালত সেই অপরাধি ব্যক্তির উপদেশর নিমিত্ত তাহা তাঁহাকে জানাইবেন কিয়া তাঁহাকে চেতাইবেন।—১৮০১ সা। ২ আ। ৭ ধা।—২৬১ পৃষ্ঠা।

জিলার আদালতের কোন তকুম চিত্র বিধান অথবা ডিক্রীর বাধকতা ক্রিবার বিশ্ ষয়ে যে দও নিরূপণ আছে দদর আদালতের ওকুম কি বিধান বা ডিক্রীর বাধকতা করণের বিষয়ে সেই দও হইবেক। তাহার বৃত্তান্ত ৩ অধ্যায়ের ১২ ধারায় লেখা আছে।

#### ১২ ধারা।

## महत् याहानट्य फिकी।

১৪৪। সদর আদালতের ডিক্রী জারী হওন সময়ে যে জল্প বা জল সাহেবেরা উপস্থিত থাকেন্ তাঁহার কি তাঁহারদের দারা ভাহাতে দস্তথৎ হইবেক এবৎ রেজিফ্র সাহেবের দারা দহী হইবেক। এইরুপে দস্তথৎ ও সহী হওয়া ডিক্রীর নকল উভয় ব্যক্তিকে দেওয়া যাইবেক।—১৭৯৩ সা। ৬ আ। ২৮ ধা।—২৬১ পৃষ্ঠা।

১৪৫। জিলার আদালতের ডিক্রীর উপর আপীল হইলে যদ্যাপি সদর আদালতের দুই জন জজ সাহেব ক্রমিক ঐক্য হইয়া ঐ অধস্থ আদালতের ডিক্রী বা হুকুম অন্যথা বা রদ করেন্ তবে শেষ বৈঠকে যে জজ সাহেব ছিলেন তিনি তাহাতে দস্তখৎ করিবেন কিন্তু প্রথমকার জজ সাহেবের মত তাহার মধ্যে লিখিতে হইবেক।—১৮১৪ সা।২৫ আ।৮ ধা।—২৬২ পৃষ্ঠা।

১৪৬। ডিক্রী তৈয়ার করিবার এবং বাদিপ্রতিবাদিকে দিবার বিষয়ে ১৮১৪ সালের ইড আইনের ৮ ধারার ৮। ৯।১০ প্রকরণে জিলার আদালতের উপদেশের নিমিত্ত যে বিধি আছে তাহা সদর দেওয়ানী আদালতের ডিক্রীর বিষয়েও থাটিবেক।—১৮১৪ সা। ২৬ আ।৮ ধা।১১ প্রা—২৬২ পৃষ্ঠা।

১৪৭। যে মোকদমার উপর ইঙ্গলও দেশে আপীল হয় তাহাছাড়া অন্য দকল মোকদমাতে সদর দেওয়ানী আদালতের ডিক্রী চূড়ান্ত হইবেক।—১৭৯৩ সা । ৬ আ। ২৯ ধা।—২৬২ পৃষ্ঠা।

১৪৮। মুৎফরককা বিষয়ে দদর আদালতের দকল শুকুম চূড়ান্ত হইবেক। অভএব ১৭৯৭ দালের ১৬ আইনের দ্বারা যে প্রকার মোকদ্দমার আপীল ক্সিন্সীমতী মহারাণীর হজুর কৌন্দেলে হইতে পারে তাহাছাড়া অন্য প্রকার আপীল দদর আদালত গ্রাহ্য করি-বেন না।—১১০২ নম্বরী আইনের অর্থ।—২৬২ পৃষ্ঠা।

১৪৯। সদর আদালত অধস্থ আদালতের কোন ডিক্রী বহাল রাখিলে সেই ডিক্রীর সংখ্যার উপর সেই ডিক্রীর তারিখহইতে শতকরা মাসে ১ টাকার হারে সুদসমেত ডিক্রী করিবেন এবং আপীল অনর্থক দৃষ্ট হইলে আপেলান্টের জরীমানা করিবেন।—১৭৯৬ সা। ১৩ আ। ৩ ধা।—২৬২ পৃষ্ঠা।

১৫০। যদি ঐ জরীমানা তৎক্ষণাৎ না দেওয়া যায় তবে আদালতের ডিক্রী যেরূপে জারী হয় দেইরূপে তাহার টাকা উসুল হইবেক ।—১০৯৬ নমুরী আইনের অর্থ।—২৬২ পৃষ্ঠা।

#### ১৩ ধারাণ

#### महत्र मि उप्रांनी आहान एउत् फिक्की काही कर्ण।

১৫১। সদর দেওয়ানী আদালতের ডিক্রীমতে জমীদার কিয়া হজুরী তালুকদার কিয়া জানা ভূমাধিকারিদিগের যে টাকা দেনা হয় ঐ সদর আদালত জিলার আদালতেরে এমত তকুম দিতে পারেন্ যে তাঁহারদের ডিক্রীমতে ঐ টাকা উসুল করেন্।—১৭৯৩ সা। ৬ আ। ২১ ধা।—২৬৩ পৃষ্ঠা।

১৫২। ডিক্রী জারীর সকল দরখাস্ত সদর আদালতের এদেশীয় ডেপুটা রেজিন্টর লটবেন এবং রীতিমতে তাহা মোকাবিলা করিয়া জিলার আদালতে জারী হইবার নিমিত্ত পাঠাইবেন।—১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—

• ২৬১ পৃষ্ঠা।

১৫৩। ডিক্রী জারী করণের দরখান্তে ডেপুটী রেজিইটর যদি কোন দোষ দেখেন্
তবে ডিক্রীদার এবং তাহার উকীলের বিজ্ঞাপনের নিমিত্ত তাহা এক ক্রব্যারীতে লিখিবেন
এবং ঐ দোষ যাবং সংশোধিত না হয় তাবং ঐ ডিক্রী জারীর নিমিত্ত জিলার আদালতে
পাচাইবেন না। যদি ডিক্রী জারী করিতে কোন ওজর হয় তবে ডেপুটী রেজিইটর ঐ
ওজর সদর আদালতের উক্ত জজ সাহেবকে জানাইবেন।—১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৬৩ পৃষ্ঠা।

১৫৪। যথন জিলার আদালতের জজ দাহেব কোন ডিক্রী জারী না হওনের পূর্ক্বে তাহা ফিরিয়া পাঠান্ এবং তাহা জারী করিবার জন্য পুনর্কার দদর আদালতে দর্খাস্ত হয় তথন ঐ ডেপুটী রেজিফর উক্ত দর্খাস্ত সদর আদালতের উক্ত জজ দাহেবের নিকটে দাখিল করিবেন।—১৮৪২ দালের ২১ জানুআরির দদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।
—২৬৩ পৃষ্ঠা।

১৫৫। যে ব্যক্তির পক্ষে ডিক্রী হইয়াছে সেই ব্যক্তিছাড়া যদি অন্য কেই ডিক্রী জারী করণের দরখাস্ত করে তবে ডেপুটা রেজিউর তাহা সদর আদালতের উক্ত জজ সাহেবকে জানাইবেন।—১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৬৩ পৃষ্ঠা।

১৫৬। ডিক্রী জারী করণের পুনর্কার যে দরখাস্ত হয় তাহা ১৮৪১ সালের ১৭ আইনানুসারে ডেপুটী রেজিউরের নিকটে অর্পণ হইবেক। যদি ঐ ডিক্রী বারো বংশরের
অধিক কালের না হয় এবং পক্ষাস্তর ব্যক্তি তাহাতে কোন ওজর না করে তবে ডেপুটী রেজিউর ঐ দর্থাস্ত গ্রাহ্য করিবেন যদি ওজর হয় তবে তিনি সদর আদালতের উক্ত জজ
সাহেবকে তাহা জানাইবেন।—১৮৪২ সালের ১৫ আপ্রিলের সদর আদালতের বিধান
ও নিশ্ধারণ।—২৬৩ পৃষ্ঠা।

১৫৭। ১৫৮। সদর আদালতের কোন ডিক্রী জারী হইবার নিমিন্ত জিলার আদালতে পাঠান গেলে যদি ডিক্রীদারের উপযুক্তমতে একেলা দেওনের পর ঐ ডিক্রীদারের কসুরপ্রাক্ত ঐ মোকদমা ডিসমিস হয় তবে জিলার জজ সাহেব আপন ক্ষমতাক্রমে ঐ ডিক্রী জারীর মোকদমা পুনর্বার গ্রাহ্য করিতে এবং আপনার নথীর শামিল করিতে পারেন্ না। তিনি সদর আদালতের ঐ প্রিসেপ্ট ফিরিয়া পাঠাইয়া ইহা লিথিবনে যে সাধ্যপর্যন্ত ঐ ডিক্রী জারী করিয়াছি এবং সদর আদালতের হুকুমক্রমে যাহাহ করিয়াছেন তাহাও লিথিবেন। যদি ডিক্রীদার ঐ ডিক্রী জারী করিবার নিমিন্ত পুনর্বার দর্থান্ত করে তবে তাহাকে সদর আদালতে ঐ দর্থান্ত করিতে হুকুম হইবেক। তাহার দর্থান্ত করেবার এবং অধন্থ আদালতের লথীর শামিল করিবার হুকুম দিতে কেবল সদর আদালতের সাধ্য আছে।—১৮৩৮ সালের ৭ ডিসেয়রের সরক্যুলর অর্ডর।—২৬৩ ২৬৪ পৃষ্ঠা।

১৫৯। যখন ১৮১৪ সালের ২৬ আইনের ১৫ ধারার ৮ প্রকরণের লিখিত কোন গতিকে যে ব্যক্তির প্রতিকূলে ডিক্রী জারী করণের দরখান্ত হইয়াছে সেই ব্যক্তিকে সেই ডিক্রী জারী না করণের কারণ দর্শাইতে এত্তেলা দেওয়া যায় তখন ঐ এত্তেলা দিতে জিলাও শহরের জজ সাহেবের প্রতি প্রকুম হইবেক। যদি তাহাতে কোন ওজর না হয় তবে জিলার জজ সাহেব সদর আদালতে আর জিজাসা না করিয়া রীতিমতে ডিক্রী জারী করিতে পারেন্। যদি কোন ওজর হয় তবে জজ সাহেব আবশ্যকমতে তহকীক করিবেন এবং ঐ তহকীকে যাহা দৃষ্ট হয় তাহা সদর আদালতের প্রকুমের নিমিত্ত তথায় পাঠাইবেন এবং সদর আদালত প্রকুম না দেওয়াপর্যান্ত তাহা জারী স্থানত করিবেন।—১৮৪২ সালের ৮ জুলাইর সরকুলের অর্জর।—২৬৪ পৃষ্ঠা।

১৬০। সদর দেওয়ানী আদালতের ডিক্রী জারী করণের বিষয়ে যে প্রিসেপ্ট দেওয়া
য়ায় তাঁহার মিয়াদী রিটর্ণ প্রস্তুত করণেতে অনেক বিলম্ব ও ক্লেশ হইতেছে অতএব সদর আদালত তাহা এখন রহিত করিতেছেন।—১৮৪১ সালের ২ আপ্রিলের সরক্যুলর অর্ডর।
—২৬৪ পৃষ্ঠা।

১৬১। কিন্তু এই গুরুত্র কার্য্যে সদর আদালতের সাহেবেরা উচিত্মত তল্পাবাধারণ করিতে পারেন্ এনিমিত্ত তলুম হইল যে ঐ আদালতের জারী না হওয়া ডিক্রীর এক রিটর্ণ নিরূপিত পাঠানুসারে তৈয়ার হইয়া তিন্ধ মাসান্তরে পাঠান যায়। এবং ডিক্রী জারী করণের অনাবশ্যক বিলম্ব হইলে তাহা যে কর্মকারকের দোষে হইয়াছে ইহা সদর আদালত জাত হইতে পারিবার নিমিত্ত ঐ রিটর্ণের মধ্যে সম্পূর্ণ বেওয়া লিখিতে হইবেক।

—১৮৪১ সালের ২ আপ্রিলের সর্কুলের অর্ড্র।—২৬৪ পৃষ্ঠা।

১৬২। ১৮৪১ সালের ২ আপ্রিলের সরকালর অর্ডরে জারী না হওয়া ডিক্রীর তিনথ মাসীয় কৈফিরৎ পাঠাইতে জিলার জজ সাহেবেরদের প্রতি ছকুম ছিল সেই ছকুম প্রতিপালন করণের বিষয়ে তাঁহারদের প্রতি আরো শক্ত ছকুম হইতেছে এবং যে২ আদালতের ডিক্রী জারী করেন্ সেই২ আদালতের নাম সপষ্ট করিয়া লিথেন্।—১৮৪২ সালের ৬ মের সরকালর অর্ডর।—২৬৪ পৃষ্ঠা।

১৬৩। শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলের কোন ডিক্রী যদি জারী না হইয়া থা-কে তবে তাহার বিবরণও সেই তিন মাসীয় কৈফিয়তের মধ্যে লিখিতে হইবেক।—১৮৪১ সালের ২ আপ্রিলের সর্কুলের অর্ডর।—২৬৪ পৃষ্ঠা।

সেই ত্রৈমাসিক কৈফিয়তের পাঠ।

১৬৪। মিয়াদী রিটর্ণ রহিত করণের এবং তিনং মাদীয় রিটর্ণ পাঠাওনের উক্ত যে বিধি আছে তাহা প্রধান দদর আমীনের প্রতি পাঠান দদর আদালতের প্রিসেপ্টের বিময়েও থাটিবেক। ঐ প্রধান দদর আমীনেরা জিলার জজ সাহেবের নিকটে আবশ্যক
মতে বৃত্তান্ত জানাইবেন এবং তিনং মাদান্তরে যে ইঙ্গরেজী কৈফিয়ৎ পাঠাইবার হুকুম

আছে জল সাহেব তাহার মধ্যে তাহা লিখিবেন।—১৮৪১ সালের ১৬ জুলাইর সরকুলের অর্ডর।—২৬৬ পৃঠা।

১৬৫। ঐ সকল কৈফিয়ৎ উত্তমরূপে ও শীঘু প্রস্তুত করা যায় এই নিমিত্ত ডিক্রী জারীর মুজরীর এক রেজিইটরী বহী রাখিবেক এবং যে সকল ছকুম হইয়াছে তাহার খোলাদা এবং দেই ত্রকুমেতে কিং হইল তাহার বৃত্তান্ত দেই বহীতে লেখা থাকিবেক।—
১৮৪১ সালের ২০ আগন্টের সরকুলের অর্ডর।—২৬৬ পৃষ্ঠা।

### ১৪ ধারা।

## সদর আদালতের ডিক্রীর পুনর্ব্বিচার।

১৬৬। সদর আদালতের যে ডিক্রীর উপর শ্বীশ্রীমতী মহারাণীর হজুর কৌল্সেলে আপীল না হইয়া থাকে অথবা আপীল হইয়া যদি তাহার মিদিলের কাগজপত্র বিলায়তে না পাঠান গিয়া থাকে তবে ঐ ডিক্রীর পুনর্জিচারের নিমিত্ত তাঁহারদের নিকটে দরখান্ত হউলে যদি তাঁহারা উচিত বোধ করেন্ তবে সেই দরখান্ত মঞ্চুর করিতে পারেন্। এবং এইরূপ করিলে তাঁহারদিগের কর্ত্বব্য যে ঐ দরখান্ত মঞ্চুরকরণের হেতু আপনারদের ক্রেকারীর বহীতে লেখেন্ এবং নুতন সাক্ষ্য লওয়া কি না লওয়ার বিষয়েতে যাহা উচিত বুঝেন্ তাহার ত্রুম করেন্।—১৮১৪ সা। ২৬ আ। ৪ ধা। ৩ প্র।—২৬৬ পৃষ্ঠা।

১৬৭। যদি দদর আদালত ঐ দরখাস্ত নামপুর করেন্ এবং ঐ মোকদমা আপীলের যোগ্য হয় তবে ঐ নামপুরের দ্বারা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত আদালতে আপীল করণের প্রতিবক্ষক হইবেক না এবং ঐরূপ আপীল মপ্পুর করণের বিষয়ে চলিত আইনে যে বিধি আছে তদ্যে কার্য্য হইবেক।—১৮১৪ দা। ২৬ আ। ৪ ধা। ৪ প্র।—২৬৭ পৃষ্ঠা।

[ডিক্রীর পুনর্ক্সিচার করণের দরখান্তের ইন্টাম্পের বিষয়ি বিধি ৫ অধ্যায়ের ২১ ধারাতে পাওয়া ঘাইবেক।]

১৬৮। সদর আদালতের যে জজ বা জজ দাহেবেরা ডিক্রী করিয়া থাকেন্ দেই দাহেব কি দাহেবেরা ঐ মোকদমার পুনর্বিচারের দর্থান্ত গ্রাহ্যহওনের সময়ে ঐ আদালতের নিযুক্ত থাকিলে এবং ঐ দর্থান্ত গ্রাহ্য হওনের পর ছয় মাসপর্যান্ত ঐ মোকদমার বিচার করিতে এবং দেই বিষয়ের প্রকুম দিতে অপারক না হইলে ঐ আদালতের অন্য জজ বা জজ দাহেবেরা ঐ দর্থান্তের বিষয় বিবেচনা করিতে ক্ষমতা রাখিবেন না। কেননা উপরের লিখিত হুকুমের অভিপ্রায় এই যে যে দাহেব বা দাহেবেরা মোকদমা নিম্পত্তি করিয়া থাকেন্ দাধ্যানুদারে তাঁহার কি তাঁহারদের দ্বারা পুনর্বিচার হয়। কিন্ত যে মোকদমার উপর আর আপাল না হইতে পারে দেই মোকদমায় যদি এক জন জজ দাহেব তাঁহাকে অর্পণহওয়া ক্ষমতার অতিক্রম করিয়াছেন ভবে দেই মোকদমার বিষয়ে উপরের লিখিত নিয়ম সম্পর্ক রাখিবেক না। এইমত গতিকে ঐ মোকদমার নিম্পত্তি অসম্পূর্ণ এবং আইনবিক্ষম জান হইবেক এবং ঐ রূপ বেআইন হওন বিষয়ে যদি অধিক জজ দাহেবের সমতে হয় ভবে ঐ জজ দাহেবের। ১৮১৪ দালের ২৬ আইনের ৪ ধারা এবং ১৮২৫ দালের ২ আইনের ও ধারার নিয়মানুদারে পুনর্বিচারের দর্থান্ত মঞ্জুর করিতে পারেন্।—১৮২৫ সা। ২ আ। ৩ ধা।—২৬৭ পৃষ্ঠা।

১৬৯। সদর আদালতের দুই জন জজ সাহেব এক মোকদমা নিক্পান্তি করিলে এবং 
তাঁহারা দুই জন ঐ সদর আদালতে থাকিলে পুনর্মিচারের দরখান্ত উভয় সাহেবের হজুরে 
দরপেশ হইবেক। যদি দেই দরখান্ত গ্রাহ্য বা অগ্রাহ্য করণের বিষয়ে তাঁহারদের 
অনৈক্য হয় তবে যেপর্যান্ত সেই বিষয়ে সদর আদালতের অধিকাংশ জজের মত না পাওয়া যায় সেইপর্যান্ত ঐ আদালতের এক বা তভোধিক জজ সাহেবের নিকটে তাহা অর্পণ
হইবেক।—৭৫৬ নম্রী অর্থ।—২৬৮ পৃষ্ঠা।

- ১৭০। সদর আদালতের এক জন জজ দাহেবের দারা কোন মোকদমার নিষ্পাধি হইলে যদি তিনি পুনর্বিচারের দর্থান্ত নামপ্তুর করেন্ এবং তৎপরে যদি দেই দর্থান্ত মঞ্চুর করণের কোন উপযুক্ত কারণ না দেখেন্ তবে তাঁহার ঐ ছকুম চূড়ান্ত হইবেক। এবং ঐ জজ অনুপস্থিত হইলে এবং ছয় মাদের মধ্যে দিতীয় দর্থান্ত শুনিতে না পারিলে সদর আদালতের এমত সাধ্য নাই যে পুনর্বিচারের দর্থান্ত নামপ্তুর করণের ছকুম পুনর্বিচার করিতে অন্য জজ সাহেবকে ছকুম দেন্।—১৮২ নম্বরী আইনের অর্থ।—২৬৮ পৃষ্ঠা।
- ১৭১। সদর আদালতের দুই জন জজ দাহেব অধস্থ আদালতের ডিক্রী বহাল রাখি লেন। ঐ দুই জন জজ দাহেব তৎপরে পুনর্বিচারের দরখান্ত মঞ্কুর করিলেন। এক জন আদালত ত্যাগ করিয়া গেলেন অপর জজ উভয়ের করা ডিক্রী বহাল রাখিলেন তাহাতে দদর আদালত বিধান করিলেন যে ঐ থিতীয় জজ দাহেবের অকুম চূড়ান্ত হইবেক।—১৮৩ নম্বরী আইনের অর্থ।—২৬৮ পৃষ্ঠা।

## ১৫ ধারা।

#### সদর আদালতে খাস আপীল।

- ১৭২। প্রধান সদর আমীনের দারা নিম্পত্তিহওয়া সকল মোকদমার উপর জিলার জজ সাহেবের নিকটে আপীল হইতে পারিবেক এবং দিতীয় অর্থাৎ খাস আপীল সদর দেওয়ানী আদালতে হইবেক।—১৮৩১ সা। ৫ আ। ২৮ ধা। ২ প্র।—২৬৮ পৃষ্ঠা।
- ১৭৩। প্রথান সদর আমিনেরা আপনারদের ডিক্রী জারীক্রমে যে তকুম করেন্ তা-হার উপর জিলার জন্ধ সাহেবের নিকটে আপীল হইতে পারে এবং খাস আপীল সদর আদালতে হইতে পারে ।—১৮৩১ সা। ৫ আ। ২২ ধা।—২৬৮ পৃষ্ঠা।
- ১৭৪। ১৮১৪ সালের ২৬ আইনের ২ ধারা এবং ১৮১৭ সালের ১৯ আইনের ৭ ধারা এবং ১৮১৯ সালের ৯ আইনের ৩।৪।৫ ধারাতে থাস আপীল গ্রাহ্য হওনের বিষয়ে যে বিধি আছে তদনুসারে সদর আদালত কার্য্য করিবেন।—১৮২৫ সা।২ আ। ৪ ধা।২ প্র।—২৬৮ পৃষ্ঠা।
- ১৭৫। খাস আপীলের বিষয়ে জিলার আদালতের উপদেশের নিমিত্ত যে বিধি হই-য়াছেঁ তাহা সদর আদালতের খাস আপীলের বিষয়ে খাটিবেক। তাহা পঞ্চম অধ্যায়ের ১৬। ১৭। ১৮ ধারার মধ্যে পাওয়া যাইবেক।—২৬৯ পৃষ্ঠা।
- ১৭৬। খাস আপীল মঞুর হইলে বিচারার্থে মোকদ্দমা তৈয়ার করণের বিষয়ে জা-বেতামত আপীলের যে বিধি আছে সেই বিধির অনুসারে কার্য্য হইবেক।—১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৬৯ পৃষ্ঠা।
- ১৭৭। থাস আপীলের আরম্ভার সঙ্গে যে দলীলদন্তাবেজ দাখিল হয় তাহার বিষয়ে দাখিল করণের সময়ে কিছু রসুম দিতে হইবেক না :—৫৩৭ নম্বরী আইনের অর্থ।
  —২৬৯ পৃষ্ঠা।
- ১৭৮। থাস আপীলের দরখাস্ত মঞ্জুর হইলে আপীলহওয়া মোকদ্মার মিদিলে যে সকল আসল কাগন্ধপত্র কি নকল ছিল না তাহার উপর ছয় সপ্তাহের মধ্যে দস্তাবেজের যে রসুম আইনানুসারে দেয় হয় তাহা দিতে হইবেক।—১৮৪১ সালের ৭ মের সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৬৯ পৃষ্ঠা।
- ১৭৯। যদি রসুমের টাকা না দেওয়া যায় ভবে অন্যান্য কসুর হইলে যেরপ করা যায় সেইরপে এই স্থলেও করা যাইবেক।—৫৩৭ নম্বরী আইনের অর্থ।—২৬৯ পৃষ্ঠা।
- ১৮॰। ১৮৪৩ সালের ১ মে তারিখের পর কলিকাতা ও আলাহারাদের সদর দেও-য়ানী আদালতের অধীন দেওয়ানী আদালতস্কল স্থাবেতাম্ত আপীলক্রমে যে নিঞ্পত্তি

করিয়া থাকেন্ দেই নিষ্পত্তি যদি কোন আইনের বিরুদ্ধ অথবা আইনের তুলা প্রবল কোন ব্যবহারের বিরুদ্ধ কিয়া আদালতের কোন দন্তরের বিপরীত দৃষ্ট হয় অথবা আইনের বা দন্তরের কিয়া ব্যবহারের যে কোন নিয়মে উপযুক্ত সন্দেহ হইতে পারে এইমন্ত কোন নিয়মঘটিত হয় তবে দেই আপীলের নিষ্পত্তির উপর থাস আপীল সদর আদালতে হইতে পারে।—১৮৪৩ সা। ৩ আ। ১ ধা।—২৬৯ পৃষ্ঠা।

১৮১। জাবেতামত আপীলের দরখান্ত করণের যে মিয়াদ নির্দিন্ট আছে সেই মি-য়াদের মধ্যে যদি খাস আপীলের দরখান্ত উক্ত আদালতে দাখিল না হয় তবে তাহা গ্রাহ্য হইবেক না।—১৮৪৩ সা। ৩ আ। ২ ধা।—২৬৯ পৃষ্ঠা।

১৮২। এমত থাস আপীলের বিষয়ি প্রত্যেক দর্থান্তের সঙ্গে মোকদ্মাতে যুত ডিক্রী হইয়াছিল তাহার নকল দাখিল করিতে হইবেক।—১৮৪৩ সা। ৩ আ। ৩ ধা। —২৬৯ পৃষ্ঠা।

১৮৩। খাদ আপীলের দরখান্ত সদর আদালতে দাখিল হইলে তাহা খাদ আপোলট অথবা তাহার উকীল কিয়া মোখ্রারের দাক্ষাৎ ঐ আদালতের এক জন জজ দাহেব পাঠ করিবেন এবং ঐ জজ দাহেব আপন বিবেচনামতে ঐ মোকদমার মিদিলেই কোন কাগজপত্র তলব করিয়া পাঠ করিতে পারেন্ এবং দরখান্তের জওয়াব দেওনের নিমিত্ত পক্ষান্তর ব্যক্তিকে তলব করিতে পারেন্।—১৮৪৩ সা। ৩ আ। ৪ ধা।—২৬৯ পৃষ্ঠা।

১৮৪। যদি জজ সাহেব এইমত বোধ করেন্ যে এই আইনানুসারে খাদ আপীল গ্রাহ্য হইতে পারে তবে তিনি তদনুসারে তকুম দিবেন এবং বিচার্য্যের মূল বিষয় এক সার্টিফিকটের মধ্যে ইঙ্গরেজী ভাষায় লিখিবেন এবং তাহা দেশীয় ভাষায় তরজনা হই-বেক পরে ঐ আপীলের রীতিমত বিচার হইবেক। কিন্তু ঐ সার্টিফিকটের মধ্যে লেখা আইনের মূল বিষয় নিষ্পত্তি করণার্থ মোকদ্মার রোয়দাদের যে ভাগের আবশ্যক নাই।—১৮৪৩ সা। ৩ আ। ৫ ধা।—২৭০ পৃষ্ঠা।

১৮৫। যদি ঐ জজ দাহেবের বোধ হয় যে এই আইনানুসারে ঐ আপীল গ্রাহ্য হইতে পারে না তবে তিনি দরখান্ত নামঞ্জুর করিবেন এবং তাঁহার ঐ ছকুম চূড়ান্ত হটু-বেক।—১৮৪৩ দা। ৩ আ। ৬ ধা।—২৭০ পৃষ্ঠা।

১৮৬। উক্তমতে কোন খাদ আপীল গ্রাহ্য হইলে উক্ত দটিফিকটের মধ্যে বিচার্যা যে২ মূল বিষয় লেখা আছে দদর আদালতের সাহেবেরা কেবল তাহার বিচার করিবেন এবং ঐ মোকদ্দমার অন্য কোন বিষয় বা অংশের বিচার করিবেন না —১৮৪৩ সা। ৩ আ। ৭ ধা।—২৭০ পৃষ্ঠা।

১৮৭। কিন্তু যদি আপীলের বিশেষ হেতু ঐ সটিফিকটের মধ্যে অন্তন্ধ বা অসম্পূর্ণরু-পে লেখা গিয়া থাকে তবে সদর আদালতের সাহেবেরা তাহা শুদ্ধ করিতে পারেন্। কিন্তু সটিফিকটের মধ্যে যে মূল বিষয় লেখা থাকে কেবল তাহাই শুধরাইতে পারেন্ অন্য কোন নূতন বিষয় সটিফিকটের মধ্যে লিখিতে আদালতের সাধ্য নাই।—১৮৪৩ সা। ৩ আ।৮ ধা।—২৭০ পৃষ্ঠা।

১৮৮। বাঙ্গলাপ্রভৃতি দেশের চলিত আইনের মধ্যে খাদ আপীলের বিষয়ে যে দকল ছকুম এই আইনের বিরুদ্ধ নহে তাহা বলবৎ থাকিবেক।—১৮৪৩ দা। ৩ আ। ৯ ধা।—২৭০ পৃষ্ঠা।

১৮৯। আগামি ১ মে তারিখের পূর্বে খাস আপীলের যে সকল দর্থাস্ত গ্রীহ্য হইয়াছিল এই আইন জারী না হইলে তাহার যেরূপে বিচার ও নিম্পত্তি হইত সেইরূপে বিচার ও নিম্পত্তি হইবেক।—১৮৪৩ শা। ৩ আ। ১০ ধা।—২৭০ পৃষ্ঠা।

#### ১৬ ধারা।

প্রীক্রীমতী মহারাণীর হজুর কৌন্দেলে আপীল। মোকদ্দমার সংখ্যা। আপীলের মিয়াদ।

১৯০। সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তির উপর প্রাযুক্ত ইন্ধলণ্ডের বাদশাহের হন্তুর কৌন্সেলে আপীল হওনের বিষয়ে চতুর্থ উলিয়ম বাদশাহের চতুর্থ বৎসরের যে সকল বিধান ও ভকুম ও আইন হয় তাহা প্রীশ্রীমতী মহারাণী হন্তুর কৌন্সেলে ১০ আপ্রিল তারিখে রদ করিলেন।—প্রীশ্রীমতী মহারাণীর হন্তুর কৌন্সেলের ১৮৩৮ সালের ১০ আপ্রিল তারিখের বিধি।—২৭১ পৃষ্ঠা।

১৯১। পশ্চাৎ লিখিত তফদীলের নানা বিধান ও ছকুম ও আইন এত্রীএমতী মহারাণী হজুর কৌল্সেলে মঞ্চুর করিয়াছেন এবং তাহা সদর আদালতে চলন হইবেক।—এত্রীমতী মহারাণীর হজুর কৌল্সেলের ১৮৩৮ সালের ১০ আপ্রিল তারিখের বিধি।—২৭২ পৃষ্ঠা।

#### উক্ত उफमील।

১৯২। ১৮৩৮ সালের ৩১ ডিসেয়র তারিথের পর যে ডিক্রী বা ছকুমের উপর আপীল হয় সেই ডিক্রী বা ছকুমের তারিথের পর যদি ছয় মাসের মধ্যে আপীল না হয় এবং যদি বিরোধি বিষয়ের মূল্য ন্যুন সংখ্যা কোম্পানির দশ হাজার টাকা না হয় তবে ঐ আপীল গ্রাহ্য হইবেক না। ইহার পূর্বে আপীলের বিষয়ে যে পাঁচ হাজার পৌণ্ড ইর্লিসের সীমা নির্দিষ্ট ছিল তাহা ঐ তারিখঅবধি রদ হইবেক।—এএমহী মহারাণীর হজুর কৌন্সেলের ১৮৩৮ সালের ১০ আপ্রিল তারিখের বিধি!—২৭২ পৃষ্ঠা।

১৯৩। শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে আপীল সদর দেওয়ানী আদালতে গ্রাহ্য হইলে ঐ আদালতের সাহেবের। কৃষকারীতে ইহা লিখিবেন যে ঐ বিরোধি বিষয়ের মূল্য নিতান্ত দশ হাজার টাকা এবং ঐ কৃষকারীর সটিফিকটের দ্বারা ঐ মূল্যের চূড়ান্ত-রূপে নির্ণয় হইল এইমত জ্ঞান হইবেক।—শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলের ১৮৩৮ সালের ১০ আপ্রিল তারিখের বিধি।—২৭২ পৃষ্ঠা।

১৯৪। কিন্তু এই বিধানের এমত অভিপ্রায় নহে যে উক্ত সদর আদালতের ডিক্রী বা ত্বকুমে যে ব্যক্তি অন্যায়গ্রস্ত হয় সেই ব্যক্তি দরখাস্ত করিলে শ্রীশ্রমতী মহারাণীর হন্তুর কৌন্দোলে অন্য কোন নিয়মক্রমে এবং ঐ বিশেষ গতিকে অন্য যে কোন নিয়েধ ও হুকুম নির্দিষ্ট করা উচিত বোধ হয় ঐই নিয়মপ্রভৃতিক্রমে আপীলের দর্থাস্ত মঞ্বুর করিতে যে ক্ষমতা ও পরাক্রম আবহমান আছে তাহার ব্যাঘাত হইয়াছে।—শ্রীশ্রীমতী মহারাণীর হন্তুর কৌন্দোলের ১৮৩৮ সালের ১০ আপ্রিল তারিখের বিধি।—২৭২ পৃষ্ঠা।

১৯৫। সদর আদালতহইতে কাগজপত্রের নকল ইঙ্গলও দেশে পঁছছিলে কোর্ট অফ উত্তরেকটর্স সাহেবেরদের দ্বারা বিশেষরূপে নিযুক্ত কোম্পানি বাহাদুরের এক জন কর্মকারক তাহার সম্বাদ ক্লার্ক অফ দি কৌন্সেল সাহেবকে দিবেন এবং উভয় বিবাদির নাম এবং ডিক্রীর তারিখ তাঁহাকে জানাইবেন। ঐ এরেলা কৌন্সেল দম্ভরেতে রেজিফ্টরা হইবেক।
— শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলের ১৮৩৮ সালের ১০ আপ্রিল তারিখের বিধি।—
২৭৩ পৃষ্টা।

১৯৬। ঐ কাগজপত্রের নকল ইঙ্গলণ্ড দেশে কোম্পানি বাহাদুরের দক্তরখানায় অথবা কোর্ট অফ ভৈরেক্টর্স সাহেবেরা যে স্থান পদক্ষ করেন্ তথায় রাখা ঘাইবেক এবং বাদি প্রতিবাদিরদের মোখারেরা ইঙ্গা করিলে দেই কাগজ দেখিতে পারিবেন। এবং যে কর্মা কারকের জিম্মায় ঐ কাগজপত্র থাকে তাঁহার উচিত যে প্রকুম পাইলে ঐ কাগজপত্র প্রীশ্রীমতী মহারাণীর হজুর কোম্পেলের দাখিল করেন্।—গ্রীশ্রীমতী মহারাণীর হজুর কোম্পেলের ১৮৩৮ সালের ১০ আপ্রিল তারিখের বিধি।—২৭৩ পৃষ্ঠা।

১৯৭। ঐ কাগজপত্র পঁছছনের সম্বাদ রেজিন্টরী হওনের পর যদি তিন মাসের মধ্যে আপেলান্টের আপীলের দরখান্ত কৌল্লেলের দন্তরে দাখিল না হয় অথবা ঐ তারি-থের পর এক বৎশরের মধ্যে আপেলান্ট মোকদমা না চালায় তবে রেক্পাণ্ডেন্ট এমত দরখান্ত করিতে পারে যে ঐ মোকদমা না চালাওনপ্রযুক্ত ডিসমিস হয়। যদ্যপি ঐ রেজিন্টরী হওনের পর এক বৎশরের মধ্যে রেক্পাণ্ডেন্ট মোকদমা না চালায় তবে আপেলান্ট এইমত দরখান্ত করিতে পারে যে তাহার একতর্ফা ডিক্রী হয়।—শ্রীপ্রীমতী মহারাণীর হজুর কৌল্লেলের ১৮৩৮ সালের ১০ আপ্রিল তারিখের বিধি।—২৭৩ পৃষ্ঠা।

১৯৮। সদর দেওয়ানী আদালতের ডিক্রীর উপর প্রীশ্রীমতী মহারাণীর হন্ধুর কৌন্সেলে ঘাহারা আপীল করিতে চাহে তাহারা ঐ ডিক্রীর দম্ভখতী নকল বিনা ঐ আদালতে আপনারদের আপীলের আর্রন্ধী দাখিল করিতে পারে।—১৮১৪ সা। ২৬ আ। ৮ ধা। ৬ প্র।—২৭৪ পৃষ্ঠা।

১৯৯। যে দকল ব্যক্তিরা দদর আদালতের ডিক্রীর উপর এএমির্হা মহারাণীর হজুর কৌলেলে আপীল করিতে চাহে যদ্যপি শর্চাছাড়। মোকদমার মূল্য দশ হাজার টাকা হয় তবে ডিক্রী হওনের পর ছয় মাদের মধ্যে তাহারা নিজে অথবা তাহারদের উকীল আপীলের আর্জী দাখিল করিবেন। পরে দদর আদালতে তাহা গ্রাহ্য হইবেক এবং যেমত ছকুম আছে দেইমত কার্য্য হইবেক।—১৭৯৭ সা। ১৬ আ। ২ ধা।—২৭৪ পৃষ্ঠা।

- ২০০। যেই মোকদমার উপর এইরপ আপীল হইতে পারে তাহা নির্ণয় করণার্থ জকুম হইল যে ফি পৌও ফর্লিঙ্গ চলন ১০ টাকার হিসাবে ১০০০ পৌও ফর্লিঙ্গ কোম্পা-নির দশ হাজার টাকা জান হইবেক। এবং যে মোকদমার আপীল ঐ হজুরে হয় সেই মোকদমা ভূমির কিয়া নগদ অথবা জিনিস যাহার হউক ভাহার সংখ্যা ও মুল্যের নির্ণয় যেমতে মোকদমার মুল্য নির্ণয় হয় সেইমতে করা যাইবেক।—১৭৯৭ সা। ১৬ আ। ৩ ধা।—২৭৪ পৃষ্ঠা।
- ২০১। জ্বীজ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে যে মোকদমার আপীল হইতে পারে দেই মোকদমাতে যদি কোন ব্যক্তি সদর দেওয়ানী আদালতের ডিক্রীতে নারাজ হইয়া পুনর্কিচারের দরখাস্ত করে তবে ঐ দরখাস্ত যত কাল মুলতবী থাকে তত কাল আপীলের নির্কাপত মিয়াদহইতে বাদ দিতে আপন হক বলিয়া দাওয়া করিতে পারে না। কিন্ত কোন ব্যক্তি পুনর্কিচারের দরখাস্ত করিলেও আপীলের মিয়াদ রক্ষা করিবার জন্য তৎসমকালীন আপীলের দরখাস্ত আদালতে দাখিল করিতে পারে। এইমত গতিকে তাহার উচিত যে আপনার আপীলের আরজীর মধ্যে এই কথা লেখে যে পুনর্কিচারের দরখাস্ত করিয়াছি এবং তাহা অদ্যাপি মুলতবী আছে এবং যদি তাহা বিফল হয় তবে আপীল করিব।—১৮৪২ সালের ১৭ জুনের সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৭৪ পৃষ্ঠা।
- ২০২। আপীলের দরখান্ত সিরিশ্তায় দাখিল হইলে খরচার জামিনীর মাতবরীর তহকীক করণের হুকুম হইবেক। যদি পুনর্বিচারের দরখান্ত নামঞ্জুর হয় তবে কাগজপত্র তরজমা করণের হুকুম হইবেক এবং আপীল রীতিমত চলিবেক।—১৮৪২ সালের ১৭ জুনের সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৭৫ পৃষ্ঠা।

## ১৭ ধারা।

এ এ এর মহারাণীর হজুর কৌন্সেলে আপীল। খরচার ও ডিক্রী জারী কিয়া স্থানিত করণের জামিনী।

২০৩। প্রীলপ্রীযুক্ত ইঙ্গলণ্ডের বাদশাহের হজুর কৌন্দেলে আপীল হইলে যে ব্যক্তির পক্তে ডিক্রী হইয়াছিল তাহার স্থানে সদর আদালত জামিন লইয়া ডিক্রী জারী করিতে ছকুম দিতে পারেন্ অথবা পরাজিত ব্যক্তির স্থানে সেইরপে জামিন লইয়া আপীল থাকন সময়ে ডিক্রী জারী স্থণিত করিতে পারেন্। কিন্তু সকল গতিকে আপেলান্টের স্থানে যত টাকার থরচার জামিন লওয়া বিবেচনায় আইনে ডাহার এবং চূড়ান্ত ডিক্রী মানিবার অর্থে দদর আদালত জামিন লইবেন। ঐ জামিন দেওয়া গেলে মোকদমার আপীল মঞ্জুর হইয়াছে আদালত এমত দয়াদ দিবেন এবং জ্ঞীজীমতী মহারাণীর হজুর কৌন্সেলে সওয়াল ও জওয়াব করিবার নিমিত্ত উদ্যোগ করিতে আপেলাট ও রেস্পাণ্ডেটকে হুকুম করিবেন।—১৭১৭ সা। ১৬ আ। ৪ ধা।—২৭৫পৃষ্ঠা।

২০৪। আপীলের দর্থান্তের সঙ্গে খরচার জামিন আপেলান্টের দিতে হইবেক। আপীল করণের নিরুপিত মিয়াদ শেষহওনের পূর্বে জামিনী বিনা আপীলের দর্থান্ত দাধিল করিলে ঐ মিয়াদ সম্পর্কে আপীল করণের অধিকার আপেলান্টের থাকিবেক না।
—১৭৯৮ সা। ২ আ। ১০ ধা।—২৭৫ পৃষ্ঠা।

২০৫। যথন জ্ঞীলজ্ঞীযুক্ত বাদশাহের হজুর কোন্সেলে আপীল হইয়াছে তথন সেই মোকদমা চালাওনেতে যে সকল থরচা হইতে পারে তাহার জামিনীপত্র আপীলের আর-জীর সঙ্গে দাখিল করিতে হইবেক। যে ডিক্রীর উপর আপীল হয় তাহার তারিখের পর ছয় মাসের মধ্যে জামিনী দিতে হইবেক। না দিলে আপেলান্টের আপীলকরণের অধিকার থাকিবেক না। দশ হাজার টাকার মালজামিন দিতে হইবেক। পরে তাহা উপযুক্ত ও মাতবর কি না ইহা তহকীক করণার্থ জিলার জজ্ঞ দাহেবের নিকটে পাঠান যাইবেক। জিলার জ্ঞা সাহেবের নিকটে এ মালজামিনের মাতবরীর প্রমাণ দিবার নিমিত্ত আপেলান্টকে ছয় মাস মিয়াদ দেওয়া যাইবেক। ছয় মাস অভীত হইলে আপেলান্ট হদি সদর দেওয়ানী আদালতের এমত ছয়োধ করিতে না পারে যে এ জামিন মাতবর তবে তত্ত্বলা নগদ টাকা অথবা প্রোমিসরি নোট তাহার আমানৎ করিতে হইবেক যদি তাহার পরে তিন মাসের মধ্যে আমানৎ না করে তবে আপীল করণের অধিকার থাকিবেক না।—১৮৪১ সালের ২৪ ডিসেয়বের সদর আদালতের বিধান ও নিশ্ধারণ।—২৭৬ পৃষ্ঠা।

২০৬। আপীলের আরজীর সঙ্গে কিয়া যে ডিক্রীর উপর আপীল হয় তাহার তারি-থের পর যদি ছয় মাদের মধ্যে খরচার নিশা করণের জামিনীপত্র দাখিল না হয় এবং যদি আপোলান্ট উক্ত ছয় মাদ মিয়াদের মধ্যে আপীলের মিয়াদ অতীত হওনের তারিখের পর তিন মাদের মধ্যে জামিনীর তুলা নগদ টাকা কি কোম্পানির প্রোমিসরি নোট আমানৎ করিতে দর্খাস্ত না করে তবে তাহার আপীল নথীহইতে উঠান ঘাইবেক। যদ্যপি ঐ আপোলান্ট টাকার জামিন দিবার অনুমতির দরখাস্ত করে তবে পূর্বোক্তমত হিসাব করা আর তিন মাদ মিয়াদ তাহাকে দেওয়া ঘাইবেক। যদ্যপি সেই মিয়াদের মধ্যে টাকা দাখিল না হয় তবে আপীল করণের অধিকার থাকিবেক না।—১৮৪২ সালের ১৫ জুলাইর সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৭৬ পৃষ্ঠা।

২০৭। যদ্যপি জামিনী মঞ্জুর হওনের পর মাতবর নহে দৃষ্ট হয় তবে আপেলাউকে তিন মাদের মধ্যে জন্য মাতবর জামিনী দাখিল করিতে ছকুম হইবেক। তিন
মাদের মধ্যে জামিন না দিলে জামিনীর সংখ্যার টাকা তৎপরে তিন মাদের মধ্যে আমানৎ করিতে ছকুম হইবেক। তাহা না করিলে আপেলান্টের দ্রখান্ত নথীহইতে উঠান যাইবেক এবং আপীল করণের অধিকার থাকিবেক না।—১৮৩৬ সালের ৩০ ডিসেম্রের
সদ্র আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৭৬ পৃষ্ঠা।

২০৮। আপেলান্ট যে জামিনীর প্রস্তাব করে তাহার তহকীককরণার্থ জিলার আদালতে পাঠান গিয়া থাকে। ঐ তহকীক করণার্থ ছয় মাস মিয়াদ দেওয়া যায়। এবং সেই
বিষয়ে ক্রমিক যাহাথ হয় তাহার মিয়াদী রিটর্ণ সদর আদালতে পাঠান গিয়া থাকে।—
১৮৪২সালের ২৫ ফেব্রুআরির সরকুরার অর্জন।—২৭৬ পৃষ্ঠা।

২০৯। এই নিয়ম মতান্তর হইল। উত্তর কালে মিয়াদী রিটর্ণ করণের আবশ্যক নাই ছয় মানের শেষে কিয়া তাহার পূর্বে সম্পূর্ণ রিটর্ণ করিতে হইবেক। কিন্ত যেপর্যান্ত কর্মা দিছ্ক হইয়াছে তাহার এক রিপোর্ট নিয়মিত পাঠানুসারে ইঙ্গরেরাও এদেশীয় ভাষায় তিন মানে দিতে হইবেক।—১৮৪২ সালের ২৫ ফেব্রুআরির সরকালর অর্জন।—২৭৬ পৃষ্ঠা।

- ২১০। ঐ তহকীক যত শীঘু সমাপ্ত হইতে পারে তত শীঘু করিতে অধস্থ আদালতেরদিগকৈ তকুম হইল কিন্তু তাঁহারা ছয় মাদের অধিক বিলম্ব কথান করিবেন না। ছয় মাদের
  মধ্যে রিটর্ণ না করিলে নয়। জিলার জজ সাহেবের ঐ মিয়াদ বাড়াইবার কোন ক্ষমতা
  নাই। যদি এই বিষয়ে কোন দর্থান্ত হয় তাহা সদর আদালতে গুজরাইতে হইবেক।
  যদি নিরুপিত মিয়াদের মধ্যে তহকীক সাঙ্গ না হয় তবে জজ সাহেব তাহার কারণ সদরে
  জানাইবেন এবং যে ব্যক্তির ক্রটিতে তাহা সমাপনের ব্যাঘাত হইয়াছে তাহার নাম সপষ্ট
  করিয়া লিথিবেন।—১৮৪২ সালের ২৫ ফেব্রুআরির সরক্রলর অর্ডর।—২৭৭ পৃষ্ঠা।
- ২১১। কিন্তু ছর মাদের মধ্যে যে বিটর্ণ করিতে হয় তাহ। পাঠাওনের পর নাজির অথবা অন্য যে আমলার প্রতি ঐ তহকীক করণের ভার অর্পণ হইয়াছিল তিনি যে কোন কার্য্যের বিবরণ অথব। রিপোর্ট জিলার আদালতে দাখিল করেন্ তাহা দদর আদালতে পাঠাইতে নিষেধ নাই।—১৮৪২ দালের ২৫ ফেব্রুআরির সরক্যুলর অর্বর।—২৭৭ পৃষ্ঠা।
- ২১২। প্রীযুক্ত ইঙ্গলণ্ডের বাদশাহের হজুর কৌল্সেলে মৌকদমার আপীল হইলে যে সদর পত্তনি তালুকের বিষয়ে কোন আপত্তি নাই এমত তালুকে ঐ পত্তনিদারের যে লাভ আছে তাহা উপযুক্ত জামিনীর ন্যায় জ্ঞান হইতে পারে।—১০০৪ নমূরী আইনের অর্থ।—২৭৭ পৃষ্ঠা।
- ২১৩। শ্রীশ্রীমতী মাহারাণীর কৌন্সেলের হজুরে আপীলের বাবং কোর্ট অফ ডৈরেক্টর্স দাহেবেরা যাহা থারচ করিয়া থাকেন্ তাহা ফিরিয়া পাইবার নিমিত্ত দরকারী উকীল
  যে২ মোকদমায় দরকার বাদী বা প্রতিবাদী হন্ দেই২ মোকদমায় যেরপ কর্ম করেন্ তদনুসারে মফঃদল আদালতে উদ্যোগ করিবেন।—১৮৩৭ দালের ২৯ দেপ্টেম্বের দদ্র
  আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৭৭ পৃষ্ঠা।
- ২১৪। সুপ্রিম কোর্টের ডিক্রার উপর প্রীযুক্ত বাদশাহের হজুর কৌশেলে আপীল
  \* ছইলে এবং ঐ হজুর কৌল্সেলহইতে খরচা দেওনের গুকুম হইলে যদি ঐ খরচার বিহয়ে
  ইঙ্গলণ্ড দেশে মোখ্যারেরা বন্দোবস্ত না করেন্ এবং যদি তাহা এদেশে আদায় হয় তবে
  সময়েং বাজার ভাওঅনুসারে তাহা ইঙ্গলণ্ড দেশে পাঠান ঘাইবেক।—১৮৩৭ সালের ১১
  জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৭৭ পৃষ্ঠা।
  - ২১৫। কোর্ট অফ ডৈরেক্টর্স দাহেবের। যে খরচা দিয়াছেন ভাহার উপর যদি সুদের দাওয়া হয় তবে সরকারী উকাল প্রভাক গতিকে যে সুদের দাওয়া করেন্ তাহার হার জানাইবেন এবং পক্ষান্তর ব্যক্তির ঐ দাওয়ার বিহয়ে কোন ওজর থাকিলে তাহা জানাইতে পারেন্।—১৮৩৯ দালের ৫ জুলাইর সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৭৭ পৃষ্ঠা।
- ২১৬। প্রীযুক্ত ইঙ্গলও দেশের বাদশাহের হলুর কৌলোলে আপীল হইলে অন্যান্য আপেলান্টেরদের সেরপ মালজামিন দিতে হয় সেইরপে পাপর আপেলান্টেরো জামিন দিতে হইবেক অর্থাৎ আদল খারচার বাবৎ পাঁচ হাজার টাকা এবং কোট অফ ডৈরেক্টর্স দাহেবেরদের আক্ট পার্লিমেন্টের অনুযায়ি আপেলান্টের তর্ফে আপীল নির্কাহ করিত হইলে তাঁহারদের যে খারচা লাগিবেক ভাহার বাবৎ আর পাঁচ হাজার টাকা।—১০৩২ নম্বরী আইনের অর্থ।—২৭৮ পৃহা।
- ২১৭। প্রতিযোকদমার থরচার দরণ আপেলান্টের যে জামিন দিতে হইবেক তাহা ২৫,০০০ কোম্পানির টাকায় নিরূপণ হইল।—১৮৪২ সালের ২৫ নবেম্বরের সদর আদালতের বিধান ও নির্দারণ।—২৭৮ পৃষ্ঠা।
- ২১৮। প্রীপ্রীমতী মহারাণীর হজুর কৌলেলে যে মোকদমার আপীল হয় দেই মোকদমার থরচার জামিনস্থরপ কোম্পানির প্রোমিসরি নোট দাখিল হইলে দেই নোটের বাজারে সময়ক্রমে যে যুলা হয় সেই যুলো গ্রহণ হইবেক।—১৮৪২ সালের ২৫ নবেম্বরের সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৭৮ পৃষ্ঠা।
  - ২১৯। যোত্রহীনের ন্যায় যাহারা জ্ঞজীয়তী মাহারাণীর হজুর কৌন্সেলে আপীল করে

তাহারদের দরখান্ত দুই টাকা মূল্যের ইফ্টাম্প কাগজে লেখা ঘাইবেক।—১৮৪১ সালের ১৫ আপ্রিলের সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৭৮ পৃষ্ঠা।

২২০। আপীলেতে যে খর্চা হইতে পারে তাহার বাবৎ এবং ডিব্রুনী মানিবার বাবৎ ধাদি পাপর জামিন না দের ডবে জ্ঞীমতী মহারাণীর হজুর কোন্সেলের হজুরে যে আপীল করে তাহা মঞ্জুর হইবেক না।—১৮৩১ সালের ১৫ আপ্রিলের সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৭৮ পৃষ্ঠা।

২২১। বিশেষ কারণ হইলে দদর আদালত আপেলান্টের স্থানে জামিন লইয়া বিরোধি বন্ধ তাহার ভোগদখলে রাখিতে পারেন্।—১৮০৮ দা। ১৩ আ। ১১ ধা। ৩ প্র। —২৭৮ পৃষ্ঠা।

#### ১৮ ধারা।

শীশীমতী মহারাণীর হজুর কোন্সেলে আপীল। কাগদ্ধপত্র প্রের্ণ কর্ণ। ডিক্রী দ্বারী।

২২২। কোম্পানি বাহাদুরের কোন আদালতহইতে যে আপীল এ এমতী মহারাণীর হজুর কৌন্দেলে হয় তাহার কোন কার্য্যসম্পর্কার বা তাহা চালাইবার নিমিত্ত যে কাগজ-পত্রের নকলের আবশ্যক হয় তদ্বিময়ে ইফ্টাম্পের মাসুল কি উপস্থিত রসুম দিতে হইবেক না দে১৮৩৯ দা। ১১ আ। দে২৭৮ পৃষ্ঠা।

২২০। প্রীপ্রমতী মহারাণীর হজুর কৌলোলে যে আপীল হয় তাহা সদর আদালত মঞ্জুর করিলে সেই মোকদমাসম্পর্কীর ডিক্রী কিয়া ভকুমের রোয়দাদ ও সাক্ষিগণের জোবানবন্দী ও নিদর্শনী লিখন এদেশীয় চলন ভাষায় থাকিলে তাহার তরজমা ইপ্রেজীতে করাইয়া তাহার দুই প্রস্থ নকল ইপ্রলণ্ডের হজুর কৌল্যেলে পাচাইবার নিমিত্ত প্রীয়ুত গবর্মর বাহাদুরের হজুর কৌশেলে দাখিল করিবেন। এবং আপোলাট ও রেসপাণ্ডেট সেই কাগজপত্র নকল করিবার খরচ দিতে স্বীকার করিলে আদালতের রেজিইটর সাহেব তাহারদের দরখাস্তমতে সেই কাগজপত্রের নকল করাইবেন। এবং যাবৎ তাহারা খরচ না দেয় তাবৎ তাহারা নকল পাইবেক না এবং তাহারা যে টাকা দেয় তাহা সরকারে জমা হইবেক এবং সরকারইতে খরচ দিয়া আদৌ সেই নকল তৈয়ার করা ঘাইবেক।—১৭৯৭ সা।১৬ আ। ৫ ধা।—২৭৯ পৃষ্ঠা।

২১৪। যে ডিক্রীর উপর প্রীপ্রীয়তী মহারাণীর হজুর কৌন্সেলে আপীল হয় তাহা যদি কোন আইনানুসারে ক্রুইয়া থাকে কিয়া ঐ ডিক্রীর মধ্যে কোন আইনের প্রস্তাব লেখা গিয়া থাকে তবে সেই আইন সমুদয়ের কিয়া তাহার আবশ্যক ভাগ নকল হইয়া ঐ মোকদমার যে রোয়দাদ প্রীযুক্ত বাদশাহের হজুর কৌন্সেলে পাঠান যায় কি উভয় বিবাদিকে দেওয়া যায় ঐ নকল তাহার শামিলে রাখা যাইবেক।—১৭৯৭ সা। ১৬ আ। ৬ ধা।—
২৭৯ পৃষ্ঠা।

২২৫। কিন্তু এই প্রকার আপীলের বিষয়ে যে আক্ট পার্লিমেন্ট হইয়াছে তদনুযায়ি এই আইনের বিরুদ্ধে কোন আপীল মঞ্জুর করিতে কি নামঞুর করিতে প্রীযুক্ত ইঙ্গলণ্ডের বাদশাহের হজুর কৌন্সেলে যে ক্ষমতা আছে এই আইনের দ্বারা তাহার কিছু
হানি হইয়াছে এমত বোধ করিতে হইবেক না।—১৭৯৭ সা। ১৬ আ। ৭ ধা।—২৭৯
পৃষ্ঠা।

২১৬। শুশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে আপীল হইলে ১৭৯৭ সালের ১৬ আইনের ৫ ধারায় যে কাগজপত্রের বিষয় লিখিত আছে কেবল তাহারি তর্জমা হইবেক।
—১৮৪০ সালের ও জুলাইর সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৭৯ পৃষ্ঠা।

২২৭। জ্রীজীমতী মহারাণীর হজুর কৌল্সেলে আপীলহওয়া মোকদমার কাগজপত্র যদি তরজ্জমা করিতে হয় তবে যে কাপজপত্রের তরজমা হইবেক তাহার এক ফিরিস্তি রেজিউইর সাহেব প্রস্তুত করিবেন এবং তাহার দুই নকল দদর আদালতের জজ সাহেবকে দিবেন এবং তিনি একং নকল উভয় বিবাদির উকীলকে দিয়া গুকুম করিবেন যে ঐ ফিরি-স্তিতে যদি তাহারদের কোন ওজর থাকে তবে তাহা জানাউক অথবা যদি অন্য কোন কাগজপত্র তাহারদের তর্জমা করিয়া পাঠাইবার ইচ্ছা থাকে তবে তাহা জানায় —১৮৪০ সালের ৩ জুলাইর সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ ।—২৮০ পৃষ্ঠা।

২২৮। ঐ প্রকার আপীলহওয়া মোকদমার যে কাগজপত্র তর্জমা করণের আবশ্যক হয় তাহার ফিরিস্তি প্রস্তুত করিবার নিমিত্ত এক মাদ দেওয়া ঘাইবেক অধিক কাল দেওয়া ঘাইবেক না।—১৮৪২ সালের ৬ মের সদর আদালতের বিধান ও নির্দারণ।—২৮০ পৃষ্ঠা।

২২৯। যদ্যপি ঐ কাগজপত্র ইঞ্চলণ্ডে পাঠান গেলে পর উভর বিবাদী রফানামা দা-থিল করে তবে ঐ আপীল নথীহইতে উঠাইবার নিমিত্ত তাহার তরজমা হইয়া রীভিমতে ইঞ্চলণ্ড দেশে প্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌল্যেলে পাঠান ঘাইবেক।—১৮৩৪ দালের ২ জানুস্মারির দদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৮০ পৃষ্ঠা।

২০০। কিন্তু যদি সেই কাগজপত্র ইঙ্গলণ্ড দেশে পাঠান যায় নাই তবে ঐ রফানামা সদর আদালতে গ্রাহ্য হইতে পারে।—১৮৩৪ সালের ২ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৮০ পৃষ্ঠা।

২৩১। যথন কোন ডিক্রী ইঙ্গলও দেশের হজুর কোন্দেলহইতে পঁছছে তথন যে জিলার মধ্যে ঐ মোকদমার হেতু হইয়াছিল দেই জিলার জজ দাহেবের নিকটে তাহা জারী হওনার্থ পাঠান যায় এবং তাঁহাকে এইমত তকুম দেওয়া গিয়া থাকে যে আদালতের ডিক্রী জারী করণের নিমিত্তে যে বিধি আছে দেই বিধির অনুসারে সামান্তঃ ঐ ডিক্রী জারী করেন্। এবং ঐ জিলার জজ দাহেবের ত্বকুমে যাহারা নারাজ হয় তাহারা রীতিমতে আপীল করিতে পারে।—১০৬৬ নম্রী আইনের অর্থ।—২৮০ পৃষ্ঠা।

২৩২। ২৩৩। কিন্তু প্রীলগ্রীযুক্ত বাদশাহের হজুর কৌলেলের কোন একটা বিশেষ ডিক্রীর বিষয়ে এমত অনুভব হইল যে সদর আদালতের ডিক্রী হওনের পূর্ব্ধে বাদিপ্রতিবাদিরা যে অবস্থায় ছিল সেই অবস্থায় তাহার্দিগকে রাখিতে হইবেক। অতএব ডিক্রীদার সদর আদালতের হুকুমক্রমে যে সকল ওয়াদিলাৎ ফিরিয়া দিয়াছিল তাহা এবং তৎপরে যত কাল বেদগল ছিল তত কালের ওয়াদিলাৎ ও তাহার সুদ এবং সদর দেওয়ানী আদালতের আপীলের খরচা রেস্পাণ্ডেন্টের স্থানে নূতন মোকদমা না করিয়া ফিরিয়া পাইতে পারে। এবং ঐ ডিক্রী জারী করণেতে দেই ওয়াদিলাৎ তাহাকে দেওয়াইতে জিলার আদালতের ক্ষমতা আছে।—১০৬৬ নমুরী আইনের অর্থ।—২৮০ পুষা।

## ১৯ ধারা।

## সদর আদালতের আয়লা।

২৩৪। কোম্পানির চিহ্নিত চাকরভিন্ন অন্য কোন ব্যক্তিকে আলাহাবাদ ও কলিকাতার সদর আদালত ডেপুটা রেজিফরী অথবা আদিফাল রেজিফরী কর্মে নিযুক্ত করিতে পারেন্। ঐ আদালতের রেজিফর সাহেব যে২ কর্মা করিয়া থাকেন্ তাহার কোন২ কর্মা ঐ ডেপুটা রেজিফরকে অর্পণ করিতে পারেন্।—১৮৪০ সা। ৭ আ।—২৮১ পৃষ্ঠা।

২৩৫। ডেপুটী রেজিইর সকল সরকুলর অর্ডরে দহী করিবেন এবং ইন্টাম্প কাণ্ডজ উভয় বিবাদিকে যে কাগজপত্রের নকল দেওয়া যায় তাহাতে দস্তথৎ করিবেন এবং প্রথম আদিস্টান্ট সাহেবের প্রতি অর্পিড কার্য্য নির্দ্ধিহ করিবেন। প্রথম আদিস্টান্ট সাহেব প্রিসেপ্টে সহী করিবেন এবং আদালতের হুকুমক্রমে বাদিপ্রতিবাদিকে দেওনার্থ অথবা আদালতের রোয়দাদে রাথিবার নিমিত্ত শাদা কাগজে যে সকল নকল হয় তাহাতে দক্তথৎ করিবেন।—১৮৪০ সালের ৩ আপ্রিলের সরকুলর অর্ডর।—২৮১ পৃষ্ঠা।

২৩৬। ১৮৪০ সালের ৭ আইনানুসারে সদর দেওয়ানী আদালতে যে ডেপুটা রে-

জিউর নিযুক্ত হন্ তিনি মোকদমা প্রস্তুত করণ এবং ডিক্রী জারী করণের বিষয়ে অধস্থ আদালতের প্রতি ভকুম পাঠাইবার কার্য্যে নিযুক্ত হইয়াছেন।—১৮৪২ সালের ৭ জানু-আরির সরকালর অর্ডর।—২৮১ পৃষ্ঠা।

২৩৭। ডেপুটা রেজিইটর জিলার আদালতের সাহেবেরদের নিকটে প্রিদেপ্ট না পা-ঠাইয়া রুবকারীর দারা লিখনপঠন করিবেন।—১৮৪২ সালের ২১ জানুআরির সদর আ-দালতের বিধান ও নির্দ্ধারণ।—২৮১ পৃদ্ধা।

২৩৮। সদর দেওয়ানী আদালত হজুর কোন্সেলে জিজাসা না করিয়া নাজিরের পেয়াদাভিন্ন আপন২ আদালতের ইউরোপীয় এবং এদেশীয় কর্মকারক ও আমলারদিগকে
তগীর ও বহাল করিতে এবং তাহারদের ইশ্তাফা মঞ্কুর করিতে পারেন্।—১৮০৯ সা।
৮ আ। ও ধা।—২৮১ পৃষ্ঠা।

২৩৯। সদর দেওয়ানী আদালতের সাহেবেরা আপনারদের আমলারদের নামে রেশৎ এবং জবরদন্তী করিয়া টাকা লওনের নালিশ গ্রহণ করিতে পারেন্ এবং করিয়াদীকে আদালতে নালিশ করিতে ছকুম দিতে পারেন্।—১৭৯৩ দা। ১৩ আ। ৯ ধা। ১২ প্র।
—২৮১ পৃষ্ঠা।

২৪ • । এবং সেইরপে আপনারদের পণ্ডিত ও মৌলবীরদের নামে নালিশ গ্রহণ করিয়া সেইরপ কর্ম করিতে ছকুম দিতে পারেন্।—১৭৯৩ সা। ১২ আ। ৮ ধা। ১ প্র। —২৮২ পৃষ্ঠা।

২৪১। সদর আদালতের সাহেবেরা গ্রন্মেন্টের বিনাঅনুমতিতে আপনারদের তাবে আমলাসকলের একের নির্দ্ধারিত বেতনহইতে কিছু কর্তন করিয়া অন্যকে দিতে কিয়া আপনারদের সিরিশ্তায় যত জন আমল। নিযুক্ত থাকে তাহার কমী ও বেশী করিতে পারেন্ না —১৮০৪ সা। ৫ আ। ২৩ ধা —২৮২ পৃষ্ঠা।

২৪২। সদর দেওয়ানী আদালতের নাজির আপনার তাবে নায়েব ও মুধা সকল ও পেয়াদাগণ ইত্যাদি প্রকার যে চাকরদিগের কৃত কর্মের দায়ে ঠেকে সেই চাকরের-দিগকে নিজ প্রভুত্তে নিযুক্ত করিতে পারে। এবং যদি সেই প্রকার কোন চাকরের কর্ম স্থান শুন্য হয় তবে তথকালে আদালতের মঞ্জুরীক্রমে সেই কর্মে অন্য লোককে নিযুক্ত করিতে পারে। এবং আদালতে বিশিষ্ট হেতু দর্শাইলে সেই প্রকার লোকদিগকে তগীর করিতে পারে কিন্তু আদালতের অগোচরে কিয়া বিনাঅনুমতিতে তগীর করিতে পারে না ৮১৮০৪ সা। ৫ আ। ১২ ধা। ৮২৮২ পৃষ্ঠা।

২৪৩। সদর দেওয়ানী আদালতের পণ্ডিত ও মৌলবী লোকের নিয়োজনের এবং কর্মচ্যুত হওনের সমাদ প্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের মঞ্বীর নিমিত্ত তাহার হজুরে পাঠান ঘাইবেক।—১৮২৬ সা। ১১ আ। ও ধা।—২৮২ পৃষ্ঠা।

্রিজার আদালতের থাজাঞী ও নাজিরের স্থানে জামিনী লইবার বিষয়ে যে বিধি আছে সদর-আদালতের থাজাঞী ও নাজিরের বিষয়েও সেই বিধি থাটিবেক।

# ২০ ধারা।

## वामिश्रि विवासिक कांश्र अभित्व नक्ष मध्य ।

২৪৪। সদর দেওয়ানী আদালতের রেজিইর সাহেব এদেশীয় ভাষার সিরিশ্ভাহইতে কানজপত্রের নকল দিতে পারেন্ এবং যদি ঐ প্রকার কানজপত্র দেওয়া উচিত কি না এই বিষয়ে সদেব আদালতের বিশেষ প্রকৃম প্রার্থনা করিবেন।

—১৮৩২ সালের ২৪ আগঠের সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।

—২৮২ পৃষ্ঠা।

২৪৫। ইল্রেন্সী ভাষার সিরিশ্তার পত্র ও রিপোর্ট ও লিপিপ্রভৃতির নকলের বিষয়ে

দর্থান্ত হইলে রেজিউর দাহেব সদর আদালতের ছকুম প্রাপণের নিমিত্ত তথায় জানাই-বেন ৷—১৮৩২ দালের ২৪ আগন্টের সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ ৷—২৮৩ পৃষ্ঠা।

২৪৬। মোকদমার বাদিপ্রভিবাদিভিন্ন অন্য ব্যক্তিরা নজির অর্থাৎ দৃষ্টান্তের কর্মের নিমিত্ত ডিক্রীর নকল ॥॰ আনা মূল্যের ইফ্রাম্প কাগজে পাইয়া আসিতেছে। সেই ব্যবহার চলন থাকিবেক।—১৮৩৬ সালের ১২ ফেব্রুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ। —২৮৩ পৃষ্ঠা।

২৪৭। মোকদ্মার দোষগুণ বিষয়ে জজ সাহেবেরা যে২ ক্রকারীতে আপন্থ মত লেখেন্ তাহার দন্ত্থতী নকল রেজিই সাহেব দিতে পারেন্না কেবল শেষ ডিক্রীর নকল দিবেন।—১৮৪১ সালের ২৪ সেপ্টেম্বের সদর আদালতের বিধান ও নির্দ্রারণ।—
২৮৩ পৃষ্ঠা।

২৪৮। উক্ত নির্দ্ধারণের "শেষ ডিক্রী" এই কথাতে কেবল শেষ ফয়সলাকারি জজ সাহেবের ক্বকারী বুঝায় না কিন্তু যে ডিক্রীর মধ্যে মোকদ্দমার বেওরা থাকে এবং দুই বা ভভোধিক জজ সাহেবে আপন ২ মত লিখিলে দেই সকল জজ সাহেবের মত লেখা থাকে দেই ডিক্রী বুঝায়। আদালতের দ্বারা যে সকল মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি হয় ভাহার বিষয়ে এই হুকুম থাটে।—১৮৪২ সালের ৮ জুলাইর সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।
—২৮৩ পৃষ্ঠা।

২৪৯। অধস্থ আদালতে পুনর্বার তজবীজের নিমিত্ত যে সকল মোকদমা ফিরিয়া পাঠান যায় সেই২ মোকদমা ফিরিয়া পাঠাওনের শেব স্থকুমের নকল দেওয়া ঘাইতে পারে।
এমত গতিকে সেই মোকদমায় অন্যং যে জজ সাহেব বিচার সময়ে আপনং মত কিয়া
স্থকুম লিখিলেন সেই মত কিয়া স্থকুম লইবার আবশ্যক নাই।—১৮৪২ সালের ৮ জুলাইর সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৮৩ পৃষ্ঠা।

' ২৫০। একের অধিক জজ সাহেবের বৈঠকে যে২ মুৎফরককা মোকন্দমার সদর আদালতের দ্বারা নিম্পান্তি হয় সেই২ মোকন্দমায় এক জন জজ সাহেবের প্রকুম বা মতের নকল
দেওয়া যাইবেক না। কিন্তু দর্থান্তকারির উচিত যে একাদিক্রেমে যে সকল মত রোয়দাদে
লেথা গিয়া থাকে তাহার নকল যোড়া দেওয়া কএক কেতা ইউাম্প কাগজে লয়।—১৮৪২
সালের ৮ জুলাইর সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৮৩ পৃষ্ঠা।

২৫১। সদর আদালত এই সাধারণ বিধি করিয়াছেন যে জাবেভামত অথ্যা মুখ্দর্ককা মোকদমায় জজ সাহেব যে শেষ প্রকৃষ করেন্ তাহার রবকারীভিম্ন অন্য কোন মতের রুবকারী দেওয়া যাইবেক না। একং রুবকারীর নকল এই বিধানের ২ দফার অনুসারে এবং এক জন জজ সাহেব যে মুখ্ফরকলা মোকদমার নিষ্পান্ত করেন্ তাহার রুবকারী দেওয়া যাইতে পারে।—১৮৪২ সালের ৮ জুলাইর সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৮৩ পৃষ্ঠা।

২৫২। যে কর্মের দাঁড়ার বিষয়ে মিয়াদী ছকুম হয় অথবা যে ছকুমে সদর আদাদতের মত অথবা ডিক্রী না থাকে তাহার বিষয়ে উক্ত বিধান খাটে না।—১৮৪২ সালের
৮ জুলাইর সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।—২৮৩ পৃষ্ঠা।

## ২১ ধারা।

সদর আদালতের নিমিত্ত যে২ কাগজপত্র তর্জমা হয় তাহার বিষয়।

২৫৩। যে কাগজপত্রের তরজমার আবশ্যক সদর আদালতে হয় ভাহা রেজিন্টর সাহের কিয়া আসিন্টাট সাহেবের। করিবেন যদি ভাঁহারদের সেই কর্ম করণের অবকাশ না থাকে তবে অন্য উপযুক্ত ব্যক্তির দারা ভাহা করা যাইবেক।—১৮০১ সা। ২ আ। ১৭ ধা।—পৃষ্ঠা।

২৫৪। জিলার আদালভের স্থানে যে সকল কাগজপত্র সদর আদালভ ভলব করেন্
ভাহার ভরজমা যখন ঐ জিলার আদালভের আমলার। অন্য কর্মের বিনাব্যাঘাতে করিছে

পারে না তথন সদর আদালত সেই কর্মে অন্য উপযুক্ত ব্যক্তিকে মোকরর করিতে জিলার আদালতকে তুকুম করিতে পরেন্।—১৭৯৭ সা। ১৯ আ। ৪ ধা।—২৮৪ পৃষ্ঠা।

২৫৫। ক্রবঁকারী এবং অন্যান্য কাগজপত্র তর্জমা করণের নিমিত্ত যে তেতন দেওয়া যায় তাহার নিরিখের বিষয়ে ১৭৯৭ সালের ১৯ আইনের ৫ ধারাতে যে তকুম আছে তাহা সংশোধন করণের আবশ্যক হওয়াতে তাহা রুদ হইল।—১৮৪২ সা। ৭ আ। ১ ধা। —২৮৪ পৃষ্ঠা।

#### ২২ ধারা।

সদর আদালতের নিমিত্ত কাগজপত্রের নকল করণ ও প্রেরণ করণ।

২৫৬। আপীলী মোকদমার আসল কাগজপত্র ও দস্তাবেজ সদর আদালতে পাঠাওনের পূর্বে অধস্থ আদালত তাহার নকল করাইবেন এবং তাহাতে দস্তথং করিয়া আদালতের সিরিশ্তায় দাখিল করিবেন। যদি ঐ কাগজপত্র বহীর মধ্যে লেখা থাকে এবং ঐ বহী সদর আদালতে পাঠান যাইতে পারে না তবে তাহার হথার্থ নকল করা যাইবেক এবং তাহাতে মোহর ও দস্তথং হইয়া পাঠান যাইবেক। যদি কোন আসল কাগজ খোয়া গিন্ধা থাকে কিন্তু তাহার নকল কোন বহীর মধ্যে কি ক্রবকারীর সঙ্গে থাকে তবে সেই নকল আসল কাগজের ন্যায় জান হইবেক এবং তাহার এক নকল সদর আদালতে পাঠান যাইবেক।—১৭৯৩ সা। ৬ আ। ১১ ধা।—২৮৫ পৃষ্ঠা।

২৫৭। উক্ত বিধান মতান্তর হইল। আপীলহওয়া মোকদমার মিদিল পাঠাইবার সময়ে কেবল আদল সওয়াল জওয়াব ও জোবানবন্দী ও দস্তাবেজের কাগজ পাঠান ঘাইবেক অনান্য কাগজ পাঠান ঘাইবেক না। কিন্তু যে আনালতে আপীল হইয়াছে দেই আদালত এই প্রকার কাগজ চাহিলে তলব করিতে পারেন্।—১৮৩১ সা। ৯ আ। ৮ ধা।—২৮৬ পৃষ্ঠা।

২৫৮। সদর আদালতে আপীলহওয়া মোকদমার কাগজপত্র নকল করিবার যথান আবশাক হয় তথান জিলার আদালতের জজ সাহেব সদর আদালতের অনুমতি লইয়া মাসে ১০ টাকা মাহিয়ানায় কিছু কালের নিমিত্ত মুছরীর নিযুক্ত করিতে পারেন্।—১৮৩৭ সালের ২৪ নবেয়রের সরকালর অর্ডর।—২৮৬ পৃষ্ঠা।

২৫৯। কিন্তু তৎপরে অকুম হইল যে দেপ্রকার সকল কাগজপত্র নকল করিতে হইলে তাহা পারদী হউক কি বাঙ্গলা হউক বা উর্দু হউক উত্তর কালে চারি হাজার কথার নিমিত্ত এক টাকা করিয়া দেপ্রয়া যাইবেক।—১৮৩৯ সালের ২৮ জুনের স্রকুলের অর্ড্র।
—২৮৬ পৃষ্ঠা।

২৬০। জিলার জজ লাহেব দেই বিষয়ে যে বিল মঞুর হওনার্থ পাঠান্ তাহাতে মোকদমার নিদর্শন ও প্রত্যেক কাগজে কত কথা ছিল তাহা বিশেষ করিয়া লিখিবেন। প্রত্যেক নথীর সঙ্গে এক ফর্দে সিরিশ্তাদার লিখিবেন যে তাহাতে কত কথা আছে এবং তাহার নকল করিবার নিমিন্ত কত টাকা দেওয়া গেল।—১৮৩১ সালের ২৮ জুনের সরক্যুলর অর্ডর।—২৮৬ পৃষ্ঠা।

২৬১। সদর আদালত একেবারে প্রধান সদর আমীনের স্থানে যে সকল কাগজপত্র ভলব করেন্ তাহার বিষয়ে উক্ত বিধি খাটিবেক যদি তলবহওয়া কাগজ প্রধান সদর আমীনের সিরিশ্ভার মুহুরীরের দ্বারা নকল হইতে না পারে তবে উপরি মুহুরীর নিযুক্ত করিবার অনুমতির বিষয়ে তিনি জন্ধ সাহেবের নিকটে দর্খান্ত করিবেন।—১৮৩৯ সালের ২৮ জুনের সরকালর অর্ডর।—২৮৬ পৃষ্ঠা।

২৬২। ১৮৩৯ দালের ২৮ জ্নের সরকালর অর্ডরঅনুসারে দিরিশ্ভাদারের হে লিখনে দহী করিতে হয় ভাহার নিরূপিত পাঠানুসারে দুই নকল করিয়া পাঠাইতে হই-বেক। যে নথীর নকল হইয়াছিল ভাহা না পাঠাওনের পুর্বে মুহুরীরের বিল পাঠান ঘাইতে পারে না ।—১৮৪১ সালের ১৩ আগটের মরকুলের অর্ডর।—২৮৭ পৃষ্ঠা।

২৬৩। সরকারী কর্মকারকের সদর আদালতে কিছু জিজ্ঞাসা করিতে হইলে আসল কাগজপত্র না পাঠাইয়া তাহার নকল পাঠাইবেন যখন সেই প্রকার কোন কাগজপত্র পাঠান যায় এবং সিরিশ্ভায় রাখিবার নিমিত্ত তাহার নকলের আবশ্যক হয় তখন কাগজ পাঠাওনের পূর্বে তাহার নকল করিতে হইবেক।—১৮৩৩ সালের ১৬ নবেম্বরের সরক্যুলর অর্ডর।—২৮৭ পৃষ্ঠা।

#### ২৩ ধারা।

উভয় বিবাদির দঙ্গে দদর আদালতের লিখনপঠন।

২৬৪। সদর দেওয়ানী আদালতে উপস্থিত কিয়া তাঁহারদের বিচার্য্য কোন মোকদ্দমা বা বিষয়ে বাদিপ্রতিবাদিরদের দক্ষে লিখনপঠন করিতে ঐ আদালতের সাহেবেরদের প্রতি নিষেধ হইল। আদালতের নিকটে কোন ব্যক্তির কিছু দরপেশ করিতে হইলে সেই ব্যক্তি য়য়৲ হাজির হইয়া কিয়া এক জন উকালকে মোকরর করিয়া তাহা জানাইবেক। পরে সদর আদালত আইনানুসারে যে ছকুম উচিত বোধ হয় তাহা করিয়া তাহাতে আদালতের মোহর ও রেজিফার সাহেবের দন্তখৎ করাইয়া ঐ ব্যক্তিকে দিবেন।—১৭৯৩ সা। ৬ আ। ৬ ধা।—২৮৭ পৃষ্ঠা।

#### ২৪ ধারা।

সদর দেওয়ানী আদালতের দ্বারা আইনের অর্থ করণ।

২৬৫। প্রবিদ্যাল আপীল আদালত যে প্রিমেণ্ট জিলার আদালতে পাঠান্ তাহা যদি চলিত আইনের বিরুদ্ধ বোধ হয় তবে জিলার আদালত প্রবিদ্যাল আদালতে তাহা জানাইবেন এবং যাবং ঐ আপত্তির উত্তর দ্বিতীয় প্রিমেণ্টের মধ্যে না পান্ তাবং ঐ গুকুম স্থগিত রাখিবেন। যদ্যপি দ্বিতীয় প্রিমেণ্টের দারা প্রথম প্রিমেণ্ট বহাল থাকে তবে অধীন আদালত তাহা জারী করিবেন কিন্তু যদি জজ সাহেব তাহাতে সন্তুষ্ট না হন্ তবে তাহা জারীক্রণের সম্বাদ দেওনের সময়ে তিনি এইমত প্রার্থনা করিতে পারেন্ যে ঐ বিষয় তাহার কাগজপত্র সম্মেত সদ্র আদালতে অর্পণ হয়। কেবল যে গতিকে আইনের অর্থের ব্যতিক্রমপ্রযুক্ত আইনের অভিপ্রায়ের বিষয়ে সন্দেহ হয় সেই গতিকে এমত বিষয় সদর আদালতে অর্পণ হইবেক।—১৭৯৬ সা। ১৮ আ। ২ ধা।—২৮৮ পৃষ্ঠা।

২৬৬। উক্ত বিধানানুসারে যথন সদর আদালতে কোন বিষয়ের জিজাসা হয় তথন আইনের লিখিত বিষয়ের অর্থক্রমে ঐ আদালত যাহা নিশ্চয় করেন্ তাহা চূড়ান্ত হইবেক।
—১৭৯৬ সা। ১০ আ। ৩ ধা।—২৮৮ পৃষ্ঠা।

২৬৭। যদি আইনের কোন ভাগের অর্থের বিষয়ে দদর আদালতের দাহেবেরদের মনে কোন দদেহ হয় অথবা যদাপি তাঁহারদের বাধ হয় যে আইনের মধ্যে তাহার বিযয়ে কোন দপ্য হুকুম নাই তথন নূতন আইন প্রস্তুত হইবার অভিপ্রায়ে এফুত গবর্নরজেনরল বাহাদুরের হজুর কৌন্দেলে তাহার রিপোর্ট করিবেন।—১৭৯৩ দা। ১০ আ। ৪
ধা।—২৮৮ পৃষ্ঠা।

২৬৮। কৈবল মুৎফর্ককা মোকদমায় আইনের যথার্থ অর্থের বিষয়ে মতের বৈপর্নীত্য হইলে উপরের উক্ত আইন খাটিবেক। ডিক্রীর বিষয়েতে সন্দেহ হইলে ঐ আইন খাটিবেক না যেহেতুক যদি ডিক্রীর মধ্যে ঐ বিবাদী কিছু অসম্বত বোধ করে ভবে আপীল করণ কিয়া পুনর্কিচারের দর্খাস্ত করণের দারা ভাহার প্রতিকারের চেন্টা করিবেকা—৪৭৯ নম্বরী আইনের অর্থ।—২৮৯ পৃষ্ঠা।

২৬৯। ১৭৯৬ সালের ১০ আইনের ৩ ধারা মতান্তর হইল। যথন কোন আইনের অর্থের বিষয়ে সদর আদালতে জিল্ঞাসা হয় তথন আলাহাবাদ ও কলিকাতান্ত্র সদর আদালত দেই বিষয়ে আপনারদের মত একে অন্যকে জানাইবেন এবং আইনের সেরপ অর্থের বিষয়ে যাবং উভয় আদালত একবাকা না হন্ তাবং তাহা জারী হইবেক না।—১৮৩১ সালের ২২ নবেম্বের গবর্ণমেন্টের হুকুম।—২৮৯ পৃষ্ঠা।

## অবশেষ আইনইত্যাদির থোলাদা।

অর্থাৎ এই পুস্তক মুদ্রিত হওনের সময়ে যেথ নূতন আইন এবং কন্মুক্সন ও সরক্যুলর অর্ডর হয় অথবা ভুমক্রমে যে আইনপ্রভৃতি দেওয়া যায় নাহি তাহার খোলাসা নীচে
দেওয়া যাইতেছে।

### [৪ অধ্যায়ের ১ ধারার ৭ নমূরের পর ইহা পড়।]

কালেক্টর সাহেবের কাছারী যে কোন সময়ে খোলা খাকে সেই সময়ে ঐ কালেক্টর সাহেব ১৮৩১ সালের ৮ আইনানুসারে সরাসরী মোকদমা স্থানিতে ও নিম্পান্তি করিতে পারেন্ কিন্ত যে সময়ে দেওয়ানী আদালত বন্দ থাকে সেই সময়ে বাদিপ্রতিবাদিরদের হাজির না হওয়াপ্রযুক্ত তাহারদের মোকদমা কালেক্টর সাহেব ডিসমিস করণের বিষয়ে অতিসাবধান ও বিবেচনাপূর্ফক কর্মা করিবেন।—সদর বোর্ড রেবিনিউর ১৮৪২ সালের ১৪ ডিসেম্বরের সরকুলের অর্ডর।—৩১৮ পৃষ্ঠা।

## [৪ অধ্যায়ের ৪৮ ধারার ৪৩ নম্বরের পর ইহা পড়।]

ভূমির অধিকার বা তাহার অন্যান্য লাভদম্পনীয় রেজিইনী না হওয়া পাটা বা দলীলদস্তাবেজপ্রভৃতি পূর্ব্বে ছিল ইহা জাত থাকনের বা সম্বাদ পাওনের বিষয়ে আইনের মধ্যে যে বিধি আছে তাহা আগামি ১ মে তারিখঅবধি রদ হইবেক এবং ভূমির অধিকার অথবা তাহার কোন লাভদম্পনীয় যে দলীলদস্তাবেজপ্রভৃতি রেজিইনী করণের ছকুম আছে তাহা যদি তৎপরের লিখিত সেই বিষয়ি দলীলদস্তাবেজপ্রভৃতি রেজিইনী হওনের পূর্বের রেজিইনী না হইয়া থাকে তবে তৎপরের লিখিত যে দলীলদস্তাবেজ রেজিইনী হয় তদনুসারে যে বাক্তি দাওয়া করে তাহার দাওয়া বলবৎ হইবেক। এবং পূর্বের হওয়া দলীলদস্তাবেজ থাকনের বিষয় সেই বাক্তি জানিয়াছিল এমত কথিত হইলেও দেই দলীলদস্তাবেজ অসিদ্ধ হইবেক না ।—১৮৪৩ সা। ১ আ।—৩৬৯ পৃষ্ঠা।

## [৫ অধ্যায়ের ১০ ধারার ১৫৮ নম্বরের পর ইহা পড়।]

১৮৪১ লালের ২৯ আইনের ১ ধারার উপলক্ষে সদর আদালত বিধান করিতেছেন যে গাতিকে উকীলের শৈথিলা কিয়। ক্রটি অথবা অমনোযোগপ্রযুক্ত তাহার মওকেরুলের মোকদ্দমা উক্ত আইনানুসারে ডিসমিস হয় সেই গতিকে উকীলের অতিকঠিন দও করা উচিত। অতএব ফরিয়াদী কি আপেলান্টের উকীল কি মোখারের দূষণীয় ক্রটি বা শৈথিলাপ্রযুক্ত তাহার মোকদ্দমা ডিদমিস হইলে সেই উকীল বা মোখারের সনদ কাযেং বাতিল হইবেক এবং যে আদালত্তের উকীল বা মোখারের সনদ এইরুপে বাতিল হয় সেই আদালত্তের কর্ত্তা সদর দেওয়ানী আদালতের বিশেষ অনুমতি না পাইলে তাহাকে নূতন সনদ দিতে পারেন্ না —১৮৪২ সালের ২ ডিসেম্বরের সরকালর অর্জন —৩৭০ পৃষ্ঠা।

## [৬ অধ্যায়ের ১ ধারার ২৩ নম্বরের পর ইহা পড়।]

আদালতের ডিক্রী জারীর নিমিত্ত কোন সিরিশ্তার অধীন ব্যক্তির মাহিয়ানা বাদ দেওনের বিষয়ে ঐ সিরিশ্তার কর্ত্তার নিকটে দরখান্ত হইলে ওাঁহার কর্ত্তর কার্য্যের বিষয়ে সদর আদালত এই বিধান করিতেছেন। আসামীর নিতান্ত পাওনা মাহিয়ানাভিন্ন অন্য টাকার বিষয়ে উক্ত প্রকার গতিকে দিরিশ্তার কর্ত্তার নিকটে দরখান্ত করিতে হইবেক না এবং তিনি অকুম দিবেন না কিন্তু যদি আসামীর উত্তর কালের মাহিয়ানার উপর বরাৎ লইতে করিয়াদী স্বীকার করে তবে জজ সাহেবের কর্ত্তার আসামী যে সিরিশতায় থাকে সেই সিরিশতার কর্তাকে ঐ আপোনে বন্দোবন্তের বৃত্তান্ত জানান্ এবং ঐ মোকদমা আপন নথীহইতে উঠাইয়া দেন্।—১৮৪৩ সালের ২০ জানুআরির সরকুলের অর্ডর।—৩৭০ পৃষ্ঠা।

### [৬ অধ্যায়ের ২ ধারার ৪৬ নম্বরের পর ইহা পড়।]

১৭৯৩ সালের ৪৫ আইনের ১৩ ধারার অনুসারে নীলামী ভূমির মুল্যের উপর শত-করা ৫১ টাকার হারে থরীদারের প্রতি আমানৎ করিবার যে হুকুম আছে তাহার পরি- বর্ত্তে এই ছকুম হইল যে দেই ভূমির মুল্যের উপর দেই ব্যক্তি শতকর। ১৫১ পনের টাকা আমানৎ করিবেক।--১৭৯৬ সা। ১২ আ। ২ ধা।--৩৭১ পৃষ্ঠা।

[৬ অধ্যায়ের ৮ ধারার ১৪৩ নম্বরের পর ইহা পড়।]

সরকারের পক্ষে যে ডিক্রী হইয়া থাকে সেই ডিক্রী হওনের বারো বৎসরের পর সর-কার তাহা জারী করণের দরখাস্ত করিবার অধিকার রাখেন্ কি না এই বিষয়ে জিজাসা হওয়াতে সদর আদালত বিধান করিলেন যে সাধারণ ব্যক্তির বিষয়ে যে বিধি আছে অর্থাৎ ডিক্রী জারীর দরখাস্ত করিতে বিলম্ব করণের কোন যথার্থ ও মাতবর কারণ দর্শান গেলে ঐ ডিক্রী বারো বৎসর অতীত হইলেও জারী হইতে পারে সেই বিধি সরকারের পক্ষে ডিক্রী জারীর বিষয়েও থাটিবেক।—১১৪৮ নমুরী আইনের অর্থ।—১৭১ পৃষ্ঠা।

[৬ অধ্যায়ের ১৩ ধারার ১৬১ নম্বরের পর ইহা পড়।]

কালেক্টর সাহেবের নাজির মালগুজারীর বাকীর নিমিত্ত যে অস্থাবর সম্পত্তি এবৎ বাটী ক্রোক করে তাহা বিক্রয় করিতে জজ সাতেবের অনুমতিবিনা কালেক্টর সাহেব মুন-সেফকে হুকুম করিতে পারেন না।—১১৮ নম্বরী আইনের অর্থ।—৩৭১ পৃষ্ঠা।

মুনসেফের। আপন ২ আদালতের ডিক্রী জারীক্রমে যে যে জায়দাদ নীলাম করেন্ তা-হার কমিদ্যন পাইতে পারেন্ না কেবল অন্যান্য আদালতের ডিক্রীক্রমে যাহা নীলাম করেন্ তাহার কমিদ্যন পাইতে পারেন্।—৮৬১ নম্বরী আইনের অর্থ।—৩৭১ পৃষ্ঠা।

[৭ অধ্যায়ের ১ ধারার ১৩ নম্বরের পর ইহা পড়।]

১৮৪১ সালের ১৭ আইনানুসারে সদর আদালত কার্য্য নির্বাহের যে সকল বিধান করেন্ তাহার বিষয়ে সকল লোক আপন২ মত এবং আপত্তি সরকারে জানাইতে পারেন্ এ নিমিত্ত ঐ বিধানের নক্শ। ইঙ্গরেজী ও উর্দ্ধ ভাষাতে লিখিত হইয়া আদালতের প্রবেশ, ছারে এক মাস ব্যাপিয়া লট্কান থাকিবেক।—১৮৪৩ সালের ২০ জানুআরির কার্য্য নির্বাহের বিধান।—৩৭১ পৃষ্ঠা।

[৭ অধ্যায়ের ১৫ ধারার ১৭৫ নমুরের পর ইহা পড়।]

কোন বাদী কি প্রতিবাদী খাস আপীলের দরখান্ত দাখিল করিবার নিমিত্তে উকীলদিগকে নিযুক্ত করিলে তাহারদের উচিত যে ঐ উকীলেরা কেবল ঐ প্রথম দরখান্ত দাখিল 
করিবেন কি চূড়ান্ত নিষ্পত্তি না হওয়াপর্যান্ত মোকদ্দমা নির্মাহ করিবেন ইহা তাঁহারুদের 
গুকালখনামায় সপন্ট করিয়া লেখে।—১৮৪২ সালের ২৫ নবেম্বরের কার্যানির্মাহের 
বিধান।—৩৭১ পৃষ্ঠা।

## চতুর্থ অধ্যায়।

भरामती (प्राक्तिपा। আইনের মূল নিয়ম। मालिम। রেজিইটরীকরে।।

### ১ ধারা।

মালগুজারীর বাকীর এব তহা অন্যায়েতে তহুদীলকরণের দ্রাদ্রী মোকদ্দমা। কালেকুটর দাহেবের দ্বারা দেই মোকদ্দমার বিচার।

- ১। ইস্করেজী ১৭৯৯ সালের ৭ আইন ও ১৮০০ সালের ৫ আইন ও ১৮০৩ সালের ১৮ আইন ও ১৮১২ সালের ৫ আইন ও ১৮১৩ সালের ৭ আইন ও ১৮১৩ সালের ৭ আইন ও ১৮১৭ সালের ১৯ আইন ও ১৮২৪ সালের ১৪ আইনের কিয়া চলিত অন্য কোন আইনের যে২ স্থলের হুকুমানুসারে মালগুজারীর বাকীর কি তাহা অন্যায়েতে তহসীলকরনের বিষয়ে সরাসরী নালিশ কিয়া দাওয়া শুনিতে এবং সেই সকল মোকদ্দমা কালেক্টর সাহেবকে বিচারের নিমিত্তে সোপদ্দ করিতে জিলা কিয়া শহরের জজ সাহেবদিগের প্রতি ক্ষমতা আছে ঐ সকল এই ধারাক্রমে রদ হইল ইতি।—১৮৩১ সা। ৮ আ। ২ ধা।
- ২। এই আইন জারীহওনের তারিথঅবধি কোন জজ সাহেবের ক্ষমতা থাকিবেক না যে ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৪ আইন ও তদনুরপ অন্য কোন আইনানুসারে জাবেতামতে নালিশ না হইলে উপরের লিথিত প্রকারের কোন দাওয়া গ্রাহ্য করেন্ ইতি।—১৮৩১ সা।৮ আ।৩ধা।
- ৩। এই আইন জারীহওনের তারিথঅবধি উপরের লিথিত প্রকারের যে দকল দরাদরী মোকদ্দমা জিলা ও শহরের আদালতদকলে উপস্থিত হইয়া থাকিবেক ঐ দকল মোকদ্দমা জিলাদকলের কালেক্টর দাহেবদিগের নিকটে বিচার ও নিষ্পান্তির কারণ পাঠান যাইবেক ইতি।—১৮৩১ দা। ৮ আ। ৫ ধা।
- ৪। নিফর ভূমির ভোগবান ব্যক্তিরা আপনারদের রাইয়তের নামে থাজানার বাবৎ দরাসরী নালিশ করিলে ১৮৩১ সালের ৮ আইনের বিধির অনুসারে কালেক্টর সাহে-বের দারা তাহার বিচার হইবেক যেহেতুক দেওয়ানী আদালত সেই প্রকার মোকদমা গ্রাহ্য করিতে পারেন না। ৮৩৭ নমুরী আইনের অর্থ।
- ৫। ১৮৩১ সালের ৮ আইনের বিধির ভাবদৃটে সদর আদালভ বোধ করেন যে মালওজারের। আপন২ জমীদারীর সরবরাহী কার্য্যে যে পাটওয়ারী এবং অন্য২ এদেশীয় মোখার নিযুক্ত করেন্ ভাহারদের নামে ১৮০৩ সালের ২৮ আইনের ৩৭ ধারানুসারে যে সরাসরী নালিশ হয় কালেক্টরপ্রভৃতির ছারা ভাহার বিচার হইবেক ঐ ১৮৩১ সালের ৮ আইনের এই মত অভিপ্রায় ছিল। এবং ঐ প্রকার মোকদমার নিম্পান্তিকরণের ভার যে কর্মকারক অর্থাৎ কালেক্টর সাহেবের প্রতি অর্পণ হইয়াছে তাঁহার যে২ বিষয়ের বিচার করিতে হইবেক ভাহার ভার দৃষ্টে সেই মোকদমা তাঁহার প্রতি অর্পণকরা অতিউপযুক্ত বোধ হয়। ১৪৬ নমুরী আইনের অর্থ।

- ৬। মালপ্রজারী অন্যায়েতে তহদীলকরণের সম্পর্কায় ছতির নালিশের বিষয়ে আলাহাবাদের সদর আদালত কলিকাতার সদর আদালতের সঙ্গে লিখনপঠন করিয়াচ্ছন। সাবেক আইন ও সরকুলর অর্ডরে হুকুম ছিল যে ঐ প্রকার মোকদ্দমা জজ সাহেবেরা সরাসরীমতে বিচার করিবেন অতএব উভয় সদর আদালত যে মূল বিধানানুসারে হুকুম দিয়া আসিতেছেন তদনুসারে বিধান করিতেছেন যে ঐ প্রকার মোকদ্দমা ১৮৩১ সালের ৮ আইনক্রমে দেইরূপে কালেক্টর সাহেবের দারা বিচার হইবেক। ১৮৩৩ সালের ১৫ নবেম্বের সরকুলের অর্ডরের ও দফা।
- ৭। মালগুজারীর বাকীর কিয়া তাহা অন্যায়েতে তহুসীলকরণের সমুর্কীর দাওয়ার সরাসরী নালিশ প্রথমতঃ মালগুজারীর কালেক্টর সাহেবের নিকটে উপস্থিত করিতে হইবেক এব॰ এমত সকল বিষয়ে তাঁহারদের করা নিচ্পান্তি জাবেতামতে হওয়া নালিশভিন্ন চূড়ান্ত হইবেক কিন্তু এই হেতুপ্রযুক্ত যে আপীল হইবেক যে ঐ মোকদ্দমাতে আইন থাটিবেক না কেবল সেই হেতুপ্রযুক্ত সেই এলাকার রাজস্বের কমিস্যনর সাহেবের প্রতি ক্ষমতা আছে যে সরাসরী ফয়সলার তারিঞ্জাবধি এক মাসের মধ্যে আপীল হইলে তাহা গ্রাহ্য করেন্ এব॰ রাজস্বের কমিস্যনর সাহেবেরা আপীল গ্রাহ্য করিলে এব॰ ঐ মোকদ্দমার রোয়দাদ তলব করিলে পর আইন না থাটিবার লিথিত হেতুপ্রমাণ না হইলে ঐ মোকদ্দমা থরচার সহিত ডিস্মিস্ করিবেন কিন্তু যদি এমত বোধ হয় যে ঐ মোকদ্দমা সরাসরী নালিশের মত এই আইনের লেখা হকুমানুসারে স্থানির যোগ্য নহে তবে রাজস্বের কমিস্যনর সাহেবের কর্ত্ব্য যে কালেক্টর সাহেবের সরাসরী ফয়সলার অন্যথা করিয়া ঐ মোকদ্দমার বিব্যর বুঝিয়া চলিত আইনের হুকুমানুসারে যেমত আবশ্যক ও উচিত বুঝিবেন সেইমত হকুম করিবেন ইতি।—১৮৩১ সা।৮ আ।৪ ধা।
- ৮। জিলার জজ সাহেব জিজাসা করিলেন যে বাকী থাজানার নিমিত্ত ১৭৯৩ সালের ১৭ আইনের ১৯ ও ২০ ধারা এব৭ ১৭৯৯ সালের ৭ আইনের ৯ ধারানুসারে সম্পত্তি ক্রোক হইলে যদি তাহাতে বাধকতা হয় তবে কালেক্টর সাহেব সেই বিষয়ের বিচার করিতে পারেন কি না। তাহাতে সদর আদালত ইহা জানাইলেন যে ১৮০৬ সালের ৯ আগফ তারিখে আমরা এই ধারার এই অর্থ করিলাম যে এই বিধির অনুসারে বাধকতার বিষয়ে যে তজনীজ হয় তাহা সরাসরী মোকদমার মত হইবেক। বাকী থাজানার নিমিত্ত সরাসরী নালিশের বিচারকরণের যে ক্ষমতা ইহার পূর্বে দেওয়ানী আদালতের ছিল তাহা ১৮৩১ সালের ৮ আইনের বিধির দ্বারা মালগুলারীর কালেক্টর সাহেবের প্রতি অর্পণ হইয়াছে অতএব ঐ আইনের ৪ ধারার বিধির প্রতি বিশেষরূপে দৃষ্টি রাখিয়া আমরা বোধ করি যে ঐ প্রকার সরাসরী মোকদমাক্রমে যে ক্রোকের ত্বকুম হয় তাহার বাধকতাকরণের সকল মোকদমা কালেক্টর সাহেবে বিচার করিতে পারেন কিন্তু যদি ঐ বাধকতা কর্মে কিছু মারিপীট হয় তবে সেই মোকদমার বিচার মাজিস্ট্রেট সাহেবের দ্বারা হইবেক। ৬১৫ নমুরী আইনের অর্থ।
- ১। এই আইনানুসারে নালিশকরা যে দকল মোকদ্মার নিষ্পত্তি হইয়া কিন্তা উপস্থিত হইয়া থাকে দময়ে২ তাহার রিপোর্টকরণেতে এবং সামান্যতঃ এই আইনের ত্কুমসমুকীয় অন্য দকল কর্ম নির্বাহকরণেতে কালেক্টর সা-হেবেরা রাজস্বের কমিদ্যনর সাহেব কিন্তা দদর বোর্ড রেবিনিউর সাহেবদি-গের ত্কুমের দ্বারা উপদেশ পাইবেন ইতি।—১৮৩১ সা। ৮ আ। ১৮ ধা।
- ১০। ইঙ্গরেজী ১৮২১ সালের ৪ আইনের ৮ ধারার ৩ প্রকরণ শুধরি-বাতে এই ধারাক্রমে ছকুম হইল যে প্রাযুত নওয়াব গবর্নর জেনরল বাহা-দুরের হজুর কৌন্সেলহইতে বিশেষ ক্ষমতা না পাইলে কালেক্টর সাহেবের

আদিষ্টাণ্ট দাহেবের। এই আইনানুদারে কালেক্টর দাহেবকে অর্পণকরা ক্ষমতা পাইবেন না বিশেষ ক্ষমতা পাইলে তাঁহারা কালেক্টর দাহেবের পানিনিন মোকদ্দমাদকল নিষ্পান্তি করিতে পারিবেন কিন্তু কালেক্টর দাহেব যে মত উচিত বুকেন দেইমত ঐ দকল ফয়দলা দর্মদা পুন দৃষ্টি করিবেন কিয়া শুধরিবেন এবং ঐ মোকদ্দমার আপীল দর্মশেষে এই আইনের ৪ ধারার লেখা হুকুমমতে রাজশ্বের কমিদানর দাহেবের নিকটে হইতে পারিবেক ইতি। —১৮৩১ দা।৮ আ। ২১ ধা।

১১। তোমার এলাকার রাজন্বের নানা কার্য্যকারকের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে সদর বোর্ড রেবিনিউর জকুমক্রমে তোমাকে জানাইতেছি যে গবর্ণমেন্ট ইহা দ্বির করিরাজেন যে ১৮৩১ সালের ৮ আইনানুসারে যে সমস্ত ফরসলা অচিকিত ডেপুটা কালেক্টরেরদের ছারা করা যাইতেছে তাহা ঐমত কার্য্যকারকেরদের অন্য সকল নিম্পত্তির
নাায় তাঁহারদের উপর কর্তৃত্যকারি চিকিত সাহেবেরা পুনদৃষ্টি ও মতান্তর করিতে পারেন্।
কিন্দু বাঙ্গলা দেশের প্রীযুত্ত গবর্নর সাহেব কহেন যে সমস্ত বিষয়ের উত্তমরূপে বিবেচনা
করিয়া এই ক্ষমতানুসারে কার্য্যকরা উচিত। কথানং ঐরপ পুনদৃষ্টি বাজলারূপে এবং
কথানং অপভারপে করিতে হইবেক ১৮৩১ সালের ৮ আইনঘটিত মোকদমায় সদ্বিবেচক কার্য্যকারক পুনদৃষ্টিকরণের যে ক্ষমতা আছে তদনুসারে কদাচিৎ কার্য্য করিবেন।
১৮৪০ সালের ২৮ আগন্টের সরক্যুলর অর্ডর।

১২। ১৮৪০ দালের ২৮ আগন্ট তারিখের ৩৩ নম্বরী সরকুলের অর্ডরের উপলক্ষে এবং অচিহ্নিত ডেপুটা কালেক্টরেরদের মালগুজারীর নিমিত্তে সরাসরী মোকদ্মার যে কার্য্য হয় তাহার বিষয়ে কালেক্টর সাহেবেরদের পুনর্দৃষ্টিকরণের একি প্রকার ব্যবহার হয় এই নিমিত্তে গবর্ণমেন্টের পরামশানুসারে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা আদেশ করি-তেছেন যে তুমি আপন এলাকার কালেক্টর সাহেবদিগকে নীচের লিখিত বিধির প্রতি মনোযোগ করিতে আজ্ঞা দিবা।

"ডেপুটী কালেক্টরেরদের সরাসরী ফয়সলার উপর কালেক্টর সাহেবেরদের নিকটে আপীলের যে২ দর্থাস্ত হয় তাহা ঐ কালেক্টর সাহেবেরদের গ্রাহ্য করিতেই হইবেক ১৮৪০ সালের ২৮ আগাই তারিখের সরকালর অর্ডরে এমত ছকুম নাহি। কালেক্টর সাহেব আপনার অধীন ডেপুটী কালেক্টরের মাসিক কৈফিয়ৎ তহকীক করিলে মধ্যে২ কোন মোকদমার কাগজপত্র তলব করিয়া পুনর্দৃষ্টি করিবেন এবং যদিও কোন দর্খাস্তের কথা শুনিয়া ঐ দর্খাস্তের মোকদমা তলবকরা উচিত বোধ করেন্ তথাপি আপীলের দর্খাস্ত তাহার নিকটে দাখিল হইয়াছে কেবল এই কারণে আপীলহওয়া মোকদমার বিচার করিবার কোন আবশ্যক আছে এমত বোধ করিবেন না। কালেক্টর সাহেবেরা আপনারদের অধীন বাক্লিরদের কার্য্যের বিষয়ে বিশেষ তদারক করিবেন এবং তাহারদের বিশ্বন্তা ও সন্থিবেচনাতে কালেক্টর সাহেবের যেমন নির্ভর হয় তেমন তিনি তাহারদের নিঞ্চান্তিহওয়া মোকদমা তলব করিয়া পুনর্দৃষ্টি করিবেন কি না করিবেন।" ১৮৪২ সালের ২৯ আপ্রিজন সরকালর অর্ডর।

১৩। উপরের প্রকরণসকলের বেওরা করিয়া লেখা কোন নালিশ কি দর্থাস্থ তাহার বিষয়হওনাবধি এক বৎসরের মধ্যে উপস্থিত না করা গেলে তাহা এই আইনানুসারে কোন কালেক্টর সাহেবের নিকটে গ্রাহ্য হইবেক না ইতি।—১৮২২ সা। ৭ আ। ২০ ধা। ৩ প্র।

১৪। ইঙ্গরেজী ১৭৯৯ দালের ৭ সপ্তম আইনের ১৫ পঞ্চদশ ধারাতে এবং ১৮০০ দালের ৫ পঞ্চম আইনের ১৪ চতুর্দশ ধারাতে এবং ১৮০৩ দালের ২৮ অফীবিংশ আইনের ৩২ দ্বাত্রিংশ ধারাতে এমত হকুম লেথা গিয়াছে যে কোন পাট্টাদার প্রজার স্থানে দরকারের প্রকৃত মালগুজারীর

বাকী পড়িলে সে পাড়ীদার প্রজাকে এবণ তাহার মালজামিনকে ধরা যাইবেক ও এমত বাকীর দাওয়ার মোকদ্মা তথাকার জজ সাহেবের নিকটে উপস্থিত হইলে আদালতে দে বাকার বিষয়ে সরাসরীমতে বিচার করা যাইবেক কিন্তু যদি কেছ এ কথার মর্মা ও তাৎপর্য্য বিবেচনা করিয়া বুঝে তবে স্লাট বুঝিতে পারিবেক যে অল্লং দিনের অর্থাৎ এক বংশরের মধ্যে কিয়া বংশরের প্রথমা-রয়ে যে বাকী পড়ে কেবল এইমত মালগুজারীর বাকীর বিষয়ে এই হুকুম থাটিবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে প্রকৃত মালগুজারীর বাকী পড়নের নময় অবধি তাহার নালিশকরণের সময়পর্যান্ত যদি দ্বাদশ মাসহইতে অধিক কাল অতীত হইয়া থাকে তবে দে বাকীর দাওয়ার মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি সরাসরীমতে হইবেক না এব ে উপরের লিখনানুসারে আর্থ্যত মোকদ্মা দরাদরীমতে তানিবার হুকুম আছে দে দকল মোকদ্দমার আরম্ভর্যাধি নালিশ করণের সময়পর্যান্ত যদি দ্বাদশ মাসহইতে অধিক কালাতীত হইয়া থাকে তবে তাহার বিচার ও নিষ্পত্তি দ্রাদ্রীমতে হইবেক না কিন্তু এই হুকুনের দ্বারা জজ সাহের এব॰ কালেক্টর সাহেব এব॰ রেজিষ্টর সাহেবদিগের প্রতি বা-কীর নিকাস ও বন্দোবস্ত করিতে বারণ হইবেক ন। যদি সে বাকী দ্বাদশ মাস হইতে অধিক কালের হয় তথাপি উচিত যে তাহার বন্দোবস্ত ও নিকাস করেন্ এব ে যে সময়ে ভাল বুকেন্ অবশ্য এমত বাকীর নিকাস ও বন্দোবস্ত করিবৈন ইতি। - ১৮০৫ সা। ২ আ। ৪ ধা। ১ প্র।

১৫। সরাসরী মোকদ্মার বিষয়ি চলিত ছকুম শুধরিবাতে এই ছকুম হইল যে সরাসরীমতে কালেক্টর সাহেবের। মোকদ্মার নিষ্পত্তি করিতে যে সকল ক্ষমতা পাইয়াছেন ঐ সকল ক্ষমতা এইপর্যান্ত সম্প্রুক্ত রাখিবেক যে মাল-গুজারীর দাওয়া উপস্থিত হইলে গত বৎসরসকলে যে মালগুজারী দিয়া খাকে তাহার নিরিখমত ঐ দাওয়ার নিষ্পত্তি করিবেন কিন্তু বেশীর নিমিতে লেখা কোন প্রকৃত একরারের দ্বারা তাহা প্রমাণ না হইলে ঐ বেশীর উপর কোন দাওয়া গ্রাহ্য করিবেন না ইতি।—১৮৩১ সা।৮ আ।১০ গা।

১৬। যে ব্যক্তির বাকী খাজানা পাওনা থাকে সেই ব্যক্তি চলিত আইনানুসারে নালিশ করিয়া বাকীদারের সম্পত্তি ক্রোক করিতে পারে অথবা তাহাকে কয়েদ করিতে পারে এবং তাহার যেয়ত সুগম বোধ হয় সেইমতে এই দুই উপায়ের কোন এক উপায় অবলম্বন করিতে পারে। ৫১৯ নমুরী আইনের অর্থের ২ দফা।

১৭। অতএব ১৭৯৯ সালের ৭ আইনানুসারে যে সরাসরী নালিশ হয় তাহা যত অপপ সংখ্যা টাকার হউক তাহা জজ সাহেব [এক্ষণে কালেক্টর সাহেব] নামঞুর করিতে পারেন্ না অতএব এক্ষণে এরূপ যে সকল মোকদমা উপস্থিত থাকে তাহা আইনের নিরুপিতমতে জজ সাহেবের নিষ্পত্তি করিতে হইবেক। ৫১৯ নমূরী আইনের অর্থের ও দফা।

১৮। উপরের লিখিত (১৮৩৩ সালের ৯ আইনের ১২ ও ১৩ ও ১৪ ধারার) হুকুমমতাচরণ না করণিয়া যে কোন জমীদার বা ইজারদার কি অন্য কোন প্রকার ভূম্যধিকারী উপরের লিখিত কোন প্রকার মোকদ্দনা আদালতে উপস্থিত করিলে খরচাসমেত ঐ মোকদ্দমা নন্সূট হইবেক যদি তিনি কোন রাইয়ত বা অন্য প্রকার কোন দখীলকার ব্যক্তিকে ভূমি হইতে বেদধাল অথবা তাহারদের সম্পৃত্তি কোক করেন্ তবে যে আদালতের দ্বারা সেই ভূমি বা সম্পৃত্তি রাইয়তকে ফিরিয়া দেওয়া যাইবেক সেই আদালতে ঐ বেআইনী কার্য্যের নিমিত্তে যে জরীমানা উচিত বোধ হয় সেই জরীমানা ঐ জমীদারের দিতে হইবেক ইতি।—১৮৩৩ সা। ৯ আ। ১৫ ধা।

### ২ ধারা।

মালগুজারীর বাকীর এবং তাহা অন্যায়েতে তহদীলকরণের দ্রাদরী মোকদ্মা। জাবেতামতে মোকদ্মা উপস্থিতকরণের আশ্বাদ দেওন।

১৯। ইঙ্গরেজী ১৮১২ সালের ৫ আইনের ২০ ধারামতে জজ সাহেবদিগের মালগুজারীর বাবৎ নালিশের তজবীজ ঐ আইনমতে সরাসরীরপে
করিয়া নিচ্পান্তি করিতে ক্ষমতা ছিল বটে কিন্তু প্রকৃতার্থে ঐ আইনের শুদ্ধ
তাৎপর্যা এমত ছিল না যে যদি কেহ আপন বিবাদ মিটিবার নিমিত্তে সরাসরী
তজবীজের পরিবর্ত্তে হকীয়তের তজবীজহওনের মনস্থ করে তবে দাওয়ার
সংখ্যার দৃষ্টে মুনসেফদিগের নিকটে কি জিলা কি শহরের জজ সাহেবদিগের কিন্তা প্রবিন্সাল কোর্ট আদালতের সাহেবদিগের হজুরে নম্বরীতে করিতে
পারিবেক না এক্ষণে জিলা ও শহরের জজ সাহেবদিগের উচিত যে মালগুজারীর বাকীর বাবৎ উপস্থিত যে কোন মোকদ্দমার নিম্পান্তি আইনমতে সরাসরী
তজবীজের দ্বারা হইতে পারে তাহাতে যদি ঐ সাহেবদিগের বিবেচনায় এমত
বোধ হয় যে ঐ মোকদ্দমার হকীয়তের তজবীজ হইলে উভয়ের বিবাদ অতিশীলু ও সুন্দর নিম্পান্তি হইবেক তবে উভয় বিবাদিকে নম্বরী নালিশ করিতে
পরামর্শ দেন্ ইতি।—১৮২১ সা। ২ আ। ৪ ধা।

২০। যে ব্যক্তিরা মালগুজারীর বাকীর উপর দাওয়া রাথে তাহারদিগকে জাবেতামতে নালিশ করিতে আশ্বাস দিবার নিমিত্তে এই হুকুম হইল যে এই প্রকার দাওয়ার নালিশ চলিত আইনানুসারে সরাসরীমতে হইতে পারিবার যোগ্য হইলেও তাহা জাবেতামতে উপস্থিত হইলে তাহার আরজী চলিত আইনের নিরূপিত মূল্যের সিকি মূল্যের ইফ্টাস্লকাগজে লেখা যাইবেক কিন্তু জানা কর্ত্তব্য যে যদি পুর্বেরে করা সরাসরী ফয়সলা অন্যথাকরণের মনস্থে নালিশ হইয়া থাকে তবে তাহাতে এ হুকুম থাটিবেক না কিন্তু ইফ্টাম্লকাগজের মূল্য দিবার নিমিত্তে যে সকল আইন চলন আছে সেই সকল আইন ঐ মোকৃদ্দ্বাতে থাটিবেক ইতি।—১৮৩১ সা।৮ আ।৮ ধা।

২১। সদর আদালত জিলার জজ সাহেবকে ইহা জানাইতেছেন যে তিনি যে যোকদমার বিষয় উল্লেখ করিলেন তাহা যদি বাকী খাজানার বাবৎ অথবা মালগুজারী অন্যান্য়েতে তহসীলকরণের বাবৎ হয় তবে ১৮৩১ সালের ৮ আইনের বিধির অনুসারে তাহা সরাসরী মোকদমার ন্যায় কালেক্টর সাহেবের বিচার করিতে হইবেক এবং কালেক্টর সাহেব তাহা সরাসরীমতে বিচার না করিলে যদি সেই মোকদমার মূল্য মুনসেফের বিচার্য্য মোকদমার মূল্যের সীমার মধ্যে পড়ে তবে ঐ আইনের ৮ এবং ১১ ধারানুসারে মুনসেফেরা জাবেতামত মোকদমার ন্যায় তাহা বিচার করিতে পারেন্ কিন্তু সম্পূর্ণ মূল্যের সিকী মুল্যের ইন্টাম্পকাগজে তাহার চুরেখান্ত লিখিতে হইবেক। ৭১৪ নমুরী আইনের অর্থের ২ দফা।

২২। জিলার জজ সাহেবের তৃতীয় জিজাসার বিষয়ে সদর আদালত উত্তর করিতে-ছেন যে রাইয়ত এবং পাট্টাদার প্রজা অন্যায়রূপে তহসীলের বাবং যে নালিশ করে এবং জমীদার ও অন্যেরা আপনারদের হক পাওনার বাবং যে মোকদ্দমা করে সেই দুইপ্রকার মোকদ্দমার বিষয়ে ৭১৪ নম্বরী আইনের অর্থের উক্ত ২ ধারা [অর্থাৎ ২১ নম্বরী বিধান] তুলারূপে থাটে। ৭১৪ নম্বরী আইনের অর্থের ও দফা।

২৩। ১৮৩১ সালের ৮ আইনের ৮ ধারা যেমন বাকী মালগুজারীর বিষয়ে থাটে তেমনি মালগুজারী অন্যায়েতে তহসীলকরণের বিষয়েও খাটে কি না এই বিষয়ে নানা-স্থানে নানা প্রকার ব্যবহার চলিতেতে অতএব সদর আদালতের সাহেবের। ইহা জানাইতে- ছেন যে এই বিষয়ের সম্পুতি পুনর্কার বিবেচনা হৃইয়াছে এবং কলিকাতা ও আলাহাবাদের সদর আদালতের অধিকাংশ জল সাহেবেরা ইহা দ্বির করিয়াছেন যে ৭১৪ নয়রী আইনের অর্থানুসারে কার্যাকরা উচিত। আইনের ঐ অর্থে বিধান আছে যে ১৮৩১ সালের ৮ আইনের ৮ ধারা যেমন বাকী মালগুলারীর বিষয়ে খাটে তেমনি মালগুলারী অন্যান্যতে তহসীলকরণের দাওয়ার বিষয়েও খাটিবেক এবং সুতরাং ঐ প্রকার দাওয়ার জাবেতামত মোকদ্দমা হইলে তাহা মুনসেফেরা সামান্যতঃ সিকী মুল্যের ইফাম্প কাগজে লইতে পারেন্। অতএব যদি কোন জিলাতে মালগুলারী অন্যায়েতে তহসীলকরণের বিষয়ে সম্পূর্ণ মুল্যের ইফাম্প কাগজে নালিশ করণের ব্যবহার থাকে তবে তাহা অগোণে পরিবর্ষ করিতে হইবেক। ১৮৪২ সালের ১৮ ফেবুআরির সরক্যুলর অর্ডর।

- ২৪। সদর আদালত বিধান করিতেছেন যে ১৮৩১ সালের ৮ আইনের ৮ ধারানুসারে যে নালিশ হর তাহাতে উকীলেরদের সম্পূর্ণ রসুম আমানং করিতে হইবেক এবং
  সওয়াল জওরাব দাখিল করিতে হইবেক এবং জাবেতামত মোকদমা নির্বাহকরণের নিমিত্র
  যে সকল দাঁড়া নির্দ্দিন্ট আছে তাহার মতে কার্য্য করিতে হইবেক। ঐ ৮ অন্টম ধারার দ্বারা
  কেবল এইমাত্র বৈলক্ষণ্য হইরাছে যে সরাসরী মোকদমা না করিয়া জাবেতামত মোকদমা
  করিতে লোকেরদিগকে আখাস দেওনের নিমিত্ত ইন্টাম্পের মাসুলের চারি অংশের তিন
  অংশ সরকার ছাড়িয়া দিয়াছেন। ১৩০ নম্বরী আইনের অর্থ।
- ২৫। সদর আদালত বিধান করিতেছেন যে ১৮৩১ সালের ৮ আইনের ৮ ধারাক্রমে যে মোকদ্মা উপস্থিত করা যায় তাহা সর্বপ্রকারে জাবেতামত দেওয়ানী মোকদ্মার নাায় জ্ঞান করিতে হইবেক। অতএব মোকদ্মার নালিশের আরক্তীসম্পূর্ণ মুল্যের ইফ্টাম্পকাগজে দাখিল হইলে যেরূপ হইত সেইরূপ এই প্রকার মোকদ্মার বিষয় বুঝিয়া সেই মোকদ্দমার সওয়াল জওয়াব এবং অন্য সকল কাগজপত্র ইফ্টাম্পকাগজে কিয়া শাদা কাগজে লিখিতে হইবেক। ১০০১ নমুরী আইনের অর্থ।
- ২৬। সদর আদালত বিধান করিতেছেন যে বাকী থাজানার বাবৎ কোন দেওয়ানী আদালতের বিচারকের নিকটে নালিশ হইলে ফরিয়াদী ১৮৩৩ সালের ৯ আইনের ১৪ ও ১৫ ধারানুসারে কার্য্য করিয়াছে তাহার এমত প্রমাণ দিতে হইবেক সুতরাৎ তদিয়য়ে ফরিয়াদী যে প্রকার প্রমাণ দর্শাইতে পারে তাহা লইতে হইবেক। ৮৮৪ নম্বী আইনের অর্থ।
- ২৭। মালগুজারীর বাকীর নিমিত্তে যে২ নালিশ জাবেতামতে উপস্থিত হইয়া থাকে তাহা গ্রাহ্য ও তাহার বিচার ও নিক্পত্তি করিতে যে ক্ষমতা মুন-দেকেরা এক্ষনে রাথে তাহার অতিরিক্ত ইঙ্গরেজী ১৮৩১ দালের ৫ আইনানু-দারে যে দকল মুনদেক কোন২ জিলায় নিযুক্ত হইবেক তাহারদের ক্ষমতা আছে যে পেটাও রাইয়ত কি অন্য ব্যক্তিরা আপনারদিগের মালের ক্রোক্ এক ক্রেদ নিবারনের ইচ্ছা করিয়া নালিশ করিলে কিয়া ও কোক্ ও কয়ে-দের নিমিত্তে ক্ষতির দাওয়া করিলে ঐমত দাওয়া গ্রাহ্য ও তাহার বিচার ও নিক্পত্তি করে ইঙ্গরেজী ১৮১৪ দালের ২৩ আইনের ১৩ ধারায় কিয়া অন্য কোন আইনে মুনদেকের প্রতি ক্ষতির মোকদ্মার নিষ্পত্তি করিতে যে নিষেধ আছে তাহা এমত নালিশে থাটিবেক না ইতি।—১৮৩১ দা। ৮ আ। ১১ ধা।

#### ৩ ধারা।

মালগুজারীর বাকীর এব ে তাহা অন্যায়েতে তহদীলকরণের সরাসরী মোকদ্মা। গ্রেফ্টারীর হুকুম।

২৮। জনীদার ও তালুকদারপ্রভৃতি ভূমাধিকারিগণের সাধ্য আছে যে তাহারদিগের কাহার মালওজারীর বাকীর দাওয়া মফঃসলী তালুকদার কিয়া

কট্কিনাদার অথবা যোতদারওগয়রহ পেটার মালগুজারদিগের কাহার উপর থাকিলে দে বাকীর কুলান যদি সেই বাকীদারের দুব্য কিয়্বা সে মালজামিন দিয়া থাকিলে দেই মালজামিনের সমুন্তি ক্রোক্ করিবাতেও না হইতে পারে কিয়্বা সে বাকীদার অথবা তাহার মালজামিন সাক্ষাই থাকিলে তাহার-দিগের স্থানে দে বাকী তলব করিলে পর কি তলব করিবার পূর্কেইবা দে বাকীদার কিয়্বা মালজামিন যদি পলাইতে উদ্যত বুঝা যায় তবে দেই পলায়নোমুগ্র বাকীদার কিয়্বা মালজামিনকে নীচের লিখনানুসারে আটক করাইতে পারে ইতি।—১৭৯৯ সা। ৭ আ। ১৫ ধা। ১ প্র।

২৯। জানিবেন যে উপরের ধারাসকলের লিখিত যে যে হুকুম সদরের মালগুজার ভুমাধিকারিগণ ও ইজারদারদিগের প্রতি মালগুজারীর বাকী উসুলের ভারার্পণের নিদর্শনে আছে সেইং হুকুম যাবদীয় অযোগ্য অধিকারির অধিকারের ও সাধারণ অধিকারভূমিসকলের সরবরাহকারদিগের সরবরাহকারীতে এবং কালেক্টর সাহেবদিগের কর্তৃত্বে ও সরকারী অন্য যে আমলারা কোন অধিকারের সরকারী জমা ধার্য্যের নিমিত্তে কিয়া বিষয়ান্তরজন্যে অথবা ভূমাধিকারী কিয়া ইজারদারের সহিত বন্দোবস্ত না হওনপ্রযুক্ত থাস তহসীলে আসিয়া থাকা কোন ভূমির তহসীলের নিমিত্তে নিযুক্ত হইয়া থাকে তাহারদিগের কর্মকারিত্বেও চলিবেক। আর এ আইনের ২ দিতীর ধারাক্রমেযে শক্তি ভূমাধিকারিগণ ও ইজারদারদিগের চাকরেরা পাইয়াছে সে শক্তি এমত সরবরাহকারদিগের এবং কালেক্টর সাহেবদিগের ও সরকারী অন্য আমলাদিগের নিযুক্তকরা গোমাশ্তাপ্রভৃতিতেও পাইতে পারিবেক যদি তাহারদিগের মুনিবেরা সে শক্তি তাহারদিগেরে দেয় ইতি।—১৭৯৯ সা। ৭ আ। ১৯ ধা।

- ৩০। সদর আদালত বিধান করিতেছেন যে ১৭৯৯ দালের ৭ আইনের ১৫ ধারার ৪ প্রকরণে "ভূমির ইজারদার" এই কথার সাধারণমতে অর্থ করিতে হইবেক এবং সেই কথার অর্থের মধ্যে সর্বপ্রকার দর ইজারদার গণ্য করা যাইবেক। ২৭৮ নম্বরী আইনের অর্থ।
- ৩১। সদর দেওয়ানী আদালত বিধান করিতেছেন যে ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারা যেরপে ভূমাধিকারী এবং ভূমির ইজারদারের বিষয়ে খাটে সেইরপে যে ব্য-ক্রিরা বন্ধকী খতক্রমে ভূমির ভোগদখল পাইয়া থাকে তাহারদের বিষয়েও খাটিবেক। ৩৫ নমুরী আইনের অর্থ।
- ৩২। ১৭৯৯ সালের ৭ আইন এবং ১৭৯৩ সালের ১৭ আইন এবং ১৭৯৫ সালের ৩৫ আইনের কথার সাধারণ অর্থ করিতে হইবেক অতএব তাহা যেরপে মালগুজারীর ভূমির বাকী থাজানার দাওয়ার বিষয়ে খাটে সেইরপে লাখেরাজ ভূমির বাকী থাজানার দাওয়ার বিষয়েও থাটিবেক। ৩১৩ নম্বরী আইনের অর্থের ৫ দফা।
- ৩৩। সদর আদালত বিধান করিতেছেন যে কোন গ্রামনিবাসি ব্যক্তিরদের মধ্যে যদি কেবল এইমাত্র পরক্ষার সম্পর্ক থাকে যে তাহারা এক গ্রামে বাস করে এবং তাহারা সাধারণরপে কোন এক থণ্ড ভূমির চাসবাস করে না তবে এইমত গ্রামনিবাসি অধিকাংশ ব্যক্তিরদের নামে বাকী থাজানার নিমিত্ত একি নালিশ করিলে তাহা অতি বেদাঁড়া এবং অসকত হয় এবং এইরূপ এক সরাসরী মোকদ্দমা ইহার পূর্বে গ্রাহ্য হইয়াছিল ইহা দেওয়ানী আদালতে জাবেতামত মোকদ্দমা উপস্থিতকরণের মাতবর কারণ বোধ হইবেক না। যে সকল রাইয়ত এক বন্দ ভূমি এজমালীরূপে চাসবাস্ত্র করে এবং তাহার থাজানার বিষয়ে তাহারা সাধারণরূপে দায়ী কেবল এইমত রাইয়তের্দের নামে একি মোকদ্দমা হইতে পারে ৮৬০ নমুরী আইনের অর্থ।

- ৩৪। সদর আদালত বোধ করেন্যে ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার সকল বিধি যেমন বাকীদার রাইয়তের বিষয়ে খাটে তেমনি তাহার মালজামিনের বিষয়েও খাটে কিন্তু যে ব্যক্তির নিমিত্ত কেহ হাজিরজামিন হইয়াছিল সেই ব্যক্তি পলায়ন না করিলে ঐ ধারার বিধি হাজিরজামিনের বিষয়ে খাটে না। কিন্তু যদি বাকীদার পলায়ন করে তবে ঐ বাকীদারের স্থানে যে পাওনা ছিল তাহার বিষয়ে যেরূপে মালজামিন দায়ী সেইরূপে হাজিরজামিনও দায়ী এবং হাজিরজামিনের নামেও নালিশ হইতে পারে। ৪১ নমুরী আইনের অর্থ।
- ৩৫। জিলার জজ সাহেব জিজাসা করিলেন যে ১৮১২ সালের ৫ আইনের ১৩ ধারানুসারে ভূমির ফসল ক্রোক হইলে যদি রাইয়তেরা ক্রোক উঠাইয়া দেয় তবে জমীদার অথবা তাহার গোমাশ্তা তাহারদের নামে নালিশ করিলে জিলার জজ সাহেব সেই নালিশ সরাসরীমতে বিচার করিতে পারেন্ কি না। তাহাতে সদর দেওয়ানী আদালত ঐ জিলার জজ সাহেবকে ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার বিধি দেখিতে কহিলেন এবং তাঁহাকে জানাইলেন যে ১৮০৬ সালের ৯ আগফে সদর আদালত এই বিধান করিলেন মে উক্ত ধারানুসারে যে২ মোকদমা উপস্থিত করা যায় সেই সকল মোকদমার সরাসরীমতে নিষ্পত্তি হইবেক। ৫০৩ নমুরী আইনের অর্থ।
- ৩৬। সদর আদালত বিধান করিতেছেন যে ১৮৩১ সালের ৮ আইনের ৯ ধারানু-সারে যেং স্রাস্রী মোকসমা কালেক্টর সাহেবের নিকটে উপস্থিত করা যায় তাহা জাবে-তামত মোকসমার ন্যায় নিম্পত্তি করিবার নিমিত্ত কালেক্টর সাহেব মুন্দেফের নিকটে অর্পণ করিতে পারেন্ না। ৮৭৯ নম্রী আইনের অর্থ।
- ৩৭। এই আইনের ৪ ধারার লিখনানুসারে উপরের লেখামত যে সকল সরাসরা মোকদ্বমা কালেক্টর সাহেবের নিকটে উপস্থিত হইবেক ঐ সকল মোকদ্বমার আরজা ঐ মোকদ্বমার নালিশ জাবেতামতে দেওয়ানা আদালতে হইলে যে মূল্যের ইফ্টাম্লকাগজে লেখা যাইত তাহার সিকি মূল্যের ইফ্টাম্লকাগজে লেখা যাইবেক কিন্তু জানা কর্ত্তর্য যে যদি করিয়াদা যথার্থরপ নিরূপিত ইফ্টাম্লকাগজের মূল্য দিতে না পারে কিয়া যদি কালেক্টর সাহেব আন্য কোন হেতুপ্রযুক্ত তাহা মাফ করা উচিত বুঝেন্ তবে কোন মফঃসলা তালুকদার কি ইজারদার কি রাইয়তের নালিশের আরজা ১০ আট আনা মূল্যের ইফ্টাম্লকাগজে গ্রাহ্য করিতে তাহার প্রতি ক্ষমতা থাকিবেক ইতি।—১৮৩১ সা। ৮ আ। ৭ ধারা।
- ৩৮। যদি কোন ব্যক্তি উপরের প্রকরণের মতে কিয়া উপরের প্রস্তাবিত আইনের লিখনমতে কোন বাকীদার মালগুজারীকরণিয়া কি তাহার মালজানিমেকে গ্রেফ্টার করিবার প্রার্থনা লিখিয়া কোন আরজী কোন আদালতে দিতে চাহে তবে তাহার উচিত যে বাকীদারের ও তাহার মালজামিনের নাম ও নিবাস ও যে মহালের বাবৎ মালগুজারীর বাকীর দাওয়া হয় সে মহালের নাম ও তাহার অতিরিক্ত সেই মহালের সালিয়ানা জমার ও বৎসরের নিরুপিত সময়িরে এতাবতা কিস্তিং যতং টাকা দিতে হয় তাহার সংখ্যা ও যোতদার কি মালগুজারীকরণিয়ার কিয়া তাহার মালজামিনের স্থানে যত টাকা উসুল হয়য়া থাকে তাহার সংখ্যা ও যে বাকী আদায়ের কারণ গ্রেফ্টারীর আরজী দিতে চাহে তাহার সংখ্যা ও দাওয়াকরা বাকী টাকা বাকীদারের স্থানে তলব হয়য়াছিল কি না ও যদি তল্পব হয়য়া থাকে তবে তাহাতে সে কি করিলেক তাহার কথা আরজীতে লিথিয়া দেয় ইতি।—১৮১৭ সা। ১৯ আ। ১৫ ধা। ২ প্র।

- ৩৯। মালগুজারীর বাকী পাওনিয়া ভূম্যধিকারিগণ ও ইজারদারেরা ও তাহারদিগের নিযুক্তকরা গোমাশ্তাওগয়রহ চাকরদিগের সাধ্য আছে যে বাকী উদুলের কারণ জজ সাহেবদিগের স্থানে (এক্ষণে কালেক্টর সাহেবের স্থানে) দর্থাস্ত দেয়। —১৭৯১ সা। ৭ আ। ১৫ ধা। ২ প্র।
- ৪০। ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ২ প্রকরণানুসারে জমীদারেরা বাকী-দারেরদিগকে গ্রেফ্টার করণের বিষয়ে যে দর্থান্ত দাখিল করে মুনসেফেরদিগকে ভাহা লইতে নিষেধ হইল। ১৮৩২ সালের ১৩ জুলাইর সর্কুলর অর্ড্র।
- ৪১। কেহ উপরের লিখিত দর্থাস্ত আদৌ জজ সাহেকের স্থানে দিতে চাহিলে তাহা শীঘু দাখিল হওয়া উচিতের কারণ আদালতের বৈচক থাকিতে কিয়া না থাকিতেও আপনি কিয়া আপনার নির্দিষ্ট কর্মকর্তা আদালতের চিহ্নিত উকাল হউক কি না হউক তাহার দ্বারা দিতে পারে তাহাতে জজ সা-হেবের কর্ত্তব্য যে সে বাকীদার কিয়া মালজামিন তাঁহার আদালতের দীমানার মধ্যে থাকিলে তৎফলাৎ এক দম্ভক তাহাকে ধরিবার ও ধরা পড়িয়া দে বাকী না দিলে তাহাকে আপন স্থানে পঁহুছাইবার নিদর্শনে লিখিয়া পাচাইবেন। তাহাতে যদি দেই বাকীর দায়ী দে দস্তক দেথিয়া তৎক্ষণাৎ কিম্বা হিসাব নিম্পত্তির কারণ ধার্য্য পাওয়া ৬০ দণ্ডের মধ্যে দেই তলবী বাকীর হিসাব নিষ্পত্তি না করে তবে দেই দম্তকবহনিয়ার উচিত যে দেই দম্ভকের লিথিত ত্রুমমতে কার্য্য করে অর্থাৎ দেই আদামীকে ধরিয়া আদালতে প্রভায়। किंद्ध यि त जानामी ज्यांस थाकिसा त हिनाव निष्मिन्त करिवात कोत्न थे নিরুপিতের অধিক কিছু কাল মিয়াদের দর্থাস্ত লিথিয়া দেয় ও ফরিয়াদী • তাহাতে সমত হইয়া সে দর্থান্তের কপালে কিয়া পৃষ্ঠে আপন মঞুরীর দর্ভ-। এৎ করে তবে দন্তকবহনিয়া তদনুসারে বিলম্ব করিতে পারিবেক। ও ফরি-यांनी यनि अवज मस्तक जाती भोकूक कता है एक गाँट उत्त ताजीनामात जनूमारत দর্থাস্ত লিথিয়া দিলে তদূটে সৈ দস্তক জারী ও মৌকুফ হইতে পারিবেক ও পলায়নোল্য আনামীর তলবী দম্তকছাড়া এমতের কোন দম্তক বহিবার অর্থে দুই জনের অধিক পোয়াদা কথন হইবেক না। এব°৲ এমত দম্ভক বর্থাস্তের পার দ্যুক্রহনিয়া তলবানা রোজ ইঙ্গরেজী ১৭৯৩ সালের ১৪ আইনের ৩ ধারাক্রমে দিনপ্রতি দুই আনার হারে ও স্থানবিশেষে ইহারো কম সে স্থানের দাঁড়াদ্টে পাইতে হইলে পাইবেক ইতি। - ১৭৯৯ না। ৭ আ। ১৫ ধা। ৩ প্রা
  - 8২। সদর দেওয়ানী আদালত বিধান করিতেছেন যে ১৮০৬ সালের ২ আইনের ২ ধারাতে যে এত্তেলা দেওনের তকুম আছে তাহা ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার নির্দিষ্ট সরাস্রী তকুমের বিষয়ে খাটে না। ৩০ নয়রী আইনের অর্থ।
  - ৪৩। ইঙ্গরেজী ১৮১৭ সালের ১৯ আইনের ১৫ ধারার হুকুমের অভিরিক্ত এই হুকুম হইল যে যদি জমীদারের কিয়া তালুকদারের কি অন্য যে
    ব্যক্তি মালগুজারী পাওনের অধিকার রাথে তাহার বাকীদার এক জিলায়
    বসত করে ও অন্য জিলায় তাহার এলাকা থাকে তবে বাকী তলবকরণিয়া
    প্রত্যেক ব্যক্তি ঐ দুই জিলার যে জিলায় ইচ্ছা সেই জিলার জজ সাহেবের
    নিক্টে সরাসরী নালিশের দর্থাস্ত করিতে পারিবেক ও বাকীদারের এলাকার
    জিলার জজ সাহেবের নিক্টে দর্থাস্ত করিলে বাকীদারের নিবাসের জিলার
    জজ সাহেবের নিক্টে ডাক মার্ফৎ দস্তক পাচাইতে হইবেক যদি তিনি পা-

রেন্ তবে গ্রেস্টার করিয়া পেয়াদা দক্ষে দিয়া এলাকার জজ দাহেবের নিকটে পাচাইয়া দিবেন ও যদি বাকীদার রুপোশ হয় ও তাহাকে ধরা যাইতে না পারে তবে দস্তকের পেয়াদার জোবানবন্দীর দঙ্গে নাজিরের রিটর্ণ অর্থাৎ কৈ-ফিয়ৎ উপাযুক্ত তদবার ও উপায়করণের কথা দহিত আদালতের দাহেবের হৃদ্বোধের নিমিত্তে পাচাইয়া দিবেন ইতি।—১৮১১ সা। ৮ আ। ১১ ধা।

৪৪। মালগুজারীর বাকীদার পুজাগণকে ও তাহারদিগের মালজামিন-দিগকে ধরিবার ও কয়েদ করিবার নিদর্শনী ইঙ্গরেজী ১৭৯৯ সালের ৭ সপ্তম আইনের ১৫ পঞ্চশ ধারার ১। ২। ৩। ৪। ৫। ৬ প্রকরণের নির্দ্ধারিত म॰ रक्तरभ विघात कर्ख्रवात इकुम निमकरभाश्वानीत अनाकामात श्रुकावरर्गत উপর ইঙ্গরেজী ১৭৯৩ সালের ২৯ আইনের ১৮ ধারার নিরূপিত পোথা-নীর কাল কার্ত্তিক মাদ প্রবৃত্তহইতে আষাঢ় মাদপর্যান্ত থাটিবেক না এই হে-তুক যে তাহারদিগের মালগুজারী এত ভারি হইবেক না যে তাহা ১৭১৩ দা-লের ১৭ আইনের এব০১ ১৭৯৫ সালের ৩৫ আইনের ও ১৭৯৯ সালের ৭ আইনের অনুসারে তাহারদিগের ভূমির শস্য ও অস্থাবর বস্তু সময়শিরে ক্রোক করিবাতে উদুল না হইতে পারে। কিন্তু যদি নিমকপোঞ্জানীর এলাকাদার কোন প্রজার শিরের মালগুজারীর বাকী তাহার ভূমির শদ্যাদি অস্থাবর বস্তু ক্রোক করিবাতে এব ে সোলজামিন দিয়া থাকিলে সেই মালজামিনহই তেও আদায় না হয় তবে দেই বাকী পাইবার স্বস্ত্বান ভূম্যধিকারী কিয়া ইজারদার অথবা তাহারদিগের নিযুক্তকরা গোমাশ্তারা ইক্রেজী ১৭৯৩ সালের ২১ আইনের ১১ ধারায় যেমত লেখা আছে তদনুসারে কার্য্য করিতে সাধ্য রাখি-জানিবেন যে দেই আইনের ঐ ১১ ধারার এব ৫ ২০ ধারার তথা ২১ ধারার দকল ত্কুম তাহা ইঙ্গরেজী ১৭১১ দালের ৭ দপ্তম আইনের কিয়া এ আইন জারীর তারিথের পূর্বে জারীহওয়া অন্য কোন আইনের অনুসারে রদ হইয়া থাকে কি না থাকে তথাচ সাব্যস্ত ও বলবৎ রাখা গেল ই,তি।—১৮০১ দা। ৯ আ। ২ ধা।

## ৪ ধারা।

মালগুজারীর বাকীর কি তাহা অন্যায়েতে তহুদীলকরণের দরাদরী মোকদ্দমা।
দরাদরী মোকদ্দমা অগ্যহু করিতে কালেক্টর দাহেবের ক্ষমতা।

৪৫। জানা কর্ত্তব্য যে যে কোন সরাসরী নালিশের আরজী এই আইনের 
হকুমানুসারে কালেক্টর সাহেবের নিকটে উপস্থিত হইবেক তাঁহার ক্ষমতা 
আছে যে সেই আরজীর পিঠে নামপ্পুরকরণের হকুম পারসী ভাষায় লিথিয়া 
ও জাবেতামতে নালিশ করিতে হকুম করিয়া আরজীদেওনিয়াকে তাহা ফিরিয়া দেন্ এবং আদালতের কার্য্যকারকদিগের কর্ত্তব্য যে ঐ আরজী জাবেতামতে প্রথমতঃ নালিশ করিলে যেমত গ্রহণ করিতেন সেইমত গ্রাহ্য করেন্
ইতি।—১৮৩১ সা।৮ আ। ১ ধা।১ প্র।

৪৬। জানা কর্ত্তব্য যে রাজ্য্বের কমিশ্যনর সাহেবের নিকটে কালেক্টর সাহেবের হুকুমের উপর সরাসরী আপাল উপস্থিত হইলে তাঁহার ক্ষমতা আছে যে এমত নালিশসকল গ্রাহ্য করিতে ও তাহার বিচার ও নিষ্পত্তি করিতে কালেক্টর সাহেবকে হুকুম করেন্ এব পতাহা গ্রাহ্য কি অগ্রাহ্যকরণ-সম্প্রীয় স্থানহেতুক কি অন্য কোন হেতুক তাঁহার বিবেচনায় উচিত বোধ

হইলে তাঁহাকে অন্য কোন ভ্কুম দেন্ ইতি।—১৮৩১ সা।৮ আ। ৯ ধা। ২ প্র।

89। সদর দেওয়ানী আদালত দেখিয়াছেন যে কোন হ কালেক্টর সাহেব বাকী খাজানার বাবৎ আপনার নথীতে যে সরাসরী মোকদমা উপস্থিত ছিল তাহার মধ্যে অনেক
মোকদমা জিলার আদালতে অর্পণ করিয়াছেন এবং ১৮৩১ সালের ৮ আইনের ৯ ধারার
১ প্রকরণের অর্থ না মানিয়া জিলার ও শহরের জজ সাহেবেরা ঐ মোকদমা গ্রাহ্য করিয়াছেন। অতএব সদর আদালত পরামর্শ দিতেছেন যে ঐ প্রকরণের বিধির অনুসারে অবিকল কার্য্য করিতে কালেক্টর সাহেবদিগকে হুকুম্ভদওয়া যায় অর্থাৎ যখন তাঁহারা কোন
সরাসরী মোকদমা নামপ্পুর করেন্ তথন ঐ দর্খান্তের পৃষ্ঠে নামপ্পুরকরণের হুকুম দেশীয়
ভাষায় লিথিয়া এবং ঐ দর্খান্ত ফরিয়াদীকে ফিরিয়া দিয়া জাবেভামত মোকদমা উপস্থিত
করিতে তাহাকে হুকুম দেন্ এবং যদি সেই মোকদমা মুনসেফের বিচারকরণের যোগ্য হয়
তবে ফরিয়াদী ঐ দর্খান্ত মুনসেফকে দিতে পারিবেক নতুবা জঙ্ক সাহেবকে দিবেক এবং
তিনি যে প্রধান সদর আমীন বা সদর আমীন ঐ মোকদমা শুনিতে পারেন্ তৎক্ষণাৎ
তাঁহার নিকটে অর্পণ করিবেন। বাঙ্গলা দেশের প্রীযুত গবর্নর সাহেব এই প্রামর্শেতে
সম্যত হইলেন। ১৮৩৫ সালের ২৭ ফেব্রুআরির সরকুলের অর্ডর।

#### ৫ ধারা।

মালগুজারীর বাকীর কি তাহা অন্যায়েতে তহ্সীলকরণের সরাসরী মোকদ্মা।
সরাসরী বিচার ও ফয়সলা।

৪৮। জাবেতামত দস্তক জারীহওনের পর যদি নাজিরের রিটর্ণ অর্থাৎ
কৈফিয়ৎ তলাশ করিয়া আসামী না পাওয়া যাওনের কথাসম্বলিত দাখিল হয়
তবে দর্খাস্তদেওনিয়ার ক্ষমতা আছে যে সিরিশ্তার উকীলের কি আপন
মোধ্যারের মারফতে মোকদ্দমার তজবীজ এক মাসপর্যান্ত এই আশায়ে মৌকুফ
থাকনের দর্খাস্ত দাখিল করে যে যদি ইহার মধ্যে পারে তবে দস্তক জারী
করাইয়া আসামী গ্রেস্তার করায় ও সেই মাসের শেষে হাজির না হওনমতে
ইশ্তিহার দেওয়ায় ও ইশ্তিহারের মিয়াদ অতীত হইলে মোকদ্দমার তজবীজ
করায় অথবা মৌকুফ না করাইয়া ১৫ পনের রোজ মিয়াদে এই মজমুন
ইশ্তিহার লট্কাইয়া দেওয়ায় যে ইশ্তিহারের মিয়াদ গত হইলে আসামী
হাজির হয় বা না হয় মোকদ্দমা সরাসরীমতে নিম্পত্তি হইবেক ও হাজির না
হওনমতে ফরিয়াদীর দস্তাবেজ দেথিয়া একতরফী তজবীজ করা যাইবেক
ইতি।—১৮১৯ সা।৮ আ।১৮ ধা। ৩ প্র।

৪৯। ঐ প্রকার মোকদ্দমার বিচার ও নিষ্পত্তিকরণেতে কালেক্টর সাহেবেরা এই আইনের লিথিত হুকুমমতে কার্য্য করিবেন এব° যেং বিষয়েতে
এই আইনের লিথিত হুকুম সম্পর্ক না রাথে সে সকল বিষয়েতে ঐ প্রকার সরাসরা মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি দেওয়ানী আদালতে হইবার নিমিত্তে যেং
হুকুম লেথা গিয়াছে সেইং হুকুমমতে কার্য্য করিবেন এব° উভয় পক্ষীয়
লোকদিগকে ও দাক্ষিদিগকে হাজির করাইবার বিষয়ে এব° নিষ্পত্তির হুকুম
জারীকরণের বিষয়ব্যতিরেকে সামান্যতঃ ঐ প্রকার মোকদ্দমাতে আবশ্যক যে
সকল হুকুমইত্যাদি দিবার বিষয়ে দেওয়ানী আদালতের সাহেবদিগকে যে
সকমতা অর্পন করা গিয়াছে কালেক্টর সাহেবও সেই ক্ষমতা রাথিবেন ও
নিষ্পত্তির হুকুম জারীকরণের বিষয়ে নীচের লিথিত হুকুম মতাচরণ করা যাইবেক ইতি।—১৮২৪ সা। ১৪ আ। ৪ ধা।

- ৫০। উপরের দুই প্রকরণের [অর্থাৎ এই অধ্যয়ের ৩৯ এব॰ ৪১ নম্বরী বিধির] লিখনানুসারে কোন জজ সাহেবের নিকটে বাকীদারেরদের কিয়া মালজামিনদিগের কাহাকেও পঁত্ছাইলে তৎকালে সে সাহেব সেই আসামীর म्रात्न मा अयात ज अयाव जनव कति रवन जा शास्त्र यिन कति यानीत मा अया সমাক কিন্তা তন্মধ্যের কিছু মিথ্যা এমত জওয়াব আসামী দেয় তবে দাখিলা-দিগর কাগজপত্র এবং উভয়ের হিসাবকিতাবদৃষ্টে সংক্ষেপে বিচার করি-বেন। ইহাতে ভূমাধিকারিগণ ও ইজারদারদিগের সাধা আছে যে সংক্ষেপে বিচার্য্য মোকদমার সওয়াল ও জওয়াব কালেক্টর সাহেবদিগের কি জজ সাহেবদিগের নিকটে করিবার কারণ যাহাকে নিযুক্ত করা বিহিত বুঝে তাহা-কেই সমাক ভারাপিয়া নিযুক্ত ও রুজু করে। – ১৭৯৯ সা। ৭ আ। ১৫ ধা। 8 월 1
- ৫১। এই আইনের লিথনক্রমে যে২ মোকদ্দমাকালেক্টর সাহেবদিগকে সমর্পণ করা যায় ঐ সকল মোকদ্মার উভয় বিবাদিরা আপন্থ পক্ষের সও-য়াল ও জওয়াব করিবার নিমিত্তে যে কোন লোককে মোধার কি উকীল কি প্রতিনিধিরপে নিযুক্ত করা উপযুক্ত বোধ করে দেই জনকৈ লিখিত পত্রের দারা ক্ষমতাপ্রাপ্ত করিয়া আপন মোগ্রার কি উকাল কি প্রতিনিধি করিতে পারে ও ঐ মোঝার কি উকীলের মেহনতানার ধায্য ঐ মোঝার কি উকীল ও তাহার নিয়োক্তা একত হইয়া করিবেক কিন্তু ঐ প্রকার মোখারইত্যাদির করা কার্য্যের দৃষ্টে ঐ কার্য্যের পরিবর্ত্তে যাহা কালেক্টর সাহেব উপযুক্ত বুকেন্ যে জনের প্রাজয় নিফাত্তি হয় দেই জনের তাহার অধিক দিতে হইবার হকুম मिर्टिन ना ইতি।—১৮२8 मा।১৪ **जा। ७ शा।**

[দ্রাস্রী মোকদ্মাতে মোখার্নামা ও ওকালতনামার ইফাম্প কাগজের বিষয়ি

দ্বিতীয় অধ্যায়ের ৪৭৪ নমূরী বিধান দেখ।

- ৫২। সদর আদালত জানাইতেছেন যে জমীদার বা তালুকদার কি ইজারদার কিয়া অন্য ভূম্যধিকারী যদ্যপি আসামীকে পাউা না দিয়া থাকেন্ অথবা তাহার স্থানে কবুঁ-লিয়ৎ না লইয়া থাকেন্ তথাপি দেই জমীদারপ্রভৃতি যদি এমত প্রমাণ দিতে পারেন্ যে ভাঁহার গ্রামের হিদাবকিতাব রীতিমতে রাখা গিয়াছে এবং তাহ। যথার্থ এবং যদি স্রাস্রী মোক্দমাতে ঐ গ্রাম্য হিসাবের দার। অথবা অন্য কোন প্রকার বিখাস্যোগ্য সাক্ষ্যের দার। এমত প্রমাণ দিতে পারেন্ যে আসামীর স্থানে তিনি যে টাকার দাওয়া করেন্ তাহা তাঁহার নিতান্ত পাওনা আছে তবে চলিত আইনানুসারে তিনি ঐ বাকী টাকার বাবৎ ডিক্রী পাইবার যোগ্য হইবেন। ৫৭৪ ন্সুরী আইনের অর্থের ও দফা।
- ৫৩। সদর আদালত এমত বোধ করেন্না যে রাইয়ত যদি কবুলিয়ৎ না লিখিয়া দিয়া থাকে তবে ১৭৯৯ সালের ৭ আইনানুসারে জমীদার তাহার নামে সরাসরী নালিশ করিতে পারেন্ না বর্ণ জিলার আদালতের এই ক্লমতা আছে যে দাখিলা এবণ উভয় বি-বাদির হিসাবকিতাবপ্রভৃতি তজবীজ করিয়া যে বাকী টাকা প্রকৃতার্থ ও ওয়াজিবী দেনা হইবার প্রমাণ হয় ১৭৯৯ দালের ৭ আইনের ১৫ ধারার ৪ প্রক্রণের নিরূপিত মতে তা-হার ডিক্রী করেন্। ৩৮০ নম্বরী আইনের অর্থ।
- ৫৪। ঐ প্রকার মোকজমাতে ফরিয়াদী ও আসামীর স্থানে নালিশী আরজী ও তাহার জওয়াবব্যতিরেকে আর কোন সওয়াল ও জওয়াব লওনের আবশ্যক হইবেক না ও যদি ফরিয়াদী কি আদামী কোন দময়ে আপন শুধরা নালিশী আরজী কি শুধরা জওয়াব কি বেওরা জ্ঞাপনার্থে আর কোন কাগজ দাথিল করিতে চাহে তবে তাহা লওয়া যাইবেক ইতি।—১৮২৪ সা। ১৪ আ। ৭ ধা।

- ৫৫। ঐ প্রকার মোকদ্মাতে যে২ কাগজ দরপেশ করা যায় কিন্তু। উভয়পক্ষের যে২ দাক্ষী তলব করা যায় তাহার নিমিত্তে কোন ফীদ লওয়া যাইবেক না ও উভয় বিবাদির ঐ কাগজ দাখিল করিবার ও দাক্ষী তলব করাইবার দরখাস্ত ইফীয়ুকাগজে লিখিবার আবশ্যক হইবেক না ইতি।— ১৮২৪ দা। ১৪ আ। ৮ ধা।
- ৫৬। কালেক্টর সাহেব আপন জিলার মধ্যে যে কোন স্থানে কোন সম-য়ে যান্ কি থাকেন্ সেই স্থানেই ঐ প্রকার মোকদ্দমা দকল শুনিতে ও তাহার বিচার ও নিষ্পান্তি করিতে পারেন্ কিন্তু আবশ্যক যে ঐ প্রবণ ও নিষ্পান্তি সর-কারী কোন কাছারীতে কিয়া সকল লোকের সমাগমের অন্য স্থানেতে এবং উভয় পক্ষ কি তাহারদিগের নিযুক্তকরা মোধার কি উকীলেরা হাজির হইলে তাহারদিগের সাক্ষাৎকারে করা যায় ইতি। — ১৮২৪। ১৪ আ। ১ ধা।
- ৫৭। যদি কোন মফঃসলী তালুকদার কি কোন কট্কিনাদার কিয়া যোতদার কি অন্য মালগুজারীকরণিয়া অথবা তাহারদিগের মালজামিন মালগুজারীর বাকী টাকা তলবের কারণ উপরের ধারার লিথিত আইনের বিবরণ করিয়া লেথা দস্তক জারীহওনমতে গ্রেড্রার হয় ও সম্যক কি কতক দাওয়া না মানিয়া আপনি কি তাহার মালজামিন সরাসরী তজবীজ সারা না হওনপর্যান্ত হাজির থাকিবার কারণ মাতবর জামিনী দিতে প্রবর্ত্ত হয় তবে জজ সাহেবের ক্ষমতা আছে যে উত্য বিবাদির দরপেশকরা হিসাবের কাগজ ও দস্তাবেজ দৃষ্টিকরণানুসারে কিয়া কৈফিয়ৎ তলবের নিমিত্তে জিলার কালেক্টর সাহেবকে মোকজ্মা সোপর্দকরণানুসারেই বা যে প্রকারে হউক সরাসরী তজবীজ করা সারা ও নিম্পত্তির হকুম না হওনপ্র্যান্ত বাকীদারের কি তাহার মালজামিনের জামিনী মঞ্জুর করেন্ ইতি।—১৮১৭ সা। ১৯ আ। ১৬ ধা। ২ প্র।
- ৫৮। জজ সাহেবদিগের কেহ মালগুজারীর বাকীর কোন মোকদমা বিচারার্থে কালেক্টর সাহেবদিগের কাহাকেও ভার দিয়া থাকিলে তাহার রিপোর্ট অর্থাৎ বেওরাহকীকৎ দে কালেক্টর সাহেবের স্থানে পাইলে পর তদ্টে কিয়া কাহাকেও না ভারদেওয়া কোন গোকদমার বিচার আপনি করিয়া পরে যদি বুকেন্যে দেই বাকী টাকা আদামীর দেনা অযথার্থ চাহরিল কিয়া ফরিয়াদী জানিয়াস্তনিয়া অসঙ্গত নালিশ করিয়াছিল অথবা ফরিয়াদীর দাওয়া সমুদ্যের মধ্যে যৎকিঞ্চিৎ প্রমাণ হইল তবে দে আসামীকে ছাড়িয়া দিবেন এব<sup>০</sup>১ তাহাকে ক্ষতিপূরণ ও সমাক থরচাও দেওয়াইবেন। আর যদি সন্দয় দাওয়া কি তাহার মধ্যে কিছু ভারীইব। প্রতিপন্ন হয় তবে সে আদামীকে তাবৎ শক্ত কয়েদে রাখিবেন যাবহ দে বাকী টাকা মাদে শতকরা এক টাকার হারে সুদ ও নালিশী থরচা সমেত না দেয় অথবা তাহার থালাসের কারণ ফরি রাদী দর্থাস্ত না করে। ও ক্রেদ হইলে এমত আদামীর মর্যাদা ও মোক-দ্মার ভাব বুকিয়া দিনপ্রতি চারি আনার অধিক ও এক আনার ন্যুন না হয় এরপে বিহিত বিবেচনাক্রমে তাহার যত থাদ্য থরচ দিবার হুকুম জজ দাহেব করেন্ তাহা দে আদামী কয়েদ থাকাপর্যান্ত ইঙ্গরেজী ১৭১৩ দালের ৪ আই-নের ৮ ধারার প্রণালীপূর্বক দেই ফরিয়াদী যোগাইবেক ইতি। -> ৭১১ সা। ৭ আ। ১৫ ধা। ৫ প্র।
  - ৫৯। জিলার জজ সাহেব জিজাসা করিলেন যে ১৭৯৯ সালের ৭ আইনের বিধির

অনুসারে মোকদমা উপস্থিত হইলে জন্ধ সাহেব সরেজমীনে ভদারক করণার্থ আমীন পাঠাইতে পারেন্ কি না। তাহাতে সদর আদালত বিধান করিলেন যে আবশ্যক না হইলে সেইরূপ সরাসরী মোকদমাতে আমীন প্রেরণকরা উচিত নহে কিন্তু যত থাজানার দাওয়া হইতে পারে তাহার নির্ণয়করণের নিমিত্ত যদ্যপি সরেজমীনে গিয়া ভদারক না করিলে হয় না তবে ১৭৯৯ সালের ৭ আইনের কোন বিধিতে সেই রূপ তদারক করণের হুকুম দিতে জিলার জন্ধ সাহেবের প্রতি নিষেধ নাই। ২৬৫ নমুরী আইনের অর্থ।

৬০। মালগুজারীর বাকীর কিয়া তাহা অন্যায়েতে তহুদীলকরণের সমুর্কীয় নালিশের অতিবাহুলাপ্রযুক্ত কিয়া অন্য কোন হেতুপ্রযুক্ত ইহা কর্ত্ব্য বোধ হইলে দকল কালেক্টর দাহেবের প্রতি এই আইনানুদারে হুকুম আছে যে দেই এলাকার কিমিদানর দাহেবের অনুমতি পাইয়া এমত কোন দাওয়া দেই জিলার মধ্যে তহুদীলদারের নিকটে এই মনস্থে পাচাইবেন যে তাহা তদন্ত করিয়া রিপোর্ট করে এবং ইঙ্গরেজী ১৮২৪ দালের ১৪ আইন জারীহতনের পূর্ফে যে দকল হুকুম এপ্রকার মোকদ্বমা কালেক্টর দাহেবের নিকটে দোপর্দ হইলে তাহার উপর থাটিয়াছে দেই দকল হুকুমমতে দকল তহুদীলদারেরা আপন্য কর্ম্ম নির্দ্ধাহ করিবেক।—১৮৩১ দা।৮ আ।১৩ ধা।

্রিপরের লিখিত বিধানেতে যে২ স্থলে এইমতমোকদমার বিচারের সম্পর্কে জজ সাহেব লিখিত হইয়াছে সেই২ স্থলে কালেক্টর সাহেব পাঠ করিবেন।]

### ৬ ধারা।

মালগুজারীর বাকীর কি তাহা অন্যায়েতে তহসীলকরণের সরাসরী মোকদ্দমা। কালেকুটর সাহেবের ফয়সলা জারীকরণ।

৬১। যে২ মোকদমাতে বিশেষ টাকা কিয়া কোন খরচা দেনার কি ক্ষতিপূরণের বিষয়ে ফয়দলা হয় দেই দকল ফয়দলা জারীকরণে ইঙ্গরেজী ১৮২২ দালের ৭ আইনের ২৩ ধারার ৩ প্রকরণের যে২ স্থল দম্লর্ক রাখে তাহা এই আইনানুদারে কালেক্টর দাহেবদিগের করা ফয়দলাতে দমানরপে থাটিবেক ইতি।—১৮৩১ দা। ৮ আ। ২০ধা।

৬২। এই আইনের দ্বারা ভূমির মালগুজারী তহদীলের কালেক্টর দাহেবদিগকে এ ক্ষমতা দেওয়া যাইতেছে যে এই আইনের লিখনানুদারে
দংখ্যা নিরূপিত কতক টাকা কিয়া খরচা অথবা ক্ষতিপূরণ দেওয়াইতে হইবার অর্থে কালেক্টর দাহেব যে২ নিষ্পত্তি করেন্ তাহাতে মালগুজারীর
বাকী আদায়করণের কারণ যেরপ করা যায় দেইরপ যে কালেক্টর দাহেব
ঐ নিষ্পত্তি করিয়া থাকেন্ দেই দাহেব ঐ টাকা যাহার পাইবার অর্থে
নিষ্পত্তি হইয়া থাকে তাহার নিমিত্তে উদুল করিবেন্ ইতি।—১৮২২ দা। ৭
আ।২০ধাত প্র।

৬৩। ত্কুম হইল যে ইঙ্গরেজী ১৭১৯ সালের ৭ আইনের ১৫ ধারার ৭ প্রকরণ এব° সুবে বাঙ্গালা ও আগরার সম্পর্কীয় চলিত অন্য কোন আই-নের লেখা যে কোন ত্কুমানুসারে দেওয়ানী আদালতের জজ সাহেবেরা বাকী-দারের তালুক কি অন্য কোন ভূমি থাজানা আদায়করণ সরাসরী ডিক্রী ক্রমে নীলামকরণের ক্ষমতা রাথেন্ ও ঐ প্রকার উপরের উক্ত ঐ দুই সুবার চলিড ইঙ্গরেজী ১৮২২ সালের ৭ আইনের ২৩ ধারার ৩ প্রকরণের লিখিত যে কোন স্কুমানুসারে মালগুজারীর বাকী আদায়কারণ সরাসরী ডিক্রীক্রমে ভূমি নীলামকরণ কলেক্টর সাহেবদিগের প্রতি নিষেধ আছে ঐং লুকুম রদ হইল মালগুজারীর কী আদায়কারণ সরাসরী ডিক্রীক্রমে ভূমি বিক্রয় করিবার যে ক্রমতা দেওর আদালতের জজ সাহেবদিগের প্রতি অর্পিত ছিল এক্লণে সেই ক্রমতা মালগুজারীর কালেক্টর সাহেবদিগ্রে অর্পণ করা গেল ইতি।— ১৮৩৫ সা। ৮ আ। ১ ধা।

৬৪। তুকুম হইল যে যথন ইঙ্গরেজী ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ৭ প্রকরণ ও ২৩ ধারার ৬ প্রকরণ ও ২৫ ধারার লিখনানুসারে যে কোন ভূমি মালগুজারীর বাকী আদায়কারণ বিক্রয় হয় কর্ত্তরা যে তাহার নীলাম সর্ব্বে সাধারণ লোকের দৃষ্টিগোচর স্থানে হয় এবং কালেক্টর সাহেব কি ডেপুটী কালেক্টর অথবা ঐ কর্ম্ম নির্বাহকরণের ক্লমতা পাওয়া কোন আন্সিম্টাণ্ট কালেক্টর তাহা নীলাম করিবেন এবং নীলামের নিরূপিত দিনের ১০ দশ দিন পুর্ব্বে জিলার আদালতে অথবা অন্য কোন কাছারীতে ও কালেক্টরী কাছারীতে এক ইশ্তিহারনামা সকল লোককে জানাইবার নিমিত্তে লট্কাইয়া রাথিতে হইবেক ইতি।—১৮৩৫ সা। ৮ আ। ২ ধা।

৬৫। জিলার জজ সাহেবের ২৬ মে তারিখের এক পত্র পাইয়া সদর দেওয়ানী আদালত এই শুকুম করিতেছেন যে সরাসরী মোকদ্মার বিচার করিতে কালেক্টর সাহেবের যে ক্ষমতা আছে তাহাতে জজ সাহেবের কোন সম্পর্ক নাই এবং ঐ বিষয়ে কালেক্টর সাহেব কোন প্রকারে জজ সাহেবের অধীন নহেন্। অতএব যদ্যপি কালেক্টর সাহেব জাপনার করা সরাসরী ফয়সলা জারীকরণার্ধ রাইয়তের সম্পত্তি ক্রোক করিয়া থাকেন্তবে সদর আদালতের বোধে জজ সাহেব সেই বিষয়ে কোন প্রকারে হস্তক্ষেপ করিতে পারেন্না। এবং যদি পূর্বং বংসারের কিয়া সন হালের সরকারের মালগুলারী উদুল করিবার নিমিত্ত সমস্ত মহাল ক্রোক হইয়া থাকে অথবা খাসতহসীলে থাকে এবং যদি ঐ মহালের মালগুলারী একেবারে কালেক্টর সাহেব অথবা ভাহার আমীনের লারা আদায় হয় তবে সদর আদালত বোধ করেন্যে ঐ মহালের সাধারণ সরবরাহ কর্মো অথবা ঐ মহালহইতে উৎপন্ন রাজস্ব লাইয়া সরকারের দাওয়া পরিশোধের কার্য্যে জল সাহেব হাত দিতেপারের না। ১১৬৫ নয়রী আইনের অর্থ।

৬৬। ছগলীর জজ সাহেবের জিজাসাকরাতে সদর আদালত বিধান করিলেন যে চলিত আইনানুসারে বাকী খাজানার নিমিত্ত যে সরাসরী ডিক্রী হয় তাহাঐ ডিক্রীর তারিখের পর বারে বৎসরের মধ্যে জারী হইতে পারে। ১২৬৬ নম্বরী আইনের অর্থ।

৬৭। সদর আদালত বিধান করিতেছেন যে কালেক্টর সাহেবের করা সরাসরী ফরসলা অন্যথা করিবার নিমিত্ত দেওয়ানী আদালতে জাবেতামত মোকদমা উপস্থিত হইলে ঐ মোকদমার বিচারহওনের সময়ে জজ সাহেব ঐ সরাসরী ফরসলা জারী স্থগিত করিতে পারেন্ না। চলিত আইনের ছারা জজ সাহেবকে এমত কোন ক্ষমতা দেওয়া যায় নাই ফলতঃ যদি জাবেতামত মোকদমার চূড়ান্তরূপ নিম্পত্তি না হওয়াপর্যন্ত সরাসরী ফরসলা জারী স্থগিত হইতে পারে তবে সরাসরী বিচার একেবারে বিফল হয়। ৭৩৮ নম্বরী আইনের অর্থ।

<sup>\*</sup> জানা কর্ত্তব্য যে অন্য কোন কাছারী শদের এই অর্থ বোধ করিতে হইবেক যে যদি কোন জিলার কাছারীতে জজ সাহেব উপদ্থিত না থাকেন্ তবে উপরের লিখিত ইশ্তিহার নামা প্রধান সদর আমীনের কাছারীতে তাহা না থাকিলে সদর আমীনের কাছারীতে তাহাও না থাকিলে জিলার সদর মোকামবাসি মুনসেফের কাছারীতে লট্কাইয়া রাখা যায় ইতি।

- ৬৮। সদর আদালত বিধান করিতেছেন যে কালেক্টর সাহেবের করা স্রাস্রী ফর-সলা জারী কর্ণার্থ যদি সম্পত্তি নীলামকরণের কম্প হয় এবং যে সম্পত্তি নীলাম হইবেক ঐ সম্পত্তির উপর যদি বাদি প্রতিবাদি ছাড়া অন্য কোন ব্যক্তি উপস্থিতিইয়া দাওয়া করে তবে ঐ দাওয়। দাব্যস্তকর্ণার্থ ঐ ব্যক্তি জাবেতামত যে মোকদ্দম। 🌉 হাহার নিম্পত্তি না হওয়াপর্যান্ত জ্জ সাহেব এ নীলাম স্থগিত করিতে পারেন্। ১১৮১ দীরী আইনের অর্থ।
- ৬৯। সদর আদালত বিধান করিতেছেন যে ১৮৩১ সালের ৮ আইনের ২০ ধারার দারা কালেক্টর সাহেবদিগকে আপন্থ ফরসলা জারীকরণের ক্ষমতা দেওয়া গিয়াছে অত-এব বাকীদারকে কয়েদ ও থালাস করণের বিষয়ে কালেক্টর সাহেব যে ছকুম দেন্ তাহা দেওয়ানীর জন্ম সাহেবের দারা দিবার আবশাক নাই। কালেক্টর সাহেবের প্রওয়ানা পাইলে দেওয়ানী জেলরক্ষক ঐ আসামীকে কয়েদ বা থালাস করিবেন। ১৮৩৩ সালের ৪ জানুআরির সরক্যুলর অর্ডর।
- ৭০। সদর আদালত বোধ করেন্ যে কোন আদামী ১৮৩১ দালের ৮ আইনানুসারে काटलक्षेत्र माट्टरतत कता मतामती कग्रमला जाती क्राय यिन कर्यम द्य अद९ यिन मिडे वाकि ১৮০৬ সালের ২ আইনের ১১ ধারানুসারে দরখান্ত দেয় ও আপনার যোত্রহীনতা প্রমাণ করে তবে কালেক্টর সাহেব তাহাকে খালাস করিতে পারেন্। এই প্রকার মোকদমার বিষয়ে ইহার পূর্বের জন্স দাহেবের যে সকল ক্ষমতা ছিল তাহা ১৮৩১ সালের ৮ আইনের দ্বারা কালেক্টর সাহেবের প্রতি অর্পণ হইয়াছে। ৭৮৪ নম্বরী আইনের অর্থ।

### ৭ ধারা।

মালগুজারীর বাকীর কি তাহা অন্যায়েতে তহ্দীলকরণের দরাদরী মোকদ্মা। সরাসরী ফয়সলার অন্যথা করিবার নিমিত্ত জাবেতামত মোকদ্দমা উপস্থিত

[১৮৩১ সালের ৮ আইনের ৪ ধারা (এই অধ্যায়ের ৭ নমূরী বিধান) দে<del>থা ।</del>]

- १५। य कान वाक्ति अरे आरेनानुमारत कालकरेत मारहरवत कता দরাদরী নিষ্পত্তিতে অদমত হ্ইয়া তাহাঅপেক্ষা দুন্দররূপে মোক্দমার বি-চার ও নিষ্পাত্তি করাইতে চাহে দে ব্যক্তি জিলা কি শহরের দেওয়ানী আদা-লতে জাবেতামতে সে মোকজমার নালিশ করিতে পারিবেক এব ১ ঐ মে:-কদ্মার নালিশ দরপেশকরণের সময়ে ঐ সরাসরী নিষ্পত্তির কুবকারী না লিশী আরজীর সঙ্গে দাথিল করিতে হইবেক ইতি।—১৮২৪ সা। ১৪ আ ১০ ধা।
- ৭২। ইহাও জানান যাইতেছে যে এই আইনের ১১ ও ১২ ও ১৪ ও ১৫ ও ১৬ ও ১৭ ও ১৮ ও ১১ ও ২০ ধারানুসারে কালেক্টর সাহের-দিগকে যে ক্ষমতার্পণ করা গিয়াছে সেই ক্ষমতাক্রমে তাঁহারা কোন মোকদ্ব মাতে নিফপত্তির হকুম দিলে যদি উভয়ের কোন পক্ষ তাহাতে অসমত হইয়া জাবেতামতে আদালতে তাহার নালিশ উপস্থিত করে তবে দেই নালিশ দেও-য়ানী আদালতে দ্রাদ্রীরূপে হওয়া নিষ্পত্তির উপর জাবেডামতে হওয়া আপীলের ন্যায় বোধ করা যাইবেক অতএব এমত মোকদ্দমাতে কালেক্টর সাহেবের কি সরকারের অন্য কোন কার্য্যকারক সাহেবের বাদী কি প্রতিবাদী হওনের প্রয়োজন নাহি ইতি।—১৮২২ দা। ৭ আ। ২৩ ধা। ২ প্র।
- ৭৩। উপরের ধারার (১৫ ধারার) ৫ পঞ্চম প্রকরণের [৫৮ নম্বরী বি-ধান দেখ] অনুসারে কয়েদহওয়া কোন আদামী যদি তাহার উপর হওয়া দাওয়ার বিচার দেওয়ানী আদালতে করাইতে চাহে তবে সাধ্য রাথে যে যে

ভূম্যধিকারী কিয়া ইজারদার তাহাকে কয়েদ করাইয়া থাকে তাহার নামে নালিশ করে ও তাহাতে সে দাওয়া প্রমাণ না হইলে যত ক্ষতি হইয়া থাকে তাহার নিশা থরচাদনেত কয়েদকরণিয়ার স্থানহইতে দেওয়ান যাইকেন। আর যদি ধরাপাকড়াহইতে ছাড়ান পাইবার কারণ কিয়া উপরের লিথিত ধারা ক্রমে কয়েদহইতে থালাস হইবার নিমিত্তে আদৌ তলবের টাকা দিয়া পশ্চাই তাহার দাওয়া দেওয়ানা আদালতে করে ও তথায় এমত সাব্যস্ত হয় যে তইকালে সে টাকা দিবার দায় তাহার শিরে সঙ্গত ছিল না তবে তদর্থে উপরের লিথনানুসারে ডিক্রৌ হইবেক এবং সঙ্গত অপেক্রা যত টাকা অধিক দিয়া থাকে তাহা মাসে শতকরা এক টাকার হারে সুদ্দমেত ফিরিয়া পাইবেক ইতি। — ১৭৯৯ সা। ৭ আ ১৬ ধা।

৭৪। যদি জজ সাহেবদিগের কোন কেছ (এক্লণে কালেক্টর সাহেব) ভূম্যপিকারির কিয়া ইজারদারের মালগুজারীর বাকীর দাওয়া এ আইনের ১৫ ধারার অনুসারে সংশক্ষপে বিচারের কালে অগ্রাহ্য করেন্ তবে সেই ভূম্যধিকারী কিয়া ইজারদারের সাধ্য আছে যে পুনরায় সে নালিশ সূক্ষ্ম বিচারের দাঁড়ামতে দেওয়ানী আদালতে করে। ও তথায় বিচারমুথে যদি প্রমাণ হয় যে সংশক্ষপে বিচারকালীন অগ্রাহ্য হওয়া তাহার দাওয়া সঙ্গত বটে তবে তাহার যত ক্ষতি হইয়া থাকে ও যে থরচা সেই দুইবার বিচারমুথে লাগিয়া থাকে তাহা এবং মালগুজারীর বাকী টাকা মানে শতকরা এক টাকার হারে সুদসমেত পাইবেক ইতি।—১৭৯১ সা। ৭ আ। ১৭ ধা।

৭৫। যেত্তুক মালগুজারীর বাকীর কিয়া তাহা অন্যায়ক্রমে তহনীলকরণের সমুর্কীয় নরানরী ফয়নলার উপর জাবেতানতে নালিশ উপস্থিত হইলে চলিত আইনসকলে এমত কোন মিয়াদ নির্দ্ধারিত নাহি যে ঐ ময়াদ গত হইলে তাহা গ্রাহ্য হইকে না নেইহেতুক এই ধারাক্রমে হুকুম হইল যে এমত সকল বিষয়ে মালগুজারীর কালেক্টর সাহেবের করা সরামরী ফয়মলার উপর জাবেতামতে হওয়া নালিশ মঞ্কুর করিতে কালেক্টর সাহেবের ফয়মলা যাহার উপর হইয়া থাকে তাহাকে ঐ ফয়মলা দিবার কিয়া দিতে চাহিবার তারিথহইতে এক বৎসর মিয়াদ নির্দ্ধারিত হইল ইতি।—১৮৩১ সা। ৮ আ। ৬ ধা।

৭৬। বিধান হইল যে ১৮৩১ সালের ৮ আইন জারীহওনের পূর্বের বিচারকেরা যে সকল সরাসরী ফরসলা করিয়াছিলেন তাহাতে ঐ আইনের ৬ ধারার বিধি খাটিবেক অর্থাৎ ঐ বিচারকেরদের করা সকল সরাসরী ফরসলা অন্যথা করিবার নিমিত্তে জাবেতামত সমস্ত মোকদমা ঐ আইন জারীহওনের পর এক বৎসরের মধ্যে করিতে হয়। ১৮৪১ সালের ১৬ জুলাইর আইনের অর্থ।

৭৭। সদর আদালত বিধান করিতেছেন যে রাজ্যনের কর্মকারকেরদের সরাসরী ফয়-সলা অন্যথা করিবার নিমিত্ত ১৮৩১ সালের ৮ আইনের ৬ ধারায় জাবেতামত মোকদ্দমা উপস্থিত করিতে যে এক বৎসর মিয়াদ নিরূপণ হইয়াছে তাহা ১৮১৪ সালের ২৬ আইনের ৮ ধারার ১০ ও ১১ প্রকরণের নিরূপিত নিয়মানুসারে হিসাব করিতে হইবেক। ১০২৮ নমুরী আইনের অর্থ।

৭৮। এব পথ এই ধারাক্রমে হুকুম হইল যে বাঙ্গলা নেশের চলিত ইঙ্গ-রেজী ১৮২২ সালের ৭ আইনের ৩১ ধারার ২ প্রকরণের এব প ১৮৩১ সা-লের ৮ আইনের ১৯ ধারার যে২ ভাগে লেথে যে তাহার মধ্যের নির্দিষ্টি প্রকার মোকদ্দমা সদর আমীন বা মুন্সেফের বিচার্য্য নহে এব প তাঁহারদিগকে অর্পন হইতে পারে না তাহা রদ হইল ইতি।—১৮৩৭ সা। ২৫ আ। ২ ধা। ৭৯। ইঙ্গরেজী ১৮৩১ দালের ৮ আইনের ১৯ ধারা মভান্তর হইবাতে হকুম হইল যে ভূমির মালগুজারীর বিষয়ে কালেক্টর দাহেবের করা দরা-দরী কয়দলা অন্যথা করণের নিমিত্তে জাবেতামত মোকদমা মূল্য বুঝিয়া প্রধান দদর আমীন ও দদর আমীন ও মুনদেকের নিকটে উপস্থিত করা যা-ইতে পারিবেক ইতি। —১৮৩২ দা। ৭ আ। ১০ ধা।

৮০। কোন কালেক্টর সাহেবের সরাসরী বিচারপূর্ব্বক করা নিষ্পত্তি মতান্তর কি রদ করিবার নিমিত্তে আদালতে যথম জাবেতামতে নালিশ দর-পেশ হয় তথম ঐ আদালতহইতে ঐ সরাসরী বিচারসমুর্কীয় সমস্ত কাগজ তলবের হকুম হইবেক ও ঐ কাগজ ঐ মোকদ্মার মিসিলের শামিলে রাথা যাইবেক ইতি।—১৮২২ সা। ৭ আ। ৩১ ধা। ১ প্র।

৮১। ১৮৩১ সালের ৮ আইনের ৮ ধারার বিধির অনুসারে যে মোকদমায় নিরূপিত মূল্যের সিকী মূল্যের ইফাম্পকাগজে নালিশের আরজী প্রথমেতে লেখা গিয়াছিল সেই মোকদমার ফয়সলার উপর আপীল হইলে ইফাম্পের কত মাসুল লাগিবেক এই বিষয়ে সন্দেহ হওরাতে সদর আদালত বিধান করিতেছেন যে এই প্রকার আপীলেতে ইফাম্পের সম্পূর্ণ মাসুল দিতে হইবেক যেহেতুক ১৮৩১ সালের ৮ আইন কেবল প্রথম নালিশের বিষয়ে সম্পর্ক রাখে। ১৮৩৪ সালের ১২ ডিসেম্বের সরকালর অর্জর।

#### ৮ ধারা।

মালগুজারীর বাকীর এব° তাহা অন্যায়েতে তহসীলকরণের সরাসরী মোকদ্দ-মা। বাকীদার পাটাদার প্রজা ও তাহার মালজামিনের উপর অন্য জিলায় হুকুম জারীকরণ।

এই ধারানুসারে এমত হুকুম নির্দিষ্ট হইল যে যে কোন মফঃসলী তালুকদার কি কট্কিনাদার কিয়া যোতদার অথবা অন্য মালগুজারীকরণিয়ার কি তাহারদিগের মালজামিনের স্থানে মালগুজারীর বাকী পাওনা থাকে সে যদি তাহা তলবের সময়ে না দিয়া যে ভূমির বাবৎ এমত বাকীর দাওয়া হয় সে ভূমি যে অধিকারে থাকে সে অধিকারভিন্ন অন্য জিলা কি শহরের অধিকারে বীস করিতে থাকে তবে ঐ বাকী যে জমীদার কি ভূমির অন্য অধিকারী কিম্বা ইজারদারের পাওন। হয় তাহার কিয়া তাহারদিণের মোঝারকারের ক্ষমতা আছে যে এক আর্জীতে নীচের নিরূপিত তফ্সীল ও বাকীদার কি তাহার মালজামিনকে গ্রেফ্টারকরণের প্রার্থনা লিথিয়া বাকীদার কি তাহার মালজা-মিন যে জিলা কি শহরের অধিকারে থাকে কিয়া পাওয়া যায় দেই জিলা কি শহরের জজ সাহেবের নিকটে দেয় ও সেই জজ সাহেবের উচিত যে এমত আরজী দাথিল হইলে পর তৎক্ষণাৎ বাকীদার কি তাহার মালজামিনকে গ্রেফ্টার করিবার কারণ ইঙ্গরেজী ১৭১১ সালের ৭ আইনের ১৫ ধারার ৩ প্রকরণ ও ১৮০০ সালের ৫ আইনের ১৪ ধারার ৩ প্রকরণের ও ১৮০৩ সালের ২৮ আইনের ৩২ ধারার বয়ান করিয়া লেথা দম্ভক জারী করিবার ছকুম দেন্ ইতি।—১৮১৭ দা। ১৯ আ। ১৫ ধা। ১ প্র।

৮৩। যদি কোন ব্যক্তি উপরের প্রকরণের মতে কিয়া উপরের প্রস্তাবিত আইনের লিখনমতে কোন বাকীদার মালগুজারীকরণিয়া কি তাহার মালজা-মিনকে গ্রেফ্টার করিবার প্রার্থনা লিথিয়া কোন আরজী কোন আদালতে দিতে চাহে তবে তাহার উচিত যে বাকীদারের ও তাহার মালজামিনের নাম ও নি- বাদ ও যে মহালের বাবৎ মালগুজারীর বাকীর দাওয়া হয় দে মহালের নাম ও তাহার অতিরিক্ত দেই মহালের দালিয়ানা জমার ও বংশরের নিরূপিত দময়িরে এতাবতা কিস্তিং যত টাকা দিতে হয় তাহার দংশ্যা ও যোতদার কি মালগুজারীকরণিয়ার কিয়া তাহার মালজামিনের স্থানে যত টাকা উদুল হইয়া থাকে তাহার দংশ্যা ও যে বাকী আদায়ের কারণ গ্রেফ্টারীর আরজী দিতে চাহে তাহার দংশ্যা ও দাওয়াকরা বাকী টাকা বাকীদারের স্থানে তলব হইয়াছিল কি না ও যদি তলব হইয়া থাকে তবে তাহাতে দে কি করিলেক তাহার কথা আরজীতে লিথিয়া দেয় ইতি।—১৮১৭ দা। ১৯ আ। ১৫ ধা। ২ প্র।

৮৪। যদি বাকীদার কি তাহার মালজামিনকে এই ধারার ১প্রথম প্রকরণের মতে তাহারদিগের গ্রেফ্টারীর দম্ভক জারী হইলে পরে যে জজ সাহেবের আ-দালতহইতে দম্তক জারী হইয়া থাকে তাঁহার অধিকারেতে পাওয়া যায় ও সে গ্রেফ্টার হইয়া তলবী বাকী টাকা না দেয় কি যে ব্যক্তি তাহাকে গ্রেফ্টার করা-ইয়া থাকে তাহার দহিত তলবা টাকার রফা না করে ও তাহাতে উপরের লি-থিত আইনের লিথনমতে তাহাকে দেখানকার দেওয়ানী আদালতে হাজির করা যায় তবে ঐ আদালতের জজ দাহেবের উচিত যে বাকীদার কি তাহার মালজামিনের স্থানে যে ভূমির বাবৎ বাকীর দাওয়া হয় দে ভূমি যে জিলা কি শহরের অধিকারে থাকে দে জিলা কি শহরের আদালতে তাহাকে না পা-চান যাওনের হেতু ও সেই ভূমি দুই জিলা কি শহরের অধিকারে থাকিলে যে অধিকারে দেই ভূমির অনেকং ভূমি থাকে দে অধিকারে তাহাকে না পাচান যাওনের কারণ জিজ্ঞাদা করেন্ তাহাতে যদি ঐ বাকীদার কি তাহার মালজা-মিন তাহার নাতবর হেতু না জানায় কি যে অধিকারে দাওয়ার ভূমি থাকে দেই অধিকারেতে নিরূপিত মিয়াদের মধ্যে হাজিরহওনের নিমিত্তে মাতবর জামিন না দেয় তবে দেই বাকীদার কি তাহার মালজামিনকে মজকুরী পেরাদা মহসিল দিয়া যে জিলা কি শহরের অধিকারে ঐ ভূমি থাকে সেই জিলা কি শহরের জন্ত সাহেবের হজুরে পাচান যাইবেক ও ঐ পেয়াদা লোকের তলবান। বাকী তলবকর্ণিয়ার স্থানইইতে দেওয়ান যাইবেক ও এমতং প্রকারেতে মো-কদ্মার কৈফিয়ৎ গ্রেফ্লারীর কথা লেখা আসল আরজী ও ঐ মোকদ্মার মোতালক সমস্ত কাগজ সহিত যে জজ সাহেবের নিকট গ্রেফ্টারহওয়া ব্যক্তিকে পাচান যায় তাঁহাকে জ্ঞাত করণার্থে পাচান যাইবেক ও যে ব্যক্তি গ্রেফ্টার হইয়া আদিয়া থাকে দে যদি আপনাকে যে জিলা কি শহরের অধিকারে যে ভূমির মালগুজারীর বাকীর দাওয়া হয় সেই ভূমি থাকে সেই জিলা কি শহ-রের জজ সাহেবের নিকটে না পাচান যাওনের হৈতু জানায় কিয়া ঐ জজ সা-হেবের নিকট আপনি হাজির হইবার নিমিত্তে মঞ্রহওনের যোগ্য মাতবর জামিনী দিতে পারে তবে কেবল গ্রেফ্টারীর আরজী ও দে মোকদ্মার মোতা-লক সমস্ত কাগজ ঐ জিলা কি শহরের জজ সাহেবের নিকটে পাচান যাই-বেক ইতি।—১৮১৭ দা। ১৯ আ। ১৫ ধা। ৩ প্র।

৮৫। যদি কোন বাকীদার কি তাহার মালজামিন উপরের প্রকরণের মতে যে ভূমির বাবৎ মালগুজারীর বাকীর দাওয়া হয় দেই ভূমি যে জিলা কি শহরের অধিকারে থাকে দেই জিলা কি শহরের আদালতে আপনি হাজির হইবার অর্থে জামিনী দিয়া তদনুসারে হাজির হয় তবে ঐ আদালতের জজ সাহেবের উচিত যে অন্যং প্রকারেতে এক্ষণকার চলিত আইনমতে বাকীদার কি তাহার মালজামিন তাঁহার অধিকারের মধ্যে গ্রেফ্টারহওনমতে তাহার প্রতি যেমত আচরণ করেন সেই মত আচরণ এমতেও ঐ বাকীদার কি তাহার মালজামিনের প্রতি করিবেন ইতি।—১৮১৭ সা। ১৯ আ। ১৫ ধা। ৪ প্র।

#### ১ ধারা।

মালগুজারীর বাকীর এব° তাহা অন্যায়েতে তহসীলকরণের সরাসরী মোকদ্দমা। এক বিষয়ের মোকদ্দমা একি আদালতে সোপদ্দকরণ।

৮৬। এক বিষয়সমুর্কীয় দুই কিয়া ততোধিক নালিশ ভিরং আদালতে হওনপ্রযুক্ত কট বাধ হইয়া এই ধারাক্রমে হুকুম হইল যে যদি জজ লাহে-বের কর্ণগোচর হয় যে এই আইনানুলারে যে কোন বিষয় বিচার্য্য হয় তাহার সমুর্কীয় কোন মোকজ্মা আপনার আদালতে কিয়া আপনার তাবে কোন আদালতে উপস্থিত আছে আর সেই বিষয়সমুর্কীয় নালিশ পূর্ব্বে কালেক্টর লাহেবের নিকটে হইয়াছে তবে জজ লাহেবের কর্ত্ব্য যে দেই মোকজ্মা কালেক্টর লাহেবের নিকটে পাচাইবার হুকুম দেন এবং কালেক্টর লাহেবের উচিত যে দুই নালিশের নিফপত্তি করেন্ ইতি।—১৮৩১ লা। ৮ আ। ১৪ ধা।

৮৭। উক্ত ১৪ ধারাতে "এফি বিষয়সম্পর্কীয়" এই কথার এই অর্থ করিতে হইবেক যে দুই মোকদ্মার নালিশের হেতু একি। এবং যে জজ সাহেব বা অন্য বিচারক প্রত্যেক মোকদ্মার বৃত্তান্ত অবগত থাকেন্ কেবল তিনিই নিশ্চয় করিতে পারেন্ যে কোন্ং মোকদ্মাতে উক্ত বিধি খাটিতে পারে। ১০০১ নস্রী আইনের অর্থ।

৮৮। ঐ মত যদি কালেক্টর সাহেবের কর্ণগোচর হয় যে যে বিষরসম্পর্কীয় নালিশ আপনার নিকটে উপস্থিত আছে সেই বিষয়সম্পর্কীয় নালিশ
পূর্ব্বে জাবেতামতে জজ সাহেবের আদালতে হইয়াছে তবে তাঁহার কর্ত্রসা যে
ঐ মোকদ্দমার বিচার স্থগিত রাখিয়া জজ সাহেবের নিকটে নথী পাচান্ এবং
ঐ জজ সাহেব দুই গোকদ্দমার নিক্পন্তি আপনি করিবেন কিয়া আপনার
তাবে কোন কাছারীতে বিচারের নিমিত্তে পাচাইবেন ইতি।—১৮৩১ সা।
৮ আ।১৫ ধা।

৮৯। যশোহরের জজ সাহেবের জিজাসাকরাতে সদর আদালত বিধান করিলেন যে ১৮৩১ সালের ৮ আইনের ১৪ ও ১৫ ধারার ছকুম সদর দেওয়ানী আদালতের সঙ্গে সম্পর্ক রাখে না কেবল জিলা ও শহরের আদালতে ও তাঁহার্দের অধীন আদালতে খাটে। ১২৫২ নম্বী আইনের অর্থ।

৯০। জানান যাইতেছে যে জজ দাহেবের এব॰ তাঁহার অধীন আদালতের কার্য্যকারকদিণের কর্ত্তব্য যে হইতে পারিলে এই আইনানুদারে বিচার্য্য এক বিষয়ের দকল নালিশের মোকদ্দমা নিচ্পান্তির নিমিত্তে এক কাছারীতে পাচান্ আর অধীন আদালতের কার্য্যকারকদিণের কর্ত্তব্য যে যদি মালগুজারীর বাকীর কি তাহা অন্যায়েতে তহদীলকরণের দম্প্রকীয় কোন বিষয়ের মোকদ্দমা আপনার আদালতে উপস্থিত হইয়া আছে এব॰ তাহারা জ্ঞাত হয় যে দেই বিষয়দম্পর্কীয় কোন মোকদ্দমা অন্য আদালতে উপস্থিত আছে কি কালেক্টর দাহেবের নিকটে দরাদ্রীমতে নালিশ উপস্থিত হইয়াছে তবে ঐ মোকদ্দমার

বিচার স্থগিত রাখিয়া নথী জজ সাহেবের নিকটে পাচায় ইতি।—১৮৩১ সা। ৮ আ। ১৬ ধা।

৯২। সদর আদালত বিধান করিতেছেন যে ১৮৩১ সালের ৮ আইনানুসারে কালেক্টর সাহেব যে সকল মোকদমা অর্পণ করেন্ তাহা স্বতন্ত্র করিয়া নস্রবিলী করিতে হই-বেক এবং যদ্যপি দুই মোকদমার ডিক্রী এক কালে হয় তথাপি প্রত্যেক মোকদমা আলাহিদা মোকদমার ন্যায় বোধ করিয়া ডিক্রী করিতে হইবেক। ১০০১ নম্বরী আইনের অর্থের ২ দফা।

৯৩। সদর দেওরানী আদালত বিধান করিতেছেন যে ১৮৩১ সালের ৮ আইনের ১৫ ধারার বিধির অনুসারে যে২ মোকদমা অধস্থ দেওরানী আদালতে অর্পণ হয় তাহা জাবেতামত দেওরানী মোকদমার ন্যায় বহীর মধ্যে লিখিতেও বিচার করিতে হইবেক। ৯৫১ নমূরী আইনের অর্থ।

#### ১০ ধারা।

মালগুজারীর বাফীর এব পতাহা অন্যায়েতে তহসীলকরণের সরাসরী মোকদমা। বাকী রাজস্বের নিমিত্ত ভূমি ক্রোক করিতে জমীদারেরদের ক্ষমতা।

১৪। কথন কোন কট্কিনাদার কিয়া যোতদারপ্রভৃতি মালগুজার উপ-রের লিখনানুদারে ধরা আদিয়া যদি অব্যাজে বাকী টাকা না দেয় ও দে নি-মিত্তে জজ দাহেবের স্থানে চালান হয় তবে দে বাকীর স্বস্থবান ভূম্যধিকারী কিয়া ইজারদারের সাধ্য আছে যে সে বাকীদার আসামীর কট্কিনার মহাল কিয়া যোতের ভূম্যাদি ক্রোক করে ও তাহার সরবরাহ তাবৎ নিজ আমলার দ্বারা কিয়া অপর যে মতে করাণ বিহিত জানে করায় যাবৎ দেই বাকী ও দে বস্তু ক্রোক হইলে পর আর যে বাকী পড়ে তাহাদুদ্ধ। মোটে যত টাকা বাকী চাহরে সেই মোট টাকা মাসে শতকরা এক টাকার হারে সুদসমেত সেই বস্তুর উপস্থজাদির দ্বারা উসুল না হয়। কিন্তু ভুমাধিকারিগণ ও ইজারদারেরা যে সময়ে এমতে বস্তু ক্রৌক করে সে সময়ে উচিত নহে যে তৎকালে চাদীপ্রভৃতি কুদুং যে প্রজাদিগের স্থানে যত মালগুজারী সেই বাকীদার আসামী পাইত তাঁহার বেশী দেই বাকীদার আদামী ও চাদীপ্রভৃতিতে মিলিয়া গড়ন করিয়া আইনের বহির্ভূত কিছু কর্ম না করিয়া থাকিলে তলব করে। আর যদি দেই বাকীদার আসামী বাকী টাকা মাসে শতকরা এক টাকার হারে সুদ্দমেত দেই সনের মধ্যে দেয় তবে তৎক্ষণাৎ সে ক্রোক বর্থাস্ত হইবেক এবং ক্রোক-করণিয়া দেই বস্তু ক্রোক থাকিবাপর্যান্তের নিকাদ প্রকৃতপ্রস্তাবে দেই আদা-भोरक मिर्टिक। - ১१२२ मा। १ जा। ১৫ था। ७ था।

১৫। বাকীদারের এলাকা ক্রোককরণের বিষয়ে ইঙ্গরেজী ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার কর্মের বিবরণেতে কএক দ্বিধা ও সন্দেহ জিন্মিরাছে বিশেষতঃ এ বিষয়েতে যে বাকীদারকে গ্রেফ্টারকরণের দস্তক জারীহওন বিনা তাহার এলাকা ক্রোকহওয়া সঙ্গত বটে কি না ও ঐ ধারার নিয়মের মধ্যে কি তাহার পরে জারীহওয়া অন্য কোন আইনেতে ইহা কিছু স্লুট্ট লেখাও নাহি যে বাকীদারের উপর দস্তক জারী না করণমতে তাহার বাকীর নিমিত্তে সরাসরীতে ডিক্রী হইতে পারে ও আসামী লোককে গ্রেফ্টারকরণ-বিনা এলাকা ক্রোকর ও সরাসরী তর্জবীজহওয়া মাসুল অর্থাৎ রীতি না থাকন-হেতুক প্রজারা ও জমীদারের পেটার এলাকাদারেরা রূপোশহওয়াতে এড়াইবার সুগম উপায় দেখিয়া তাহাই হইয়া থাকে কেননা জানে যে দস্তকের মিয়াদের মধ্যে ধরা না পড়িলে আদালতহইতে মালআমওয়ালের দ্বারা বকেয়া টাকা দেওয়াইবার কোন রাহা নম্বরী নালিশ্বাতিরিক্ত নাহি এই সকল ব্যাঘাতের তদারকের নিমিত্তে নাচের লিখিতব্য নিয়মসকল ঐ ৭ আইননের ১৫ ধারা শ্বধরণক্রমে ও তাহার মর্মের বিবরণের অর্থে নির্দিষ্ট হইল ইতি।—১৮১৯ সা।৮ আ।১৮ ধা।১ প্র।

এক্ষণকার আইনের মতে জমীদার লোক ও তালুকদার লোক ও ইজারদারইত্যাদিরা বকেয়া টাকা তহসীলের নিমিত্তে তাহা আসামীর স্থানে তলবকরণের পূর্ব্বে কি তাহাকরণের পরে সরাসরীহুইতে দম্ভক জারী করা-ইতে পারে তাহা দত্ত্বে একণে এমত হ্রুম হইল যে ঐ দকল লোকদিগের মধ্যে যে ব্যক্তি হয় সে তালুকদার লোকের কি ইজারদারদিগের কিয়া অন্য যাহারা জমীদার ও প্রজা লোকের মধ্যেতে অধিকারের দ্থালকার থাকে তা-হার্দিগের কাহারু নামে বাকীর নিমিত্তে সরাসরীরূপে দর্থাস্ত দাখিলকর-ণের পরে আসামী গ্রেফ্টার হয় বা না হয় আপন তরফহইতে এলাকা ক্রোক করণের ও প্রজা লোকের স্থানে তহুদীলকরণের নিমিত্তে দরেজমীনে দাজাওল প্রাচাইতে পারিবেক কিন্তু দাজাওল পাচাইবার ক্ষমতা ইচ্ছানুরূপ নহে বর্ণ তাহাতে নিয়ম এক এই যে দর্থাস্তের লিথিত তলবী বাকীপড়নের সময়অব্ধি এক মাদ গত হইলে পর পাচাইতে পারিবেক এক মাদের পূর্ব্বে ক্ষমতা নাহি এতাবতা ভাদ মাদের বাকার নিমিত্তে কার্ত্তিকের ১ পহিলা তারিথের পুর্বের্ব ক্রোক করিতে পারে ন। যদি তাহার দর্থান্ত আখিনের প্রথমে গুজরিয়াও থাকে ও দ্বিতীয় এই যে যদি মাদের কিস্তির সমৃদয় টাকা বাকী থাকে এতাবতা ভাদ্রের কিস্তির সমুদয় টাকা বাকী না থাকিলে ভাদ্রের কিস্তির মধ্যের এক টাকা বাকীর নিমিত্তে ক্রোক করিতে পারে না ইতি। – ১৮১১ সা। ৮ আ। 31 शार्थ।

৯৭। সদর আদালত বিধান করিতেছেন যে জমীদার যদি তালুকদার অথবা অন্য যাহারা জমীদার ও প্রজা লোকের মধ্যেতে অধিকারের দখীলকার থাকে তাহারদের নামে ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারানুসারে সরাসরী নালিশ না করিয়া থাকে তবে ঐ জমী-দার ১৮১৯ সালের ৮ আইনের ১৮ ধারার বিধির অনুসারে আপনার ক্ষমতাক্রমে প্রজা লোকের ভূমি ক্রোক করিতে এবং তাহারদের স্থানে থাজানা উসুল করিতে সাজাওল পাঠাইতে পারেন না। ৪৫৬ নম্বরী আইনের অর্থ।

#### ১১ ধারা।

মালগুজারীর বাকীর এব° তাহা অন্যায়েতে তহসীলকরণের সরাসরী মোকদ্দ-মা। পেটাও প্রজারদের পাটা রদ করিতে এব° তাহারদিগকে বেদখল করিতে জমীদারেরদের স্বস্তু।

সুবেজাৎ বাঙ্গালা ও বেহার ও উড়িষ্যার মধ্যের যে সুবার যে ভূমি হয় তাহার মালগুজারীর বাকী টাকা দেই সুবার চলন সন বাঙ্গলী কিয়া ফস-লী অথবা বিলায়তীর ভিতরে বাকীদারের কিয়া মালজামিনের অথবা দে ভূমি ক্রোকের দ্বারা উদুল না হইলে দেই বাকীদারের সম্পর্কীয় ভূমি যে জমীদারের কিম্বা অন্য ভূমাধিকারির অধিকারের মধ্যে থাকে অথবা সে্দনের অধিক মিয়াদী পাটাই যে ইজারদারের ইজারার মধ্যে রহে দেই জমীদারপ্রভৃতিতে সাধ্য রাথে যে আইন্দা সন ওঞ্হইতে এতারতা তাহার পর বৎসর প্রবর্ত্তে দেই বাকীদারের দংকান্ত ভূমির বন্দোবস্ত অপর যে মতে করণ বিহিত দেই মতেই তন্মধ্যের স্বস্ত্রবান্ সকলের স্বস্ত্র সাব্যস্ত রাথিয়া করে। আর যদি সে বাকীদার কেবল এক দনের জন্যে কট্কিনাদার হইয়া থাকে কিয়া তাহার পাট্টার মিয়াদ দেই দনে শেষ হয় তবে দুতরা^ তদধিক মৃদ্ধতে কট্কিনা রা-থিবার দাওয়া করিতে পারে না। কিন্তু যদি পাড়ীর মিয়াদ গত না হইয়া থাকে ও মালগুজারীও না দিবাতে করার বিচলিত হয় তবে দেই পাট্টাদেও-নিয়া যথাভীষ্টক্রমে দে পাট্টা বাজেয়াফ্ত করিতে কিয়া না করিতে পারিবেক। •আর যদি সে বাকীদার মফঃদলী তালুকদার অথবা প্রকারান্তরে ভূমির ভোগ-• বান হয় ও তাহার সপ্কান্ত ভূমি সন্দ কিয়া এদেশীয় চলন অন্য প্রকার কা-গজপত্রাদির অনুসারে হস্তান্তর হইতে পারে তবে দেওয়ানী আদালতে দর-থাস্ত করিয়া তাহার ভূমিকে মালগুজারীর বাকী উসুলের কারণ বিক্রয় করাই-তে সাধ্য থাকিবেক। ও তাহা করিলে সে ভূমির থরীদারো সেই সনের নি-মিত্তে পূর্ব্ব ভোগবানের ন্যায় বোধ হইবেক। কিন্তা যদি বাকীদার কেবল এমত পাট্টাই প্রজা হয় যে মোকররীমতে কিয়া তথাকার দাঁড়াক্রমে মালগুজা-রী যাবৎ করে তাবৎ দে ভূমিতে তাহার স্বস্ত্ব দাব্যস্ত থাকিতে পারে কিন্তু দে ভূমি হস্তান্তর করিবার স্বস্থ না রাথে তবে দে ভূমির অধিকারী কিয়া ইজারদারপ্রভূ-তি যে কেহ যত কাল মিয়াদ নির্দিষ্টে আপন স্বত্ত দে প্রজাকে অর্পিয়া থাকে তাহার শক্তি আছে যে দেই বাকীদার প্রজা করারের অন্যথা করিলে তাহার হস্তহইতে দে ভূমি ছাড়াইয়া লয়।—১৭১১ দা। ৭ আ। ১৫ ধা। ৭ প্র।

১১। ইহাতে ভূম্যধিকারিগণ ও ইজারদারেরা এ প্রকরণের লিথিত হস্তান্তর হইবার যোগ্য ভূমি বিক্রয় করাইবার কারণছাড়া অপর দকল বিষ-য়েই আদালতে দরথান্ত না করিয়া আপনারদিগের শক্তানুদারে কার্য্য করিতে পারিবেক। কিন্তু যদি তাহারা কিন্তা তাহারদিগের আমলারা আপনারদিগের শক্তির বহির্ভূত কোন কর্ম করে ও তাহাতে পাট্টাদিগর কাগজপত্রের অনুদারে কিন্তা তথাকার আদ্যোপান্তের দাঁড়াক্রমে কোন প্রকার মালগুজারের স্বত্ত লোপ হয় তবে তাহার নিশার দায় দেই অধিকারা কিন্তা ইজারদারের শিরে পড়িবেক। আর জানিবেন যে এ আইনের মর্ম্ম কোন প্রকারে ভূম্যধিকারিগণের ও প্রজাদির স্বত্ত্ব নিরূপণার্থে নহে তাহারদিগের স্বত্বের বিচার দেওয়ানী আদালতে হইবার দায় রাথে। ইহার মর্ম্ম কেবল বাকীদারদিগের

স্থানে মালগুজারী উদুলের দাঁড়া ধার্য্যের নিমিন্তে বর্ত্তে তাহাতে যদি কাহার স্বত্ব লোপ হ্য় তবে কর্ত্ব্য যে এমত মোকদমার বিচার ও নিম্পত্তি দীঘু হই-বার দাঁড়ার দাপক্রান্ত এ আইনের লিথিত ত্কুমমতে আপন স্বত্ব লোপ হই-বার এবং ক্ষতি ও থরচার দাওয়ায় দেওয়ানী আদালতে নালিশ করে।—১৭৯৯ সা। ৭ আ। ১৫ ধা। ৭ প্র।

১০০। পূর্ণিয়া জিলার জজ স হেবের জিজাসা করাতে সদর দেওয়ানী আদালত বিধান করিলেন যে বাকীদার ইজারদারের উপর দাওয়া হইলে যদি তিনি খাজানা না দেন্ তবে ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার বিধির অনুসারে এবং যার্থার্থ্যের সাধারণ নিয়্মন্মতে যে বংসরের খাজানা পাওনা থাকে সেই বংসরের শেষে ঐ বাকীদার ইজারদারকে আপনার ভূমিহইতে ছাড়ান যাইতে পারে এবং ভূমাবিকারী দেওয়ানী আদালতে দরখাস্ত না করিয়া ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ৭ প্রকর্ণানুসারে ঐ বাকীদার রাইয়তের ভূমি ছাড়াইয়া লইতে পারেন্ কিন্ত ইহাতে কোন জবরদন্তী করিতে হইবেক না জবরদন্তী করিলে সেই বিষয় ১৮৪০ সালের ৪ আইনের বিধির মধ্যে পড়িবেক। ৪২ নয়রী আনইনের অর্থ।

১০১। সদর আদালত কহেন যে পূর্যকার জজ কর্নিশ সাহেব যে ছকুম করিলেন তাহা ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ৭ প্রকরণের এই অর্থ বোধ করিয়া করেন্ যে ভূম্যধি-কারী যদ্যপি রাইয়তের স্থানে থাজানা বাকী আছে বলিয়া আপনার শিরে মুঁকী লইয়া ঐ রাইয়তের ভূমি ক্রোক করেন্তবে ঐ ্রাইয়তের সেই ভূমি অবশ্য ছাড়িয়া দিতে হইবেক এবং যদি সেই রাইয়ত কতে যে আমার স্থানে কিছু খাজানা বাকী নাই এবং সেই ভূমি গ্যাগ করিতে কবুল না করে তবে দেওয়ানী আদালতের কর্ত্তব্য যে ঐ ভূম্যাধিকারী দর্থান্ত করিলে ভাঁছার দাওয়ার যাথার্থ্যের বিষয়ের কিছু তজ্ঞবীজ না করিয়া ঐ রাইয়তকে ভূমিহইতে ছা-ড়াইয়া দিতে এবং ঐ ভূমি ভূমাধিকারিকে ফিরিয়া দিতে তকুম করেন্। কিন্ত সদর আদালত ঐ প্রকরণের যে এমত অর্থ তাহা কদাচ স্বীকার করিতে পারেন্ন। যেহেতৃক' ঐ প্রকরণে কেবল এইমাত্র ছকুম আছে যে ভূম্যধিকারী দেওয়ানী আদালতে দর্থায় না করিয়া আপনার বাকীদার প্রজার ভূমি ছাড়াইয়া লইতে পারেন্ কিন্তু ঐ প্রজা আমি বাকীদার নুহি কহিয়া আপনার ভূমি ত্যাগ না করণের ঝুঁকী আপনার শিরে লইলে যাহা২ কর্ত্তব্য তাহার বিষয়ে ঐ প্রকরণে কিছু লেখা নাই। সেইমত গতিকে যাহা কর্ত্ব্য তাহা ঐ প্রকরণের প্রতি দৃষ্টি না রাখিয়। নির্দ্ধার্য্য করিতে হইবেক এবং সদর আদালত নিশ্চয় বোধ করেন্ যে এমত হইলে অর্থাৎ রাইয়ত আপনার ভূমি ত্যাগ করিতে অম্বীকৃত হইলে ভূমাধিকারির উচিত যে আইনমতে যে উপায় আছে তদনুদারে ঐ ভূমি ক্রোক করেন্ অথবা ঐ রাইয়তের নামে জাবোতমত কিয়া দ্রাদ্রীমতে নালিশ করেন্। ফলতঃ সদর আদালত বোধ করেন্ যে ঐ প্রকরণ যেপর্যান্ত এই প্রকার মোকদ্মার সঙ্গে সম্পর্ক রাথে দেইপর্যান্ত তাহার অভিপ্রায় যে অন্যান্য দাওয়াদারেরদের ন্যায় জমীদারেরদের আপন্থ যথার্থ যে পাওনা থাকে তাহা নির্কিরোধ উপায়ের দারা আদায়করণের যে অধিকার আছে তাহা সপষ্টরূপে জানান যায় এবং সাধারণ নিয়মানুসারে এবং দেশের দক্তরমতে ভূমাধিকারিরদের ইহার পূর্বেষে যে শক্তি ছিল তাহাছাড়া নূতন শক্তি অর্পণ করা ঐ প্রকরণের অভিপ্রায় ছিল না বর্ণ তাহার অভিপ্রায় এই ছিল যে জমীদারের-দের এমত মনঃপ্রতায় জন্মে যে তাঁহারদের ক্ষমতানুসারে যথার্থ ও নির্কিরোধ-क्रां कार्या करितन डाँशांदाम्ब अभवाधित माना भगर्थरान्त छत्र ना थारक अवर তৎপ্রযুক্ত আপন্থ যথার্থ পাওনা টাকা আদায় করিতে জমীদারেরদিগকে সাহস দেওয়া যায় এবং রাইয়তেরদিগকে এইমত বুঝান যায় যে তাহারদের নামে আদালতে নালিশ না হওয়াপর্যান্ত যদ্যাপি তাহারা জমীদারের যথার্থ দাওয়ার টাকা না দেয় তবে তাহারা খারচা ও দণ্ড দিবার যোগ্য হইবেক এবং এইরূপে তাহারদের অন্যায় প্রতিবন্ধকতা নিবা-র্ণ হয়। ১১৩ নমূরী আইনের অর্থের ২ দফা।

১০২। সদর দেওয়ানী আদালত জানাইতেছেন যে ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ৫ প্রকরণানুসারে বাকী খাজানার নিমিত্ত যে ফয়সলা হয় তাহার টাকা যদি ঐ আইনানুসারে বাকীদার রাইয়তকে অথবা তাহার মালজামিনকে কয়েদকরণের দ্বারা অথবা ঐ ১৫ ধারার ৬ প্রকরণানুসারে তাহার ভূমি ক্রোককরণের দ্বারা সেই বাঙ্গলা বা ফসলী কি বিলায়তী সনের মধ্যে আদায় না হয় তবে যে বৎসরের খাজানার ফয়সলা হইয়াছে সেই বাঙ্গলা বা ফসলী কি বিলায়তী বৎসরের শেষ হইলে পর ঐ ধারার ৭ প্রকরণানুসারে দেওয়ানী আদালতে দরখাস্কর্জমে যে খাজানার বিষয়ে ফয়সলা হইয়াছে তাহার বাবৎ আসামীর তালুক বা অন্য হস্তান্তরকরণের যোগ্য ভূমি বিক্রয়করণের দ্বারা আদায় হইতে পারে। কিন্তু জ্বজ্ব সাহেবের উচিত নহে যে খাজানা বাকীর এজহার মাত্র পাইলে তাহার বিষয়ে তজবীজ না করিয়া ভূমি নীলামকরণের নিমিত্ত বোর্ডের সাহেবেরদের নিকটে দরখাস্ত করেন্। ১২৮ নয়রী আইনের অর্থ।

১০৩। বাকার ডিক্রা হইলে ডিক্রার আসামা যদি ইজারদার কিয়া তাহার ন্যায় অন্য এলাকাদার এতাবতা যে এলাকাদারের এলাকার করারদাদ বাকার নিমিত্তে বাতিল হইতে পারে দেইরূপ হয় তবে ফরিয়াদা ডিক্রাইওয়া এলাকা আপন তরফহইতে অসিদ্ধ করিয়া তাহার হাতছাড়া করিয়া লইতে পারে জানা কর্ত্রব্য যে সরাসরা তজবাজেতে বাকা যে ডিক্রার হয় দেই ডিক্রা জারা করণেতে বাকার এলাকা দেওয়ায় স্থাবর বস্তু বিক্রেয় করিতে পারা যাইবেক না এতাবতা যদি আসামা এই আইনের ৩ ধারার উক্ত প্রকারের তালুকদার কিয়া অন্যযেপ্রকার এলাকা বাকার নিমিত্তে আইনের অনুসারে নালাম হইতে পারে দেপ্রকার এলাকা বাকার হয় তবে তাহার উপর যাহা বাকা থাকে তাহার নিমিত্তে বাকার এলাকা বিক্রয় করা যাইবেক ও যদি জমাদার কি অন্য দাওয়াদার ঐ, বাকার নিমিত্তে যে এলাকার বাবৎ বাকা তাহা দেওয়ায় স্থাবর বস্তু কি অন্য এলাকা নালাম করাইতে চাহে তবে তাহা নম্বরা ডিক্রাবিনা হইতে পারিবেক না ইতি।—১৮১৯ সা।৮ আ।১৮ ধা।৪ প্র।

### ১১ ধারা।

মালগুজারীর বাকীর কি তাহা অন্যায়েতে তহুদীলকরণের সরাসরী মোকদ্মা। বাকী থাজানার নিমিত্তে থোদকস্তা রাইয়তেরদের পাউ। বাতিল করিতে ভুম্যাধিকারিরদের ক্ষমতা।

১০৪। এই ধারার ২ ও ৪ প্রকরণেতে (এই অধ্যায়ের ১৬ ও ১০৩ নম্বা বিধানেতে) বাকাদারদিণের এলাকা অসিদ্ধ ও ক্রোক হওনের বিষয়ে যে সকল নিয়মের প্রসঙ্গ হইল তাহা কেবল জমাদার ও প্রজার মধ্যেতে হওয়া তালুক ও ইজারা ও অনাং এলাকার সহিত সম্পর্ক রাথে ও খোদকস্তা প্রজালোকের ও প্রাচীন নিবাসি চাসি লোকের যোতের সহিত সম্পর্ক রাথিবেক না। তাহারদিণের স্থানে যে বাকার দাওয়া রাথে সে সর্কান চলিত আইনের মতে বংশরের মধ্যে আপন বাকার নিমিত্তে আসামার ক্রমলওগয়রহ মাল-আমওয়াল ক্রোক করিতে কি তাহাকে গ্রেফ্রারকরণার্থ দস্তক জারী করাইতে পারিবেক কিন্তু যদি সালআথেরীতে জমাদারের কি তালুকদারের কি ইজারদারের বাকা খোদকস্তা প্রজা লোকের কি প্রচান নিবাসি চাসী লোকের মধ্যে কাহারু শিরে থাকে তবে সরাসরীতে নালিশ করিয়া দস্তক জারী করাইতে পারিবেক ও যদি আসামা রুপোশ হয় কি অন্যহেতুক গ্রেফ্রার হইতে না পারে তবে এই ধারার ৩ প্রকরণের নিয়মের মত আচরণ করা যাইবেক ও

যদি দাওয়াদার বৎসরের মধ্যে যেমত তাহার করা উচিত দেই মতে বাকীর ডিক্রী পাইয়া দে ডিক্রী জারী না হইয়া থাকে তবে দে ডিক্রী তাহার মাতবর দলীল হইবেক জারী না হইয়া থাকন প্রমাণ হইলে ও আদালতে বাকী সাবুদ হইলে যদি অবিলম্বে আদায় না হয় তবে আথেরী সালেতে দাওয়াদারকে অনুমতি দেওয়া যাইবেক যে আসামী প্রজার এলাকার জামিনের যে প্রকার বিলি বন্দোবস্ত করিতে চাহে তাহা করে ইতি।—১৮১৯ সা। ৮ আ। ১৮ ধা। ৫ প্র।

১০৫। সদর আদালত জানাইতেছেন যে ১৮১৯ সালের ৮ আইনের ১৮ ধারার ৪ ও ৫ প্রকরণানুসারে জমীদার কি ভূমাধিকারী যদি সরাসরী অথবা জাবেতামত মোকদমার ছার। ইহা সাবাস্ত না করিয়া থাকেন যে থাজানা নিতাস্ত বাকী আছে তবে তিনি কোন পাট্টাদার রাইয়তের পাট্টা অদিদ্ধ করিতে পারেন্না। এবং থোদকস্তা রাইয়তের-দের শক্তি আছে যে ভূমিহইতে বেদখলহওনের পূর্বে যে টাকা তাহারদের স্থানে পাওনা আছে জমীদার কহেন্ সেই টাকা তাহারা অব্যাজে আদালতে দাখিল করে। ১২০৫ নম্বরী আইনের অর্থের ২ দকা।

১০৬। জিলার জজ সাহেব জিভাসা করিলেন যে অন্যায়রূপে বেদখলহওনের বিষয়ে নালিশ হইলে প্রতিকারকরণের বিষয়ে আদালতের কি শক্তি আছে তাহাতে সদর আদালত কহিলেন যে ১৮২৯ সালের ২৮ আগফে কলিকাতা রাজধানীর সদর দেওয়ানী আদালত আইনের নীচের লিখিত অর্থ অবধারণ করিয়া নানা দেওয়ানী আদালতের কার্য্যকারকের-দের উপদেশের নিমিত্র তাঁহারদের নিকটে তাহা পাঠাইলেন সেই অর্থ এই যে ১৮১৯ সালের ৮ আইনের ১৮ ধারার ৫ প্রকরণে তুকুম আছে যে বিশেষ২ গতিকভিন্ন খোদকন্তা রাইয়-তের্দিগকে উত্তাক্ত করা অথবা তাহার্দের স্থানহইতে ভূমি ছাড়াইয়া লওয়া বেআইনী কর্ম ভাহাতে সুভরা১ বোধ হয় যে ঐ বিধির বিরুদ্ধ কর্মা করিলে প্রতিকারহওনের কোন উপায় আছেই অতএব সদর আদালত উক্ত আইনের ভাবদুক্টে বিধান করিতেছেন যে জজ সাহেব দেইরূপ প্রতিকার করিবেন অর্থাৎ বেদখলহওয়া রাইয়ত দরাদরীরূপে তাঁহার নিকটে না-লিশ করিলে তিনি এইরূপ হুকুম দিবেন যে ঐ রাইয়তকে পুনর্বার ভূমির দখল দেওয়ান যায় এবং আইনের মধ্যে যে রীতিমতে কার্য্যকরণের তকুম আছে দেই রীত্যনুসারে জমীদার কার্য্য না কর্ণপর্যান্ত ঐ রাইয়ত দেই ভূমি আপন দখলে রাখিবেক। এই প্রকার মোকদমার বিষয়ে ইহার পূর্বের জজ সাহেবেরদের যে ক্লমতা ছিল তাহা ১৮৩১ সালের ৮ আইনানু-সারে কালেক্টর সাহেবের প্রতি অর্পণ হইয়াছে অতএব দদর আদালত বোধ করেন্ যে অন্যায়রূপে বেদখল হওনের নালিশ বিচার করিয়া প্রতিকার করিতে যে ক্ষমতা উক্ত সর-কুলের অর্ডর অনুসারে জজ সাহেবের প্রতি সমর্পণ ছিল তাহা এক্ষণে কালেক্টর সাহেবের প্রতি অর্পণ হইয়াছে জ্ঞান করিতে হইবেক। কিন্তু যদ্যপি ঐ বেদখলকরণেতে কোন জবর-দন্তী কর্মা হইয়া থাকে তবে তাহা মাজিক্টেট সাহেবের হিচার্হ্য মোকদমার মধ্যে পড়িবেক। ১৮৩৩ দালের ১৫ নবেয়রের সরকালর অর্ডর।

১০৭। সদর আদালত বিধান করিতেছেন যে কালেক্টর সাতের যদি সরাসরীমতে এমত ফরসলা করেন্ যে থোদকস্তা রাইরতের স্থানে থাজানা বাকী আছে এবং যদি তাতাকে বাকীদার বলিয়া বেখদল করিতে তকুম দেন্ এবং ঐ খোদকস্তা রাইয়ত ঐ সরাসরী ফরসলা অন্যথা করিবার নিমিত্ত জিলার আদালতে অথবা মুনসেফের আদালতে নালিশ করে তবে যত খাজানার টাকার বিষয়ে বিরোধ হইয়াছিল অর্থাৎ প্রথমে ঐ রাইয়তের নামে যত টাকার বাবৎ নালিশ হইয়াছিল ভত টাকা ঐ জাবেতামত মোকক্ষার মুল্য জান করিতে হইবেক। ৮৬২ নম্বরী আইনের অর্থা।

১০৮। সদর আদালত বিধান করিতেছেন যে যেং ভূমি প্রজা বা রাইয়ত দখল করিতে আপন অধিকার আছে বোধ করে এইমত ভূমিহইতে ভূমাধিকারী তাহাকে আইন-মতে বেদখল করিতে পারেন্ কি না এই বিষয়ে যে সকল বিরোধ হয় তাহা ১৭৯৩ সালের ৪৯ আইন অথবা ১৮১৯ সালের ৮ আইনের বিধির অনুসারে নিষ্পত্তি করিতে হইবেক। ৪৮২ নম্বরী আইনের অর্থ।

[১৭৯৩ সালের ৪৯ আইন ১৮৪০ সালের ৪ আইনের দ্বারা রদ হইয়াছে তাহা আপেণ্ডিক্লের মধ্যে দেওয়া গিয়াছে। উক্ত ১০৮ নমুরী বিধান ঐ প্রকার বিরোধের কেবল স্রাস্রী মতে নিম্পত্তির সঙ্গে সম্পর্ক রাখে এবং তাহাতে জাবেতামত মোকদমাকরণের কোন নিষেধ নাই। উক্ত সকল বিধানের বিষয়ে ১৮৪০ সালের ৪ আইন বিশেষরূপে বিবেচনা করিতে হইবেক।]

#### ১৩ ধারা।

# ভূম্যধিকারিরদের ক্ষমতার বিষয়ি সাধারণ বিধি।

১০১। উপরের লিখনানুসারে যদি ভুমাধিকারিগণের ও প্রজাদি মাল-গুজারদিগের কেহ কাহার নামে কথন অপিন স্বস্তাধিকারের দং-ক্রান্ত মো-ক্ষমায় দেওয়ানী আদালতে নালিশ করে তবে তৎকালে তথাকার জজ শাহেব নে মোকদ্মার বিচার ও নিষ্পত্তি উভয়তঃ হওয়া একরার লিখনাদি কাগজ পত্রদুষ্টে কিয়া শরা কি শাস্ত্রমতেইবা অথবা আইনক্রমে কিয়া দে স্থানের আদ্যোপান্তের চলন সামান্য কি বিশেষ দাঁড়ার অনুসারে করিবেন। আর জা-নিবেন যে জমীদারপ্রভৃতি ভূম্যধিকারিগণ ও ইজারদারেরা প্রজাদি মালগুজার-দিগকে মালপ্তজারীর হিসাব নিষ্পান্তির কারণ কিয়া অপর কোন বিশিষ্ট হে-তুতে অথবা তাহারদিগের উভয়তঃ হওয়া একরার লিথনাদি কাগজপত্রদৃষ্টে মাপিয়। বুক্তিবার যোগ্য তাহারদের হাতে থাকা কোন ভূমি মাপিবার নিমিত্তে ডাকিতে কিয়া ডাকাইয়া আনিতেও বহালী কোন আইনমতে নিষেধ ছিল না ও নাই। তথাচ এ ধারাক্রমে স্লুফ জানান যাইতেছে যে ভূম্যধিকারিপ্রভৃতিতে রাথা সাধ্যানুসারে এমত কর্ম করিতে আবশ্যক নাই যে সে জন্যে আদৌ দেও য়ানী আদালতে দর্থান্ত করে। ও ইহাতে যদি ভুম্যধিকারিপ্রভৃতিতে রাথা নাধ্যমতে কার্য্য করিতে কেহ প্রতিবাদী হয় তবে দেওয়ানী আদালতে তাহা প্রমাণ হইলে দে নিমিত্তে হওয়া সমস্ত ক্ষতিসমেত যাবদীয় থরচা পোষাইয়া দেওয়াইবার কারণ সেই প্রতিবাদির দণ্ড হইবেক। অধিকন্ত সেই দুঁলামির জন্যে তাহার নামে দায়েরসায়েরী আদালতে নালিশ হইতে ও সে দুঁদ্যা শাস্তির যোগ্য চাহরিতে পারিবেক। কিন্তু যদি ভূমাধিকারিগণের কিয়া ইজারদার-দিগের অথবা তাহারদিগের আমলার কেই আপন সাধ্যের বহিভূত কোন কর্ম করে তবে উম্পাতগ্রস্ত সে বিষয় দেওয়ানী আদালতে প্রতিপন্ন করিলে সেই কর্মির উপর সমন্ত ক্ষতি ও থরচা দিবার দায় পড়িবেক। তদ্ভিম মোকদ্দমা বুঝিয়া যে দণ্ড সরকারে লওয়া উচিত তাহাও দিবেক। - ১ ৭ ১ ১ না। ৭ আ । ১৫ ধা। ৮ প্র।

#### ১৪ ধারা।

## ক্রোককরণের বিরুদ্ধে সরাসরী মোকদ্মা।

১১০। যে সকল লোকেরা বাকীদারদিগের জিনিসপত্র ক্রোককরণের ক্ষমতা রাথে তাহারদিগের মধ্যে কোন ব্যক্তি যে ইজারদার কি কট্কিনাদার কিয়া প্রজা কি মফঃদলী তালুকদারের মালজামিন না থাকে তাহার জিনিসপত্র ক্রোক করিলে জিনিসের মালিক অর্থাৎ শ্বামী যদি বাকীর ওজর করিয়া জিনিস ক্রোকহওনের দ্বিতীয় দিবসহইতে পাঁচ দিবসের মধ্যে কিন্তা ক্রোকী জিনিস ভূমির উৎপন্ন ধান্যাদি শস্য হইলে যদি কাটা না গিয়া থাকে তবে ঐ ধান্যাদি শস্য থামারে আসিয়া গাদীহওনের দ্বিতীয় দিবসহইতে পাঁচ দিবসের মধ্যে আদালতের সাহেবের কিন্তা কালেক্টর সাহেবের অথবা প্রগ্নার কাজীর কিন্তা কমিদ্যানরইত্যাদি যেং ব্যক্তি ক্রোকা জিনিস নালাম করণের ক্ষমতা রাথে তাহার সাক্ষাৎ কিন্তা থোদ ক্রোককরণিয়ার সাক্ষাৎ যদি মাতবর জামিনার সহিত এক একরারনামা এই মজনুনে লিথিয়া দেয় যে আমি এই একরারনামার তারিথহইতে পনের দিবসের মধ্যে এই মোকদ্মাতে দেওয়ানা আদালতে নালিশ করিব ও বিচারানুসারে যত টাকা আমার শিরে বাকী চাহরে তাহার শতকরা সালিয়ানা ১২ বারো টাকা হিসাবে ঐ টাকা দেওনের উচিত সময় হইতে ডিক্রীহওনের তারিথপর্যান্ত এই মুদ্দতের যে সুদ হয় তাহাও আদালতের থবচাসমেত দিব তবে এনতে ক্রোককরণিয়ার কর্ত্ব্য যে ঐ জিনিসপত্র ক্রোক করাতে ক্যান্ত হইয়া যাহার জিনিস তাহাকে দেয় ইতি।—১৮১২ সা। ৫ আ। ১৫ ধা।

১১১। যদি জিনিসের মালিক এইপুকারে নিয়মিত দিবসের মধ্যে একরারনামা লিখিয়া না দেয় তবে ক্রোককরণিয়ার ক্ষমতা আছে যে জিনিস
ক্রোক রাখিয়া নীচেতে কেওরা করিয়া যেয়তং লেখা যাইতেছে দেইমতে
নীলাম করায় ইহার মৌকুফী নীলামের দিবসের পুর্দ্ধে ঐ বাকীর টাকা
কোকের থরচাসমতে দেওনবিনা হইবেক না আর যদি জিনিসের মালিক
একরারনামা লিখিয়া দিয়া নিয়মিত দিবসের মধ্যে দেওয়ানী আদালতে নালিশ
না করে তবে ক্রোককরণিয়া ব্যক্তি বাকীর টাকা জামিনদারের স্থানে তলব
করিবেক তাহাতে যদি ঐ জামিনদার তংক্রণাথ না দেয় তবে ক্রোককরণিয়া
ব্যক্তি জামিনদারের ও বাকীদারের কিয়া এই দুই জনের মধ্যে এক জনের এই
আইনের ১৪ ধারার প্রস্থাবিত দুবাাদি ছাড়া অস্থাবর বস্তু ক্রোক করিয়া বিক্রয়
কয়াইতে পারিবেক ইহার মৌকুকী নীলামের দিবসের পুর্দ্বে ঐবাকী টাকা
ক্রোকের থরচাসমেত দেওনবিনা হইবেক না ইতি। ১৮১২ সা। ৫ আ।
১৫ ধা।

১১২। যে সকল লোকেরা বাকীদার লোকদিগের জিনিসপত্র ক্রোককরণের ক্ষমতা রাথে তাহারদিগের মধ্যে কোন ব্যক্তি আপন পেটার যে ইজারদার কিয়া কট্কিনাদার অথবা প্রজা কিয়া তালুকদারের মালজামিন থাকে
তাহার জিনিস বাকী আদারের নিমিত্তে ক্রোক করাতে জিনিসের মালিক বাকার বিষয়ে কোন ওজর করিলে তাহার মালজামিন যদি ক্রোকহওনের পর
দ্বিতীয় দিবসহইতে পাঁচ দিবসের মধ্যে ও সে জিনিস ভূমির উৎপন্ন ধান্যাদি
শস্য হইলে যদি কাটা না গিয়া থাকে তবে তাহা থামারে আসিয়া গাদীহওনের দিবসের পর দ্বিতীয় দিবসহইতে পাঁচ দিবসের মধ্যে জজ সাহেবের কিয়া
কালেক্টর সাহেবের অথবা পরগনার কাজীর কি ক্রমিস্যানরইত্যাদি যে২
ব্যক্তি ক্রোকী জিনিস নীলামকরণের ক্ষমতা রাথে তাহার সাক্ষাৎ কিয়া থোদ
ক্রোককরণিয়ার সাক্ষাৎ দুই জন সাক্ষির সাক্ষা প্রমাণে এক একরারনামা এই
মজমুনে লিথিয়া দেয় যে আমি কিয়া বাকীদার এই একরারনামার তারিথহইতে পনের দিবসের মধ্যে এই মোকদ্বমাতে দেওয়ানী আদালতে নালিশ
করিব ও বিচারানুসারে আমার কি বাকীদারের শিরে বাকীর যত টাকা দেনা

মাহরে তাহা তাহার শতকরা দালিয়ানা ১২ বারো টাকা হিসাবে ঐ টাকা দেও-নের উচিত সময়অবধি ডিক্রীহওনের দিবসপর্যান্ত এই মুদ্ধতের যে সুদ হয় তাহাও আদালতের এরচাসমেত দিব তবে এমতে ক্রোককরণিয়া ব্যক্তির কর্ত্তব্য যে তৎক্ষণাৎ জিনিস ক্রোক করাতে ক্ষান্ত হয়।—১৮১২ সা। ৫ আ। ১৬ ধা।

১১৩। যদি ঐ মালজামিন নিয়মিত দিবদের মধ্যে এই প্রকার একরার-নাম। লিথিয়া না দেয় তবে ক্রোককর্ণিয়া ঐ জিনিস ক্রোক রাথিয়া নীচেতে বেওরা করিয়া যে প্রকার লেখা যাইতেছে সেই প্রকারেতে নীলামে বিক্রয় করাইতে পারিবেক ইহার মৌকুফী ঐ বাকী টাকা ক্রোকের এরচাসমেত সেই জিনিস নীলামহওনের দিবসের পুর্ফো দেওনবাতিরিক্ত হইবেক না আর যদি ঐ মালজামিন আপন নামে কি বাকীদারের নামে একরারনামা লিথিয়া দিয়া নিয়মিত দিবদের মধ্যে দেওয়ানী আদালতে নালিশ না করে তবে ক্রোককর-ণিয়া ঐ মালজামিনের স্থানে বাকীর টাকা তলব করিবেক তাহাতে যদি ঐ মালজামিন তৎক্ষণাৎ বাকীর টাকা না দেয় তবে ক্রোককরণিয়া ব্যক্তি মালজা-মিন ও বাকীদারের কিয়া এই দুই জনের মধ্যে এক জনের জিনিসপত্র এই আইনের ১৪ ধারার উক্ত দ্বাদিছাড়া ক্রোক করিয়া নীচেতে বেওরা করিয়া যে প্রকার লেখা যাইডেছে সেই প্রকার বিক্রয় করাইতে পারিবেক ইহার মৌকুফী ঐ বাকীর টাকা নীলামের দিবদের পূর্ব্বে দেওনবিনা হইবেক না আর যদি ঐ মালজামিন ঐ একরারনামা লিথিয়া দিতে না চাহে কি গয়ঙ্গচ্ছ করে কিয়া কার্য্যক্রমে যদি এমত কোন স্থানে থাকে যে দূরপ্রযুক্ত নিয়মিত দিবদের মধ্যে একরারনামা লিথিয়া দেওয়া হইতে পারে না ও এই দুই মতের কোন মত হওনেতে যদি ঐ বাকীদার এই আইনের ১৫ ধারার নির্ণীত মতে একরার-নামা লিথিয়া দিয়া অন্য জামিন দেয় তবে ক্রোককর্ণিয়া জিনিস ক্রোককরাতে ক্ষান্ত হইবেক ও উপরের ধারার লিখিত দাঁড়া অপ্রভেদে ঐ ক্রোককর্ণিয়া ও বাকীদার ও তাহার জামিনের প্রতি থাটিবেক ইতি। - ১৮১২ সা। ৫ আ। ১৬ প্রা।

১১৪। সদর দেওয়ানী আদালত বিধান করিতেছেন যে রাইরত এবং তাহার মালজামিন যদ্যপি উক্ত প্রকার একরারনামার লিখিত মিয়াদের মধ্যে নালিশ করিতে জটি
করিলে দাধারণ রীতির অনুসারে তাহার সম্পত্তি পুনর্বার ক্রোক ও বিক্রয়হওনের যোগ্য
তথাপি ঐ সম্পত্তির বেআইনমতে বিক্রয় হইলে যদি ক্রতি হয় তবে সেই ক্রতির টাকা পাইবার নিমিত্ত সরাসরী মোকদমা করিতে তাহার এবং তাহার মালজামিনের প্রতি নিষেধ
নাহি। ৪২১ নয়ুরী আইনের অর্থের ২ দফা।

১১৫। ত্রিন্ততের জজ সাহেবের জিজাসা করাতে বিধান হইল যে খাজানার বাকীর নিমিত্ত সম্পত্তি ক্রোক হইলে জামিন লইবার যে ক্ষমতা ১৮১২ সালের ৫ আইনের ১৬ ধারানুসারে মুনসেফদিগকে দেওয়া গিয়াছিল তাহা ক্রোকা সম্পত্তি বিক্রয়করণের যে কমিস্সানরী পদ তাঁহারদের ছিল সেই পদক্রমে তাঁহারদিগকে দেওয়া গেল অতএব ১৮৩৯ সালের ১ আইনানুসারে তাঁহারদের সেই প্রকার কমিস্যানরী পদ রহিত হওয়াতে সুতরাৎ তাঁহারদের সেই ক্ষমতাও রহিত হউয়াছে। ১২৫৫ নয়রী আইনের অর্থ।

১১৬। ইঙ্গরেজা ১৮১২ দাশের ৫ আইনের ১৫ ও ১৬ ধারার লিখনানুদারে হুকুম হইয়াছে যে যে দকল লোকের মালামাল মালগুজারীর নিমিত্তে
ক্রোক হইয়া দেই মালগুজারীর দাওয়ার উপর আপত্তি করিতে নালিশ করিবার জন্যে মালজামিন দিবেক তাহা শুধরিবাতে এই ধারাক্রমে হুকুম হইল যে

যদি সমুদয় দাওয়ার উপর আপত্তি না করিয়া কেবল কতক অংশের উপর আপত্তি হয় তবে যাহারদিগের মালামাল ক্রোক হইয়া থাকে তাহারদিগের ক্ষমতা আছে যে সেই কতক অংশের দাওরা দিয়া এবং অবশিষ্ট আপত্তির নিমিত্তে মালজামিন দিয়া ক্রোক থালাস করে ইতি।—১৮৩১ সা।৮ আ। ১২ ধা।

১১৭। সদর দেওরানী আদালতে জিল্লাসা করা গেল যে তহদীলদার ও সাজাওল এবং অন্যথ যে রাজস্বের আমলা সরকারের তরফে মালগুলারী আদায় করিতেছেন এবং ১৮০৩ সালের ২৮ আইনের ৩৬ ধারার দারা তাঁহারদিগকে যে ক্ষমতা অর্পণ হইয়াছিল সেই ক্ষমতানুসারে কার্য্য করিতেছেন তাঁহারদের বিষয়ে ১৮১২ সালের ৫ আইনের ১৫ ও ১৬ ধারার বিধি থাটে কি না। তাহাতে সদর আদালত বিধান করিলেন যে ১৮০৩ সালের ২৮ আইনের ৩৬ ধারার উল্লিখিত সরকারী আমলা যথন ঐ ধারাতে তাঁহারদিগকে দেওয়া ক্ষমতাক্রমে কার্য্য করিতে চাহেন্ এবং পাট্টাদার রাইয়তের স্থানে বাকী থাজানা আদায় করণের নিমিত্ত ভ্রমাধিকারী এবং ইজারদারদিগের নিমিত্ত হওয়া বিধির অনুসারে সম্পত্তি ক্রোক ও বিক্রয়ের দারা বাকী খাজানা আদায় করিতে চাহেন্ তথন যে সকল বিধি চলন আছে এবং পূর্কের যে সকল বিধি মতান্তর হইয়া ১৮১২ সালের ৫ আইনে নির্দিষ্ট ইইয়াছে সেই সকল বিধি যেমন অন্যান্য ভূমাধিকারী অথবা ইজারদার এবং তাহারদের মোখ্যারের বিষয়ে খাটে তেমনি সরকারী আমলারদের বিষয়েও থাটে এমত জান করিতে হইবেক। ১৮১৮ সালের ২৮ আপ্রিলের সরক্যলর অর্ডর।

১১৮। কোন প্রজা কি ইজারদার কিয়া কট্কিনাদার অথবা মফঃদলী তালুকদার জিনিদ ক্রোক হইলে যদি দে ব্যক্তি জমীদারের তলব করা বাকীর ও তাহার শতকরা মাদে ১এক টাকা হিসাবে মুদের ও আদালতের এরচার ও ক্রোকের এরচার টাকার মাতবর জামিন দিতে না পারে তবে তাহার ক্ষমতা থাকিবেক যে ঐ বাকীর টাকার মোকদ্বমাতে ক্রোককরণিয়ার নামে দেওয়ানী আদালতে নালিশ করে কেননা আদালতের বিচারানুদারে যদি এমত বোধ হয় যে তাহার জিনিদ অনর্থক ক্রোক ও নীলাম হইয়াছে তবে তাহাতে তা হার যে ক্ষতি হইয়া থাকে তাহার বদল আদালতের হকুমানুদারে বুকিয়া পায় ইতি।—১৮১২ সা। ৫ আ। ১৭ ধা।

১১১। ১৮১২ সালের ৫ আইনের ২০ ধারাতে এমত বিশেষ ছকুম আছে যে ঐ আইনসম্পর্কীর সমস্ত মোকদমা সরাসরী তজবীজের দারা নিম্পত্তি করিতে হইবেক। অতএব ঐ ২০ ধারার বিধির অনুসারে সদর আদালত বিধান করিতেছেন যে ১৮১২ সালের ৫ আইনের ১৫ ও ১৬ ও ১৭ ধারাসম্পর্কীর যে সকল মোকদমা জিলা বা শহরের আদালতে উপস্থিত করা যায় তাহাতে ফরিয়াদীর জাবেতামত মোকদমা উপস্থিত করিতে চলিত আইনে যে ক্লমতা আছে তৎক্রমে যদি সেই ব্যক্তি তাহা উপস্থিত করিতে না চাহে তবে সেই সকল মোকদমা সরাসরী মোকদমার মত গ্রাহ্য হইরা বিচার ও নিম্পত্তি করিতে হইবেক। ১৮১৬ সালের ১২ ডিসেম্বরের সরকালর অর্জর।

১২০। জিলার জজ সাহেব সদর দেওরানী আদালতকে জিজাসা করিলেন যে ১৮১২ সালের ৫ আইনের ১৭ ধারার বিধির অনুসারে রাইরত কি ইজারদার কিয়া মফঃসলী তালুকদারের মোকদ্দমা উপস্থিতকরণের যে অনুমতি আছে তাহা কত কাল মিয়াদের মধ্যে উপস্থিত করিতে হইবেক। তাহাতে সদর দেওরানী আদালত বিধান করিলেন যে উক্ত আইনের ২০ ধারার বিধির এবং ১৮০৫ সালের ২ আইনের ৪ ধারার ১ প্রকরণের বিধির অনুসারে বেআইনী নীলামের দারা ঐ রাইরত ইজারদারপ্রভৃতির যে ক্ষতি হইয়াছে দেই ক্ষতিহওনের তারিখের পর কেবল এক বংসরের মধ্যে তাহারা মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেক। ৪৬৭ নম্রী আইনের অর্থ।

১২১। ১৮০৩ সালের ১৭ আইনের ৬ ধারাতে ছকুম আছে যে বেআইনীমতে সম্পত্তির ক্রোক হইলে ঐ ক্রোকের দ্বারা ক্ষতিগ্রন্ত রাইয়তের যাহা নোকসান হইয়াছিল তাহার মূল্য সে ফিরিয়া পাইবেক এবং ততুল্য টাকা তাহার ক্ষতিপূর্ণ বলিয়া তাহাকে দেওয়ান যাইবেক। সদর আদালত এইক্ষণে বোধ করেন যে ১৮১২ সালের ৫ আইনের ১৭ ধারার সেইরূপ অভিপ্রায় ছিল। ঐ বিধিতে আরো এমত ছকুম আছে যে রাইয়ত সরাসরী মোকদমার দ্বারা সেইরূপ প্রতিকার পাইতে পারে অথচ তাহার পূর্বে কেবল জাবেতামত মোকদমার দ্বারা তাহার দেইরূপ প্রতিকার পাওনের উপায় ছিল। কিন্তু তাহার ক্ষতিপূরণের নিমিত্ত কত টাকার ডিক্রী করিতে হইবেক এই বিষয়ে ঐ ১৮১২ সালের ৫ আইনের ১৭ ধারার দ্বারা কিছু বৈলক্ষণ্য হয় নাই। ৩২৭ নমুরী আইনের অর্থ।

১২২। সদর দেওয়ানী আদালত বিধান করিতেছেন যে বাকীদার অথবা তাহার মালজামিনছাড়া অন্য কোন ব্যক্তি যদি ক্রোকহওয়া সম্পত্তির উপর দাওয়া করে তবে সেই ব্যক্তি জামিন দিয়া ঐ সম্পত্তি খালাস করিয়া লইতে পারিবেক না এবং ১৮১২ সালের ৫ আইনের ১৫ ধারার বিধির অনুসারে তাহারদের দাওয়ার তজবীজ হইতে পারে না। ৩৪৮ নম্বরী আইনের অর্থের ২ দফা।

১২৩। যদি বাকীদার জামিন দিতে না পারাতে তাহার সম্পত্তি বিক্রয় হয় তবে সে ব্যক্তি তথিবয়ে সরাসরীরূপে নালিশ করিতে পারে কিন্তু বাকীদার কিয়া তাহার মাল-জামিন ছাড়া যদি অন্য কোন ব্যক্তি সেই সম্পত্তির উপর দাওয়া করে তবে সেই দাওয়া ১৭৯৯ সালের ৭ আইনের ৯ ধারানুসারে জাবেতামত মোকদমাক্রমে তজবীজ করিতে হইবেক। ৩৪৮ নমুরী আইনের অর্থের ও দফা।

১২৪। সদর আদালত আগ্রা জিলার জজ সাহেবকে জাত করিলেন যে নিফরে ভূমা-ধিকারিরা যে ভূমি ক্রোক করিয়া থাকে সেই ক্রোক বর্থান্তকরণের নিমিত্ত অথবা তাহারা বেআইনীমতে ভূমি ক্রোক করিলে তাহার ফ্রতির টাকা পাইবার নিমিত্ত রাইয়তেরা যেথ নালিশ করে কালেক্টর সাহেব মালওজারীর ভূমিসম্পর্কীয় সেইপ্রকার মোকদমার বিহয়ে যেরূপ বিচার করিয়া থাকেন্ সেইরূপে ঐ মোকদমার বিচার করিবেন। ১১২ নম্বরী আইনের অর্থ।

১২৫। এই আইনের ত্কুমানুসারে যে সকল মোকদ্দমা দেওয়ানী আঁদালতে উপস্থিত হয় তাহার বিচার ইঙ্গরেজী ১৭৯৯ সালের ৭ আইনের
লিখিত ত্কুমানুসারে সরাসরীমতে হইবেক ইতি।—১৮১২ সা। ৫ আ।
২০ধা।

#### ১৫ ধারা।

টাকাকি কাগজপত্র পাইবার বিষয়ে গোমাশ্তারদের নামে দরাদরী নালিশ।

১২৬। বুকিবেন যে এ আইনের ১৫ ধারার উল্লিখিত সমস্ত হুকুম সদর ও মফঃসলের নানাবিধ আমলার উপর এবং এদেশীর লোক ভূম্যধিকারী ও ইজারদারের প্রতি এবং যে গোমাশ্তাপ্রভূতি আপনং মনিবের পক্ষে অধিকার কিয়া ইজারার ভূমির সরবরাহ অথবা মালগুজারী উমুল তহসীল করে তাহারদিগের প্রতিও বর্তিবেক। তাহাতে যদি কোন ভূম্যধিকারী কিয়া ইজারদার আপনার কোন চাকরের স্থানে তাহার হস্তে কর্ম্ম থাকনের কালের নগদ কিয়া অন্য বিষয়ের নিকাশ অথবা অপর যে দাওয়া থাকে তাহা সেপদস্থ থাকিতে কি অপদস্থ হইলেই বা চাহিলে না দেয় তবে তৎকালে এ আইনের ১৫ ধারার লিখিত যে হুকুম বাকী উমুলের কারণ বাকীদারদিগকে

আটিক ও কয়েদ করাইবার অর্থে চলে নে হুকুম সে চাকরের প্রতিও চলিবকে। ও জিলা এবং শহরসকলের জজ সাহেবেরা ও কমিস্যানরেরা যেরূপে বাকীদারদিগের স্থানে বাকী উসুলের কারণ ভূম্যধিকারিগণ ও ইজারদারদিগের সহায়তা করেন সেইরূপ এমত বিষয়েও সহকার থাকিবেন ইতি।—১৭৯৯ সা। ৭ আ। ২০ ধা।

১২৭। জানা কর্ত্রতা যে যদি ভূম্যধিকারিগণ কিম্বা ইজারদারেরা কাহার নামে এমত নালিশ করে যে অমুক আমার তরফ কর্মাক্ত্রা কিম্বা আমার জমীদারীর সরবরাহকারী করিত অথবা এপ্রকার চাকর হইয়া আমার এত টাকা লইয়া চাকরী ত্যাগ করিয়াছে একণে দের না কিম্বা হিসাবকিতাব বুঝাইয়া দিতে চাহে না অথবা আপন ভারের কর্মাকার্য্য করিতে তাচ্ছল্য ও অসঙ্গতাচরণ করে আর এই মোকদমার বিচার সরাসরীমতে হওনের দর্থাম্ভ করে এবং ঐ কর্মাক্ত্রাকে কয়েদ করাইতে চাহে তবে এমতে ইঙ্গরেজী১৭৯১ সালের ৭ সপ্তম আইনের ২০ বিশশ ধারাতে এবং ১৮০০ সালের ৫ পঞ্চম আইনের ১৯ উনবিংশ ধারাতে এবং ১৮০৩ সালের ২৮ অফ্টাবিংশ আইনের ৩৮ অফ্টাত্রিংশ ধারাতে এবং ১৮০৩ সালের ২৮ অফ্টাবিংশ আইনের ৩৮ অফ্টাত্রিংশ ধারাতে এমত মোকদ্দমার বিচার স্বাসরীমতে করণের হুকুম লেথা গিরাছে কিন্তু উপরের লিথিত দ্বাদশ মাসের মিয়াদ অর্থাৎ নিরূপিত কাল এমত মোকদ্দমার বিষয়ে নির্ম থাকিবেক ইতি।—১৮০৫ সা। ২ আ। ৪ ধা। ২ প্র।

্রিই বিষয়ের অতিরিক্ত কথা ৯৪৬ নমূরী আইনের অর্থেতে লেখা আছে। এই অধ্যায়ের ৫ নমূরী বিধান দেখ।

### ১৬ ধারা।

নীলের বাবৎ সরাসরী মোকদ্মা। কোন প্রজা উৎপন্ন নীল আপন করু-লিয়তের অন্যমতে বিক্রয় না করিবার উপায়।

১২৮। যদি কোন জন কোন প্রজাকে কিয়া অন্য কোন কৃষিকারককে নিরূপিত কতক ভূমিতে নীলের কৃষিকার্য্য করিবার ও ঐ ভূমির উৎপন্ন নীল অবধারিত কোন নীলের কুঠীতে কিয়া অন্য স্থানেতে আপনার নিকটে পঁত্চাইয়া দিবার করারে কবুলিয়ৎ লেথাইয়া লইয়া টাকা দাদন করে তবে দেই ভূমির উৎপন্ন নীলগাছেতে ঐ জন স্বত্তাধিকারী বোধ হইবেক এবং ইহার পরে নালিশের যে২ প্রকার লেথা যাইবেক সেই২ প্রকারে ঐ ভূমির উৎপন্ন রক্ষণের ও ঐ কবুলিয়তের লিথিত করার্দকল পূরা করাইবার নিমিত্তে নালিশ করিতে পরিবেক ইতি।—১৮২৩ সা। ৬ আ। ২ ধা।

১২৯। নীলের কুঠীর যে মালিক নীলের দাদন দিয়াছিলেন তৎপরে ঐ কুঠীর যে ব্যক্তি মালিক হয় দেই ব্যক্তি তাঁহার স্থলে আছেন এমত জান করিতে চইবেক। এবৎ উক্ত আইনানুসারে ঐ দাদনীর টাকা ফিরিয়া পাইবার নিমিত্ত সাবেক মালিক যে উদ্যোগ করিতে পারিতেন নুতন মালিকও দেইরূপ উদ্যোগ করিতে পারিবেন। ৫৬৫ নম্বরী আইনের অর্থ।

১৩০। যদি কোন লোক উপরের লিখনমত কবুলিয়ৎ লইয়া টাকা দাদনকরণের পরে ইহা বুঝে যে ঐ কবুলিয়তের আসামী নিরপিত নিয়মের অন্যমতে ঐ ভূমির উৎপন্ন অন্য কোন জনকে দেওনদ্বারা ঐ কবুলিয়তের লি-থিত নিয়মের অন্যধাচরণ করিতে উদ্যত আছে কিয়াগোপনে কি অগোপনে ঐ ভূমির উৎপন্ন অন্য কোন জনকে দিবার কবুলিয়ৎ লিথিয়া দিয়াছে তবে ঐ দাদনদেওনিয়া লোক তথাকার জিলা কিয়া শহরের জজ সাহেবের নিকটে কিয়া জাইণ্ট মাজিট্টেটের পদপ্রাপ্ত যে কোন রেজিন্টর সাহেবের সরহদ্দের মধ্যে ঐ নীলের কৃষিকার্য্যের কবুলিয়তের লিথিত ভূমি থাকে সেই রেজিন্টর সাহেবের নিকটে নালিশের আরজী দিতে পারে এবং যে আসল কবুলিয়তে ঐ ভূমির উৎপন্ন তাহার কুঠীমোকামে তাহার নিকটে দাখিল করিবার করার লেখা থাকে তাহাও ঐ অ্যুরজীর সহিত দাখিল করিবেক এবং সেই আরজীতে ইহা লিথিবেক যে যে আসামীর উপর নালিশ করিতেছে সেই আসামী স্বেচ্ছাপূর্বক এবং যথার্থরূপে ঐ কবুলিয়ৎ লিথিয়া দিয়াছে ইতি।—১৮২৩ সা। ৬ আ। ৩ ধা। ১ প্র।

১৩১। ঐ আরজী ও আদল কবুলিয়ৎ দাখিল হইবামাত্র এক দমন
অর্থাৎ তলবচিঠী দম্ভরমত লিখিয়া নাজিরের নিকটহইতে পাচান যাইবেক
এবং তাহাতে এ ভ্কুম লেখা যাইবেক যে ঐ আরজীর লিখিত আদামী ম্বরুং
কিম্বা তাহার মোধার ঐ তলবচিঠীতে বিষয় বিশেষে উপযুক্ত বোধ হইয়া যে
মিয়াদ লেখা যায় তাহার মধ্যে হাজির হইয়া ঐ নালিশের জওয়াব দেয় ও
ঐ মিয়াদ কোন প্রকারে ২০কুড়ি দিনের অধিক হইতে পারিবেক না ইতি।
—১৮২৩ দা। ৬ আ। ৩ ধা। ২ প্র।

১৩২। ঐ আসামীর দিগকে চলিত আইনানুসারে তলব করিতে হইবেক অর্থাৎ এক পোয়াদার দারা তাহারদের উপর এত্তেলানামা জারী করিতে হইবেক এবং ঐ ভূমির কৃষি করিবার তুকুম কেবল এইরপে আসামীর উপর জারী করা ঘাইতে পারে যে সেই ব্যক্তি পুনরায় কৃষি করিতে ত্রুটি করিলে তাহার অধিক দণ্ড হইবেক। ৫৬৪ নম্বরী আইনের তিত্তির ২ দফা।

২৯৬। জিলার জার সাহেব জিলাসা করিলেন যে যে ব্যক্তিরা উইল না করিয়া মরে কেবল সেই ব্যক্তিরদের সম্পত্তির বিষয়ে ১৮০৬ সালের ১৫ আইনের ৬ ধারানুসারে জার সাহেবেরা কার্য্য করিবেন কি না। তাহাতে সদর আদালত উত্তর করিলেন যে উক্ত আইনের ঐ ধারানুসারে যে ব্রিটনীয় অর্থাৎ বাদশাহী প্রজারা উইল না করিয়া মরে কেবল এমত ব্যক্তিরদের সম্পত্তির বিষয়ে জার সাহেব হস্তক্ষেপ করিবেন এমত নহে কিন্তু ১৮০৬ সালের ১৫ আইনের ৬ ধারাতে এমত বিশেষ করুম আছে যে কোন জিলা বা শহরের আদালতের এলাকার মধ্যে কোন ইউরোপীয় ব্রিটনীয় প্রজা মরিলে জার সাহেব ঐ মৃত ব্যক্তির সম্পত্তি আপন জিলায় লইবেন এবং তৎপরে তাহার উইল দৃষ্ট হইলে যে ব্যক্তি সেই উইলের প্রোবেট পায় তাহাকে ঐ সম্পত্তি অর্পণ করিবেন। ১৮৩ নম্বরী আইনের অর্থ।

২৯৭। জিলার জজ সাহেব আরো জিজাসা করিলেন যে মৃত ব্যক্তির কোন উইল যদি না পাওয়া যায় অথবা যদি কোন উইল না থাকে এবং যদি কোন দাওয়াদার অথবা অভিভাবক বা তৎস্থানীয় কোন বিশ্বস্ত মিত্র সেই সম্পত্তি আপনার জিম্মায় লইতে এবং ভাহার বিষয়ে দায়ী হইতে স্বীকৃত হয় তবে জজ সাহেব সেই সম্পত্তিতে হস্তক্ষেপ করিতে পারেন্ কি না। তাহাতে সদর আদালত উত্তর করিলেন যে মৃত ব্যক্তির কোন উইল যদ্যপি না পাওয়া যায় অথবা না থাকে এবং যদ্যপিও কোন দাওয়াদার অথবা অভিভাবক কি তংশ্বানীয় কোন বিশ্বস্থ মিত্র সেই সম্পত্তি আপন জিম্মায় লইতে এবং তাহার বিষয়ে দায়ী হইতে স্বীকৃত হয় তথাপি সেই সম্পত্তি ২৯৬ নম্বরী বিধির গতিকের মতে আপন জিম্মায় লইতে জজ সাহেবের প্রতি ঐ আইনে বিশেষ প্রকুম আছে এবং জজ সাহেবের উচিত যে ত্তিরয়ের সম্বাদ তৎক্ষণাৎ কলিকাতাস্থ সূপ্রিম কোর্টের রেজিফার সাহেবকে দেন্ এবং যাবৎ ঐ রেজিফার সাহেব অথবা অন্য কোন ব্যক্তি লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন অর্থাৎ ঐ সম্পত্তির সরবরাহকরণের অনুমতি দুপ্রিম কোর্টিহইতে না পায় তাবৎ জজ সাহেব ঐ সম্পত্তি আপন দখলে রাখেন্ পরে মুপ্রম কোর্ট যে ব্যক্তিকে ঐ সম্পত্তির সরবরাহ করিতে অনুমতি দেন্ তাহাকে ঐ সম্পত্তি অর্পণ করিতে হইবেক। এমত গতিকে জিলার জজ সাহেবের যাহা কর্ত্তর তাহা ঐ আইনে বিশেষরূপে লেখা আছে এবং জজ সাহেব দেই বিষয়ে আপনার বিবেচনামতে কার্য্য করিতে পারেন্ না আইনের নির্দিষ্ট প্রকুমমতে তাঁহার কার্য্য না করিলে নহে। ৯৮৩ নম্বরী আইনের অর্থ।

#### ৩৭ ধারা :

# আইনের মূল নিয়ম। উত্তরাধিকারিত্বের বিষয়ি বিধান।

২৯৮। ইঙ্গরেজী ১৭৯৪ সালের ১জুলাই মোতাবেকে বাঙ্গলা ১২০১ সালের ২০ আষাঢ় মওয়াফেকে ফদল্ব ১২০১ সালের ১৭ আষাঢ় মোতাবেকে বিলায়তী ১২০১ সালের ২০ আবাঢ় মওয়াফেকে সমুৎ ১৮৫১ সালের ১৭ আষাঢ় মোতাবেকে হিজরী ১২০৮ সালের ২ জীহিজ্ঞার পর কোন জনীদার কিয়া হজুরী তালুকদার অথবা অন্য ভূম্যধিকারির মৃত্যু হইলে তাম্বার ভূমি যাহাকে অর্পণ হইবেক সেই ব্যক্তি নির্ণয়ের ও সে ভূমি অংশ হইবার বিষয়ে ওসায়ৎনামা কিয়া অন্য নিদর্শনলিপি প্রম্নুত অথবা বাচনিক পার্য্য অর্থাৎ জোবানী একরার স্থির না করিয়া মরিলে তাহার উত্তরাধিকারী দুই কিয়া অধিক জন এমত যদি থাকে যে শ্রাও শাস্ত্রের মতে সে ভূমির বিভাগ তাহারদিগের অর্শে তবে তাহারদিগের প্রত্যেকেই মুসলমান হইলে শ্রার মতে ও হিন্দু হইলে শাস্ত্রানুসারে আপন্য অংশ পাইবেক ইতি।—১৭৯৩ সা। ১১ আ। ২ ধা।

২৯১। ইঙ্গরেজী ১৭৯৪ সালের ১ জুলাইর পূর্ব্বে কিয়া পরে উদ্দেশ দানপত্র অথবা অন্য নিদর্শন কিয়া বাচনিক ধার্যক্রমে কোন ভূম্যধিকারী আপন অধিকারভূমি অন্যের স্বস্তুরহিত অর্থাৎ অসাধারণ করিয়া আপনার উত্তরাধিকারিদিণের কিয়া উপরি লোকসকলের এক জনকে সমুদ্য অথবা ফেকএক জনকে দেওয়া উচিত জানে তাহাকে তাহা দিতে চাহিলে দেই দান ও উদ্দেশ দানপত্র অথবা অন্য নিদর্শন কিয়া বাচনিক ধার্য শরা ও শাস্ত্রের মতের বহির্ভূতে এবং শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের কৌন্সেলের হজুরের আইনসকলের অন্যথায় না হইয়া ঐ সকল মতানুসারে হইলে তাহা দিতে এই আইনের মতে নিষেধ না জানে ইতি।—১৭২৩ সা। ১১ আ। ৬ ধা।

৩০০। জানিবেন যে জিলা মেদিনীপুরের এব° অন্যথ জিলার বনাল ভূমির উত্তরাধিকারিতা যে পদ্যানুসারে উত্তরাধিকারপত্র না লিথিয়া মৃত তদ্ধিকারিগণের উত্তরাধিকারিদিগের মধ্যের এক জনকে এ কালপর্যান্ত অর্শিয়াছে সে পদ্য ইঙ্গরেজী ১৭৯৩ সালের ১১ একাদশ আইনের অনুসারে নিবৃত্ত ও ফেরফার হইবেক না সে বনাল ভূমির চিহ্নিত পদ্য কেবল তথাতেই পূর্ব্মতে সাব্যস্ত ও বলবৎ থাকিবেক। আদালতসকলের জজ সাহেবদিগের কর্ত্তব্য যে সে বনাল ভূমির উত্তরাধিকারিতার দাওয়ার মোকদমার বিচার ও নিফান্তি সেই পদ্যদুয়েই করেন ইতি।—১৮০০ সা। ১০ আ। ২ ধা।

৩০১। জমাদারী কিয়া তালুক অথবা অন্য ভূমি কিয়া বাটীআদি স্থাবর বস্তু কাহারে। বিনাসমুর্কে লাভ হইবার ও উত্তরাধিকারিত্বের স্বস্তু বিষয়ে যে সকল মোকদ্দমা কোন জিলা কিয়া শহরের আদালতে উপস্থিত হয় তাহা একের অধিক লোকের প্রাপ্তব্য হইলে ও তাহারদিগের হিন্দু কিয়া মুদলমান যে জাতি হউক তদনুদারে শাস্ত্র কিয়া শরার মতে অংশ অর্শিলে এমত মোকদ্দমায় দেই অংশদিগের যে অংশ তাহারদিগের জাত্যনুদারে শাস্ত্র ও শরার মতে ন্যায্য প্রাপ্তব্য হয় তাহার সংখ্যা নির্দিষ্ট না লিখিয়া ফরিয়াদীর পক্ষে ডিক্রা হইবেক না ইতি। —১৭১৩ সা। ৩ আ। ১৩ ধা।

৩০২। সদর আদালতে জিজাসা করা গোল যে কোন এক জমীদারী বা তালুক বা ভূমি সম্পত্তিতে উত্তরাধিকারির যে পৈতৃক স্বস্ত আছে কেবল তাহার বিষয়ে দেই ব্যক্তি প্রথমে দাওয়া করিয়া অন্য জমীদারীর কোন অংশে তাহার যে স্বস্ত থাকে তাহার বিষয়ে তৎপরে নালিশ করিতে তাহার ক্ষমতা আছে কি না এবং পৈতৃক স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিষয়ে উত্তরাধিকারিরদের যে দাওয়া থাকে সেই তাবৎ দাওয়া একি মোকদ্মায় তাহারদের উপস্থিত করিতে হইবেক কি তাহারা এক সময়ে স্থাবর বস্তর বিষয়ে অন্য সময়ে অস্থাবর বস্তর বিষয়ে নালিশ করিতে পারে। তাহাতে সদর্ব আদালত বিধান করিলেন যে উত্তরাধিকারিক্স বিষয়ে যে নালিশ হয় তাহাতে সেই নালিশের হেতুর সম্পর্কে যত দাওয়া থাকে সেই সমুদয় দাওয়া এক কালে উপস্থিত করিতে হইবেক। ১০৪০ নয়রী আইনের অর্থ।

৩০৩। স্থাবর সম্পত্তির উত্তরাধিকারিজের বিষয়ে ১৮৩১ সালের ৫ আইনের ৬, ধারার ৪ প্রকরণে যে বিধি আছে তাহা কেবল মুন্সেফরদের উপদেশের নিমিত্ত হইয়াছিল ইহা ঐ প্রকরণে সপাইট লেখা আছে। এইমত গতিকে জিলা ও শহরের জজ সাহেবেরদের যাহা কর্ত্তব্য তদ্বিষয়ে ১৮৩১ সালের ৫ আইন জারীহওনের পূর্বেযে ত্রকুম ছিল সেই ত্রকুমই অবিকল রহিল। ৭০৬ নমুরী আইনের অর্থ।

৩০৪। বিনাসমূর্কে প্রাপ্তব্য কিয়া উত্তরাধিকারিত্ব অর্থাৎ হকদারী কিয়া ওয়ারিদী দাওয়া অথবা কুলাচার ও ব্যবহারক্রমের বিবাহ ও নিকা কিয়া জাতাণশাদি বিষয়ক সমস্ত মোকদ্দমায় জঙ্গ সাহেবদিগের কর্ত্তব্য যে মুসলমানের মোকদ্দমা শরার মতে ও হিন্দুর মোকদ্দমা শাস্ত্রানুসারে নিষ্পাত্তি করেন এবং মুসলমানের মোকদ্দমায় মুসলমান ফাজিলেরা ও হিন্দুর মোকদ্দমায় পণ্ডিতেরা ফতওয়া ও ব্যবস্থা দিবার কারণ আদালতে উপস্থিত হইবেন ইতি।
—১৭৯৩ সা । ৪ আ । ১৫ ধা ।

৩০৫। বারাণদ দেশের বিষয়ে ইঙ্গরেজী ১৭৯৫ দালের ৮ আইনের ৩ ধারার ২ প্রকরণের যে ভাগে হুকুম আছে যে যে মোকদ্দমার ফরিয়াদী ও আদামী উভয়ে এক ধর্মাক্রান্ত না হইয়া জাতিভেদ থাকে দে মোকদ্দমায় আন্যামীর জাতিধর্মানুদারে আর মুদলমান ও হিন্দু উভয় জাতির মোকদ্দমাছাড়া কোন বিলায়তী কি বর্ণান্তরের মোকদ্দমা হইলে তাহাতে ফরিয়াদীর জাতিধর্ম ক্রেমে ফতওয়া কি ব্যবস্থা লন্ তাহা এক্ষণে রদ হইল এবং হকদারী কি ওয়ারিদী কিয়া পুণ্যক্রিয়ার দয়্পর্কীয় কিয়া কুলাচার ও ব্যবহারক্রেমের বিবাহ ও নিকা কিয়া জাতাংশাদিঘটিত যে২ মোকদ্দমা হিন্দু ও মুদলমানের মধ্যে মধ্যেই উপস্থিত হয় দেই মোকদ্দমায় ইঙ্গরেজী ১৭৯৩ দালের ৪ আইনের

১৫ ধারার হুকুম এব° তদনুরূপ ১৮০৩ সালের ৩ আইনের ১৬ ধারার ১ প্রকরণের হুকুম থাটিবেক ইতি।—১৮৩২ সা। ৭ আ। ৮ধা।

৩০৬। এই ধারানুসারে জানান যাইতেছে যে উপরের লিখিত ল্কুমের অভিপ্রায় এই যে যে সময়ে ধর্মসমূর্কীয় যে কোন বিধিক্রমে মোকদ্দার নিফান্তি হয় দেই সময়ে যে ব্যক্তি ঐ প্রকারে ধর্মের মতাবলম্বী নিতান্ত ছিল সেই প্রকার লোকভিন্ন অন্য কাহারু সহিত সমুর্করাখিবেক না যেহেতুক ঐংলোকদিগের স্বস্ত্র রক্ষা করিবার নিমিত্তে ঐং লুকুম দেওয়া যায় এবং অন্যংলোকের স্বস্থানির নিমিত্তে নহে অতএব দেওয়ানী কোন মোকদ্দমাতে উভয় পক্রেরা ভিন্নং মতাবলম্বী হইলে অর্থাৎ এক পক্রে হিন্দু হইলে ও অন্য পক্রে মুদলমান হইলে অথবা উভয় পক্রের মধ্যে এক কি ততোধিক পক্ষীয় লোক না হিন্দু না মুদলমান হইলে অং ধর্মসমূর্কীয় বিধিব্যতিরেকে ঐং লোকের যেং স্বস্থা হইতে ঐং স্বস্থের হানি ঐং ধর্মসমূর্কীয় বিধিতে হইবেক না এ প্রকার সকল মোকদ্দমার নিক্সন্তি ন্যায় ও ধর্ম ও উত্তর্ম বিবেচনানুদারে হইবেক কিন্তু মৃষ্টি জানা কর্ত্ব্য যে এই আইনের ল্কুমের তাৎপর্য্য এমত নহে যে তাহাতে ইম্পন্তিয় কি অন্যং দেশীয় ব্যবস্থা চালান যায় অথবা উপরের উক্ত ন্যায় ও ধর্ম ও উত্তম বিবেচনানুদারে যে কোন ল্কুমনা হইতে পারে তাহার সহিত সমুর্ক রাখে ইতি।—১৮৩২ সা। ৭ আ। ১ ধা।

৩০৭। কিন্তু শরা ও শাস্ত্রের বিধানের কিছু জিজ্ঞান্য ইইলে তাহা কাজী ও পণ্ডিতের স্থানে জিজ্ঞানা করিতে পারিবেন ও যে সময়এমত সওয়ালকরণ আবশ্যক হয় সে সময় জজ নাহেবের কর্ত্তর্ব্য যে যে সওয়ালকরণের ইচ্ছা হয় তাহার মর্ম্মযুক্তে ফর্দ লেথাইয়া তাহার উপর আপন স্বাক্ষর করিয়া আদাল-তের কাজী ও পণ্ডিতকে তাহার জওয়াব লিথিবার কারণ দেন্। কাজী ও পণ্ডিত তাহার যে জওয়াব লিথেন্ তাহা সেই সওয়ালের ফর্দে লিথিলে পর সে কাগজের উপর আলিথিত স্থান থাকিলে তথায় অথবা তাহাতে অন্য কাজ যোড়িয়া আপনারদিগের স্বাক্ষর করেন্ এবং সেই সওয়াল ও তাহার জওয়াব লিথিবার তারিথও সেই কাগজে লেথা যায় ইতি।—১৭৯৩ না। ৪ আ। ১৬ ধা।

৩০৮। জিলা ও শহরদকলের দেওয়ানী আদালতের জজ দাহেবদিগের প্রতি ইঙ্গরেজী ১৭৯৩ দালের ৪ চতুর্থ আইনের ১৫ পঞ্চদশ ধারার এবং১৭৯৫ দালের ৮ অন্টম আইনের ৩ তৃতীয় ধারার অনুসারে হুকুম আছে যে ঐ দুই ধারার প্রস্তাবিত মোকদমাদকল শরার ও শাস্ত্রের মতে নিক্পান্তি করেন্। বিশেষত ঐ দুই ধারার লিথনাধীন ঐ দকুল আদালতের কাজী ও পণ্ডিতগণের প্রতি এমত হুকুম স্লুট্ট আছে বুঝা যায় যে তাঁহারা যে দকল মোকদমায় কতওয়া ও ব্যবস্থা দিবার নিমিত্তে দাক্ষাৎ থাকিবেন ও তাহাতে তাঁহারা যে কতওয়া ও ব্যবস্থা দিবেন তাহা জজ দাহেবেরা দঙ্গত জানিলে গ্রাহ্য করিয়া তদনুসারে জিক্রা করিবেন। অথবা তাঁহার দিগের দেওয়া কতওয়া ও ব্যবস্থাকে বাদি কিয়া প্রতিবাদির দর্শান অন্য কতওয়া ও ব্যবস্থাকমে অথবা কোন বলবৎ শরা ও শাস্ত্রদৃষ্টে অসঙ্গত বুঝিলে অন্য কতওয়া কিয়া ব্যবস্থা মকঃদল আপীল আদালতসকলের কাজা অথবা মুম্বা ও পণ্ডিতগণের স্থানে ঐ আদালতসকলের জজ সাহেবদিগের দারা চাহিতে পারিবেন। কোন থ আদালত কতেরয়া ও ব্যবস্থা চাহিবার পদ্য পড়িয়াছে এবং এইক্ষণেও সমস্ত

জিলা ও শহরদকলের দেওয়ানী আদালতের ও মফঃদল আপীল আদালতদকলের জজ দাহেবদিগকে ভার দেওয়া যাইতেছে যে যে দময়ে ঐ পদ্যানুদারে কার্য্য করিবার আবশ্যক হয় সে দয়য়ে তাহা করিবেন। এবং আদালত
দকলের কাজী ও মুস্তা ও পণ্ডিতগণছাড়া অপর কাজা ও মুস্তা ও পণ্ডিতগণ্
ণের স্থানে ফতওয়া ও ব্যবস্থা তলবকরণ ঐ দাহেবদিগের অকর্ত্রব্য জানিবেন
এইহেতুক যে অপর কাজাপ্রভৃতি ফতওয়া ও ব্যবস্থা দঙ্গতাসঙ্গতের দায় টেকেন্না। কিন্তু মোকদ্মার বিচারকালে বাদি কিয়া প্রতিবাদিতে যে কোন
ফতওয়া ও ব্যবস্থা দর্শায় তাহা ঐ দাহেবেরদের লইবার বাধা নাই বরং
উচিত বুঝিলে তাহা দঙ্গতাসঙ্গতের বিবেচনার কারণ আপানং আদালতের
কাজা কিয়া মুস্তা ও পণ্ডিতকে দেখান্ অথবা দদর দেওয়ানী আদালতের কাজা
ও মুস্তা ও পণ্ডিতগণের নিকটে পাচান্ ইতি।—১৭৯৮ না। ২ আ। ৪ ধা।

৩০৯। নানা দেওয়ানী মোকদমার বিচার হওন সময়ে যে বিবয়ে (জজ সাহেব আলপন) আদালতের পণ্ডিত ও মৌলবীয়দের নিকটে কোন জিজাসা করিয়াছিলেন সেই২ বিম্নরে ওচারারা যে বাবস্থা ও ফওওয়া দিয়াছেন তাহা সদর দেওয়ানী আদালতে দেখিতে চাহেন্। অতএব সদর আদালত প্রকুম করিতেছেন যে জিলার আদালতে নিম্পান্তিতয়া যে মোকদমার উপর আপীল সদর দেওয়ানী আদালতে হইয়াছে তাহাভিন অন্য সকল মোকদ্মার ১৮০৩ সালঅবধি ১৮১২ সালপর্যান্ত সেইরূপ যে জিজাসার উত্তর দেওয়া গিয়াছিল আদালতের রোয়দাদহইতে সেই উত্তরের নকল করিতে এবং তাহা সদর আদালতে পাঠাইতে ঐ আদালত প্রকুম করিতেছেন। এবং উত্তর কালে দেওয়ানী মোকদমার পণ্ডিত ও মৌলবীয়া আপনারদের যে ব্যবস্থা ও ফতওয়া লেখেন্ তাহা প্রতিবংশরে সদর আদালতে পাঠাইতে ইইবেক। ১৮১০ সালের ১১ মার্চের সরব্যুলর অর্ডর।

৩১০। সদর আদালত কোন এক জিলার জজ সাহেবকে জানাইলেন যে ২৩ মার্স তারিখের পত্রে তিনি যে মোকদমার প্রস্থাব করিয়াছিলেন সেই মোকদমাকর নিয়ার বংশ যে পরগনার মধ্যে বাস করে সেই পরগনার চলিত হিন্দুশাস্ত্র যদি এ বংশের ব্যবহারের বিরুদ্ধ না হয় তবে সেই শাস্ত্রানুসারে এ মোকদমা নিম্পত্তি করিতে হইবেক যদি বিরুদ্ধ হয় তবে এ বংশের ব্যবহারানুসারেই নিম্পত্তি করিতে হইবেক। পশ্চাৎ লিখিত মোকদমা দৃষ্টি করিয়া তোমার নোধ হইবেক যে কোন বংশের মধ্যে বিরোধ হইলে সেই বংশের নিবাস স্থানে যে ব্যবহার চলন আছে সেই ব্যবহারমতে সেই বিরোধের নিয়ত নিম্পত্তি করিতে হইবেক এমত নহে। ১০০৭ নয়ুরী আইনের অর্থ।

## ৩৮ ধারা।

আইনের মূল নিয়ম। উত্তরাধিকারিত্বের বিষয়ি স্থাবর এব ও অস্থাবর শক্ষ্পতিরু অন্যায়রপে দথল নিবারণের আইন।

৩১১। যেহেতুক ব্যক্তিরা স্থাবর এব° অস্থাবর দম্পত্তি রাথিয়া মরিলে এব° দান অথবা উত্তরাধিকারিত্বের দ্বারা স্বত্বের ভাক্ত দাওয়া হইয়া ঐ সম্পত্তি হস্তগতহওয়াতে অনেক অনিষ্ট হইয়াছে এব° যেহেতুক এমত গতিকে অস্থাবর সম্পত্তির কিং প্রকার তাহা নিশ্চয় করিয়া জানান দুঃসাধ্যপ্রযুক্ত এব° ঐ প্রকার অস্থাবর সমৃত্তি এব° স্থাবর সমৃত্তির উপস্বত্ব অন্যায়রপে

 <sup>\*</sup> রামচন্দ্র নারায়ণ চৌধুরী আপেলায় । গোকুলচন্দ্র প্রস্থ রেসপাণ্ডেয় । গলা দত্ত ঝা
 আপেলায় । য় নারায়ণ রায় ও৭ রেসপাণ্ডেয় ।

লওনের সুযোগপ্রযুক্ত এব ে জাবেতামত মোকদমা কেবল ক্লেশ দেওনের নিমিত্তে দেরী হইলে ঐ দেরীপ্রযুক্ত এব ে উত্তরাধিকারিরা বেদথল হইলে তাহারদের হকের বিষয়ে নালিশ করিতে অক্ষম হওনপ্রযুক্ত ঐ সম্লুত্তির বলে বা ছলে দথল করিবার অনেক প্রবৃত্তি জন্মে। এবং যেহেতুক উক্ত নানা কারণেতে সমস্ত বিবাদির কথা শুননের পর জন্স সাহেবের সরাসরী মোকদ্মার ফর্মলাতে যেরূপে যথার্থ অধিকারের নির্ণয় হয় তেমনি উত্তরাধিকারিত্বের শক্তিক্রমে কেবল দম্ভবির দথলহওয়াতে তাদৃশ যথার্থ অধিকারের নির্ণয় হইতে পারে না। অখচ ঐ সরাস্রী মোকদ্মাক্রমে যে ব্যক্তি বেদ্থল হয় তদ্বিবয়ে জাবেতামত মোকদ্দনা উপস্থিত করিতে তাহার প্রতি নিষেধ নাহি। এবং যেহেতুক উত্তরাপিকারিত্বের শক্তিক্রমে অন্যায়রূপে সম্লত্তির দথলকর-ণের যে নানা প্রবৃত্তি থাকে যদাপি ঐ দরাদরী মোকদ্দমাহওয়াতে তাহার অনেক নিবারণ হইতে পারে তথাপি ঐরপ মোকদ্মার কাল দেরীপ্রযুক্ত ঐ সকল প্রবৃত্তির বিশেষতঃ অস্থাবর সম্মৃত্তির বিষয়ে প্রতিকার হইতে পারে না। এব ে যেহেতুক যে স্থলে সম্ভাতির অন্যায়রপে অধিকার বা ক্ষতি কি রক্ষণা-तिकालत क्रिंगिति विषया म॰ भग्रह्छ तित्र महातिन। इग्न अव॰ यि स्वाल अक जन নমুত্তিরক্ষককে নিযুক্ত করিতে নিযুক্তকারি কার্য্যকারক সমস্ত বিষয় বিবেচনা। করিয়া উপকারক বোধ করেন্ দেই স্থলে নরানরী গোকদ্দদা নিচ্পাত্তিহওনের পূর্ব্বে উত্তরাধিকারিত্ব সমুর্জীয় সমুত্তি লইয়া রাথিবার নিমিত্ত এক জন সমুত্তি-রক্ষক নিযুক্তকরা বিহিত হউতে পারে। এব॰ যেহেতুক সম্লুত্তিরক্ষক নিযুক্তকরণ অথবা সরাসরী মোকলমাকরণের দারা মৃত ব্যক্তির সমুত্তির উত্ত-রাধিকারিত্বের বিষয়ে হস্ত ক্ষেপকরণের উপযুক্ত কারণ দৃষ্ট না হইলে এবং কেবল জাবেতামত মোকদ্মার দারা দাধারণ উপায় হইলে বিশেষ ক্ষতির নম্ভাবনা ইহার হুদোধজনক প্রমাণ যে ব্যক্তির দারা বা যে ব্যক্তির পক্তে দেও-য়। যায় তাহার। উক্ত প্রকার কার্য্যের বিষয়ের দাওয়া না করিলে উক্ত দুই প্রকারের দারা মৃত ব্যক্তির দম্লত্তির উত্তরাধিকারিত্বের বিষয়ে হস্তক্ষেপকরা অনিষ্ট হ্ইবেক।—১৮৪১ শা। ১১ আ। ১ ধা।

৩১২। অতএব ইহাতে ত্কুম হইল যে যথন কোন ব্যক্তি স্থাবর বা অস্থাবর বস্তু রাথিয়া লোকান্তরগত হয় তথন যে কোন ব্যক্তি আপনাকে উত্ত-রাধিক বা বিলয়া ঐ সমৃত্তির অথবা তাহার কোন অপশের স্বত্তের বিষয়ে দাওয়া করে সেই ব্যক্তি অন্য কেহ তাহা দথলকরণের পর অথবা বলপূর্থকে তাহা দথলকরণের সপশয় হইলে ঐ সমৃত্তির কোন অপশ যে জিলার মধ্যে আছে বা থাকে তাহার আদালতের জজ সাহেবের নিকটে প্রতিকারের দর্থাস্ত করিতে পারে ইতি।—১৮৪১ সা। ১৯ আ। ১ ধা।

৩১৩। এবং ইহাতে হুকুম হইল যে কোন মোধারকার অথবা কুটুম্ব কিয়া আত্মীয় ঐরপ প্রতিকারের নিমিত্তে দর্থাস্ত করিতে পারে অথবা উক্ত মম্পত্তির উত্তরাধিকারিত্বরূপে কোন নাবালক অথবা অযোগ্য কিয়া অনুপদ্বিত ব্যক্তির স্বত্ব থাকিলে কোর্ট অফ ওয়ার্ডসের সাহেবেরদের তদ্বিয়ে কর্তৃত্ব থা-কিলে তাঁহারা সেইরূপ প্রতিকারের বিষয়ে দর্থাস্ত করিতে পারেন্ ইতি।—১৮৪১ সা। ১৯ আ। ২ ধা।

৩১৪। আরো ইহাতে ত্কুম হইল যে ঐরপ দর্থান্ত যে জজ দাহেবের নিকটে করা যায় সম্পৃত্তির দ্থালকার ব্যক্তি কিয়া বলপূর্ব্বক দ্থলকরণের নিমিন্ত উদ্যোগি ব্যক্তির ঐ সমৃত্তিতে কোন যথার্থ স্বত্ব আছে কি না এবপদরশাস্তকরণিয়ার অথবা যে ব্যক্তির পক্ষে দর্থাস্ত হয় তাহার যথার্থ স্বত্ব আছে কি না এবপ রীতিমতে মোকদমা করণের সামান্য উপায়মাত্র থাকিলে ঐ ব্যক্তির অতিভারি ক্ষতিহওনের সম্ভাবনা আছে কি না এবপ ঐ দর্থাস্ত নিস্কুপটরূপে করা গিয়াছে কি না এই সকল বিষয়ে তিনি প্রথমতঃ ফরিয়াদীর প্রতিজ্ঞার দ্বারা এবপ আপনার বিবেচনাক্রমে সাক্ষ্য ও দলীলদস্তাবেজের দ্বারা বিশ্বাস্যোগ্য দৃঢ় প্রমাণ আছে কি না ইহা তত্ত্ব করিয়া দেখিবেন ইতি।—১৮৪১ সা। ১৯ আ। ৩ ধা।

৩১৫। ১৮৪১ দালের ১৯ আইনের ৩ ধারার বিধির বিষয়ে বিধান হইল যে ঐ আইনে যে প্রতিজ্ঞাকরণের হুকুম আছে তাহা দরখান্তকারির স্বয়ং উপস্থিত হইয়া করিতে হইবেক এবং ঐ প্রকার প্রতিজ্ঞা কোন মোখারের দ্বারা করা যাইতে পারে না। ১৮৪২ দালের ১১ ফেব্রুআরির আইনের অর্থ।

৩১৬। এব॰ ইহাতে ভ্কুম হইল যে প্রপ বিশ্বাস্থান্য পুরল কারণ থাকনের বিষয়ে জজ সাহেবের ছদ্বোধ হইলে তিনি আসামীকে তলব করিবন এব॰ প্র সম্পত্তি কাহারো দখলে নাই অথবা দখলের বিষয়ে বিবাদ আছে ইহার সম্বাদ ইশ্তিহারের দ্বারা দিবেন এব॰ উপযুক্ত মিয়াদ অতীত হইলে দখলের স্বস্ত্রের বিষয় সরাসরীরপে নিশ্চয় করিবেন এব॰ তদনুসারে দখল দেওয়াইবেন পরন্ত পশ্চাৎ লিখিতমত প্র বিষয়ের জাবেতামত মোকদ্দমা হইতে পারে কিন্তু জজ সাহেবের প্রপ ছদ্বোধ না হইলে প্রপ কার্য্য করিবেন না। এব॰ জজ সাহেব আসামীকে তলব করিবার নিমিত্তে যে তজবীজ আবশ্যক হয় তাহা সমাপ্ত করিলে বা না করিলে যদ্যপি তাহার নিকটে দর্থায় করা যায় তবে প্রসম্বাত্ত্বর তালিকা লিখিবার নিমিত্ত এব॰ অগৌণে তাহাতে মোহর করণের দ্বারা অথবা অন্য প্রকারে প্র সম্পত্তির সাবধানরপে রাখণের নিমিত্তে এক জন আমলাকে নিযুক্ত করিতে পারেন্ ইতি।—১৮৪১ সা।১৯ আ।৪ ধা।

৩১৭। আরো ইহাতে হকুম হইল যে উক্ত প্রকার দরখাস্ত এব॰ তজবীজের পর যদ্যপি এমত দৃষ্ট হয় যে সরাসরী মোকদমা নিষ্পত্তিহওনের
পূর্বে ঐ সমৃত্তি অপহরণ অথবা ক্ষতিহওনের সন্তাবনা আছে এব॰ দথীলকার ব্যক্তির স্থানে জামিন লওনের বিলয়্পতে অথবা ঐ জামিন অপ্রক্রহওয়াতে বেদখলহওয়া ব্যক্তি তাহার প্রকৃত স্বামী হইলে তাহার অত্যন্ত বিমুহওনের সন্তাবনা তথন জজ সাহেব পশ্চাৎ লিখিত ক্ষমতাবিশিষ্ট এক বা
ততাপিক সমৃত্তিরক্ষককে নিযুক্ত করিতে পারেন্ এব৽ তাহার বা তাহারদের স্বং সনদের নির্দিষ্ট মিয়াদপর্যান্ত তাহারদের ক্ষমতা থাকিবেক কিন্তু
সরাসরী মোকদমা নিষ্পত্তি হইলে অথবা সেই নিষ্পাত্তিক্রমে ঐ বস্তুর দথল
মঞ্জুর হইলে অথবা অন্যকে দথল দেওয়া গেলে তাহারদের ক্ষমতার শেষ
হইবেক। কিন্তু ভূমির বিষয় হইলে জজ সাহেব কালেক্টর সাহেবকে অথবা
তাহার আমলাকে সমৃত্তিরক্ষকের ক্ষমতা অর্পণ করিতে পারেন্ এব॰ কোন
সমৃত্তির বিষয়ে সমৃত্তিরক্ষকে নিযুক্ত হইলে তাহা রীতিমত ঘোষণা করিতে
হইবেক ইতি।—১৮৪১ সা। ১১ আ। ৫ ধা।

৩১৮। এবং ইহাতে ত্রুম হইল যে জজ সাহেব হয় সাধারণরপো অথবা দ্থালকার ব্যক্তির জামিন না দেওয়াপর্যান্ত অথবা ঐ সম্পৃত্তির তালিকা প্রস্তুত না হওয়াপর্যান্ত কিয়া দ্থালকার ব্যক্তির ঐ সমৃত্তির অপহরণ বা নই- করণের নিবারণার্থে অন্য যে কোন উপায়ের আবশাক হয় তাহার নিমিন্ত ঐ সম্পৃত্তিরক্ষককে ঐ সম্পৃত্তি তাহার দখলে লইতে হকুম দিতে পারেন কিন্তু দখীলকার ব্যক্তি জামিন দিলে জজ সাহেব আপনার বিবেচনামতে ঐ সম্পৃত্তি তাহার দখলে থাকিবার অনুমতি দিতে পারেন্ বা না পারেন্ এবং তাহার দখলে থাকিতে অনুমতি হইলেও সমৃত্তির তালিকা প্রস্তুতকরণের বিষয়ে অথবা দলীলদস্তাবেজ কি অন্য বস্তু নির্বিঘ্নে রাখণের বিষয়ে জজ সাহেব যে হকুম দিবেন তাহা দেই ব্যক্তি প্রতিপালন করিবেক ইতি।—১৮৪১ সা।

৩১৯। এবং ইহাতে হুকুম হইল যে জজ দাহেব ঐ দম্বৃত্তিরক্ষকের 'হস্তে যে কর্ম অর্পণ করেন তাহা বিশ্বস্তুরূপে নির্মাহকরণের বিষয়ে এবংপশচাং লিখিত মতে তাঁহার ছানো প্রকার হিসাবদেওনের বিষয়ে তাহার স্থানে জামিন লইবেন এবং যে মেহনতানা উচিত বোধ হয় তাহা ঐ দম্বৃত্তিহতে লইতে হুকুম দিতে পারেন কিন্তু তাহা কোন গতিকে অস্থাবর দম্বৃত্তির অথবা স্থাবর দম্বৃত্তির বার্ষিক উপস্বত্তের শতকরা ৫১ টাকার অধিক হইবেক না। এবং অবশিক্ট যত টাকা ঐ দম্বৃত্তিরক্ষক আদায় করে তাহা আদালতে দাখিল করিবেক এবং সরাদরী মোকদ্দমা নিক্সাত্তির দময়ে যাহারদের স্বস্থ নির্ময় হয় তাহারদের নিমিত্তে ঐ টাকা লইয়া কোম্পানির প্রোমিসরি নোট ক্রয় করা যাইবেক। কিন্তু যদ্যপি দম্বৃত্তিরক্ষকের স্থানে নিয়ত যত শীঘু হইতে পারে জামিন লইতে হইবেক এবং যদ্যপি সাধ্যমতে ঐ দম্বৃত্তিরক্ষক তৎপরে যে দকল কর্মোতে নিযুক্ত হয় দেই দকলের বিষয়ে জামিন সাধারণমতে থাটে এমত বোধ করিতে হইবেক তথাপি জামিন লওনের বিলম্ব হইলেও ঐ শম্বৃত্তিরক্ষককের দেই পদের ক্ষমতা অগৌনে অর্পন করিতে জজ সাহেবের প্রতি নিষেধ নাই ইতি।—১৮৪১ সা। ১৯ আ। ৭ ধা।

৩২০। আরো ইহাতে হকুম হইল যে মৃত ব্যক্তির সমুদ্রির সমুদ্র কিয়া কোন অংশ সরকারের করদায়ি ভূমি হইলে দখীলকার ব্যক্তিকে তলবক্রা এবং সমুদ্তিরক্ষক নিযুক্তকরা এবং ঐ পদে বিশেষ ব্যক্তিকৈ মনোনীতকরা উচিত কি না এই নানা বিষয়ে জজ সাহেব কালেক্টর সাহে-বের স্থানে এক রিপোর্ট চাহিবেন এবং এই ধারাক্রমে কালেক্টর সাহেবের প্রতি ঐ রিপোর্ট দিতে হকুম হইল। কিন্তু অত্যাবশ্যক হইলে জজ সাহেব প্রথমতঃ সেইরপ রিপোর্ট না পাইয়া কার্য্য করিতে পারেন এবং সেই রি-পোর্টানুযায়ি তাঁহার কার্য্য না করিলে নয় এমত নহে কিন্তু যদ্যপি তিনি ঐ রিপোর্ট না মানিয়া অন্য প্রকারে কর্ম্ম করেন্ তবে তিনি তাহার কারণ লিথিয়া সদর দেওয়ানী আদালতে তৎক্ষণাৎ প্রেরণ করিবেন এবং সদর দেওয়ানী আদালতের সাহেবেরা যদি ঐ কারণে সম্মৃত না হন্ তবে জজ সাহেবকে কালেক্টর সাহেবের রিপোর্টানুযায়ি কার্য্য করিতে হকুম দিতে পারেন ইতি।—১৮৪১ সা। ১৯ আ। ৮ ধা।

৩২১। এবং ইহাতে হুকুম হইল যে মোকদ্দমা উপস্থিতকরণ বা তাহার জওয়াব দেওনের বিষয়ে ঐ সম্পৃত্তিরক্ষক জজ সাহেবের সমস্ত আজ্ঞানুসারে কার্য্য করিবেক এবং ঐ মৃত ব্যক্তির সম্পৃত্তির বিষয়ে সম্পৃত্তিরক্ষকের
নামে মোকদ্দমাসকল উপস্থিত করা যাইতে পারে এবং তাহার জওয়াব
দেওয়া যাইতে পারে। কিন্তু সম্পৃত্তিরক্ষকের নিযুক্তহওনের সনদে দেনা ও
থাজানা আদায়করণের বিশেষ ক্ষমতা দেওনের আবশ্যক হইবেক কিন্তু ঐ

বিশেষ ক্ষমতা পাইলে নম্পত্তিরক্ষক ঐ ক্ষমতাপ্রযুক্ত যে দকল টাকা আদায় করে তাহার দাপূর্ণ রদীদ দিতে পারিবেক ইতি।—১৮৪১ দা। ১৯ আ। ১ ধা।

- ৩২২। আরো ইহাতে ত্কুম হইল যে সম্পন্তিরক্ষকের জিয়ায় ঐ সম্পন্তি থাকনসময়ে জন্ধ নাহেব ঐ বিষয়সম্পর্কীয় ব্যক্তিরদের স্বস্থ ও বিভবের সরাসরী তদ্ধবিদ্ধা করিয়া যে ব্যক্তিরদের অধিকার আছে দেখা যায় ভাহারদিগকে যে২ থারচ আবশ্যক বোধ হয় ভাহা দেওয়াইবেন এব প আপনার বিবেচনা-মতে তাহারদের স্থানে এইমত জামিন লইবেন যে সরাসরী মোকদ্দমা নিম্পন্তি হইলে যদি ঐ ব্যক্তিরদের ঐ সম্পন্তিতে অধিকার নাই বোধ হয় ভবে ভাহারা ঐ টাকা সুদ্দমেত ফিরিয়া দিবেক ইভি।—১৮৪১ সা। ১৯ আ। ১০ ধা।
- ৩২৩। এবং ইহাতে হুকুম হইল যে নম্পত্তিরক্ষক নংক্তেপে মানিক হিদাব দাখিল করিবেক এবং যদ্যপি তাহার রক্ষকতার কার্য্য অনেক কাল থাকে তবে তিনং মানানত্তর সেইরপ হিদাব দাখিল করিবেক পরে ঐ নম্পত্তির দখল ছাড়িয়া দিলে যাহাতে জজ নাহেবের ছাঘোধ হয় এমত আপনার কার্য্যের নবিশেষ হিনাব দাখিল করিবেক ইতি।—১৮৪১ না। ১৯ আ। ১১ ধা।
- ৩২৪। আরো ইহাতে ভুকুন হইল যে ঐ বিষয়সমুর্কীয় লকল ব্যক্তি উপরের লিখিত সম্বৃত্তিরলকের হিসাব দেখিতে পারিবেক এবং ঐ সমৃত্তিরক্ষক
  যে জনাথরচের হিসাব রাথে তাহার এক নকল রাথিবার নিমিত্ত ঐ বিষয়সমুর্কীয় কোন ব্যক্তি শুভন্ত কাহাকে নিযুক্ত করিতে পারে। এবং যদি দৃষ্ট
  হয় যে কোন সমৃত্তিরক্ষকের হিসাব বাকী পড়িয়াছে কিয়া তাহাতে কিছু তুল আছে বা তাহা সম্পূর্ণ না হয় অথবা জজ সাহেব সমৃত্তিরক্ষককে হিসাব দাথিল করিতে ভুকুন করিলে যদি তাহা দাখিল না করে তবে এনত প্রত্যেক
  দোবের নিনিত্ত সে ব্যক্তি এক হাজার টাকার অন্ধিক জরীনানার যোগ্য
  হইবৈক ইতি।—১৮৪১ সা। ১৯ আ। ১২ পা।
- ৩২৫। আরো ইহাতে ত্রুম হইল যে কোন জিলার জজ দাহের যথন কোন সমুত্তিরক্ষককে নিযুক্ত করেন যদি মৃত ব্যক্তির সমস্ত সমৃত্তির বিষয়ে তাহাকে নিযুক্ত করেন্ তথন ঐ রাজধানীর অধীন অন্য কোন জিলার জজ নাহের অন্য কোন সম্পত্তিরক্ষককে নিযুক্ত করিতে পারিবেন না। কিন্তু যদি মৃত ব্যক্তির নমুত্তির কেবল কতক অংশের নিমিত্ত নমুত্তিরক্ষক নিযুক্ত হইয়া থাকে তবে তদ্বারা সম্পৃত্তির অবশিষ্ট অথবা তাহার অন্য কোন অত্পশের বি-ষয়ে অন্য সমুত্তিরক্ষককে ঐ রাজধানীর মধ্যে নিযুক্তকরণের প্রতিবন্ধক হই-বেক না। কিন্তু যে সম্পৃত্তির বিষয়ে এই আইনক্রমে সরাসরী মোকল্লমা কোন জজ দাহেবের নিকটে পূর্বে উপন্থিত হইয়াছে দেই দমুত্তির বিষয়ে অন্য কোন জজ সাহেব সমুত্তিরক্ষককে নিযুক্ত করিতে অথবা সরাস্রী নোকদ্দমা ন্তানিতে পারিবেন না। এব ে আরো ত্রুম হইল যে মৃত ব্যক্তির সমৃত্তির নানা অংশের বিষয়ে যদি ভিন্নং জজ দাহেবেরা দুই বা ততোপিক দমুত্তি-রক্ষককে নিযুক্ত করিয়া থাকেন্ তবে সমন্ত সমৃত্তির উপর এক জন সমৃত্তি-রক্ষক নিযুক্তকরণের বিষয়ে দদর দেওয়ানী আদালতের দাহেবেরা যে হুকুম বিহিত বোঁধ করেন তাহা দিতে পারেন ইতি।—১৮৪১ সা। ১৯ আ। ১৩ था।

- ৩২৬। এব^ ইহাতে হুকুম হইল যে যে ব্যক্তির সমৃত্তির উপর উত্তরা-থিকারিত্বের শক্তিক্রমে দাওয়া হয় তাহার মরণের পর ছয় মাসের মধ্যে যদি উক্তমতে জজ সাহেবের নিকট দরখাস্ত না করা যায় তবে এই আইনানুসারে কার্য্য হইবেক না ইতি।—১৮৪১ সা। ১৯ আ। ১৪ ধা।
- ৩২৭। এব॰ ইহাতে ত্কুম হইল যে সরকারের সহিত যে কোন বন্দোবস্ত হইয়া থাকে তাহা এই আইনের শক্তানুসারে উল্লেখ্ন হইবেক না। এব॰
  মৃত ব্যক্তি আপনার উন্তরাধিকারির নাবালকীতে বা অন্য কোন গতিকে আপনার মরণের পর আপনার সম্পৃত্তির দখলের বিষয়ে আইনসিদ্ধ যে নিয়ম
  করিয়া যায় সেই নিয়মের বিরুদ্ধে এই আইন বলবৎ হইবেক না। কিন্তু
  এমত প্রত্যেক গতিকে মৃত ব্যক্তির সম্পৃত্তির উপর যে জজ সাহেবের এলাকা
  থাকে তিনি সেইরপ নিয়ম থাকনবিষয় নিশ্চয় অবগত হইলে তদনুসারে
  কার্য্য করিবেন ইতি। ১৮৪১ সা। ১৯ আ। ১৫ ধা।
- ৩২৮। আরো ইহাতে হুকুম হইল যে কোন রাজধানীর কোর্ট ওয়ার্ডসের দথলের বিমু জন্মাইবার নিমিত্ত এই আইন প্রবল হইবেক না এবং যে
  ব্যক্তির পক্ষে এই আইনানুসারে দরথান্ত করা যায় সেই ব্যক্তি যদি নাবালক
  হয় অথবা অন্য প্রকারে অযোগ্য ব্যক্তি হয় এবং যদি তাহার সম্পৃত্তি কোর্ট
  ওয়ার্ডদের অধীনে থাকে তবে জজ সাহেব দথীলকার ব্যক্তিকে তলব করিতে
  এবং সম্পৃত্তিরক্ষককে নিযুক্ত করিতে নিশ্চয় করিলে ঐ মোকদ্দমা উপস্থিত
  থাকিতে কোর্ট ওয়ার্ডদের সাহেবদিগকে ঐ সম্পৃত্তিরক্ষকতা কর্ম্মে নিযুক্ত করিবেন কিন্তু তাঁহারদের স্থানে পুর্ব্বোক্তমতে জামিন লইবেন না। এবং যদ্যপি
  স্বাসরী মোকদ্দমা নিম্পত্তি হইলে এমত দৃষ্ট হয় যে ঐ নাবালক অথবা অন্য
  তাযোগ্য ব্যক্তি ঐ সম্পৃত্তির নিতান্ত অধিকারী তবে কোর্ট ওয়ার্ডদের সাহেবদিগকে ঐ সম্পৃত্তির দথল দেওয়া যাইবেক ইতি।—১৮৪১ সা। ১৯ আ। ১৬
  ধা।
- ৩২৯। এবং ইহাতে হুকুম হইল যে দথীলকার ব্যক্তির তলবহওনের পুর্বের্বা পরে যে ব্যক্তির দর্থাস্ত হেয় হইয়াছিল তাহার জাবেতামত মোকদমা করিতে অথবা এই আইনক্রমে যে ব্যক্তি বেদথল হয় তাহার প্রক্রপ মোকদমা করিতে এই আইনের লিথিত কোন কথার দ্বারা প্রতিবন্ধক হইবেক না ইতি।—১৮৪১ সা। ১১ আ। ১৭ পা।
- ৩৩০। আরো ইহাতে হুকুম হইল যে এই আইনক্রমে সরাসরী মোকদ্মাতে জন্ধ সাহেব যে নিম্পত্তি করেন তাহাতে প্রকৃত দথল নির্ণয়করণবাতিরেকে আর কোন ফল হইবেক না। কিন্তু দথলের বিষয়ে ঐ নিম্পত্তি চূড়ান্ত
  হইবেক এবং তাহার উপর কোন আপীল হইবেক না এবং তাহা পুনর্ফিচার করণের কোন হুকুম হইতে পারিবেক না ইতি।—১৮৪১ সা। ১৯ আ।
  ১৮ ধা।
- ৩৩১। এবপ ইহাতে হকুম হইল যে প্রত্যেক রাজধানীর গবর্ণমেণ্ট কোন এক কিয়া ততোধিক জিলার নিমিন্ত সাধারণ সম্পৃত্তিরক্ষকদিগকে নিযুক্ত করিতে পারেন্। এবপ এই আইনের পুর্কের লিখিত নানা ধারাক্রমে যে সকল স্থলে জজ সাহেব আপনার বিবেচনামতে সম্পৃত্তিরক্ষককে নিযুক্ত করিতে পারেন্ সেই২ স্থলে জজ সাহেবের এলাকা থাকিলে তিনি ঐ সাধারণ সমৃত্তি-রক্ষককে বা রক্ষকদিগকে নিযুক্ত করিবেন ইতি।—১৮৪১ সা। ১৯ আ। ১৯ ধা।

৩৩২। এবং ইহাতে ত্কুম হইল যে ্রীপ্রীমতী মহারাণীর সুপ্রিম কে!টের এলাকার প্রকৃত সরহদের মধ্যে স্থাবর বা অস্থাবর সমৃত্তি রাখিয়া যদি
কোন ব্যক্তি মরে এবং ঐ আদালতের এমত নিশ্চয় বোধ হয় যে ঐ সমৃত্তির
উত্তরাধিকারি ব্রক্রমে কোন ব্যক্তির আইনমতে স্বত্ব আছে ইহা নির্ণয় করিতেং
ঐ সমৃত্তির অপহরণ এবং ক্ষতি হওনের সম্থাবনা তবে ঐ আদালত আপন
ইক্লিনিয়াফিকেল রেজিফ্টর সাহেবকে অথবা এক বা ততোধিক সমৃত্তিরক্ষককে
ঐ সমৃত্তি সংগ্রহ করিতে এবং তাহা রক্ষণাবেক্ষণ করিতে এবং তাহা আমান
নৎ করিতে অথবা যেরূপে ও যে স্থানে ও যে জামিনক্রমে ও যে ত্কুম ও
নিয়মানুসারে ঐ আদালত উচিত বোধ করেন্ সেইরূপে ঐ টাকা অর্পণ করিতেক্ষমতা ও ত্কুম দিতে পারেন্ ইতি।—১৮৪১ সা।১৯ আ।২০ ধা।

৩৩৩। সদর আদালতের সাহেবেরা তকুম করিতেছেন যে ১৮৪১ সালের ১৯ আইনক্রমে কোন বিষয় উপস্থিত হউলে নীচের লিথিত পাঠানুসারে ব্যবহার করিতে হউবেক। ১৮৪২ সালের ১১ ফেব্রুআরির সর্কুলর অর্ডর।

#### ৩৩৪। সম্পত্তিরক্ষকের একরারনামার পাঠ।

লিখিত গ্রী অমুক্স্য একরার পত্রমিদ কার্য্যঞাগে আমি ১৮৪১ সালের ১৯ আই-নের বিধির অনুসারে মৃত অমুক তালির সম্পত্তি কিছু কালপর্যান্ত আপনার দখলে রাখি-তে অমুক জিলার জজ সাহেবের দারা নিযুক্ত হওয়াতে আমি ইহার দারা ধর্মতঃ অসীকার এবং একরার করিতেছি যে আমাকে যে কার্য্য অর্পণ হইয়াছে তাহা আমি যক্তাপুর্বক এবং বিশ্বস্তরূপে নির্বাহ করিব এবং আমাকে যে সকল ছকুম দেওয়া যাইবেক তাহার অনুসারে সর্বপ্রকারে কার্য্য করিব এবং সম্পত্তির মালিকেরদের লাভের নিমিত্তে আমার বিবেচনার সাধ্যপর্যান্ত কার্য্য করিব। আরো আমার হাতে যে সম্পত্তি অর্পিত হইয়াছে, তাহার বিষয়ে কি তাহার সম্পর্কে মোকদ্দমা উপস্থিতকরণের অথবা জওয়াব দেওনের বিষয়ে জ্জ সাহেবের সমুদয় প্রকৃম মানিব। আরো আমি অস্পীকার এবং একরার করিতেছি যে মৃত অমুক ব্যক্তির পাওনা যত টাকা অথবা খাজানা আদায় করি তাহার ফার্থত দিব এবং মৃত ব্যক্তির যে বিষয় আদায় করি তাহার ঠিক ও যথার্থ হিসাব দিব এবং ঐ সম্পত্তির যাহা পাইয়াছি তাহার এক তালিকা যত শীঘু দিতে পারি দিব এব<sup>্</sup> মাদে**২ ও তিন২ মা**-দের পরে মোট হিসাব জজ সাহেতের দফুর্থানায় দাখিল করিয়া দিব এবং ঐ সম্পত্তির দখল ত্যাগকরণ সময়ে ঐ সম্পত্তির বিষয়ে আমি যে সকল কার্য্য করিয়াছি তাহার হিসাব বেওরা করিয়া দাখিল করিব। আরো আমি অঙ্গীকার এবং একরার করিতেছি যে সম্পত্তি-রক্ষকের কার্যা নির্বাহের নিমিত্তে এীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে যে২ ত্তকুম করিবেন তাহার এবং জজ সাহেবের স্থানহইতে যে সকল ত্তকুম পাইব তাহার অনু-সারে অবিকলরূপে কার্য্য করিব এবং আমার নিযুক্ত হওনের সনদে আমার যে মেহনতা-না নির্দিষ্ট আছে তাহার অতিরিক্ত আমার যে কর্ম অর্পণ হইল তাহার দারা প্রকাশরপে বা অপ্রকাশরূপে নিজে কিছু লাভ করিব না। 🕮 অমৃক।

# ৩৩৫। জামিনী পত্রের পাঠ।

লিখিতং ত্রী অমুকস্য জামিনী পত্রমিদং কার্যাঞ্চানে যেহেতুক মৃত অমুক ব্যক্তির ১৮৪১ সালের ১৯ আইনের বিধির অনুসারে সম্পত্তির দখল লইতে অমুক জিলার জজ সাহেবের দ্বারা অমুক ব্যক্তি নিযুক্ত হইয়াছেন অতএব আমি ইহার দ্বারা অঙ্গীকার ও একরার করিতেছি যে আমি তাহার জামিন হইলাম এবং উক্ত অমুক যে সনদের দ্বারা নিযুক্ত হইয়াছেন তাহার নিয়মমতে তিনি বিশ্বস্তরূপে আপনার কার্যা নির্মাছ করিবেন ইহার দায়ী আমি হইলাম। ঐ সনদের এক নকল আমাকে দেওয়া গিয়াছে। আরো আমি একরার করিতেছি যে আমি এবং আমার উত্তরাধিকারিরা ও আত্মন্তরূপ জনেরা নীচের

লিখিত তফদীলের লেখা কোন সম্পত্তি বিক্রয় অথবা দান অথবা অন্য কোন প্রকারে হস্তান্তর কিয়া অর্পণ করিব না এবং এই একরারনামার নিয়ম সম্পূর্ণরূপে দিল্ধ না হওন-পর্যান্ত আমি এই একরারের নিমিত্তে আমার ঐ সম্পত্তি বন্ধক রাখিলাম।

🗐 অসুক।

[সম্পত্তির তফদীল এই স্থানে লিখিতে হইবেক<sup>i</sup>]

৩৩৬। সনদের পাঠ। এ অমৃক প্রতি আগে।

ষেহেতৃক তুমি অমৃক ১৮৪১ দালের ১৯ আইনের বিধির অনুসারে মৃত অমৃক ব্যক্তির সম্পত্তি কিছু কালের জনো দখলে লইবার নিমিত্তে নিযুক্ত ইইয়াছ তোমাকৈ যে কার্য্য অর্পণ হইয়াছে তাহা ভূমি যক্তমপূর্ব্ধক এবং বিশ্বস্তরূপে নির্ব্বাহ করিবা এবং তো-মাকে যে সকল ত্রকুম দেওরা যায় তদনুসারে ও সম্পত্তির মালিকেরদের লাভের নিমিত্তে তোমার বিবেচনার সাধ্যপর্যান্ত কার্য্য করিবা। এবং তোমাকে যে সম্পত্তি অর্পণ করা গিয়াছে তাহার বিষয়ে কি তাহার সম্পর্কে মোকলমা উপস্থিতকরণ বা জওয়াব দেওনের বিষয়ে জজ সাহেবের সমন্ত জুকুম মানিবা এবং অন্য প্রকার জুকুম না হওনপর্যান্ত মৃত অমৃক ব্যক্তির যে টাকা বা খাজানা পাওনা তাহা লইবা কিন্তু ১৮৪১ দালের ২০ আইনের বিধির অনুসারে সটিফিকট দেওয়া গেলে অথবা উক্ত অমুকের সম্পত্তির নিমিত্তে শীশীমতী মহারাণীর সুপ্রিম কোর্ট কোন প্রোবেট অথবা লেট্র্স অফ আডমিনিট্রেসন দিলে পাওনা টাকা আদায়করণের তোমার ঐ ক্ষমতা রহিত হইবেক। আরো উক্ত অমুকের সম্পত্তির বিবয়ে যে সকল পাওনা টাকা বা খাজানা ত্মি আদায় কর তাহার ফার্থত দিবা এবং উক্ত সম্পত্তির বাবতে তৃমি যাহা পাও তাহার ঠিক ও যথার্থ হিসাব দিবা এবং যত সম্পত্তি ত্মি পাইয়াছ তাহার এক তালিকা যত শীঘু হইতে পারে দাখিল করিবা এবং মাদেং ও তিন্থ মাসের পর তোমার মোট হিসাব জজ সাহেবের দক্তরখানায় দাখিল করিয়া দিবা ্এবং ঐ সম্পত্তির দখল ত্যাগকরণ সময়ে ঐ সম্পত্তির বিষয়ে তৃমি যে সকল কার্য্য করিয়াছ তাহার হিসাব বেওরা করিয়া দাখিল করিবা। এবং সম্পত্তির ক্ষকেরদের কার্য্য নির্ব্বাহের নিমিত্তে 🕮 যুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে যে সকল আইন করেন্ তদনুসারে এবং জন্স সাহেবের স্থানহইতে যে সকল গুকুম পাও তদনুসারে অবিকলরপে কার্য্য করিবা এবং অস্থাবর যে সকল সম্পত্তি ভোমার হাতে অর্পণ হইল তাহার উপর এবং স্থাবর সম্প-ভির সালিয়ানা লাভের উপর ভোমাকে মেহনতানা বলিয়া শতকরা যে ৫১ টাকা এই সন− দের দারা দেওয়া গেল তাহাছাড়া তোমার হাতে অর্পিত কার্য্যের দারা তুমি প্রকাশরুপে কি অপ্রকাশরূপে নিজে কিছু লাভ করিব। না এবং উক্ত সম্পত্তির দখলের অধিকারের বিষয়ে এক্ষণে যে সরাসরী মোকদমা উপস্থিত আছে তাহার নিম্পত্তি না হওনপর্যান্ত অথবা এই আদালতের অন্য হুকুম না হওনপ্র্যান্ত তুমি এই সনদের অনুসারে সম্পত্তিরক্ষকের ক্ষমতার অনুরূপ কার্য্য করিবা।

[সম্পত্তিরক্ষকৈর ছাতে যে সম্পত্তি দেওয়া যায় তাহার তালিকা এই স্থানে লিখিতে হইবেক।] ১৮৪২ সালের ১১ ফেব্রুআরির স্রক্যুলর অর্ডর।

### ৩১ ধারা।

আইনের মূল নিয়ম।—উত্তরাধিকারিত্বের গতিকে পাওনা টাকার আদায়

সুগমকরণের নিমিত্ত এব° মৃত ব্যক্তিরদের স্থলাভিষিক্ত ব্যক্তিরদিগকে

যাহারা আপন্থ কর্জা টাকা পরিশোধ করিয়া দেয় তাহারদের বেঝুঁকী
হওনের নিমিত্তে বিধি।

৩৩৭। যেহেতুক মৃত হিন্দু ও মুদলমান ও ব্রিটনীয় প্রজা নামে বিখ্যাত না হওয়া অন্য ব্যক্তিরদের যে টাকা পাওনা ছিল তাহা এং মৃত ব্যক্তিরদের স্থলাভিষিক্ত ব্যক্তিদিগকে যাহারা দেয় তাহারদিগকে পূর্ব্বাপেক্সা উত্তমরূপে বেঝুঁকী রাখিবার নিমিত্ত এব প পাওনা টাকার দাওয়া এব প আদায় করিতে আইনমতে যাহার অধিকার আছে তাহার বিষয়ে সন্দেহসকল দূর করণের দ্বারা ঐ পাওনা টাকা আদায়ের সুগমকরা উচিত বোধ হইল।—১৮৪১ সা। ২০ আ। হেতুবাদ।

৩৩৮। অতএব ইহাতে ত্কুম হইল যে যদ্যপি আদালতের বিচারকের এমত বোধ না হয় যে পাওনা টাকা লইবার অধিকারী কে এই বিষয়ে উপযুক্ত সন্দেহহওয়াতে দেনদার আপনার দেনা বাকা রাথিতেছে এবং চাতুরার বা বিঘু জন্মাইবার অভিপ্রায়ে বাকা রাথে নাহি তবে কোন মৃত ব্যক্তির
সম্ভত্তি বা তাহার কোন অংশের স্বত্বের যে ব্যক্তি দাওয়া করে সেই ব্যক্তি
পশ্চাৎ লিথিত প্রকারের প্রাপ্ত সটিফিকট কিয়া প্রোবেট অথবা লেটর্স অফ
আডমিনিফ্টেসন যদি না দেথায় তবে মৃত ব্যক্তির দেনদারের দেনা তাহাকে
দিতে কোন আদালতের বিচারক ত্কুম করিতে পারেন্ না ইতি।—১৮৪১
সা। ২০ আ। ১ ধা।

৩৩৯। এবং ইহাতে ল্কুম হইল যে মৃত ব্যক্তির সম্পৃত্তির কোন অংশ যে জিলা বা প্রদেশের এলাকার মধ্যে থাকে তাহার জজ সাহেব এই আইন ক্রমে সটিফিকট দিতে ক্ষমতাপম হইবেন। দর্থাস্তকারির যে প্রকার অধিকার থাকে তাহা আপন দর্থাস্তে লিথিবেক পরে জজ সাহেব ঐ দর্থাস্ত হইয়াছে এমত এত্তেলা দিয়া দাওয়াদারের দিগকে আহ্বান করিবেন এবং দর্থাস্ত শুমনর নিমিত্তে কোন এক দিন নিরূপণ করিবেন এবং নিরূপিত দিবদে অথবা তৎপরে যত শীঘু সুগম হয় সটিফিকট পাইবার অধিকার যাহার আছে তাহা নিশ্চয় করিয়া তদনুসারে সটিফিকট দিবেন ইতি।—১৮৪১ সা। ২০ আ। ২ ধা।

- ৩৪ । দিল্লীর জজ সাহেব নীচের লিখিত বিষয় জিল্লাসা করিলেন।
- ১। ১৮৪১ সালের ২০ আইনের নিরুপিত সর্টিফিকটের দরখান্ত ইন্টাম্প কাগজে লিখিতে হইবেক কি না এবং যদি লিখিতে হয় তবে কত মূল্যের ইন্টাম্প কাগজে লিখিতে ছইবেক।
  - ২। সার্টিফিকটের দরখান্ত ইঙ্গরেজী ভাষায় কি উর্দ্ম ভাষায় লিখিতে হইবেক।
  - ও। ঐ সটিফিকট ইফ্টাম্প কাগজে লিখিয়া দিতে হইবেক কি না। তাহাতে বিধান হইল
- ১। ঐ আইনের ২ ধারানুসারে সটিফিকটের দরখান্ত জিলা অথবা প্রদেশের আদা-লতের জজ সাহেবের নিকটে দিতে গুকুম আছে এইপ্রযুক্ত ১৮২৯ সালের ১০ আইনের B তফনীলের ৭ প্রকরণের নির্দ্ধারিত মূল্যের ইফাম্প কাগজে লিখিতে হইবেক।
- ২। গবর্ণমেন্ট আদালতের কার্য্যের নিমিত্তে যে ভাষা নিরূপণ করিয়াছেন অর্থাৎ দেশীয় ভাষা তাহাতে দর্থাস্ত লিখিতে হইবেক। তাহা হইলে ঐ দর্খাস্তের আপত্তিকার-কেরা আপেলান্টের দাওয়ার মর্ম্ম বিলক্ষণরূপে জাত হইয়া তাহার জওয়াব দিতে পারি-বেক যেহেতুক তাহারা প্রায়ই ঐ ভাষা উত্তমরূপে জাত আছে কিন্তু কোন ব্যক্তি ইচ্ছা করিলে ঐ দর্খাস্তের সঙ্গে ইঙ্গরেজী ভাষার এক তরজমা দিতে পারে।
- ৩। ১৮৪১ সালের ২০ আইনে অথবা অন্য কোন আইনে এইমত ক্পফিডঃ অথবা ভাবের দ্বারা প্রকুম নাই বে প্রতিনিধি হওনের সটিফিকট ইফাম্প কাগজে লিখিতে হই-বেক অভএব তাহা শাদা কাগজে দিতে হইবেক। ১৮৪২ সালের ১১ ফেব্রুআরির আই-নের অর্থ।

৩৪১। এব° ইহাতে ছকুম হইল যে মৃত ব্যক্তির সমস্ত দেনদারের স্থানে তাহার স্থলাভিষিক্ত ব্যক্তির টাকা দাওয়া করণের অধিকার আছে ইহা জিলা বা প্রদেশের জজ সাহেবের দেওয়া সটিফিকটের দ্বারা সমপূর্ণরূপে স্থির হইবেক এব° যাহাকে ঐ সটিফিকট দেওয়া যায় তাহাকে সমস্ত দেনদার আপুনারদের দেনার টাকা দিলে তাহারদের উপর আর কিছু দাওয়া থাকিবেক না ইতি।—১৮৪১ সা। ২০ আ। ৩ ধা।

৩৪২। এব° ইহাতে হ্কুম হইল যে জিলা বা প্রদেশের জন্ধ সাহাকে দটিফিক্ট দিবেন তাহার আদায়করা টাকার হিদাব দাথিল করণ বিষয়ে এব° দটিফিক্টক্রমে আদায়হওয়া দমস্ত টাকা বা তাহার কতক অ°শ যে ব্যক্তিরদের পাইবার অধিকার আছে তাহারদিগকে তাহা দেওনের বিষয়ে যেমত জামিন লওয়া উচিত বোধ করেন তাহার স্থানে দেইমত জামিন লইবেন। এব° দটিফিক্টপ্রাপ্ত ব্যক্তির স্থানে ঐ টাকা পাইবার নিমিত্ত জাবেতামত মোকদ্দমা করিতে ঐ টাকা পাইবার অধিকারিরদের যে ক্ষমতা আছে তাহা এই আইনের দ্বারা লোপ হইবেক না ইতি।—১৮৪১ সা। ২০ আ। ৪ ধা।

৩৪৩। আরো ইহাতে হুকুম হইল যে সদর দেওয়ানী আদালতে আপীল করণের দ্বারা ঐরপ সার্টিফিকট দেওয়া স্থণিত হইতে পারে। ঐ সার্টিফিকট যাহাকে দেওয়া উচিত তাহা ঐ আদালতের সাহেরেরা নির্দিষ্ট করিতে পারেন্ অথবা সার্টিফিকট পাইবার অধিকারের বিষয়ে অনুসন্ধানকরণের নিমিত্ত যাহা আবশাক বোধ করেন্ তাহা করিতে হুকুম দিতে পারেন্। এবং জিলা বা প্রদেশের জন্ত সাহেব সার্টিফিকট দিলে পর সদর দেওয়ানী আদালতের সাহেবরা দর্থাস্থ পাইয়া ঐ জিলা বা প্রদেশের জন্ত সাহেবের দেওয়া সার্টিফিকট বাতিল করিয়া নৃতন সার্টিফিকট দিতে পারেন্ এবং যাহাকে প্রথম সার্টিফিকট দেওয়া গিয়াছিল সেই ব্যক্তি তাহা বাতিলহওনের সংবাদ পাইবার পুর্ফে যে টাকা আদায় করিয়া থাকে সেই টাকার বিষয়ে ঐ নৃতন সার্টিফিকটের দ্বারা পুনর্ফার দাওয়া হইতে পারিবেক না। কিন্তু তাহার মধ্যের নির্দিষ্ট ব্যক্তিকে তদ্বারা এই ক্ষমতা দেওয়া যাইবেক যে প্রথম সার্টিফিকটপ্রাপ্ত ব্যক্তি আপন স্টিফিকটক্রমে যে টাকা আদায় করিয়াছিল তাহা তাহার স্থানে দাওয়া করিয়া লইতে পারে ইতি।—১৮৪১ সা। ২০ আ। ৫ ধা।

৩৪৪। আরো ইহাতে হুকুম হইল যে যে রাজধানীর মধ্যে দটিফিকট দেওয়া যায় তাহার সকল স্থানে দটিফিকটপ্রাপ্ত ব্যক্তি ঐ দটিফিকটের দ্বারা ক্ষমতাপন্ন হইবেক এব পদেই সমুত্তির বিষয়ে তাহার পরে যে কোন দটিফিক কট দেওয়া যায় তাহা নীচের লিখিত গতিকভিন্ন দিদ্ধ ও প্রবল হইবেক না ইতি।—১৮৪১ সা। ২০ আ। ৬ ধা।

৩৪৫। এবং ইহাতে লকুম হইল যে উক্তমতে দটিফিকটপ্রাপ্ত ব্যক্তিকে গ্রবর্গমেণ্টের প্রোমিদরি নোটের দুদ এবং ব্যাঙ্ক দ্যার অর্থাৎ অংশ বা তাহার কোন ভাগের ভিবিভেগু অর্থাৎ দুদের টাকা আদায় করিতে এবং উক্ত প্রকার নোটইত্যাদি ক্রয়বিক্রয় করিতে ক্ষমতা দেওয়া যাইতে পারে আরো উক্ত দুদ অথবা ভিবিভেণ্ডের কোন ভাগ আদায় করিতে এবং উক্ত নোট ইত্যাদির কোন ভাগ ক্রয়বিক্রয় করিতে তাহাকে ক্ষমতা দেওয়া যাইতে পারে। কিন্তু দটিফিকটের মধ্যে এইরপ ক্ষমতা বিশেষরপে না লেথা হইলে ঐ ব্যক্তির ক্ষমতা হইবেক না ইতি।—১৮৪১ সা। ২০ আ। ৭ ধা।

৩৪৬। আরো ইহাতে হুকুম হইল যে যে স্থলে পূর্ব্বে সটিফিকট না দে-ওয়া গেলে পরে দেওয়া সটিফিকট সিদ্ধ হইত এমত স্থলে সটিফিকট দেওয়া গেলে যে ব্যক্তি পূর্ব্বের দেওয়া সটিফিকটের বিষয় না জানিয়া পরের দেওয়া সটিফিকটধারি ব্যক্তিকে টাকা দেয় ঐ টাকার বিষয়ে পূর্ব্বের সটিফিকটের দ্বারা তাহার উপর কোন দাওয়া হইতে পরিবেক না ইতি।—১৮৪১ সা। ২০ আ। ৮ ধা।

৩৪৭। এবং মৃত হিন্দু ও মুদলমান এবং যাহারা ব্রিটনীয় প্রজারপে বিখ্যাত নহে তাহারদের দল্পত্তির বিষয়ে ইহাতে হুকুম হইল যে প্রোবেটং অথবা লেটর্স অফ আডমিনিস্ট্রেদনদেওনিয়া আদালতের প্রকৃত এলাকার মধ্যে যদি মৃত ব্যক্তির মরণসময়ে কিছু দল্পত্তি ছিল তবে ঐ দল্পত্তির বিষয়ে প্রোবেট অথবা লেটর্স অফ আডমিনিস্ট্রেদন দেওয়া গেলে পর যদি ঐ দল্পত্তির বিষয়ে কোন দটিকিকট দেওয়া যায় তবে তাহা দিদ্ধ ইইবেক না ইতি।—১৮৪১ দা। ২০ আ। ৯ ধা।

৩৪৮। আরো ইহাতে ভ্কুম হইল যে যে স্থলে পূর্য্বে প্রোবেট কিম্বালেটর্স অফ আডমিনিফুেদন না দেওয়া গেলে দটিফিকট দিদ্ধ হইত দেই স্থলে দটিফিকট দেওয়া গেলে প্রোবেট অথবা লেটর্স অফ আডমিনিফ্টেদন দেওয়া যাওনবিষয় অবগত না হইয়া যে কেহ দটিফিকটপ্রাপ্ত ব্যক্তিকে টাকা দেয় ঐ টাকার বিষয়ে পূর্বের দেওয়া প্রোবেট অথবা লেটর্স অফ আডমিনিফ্টেদনের দ্বারা তাহার উপর আর দাওয়া হইতে পারিবেক না ইতি।—১৮৪১ সা। ২০ আ। ১০ ধা।

৩৪৯। আরে। ইহাতে হুকুম হইল যে সটি ফিকটদায়ি আদালতের এলাকার মধ্যে যদি মৃত ব্যক্তির মরণ সময়ে কিছু সম্পৃত্তি ছিল তবে সটি ফিকট দেওয়া গেলে পর যদি সেই সম্পৃত্তির বিষয়ে প্রোবেট অথবা লেটর্স অফ আডমিনিষ্ট্রেনন দেওয়া যায় তবে ঐ প্রোবেট অথবা লেটর্স অফ আডমিনিষ্ট্রেননর
শক্তিতে মৃত ব্যক্তির পাওনা টাকা আদায় হইতে পারিবেক না এবং দেনদা
রেরা টাকা দিলে তাহারা বেঝুঁকী হইবেক না ইতি।—১৮৪১ সা। ২০ আ।
১১ ধা।

৩৫০। আরো ইহাতে হুকুম হইল যে যে স্থলে পূর্ব্বে সার্টিফিকট না দে-ওয়া গেলে প্রোবেট অথবা লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন দিদ্ধ হইত সেই স্থলে প্রোবেট অথবা লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন দেওয়া গেলে সার্টিফিকট দেওয়া যাওনবিষয় অবগত না হইয়া যে ব্যক্তি টাকা দেয় তাহার উপর পূর্ব্বের দে-ওয়া সার্টিফিকটের দারা ঐ টাকার বিষয়ে আর দাওয়া হইতে পারিবেক না ইতি।—১৮৪১ সা। ২০ আ। ১২ ধা।

৩৫১। এব॰ যেহেতুক মৃত ব্যক্তিরদের অদি এব॰ আডমিনিষ্টেটরের যে কতকং ক্ষমতা এই আইনক্রমে দটিফিকটপ্রাপ্ত ব্যক্তিরদিগকে অর্পন হই-রাছে দেইং ক্ষমতা ১৮৪১ দালের ১৯ আইনের মতে দংশারাধ্যক্ষ ব্যক্তিরদের প্রতি অর্পন হইতে পারে অতএব ইহাতে হুকুম হইল যে দটিফিক্ট অথবা প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন নিতান্ত দেওয়া গেলে ঐ সটিফিকটপ্রপ্রিপ্ত ব্যক্তির অথবা অদির কি আডমিনিষ্ট্রেটরেরদের ঐ আইন জারী না হইলে যে ক্ষমতা হইত দেই ক্ষমতানুদারে উক্ত আইমের ছারা নিযুক্ত দংশারাধ্যক্রেরা কার্যা করিতে পারিবেন না। কিন্তু জজ দাহেব যে দংশ

নারাধ্যক্ষকে পাওনা টাকা কিন্তা থাজানা আদায় করিতে ক্ষমতা দেন্ তাহাকে যে সকল লোক ঐ পাওনা টাকা অথবা থাজানা দেয় তাহারা বেথুঁকী থাকি-বেক এব॰ যে ব্যক্তি দটিফিকট পাইয়াছে তাহাকে কিন্তা অদিকে অথবা আ-ডমিনিস্ট্রেটরকে দ॰ সারাধ্যক্ষ আপনার আদায়করা টাকা দিবার বিষয়ে দায়ী হইবেক ইতি।—১৮৪১ সা। ২০ আ। ১৩ ধা।

৩৫২। আরো ইহাতে হুকুম হইল যে প্রোবেট কি লেটর্স অফ আড-মিনিফ্রেননেওনিয়া যে আদালতের প্রকৃত এলাকার মধ্যে মৃত ব্যক্তির মরণ-সময়ে কিছু সম্পত্তি ছিল জ্ঞাজীমতা মহারাণীর ঐ আদালতের দেওয়া প্রোবেট-ইত্যাদি ব্রিটনীয় প্রজার সম্পত্তির বিষয়ে দেওয়া প্রোবেটইত্যাদির তুল্য বলবৎ হইবেক কিন্তু কেবল পাওনা টাকা আদায়ের নিমিত্ত এবং কর্জ্ব পরিশোধ-করণিয়া দেনদারেরদের বেঝুঁকা হইবার নিমিত্ত দেওয়া যাইবেক। কিন্তু এই আইনে যেপর্যান্ত নির্দিষ্ট আছে তাহা বর্জিত থাকিল ইতি।—১৮৪১ সা। ২০ আ। ১৪ ধা।

৩৫৩। এব° ইহাতে ভ্রুম হইল যে যে ব্যক্তি দামান্যতঃ বুটনীয় প্রজারূপে বিখ্যাত এমত ব্যক্তির দম্ভির উপর এই আইনের কোন বিধি খাটে এমত বোধ করিতে হইবেক না ইতি।—১৮৪১ দা। ২০ আ। ১৫ ধা।

৩৫৪। সদর আদালতের সাহেবেরা ছকুম করিতেছেন যে ১৮৪১ সালের ২০ আই-নের বিধির সম্পর্কে কোন বিষয় উপস্থিত হউলে নীচের লিখিত পাঠানুসারে ব্যবহার করিতে হউবেক।

৩৫৫। উত্তরাধিকারিজ্বের গতিকে পাওনা টাকা আদায়করণের নিমিত্তে যে ব্যক্তিকে দর্টিফিকট দেওয়া য য় তাহার একরারনামার পাঠ।

লিখিত প্রী অমুকস্য একরার পত্রমিনং কার্যঞ্চানে যেহেতুক মৃত অমুকের যে টাকা পাওনা আছে তাহা আদায় করিতে অমুক জিলার জজ সাহেব ১৮৪১ সালের ২০ আই-নের বিধির অনুসারে আমাকে সার্টিফিকট দিরাছেন আমি অঙ্গীকার এবং একরার করিত্রিছি যে মৃত অমুক ব্যক্তির পাওনা যত টাকা আমি আদায় করি তত টাকার ফার্খত দিব। আরো আমি অঙ্গীকার এবং একরার করিতেছি যে মৃত ব্যক্তির পাওনা টাকা আদায় করণের নিমিত্তে যাহারা সার্টিফিকট পায় তাহারদের কার্যানির্ফাহের নিমিত্তে প্রাযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে যে সকল আইন জারী করিয়াছেন বা করিবেন তদনুসারে আমি অবিকলরূপে কার্যা করিব।

### ৩৫৬। জামিনী পত্রের পাঠ।

লিখিত প্রী অমুকস্য জামিনা পত্রমিদ কর্যাঞ্চাগে যেহেতুক মৃত অমুক ব্যক্তির পাওনা টাকা আদায়করণের নিমিত্তে অমুক জিলার জজ দাহেব ১৮৪১ সালের ২০ আইনের বিধির অনুসারে অমুক ব্যক্তিকে দটিফিকট দিরাছিলেন অতএব উক্ত অমুকের জামিন হইতে এব প্র সটিফিকটক্রমে তাহার দারা আদায়হওয়া যে সকল টাকার ১৮৪১ সালের ২০ আইনের বিধির অনুসারে আইনমতে দাওয়া হইতে পারে তাহার বিষয়ে আমি দায়ী হইতে ইহার দারা অলীকার ও একরার করিতেছি। আরো আমি একরার লিখিয়া দিতেছি যে আমি ও আমার উত্তরাধিকারিরা এব প্রায়শ্বরূপ ক্রনেরা ইহার সক্লে গাঁখা নীচের লিখিত তফ্নীলের সম্পত্তি বিক্রয় কি দান অথবা অন্য কোন প্রকারে হস্তান্তর কি অর্পণ করিব না এব প্রই একরারনামার সমস্ত নিয়ম ষেপর্যান্ত সম্পূর্ণরূপে দিন্ধ না হয় সেইপর্যান্ত এই একরারনামার কার্য্যের নিমিত্তে ঐ সম্পত্তি আমি বন্ধক রাখিলাম।

[সম্পত্তির তফসীল এই স্থানে লিখিতে হ'ইবেক I]

## ৩৫৭। সর্টিফিকটের পাঠ। শ্রীঅমৃক প্রতি আগে।

এই আদালতের অমুক তারিখের অকুমানুসারে মৃত অমুক ব্যক্তির সম্পত্তির বিষয়ে ১৮৪১ সালের ২০ আইনের বিধির অনুসারে এই সটিফিকট তোমাকে দেওয়া যাইতেছে ইহার দ্বারা উক্ত অমুক ব্যক্তির পাওনা সমস্ত টাকা আদায় করিতে তোমাকে ছকুম ও ক্ষমতা দেওয়া গেল এবং তৃমি যত টাকা আদায় কর তাহার ফারখত দিবা।

"আরে। উক্ত মূত ব্যক্তির সম্পত্তির মধ্যে গবর্ণমেন্টের যে নোট থাকে তাহার সুদ অথবা কোন ব্যাঙ্কের স্যার কি তাহার কোন অংশ থাকিলে তাহার ডিবিডেও লইতে এবং ঐ নোটইত্যাদি ক্রয় বিক্রয় করিতে তোমাকে ক্রমতা দেওয়া গেল আরো উক্ত মূত ব্যক্তির পাওনা কোন সুদ অথবা ডিবিডেওের কোন অংশ লইতে এবং ঐ নোটইত্যাদির কোন অংশ কর বিক্রয় করিতে তোমাকে ক্রমতা দেওয়া গেল।"\*

আরো মূত ব্যক্তির পাওনা টাকা আদায়করণের নিমিত্তে যাহারদিগকে সটিফিকট দেওয়া যায় তাহারদের কার্য্য নির্কাহের নিমিত্তে প্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে যে সকল আইন জারী করিয়াছেন বা করিবেন তদনুসারে অবিকলরূপে কার্য্য করিবা।

মোহরের স্থান।

গ্রী অমুক জজ।

১৮৪২ সালের ১১ ফেব্রুআরির সরক্যুলর অর্ডর।

#### ৪০ ধারা।

# আইনের মূল নিয়ম।—উন্মাদ ব্যক্তিরা।

৩৫৮। উন্মান ব্যক্তির সম্পত্তি কেবল অস্থাবর বিষয় লইয়া হইতে পারে অতএব দেও-য়ানী আদালতের তাহাতে হাতদেওনের কোন আইন নাহি। ১৮৪১ সালের ৫ নবেস্বরের আইনের অর্থ।

#### 85 श्राता।

# আইনের মূল নিয়ন। – পোঁতা ধন।

' ৩৫৯। যেহেতুক নিধি অর্থাৎ পোঁতা ধন পাওয়া গেলে তাহার বিষয়ে মুদলমানের শরায় যেথ হুকুম ও হিন্দু লোকের শাস্ত্রে যেথ বিধান আছে তাহাতে অনেক ব্যতিক্রম দেখা যাইতেছে ও পোঁতা ধন পাওনিয়াদিগের বিষয় একরপ দাঁড়া নির্দিষ্ট করা উচিত বোধ হইল একারণ প্রায়ুত নওয়াব গবর্নর্জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলহইতে নীচের লিখিত দাঁড়া নির্দিষ্ট হইল যে এই আইন জারীহওনের তারিখহইতে ঐ দকল দাঁড়া কলিকাতার হুকুমের তাবে দমস্ত দেশে জারী ও চলন হয় ইতি।—১৮১৭ দা। ৫ আ। হেতুবাদ।

৩৬০। যদি সরকারের শাসিত দেশের মধ্যে মৃত্তিকাতে পুঁতিয়া রাথা কি অন্য প্রকারে গোপনে রাথা আশ্রকী কি টাকাইত্যাদি সোণা কি রূপার মুদু। কিম্বা মুদুাভিন্ন সোণা কি রূপা অথবা মণি মুক্তা প্রবালাদি রত্ন কিম্বা উত্তম২ বস্তু পাওয়া যায় ও ইশ্তিহার দিয়া বিলক্ষণ প্রচার ও প্রকাশকরণের পরে তাহার মালিক অর্থাৎ স্বামী না মিলে তবে সেই নগদের কি বস্তুর মূল্যের

<sup>\*</sup> মন্তব্য। এইমত ক্ষমতা যদি সটিঁফিকটধারি ব্যক্তিকে না দেওয়া যায় তবে এই " " চিকের মধ্যের কথা সটিফিকটে লেখা যাইবেক না।

দেশ বাজির এক লক্ষ টাকাহইতে অধিক না হইলে এবং তাহা পাওনিয়া বাজি কি বাজিরা পশ্চাৎ এই আইনেতে যেথ নিয়ম লেথা যাইতেছে তাহার মত কার্য্য করিলে দেই পোঁতা ধন যে ব্যক্তি কি ব্যক্তিরা পাইয়া থাকে তাহা দেই ব্যক্তির কি ব্যক্তিরদিগের হইযেক ইতি।—১৮১৭ সা। ৫ আ। ২ ধা।

৩৬০। যদি কোন ব্যক্তি দরকারের শাসিত দেশের মধ্যে কোন স্থানে উপরের ধারার উক্ত কোন প্রকার পোঁতা ধন পায় তবে তাহার কর্ত্তব্য যে তৎক্ষণাৎ তাহার সমাচার সেই স্থান যে জিলার কি শহরের মোতালক হয় সেই জিলা কি শহরের জজ সাহেবের হজুরে দেয় ও সেই ধন তাহার চিক্চাক্ তফ্সীলের ফর্দসহিত ঐ জিলা কি শহরের আদালতে আমানৎ রাথে ইতি। —১৮১৭ সা। ৫ আ। ৩ ধা।

৩৬১। আদালতে এমত ধন আমানং হইলে ও তাহা তাহার তফদীলের ফর্দের দহিত থুব মিলাইরা দেখা গেলে পর আমানংকরণিয়া ব্যক্তিকে জিলা কি শহরের জজ দাহেবদিগের হজুরহইতে তাহার রদীদ দেওয়া যাইবেক ও ঐ জজ দাহেবদিগের কর্ত্তব্য যে এক ইশ্তিহারনামা দেশের চলন ভাষাতে এই মজমুনে যে যে কেহ ঐ ধনে আপন অধিকার পাইবার দাওয়া রাথে তাহার উচিত যে এই ইশ্তিহারনামার তারিথহইতে ছয় মাদের মধ্যে স্বয়্প কি আপন উকাল এই আদালতে হাজির হইয়া কি করিয়া আপন দাওয়া দাবুদ করে লেখাইয়া আপন কাছারীতে ও জিলার কালেক্টর দাহেবের কাছারীতে লাইকাইয়া দেওয়ান ইতি।—১৮১৭ দা। ৫ আ। ৪ ধা।

৩৬২। যদি এমত ধনে দরকারের হকীয়তের অর্থাৎ অধিকারহওনের দাওয়া করা কর্ত্বর বোধ হয় তবে ভূমির মালগুজারী তহদীলের কালেক্টর দাহেবদিগের বোর্ড কমিদ্যানর দাহেবদিগের কি দুরে বেহার ও বারাণদ দেশের কমিদ্যানর দাহেব কি বোর্ড রেবিনিউর দাহেবদিগের দম্মতিক্রমে কর্ত্বর যে উপরের প্রস্তাবিত নিয়মমতে তাহাতে দরকারের অধিকার হইবার দাওয়া দরপেশ করিয়া দাওয়া সাবুদ করিবার উদ্যোগ ও চেষ্টা করেন্ ও উপরের ধারার প্রস্তাবিত ইশতিহারনামার লিথিত নিয়মমতে ঐ ধনের বাবৎ দাওয়া প্রজা লোকের তরকহইতে কি দরকারের তরকহইতে দরপেশ হইলে জিলা কি শহরের জজ দাহেবদিগের কর্ত্বর যে তাহার দরাদরী তজবীজ করেন্ ও তাহাতে যদি আমানৎহওয়া দম্যক কি কতক ধনে দরকারের কি অন্য দাওয়াদারের হক নিঃদন্দেহ দাবুদ হয় তবে দেই ধন যে তাহার হকদার হয় দেই পাইবেক ও দেই ধন যে ব্যক্তি পাইয়া থাকে তাহার যাহা থরচথরচা হইয়া থাকে তাহা তাহাকে তাহার পাওনজন্য উপযুক্ত ইনামের দহিত দেওয়া যাইণ্রেক ইতি।—১৮১৭ দা। ৫ আ। ৫ ধা।

৩৬৩। যদি এই আইনের ৪ ধারার উক্ত ইশ্তিহারনামার লিখিত মিয়াদের মধ্যে সরকারের কি অন্য দাওয়াদারের তরফহইতে কোন দাওয়া
দরপেশ না হয় কিস্থা দাওয়া কি দাওয়াদকল দরপেশ হইয়া সরাসরী তজবীজে তাহা সাবুদ না হয় ও এক সময়ে ও এক স্থানে পাওয়া সেই পোঁতা
নগদের কি বস্তুর মূল্যের সংখ্যা সিক্কা এক লক্ষ টাকার অধিক না হয় তবে
জিলা কি শহরের জজ সাহেবদিগের কর্ত্তবা যে সেই ধন যে ব্যক্তি কি যাহারা
পাইয়া আমানৎ রাখিয়া খাকে তাহাকে কি তাহারদিগকে এই আইনের
হুকুমমত কার্যাকরণেতে যে থরচপত্র হইয়া থাকে তাহা কাটিয়া লইয়া এই

আইনের ২ ধারার লিথিত কথার দৃষ্টে সমর্পণ করেন্ইতি। — ১৮১৭ সা। ৫ আ। ৬ ধা।

৩৬৪। যদি এক সময়ে ও এক স্থানে পাওয়া পোঁতা নগদের কি জিনিসের মূল্যের সংখ্যা সিক্কা এক লক্ষ টাকার অধিক হয় ও কোন প্রকারে
তাহার উপর কাহার করা দাওয়া সত্য ও সাবুদ না হয় তবে যে ব্যক্তি কিয়া
ব্যক্তিরা তাহা পাইয়া আমান রাখিরা থাকে তাহাকে কি তাহারদিগকে
উপরের ধারার লিখিতমতে সিক্কা এক লক্ষ টাকা দিবার ত্কুম হইবেক ও
তাহা বাদে যাহা বাকা থাকে তাহা সরকারের থাকিবেক ইতি।—১৮১৭ সা।
৫ তা। ৭ ধা।

৩৬৫। যদি কোন ব্যক্তি এই আইনের ২ ধারার প্রস্তাবিত ধন পাইয়া এক মানের মধ্যে এই আইনের ৩ ধারার লিখিত হুকুমমতে তাহার সমাচার জিলা কি শহরের জজ সাহেবের হজুরে না দের ও সেই ধন আদালতে আমানহ না রাখে তবে সেই ধনেতে সে ব্যক্তির কিছু স্বস্তু ও অধিকার হইবেক না ও তাহাতে তাহার যে থরচপত্র হইয়া থাকে তাহাও এই আইনের লিখিত হুকুমমতে যে ইনাম বর্খশিশ্ দেওয়াইবার হুকুম আছে তাহা কিছুই কোন প্রকারে পাইবেক না ও এ প্রকারে যত ধন গোপনে রাখিয়া থাকে পরে যদি তাহার উপর দরপেশ হইয়া সরাসরী তজবীজেতে আর কোন ব্যক্তির হক্ সাবুদ হয় তবে সেই ধন তাহার সুদ ও ইহার মোকদ্মাতে সে ব্যক্তির যে থরচপত্র হইয়া থাকে তাহাসমেত তাহার মালিককে দেওয়ান যাইবেক ও যদি সেই ধনে কাহারু কোন দাওয়া সাবুদ না হয় তবে বোর্ড রেবিনিউর সাহেবিদিরের কি বোর্ড কমিস্যানর সাহেবিদিরের কিয়া সুবে বেহার ও বারাণ্স দেশর কমিস্যানর সাহেবের সম্মতিক্রমে সরকারী উকীল দাওয়া দরপেশ করিলে সে ধন ক্রোক হইতে পারিবেক ইতি।—১৮১৭ সা। ৫ আ। ৮ ধা।

৩৬৬। জিলা কিম্বা শহরের আদালতের কোন আদালতহইতে এই আইনমতে সরাসরী বিচারানুসারে এমত মোকদ্দমাতে নিষ্পান্তি হইলে সে নিষ্পান্তির উপর সামান্য যে সকল দাঁড়া সরাসরী আপীলের নিমিত্তে নির্দিষ্ট হইয়াছে সেই সকল দাঁড়ামতে প্রবিন্স্যাল কোর্ট আদালতে সরাসরী আপীল হইতে পারিবেক ইতি।—১৮১৭ সা। ৫ আ। ১ ধা।

৩৬৭। প্রবিন্সাল কোর্ট আদালতে এমতং মোকদমার আপীল হইলে থ আদালতের দুই জন কি তাহাহইতে অধিক জজ সাহেবের হজুরহইতে যেং নিক্পত্তি হয় তাহাই সিদ্ধ ও চূড়ান্ত হইবেক কিন্তু যদি সদর দেওয়ানী আদালতের সাহেবেরা কেবল নিক্পত্তি দেখিয়া কিন্তা মোকদমার মোতালক কাগজপত্র দৃষ্টি করিয়া পুনর্বার সরাসরী আপীলমতে সে মোকদমা সদর দেওয়ানী আদালতে উপস্থিত হইবার নিমিত্তে বিশিষ্ট হেতু পান্ তবে থ আদালতে এমত আপীল মঞ্জুর ও গ্রাহ্য হইতে পারিবেক ও এমত মোকদমা উপস্থিত হইলে সরাসরী আপীলের নিমিত্তে গামান্য যে সকল দাঁড়া নির্দিষ্ট হইয়াছে তদনুসারে তাহার বিচার করিতে হইবেক ইতি।—১৮১৭ সা। ৫ আ। ১০ ধা।

#### ৪২ ধারা।

আদালতের দারা মোকদ্দমা দালিদীতে অর্পণকরণ।

৩৬৮। হিসাবী ও শরাকতী ও কর্জা ও এরীদ ও করোগ্রীর কৌলকরারী এব ে কন্ত্রাক্ট অর্থাৎ বেলমোক্তাচুক্তি করারদাদের না আদায়ের বিরোধের

যে দকল মোকদ্দমা দেওয়ানী আদালতদকলে উপস্থিত হয় দে দকল মোকদ্দমার মধ্যে যে যে মোকদ্দমার দাওয়ার দেওয়া দিল্লা ২০০ দুই শত টাকার অধিক হয় তাহাতে দেওয়ানী আদালতের জজ সাহেবের কর্ত্তন্য যে দেই মোকদ্দমার উভয় বিবাদিকে পরামর্শ দেন্ যে দেইং মোকদ্দমার বিচার ও নিফাত্তার্থে মধ্যস্থাদরণ এতাবতা দালিদ কবুল করে ইতি।—১৭১৩ দা। ১৬ আ। ২ ধা।

৩৬৯। বিধান হইল যে ১৭৯৩ সালের ১৬ আইনের ২ ধারার বিধির অনুসারে প্রধান সদর আমীন উভয় বিবাদির সম্মতিক্রমে মোকদ্দমা সালিসীতে অর্পণ করিতে পা-রেন্। ১৮৪১ সালের ২৬ মার্চের আইনের অর্থ।

৩৭০। বিধান হইল যে ১৭৯৩ সালের ১৬ আইনের ২ ধারার বিধির অনুসারে সদর আমীন ও মুনসেফের। উভয় বিবাদির সম্মতিক্রমে মোকদমা সালিসীতে অর্পণ করিতে পারেন্। ১৮৪২ সালের ১১ ফেব্রুআরির আইনের অর্থ।

৩৭১। যে নগদ টাকা কি অস্থাবর বস্তুর সংখ্যা কিয়া মূল্য দিক্তা ২০০ দুই শত টাকার অধিক না হয় তাহার সকল মোকদ্মায় দেওয়ানী আদালতের জজ সাহেবদিগের ক্ষমতা আছে যে উভয় সমাতিক্রমে সে সকল মোকদ্মা তাহার বিচার ও নিষ্পান্ত্যর্থে এক জন দালিদকে দমর্পণ করেন আর দে দকল মোকদ্দমার উভয় বিবাদী কিম্বা তাহারদিগের উকীলদিগের কর্ত্তব্য যে আগামি আদালতের দিনে অথবা তাহার পূর্বেষে যে কেহ উভয়ের অন্তরঙ্গ থাকে কিয়া खना (य किह मानिमी कार्य) श्वीकात अ कवन करत ठाहात नाम निर्किष्ठ करत তাহাতে যদি উভয়ে সেই দালিদের নাম নির্দিষ্ট করিতে একপরামর্শ না হয় • অথবা সেই সালিস সালিসী কবুল না করে কিয়া অন্য যে কেহ সালিসী কবুল •করে তাহার নাম নির্দিষ্ট করিতে উভয় বিবাদী অথবা উভয়ের উকীলের। একবাক্য হয় তবে জজ দাহেবের কর্ত্তব্য যে উভয় দম্মতিক্রমে চাহেন্ যে স্থানে সে মোকদ্মার উত্থাপন হইয়া থাকে তথাকার ভূমাধিকারী না হয় সে স্থানের সদরের মালগুজার যে ইজারদার অথবা সে প্রগনার কাজী কিয়া তথাকার তহদীলদার কিয়া অন্য যে কেহ মাতবর থাকে এমত লোকের যে কেহ সে মোকদ্দমার এলাকা কোন প্রকারে না রাথে তাহাকে সালিন মো-করর করেন কিন্তু যদি উভয় বিবাদিতে দালিদের নাম নির্দিষ্ট করিতে এক-পরামর্শ না হয় किয়া সেই সালিস সালিসী কবুল না করে ও অন্য যে কেহ সালিদী কবুল করে তাহাকে মানিতে উভয় বিবাদিতে **থক্য না হয় এব**ং জ ज नारहर्वेत विरवहनाक्रां रहान मानिम निर्मिष्ठ इहेल ७ ठाहारक ना মানে তবে দে মোকদ্দমা তাহার বিচার ও নিষ্পত্যর্থে দালিদকে দমর্পণ হই-বেক না বর ে হয় জজ সাহেবের সাক্ষাৎ বিচার হইবেক না হয় সে মো-কদ্মা জিলা কিয়া শহরের দেওয়ানী আদালতে উপস্থিত থাকিলে দেই আদা-লতের জজ নাহেব যদি দে মোকদমা রেজিউর নাহেবকে নমর্পণকরণ উচিত বুঝেন তবে সেই রেজিফীর সাহেবের সমক্ষে বিচার হইবেক ইহাতে যে কোন मोलिम मालिमी केंद्रल करत छोड़ात नाम निर्मिष्ठ कतिरछ यिन छेखा विवामी किया উভয়ের উकोलाता একবাকা হয় অথবা জজ সাহেবের বিবেচনানুসারে কোন দালিদ নির্দিষ্ট হইলে তাহাকে মানে তবে এরপে যাহার নাম নির্দিষ্ট कता याग्र मिह वाक्ति मि प्राक्षमात विषातार्थ मानिम प्राकतत इहै दिक। কিন্তু জানিবেক যে এই ধারার লিখিত মোকদমাসকলের উভয় বিবাদী এবং

২ দ্বিতীয় ধারার লিথিত মোকদ্দমাসকলের উভয় বিবাদিদিগেরো সাধ্য আছে যে আপনার্দিগের মোকদ্দমার নিক্সন্ত্যর্থে দুই জন কিয়া ততোধিক জনকে সালিস চাহ্র করে ইতি। — ১৭৯৩ সা। ১৬ আ। ৩ ধা।

৩৭২। নগদ টাকার কি অস্থাবের বন্দুর যে মোকদমার সংখ্যা কিয়া মুল্য দিককা ২০০ টাকার অধিক না হয় এমত দকল মোকদমা জজ দাহেবেরা ১৭১৩ দালের ১৬ আইনের ৩ ধারানুদারে এক জন দালিদকে দমর্পণ করিতে পারেন্। যে মোকদমার সংখ্যা বা মূল্য তাহাহতি অধিক হয় তাহা এইরূপে এক জন দালিদকে জজ দাহেব দমর্পণ করিতে পারেন্ না। অতএব জিল্লাদা হইল যে কেবল জাবেতামত মোকদমা এইরূপ অর্পণ করণের নিষেধ আছে কি বাকী মালগুজারীর নিমিত্ত যে দরাদরী মোকদমা হয় তাহাও অর্পণ করণের নিষেধ আছে। তাহাতে দদর আদালত বিধান করিলেন যে ঐ আইনের কথা অতিদাধারণক্রপে লেখা গিয়াছে এবং যে নিষেধের হুকুম আছে তাহা দর্মপ্রকার মোকদমার বিষয়ে খাটে এমত অর্থ করিতে হইনেক। দদর আদালত আরো জানাইলেন যে ১৮১৩ দালের ৬ আইনের ৩ ধারানুদারে উত্তর বিবাদির স্বেহ্যক্রমে যে মোকদমা সালিদকে অর্পণ করা যায় তাহার বিষয়ে উক্ত নিষেধ খাটে না। ১০৬ নম্বরী আইনের অর্থ।

৩৭৩। আদালতের জজ সাহেবদিগেরে হুকুম করা যাইতেছে যে যত পারেন্ মাতবর ও সুখ্যাত লোকদিগের দালিদী কার্য্য করিতে বাঞ্চান্থিত করান কিন্তু ঐ সাহেবদিগের কর্ত্তব্য নহে যে এ বিষয়ে কিছু অত্যাচার ও জবরদন্ত্রী করেন। এব ে কদাচ ইহাও না হয় যে তাঁহারদিগের নিজের চাকর কিয়া আমলা অথবা আদালতের উকীলদিণের কেহ দালিদী কার্য্যের,ভার আপন শিরে লয়। আর ঐ সাহেবদিগেরে তুকুম আছে যে সমস্ত মোকদ্দ্যার উভয় বিবাদিতে স্বেচ্ছা ও সম্মতিক্রমে আপনার্দিগের মোকদ্মাসকল বিচার ও নিষ্পত্তার্থে যে দালিদের নিকটে উপস্থিত করিতে চাহে তাহার নিকটে, উপস্থিত করাইতে যথোচিত চেফী করেন্ কিন্তু এ বিষয়েও কোন প্রকারে অত্যাচার ও জবরদন্তী না করেন্। আর ৩ তৃতীয় ধারার লিখিত যে যে গতিকে দেওয়ানী আদালতের জজ সাহেবদিগের শক্তিলাভ আপনারদিগের বিচরচনানুসারে উভয়ের সম্মতিক্রমে সালিন নির্দিষ্ট করিতে আছে তদ্ভিন্ন যাবদীয় গতিকেই উভয় বিবাদির বিবেচনাক্রমে দালিদেরা নির্দিষ্ট ও মোক-রুর হইবেক ও দেই দালিদেরা বেতন ও রুদুমের আপত্তি না করিয়া দেই সকল মোকদ্মার বিচার ও নিষ্পত্তি করিবেক ইতি।—১৭১৩ সা। ১৬ আ। 8 श्री।

৩৭৪। ১৭৯৩ সালের ১৬ আইনের ৪ ধারার বিষয়ে সদর আদালতে জিল্ঞাসা করা গেল যে যে মোকদ্মা জল সাহেবের নিকটে উপস্থিত আছে অথবা যে মোকদ্মাতে জিলা ও শহরের জল সাহেবের নিকটে উপরি উপরিস্থ আদালতে আপীল হইয়াছে সেই মোকদ্মাতে ঐ জিলা বা শহরের আদালতের কোন সদর আমান অথবা পণ্ডিত কি মৌলবী সালিসী কর্মে নিযুক্ত হইতে পারেন্ কি না। তাহাতে কলিকাতার সদর আদালত বিধান করিলেন যে উক্ত ধারায় জল সাহেবের আদালতের যে ব্যক্তির্দিগকে সালিসী কর্মে নিযুক্ত করিতে নিষেধ আছে সেই ব্যক্তির্দের মধ্যে সদর আমান কি পণ্ডিত বা মৌলবীর্দিগকে গণ্য করিতে হইবেক না। সেই বিধি কেবল আদালতের আমলার বিষয়ে খাটে এবং সদর আমীন কি পণ্ডিত বা মৌলবী সেইরূপ আমলা নহেন্। ১৮৩২ সালের ৯ নবেম্বরের সরক্যুলর অর্জর।

৩৭৫। দেওয়ানী আদালতের সাহেবদিগের ক্ষমতা আছে যে আপনং আদালতের উকলিদিগেরে ক্ষমতা ও অনুমতি দেন্ যে এক্ষণকার চলিত আইনের লিথিত যে সকল ত্কুম সালিসদিগকে নিক্পান্তিকরণের কারণ মোকদ্যা সোপদ্দ করিবার বিষয়ে নির্দিষ্ট হইয়াছে সেই সকল ত্কুমেতে দৃষ্টি রাথিয়া সালিসী ভারানুসারে উপস্থিত মোকদ্মার নিষ্পন্তি করে ইতি।—১৮১৪ সা। ২৭ আ। ১৯ ধা।

৩৭৬। সদর আদালত বিধান করিতেছেন যে সালিস নিযুক্তকরণের ভার যখন দেওয়ানী আদালতের প্রতি থাকে তখন রেজিউর সাহেব যথাসাধ্য কানুনগোরদিগকে সেই কর্মে নিযুক্ত করিতেন না কিন্তু যখন তাহারদিগকে তৎকর্মে নিযুক্ত নাক্ষরিলে নহে তখন তাহারদিগকে মনোনীতকরণের সম্বাদ তৎক্ষণাৎ কালেক্টর সাহেবকে এই কারণে দিবেন যে কানুনগো যে কর্মে মোকরর থাকে সেই কর্ম্ম অন্য কোন ব্যক্তিকে অর্পণ করিতে পারেন্ এবৎ কালেক্টর সাহেবকে তাহার সম্বাদ না দিয়া কানুনগোরদিগকে সেই কর্মে নিযুক্ত করাতে ইহার পূর্বে যে ক্লেশ হইয়াছে তাহা নিবারণ হয়। ২৮৬ নয়রী আইনের অর্থ।

৩৭৭। যে কালে কোন মোকদ্দমা বিচারার্থে দালিদকে দমর্পণ হয় দে কালে দেওয়ানী আদালতের জজ দাহেবের কর্ত্তব্য যে মোকদ্দমার বিচার আ-রম্ভের পুর্বের তাহার উভয় বিবাদির স্থানে এই নিদর্শনে একরারনামা যে আ-মরা ঐ দালিদের নিষ্পত্তি মানিব এব ে দেই নিষ্পত্তি আদালতের ডিক্রীর ন্যায় হইবেক লেথাইয়া লন্ আর জল সাহেবের কর্ত্তব্য যে সালিসের রফানা-মা দাথিল হইবার মিয়াদ যত দিন উচিত জানেন্তত দিন নিরূপণ করিয়া দালিসনামায় লেথান। আর যদি কোন মোকদ্দমা দুই জন কিয়া ততোধিক জন দালিদকে সমর্পণ হয় ও তাহারা অনৈক্যপ্রযুক্ত কিয়া কারণান্তরে আপ-. নারদিগের রফানামা নিরপিত মিয়াদের মধ্যে দাখিল না করে এমত হয় তবে •তাহার সমাধার এক শেষের কারণ যে সকল উদ্যোগ নির্দ্ধার্য্য আছে তাহার বেওরা এই যে যদি সে মোকদ্দমা দুই জন কিম্বা ততোধিক জন সালিসকে তা-হারা গণনায় সমান হয় কিয়া অসমান বা হউক সমর্পণ হয় তবে সে মোকদ্দ-মার উভয় বিবাদির সাধ্য থাকিবেক যে সেই কালেই এক জন আমীনের নাম निर्मिष्ठ करत अथवा यमि मिटे मालिमित्र। जिन जन किञ्चा उर्छाधिक जन थार्क ও গণনাক্রমে অসমান হয় তবে উভয় বিবাদির শক্তি থাকিবেক যে হয় সে মোকদ্দমার নিষ্পত্তির দীমা অপিক জন গালিদের একবাক্যতাক্রমের বিবে-চনানুসারের \*প্রতি রাথে না হয় সেই সালিসদিগের সকলকে ভার দেয় যে তা-হারা জনেক আমীনের নাম নির্দিষ্ট করে আর কর্ত্তব্য যে দেই আমীনেরে। নাম তাহা রফানামা দাখিল হইবার মিয়াদ নিদর্শনে দালিদদিগের বিচার আরম্ভের পূর্বেযে দালিদনামা লেথা যায় দেই দালিদনামাতেই লিপি হয় আরু জনেক আমীনের নাম নির্দিষ্ট হইলে যদি দালিদেরা নির্দারিত মিয়া-দের মধ্যে আপনার্দিগের রফানামা দাখিল না করে তবে সেই মিয়াদ গত হইবার সময়হইতে দেই সালিসদিগের নিকটহইতে সালিসী ভার উঠিয়া সে মোকদ্মার নিম্পত্তির ভার দেই আমীনকেই হইবেক ইতি। - ১৭১৩ না। ১৬ আ। ৫ ধা।

৩৭৮। সদর আদালত বিধান করিতেছেন যে কোন মোকদমা যথন সালিসীতে অর্পণ হয় তথন যে আদালতে তাহা উপস্থিত করা গিয়াছিল সেই আদালতের জজ সাহেবের উচিত যে সালিসেরদের অনৈক্যপ্রযুক্ত কিয়া কারণান্তরে তাহারদের রফানামা নিরূপিত মিয়াদের মধ্যে দাখিল না হওনের সম্ভাবনায় সেই বিষয়ের শেষকরণার্থ ১৭৯৩ সালের ১৬ আইনের ৫ ধারাতে যে সকল নিয়ম নির্দ্ধার্য আছে তাহার কোন এক নিয়মমতে

দালিসেরদের বিটার আরয়ের পূর্বে উভয় পক্ষীয় ব্যক্তির দিগকৈ সমত করান্ যদি ঐ নিয়ম একরারনামার মধ্যে না লেখা গিয়া থাকে এবং দালিসেরা অনৈক্য হয় তবে তাহারদের দকল কার্য্য অদিদ্ধ হইবেক এবং দেই মোকদমার দালিদী গোড়াঅবধি নূতন করিতে হইবেক। কিন্তু দদর দেওরানী আদালত জানাইতেছেন যে ঐ ধারার মধ্যে এক্রারনামার নিয়মের বিষয়ে যে২ উদ্যোগকরণের হুকুম আছে দাবধান হইয়া সেইরূপ উদ্যোগ করিলে কোন বিভাট হইতে পারে না। ৩৯৫ নম্বরী আইনের অর্থ।

৩৭১। যে কালে বিচারার্থে মোকদ্মা দালিদকে দমর্পণ হইয়া উপরের ধারার লিখিত পাঠক্রমে একরারনামা লেখাইয়া লওয়া যায় দে কালে দেওয়া-নী আদালতের জজ সাহেবদিগের কর্ত্তব্য যে সেই মোকদ্দমা তাহার বিচারার্থে সমর্পণ হইবার নিদর্শনে আদালতের মোহরে এক সালিসনামাসমেত না-লিশী আরজীর নকল দালিদের নিকটে পাচান তাহাতে দেই দালিদের কর্ত্তব্য যে উভয়ের উত্তরপ্রভাত্তর ও দাক্ষিদিগের প্রামাণ্য কথা স্তানিয়া এবং উভয়ের নিদর্শনী কাগজপত্র দেখিয়া দেই মোকদ্মার বিচারে মনোযোগী হয় আর উভয় বিবাদির হাজিবের বিষয়ে এব ে যে দাক্ষিদিগের প্রমাণ্য কথা দালিদ কিয়া উভয় বিবাদিতে চাহে তাহারদিগের হাজিরের অর্থে জজ দাহে-বের উচিত যে তাঁহার আদালতে উপস্থিত মোকদ্মাদকলে হাজিরহওন ও সু-কৃতিক্রণের যে সকল উদ্যোগ কর্ত্তব্য আছে তাহা করেন্ ইহাতে যদি তাহার-দিগের কেহ জজ নাহেবের তলব মাফিক गালিদের নিকটে হাজির না হয় কিয়া প্রামাণ্য কখা কহিতে অথবা অপর বিষয়ে ক্রটি করে কিয়া আপন জোবানবন্দীতে দম্ভথ না করে অথবা মোকদ্মার বিচারকালে সালিসকে অবক্তা করে তবে আদালতদকলের উপস্থিত মোকদ্দমায় এমত ব্যাঘাতের অর্থে যে দণ্ড নিরূপণ আছে দেই দণ্ডই দালিদের হুকুমনামাক্রমে দেই লো-কের প্রতি সাব্যস্ত ও বহাল হইবেক যদি সালিস সেই হুকুমনামা তাহার সকল মর্মযুক্তে পাচাইবার দ্বারা জজ দাহেবকে দং বাদ দিয়া দেই দাহেবের মঞ্জুরী ভুকুম পায়। অতএব যে জজ দাহেব এমত ভ্কুননামায় দম্ব্যাৎ করেন্ তাঁ-হার কর্ত্তব্য যে আপন মঞ্রীতে দেই দালিদকে দমাচার দেন আর যদি আ-দালতের স্থানহইতে সালিদের বৈচকের জায়গা দূরে থাকে তবে জজ সাহে-বের ক্ষমতা থাকিবেক যে দালিদের নামে এক সনদ তাহাকে এই শক্তি অর্পন যুক্তে দেন্ যে যাহার জোবানবন্দী সুকুতানুসারে লইতে চাহে তাহাকে সুকুতি করায় ইতি।—১৭১৩ সা। ১৬ আ। ৬ ধা।

৩৮০। যদি দালিদ কিয়া আমীন যে বেওরাকৈফিয়ৎ চাহে তাহা কিয়া আবশ্যক প্রামাণ্য কথা না জানিতে পারিবার কারণে অথবা অপর হেতুতে আপনার রফানামা নির্দ্ধারিত মিয়াদের মধ্যে দাখিল না করিতে পারে তবে জজ সাহেবের কর্তৃত্ব আছে যে রফানামা দাখিল হইবার নিমিত্তে আর এক মিয়াদের নির্দ্ধার্য করেন্ কিন্তু দেই দালিদ দুদরা মিয়াদেও রফানামা দাখিল না করিলে যদি দে মোকদ্মায় জনেক আমীন নির্দিষ্ট হইয়া থাকে তবে জজ সাহেবের কর্ত্বতা যে তদনুসারে তাহারও রফানামা দাখিল হইবার মিয়াদ নির্ণয় করেন্ ইতি।—১৭৯৩ দা। ১৬ আ। ৭ ধা।

৩৮১। যে কোন মোকদ্দমা দালিদ কিয়া আমীনকে দোপর্দ হয় তাহা নিষ্পত্তি পাইলে পর কর্ত্তব্য যে তাহারদিগের মোহর ও দস্তথতে দেই মো-কদ্মার মোতালক রোয়দাদ ও জোবানবন্দীর সমস্ত কাগজ ও নির্শনী কাগজ- পত্রসমেত রফানামা জজ দাহেবের নিকটে দাখিল করে। আর ঐ দাহেবের উচিত যে দেই রফানামাক্রমে ডিক্রী করেন্ ইহাতে দেই ডিক্রী আদালতের অনাং ডিক্রীর অনুসারে জারী হইবেক ইতি।—১৭২৩ দা। ১৬ আ। ৮ ধা।

৩৮২। দালিদের কোন রফানামা রদ হইবেক না যদি দুই জন মাতবর দাক্ষির সুকৃতিক্রমে দেওয়ানী আদালতের জজ দাহেবের নিকটে দেই মোকদ্দ-মায় দেই দালিদ রেশ্বং লইয়াছে কিয়া পক্ষপাত করিয়াছে এমত প্রমাণ না হয় ইতি।—১৭৯৩ দা। ১৬ আ। ১ ধা।

#### ৪৩ ধারা।

ভূমির বিষয়ে দালিদীকরণ। উভয় পক্ষের নির্দিষ্টিকরা দালিদকে মোকদ্দমা
সমর্পণকরণ।

৩৮৩। যে বাদী প্রতিবাদিদিণের ভূমির স্বত্বের কি ভূমির পাটাদারীর কিয়া ভূমিনয়ুর্কীয় অন্য প্রকার স্বত্বের দাওয়ার বাবৎ মোকদ্বমা আদালতে উপস্থিত থাকে তাহারদিণের ক্ষমতা আছে যে তাহারা আপনারদিণের মোকদ্বমা তাহার বিচার ও নিষ্পত্তির কারণ দালিদেরদিণের নিকটে উপস্থিত করে ও আদালতের দাহেব লোকেরো কর্ত্তব্য যে বাদি প্রতিবাদিদিগকে উচিত ও বিহিত প্রকারেতে ভরদা ও পরামর্শ দেন্ যে তাহারা আপনারদিণের বিবাদের সমাধা ও মোকদ্বমার নিষ্পত্তি এই প্রকারেতে করে ইতি।—১৮১৩ সা। ৬ আ। ২ ধা। ১ প্র।

৩৮৪। ইঙ্গরেজী ১৭৯৩ সালের ১৬ আইন ও ১৮০৩ সালের ২১ আইনেতে মোকদ্দমা বিচারার্থে সালিসেরদিগকে সোপর্দকরণের বিষয়ে ও সালিস ও আসীনদিগকে নির্দ্ধিকরণের ও সালিসেরদিগেরে সোপর্দহওয়া মোকদ্দমার বিচারের ও তাহার নিষ্পত্তিহওনের মিয়াদ ও প্রকারের নিরূপণকরণের অর্থে ও সে নিষ্পত্তির বদ ও নামঞ্জুরকরণের কি বহাল রাথিবার বিষয়ে যে সকল দাঁড়া লেখা গিয়াছে তাহা যে সকল মোকদ্দমা এই আইনশন্সারে আদালতের সাহেবদিগের হজুরহইতে সালিসদিগকে সোপর্দ হইবেক তাহার সহিত সম্পর্করাথিবেক ইতি।—১৮১৩ সা। ৬ আ। ২ ধা। ২ প্র।

৩৮৫। যে দকল লোকদিনের মধ্যে ভূমির স্বত্বের কি ভূমির পাটাদারীর কিয়া ভূমিদমুর্কীয় অন্য প্রকার স্বত্বের বিবাদ বিরোধ হইয়া তাহা আদালতে উপস্থিত হইয়া থাকে বা না থাকে দে দকল লোকদিগের ক্ষমতা আছে যে তাহারা আদালতের দাহেবদিগের দম্মতি না লইয়া আপনারদিগের মোকদ্মা দালিদেরদিগের নিকটে উপস্থিত করে ও আদালতের দাহেব লোকের কর্ত্ব্য যে উপরের উক্ত প্রকারেতে নির্দিষ্টহওয়া দালিদ ও আমীনেরা যে নিষ্পত্তি করে তাহাই নাচের বেওরা করা দাঁড়া ও বিশেষ লিখনমতে বহাল রাথিয়া জারী করেন্ ইতি। ১৮১৩ দা। ৬ আ। ৩ ধা। ১ প্র।

৩৮৬। যদি উপরের উক্ত প্রকারের দাওয়ার কোন বিবাদ আদালতের সাহেবের সমাতি না লইয়া উভয়েতে সালিসদিগের নিকটে উপস্থিত করিয়া থাকে ও সালিসদিগের নিকটে বিশিষ্ট ও যথার্থরূপে তাহার নিষ্পান্তি হইয়া থাকে ইহাতে যদি উভয়ের মধ্যে কোন ব্যক্তি সেই নিষ্পান্তি না মানে তবে এমতে তরফছানী অর্থাৎ পক্ষান্তর ব্যক্তির ক্ষমতা আছে যে সেই নিষ্পান্তি অর্থাৎ ক্য়সলার তারি এইইতে ছয় মাস মিয়াদের মধ্যে ও ক্য়সলা জারীহও-

নের নিমিত্তে সরাসরীমতে আদালতে দর্থাস্ত দেয় পরে আসামীর স্থানে জওয়াব তলব করিয়া যদি আদালতের সাহেবদিণের চিত্তে এমত নিশ্চয় বোধ হয় যে উভয়ের স্বেচ্ছা ও সম্মতিক্রমে নির্দিষ্ট করা সালিস কি আমীনদিণের বিচারে নিষ্পত্তি যথার্থরপে হইয়াছে ও তাহাতে যদি এমত ক্রটি না পাওয়া যায় যে যাহা আদালতের সাহেবের জ্ঞাতসারে নির্দিষ্টহওয়া সালিস ও আন্মানদিণের কয়সলাতে পাওয়া গেলে সে ফয়সলা রদ হইতে পারে তবে আদালতের সাহেব লোকের কর্ত্বয় যে সরাসরীমতে আদালতহইতে হওয়া ডিক্রীর নায়ে সে ফয়সলা জারী করেন ও আদালতের সাহেব লোকেরা সালিস ও আনমানদিণকে তাহারদিণের ফয়সলা জারীকরনের সহায়ভা ও সহকারিতার্থে আনান আবশ্যক বুফিলে তাহারদিণকে তলব করেন কিন্তু জানা কর্ত্বয় যে যদি উভয়ের নির্দিষ্টকরা সালিসদিণের বিচারের ফয়সলা জারী হইবার নির্মিত্ত সেই ফয়সলার তারিথহইতে ছয় মাসের মধ্যে সরাসরীমতে আদালতে দর্থান্ত না দিয়া থাকে তবে আদালতের সাহেব তাহার দর্থান্ত দেওনেতে বিলম্বত্রের কোন ওজর না স্থানিয়া তাহাকে হকুম দিবেন যে দাঁড়ামতে দেওয়ানী আদালতে নালিশ করে ইতি।—১৮১৩ সা। ৬ আ। ৩ গা। ২ প্র।

৩৮৭। নদীয়ার জজ সাহেতের জিল্লাসা করাতে তাঁহাকে সদর আদালত নীচের লি-থিত উত্তর দিলেন। নদীয়ার পূর্ককার জজ সাতেবের গত ২০ সেপ্টেম্বের ২১৬ নম্বরী পত্র সদর আদালতের সাহেবের। বিবেচনা করিয়া এই উত্তর দিতেছেন যে ঐ পত্রেতে যে ফয়সলার বিষয় লেখা আছে তাহা ১৮৪০ সালের ২৮ ডিসেয়্বের ইইয়াছিল এবং ১৮২০ সালের ৬ আইনের ৩ ধারানুসারে মোকদমাসম্পর্কায় হাজিরা ঐ প্রকার ফয়সলা জারীকরণের নিমিন্ত যে ছয় য়াস য়য়াদের মধ্যে আদালতে দর্খান্ত করিতে পারে তাহা ১৮৪১ সালের ২৯ জুনের পূর্বের অতীত হয় নাই। কিন্তু এই মোকদমার দর্খান্তকারি ব্যক্তি যে শেল দিন অর্থাৎ ২৮ জুনে দর্খান্ত করিতে পারিত তাহা এবং তাহার পর দিন অর্থাৎ ২৯ জুনের পর বের দিন ছিল অত্রব সদর আদালতের সাহেবের। বিধান করিতেছেন যে ঐ ২৯ জুনের পর যে প্রথম দিনে আদালতের কাছারী হয় সেই দিনে ঐ ব্যক্তি আপনার দর্খান্ত ওজরাইতে পারে। নদীয়ার জজ সাতেব যে বিষয় জিল্লাসা করিলেন তাহা বিবেচনা করিয়া সদর আদালতের সাহেবের। এই সাধারণ বিধান করিয়াছেন যে আইনমতে যদি কোন ব্যক্তির নির্দিন্ত মিয়াদের মধ্যে আদালতে কোন প্রস্তাব করিতে হয় তবে ঐ ময়াদের শেষ দিন রবিবার কি অন্য কোন পরবের দিন-ছইলে সেই ব্যক্তিকে ঐ ময়াদের পর সেই প্রস্তাব করিতে অনুমতি দেওরা যাইতে পারে। ২৩৪২ নম্বরী আইনের অর্থ।

০৮৮। যদি আদালতের দাহেবের অজ্ঞাতদারে উভয়ের নির্দিষ্টকরা দালিদদিনের নিশুভিপত্র অর্থাৎ ফর্দলনামা আদালতে উপস্থিতহওয়া মোকদ্মার বিষয়ে দস্তাবেজ অর্থাৎ নিদর্শনপত্রের মতে দাঝিল হয় ও যদি এমত বুঝা যায় যে দে ফর্দলনামা আমলে আদিয়াছে ও তদনুদারে বিরোধীর ভূমিতে ভোগদখল হইয়াছে তবে এমতে আদালতের দাহেব দে ফয়্দলনামা আদালতহইতে নির্দিষ্টহওয়া দালিদদিগের করা ফয়্দলনামার নায় মাতবর জানিবেন আর যদি ঐ ফয়্দলনামার কিছুই আমলে না আদিয়া খাকে কি কেবল তাহার কিছু আমলে আদিয়া থাকে তবে আদালতের দাহেব লোক তাহা মাতবর জান করিবেন না কিন্তু যদি মাতবর দলীলে অর্থাৎ দৃঢ় প্রমাণক্রমে দে ফয়্দলনামা প্রামাণ্য ও দাব্যস্ত হয় ও এমত দৃদ্ধটি লেখা ও বুকিবার দুগম হয় যে তাহা আমলে আনা অতিদহজ ও তাহা আমলে আনিতে যে বিলম্ব হইয়াছে তাহার মাতবর অর্থাৎ বিশিষ্ট হেতু ও কারণ

থাকে তবে এমতে মাতবর হইতেও পারিবেক ইতি।—১৮১৩ সা।৬ আ। ৩ ধা। ৩ প্র।

৩৮৯। সদর আদালতের নিকটে এই বিষয়ের পূর্নের জিজাসা হওয়াতে তাঁহারা উত্তর দিয়াছিলেন যে উভর পক্ষীয় ব্যক্তিরা মোকদমা সালিসীতে অর্পণ করিলে সালিসেরদের ফরসলা জারীকরণের বিষয়ে ১৮১৩ সালের ৬ আইনের ৩ থারার ২ প্রকরণানুসারে জিলা বা শহরের জজ সাহেবের নিকটে দর্থান্ত করা গেলে ঐ প্রকরণেতে সরাসরী ছকুম জারী করণের বিষয়ে যে বিধি আছে সেই বিধির অনুসারে ঐ ফরসলা লইতে ও জারী করিতে হইবেক। ১৮১৬ সালের ২৪ ফেব্রুআরির সরকালর অর্ডরের ২ দফা।

৩৯০। সদর দেওরানী আদালত আরো জ্বানাইতেছেন যে ঐ সরাসরী ছকুম হইলেও ১৮২৯ সালের ১০ আইনানুসারে বিষয়ের মূল্য হিসাব করিয়া তাহার জাবেতামত মোকদন্মা জিলা বা শহরের আদালতে বা মফঃসল আপীল আদালতে হইতে পারে। কিন্তু ১৮১৩ সালের ৬ আইনের ৩ ধারার বিধির সপাই অভিপ্রায় এই যে উভয় পক্ষের নির্দিষ্টকরা সালিসেরদিগের ফয়সলনামা যথান জিলা বা শহরের আদালতের দারা সরাসরীমতে মঞ্জুর এবং জারী হইয়াছে তথান ১৭৯৩ সালের ১৬ আইনের বিধির অনুসারে আদালতের নির্দিষ্ট সালিসদিগের করা ফ্রসলনামার ন্যায় মাতবর জান করিতে হইবেক। অতএব সদর আদালত বোধ করেন যে যে ব্যক্তির প্রতিকূলে ফরসলা হইয়াছে সেই ব্যক্তি জাবেতামত মোকদ্মা তথাবা আপীল করিলে ১৭৯৩ সালেরে ১৬ আইনের ৯ ধারাতে যেমত বিশেষ কপে লেখা আছে সেইমতে যদি দুই জন মাতবর সাক্ষী সুকৃতিক্রমে দেওয়ানী আদালতের জন্ধ সাহেবের নিকটে সেই ঘোকদ্মায় এমত প্রমাণ না দের যে সেই সালিস রেখৎ লইয়াছে কিয়া পক্ষপাত করিয়াছে তবে ঐ সালিদের কোন ফয়দলনামা রদ হইবেক না। ১৮১৬ সালের ২৪ ফেরুআরির স্বকুলর অর্ডবের ও দফা।

• ৩৯১। সদর আদিলের জানাইতিছেন বে ১৮১৩ সালের ৬ আইনের ২ ও ৩ মারাতে সালিলের একরারনামার বিষরে কিছু লেখা নাই অতএব ঐ প্রকার একরারনামা দম্বখং হর নাই কেবল এইপ্রযুক্ত উক্ত ধারার বিধির অনুমারে উত্তর পক্ষের নির্দিষ্ট সালিদের মোকদলাতে দেওলানী আদালতের সরাসরীমতে কার্য্য করিতে বাধা নাই। কিন্তু মোকদলা সালিসীতে অর্পণ হইয়াছিল ইহা যদি অপাক্ষর না হয় তবে আদালতের জজ সাত্রের উচিত যে সেই কয়সলা সরাসরীমতে জারী করেন্ সূত্রাং উক্ত ধারার মধ্যে যে সকল সাধারণ বিধি ও নিবেধ আছে তাহাতে দৃষ্টি রাখিয়া জারী করিবেন। ১১৫৩ নম্বরী আইনের অর্থের ১ দকা।

৩৯২। কিন্তু যদি ফরিয়াদী এই মত কতে যে নালিসেরদের ফয়সলা মানিতে আমি কথান স্বীকার করি নাই তবে সেই বিষয়ের সরাসরীমতে নিধ্পত্তি করিলে অনিই ছইতে পারে। অতএব সদর আদালত বোধ করেন্যে এমত আপত্তি ছইলে উভয় বিবাদিকে জাবেতামত মোকদম।করিতে ভকুম দেওয়া উচিত। ১১৫১ নম্বরী আইনের অর্থের ২ দফা।

৩৯৩। ১৭৯৩ সালের ১৬ আইনের বিধি ভূমির স্বজের কি ভূমির পাট্টাদারী ইত্যাদির দাওরার বাবং মোকক্ষাতে অর্শিবার জকুম ১৮১৩ সালের ৬ আইনের দারা দেওরা গেল। অতএব সদর আদালত বোধ করেন যে ১৮১৩ সালের ৬ আইনের ২ ধা-রানুসারে সেই প্রকার সকল মোকদ্মার যে মুল্য হউক তাহা সালিসীতে অর্পণ হইতে পারে। ২৫৩ নমুরী আইনের অর্থ।

্রিই অধ্যায়ের ৩৭৮ নম্বরী বিধি দেখ।]

৩৯৪। জিলার জজ্ঞ সাহেব সদর আদালতে জানাইলেন যে ১৮১৩ সালের ৬ আই-নের ৩ ধারার বিধির অনুসারে সালিদের যে ফরসলা হইয়াছিল তাহা সরাসরীমতে জারী করিবার নিমিত্ত দেওয়ানী আদালতে দরখান্ত হওয়াতে আসামী এই ওজর করিল যে ঐ আ-ইনের ঐ ধারাতে কেবল ভূমি ও ভূমির মন্তরসম্পর্কীয় ফরসলার বিষয় লেখে এবং কর্জ ও বিবাদি হিসাব ও শরাকতীপ্রভৃতির ফয়সলা ঐ আইনক্রমে আদালতে উপস্থিত করা যাইতে পারে না। তাহাতে সদর আদালত বিধান করিলেন যে ১৮১৩ সালের ৬ আইনের হেতুবাদের দ্বারা দৃষ্ট হইতেছে যে ঐ আইন কেবল ভূমিবিষয়ক বিবাদ ও মোকদমার সঙ্গে সম্পর্ক রাখে না। ৪৭২ নমূরী আইনের অর্থ।

৩৯৫। যেহেতুক এমত অনুমান হইতেছে যে আদালতের সাহেবদিণের হলুরহইতে কোনং ডিক্রী জারী হইয়াছে দে সকল ডিক্রী ভূমির স্বত্বের কি ভূমির পাট্টাদারীর কিয়া ভূমিসমুর্কীয় অন্য প্রকার স্বত্বের বিবাদ বিরোধের নিম্পত্তির নিমিত্তে আদালতের জ্ঞাতসার কিয়া সম্মতিক্রমে নির্দিষ্টহওয়া সালিসদিণের ফয়সলনামার দৃষ্টে হইয়াছে অতএব হুকুম হইল যে এই আইন জারী হইলে পর উপরের উক্ত বিষয়েতে আদালতহইতে হওয়া কোন ভিক্রী তাহাতে আর কিছু ক্রটি না থাকিলে পূর্বের চলিত আইনের মতে অসদ্ধ না হওন কিয়া সালিসের ফর্সলনামার দৃষ্টে হওনহেতুক রদ হই-বেক না।—১৮১৩ সা। ৬ আ। ৪ পা।

৩৯৬। মাজিস্টেট সাহেতের দারা মোকদমা সালিসীতে অর্পণকরণ এবং ঐ সালি-সের ফয়সলনামা জারীকরণ বিষয়ে ১৮৪০ সালের ৪ আইনের ৯ ধারা দেখা।

৩৯৭। সদর আদালতের সাহেতেরা অবগত হইয়াছেন যে কোনং দেওয়ানী আদা-লতের জজ সাহেতেরা বোধ করেন যে ১৭৯৩ সালের ১৬ আইনের ২ ধারার লিখিত মোকদমাঘটিত দাওয়ার সংখ্যা বা মূল্য যদি ২০০১ টাকার অধিক হয় তবে ভাঁহারা ঐ আইনের ৩ ও ৪ ধারার মর্মানুসারে ভাহা এক জন সালিসকে অর্পণ করিতে পারেন না। ভাহাতে সদ্ধ আদালত এই বিধান করিলেন যে ঐ ধারার এমত অভিপ্রায় নহে যেহেতৃক ঐ আইনের ৪ ধারায় এমত জক্ম আছে যে আপনারদের মোকদমা উভয় সম্মতি-হওয়া এক সালিসকে অর্পণ করিতে উভয় পক্ষকে লওয়াইতে জজ সাহেব সর্ব্বদা. সদর আদালত আরো জানাইতেছেন যে দেওয়ানী মোকদমা সালি-সীতে অর্পণ করিতে উভয় পক্ষীয় ব্যক্তিরা সম্মত হইলে যে দাওয়ার সংখ্যা বা মূল্য ২০০১ টাকার অধিক না হয় এবং যে মোকদমার সংখ্যা বা মূল্য তদপেক্ষা অধিক হয় এই উভয় মোকলমার বিষয়ে ঐ আইনে এইমাত্র ইতর বিশেষ আছে যে ২০০১ টাকার অধিক না হুইলে জ্বল সাহেব কোন্থ গতিকে উভয় বিবাদির সম্যতিক্রমে ও ধারার লিখিত প্রকার -কোন এক ব্যক্তিকে সালিদী কর্মে নিযুক্ত করিতে পারেন্ কিন্তু ২০০১ টাকার অধিক বি-ষয় হইলে উভয় বিবাদী আপনারাই সালিস নিযুক্ত করিবেক এবং সেই প্রকার মোকদ্মায় সালিসকে মনোনীত করণ বিষয়ে জজ সাহেব সপাষ্ট বা অসপাষ্টরূপে হাত দিতে পারেন না। অতএব উত্তর কালে জজ দাহেব আইনের এই অর্থানুদারে কার্য্য করিবেন এবং আপন জিলার অধস্থ আদালতের বিচারকেরদের উপদেশের নিমিত্ত তাহা তাঁহারদিগকে জানাই-বেন। ১৮৩৮ সালের ১২ অক্টোবরের সরকালর অর্ডর।

### ৪৪ ধারা।

ে রেজিষ্টরীকরণ।—যে দলীলদ্যাবেজ রেজিষ্টরী করিতে হইবেক তাহা।

৩১৮। সমস্ত দান বিক্রয়াদির কাগজপত্র রেজিউরী করাইবার এভাবতা ভাহার নকল রেজিউরী সিরিশ্ভায় দাথিল করাইয়া তথাকার নিদর্শন লিপি লইবার কারণ সকল জিলা ও শহর আজীমাবাদ ও শহর জাহাঙ্কীর নগর ও শহর মুরশিদাবাদে একং সিরিশ্তা নির্দিষ্ট করা যাইবেক। এবং সেই সি-রিশ্ভার ব্যাপারের ভারসকল জিলা ও শহরের দেওয়ানী আদালতের রেজিউর

সাহেবদিগের প্রতি রহিবেক অতএব রেজিটের সাহেবদিগের কর্ত্তরা যে ঐ সিরিশ্তার মোতালক কার্য্য করিতে প্রবৃত্ত হইবার পুর্বে আপনং কর্মন্থানের জিলা কিয়া শহরের দেওয়ানী আদালতের জজ সাহেবের নিকটে নীচের লিখিত পাচক্রমে সুকৃতি করেন। সুকৃতির পাচ এই যে লিখিত প্রাত্তমদা সুকৃতিপত্রমিদণ কার্যাঞ্চাগে আমি অমুক জিলা কিয়া শহরের মোতালক সমস্ত কাগজপত্রের রেজিটিরী ধর্মাতঃ ও প্রকৃতপ্রস্তাবে করিব এবণ ইহাতে এই আইনরে অনুসারে ও পশ্চাৎ প্রিযুত গবর্নর জেনরল বাহাদুর কৌন্সেলের হজুরের হকুমে ইঙ্গরেজা ১৭৯৩ সালের ৪১ আইনের অনুসারে ছাপা ও জারীহওয়া কোন আইনের মতে আমার যে লাভপুসক্তি আছে ও হয় তন্তির লাভান্তর কোন প্রকারে এতদ্ভারাবলম্বনে গোপনে কিয়া অগোপনে করিব না ইতি।—১৭৯৩ সা। গৈও আ। ২ ধা।

৩৯৯। সদর দেওয়ানী ও নিজামৎ আদালত ছকুম করিতেছেন যে রেজিন্টর সাহেবের ছারা যে প্রকার দলীলদস্তাবেজ রেজিন্টরীকরণের ছকুম আছে তাহা আইনমতে জজ সাহেব নিজে রেজিন্টরী করিতে পারেন্ না অতএব জজ সাহেবের প্রতি সেই দলীলদস্তাবেজ রেজিন্টরী করিতে নিষেধ হইল।

সদর আদালত আবে। জানাইতেছেন যে ১৭৯৩ সালের ৩৬ আইনের ২ ধারানুসারে দলীলদ্ভাবেজ রেজিফারীকরণার্থ যে সিরিশ্তা নিরূপণ হইল তাহা জিলার সদর মোকামে থাকা উচিত। ১৩৫ নম্রী আইনের অর্থ।

৪০০। রেজিষ্টর সাহেবদিগের ক্ষমতা থাকিবেক যে নীচের লিথিত বেওরাক্রমের সকল কাগজপত্রের রেজিষ্টরী করেন্।

• সকল ভূমি এব॰৲ বাটীঘ্র ও অন্যং স্থাবর বস্তুর ধরীদ্<mark>গী কোবালা ও</mark> হৈবানামা অর্থাৎ বিক্রয়পত্র ও দানপত্র।

সকল ভূমি এব° বাটীঘর ও অন্যং স্থাবর বস্তুর বন্ধকপত্র ও তাহার উদ্ধারপত্র।

সকল ভূমি এব° বাটীঘর ও অনাং স্থাবর বস্তুর পাট্টা ও অপর কালনি-য়মী কটপত্র আর ঐ সকল মতের যে কোন কাগজের অনুসারে যত কালের জন্যে যে স্থাবর বস্তু একের হস্তুহইতে অন্যের হস্তে যায় তাহা।

ওদীয় নামা অর্থাৎ উদ্দেশ দানপত্র।

কোন স্থার নামে তাহার স্বামী দত্তক পুত্র করিবার জন্য যে অনুমতিপত্র লিথিয়া দিয়া থাকে তাহা ইতি। — ১৭১৩ সা। ৩৬ আ। ৩ ধা।

৪০১। সদর দেওয়ানী আদালতের বেজিন্টর সাহেবের প্রতি বাকরগঞ্জের জজ সাহেব ১৮৪২ সালের ১১ জুলাই তারিখে যে পত্র লিখেন্ তাহার চুম্বক।

"২ দফা। রাম এই দেওয়ানী আদালতে দর্খান্ত করিয়াছে যে আমি গোপালকে এক বিক্রয়পত্র লিখিয়া দিয়াছিলাম কিন্তু রেজিউরী দস্তরের কার্য্যকারক ঐ বিক্রয়পত্র এই ওজর করিয়া গ্রাহ্য করিলেন না যে ইহার পূর্বেকে কোন এক ব্যক্তি সাক্ষিরদের দারা দস্তখং-হওয়া রামের এক মোখারনামা আনিয়া এবং ঐ সাক্ষিরদিগকে ভাহার বিষয়ে শপথ করাইয়া সেই মোখারনামার ক্ষমতাক্রমে অন্য ব্যক্তি অর্থাৎ কৃষ্ণের নামে লেখা রামের সেইরূপ এক বিক্রয়পত্র রেজিউরী করিয়া লইয়াছে। ভাহাতে রাম রেজিউরী কর্মকারকরের নিকটে দর্খান্ত করিল যে ঐ বিক্রয়পত্র এবং মোখারনামা উভয়ই জাল অভএব যাহাতে আমার ক্ষতি না হয় আপনি এমত উদ্যোগ করন কিন্তু উক্ত কার্য্যকারক সাহেব কোন কার্ণ না দিয়া ঐ দর্খান্ত নাম্পুর করিলেন। ঐ দর্খান্তের উপর যে ছকুম লেখা

গেল তাহাতে এমত কিছু নির্দ্দিষ্ট নাই যে ঐ দরখান্তের তারিখের পরে মোখারনামা প্রকৃত কি জাল এই বিষয়েতে কোন তজবীজ করা গিরাছিল কি না। তাহাতে আমি বোধ করি যে যে মোখারনামা ও বিজ্ঞাপত পূর্বের রেজিটরী করা গিরাছে সেই উভয়ের বিষয়ে যদি কিছু তজবীজ না করা গিরা থাকে তবে যাথার্থ্য প্রতিপালনের নিমিতে রেজিটর সাহেবকে সেইমত তজবীজকরণের ছকুম দেওয়া উচিত এবং যদি ঐ উভয় পত্র বিশেষতঃ মোখারনামা জাল হইয়াছে দৃষ্ট হয় তবে জালকরণের কি মিথা। শপথকরণের নিমিত্তে কি মাতবর কারণ হইলে উভয় দোবের নিমিত্তে অপরাধিদিগকে ফৌজদারী আদালতে সোপর্দ্দ করিতে জজ সাহেবের নিকটে দরখান্ত করিতে রেজিটর সাহেবের উচিত।

"ও দফা। কিন্তু দলীলদন্তাবেজের রেজিউরী দক্তরের কার্য্যকারকের কোন কার্য্যেত হাত দেওনের ক্ষমতা জজ সাহেবকে দেওয়া গিয়াছে ইহা আমি কোন আইনেতে দেখি না বর্ৎ জজ সাহেবের প্রতি অকুম আছে যে ঐ দক্তরের কোন বেদাঁড়া কর্ম দেখিলে তাহা গবর্ণমেন্টে জানান্। অতএব ইহা নুতন বিষয়হওয়াতে আমি সদর আদালতের অকুম পাইবার নিমিত্ত তাহার বিষয়ে দর্খান্তকরা দ্বির করিলায়।

"8 দফা। বোধ হয় যে অন্য এক বিষয়ে আপনারদের অভিমত সপাক্ত করিয়া জানাইতে হইবেক। উপযুক্ত কমতাপল্ল আদালতে সদি ঐ মোখারনামা কি রেজিফ্রীহওয়া বিজ্ঞাপত্র জাল সাবদ হয় তবে আমি বোধ করি যে রেজিফ্রী কার্য্যকারকের উচিত যে পূর্বের রেজিফ্রী কার্টিয়া ফেলেন্ এবং একণে রেজিফ্রীর নিমিত্ত যে বিজ্ঞাপত্র আনা গিরাছিল তাহা রেজিফ্রী করেন্। এইমত হইলে কি অন্য কোন অবস্থায় রেজিফ্র সাহেব যদি কোন পত্র রেজিফ্রী করিতে ফিয়া রেজিফ্রী হইলে পর তাহা বাতিল করিতে অধীকার করেন্ তবে তাঁহাকে সেইরপে কার্য্য করাইবার নিমিত্ত জজ সাহেব কোন আপীলের দর্খায় লইতে পারেন্ কি না।"

তাহাতে কলিকাতার সদর আদালত এই উত্তর করিলেন।

"রেজিটিরী হইবার নিমিন্ত যে দলীলদন্তাবেজ দাখিল হয় তাহা রেজিন্টর সাহেরের অবশ্য রেজিন্টরী করিতে হইবেক। এবং দুই বিজ্ঞাপত্তের মধ্যে কোন্ পত্র যথার্থ ও প্রকৃত এই বিষয়ে জাবেতামত মোকদনা করিতে হইবেক এবং দেওরানী আদালত তাহার নিশ্পন্তি করিবেন। কিন্তু রেজিন্টর সাহেবের উচিত যে ঐ দলীলদন্তাবেজ রেজিন্টরীকারি ব্যক্তি যদি আপনি হাজির হয় তবে সেই হাজি সেই কি না ইহা মনঃপ্রতার্কপে অবগত হন্ কিন্তু যদি মোখারের দারা ঐ দলীলদন্তাবেজ রেজিন্টরীহওনের নিমিন্ত পাঠান যায় তবে মোখারনামাতে রীতিমত সাজিলদের দন্তথং আছে কি না এবং তাহা মাতবর কি না এই বিষয় নিশ্চর করিতে হইবেক।" ১৩৫১ নমুরী আইনের অর্থ।

পশ্চিম দেশের সদর আদালত তাহাতে সমত হইলেন।

৪০২। ইঙ্গরেজী ১৮১৩ দালের জানু,আরি মাদের ১ পছিলা তারিথ নোতাবেকে বাঙ্গলা ১২১৯ দালের ১৯ পৌষ মওয়াফেকৈ ফদলী ১২২০ দালের
১৪ পৌষ মোতাবেকে বিলায়তী ১২২০ দালের ২০ পৌষ মওয়াফেকে
দয়্ম ১৮৬৯ দালের ১৪ পৌষ মোতাবেকে হিজরী ১২২৭ দালের ২৭ জীহিজ্ঞার পর রেজিন্টরী দম্ভরের মহাফেজ দাহেবের ইহাও উচিত যে বিলায়তনিবাদী কিয়া এদেশীয় যে দকল লোকেরা নীলের কুঠীর কার্য্য করে তাহারদিগের ও প্রজাইত্যাদির দহিত নীলের দরবরাহের নিমিত্তে যে দকল করারদাদ
হয় তাহাতে রেজিন্টরী করেন ইতি।—১৮১২ দা। ২০ আ। ৩ ধা। ১ প্র।

৪০৩। ইঙ্গরেজী ১৮১৩ সালের ১ জানুআরি তারিথ মোতাবেকে বাঙ্গলা ১২১৯ সালের ১৯ পৌষ মওয়াফেকে ফসলী ১২২০ সালের ১৪ পৌষ মোতাবেকে বিলায়তী ১২২০ সালের ২০ পৌষ মওয়াফেকে সমুৎ ১৮৬৯ নালের ১৪ পৌষ মোতাবেকে হিজরী ১২২৭ নালের ২৭ জিহীজ্ঞার পর রে-জিফীরী বহীর মহাফেজ নাহেবেরো উচিত যে তমঃসুকইত্যাদি দেনা ও পাওনার লিখনপত্রেতে ঐ তমঃসুকইত্যাদি লিখনপত্র যে ব্যক্তি লিখিয়া দিয়াছে তাহারি তরফহইতে রেজিফীরীর দর্খাস্ত নিজে কিয়া মোখারকারের দ্বারা দাখিল হইলে রেজিফীরী করেন ইতি।—১৮১২ সা। ২০ আ। ৫ পা। ১ প্র।

৪০৪। সদর আদালত বিধান করিতেছেন যে মোকদমার খরচা দেওন বিষয়ে যে জামিনী পত্র দেওরা যায় তাহা ১৮১২ সালের ২০ আইনের ৫ ধারানুসারে রে কিউরী হই-তে পারে। ১২৭০ নম্বরী আইনের অর্থ।

৪০৫। জানা কর্ত্তব্য যে রেজিউরী দফুরের মহাফেজ সাহেবদিগকে ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৩১ আইনের ও ১৮০৩ সালের ১৭ আইনের ও এই আইনের লিখিত দম্ভাবেজভিন্ন অন্য কোন দম্ভাবেজ রেজিউরী করিতে অনুমতি নাহি ও ইহাও জানা কর্ত্তব্য যে উত্তর কালে রেজিউরী বহীসকল কেবল ইঙ্গরেজী কাগজেতে প্রস্তুত হইয়া জিল্দবন্দী হইবেক ইতি।—১৮১২ সা। ২০ আ। ৭ ধা।

৪০৬। সদর আদালত জানাইতেছেন যে ১৭৯৩ সালের ৩৬ আইনে অথবা ১৮১২ সালের ২০ আইনে ইজারানামা রেজিউরীকরণের তকুম নাই অতএব ১৮১২ সালের ২০ আইনের ৭ ধারাতে যে নিষেধ লেখা আছে সেই নিখেনুসারে তাহা রেজিউরী করা বেআইনী। ৮১২ নম্বী আইনের অর্থ।

#### ৪ ৫ ধারা।

## রে জিট্ট রীকরণ।—রে জিট্টরীকরণের নিয়ম।

৪০৭। রেজিফার দাহেবদিগের কর্ত্তব্য যে এই কার্য্য করিবার জন্যে আপনং দফুরথানায় রবিবার ও অন্যং পর্ফোর দিনছাড়া অপর দকল দিনেই সূর্য্যোদয়াস্ত কালের মধ্যে এতাবতা দিবাভাগে এক সময় অবধারিত করিয়া বৈচক করেন্ ও যে সময়ে দেই বৈচকের অবধারণ করেন্ তাহা দকলের জ্ঞাতদারের নিমিত্তে দেই সময়ের নিদর্শনে এক ইশ্তিহারনামা আপন দফুরথানায়
দকল লোকের দৃষ্টিপাতের স্থানে লট্কাইয়া দেওয়ান্ ইতি।—১৭৯৩ সা।
৩৬ আ। ১৩ ধা।

৪০৮। যে জিলা কিয়া শহরের মধ্যে যে স্থাবর বস্তু থাকে তাহার কাগজপ্র সেই জিলা কিয়া শহরের দেওয়ানী আদালতের রেজিউর সাহেবের সিরিশ্তায় রেজিউরী হইবেক। ইহাতে যদি কোন স্থাবর বস্তু দুই কিয়া ততােধিক
স্থানের দেওয়ানী আদালতের মােতালকে রহে তবে তাহার কাগজপত্র সেইং
স্থানের দেওয়ানী আদালতের রেজিউর সাহেবের সিরিশতায় রেজিউরী করা
যাইবেক ইতি।—১৭৯৩ সা। ৩৬ আ। ৭ ধা।

৪০৯। আলাহাবাদের এবং কলিকাতার সদর আদালত বিধান করিতেছেন যে ১৭৯৩ সালের ৩৬ আইনের ৭ ধারা এবং ১৪ নম্বরী আইনের অর্থের অনুসারে যে জিলার মধ্যে ভূমি থাকে তাহাছাড়া অন্য জিলাতে তাহার দস্তাবেজ রেজিফরী করিলে তাহা আইনসিদ্ধ জান হইতে পারে না এবং ১৭৯৩ সালের ৩৬ আইনের ৬ ধারাতে রেজিফরীহওয়া দলীল দস্তাবেজ যেরপ প্রামাণিকজ্ব বিষয়ে অগ্রগণ্য হইবার হুকুম আছে সেইরূপে তাহা অগ্রগণ্ট ইইবেক না। ১০১৫ নম্বরী আইনের অর্থ।

8>০। কর্ত্তনা যে একং প্রকার কাগজ পৃথকং একং রেজিউরী বহীতে অর্থাৎ নকলওগয়রহ করা যায় ও সেই বহার প্রতি সফায় পত্রান্ধ এতারতা নম্বর দাগ হয় এবং যে জিলা কিয়া শহরের এলাকার সে বহা তথাকার দেওল্য়ানী আদালতের জজ সাহেবের উচিত যে সেই বহার প্রতি ওরকে দম্ভথৎ করিয়া তাহার শেষ সফায় সকল সফার নম্বের শুমার স্বহস্তে লিথেন এবং তাহার উপরেও আপন থেনমতের নিদর্শনে দম্ভথৎ করেন্ এমতে নম্বর দাগ ও দম্ভথৎ না হইলে রেজিউরী কোন বহা মাতবর জ্ঞান হইবেক না ইতি।—১৭১৩ সা। ৩৬ আ। ৮ ধা। ১ প্র।

8 ১ ১। কর্ত্তব্য যে রেজিফীরী যে যে বহীতে যে যে কাগজের নকলওগয়রহ লেখা যায় দেই ২ বহীর নম্বর লেখা যায়। এব প্যে সনের যে সাসের
যে তারিখে যত বেলার সময় সেই কাগজের নকল বহীর যে স্থানে দাখিল
হয় তাহার নিদর্শন সেই স্থানের পার্থে রাখা যায় ও সে বহী সমস্তই দেওয়ানী আদালতের সিরিশ্তার সকল কাগজের শামিলে থাকিবেক ইতি।—
১৭৯৩ সা। ৩৬ আ। ৮ ধা। ২ প্র।

8 ১২। যদি কোন ব্যক্তি ইঙ্গরেজী ১৭৯৩ সালের ও৬ আইনের ৩ ধারার এব ১৮০৩ সালের ১৭ আইনের উক্ত প্রকারের কোন দস্তাবেজর নকল রেজিইরী বহাতে দাখিল করিতে চাহে তবে সে ব্যক্তি আসল দস্তাবেজ তাহার বজিনিস নকল উভয়ের দস্তখতে কিয়া তাহার এক জনের এতাবতা যে ব্যক্তি দস্তাবেজ লিখিয়। দিয়া থাকে তাহার কিয়া যাহার নিমিত্তে দস্তাবেজ লেখা গিয়া থাকে তাহার দস্তখতে ও ঐ দস্তাবেজর সান্দিদিগের মধ্যে এক জনের কিয়া ততাধিক জনের দস্তখতে নিজে কিয়া আপন মোখারকারের দারা রেজিইর সাহেবের দম্ভরখনাতে লইয়া যাইবেক ও রেজিইর সাহেব আসল দস্তাবেজের মাতবরীর তথ্য ও তদন্তকরণের বিষয়ে যে২ নিয়ম নিরপণ আছে তদনুসারে কার্য্য করিয়া ও দরপেশকরা নকল আসল দস্তাবেজের সহিত মোকাবিলা করিয়া পরে অবিলয়ে ঐ নকলের পৃষ্ঠে তাহা দাখিলহওনের ভারিখ ও বেলা রেজিইরীর নিমিত্তে লিখিয়া নম্বর বিলিক্রমে সে নকল দম্ভরে দাখিল করিবেন ও রেজিইরী বহাতেও তাহার নকল ঐ প্রকার বিলিমতে লিখিবেন ও তাহা লেখা যাইবার ও দ্ফিহওনের তারিখ ও বেলাও তাহাতে লিখিবেন ইতি।—১৮১২ সা। ২০ আ। ২ ধা। ১ প্র।

8১৩। উপরের নির্ণীত লেখাপড়াআদি সারা হইলে পর রেজিফীর সা-হেব আসল দস্তাবেজের পৃষ্ঠে তাহাতে রেজিফীরীহওনের তারিখ ও বেলা রে-জিফীরী বহীর যে সফাতে তাহার নকল হইয়া থাকে তাহার পত্রাঙ্কসুদ্ধা আ--পন দস্তথংসহিতে লিখিয়া সেই আসল দ্যাবেজ যাহার হয় তাহাকে ফিরিয়া দিবেন ইতি।—১৮১২ সা।২০ আ।২ ধা।২ প্র।

8 > 8 । যাহারা রেজিফ্টরী করাইতে চাহে তাহারদিগের দরপেশ করা নকলের পৃষ্ঠেতে যথন দস্তথ্য হয় যদি হইতে পারে তবে তথনি রেজিফ্টরী বহীতে ঐ দস্তাবেজের নকল হইবেক আর যদি তথন না হয় তবে কোন প্রকারে পর দিবসপ্যান্ত তাহার বিলম্ব হইবেক না ইতি। ১৮১২ সা। ২০ আ। ২ ধা। ৩ প্র।

8১৫। সদর আদালতে জিজাসা হইল যে ১৮১২ সালের ২০ আইনের ২ ধারার বিধির অনুসারে যে দলীলদস্তাবেজের নকল রেজিউরী হইবার নিমিত্তানা বার তাহা ইন্টাম্পকাগজে লিথিবার আবশ্যক আছে কি না। তাহাতে সদর আদালত বিধান করি-লেন যে ঐ নকল কেবল রিকার্ড হইবার নিমিত্ত আনা গিয়া থাকে অতএব তাহা শাদা কাগজে লিথিয়া আনিলে হয়। ১৮১৩ সালের ২২ আপ্রিলের সরকালর অর্ডর।

8১৬। ময়মুনসি° হের জজ সাতেবের জিজাসা করাতে সদর আদালত বিধান করি-লেন যে হেবানামা অর্থাৎ দানপত্র দাতার মরণের পর রেজিট্রী হইতে পারে না অতএব দলীলদ্ভাবেজের রেজিফার সাহেব তাহা রেজিফারী করিতে অস্বীকৃত হওয়াতে ভালই করিয়াছেন। ১২১৮ নমুরী আইনের অর্থ।

8 ১ ৭। যে কেছ কোন কাগজপত্র করে তাহার উচিত যে আপনি কিয়া আপন পক্ষে নিযুক্তকরা অন্য কাহাকেও দেই কাগজপত্রে যাহার। দালী হইয়া থাকে তাহারদিগের জনেক কিয়া ততােধিক জন সমভিন্যাহারে রেজেইয়া থাকে তাহারদিগের জনেক কিয়া ততােধিক জন সমভিন্যাহারে রেজেইয়া দফুরখানায় হাজির হইয়া দেই কাগজপত্র যথার্থক্রমে লেখা গিয়াছে এমত প্রমাণ কথা রেজিইয় সাহেবের সাক্ষাং সুকৃতিপূর্ষক কহে তদনন্তর সেই রেজিইয় সাহেবের কর্ত্রনা যে সেই কাগজপত্রের নকল যে বহীতে দাখিল করাইতে হয় তাহাতে তাহার আসলের মাতাবেক নকল করাইয়া তাহার উপর সেই কাগজের কর্ত্রা কিয়া তাহার পক্ষে নিযুক্তকরা লােকের স্বাক্ষর দুই জন মাতবর লােকের সমক্ষে করাইয়া এবং সেই দুই জন সাক্ষির নাম তাহাতেও লেখাইয়া দেই নকল যে সনের যে মাদের যে তারিখের যত বেলার সময় বহীতে দাখিল হয় তাহার নিদর্শনে আপন দম্বত্রী এক এত্রেলানামান্যনেত দেই আসল কাগজ তাহার কর্ত্রা কিয়া তাহার পক্ষের নিযুক্তকরা লােকের স্থানে দেন্ এবং যে বহীর যে সফায় সেই নকল দাখিল হয় তাহার নিদর্শন সেই এত্রেলানামাতেও থাকে ইতি।—১৭৯৩ সা। ৩৬ আ। ১ ধা। ২ প্র।

৪১৮। জিলার জন্স সাহেব সদর আদালতে জিল্লাসা করিলেন যে দলীলদস্থাবেজ রেজিন্টরীকরণের নিয়মের বিষয়ে ১৭৯৩ সালের ৩৬ আইনের ৯ ধারার ২ প্রকরণেতে যে লকুম আছে আপনারা তাহার কি অর্থ করেন্। তাহাতে সদর আদালত উত্তর করিলেন যে আমারদের বোধে ঐ ধারার এই অর্থ হয়,যে ঐ দলীলদস্তাবেজে যে ব্যক্তি দস্তথং করে সেই ব্যক্তি কিয়া তাহার মোখার ঐ দলীলে দস্তথং হইয়াছিল ইহা স্বীকার করিবার নিমিত রেজিন্টরী দক্তরে হাজির হইবেক এবং যে ব্যক্তিরদের সাক্ষাৎ তাহা সহী হইয়াছিল তাহার মধ্যে এক বা দুই জন হাজির হইয়া শপথ পূর্বক তাহাতে সহী হইবার প্রমাণ দিবেক। যে ব্যক্তি ঐ দলীলে দস্তথং করিয়াছিল সেই ব্যক্তি গদি স্বয়ং হাজির না হইয়া এক জনমোখারকে মোখারনামা দিয়া সেই দলীল স্বীকার করিবার নিমিত্ত রেজিন্টরী দক্তরে পাঠায় তবে ঐ মোখারনামা সেই ব্যক্তির দারা দেওয়া গিয়াছে ইহা শপথ পূর্বক দৃই জন সাক্ষির দারা প্রমাণ করিতে হইবেক। কিন্তু সদর আদালত বোধ করেন্ না যে ঐ দলীলদম্ভাবেজের দম্বথং করেণিয়া ব্যক্তিকে কিয়া তাহার মোখারকে শপথ করাইয়া জিজ্ঞাসাবাদ করিতে আইনের মধ্যে কোন হুকুম আছে। ২২৬ নম্বরী আইনের অর্থ।

8১৯। উপরের ধারার ২ দিতীয় প্রকরণের লিথনানুনারে যে এত্তেলানানায় রেজিটার সাহেবের দন্তথা হয় সে এত্তেলানানাক্রমে সকল;আদাল-তেই প্রমাণ জানা যাইবেক যে তাহার লিথিত কাগজ রেজিটারী হইয়াছেইতি।—১৭৯৩ সা। ১৬ আ। ১০ ধা।

### ৪৬ ধারা।

রেজিফুরীকরণ।—রেজি**ফুরী বহী দেখন ও তাহাহইতে কোন কথার** নকলকরণ।

- ৪২০। বেজিইর সাহেবদিগের কর্ত্তব্য যে যে কেহ রেজিইরী বহীর মধ্যের যে কাগজ দেখিতে চাহে তাহাকে তাহা দেখান্ এবং যে কেহ সে কাগজের এলাকা রাখে সে তাহার নকল লইতে চাহিলেও তাহাকে তাহা দেন্। ইহাতে যে আসল কাগজের মোতাবেক সে নকল হয় সেই আসল কাগজ হারাইলে কিয়া নই হইলে অথবা উপস্থিত না থাকিলে সেই আসল কাগজের সান্দিরদিগের দ্বারা যদি এমত প্রমাণ হয় যে সেই আসল কাগজের সান্দিরদিগের দ্বারা যদি এমত প্রমাণ হয় যে সেই আসল কাগজ যথার্থক্রমে লেখা গিরাছিল তবে সেই নকল দৃষ্টে সকল আদালতেই সেই আসল কাগজের যাথার্থ্য প্রমাণ হইতে পারিবেক ইতি। ১৭৯৩ সা। ৩৬ আ। ১১ ধা।
- 8২১। রে জি ফার সাহেবের উচিত যে যে সকল দস্তাবেজের নকল রে-জিফারা বহাতে দাখিল হইয়া থাকে তাহার নকলের প্রয়োজন যাহার হয় তাহার দরখাস্ক্রজনে তাহাকে নকল দেন্ আর যদি আসল দস্তাবেজ কোন প্রকারে হারায় কি নফ্ট হয় তবে যদি আসল দস্তাবেজের লিখিত সালিরা সত্যাসত্য ঐ দস্তাবেজ লেখা গিয়াছিল হলফ করিয়া ইহা কহে তবে অবশ্যই ঐ নকল আসল দস্তাবেজের ন্যায় আদালতের কাছারীতে গ্রাহ্য হইবেক ইতি।—১৮১২ সা। ২০ আ। ২ পা। ৫ প্র।
- ৪২২। উপরের নিরূপিত কর্মাদি করা হইলে পর রেজিটর নাহেব আ- দল দস্তাবেজের পৃষ্ঠে তাহা রেজিটরীহওনের তারিথ ও বেলা ও রেজিটরী বহীর যে সফাতে তাহার নকল লেথা গিরা থাকে তাহার পত্রাস্ক আপন দস্ত- থংসহিতে লিথিয়া সে আসল দস্তাবেজ যাহার হয় তাহাকে ফিরিয়া দিবেন ইতি। ১৮১২ সা। ২০ আ। ও ধা। ৫ প্র।

### ৪৭ ধারা।

## রেজিইটরীকরণ। -- রিকার্ডকরণের নিয়ম।

- ৪২৩। যে কালে কাহাকেও এমত সন্দেহের নিমিত্ত যে যে কাগজের নকল রেজিউরী বহাতে দাখিল হইয়া থাকে সে বহা কিয়া এই আইনের অনুসারে যে এত্তেলানামা দেওয়া গিয়া থাকে তাহার কিছু সেই ব্যক্তি কৃত্রিম অথবা ফেরফার করিয়াছে ফৌজদারী আদালতে সোপর্দকরণ কর্ত্র্ব্য হয় সেকালে তথাকার রেজিউর সাহেবের উচিত যে তদর্থে সরকারের তরফে তাহার নামে ফৌজদারী আদালতে নালিশ করেন্ এবং শরার মতে তাহার অপরাধ প্রমাণ করাইতে যথাসাধ্য চেষ্টা পান আর সে বিষয়ে তাহার উপর কেতাবুল্লার যে হকুম হয় তাহাও জারী করাইতে যথোচিত উদ্যোগী হন্।—১৭১৩ সা। ৩৬ আ। ১২ ধা।
- 8২৪। রেজিফীর সাহেব লোকের ইহাও উচিত যে ইঙ্গরেজী প্রতিবৎসর গত হইলে পর গত বৎসরৈর বাবৎ রেজিফীরী বহীসকলের মজমুনের ফিরিস্তি যত শীলু হইতে পারে প্রস্তুত করেন্ ইতি।—১৮১২ সা ২০ আ। ১ ধা।

৪২৫। সদর আদালত বিধান করিতেছেন যে ১৮১২ সালের ২০ আইনের ১০ ধারানুসারে যে ব্যক্তিরা দলীলদস্তাবেজ রেজিফারী করাইবার নিমিত্ত রেজিফারী দস্তবে হাজির হয় তাহারদের মোখারনামা ঐ আইনের ৭ ধারামতে রতন্ত্র এক বহীতে লিখিতে হইবেক। ৭৩২ নমুরী আইনের অর্থ।

#### ৪৮ ধারা।

রেজিউরীকরণ। দস্তাবেজ রেজিউরীকরণেতে যেরপ বলবৎ হইবেক তাহা।

৪২৬। ইঙ্গরেজী ১৭৯৬ সালের ১ পহিলা জানুআরি তারিথের পূর্বে
উপরের ধারার লিথিত যে সকল কাজগপত্র হইয়াছে কিয়া হইবেক তাহাতে
সকলেই ক্ষমতা রাথিবেক যে চাহে সে সকল কাগজ রেজিউরী করায় অথবা
না করায় ও তাহা না করাইলেও সে সকল কাগজের অনুসারে যাহার যে স্বত্ব
গাকে তাহা লোপ না হইয়া সাব্যস্ত ও বরকরার থাকিবেক যেমত এই আইন
নির্দিষ্ট না হইলে থাকিত ইতি।—১৭৯৩ সা। ৩৬ আ। ৪ ধা।

৪২৭। ইঙ্গরেজী ১৭৯৬ সালের ১ পহিলা জানুআরি তারিথের পূর্ব্বে কিয়া পরে ৩ তৃতীয় ধারার ৪ চতুর্থ ও ৫ পঞ্চম ও ৬ ষষ্ঠ প্রকরণের লিথিত যে দকল কাগজপত্র হইয়াছে কিয়া হইবেক তাহাতে দকলেই দাধ্য রাথি-বেক যে দে দকল কাগজ বাদনা হয় রেজিন্টরী করায় না হয় না করায় ও তাহা না করাইলেও দে দকল কাগজের অনুসারে যাহার যে মৃত্ব থাকে তাহা নাই না হইয়া দাব্যস্ত ও বরকরার রহিবেক যেমত এই আইন নির্দ্ধিট্ট না হইলে রহিত ইতি।—১৭৯৩ সা। ৩৬ আ। ৫ ধা।

৪২৮। ইন্ধরেজা ১৭৯৬ সালের ১ পহিলা জানুআরি ও তাহার পরে ত তৃতীয় ধারার ২ দিতীয় প্রকরণের লিখিত সকল কাগজপত্রের যাহা এই আইনের অনুসারে রেজিউরী হইবেক সে কাগজ রেজিউরী হইবার বিশ্বাস অর্ধাৎ মাতবরী যদি আদালতে প্রমাণ হয় তবে সে কাগজের লিখিত স্থাবর বস্তুর নিদর্শনে সেমত অন্য যে কাগজ উপরের লিখিত তারিখ ১ পহিলা জানুআরির পর হইয়া তাহা রেজিউরী না হয় সে কাগজ অসাব্যস্ত ও বাতিল হইবেক যদ্যপি সেই না রেজিউরী হওয়া কাগজে সেই রেজিউরী হওয়া কাগজের তারিখের পুর্বে কি পরেই বা লেখা যায়।—১৭৯৩ সা। ৩৬ আ। ৬ ধা। ১ প্র।

৪২১। ইঙ্গরেজী ১৭১৬ সালের ১ পহিলা জানুআরি ও তাহার পরে ৩ তৃতীয় ধারার ৩ তৃতীয় প্রকরণের লিখিত বন্ধকী খতের যাহা এই আইনের অনুসারে রেজিফ্টরী হইবেক সে কাগজ রেজিফ্টরীহওনের মাতবরী যদি আদালতে প্রমাণ হয় তবে সেই কাগজের লিখিত স্থাবর বস্তুর নিদশনে সেমত অন্য যে কাগজুক উপরের লিখিত তারিখ ১ পহিলা জানুআরির পর হইয়া তাহা রেজিফ্টরী না হয় সে কাগজের অনুসারে টাকা শোধ না পড়িয়া অগ্রে সেই রেজিফ্টরীহওয়া কাগজের লিখিত টাকা পরিশোধ হইবেক যদিসাৎ সেই রেজিফ্টরীহওয়া কাগজ সেই রেজিফ্টরী না হওয়া কাগজের পুর্বের্ব কি পরেই বা লেখা যায়।—১৭৯০ সা। ৩৬ আ। ৬ ধা। ২ প্র।

৪৩০। উপরের দুই প্রকরণের লিথিত হুকুমের মর্ম এই যে ইঙ্গরেজী ১৭৯৬ সালের ১ পহিলা জানুআরির পার যে কালে কেহ কোন স্থাবর বস্তু মূল্য দিয়া লয় অর্থাৎ থারীদ করে কিয়া দানে পায় অথবা বস্ত্বক লয় তাহার 'প্রতি দে বস্তু তাহার পূর্ব্বে বিক্রয় কিয়া দান অথবা বন্ধকের দ্বারা অন্যের হস্তে গিয়া থাকিলেও তরিমিত্তে কিছু আঘাত ও দাগা হইতে পারিবেক না। আর এ প্রকরণের মর্ম এই যে যে ব্যক্তি কোন স্থাবর বস্তুর পূর্ব্বে একের হস্তে বিক্রয় কিয়া দান অথবা বন্ধকের দারা গিয়াছে এমত জানিয়া পশ্চাৎ দে বস্তু-কে ঐ দকল মতের কোন মতে স্বহস্তবশ করে দে ব্যক্তির প্রতিও আঘাত ও দাগাহওন জ্ঞান হইবেক না জানিবেক যে ঐ ১ পহিলা জানুআরি তারিথের পার যে সময়ে কোন লোকে স্থাবর বস্তুর যাহা বিক্রয় কিয়া দান অথবা বন্ধকের দারা পাইয়া তাহার বিক্রমপত্র কিয়া দানপত্র অথবা বন্ধকী থত রেজিউরী না করাইয়া থাকে ইহা জ্ঞাত হইয়া পশ্চাৎ যদি সে বস্তু অন্য ব্যক্তিতে এরীদ করিয়া কিম্বা দানে পাইয়া অথবা বন্ধক লইয়া ভাহার থরীদগী কোবালা কিম্বা দানপত্র অথবা বন্ধকা থত রেজিফ্টরা করায় তথাচ দে কাগজ রেজিফ্টরা করা-ইবার মাতবরীতে তাহার পূর্ব্বে দে বস্তু ঐ সকল মতের যে কোন মতে যে লো-কের হস্তে গিয়া থাকে তাহাতে তাহার যে স্বত্ব থাকে তাহা সেই লোকের পা-ওয়া কাগজ রেজিষ্টরা না হইয়া থাকিবার জন্য লোপ না হইয়া সেই রেজিষ্ট-রীহওয়া কাগজের অনুসারে যে ব্যক্তির যে প্রাপ্তব্য হয় সে ব্যক্তি তাহা পাই-বার অগ্রে দেই রেজিউরী না হওয়া কাগজের ক্রমে যে লোকের যে প্রাপ্তব্য হয় সে লোক তাহা পাইবেক যদি আদালতে সেই রেজিউরী না হওয়া কাগ-জের মতে দেই বস্তু দেই লোকের হস্তে যাওয়া প্রমাণ হয় ইতি।—১৭৯৩ সা। ৩৬ আ। ৬ ধা। ৩ প্র।

৪৩১। ঐ দকল করারদাদকরণিয়া ব্যক্তিরা তাহার রেজিইটরী করাইবার এবং না করাইবার ক্ষমতা রাথে কিন্তু ইঙ্গরেজী ১৮১৩ দালের জানুআরি মাদের ১ পহিলা তারিথের পর নীলের দরবরাহের বাবং যে কোন করার-দাদ হইয়া এই আইনের দাঁড়ানুসারে তাহার রেজিইটরী হয় ইহাতে যদি দেই ভূমির উৎপন্নহওয়া নীলের দরবরাহের অর্থে আর কোন করারদাদ হইয়া থাকে কিন্তুা হয় ও তাহার রেজিইটরী না হইয়া থাকে এমতে উপরের উক্ত করারদাদের মাতবরী প্রমাণ হইলে তাহার পূর্কের কি পরের লেখা আর সমস্ত করারদাদঅপেক্ষা ঐ উপরের উক্ত করারদাদের মাতবরী হইবেক ইতি।—১৮১২ সা। ২০ আ। ৩ ধা। ৩ ধা।

### ৪৯ ধারা।

द्रिकिक्केदोकद्रन । कोम वर्था ९ द्रमूप्त ।

৪৩২। রেজিইটর দাহেবেরা রেজিইটরী বহাতে যে দকল কাগজপত্রের নকল দাখিল হইবেক তাহার একং কাগজের রসুম ২ দুই টাকা করিয়া দেইং কাগজের কর্ত্তার স্থানে এবং দেই বহাহইতে যে যে কাগজের নকল যে যে ব্যক্তিকে দিতে হইবেক তাহার একং কাগজের রসুম ১ এক টাকা করিয়া দেইং ব্যক্তির স্থানে ও দেই বহার যে যে কাগজ যে যে লোককে দেখাইতে হইবেক তাহার একং কাগজের রসুম ॥০ আট আনা করিয়া দেইং লোকের স্থানে পাইবেন ইহাতে দেই দকল কাগজের কর্ত্তাপ্রভূতির কর্ত্তব্য যে তাহারদিগের যে কেহ যে কাগজ রেজিইটরা করায় কিয়া নকল লয় অথবা দেখে দে তাহার রসুম থ নিরুপিত হারে দেয় ইহার অধিক না দেয়ে। রেজিইটর সাহেবদিগের ক্ষমতা আছে যে যাবং থ নিরুপিত রসুম না

পান তাবৎ আপনার প্রতি অর্পিত এই ভারের কার্য্য করিতে মনোযোগী না হন। আর যে রসুম পান তাহাহইতে কাগজপত্রের নকল রেজিফরী বহাতে করাণওগয়রহের জন্যে এদেশি লোককে আমলা নিযুক্ত এব° ঐ রেজিফরী দফ্তরের সরঞ্জামী কলম কাগজ কালিইত্যাদির সরবরাহ করেন্ ইতি।—১৭১৩ সা। ৩৬ আ। ১৪ ধা।

8৩৩। যে কোন নিদর্শনেতে রেজিফ্টরী হয় যে ব্যক্তি তাহা রেজিফ্টরী করাইতে লইয়া আইদে দে ব্যক্তি তাহার প্রত্যেক নিদর্শনেতে ২ দুই টাকা করিয়া রেজিফ্টর সাহেবকে দিবেক ইহার অধিক নহে ও যে২ দস্তাবেজেতে রেজিফ্টরী হইয়া থাকে তাহার নকল লইবার দর্থাস্ত দাথিল হইলে দর্থাস্ত-দেওনিয়া ঐ সাহেবকে প্রতিনকলেতে ১ এক টাকা করিয়া রসুম দিবেক ইহার অধিক নহে ও যে ব্যক্তি রেজিফ্টরী বহী দেথিবেক দে ব্যক্তি ॥০ আট আনা রসুম ঐ সাহেবকে দিবেক ইহার অধিক নহে ও ঐ রসুম না দিলে রেজিফ্টর সাহেবের ক্ষমতা আছে যে রেজিফ্টরী ইত্যাদি না করেন্ ও জানা কর্ত্ব্য যে নকল লিথিবার ও রেজিফ্টরী বহী লিথিবার নিমিত্তে যে সকল মুহুরীর নিযুক্ত থাকে তাহারদিগের মেহনতানা অর্থাৎ শ্রমের বেতন ও কাগজের মূল্য ঐ রসু-মের টাকাহইতে রেজিফ্টর সাহেব দিবেন ইতি।—১৮১২ সা। ২০ আ। ৪ ধা।

### ৫০ পারা ١

# त्रिकियेतोकर्न। नारस्य नियुक्तकर्न।

৪৩৪। ইঙ্গরেজী ১৭৯৩ দালের ৩৬ আইনের দ্বারা দকল জিলা ও শহরেতে নিদর্শনপতাদি কাগজপত্রের রেজিউরীকরণের যে পদ স্থির করা গিয়াছে এব ১৭৯৫ দালের ২৮ আইনের দ্বারা বারাণ্দ দেশে এব ১ ১৮০৫ সালের ১২ আইনের ৩২ ধারাক্রমে জিলা কটকেতে স্থির করা গি-রাছে এব ১৮০৩ সালের ১৭ আইনের দ্বারা দত্ত দেশসকলের নিমিত্তে পুনর্বার নির্দিষ্ট করা গিয়াছে এব ১৮০৫ দালের ৮ আইনের ১৭ ধারার ১ প্রকরণের দ্বারা জয়করা দেশের ও জিলা বুন্দেলথণ্ডের নিমিত্তে নির্দিষ্ট হইয়াছে ঐ পদের কার্য্য সর্বতোভাবে জিলা কি শহরের আদালতের স্থানেতে নির্বাহ করা যাইবেক এব ১ উপরের উক্ত এ খাইনেতে যেমত হুকুম আছে ঐ মত জিলা কিয়া শহরের আদালতের রেজিষ্টর সাহেবের দ্বারা কিয়া যে-থানে একছইতে অধিক রেজিউর দাছের থাকেন্ দেইথানে যে রেজিউর দা-হেব জিলা কি শহরের আদালতেতে রেজিষ্টরী কার্য্য করেন তিনি যত দিন ঐ স্থানেতে থাকেন তত দিন তাঁহার দ্বারা ঐ কর্মের নির্দ্রাহ হইবেক এব ে চলিত আইনেতে যেমত হকুম পূর্ব্বে করা গিয়াছে দেইমত যত দিন ঐ রে-জিষ্টর সাহেব ঐ স্থানে থাকেন তও দিন পীড়া কি অন্য কোন কারণেতে বাধা না হইলে আপনার প্রতি অর্পণহওয়া ঐ পদের কর্ম স্বয়ণ নির্বাহ করিবেন ও পীড়িত হইলে কিয়া আর কোন কারণে তথাহইতে অল্প দিনের নিমিত্তে স্থানান্তর হইতে হইলে যে জিলা কি শহরের আদালতে ঐ সাহেব নিযুক্ত থা-কেন সেই জিলা কি শহরের আদালতের জজ সাহেবের সম্মতি লইয়া ঐ কর্ম নির্ব্বাহকরণার্থে কোম্লানি বাহাদুরের সরকারের চিহ্নিত চাকর ঐ কর্ম নির্ব্বাহ-করণের ক্ষমতাপন্ন কোন সাহেবকে আপন কর্ম্ম চালাইবার নিমিত্তে আপ-

নার নায়েবীতে পূর্ব্বমতে নিযুক্ত করিতে পারিবেন। ও নিদর্শনপত্রাদি কা-গুজ পত্রের রেজিউরীর নিমিত্তে যে দিবা নিরুপিত আছে দেই দিবা করিয়া ঐ নায়ের সাহের রেজিইটর সাহেবের কর্ত্তব্য সকল কর্ম্ম করিতে পারেন ইতি। - ১৮२8 मा। 8 जा। २ था।

৪৩৫। मनत जामानट क्रिजामा कता शिन य क्रिनात मिश्रामी जामानट्य এकर्टिश দিতীয় রেজিফর প্রীয়ত জাকসন সাহেব যদি কিঞ্জিৎ কালের নিমিত্ত জিলার কালেকট্রী कम्म निर्कार करतम् उरत मलीलम् डार्ट्य दि जिस्ते कि विद्या शास्त्र कि ना अथेता मलील-দস্তাবেজ রেজিউরীকরণের কার্য্যে তাঁহাকে ১৮২৪ সালের ৪ আইনের বিধির অনুসারে পুনর্কার নিযুক্তকরণের আবশাক আছে কি না। তাহাতে সদর আদালত বিধান করিলেন य अ मार्टित मलीलमस्रार्टिस्त दिस्सिकेतिकत्रावर कार्या नियुक्ट आस्ट्रन अठअठ किछ् কালের নিমিত্ত কালেক্ট্রী কার্য্যের ভার পাইলে উক্ত আইনানুদারে রেজিফ্রী কার্য্যে ভাঁহাকে পুনরায় নিযুক্তকরণের আবশ্যক নাই। ৩৬৬ নম্বরী আইনের অর্থের ২ দফা।

805। मनत जामान विधान कृतिराज्य । या जिला ও শহরের জজ সাহেবের অবর্ত্ত-মানে তাঁহার এওজে কিঞ্ছিৎকালের নিমিত্ত দলীলদ্ভাবেজের রেজিফুরী কর্ম করিতে নিযক্ত হইলে যদি ঐ রেজিফার জিলা ও শহরের আদালতের বেজিফার সাহের না হন তবে তিনি রেজিফারীর রসুম পাইবেন। ৭৪৩ নমূরী অইনের অর্থ।

৪৩৭। কোন জিলা কি শহরের রেজিষ্টর সাহেব উপরের ধারানুসারে নায়ের নিযুক্ত না করিয়া আপন পদসমুর্কীয় কর্মস্থানহইতে যদি অন্যত্র যান্ তবে ঐ স্থানের জজ সাহেব কোম্লানি বাহাদুরের কর্মাক্ষম ও চিহ্নিত চাকর কোন সাহেবকে নিদর্শনপত্রাদি কাগজপত্রের রেজিষ্টরীকরণের ভারাক্রান্ত রেজিস্টর সাহেবের নায়েবীতে নিযুক্ত করিতে এই ধারার লিথনদ্বারা ক্ষমতা-প্রাপ্ত হইলেন ও ঐ প্রকারে নিযুক্ত ঐ নায়েব লাহেব নিরূপিত দিব্য করিয়া, ঐ পদের কর্ত্তর্য কর্ম করিতে পারিবেন ইতি।—১৮২৪ সা। ৪ আ। ৩ ধা।

৪৩৮। রেজিইটর সাহেবের পদ থালীহওনপ্রযুক্ত যে কোন সময়ে উপ-রের ধারার লিখনানুসারে নায়েব নিযুক্ত না হইতে পারে সে সময়ে জিলা কি শহরের জজ সাহেবের কর্ত্তব্য যে নিদর্শনপত্রাদি কাগজপত্রের রেজিষ্টরী করিবার নিমিত্তে কোম্লানি বাহাদুরের চিহ্নিত চাকর কোন সাহেবকে নিযুক্ত করেন ইতি। - ১৮২৪ मा। ৪ আ। ৪ পা।

এই আইনের ৩ ও ৪ ধারার লিথিত হকুমানুসারে জজ সাহেব নিদর্শনপত্রাদি রেজিউরীকরণের পদ বিশ্বাস করিয়া দিতে পারেন কোম্লানি বাহাদুরের এমত কোন চিহ্নিত চাকর ঐ স্থানেতে না থাকিলে জজ সাহেব ঐ পদের কর্ম নির্দ্ধাই আপনি করিতে ক্ষমতা ও অনুমতিপ্রাপ্ত ইইলেন ইতি। —১৮২৪ সা। ৪ আ। ৫ ধা।

৪৪০। নিদর্শনপত্রাদি কাগজপত্রের রেজিষ্টরী জিলা কি শহরের জজ সাহেব কিয়া রেজিউর সাহেব অনুপদ্মিত থাকিলে জজ সাহেবের সম্মতিতে কোম্লানি বাহাদুরের দরকারের চিহ্নিত চাকর অন্যযে কোন সাহেব নিরূপিত মতে করিয়া থাকেন ঐ রেজিফ্টরী জিলা কি শহরের আদালতের রেজিফ্টর দা-হেব করিলে যেমন প্রবল হইত দেই মত প্রবল এই ধারার লিথিত হুকুম মতে হইবেক ইতি। - ১৮২৪ সা। ৪ আ। ৬ ধা।

৪৪১। এই আইনের ২ কি ৩ কি ৪ ধারান্সারে যে নায়েব রেজিউর কি তৎকর্মকারি রেজিউর দাহেব নিযুক্ত হন্ তিনি যে দময়েতে দেই কর্ম করেন সেই সময়ে আইনের নিরূপিত ফিন পাইবেন কিন্তু এ আইনের ৫ ধা-

রানুসারে যথন জজ দাহেব ঐ কর্ম করেন্ তথন ঐ ফিদ্ছইতে ঐ কর্মের আম-লার থরচ বাদে যাহা অবশিষ্ট থাকে তাহা দরকারে জমা করা যাইবেক ইতি। —১৮২৪ সা। ৪ আ। ৭ ধা।

88২। জিলা আদালতের প্রধান আসিফান্ট দলীলদস্তাবেজের রেজিফরীকরণের রসু-মের দাওয়া করাতে সদর আদালত বিধান করিলেন যে ইহার পূর্বে যে ব্যক্তিরা প্রধান আসিফান্ট নামে বিখ্যাত ছিলেন দিতীয় শ্রেণীর জাইন্ট মাজিট্টেট ও ডেপুটা কালেক্টরেরা ভাঁহারদের তুল্য পদে আছেন্। অতএব ঐ প্রধান আসিফান্টেরা রেজিটরীকরণের নিমিন্ত যে রসুম পাইতেন সেই রসুম ঐ জাইন্ট মাজিট্টেট ও ডেপুটা কালেক্টরেরা অবশ্য পাইতে পারেন্। ১৮৩৭ সালের ২৪ ফেব্রুআরির সরকালর অর্জর।

#### ৫১ ধারা।

ति किसे हो कहन। दि किसे हो विषय कई देक है ।

৪৪৩। রেজিফরা দম্ভরের মহাফেজ লোক আপন্থ ভারের কর্মকরণেতে ক্রুটি না করেন্ এ নিমিত্তে জিলা কি শহরের জজ সাহেবের উচিত যে রেজিফ্টরাইওনের তারিএইইতে এক মাদের মধ্যে এই আইনানুসারে দম্ভাবেজ দকলের যেথ নকল দম্ভরে রাথিবার হয় তাহার পৃষ্ঠে ও রেজিফ্টরা বহাতে যেথ নকল হইয়া থাকে তাহার উপর রেজিফ্টর সাহেবের দম্ভথতের উপরম্ভ আপন দম্ভথৎ করেন্ আর যদি জজ সাহেব দেখানে না থাকনপ্রযুক্ত ইহা ইইতে না পারে তবে ঐ সাহেব ফিরিয়া আইলে পর এক মাদের মধ্যে উপরের নির্গীতানুসারে আপন দম্ভথৎ করিবেন ইতি।—১৮১২ সা। ২০ আ। ৬ ধা। ২প্র। ৪৪৪। জজ সাহেব যথন দম্ভাবেজের নকলে ও ঐ সকল রেজিফ্টরা বহাতে আপন দম্ভথৎ করেন্ তথন তাহার উচিত যে যদি রেজিফ্টরা দম্ভরের মহাফেজ সাহেব আপন ভারের যেথ কর্মা কর্ত্তব্য তাহাকরণেতে ক্রুটি করিয়া থাকেন্ কিয়া রেজিফ্টর সাহেব আইনের নির্গীতমতে কার্যা না করিয়া থাকেন্ তবে ইহার সম্বাদ কৌল্সেলের সেক্রেটারী সাহেবের নিকটে প্রীয়ুত নওয়াব গাবর্নর জেনরল বাহাদুরের জ্ঞাতহওনার্থে লিথিয়া পাচান্ ইতি।—১৮১২ সা। ২০ আ। ৬ ধা। ৩ প্র।

৪৪৫। প্রীযুত বৈদ প্রদীডেট সাহেবের হন্তুর কৌলেলের অনুমতিক্রমে সদর আদালত জানাইতেছেন যে যে গতিকে কিছু কালের নিমিত্ত রেজিউরীকরণের পদ শূন্য হয় কেবল সেই গতিকে ১৮২৪ সালের ৪ আইনের ৪ ধার। খাটে এবং বর্তুমান রীত্যনুসারে সাধারণ এই নিয়ম করিতে হইবেক যে দলীলদস্ভাবেজের রেজিউরীকরণের ভার সদর মোকামের প্রধান আসিটাট সাহেবের প্রতি অর্পণ করিতে হয়। ১৮৩১ সালের ১৩ ডিসেম্বের সর্কুলর অর্ডর।

৪৪৬। জিলা ও শহরের জজ সাহেবের দিগকে ছকুম করা গেল যে ওাঁছার দের আদালতের রেজিউরী বহা এবং রিকার্ড হইবার নিমিত্ত যে দলীলদন্তাবেজ দাখিল হইয়াছে তাছার নকল রাজকের কমিসানর সাহেবেরদের ছয়২ মাসীয় পরিভুমণ সময়ে ঐ সাহেব-কে দেখান্। অতএব সদর দেওয়ানী আদালত রাজকের কমিসানর সাহেবেরদের প্রতি ছকুম করিতেছেন যে সেই বহা ও কাগজপত্র তাঁছার নিকটে দাখিল হইলে তিনি তাছার তদারক করেন এবং ১৮১২ সালের ২০ আইনের বিধিতে যে নিয়মে রেজিউরীকরণের এবং জয় সাহেবের দন্তখংকরণের ছকুম আছে সেই নিয়মের কিছু ব্যতিক্রম দেখিলে সদর আদালতে তাছা জানান্। ১৮৩১ সালের ২৫ মার্চের সরকুলের অর্জন।

৪৪৭। সদর আদালত অবগত হইয়াছেন যে কোনং জিলায় অদ্যাপি এমত ব্যবহার

আছে যে রেজিইনী করণার্থ যে ব্যক্তিরা দলীলদস্তাবেজ আনে তাহারদিগকে ১৭৯৩ সালের ৩৬ আইনের ৯ ধারার বিধান মতে রেজিউনী বহীতে ঐ দস্তাবেজের যে নকল হয় তাহাতে ঐ ব্যক্তিরদের দস্কুখং করিতে ছকুম দেওয়া যায়। অতএব সদর আদালত ছকুম করিতেছেন যে ১৮১২ সালের ২০ আইনের ২ ধারার দ্বারা উক্ত আইনের ৯ ধারা রদ হইয়াছে অতএব যদি সেইরপ ব্যবহার কোন জিলাতে থাকে তাহা রহিত করিতে হইবেক। ১৮৩৬ সালের ২ সেপ্টেম্বের সরক্যুলর অর্ডর।

88৮। দস্তাবেজ রেজিফরীকরণ বিষয়ি ইঙ্গরেজী ১৮২৪ দালের ৪ আইনের লিথিত ত্কুম মতান্তর হইবাতে ত্কুম হইল যে কোন জিলা বা শর-রের জজ দাহেব উচিত বুফিলে খ্রীযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের অনুমতি পাইয়া দস্তাবেজ রেজিফরীকরণের ভার দদর মোনকামনিবাদি প্রধান দদর আমীনের হাতে দিতে পারিবেন এবং ঐ কার্যানির্বাহের অর্থে যে দকল ত্কুম এক্ষণে চলন আছে তাহা ঐ প্রধান দদর আমীনের উপর থাটিবেক ও ঐ প্রধান দদর আমীন যত কাল ঐ কর্মা করিতে থাকেন্ তত কাল ঐ কার্যা নির্বাহের অর্থে যত রদুম আইনে নির্দিষ্ট আছে তাহা পাই-বেন ইতি।—১৮৩২ সা। ৭ আ। ৪ ধা।

#### ৫২ ধারা।

दिकि छेत्रीकर्न। प्रतिशांनी प्राकारम दिकि छेत्री प्रकुर श्रापनकर्न।

88৯। এই ধারাক্রমে ত্রুম হইল যে বাঙ্গলা দেশের চলিত ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৩৬ আইনের যে ২ দ্বিতীয় এবং ১৪ ধারা ১৭৯৫ সালের ২৮ আইনের দ্বারা বিস্তার করা গিয়াছিল তাহা এবং ১৮০৩ সালের ১৭ আইন এবং ১৮০৫ সালের ৮ আইনের ১৭ ধারা এবং ১৮০৫ সালের ১২ আইনের ৩২ ধারা এবং ১৮১২ সালের ২০ আইনের ৪ ধারা এবং ৬ ধারার ২।৩ প্রকরণ এবং ১৮২৪ সালের ৪ আইনের ২ ধারা মতান্তর হইল ইতি।—১৮৩৮ সা। ৩০ আ। ১ ধা।

৪৫০। এবং এই ধারানুসারে হুকুম হইল যে এই ধারা যে পদের সঙ্গে সম্পর্ক রাখে তাহার অতিরিক্ত জজইত্যাদির কোন সদর মোকামে নিদর্শনপ্রাদির রেজিফ্টরীর নিমিত্তে পদ স্থাপন হইতে পারে এবং এই মোকামবাসি যে কোন কার্য্যকারককে গবর্গমেন্ট ঐ পদের নিমিত্তে নিযুক্ত করেন্ তাহার হস্তে ঐ পদের কর্তৃত্ব কর্ম গবর্গমেন্টের হুকুমক্রমে অর্পণ হইতে পারে ইতি।
—১৮৩৮ সা। ৩০ আ। ২ ধা।

৪৫১। আরো এই ধারাক্রমে হুকুম হইল যে জিলা বা শহরের আদাল-তের মোকামে স্থাপিত কোন পদে নিদর্শনপত্রাদি রেজিইটরা করিবার নিমিন্ত যে রসুম ইঙ্গরেজা ১৭১৩ সালের ৩৬ আইনের ১৪ ধারায় নির্দিন্ত হই-রাছে এই আইনের দ্বারা হুকুমহওয়া কোন রেজিইটরার পদে কোন নিদর্শন-পত্রাদির রেজিইটরা করিতে হইলে সেই রসুম লাগিবেক ইতি।—১৮৩৮ সা। ৩০ আ। ৩ধা।

৪৫২। এবং এই ধারানুসারে ত্রুম হইল যে বাঙ্গলা দেশের চলিত ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৩৬ আইনের ১৫ ধারা এবং ১৮১২ সালের ২০ আইনের ৬ ধারার ২ ও ৩ প্রকরণ এই আইনানুসারে নিদর্শনপতাদির রে- জিউরী করিবার নিমিত্তে যে পদ স্থাপিত হয় এব° যে ব্যক্তি নিযুক্ত হয় তা-হার উপর থাটিবেক না ইতি।—১৮৩৮ সা। ৩০ আ। ৪ ধা।

৪৫৩। আরো এই ধারাক্রমে হুকুম হইল যে যে ব্যক্তিরা ইউরোপীয় ভাষার লিখিত কোন নিদর্শনপত্রাদি বাঙ্গলা দেশের রাজধানীর অধীন প্রদেশের কোন রেজিট্রার পদে রেজিট্রা করিতে বাঞ্ছা করে সেই ব্যক্তিরা ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৩৬ আইনের ১৪ ধারার নিরুপিত রসুমের অতিরিক্ত ঐ নিদর্শনপত্রাদি নকলকরণের নিমিত্তে সেকসন অর্থাৎ চুক্তিরপে নকলকরণের যে হার নিরুপিত আছে তদনুসারে তাহা নকলকরণের খরচ দিবকে ইতি।—১৮৩৮ সা। ৩০ আ। ৫ ধা।

৪৫৪। এবং এই ধারানুসারে হুকুম হইল যে এই আইনক্রমে নিদর্শন পারাদির রেজিইটরা করিবার নিমিত্তে যে ব্যক্তি গবর্ণমেণ্টের দ্বারা নিযুক্ত হয় দেই ব্যক্তি মরিলে অথবা চুটা লইয়া বিদায় হইলে জিলার জজ সাহেব অথবা গবর্ণমেণ্টের দ্বারা বিশেষরূপে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকারক অন্য যে কোন ব্যক্তিকে উচিত বোধ করেন তাহাকে কিঞ্জিৎ কালের নিমিত্তে ঐ পদের ভার গ্রহণ করিতে এবং ঐ ব্যক্তি গবর্ণমেণ্টের হুকুমক্রমে ঐ পদে নিযুক্ত হইলে যেমত হইত সেইমত তাহাকে নিদর্শনপ্রাদির রেজিইটরা করিতে হুকুম দিতে পারেন্ ইতি।—১৮৩৮ সা। ৩০ আ। ৬ ধা।

#### পঞ্চম অখ্যায়।

### আপাল।

### ১ शाता।

মুনসেফ ও দদর আমীন ও প্রধান দদর আমীনেরদের ডিক্রীর উপর দরাদরী আপীল।

- ১। সদর দেওয়ানী আদালত বোধ করেন্ যে যে গতিকে মোকদমার দোষগুণ বিবেচনা না করিয়া তাহা বিলম্ব কিয়া বেদাঁড়া অথবা অনা কসুরপ্রাযুক্ত নামঞ্কুর হইয়াছে কেবল এইমত গতিকে তাহার ডিক্রীর উপর সরাসরী আপীল হইতে পারে। ৮০৫ নয়রী আইনের অর্থ।
- ২। এই ধারাক্রমে হুকুম হইল যে ইঙ্গরেজী ১৮৩৮ সালের ১ অক্টোবর তারিথঅবিধি বাঙ্গলা দেশের কোট উলিয়ম রাজধানীর অধীন দেশের জিলা ও শহরের জজ সাহেবদিগকে এই ক্ষমতা দেওয়া গেল যে তাঁহারা যে স্থলে তাঁহারদের তাবেমুনদেফেরা জাবেতামত তাহারদের শুনিবার যোগ্য মোকদ্দমাগ্রাহ্য করিতে অস্বীকার করিয়া থাকে অথবা সেইমত কোন মোকদ্দমাগ্রাহ্যকরণের পর ঐ মোকদ্দমার কিয়া রীতিমতে তাহারদিগকে অপিত মোক্দমার যাথার্যাযাথার্থ্য বিবেচনা না করিয়া বিলম্ব কি বেদাঁড়া অথবা অন্যকান ক্রটিহওন প্রযুক্ত তাহা ডিস্মিস করিয়া থাকেন মুনদেফের এইমত করা হুকুম অথবা ডিক্রীর উপর সরাসরী আপীল গ্রাহ্য করেন্ ইতি।—১৮৩৮ সা। ২২ আ। ১ ধা।
- ৩। এবং এই ধারাক্রমে ভ্কুম হইল যে বাঙ্গলা দেশের চলিত আইনের মধ্যের ইঙ্গরেজী ১৮১৪ দালের ২৬ আইনের ৩ ধারার ৫।৬।৭।৮।৯।১০।১১ প্রকরণে এবং ১৮৩৩ দালের ১২ আইনের ২ ধারায় ও ১৮৩১ দালের ৯ আইনের ৭ ধারায় যে২বিধি আছে তাহা এই আইনের ক্ষমতাক্রন্দ প্রস্তাবহওয়া দরাদরী আপীলের বিষয়ে চলন হইবেক ইতি।—১৮৩৮ দা।২২ আ।২ ধা।
- ৪। ঐ মত যদি জিলা ও শহরের রেজিইটর সাহেবেরা কি সদর আমীনেরা তাঁহারদিগ্রে দাঁড়ামতে যে কোন মোকদ্দমা সোপর্দ্দ হইয়া থাকে ফরিয়াদী কি আপেলাণ্টহইতে ক্সুরহওনপ্রযুক্ত মোকদ্দমার যথার্থ বৃত্তান্তের
  বিচার করণবিনা তাহা ডিস্মিস্ করেন্ তবে তাহাতে জিলা ও শহরের আদালতের সাহেবদিগের ক্ষমতা আছে যে রেজিইটর সাহেবদিগের কি সদর
  আমীনদিগের করা নিষ্পত্তি কি দেওয়া হ্কুমের উপর সরাসরী আপীল মঞ্জুর
  করেন্ ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ৩ ধা। ৪ প্র।
- ৫। ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ আইনের ২ ও ওধারার লিথিত হুকুমসকল এবং এথ ছুকুম শুধরিবাতে থাস আপীল ও সরাসরী আপীল গ্রহণ করিবার ও শুনিবার বিষয়ে যেথ ছুকুম হইয়াছে এথ ছুকুম এবং ফয়-সলা পুনর্দ্ধি করিবার বিষয়ি উপরের লিথিত ইঙ্গরেজী ১৮১৪ সালের

- ২৬ আইনের ৪ ধারার ২ প্রকরণের লিথিত হকুম প্রধান সদর আমীনের নিফাত্তিকরা প্রথমত উপস্থিতহওয়া মোকদ্দমা ও আপীলের উপর থাটিবেক ইতি।—১৮৩১ সা।৫ আ। ১৯ ধা।১ প্র।
- ৬। ১৮২৯ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ৮ প্রকরণানুসারে যদি মোকদ্দমা ননসূট হয় এবং যদি ফরিয়াদী এমত প্রমাণ দিতে পারে যে আমি সম্পত্তির যে মূল্য ধরিয়াছিলাম তাহা কম ছিল না অতএব সদর আমীন বা প্রধান সদর আমীন যে হুকুম করিলেন তাহা অসঙ্গত তবে ঐ ননসুটহওয়া মোকদ্দমার সরাস্রী আপীল হুইতে পারে। ৮৭২ নস্রী আইনের অর্থ।
- ৭। যদ্যপি মোকদ্দমার দোষগুণ বিবেচনা না করিয়া কেবল কসুরপ্রযুক্ত মোকদ্দমা ডিসমিস হইয়া থাকে তবে যে বিচারকের দারা মোকদ্দমার নিষ্পত্তি হইয়াছে তিনি আপ-নার ডিক্রীর মধ্যে "ননসুট" এই কথা যদ্যপি না লেখেন্ তবে সেই কথা না লিখনেতে ফরি-য়াদীর সরাস্রীমত আপীলকরণের নিবারণ হইবেক না। ৮৭০ নম্রী আইনের অর্থ।
- ৮। উপরের প্রকরণের বিবরণ করিয়া লেখা সমস্ত প্রকারেতে সরাসরী আপীলের দরখাস্ত জাবেতামতে আপীলের দরখাস্ত দাখিল হইবার বিষয়ে যে মিয়াদ নিরূপণ আছে সেই মিয়াদের মধ্যে দাখিল করিতে হইবেক ও এমত সরাসরী আপীলের দরখাস্তের বিষয়ে নীচের প্রকরণের লিখিত কথা খাটিবেক ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ৩ ধা। ৫ প্র।

[মুনসেফ ও সদর আমীন এবং প্রধান সদর আমীনেরদের হুকুমের উপর জাবেভামত আপালকরণের হিয়াদের বিষয়ে এই অধ্যায়ের ৪ ধারা দেখা।]

- ১। উপরের প্রস্থাবিত মোকদ্মাতে কোন ব্যক্তি দ্রাদ্রী আপীলের দর্থাস্ত দ্যথিলকরণের মনস্থ রাথিলে তাহার কর্ত্তব্য যে উপরের লিখনানুনারে ঐ দর্থাস্ত যে আদালতে স্থনা যাওনের যোগ্য হয় দেই আদালতে আপানিজে কিস্থা আপানার মোকররকরা উকীলের মারফতে ইঙ্গরেজী ১৮১৪ দালের ১ আইনের ১৮ ধারার (এক্সনে,১৮২১ দালের ১০ আইনের) নির্ক্রণত ইট্টাস্লকাগজেতে দে দর্থাস্ত লিথিয়া ও দে মোকদ্মাতে যে হুকুম কি নিক্সন্তি হইয়া থাকে তাহার দ্যুথতী নকলের সহিত দাথিল করেন্ ইতি।—১৮১৪ দা। ২৬ আ। ৩ ধা। ৬ প্র।
- ১০। জানা কর্ত্তবা যে যে ব্যক্তি ঐ মত সরাসরী আপীলের দরখাস্ত দাখিল করে তাহার স্থানে ইঙ্গরেজী ১৮১৪ সালের ১ আইনের ১৪ ধারার মতে নালিশের প্রথমকার রসুমের বদলে ইন্টাস্কুকাগজের যে রসুম এতাবতা মূল্য নিরূপণ হইয়াছে তাহা লওয়া যাইবেক না ও দর্থাস্তকরণিয়া ব্যক্তির আপন মোকররকরা উকীলের মেহনতানার টাকা আমানৎ রাঞ্চিতে হইবেক না ও যে ডিক্রিইউতে আপীল করিয়াছে সেই ডিক্রি জারীইওয়া মৌকুফ রাখিতে হইলে চলিত আইনের মতে যে জামিনী তাহার দাখিলকরা উচিত হয় তাহাভিন্ন কোন জামিনী দাখিল করিতে হইবেক না ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ৩ ধা। ৭ প্র।
- ১১। যদি এমত সরাসরী আপীলের দর্থাস্ত দাথিল হয় তবে তাহাতে রেল্পাণ্ডেণ্টকে তাহার সমাচারদেওনের ও আদালতে তাহার হাজিরহওনের আবশ্যক বোধ হইবেক না কিন্তু যদি বিশেষ কোন মতেতে আদালতের সা-হেবদিগের তাহা করা উচিত বোধ হয় তবে রেল্পাণ্ডেণ্টকে সমাচার দেওয়া ও তাহাকে,আদালতে হাজির করাণ যাইবেক। ও এমত সরাসরী আপীলের

বিষয়ে যে আদালতের নিক্পন্তির উপর আপীল হইয়াছে সে আদালতে ঐ মোকদ্দমা বিশিষ্ট হেতুপ্রযুক্ত ও আইনমতে নামঞ্চুর কি ডিস্মিস্ হইয়াছে কি না ইহা জানা যাওনের নিমিত্তে যে সওয়াল ও জওয়াব ও বিচারকরণের প্রয়োজন হয় তাহাব্যতিরিক্ত আর কিছু সওয়াল ও জওয়াব ও বিচারের দর-কার হইবেক না ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ৩ ধা। ৮ প্র।

১২। যদি সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের কিয়া প্রবিন্সাল কোর্টের সাহেবদিগের হজুরে অথবা জিলা ও শহরের আদালতের সাহেবদিগের হজুরে উপরের প্রকরণের মতে সরাসরী আপীলের দর্থান্ত দরপেশ হয় তবে যদি সরাসরী বিচারের, সময়ে ঐ আদালতে এমত জানা যায় য়ে ঐ মোকদ্দমা প্রথমতঃ বিশিষ্ট হেতুবাতিরেকে ও আইনের অনামতে নামঞ্জুর হইয়াছে কিয়া য়য়ৢর হইয়া বিশিষ্ট হেতুবাতিরেকে ও আইনের অনামতে মোকদ্দমার য়থার্থ বৃদ্ভান্তের তহকীক তদন্ত না হইয়া তাহা ডিস্মিস্ হইয়াছে তবে ঐ সাহেবদিগের ক্লমতা আছে য়ে আদালতের য়ে সাহেব কি অনা কার্যাকারকের করা ডিক্রী কি দেওয়া হুকুমের উপর সরাসরী আপীলের দর্থান্ত দাঝিল হইয়াছে তাহার প্রতি প্রথম প্রকারেতে এমত হুকুম দেন য়ে পুনর্বার মোকদ্দমার আরজী কি আপীলের দর্থান্ত মঞ্জুর করেন্ ও দ্বিতীয় প্রকারেতে এবিবয়ের হুকুম দেন্ য়ে পুনরায় ঐ মোকদ্দমা মিসিলের শামিল করিয়া আইনের মতে তাহার বিচার ও নিষ্পত্তি করেন্ ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ওধা। ১প্র।

১৩। ১৮১৪ সালের ২৬ আইনের ৩ ধারার ৯ প্রকরণের মধ্যে "আইনের অন্যমতে" এই যে কথা লেখা আছে তাহার অর্থ এই যে আইনের মধ্যে লিখিত না হওর।
হেতুপ্রযুক্ত মোকদমা ডিসমিন অথবা নামঞ্জুরকরণ অথবা উভয় বিবাদিকে হাজির হইয়া
আপন্য মোকদমার ডিসমিন না হওনপ্রভৃতির কারণ দর্শাইতে আইনের মধ্যে যে নিয়ম
আছে সেই নিয়মানুসারে কার্য্য না করণের পূর্ব্বে মোকদমা ডিসমিন কি নামঞ্জুরকরণ।
৮০৫ নমুরী আইনের অর্থ।

১৪। সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের কিয়া প্রবিস্যাল কোর্ট আদালতের সাহেবদিগের কি জিলা ও শহরের আদালতের সাহেবদিগের হজুরে সরাসরী আপীলের কোন দর্থাস্ত দাথিল হইলে যদি এমত জানা यांग्र या थे मत्रशास्त्र विद्याधिववारमत् ও मूश्थरमध्यात्र निमिर्छ कि किवन নিরর্থক করিয়াছে তবে ঐ দাহেবদিণের ক্ষমতা বর ে তাঁহারদিণের প্রতি হুকুম আছে যে দরাদরী আপীলের দর্থাস্ত নামগুর করিয়া মোকদমার ভাব ও আপেলীণ্টের শক্তি বুঝিয়া যে জরীমানা উপযুক্ত হয় তাহা দেওনের **क्कूम আপেলাণ্টের উপর দেন্ কিন্তু ঐ জরীমানার টাকা এমত মোকদ্মা** সরাসরাভিন্ন অন্য প্রকারে প্রথমতঃ কি আপাল মতে উপস্থিত হইতে হইলে ইস্টাল্লকাগজের রসুম এতাবতা মূল্যের যত টাকা আপেলাণ্টের দিতে হইত কোন প্রকারে তাহাহইতে অধিক না হয় ও জানা কর্ত্তব্য যে সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের কি প্রবিস্যাল কোর্টের সাহেবদিগের কিয়া জিলা ও শহরের আদালতের সাহেবদিগের হজুরহইতে আপেলাণ্টের উপর জরী-মানাকরণের অর্থে কি আপীলের দর্থান্ত নামগুরকরণের বিষয়ে যে ত্কুম হয় তাহাই চুড়ান্ত ও সিদ্ধ বোধ হইবেক ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ৩ খা। ३० थ।

- ১৫। যদ্যপি চলিত আইনানুসারে জাবেতামত আপীল গ্রাহ্য হইতে পারে তবে সরাসরী আপীল নাম-পুর হওয়াতে ঐ জাবেতামত আপীলের নিবারণ হইবেক না। ৭২৩ নম্বরী আইনের অর্থ।
- ১৬। যদি ১৮০৩ দালের ও আইনের ১২ ধারা এবং ১৮১৪ দালের ২৩ আইনের ২৭ ধারার ১ প্রকরণ এবং ১৮১৪ দালের ২৬ আইনের ১২ ধারার ও প্রকরণানুদারে মোকন্দমা ডিদমিদ হয় তবে মোকন্দমার শুননি না হইলে ফরিয়াদী দেই দাওয়ার বিষয়ে যেরূপে নূতন নালিশ করিতে পারিত দেইরুপে ঐ দাওয়ার বিষয়ে নূতন নালিশ করিতে পারিবেক। ৮৭০ নমুরী আইনের অর্থ।
- ১৭। যদি বিনাতজবীজে কোন মোকদ্দমা ভিদমিদ হয় আর ফরিয়াদী ও আদামী উভয়ের মধ্যে কেই মুনদেফের নিক্পান্তিতে নারাজ অর্থাৎ অদমত হইয়া আপীল করে তবে আদালতের যে দাহেবের প্রতি আপীলমতে দে মোকদ্দমার বিচারের ভার আছে তাঁহার কর্ত্তব্য যে আপনি নিজে দে মোকদ্দমার যথার্থ বিচার করিয়া নিক্পান্তি করেন্ কিয়া দে মোকদ্দমা যে মুনদেকের আদালতে ডিদমিদ হইয়া থাকে তাহার নিকটে অথবা অন্য কোন আদালতে এমত মোকদ্দমার বিচারের ভার থাকিলে তথায় গোড়াগুড়ি বিচার করিবার নিমিত্তে পাচাইয়া দেন্ইতি।—১৮১৪ দা। ২৩ আ। ২৭ ধা। ২ প্র।
- ১৮। যদ্যপি কোন মুনসেফ কসুরপ্রযুক্ত মোকদমা ডিসমিস করিলে ভাহার উপর আপীল গ্রাহ্য হয় তবে জজ সাহেব আসল মোকদমার কসুরের যে কারণ দর্শান গেল ভাহা দৃট্টে ঐ ডিসমিস বহাল রাশিতে পারেন্ না কিন্ত ভাহার উচিত যে কসুরপ্রযুক্ত ডিসমি- দের জকুম অন্যথা করিয়া সেই মোকদমার দোষগুণ বিবেচনা করিয়া ভাহা আপনি নিম্পত্তি করেন্ অথবা মুনসেফকে ঐ মোকদমার দোষগুণ বিবেচনা করিয়া ভাহার নিম্পত্তি করিতে ভকুম দেন্। এবং যদি আসামারা কহে যে আমরা কোন কারণপ্রযুক্ত আদালতে হাজির ছইতে অক্ষমহওনের সময়ে আমারদের প্রতিকৃলে মোকদমার একতর্ফা ডিক্রী হইয়াছিল এবং আমরা এইপ্রযুক্ত আপীল করিয়াছি তবে ভাহারদের ঐ আপীলের বিষয়ে সেই প্রকার কার্য্য করিতে হইবেক। ৮৭০ নমুরী আইনের অর্থের ৭ দফা।
- ১৯। গোরক্ষপুরের একটিৎ জজ সাহেবের সদর আদালতে জিজাসা করাতে বিধান হউল যে ১৮৩৮ সালের ৭ এবং ২২ আইনের দারা ১৮১৪ সালের ২৩ আইনের ২৭ ধারার ২ প্রকরণের বিধি এবং ৮৭০ নম্বী সেই আইনের অর্থ রদ হইয়াছে এমত জান করিতে হইবেক। ১২২৮ নম্বী আইনের অর্থ।
- ২০। সদর আদালত ১৮১৪ সালের ২৩ আইনের ২৭ ধারার ২ প্রকরণের যে অর্থ করিয়াছিলেন তাহার বিষয়ে জিলার জজ সাহেবের জিজাসাকরাতে ঐ আদালত উত্তর করিলেন যে ফরিরাদী সরাসরী আপীল করিলে এবং উভয় পক্ষ জাবেতামত আপীল করিলে ১৮৩৮ সালের ৭ এবং ২২ আইনানুসারে জজ সাহেবের সাধ্য আছে যে যথার্থ বিচারহওনের নিমিত্ত আবশ্যক বোধ হইলে তিনি সর্বপ্রকার মোকদ্মা ছানী তজবীজ এবং নিশ্পত্তির নিমিত্ত অথবা গোড়াগুড়ি বিচার হইবার নিমিত্ত অর্পণ করেন্। অতএব সদর আদালত বোধ করেন্ যে ১৮১৪ সালের ২৩ আইনের ২৭ ধারার ২ প্রকরণ এবং ১৮৩৪ সালের ১৮ আপ্রিলে তাহার যে অর্থ তাঁহারা ফতেপুরের জজ সাহেবের নিকটে পাঠাইয়াছিলেন তাহা রদ হইয়াছে এমত জান করিতে হইবেক। ১৮৩১ সালের ২৩ আগন্টের সরকুলের অর্ডর।

[১৮ নমুরী বিধি ১৯ নমুরী বিধানের ছারা রদ হইয়াছে এবং ঐ ১৮ নমুরী বিধি এখানে দেওনের অভিপ্রায় এই যে তাহা পূর্কাবধি চলন হইয়া আদিতেছে অতএব যে আইনের অর্থের ছারা তাহা রদ হইয়াছে তাহা সকল লোকের গোচর হয়।] ২১। ১৮১৪ সালের ২৬ আইনের ও ধারার এবং ১৮১৭ সালের ১৯ আইনের ৭ ও ৮ ধারার বিধি দৃষ্টি করিয়া সদর আদালত বোধ করেন্ যে প্রথমোক্ত আইনের ও ধারাক্রমে যদি সরাসরী আপীল গ্রাহ্য হইতে পারে তবে আপেলান্ট ভূমক্রমে কিয়া কারণান্তরে নিরূপিত মুল্যের ইন্টাম্পকাগক্তে থাস আপীলের দরখান্ত করিলে তবু তাহার সরাসরী আপীল গ্রাহ্য হইতে পারে। এমত হইয়া থাকিলে আপেলান্ট আপনার দরখান্তের নিমিত্ত যে ইন্টাম্পের মাসুল দিয়াছিল তাহাহইতে সরাসরী আপীলের দরখান্তের উপযুক্ত ইন্টাম্পের মুল্য অর্থাৎ ২ টাকা বাদ দিয়া অবশিক্ট্টাকা তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক। ৬১৩ নমুরী আইনের অর্থ।

(এদেশীয় বিচারকেরদের সরাসরী ডিক্রীর উপর আপীল হইলে উকীল ও ইফ্টাম্পের বিষয়ি বিধি ২ অধ্যায়ের ইৎ ২৯৩ লাৎ ২৯৭ নমূরে লেখা আছে।

#### ২ ধারা।

- ৫০০০ টাকার উদ্ধুমূল্যের মোকদমার প্রধান সদর আমীনের করা নিঞ্চত্তির উপর এবং সামান্যতঃ জিলার জন্ধ সাহেবের ডিক্রীর উপর সরাসরী আপীল।
- ২২। ৫০০০ টাকার উর্ক্ন মুল্যের যে সকল মোকদ্দমা প্রধান সদর আমীন নিঞাত্তি করেন্ তাহার উপর ১৮১৪ সালের ২৬ আইনের ৩ ধারানুসারে যে সকল সরাসরী আ-পীল হয় তাহা একেবারে সদর দেওয়ানী আদালতে করিতে হইবেক। ১৮৩৮ সালের ২৩ ফেব্রুআরির সরক্যুলর অর্ডরের ৫ দফা।
- ২৩। ঐ মত যদি জিলা ও শহরের আদালতের সাহেবেরা দাঁড়ানুসারে প্রথমতঃ কি আপীলমতে যে কোন মোকদ্মা তাঁহারদিগের শুনিবার যোগ্য হয় তাহার দাওয়ার আরজী কি আপীলের দর্থাস্ত নামঞ্চুর করেন্ কিয়া ঐ আরজী কিয়া দর্থাস্ত ফরিয়াদী কি আপোলাণ্টহইতে বিলম্ব কি দাঁড়া ও জাবেতার অন্য মত কি অন্য কসুর হওনপ্রযুক্ত মোকদ্মার যথার্থ বৃত্তান্তের বিচারকরণবিনা তাহা ডিসমিস করেন্ তবে তাহাতে প্রবিস্যাল কোট আদালতের সাহেবদিগের ক্ষমতা আছে যে ঐ সাহেবদিগের করা নিম্পত্তি কি দেওয়া ত্কুমের উপর সরাসরী আপীল মঞ্চুর করেন্ ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ৩ ধা। ৩ প্র।
- ২৪। সদর আদালত বিধান করিতেছেন যে ১৮০৬ সালের ২ আইনের ৪ ও ৫ ধারার বিধির অনুসারে ৫০০০ টাকার উর্ক্ মূল্যের মোকদ্মায় প্রধান সদর আমীনেরা যে নিষ্পত্তি করেন্ তাহার উপর সরাসরী আপীল কেবল সদর আদালতে হউবেক। ১১৪৮ নম্বী আইনের অর্থের ও দফা।
- ২৫। সদর আদালত জানাইতেছেন যে ১৮৩৭ সালের ২৫ আইনের ৮ ধারার নিরুমের কথা সাধারণরূপে লেখা আছে অতএব সেই ধারানুসারে যেমন ৫০০০১ টাকার
  উর্দ্ধ সংখ্যা বা মূল্যের মোকদমা প্রধান সদর আমীনের নিকটে অর্পণ হইলে তাহার
  বিষয়ে খাটে তেমনি তত টাকার ন্যুন মূল্যের যে সকল মোকদমা তাহার নিকটে অর্পণ
  হয় তাহার বিষয়েও খাটে। অতএব এইমত গতিকে প্রধান সদর আমীনের নিষ্পান্তির
  উপর যে আপীল হয় তাহা প্রথমতঃ জিলা ও শহরের জজ সাহেবের নিকটে করিতে
  হইবেক এবং তাহার পর খাস আপীলমতে সদর আদালতে অর্পণ হইবেক। ১১৪৮
  নম্রী আইনের অর্থের ৪ দফা।

### ৩ ধারা।

- ৫০০০ টাকার অনুর্স্থিলার মোকদ্মাতে মুনদেক ও সদর আমীন ও প্রধান সদর আমীনেরদের নিষ্পাত্তির উপর জিলার আদালতের জজ সাহেবের নিকটে জাবেতামত আপীল।
- ২৬। জিলার জন্ধ সাহেব সদর আদালতে জিলাসা করিলেন যে উভর বিবাদির দেওয়া সমাদের দারা অথবা ডিক্রী জারীকরণক্রমে কিয়া ডিক্রী জারীকরণকর পর কোন মৃথকরকরা কার্যাক্রমে যদি আমার এমত জাতসার হয় যে অথব আদালতের বিচারকের ডিক্রীতে কোন বেদাঁড়া কি বেআইনী কর্মা হইয়াছে তবে তাঁহারদের ঐ ডিক্রী আমি অন্যথা করিতে পারি কি না। তাহাতে সদর আদালত উত্তর করিলেন যে বেদাঁড়া কিয়া বেআইনী কর্মা হওন-প্রযুক্ত তুমি অথব আদালতের কোন ডিক্রী সরাস্রীমতে অন্যথা করিতে পার না কিন্তু তোমার উচিত যে সেই বিষয়ে যাহারদের লাভালাভ আছে তাহারদিগকে সেই বিষয়ে আপীল করণের নিরূপিত মিয়াদ অতীত হইলেও আপীলকরণের ছকুম দেও। ১০৪৮ নয়রী আইনের অর্থ।
- ২৭। ছিলটের জন্ধ সাহেবের জিজাসাকরাতে আলাহাবাদের সদর আদালতের সঙ্গে কলিকাতান্থ সদর আদালত এক্য হইয়া বিধান করিলেন যে মোকদমার উপর আপীল হইংলে মোকদমার মূল্য নিরূপণকরণেতে আসল টাকার উপর আদালতের থারচা চড়াইতে নিয়েধ আছে। ১১৯০ নমুরী আইনের অর্থ।
- ২৮। যে কোন ব্যক্তি মুনদেফের ফরসলাতে নারাজ অর্গাৎ অসন্মত হয় তাহাকে অনুমতি আছে যে এই আইনের ৪১ ধারামতে ফরিয়াদী ও আসা-মীকে কিয়্ব। তাহারদিগের উকীলদিগের স্থানে ডিক্রীর নকল দেওয়া যাওনের তারিথের পর ৩০ ত্রিশ দিনের মধ্যে আপীলের দর্থাস্ত দাথিলকরণের নিয়মে জজ সাহেবের হজুরে সে মোকদ্মার আপীল করে কিন্তু জজ সাহেবের ক্রমতা আছে যে যদি মুনদেফের হ্কুমের উপর আপেলাণ্ট আপীলের দর্থাস্ত নিরূপিত মিয়াদ গত হইলে পর দাথিল করে ও মিয়াদের মধ্যে তাহা দাথিল করিতে না পারিবার বিশিষ্ট হেতু তাঁহার হজুরে জাহির করে তবে তাহার আপীলের দর্থান্ত মঞ্জুর করেন ইতি।—১৮১৪ সা।২৩ আ।৪৬ ধা।১ প্র।
  - ২৯। মুনসেফদিগের ফরসলাহইতে আপীলের যে সকল দর্থাস্ক দিতে হয় কর্ত্তবা যে তাহা সেই মুনসেফেরা যে২ জিলা কি শহরের জক্ত সাহেবের তাবে অধিকারের হয় সেই২ জক্ত সাহেবের হজুরে দেওয়া যায় ও মুনসেফ-দিগকে হকুম আছে যে আপনারদিগের নিষ্পত্তিকরা মোকদ্মার আপীলের দর্থাস্ত না লয় ইতি।—১৮১৪ সা।২৩ আ। ৪৬ ধা।২ প্র।
- ৩০। কর্ত্তব্য যে মুনসেফদিণের ফয়সলাহইতে আপীলকরণের দরখান্ত আপেলান্ট আপনি নিজে কিয়া সিরিশ্তার কোন উকীলের মারফং দাখিল করেও যদি আপীল মঞ্র হয় ও আপেলান্ট ও রেল্পাণ্ডেন্ট নিজে মোকদমার সওয়াল জওয়াব না করে তবে যে২ উকীল তাহারদিণের তরফহইতে মোক্-রর্ হয় তাহারা আপনারদিণের ওকালতীর রসুম আদালতে উপস্থিতহওয়া অন্যথ মোকদ্মাতে যে হারে মোকরর্ আছে দেই হারে পাইবেক ইতি। ১৮১৪ সা। ২৩ আ। ৪৬ ধা। ৩ প্র।
- ৩১। মুনদেফদিগের ফয়সলা কেবল বেসিরিশ্তায় কার্য্যকরণের কসুরে নামঞ্র হইবেক না তাহার মঞ্রী ও নামঞ্রী কেবল মোকদমার নিষ্পত্তির

দোষগুণ বিবেচনাক্রমে হইবেক ইতি।—১৮১৪ সা। ২৩ আ। ৪৬ ধা। 8 थ्र।

[১৮১৪ দালের ২৩ আইনের ৪৬ ধারার ১। ২।৩। ৪ প্রকরণ সদর আমীনের ডিক্রীর উপর আপীলের বিষয়ে খাটিবার সেই আইনের ৭৩ ধারার ছকুম আছে।]

- ় ৩২। জিলা ভাগলপুরে উপস্থিত এক মোকদ্দমা ঐ জিলাহইতে থারিজ হইয়া ১৮৩৮ সালের ২৭ আইনের ২ ধারার বিধির অনুসারে জিলা পূর্ণিয়াতে দাখিল হইল এবং ঐ জিলার জজ সাহেব বিচারার্থ তাহা সদর আমীনের নিকটে অর্পণ করেন। তাহাতে পূর-ণিয়ার জজ সাহেতের জিজাস। করাতে এই বিধান হইল যে এ সদর আমীনের ফরসলার উপর আপীল পুরণিয়ার জিলা আদালতে হইবেক এবং ভাগলপুরের জিলাতে হইবেক না। ১৩৩৬ নমুরী আইনের অর্থ।
- ৩৩। প্রথমত উপস্থিতহওয়া যে দকল মোকদ্দমার নিক্পত্তি প্রধান দদর আমীনের দ্বারা হয় তাহার আপীল জিলা কিয়া শহরের জজ দাহেবের নিক-টে হইবেক এব ে দিতীয় অর্থাৎ থাদ আপীল চলিত আইনের লিথিত যে হুকুম এই বিষয়ে থাটে তদনুদারে দদর দেওয়ানী আদালতে হইতে পারিবেক ইতি। ১৮৩১ দা ( আ। ২৮ ধা। ২ প্র।
- এবং এই ধারাক্রমে ত্রুম হইল যে যথন মুনদেফের বিচার্ঘ্য কোন মোকদ্দমা উক্ত রাজ্যের কোন জিলা বা শহরের জজ সাহেব বাঙ্গলা দে-শের চলিত ইঙ্গরেজী ১৮৩১ দালের ৫ আইনের ৭ ধারাতে দেওয়া ক্ষমতাক্র-মে বিচারের নিমিত্তে সদর আমীন অথবা প্রধান সদর আমীনকে অর্পণ করেন তথন দেই মোকল্মার প্রথমতঃ মুনদেফের দ্বারা গ্রহণ হইয়া বিচার হইলে ইফীল্লের মাসুল ও আপীলের বিষয়ে যে২ বিধানানুসারে কার্য্য হইত সেই২ বিধি এই গতিকেও চলন হইবেক ইতি। - ১৮৩৭ সা। ২৫ আ। ৫ ধা।
- ৩৫। ফরক্রাবানের জজ দাহেব জিজাদা করিয়াছেন যে ১৮৩৭ দালের ২৫ আইনের ৫ ধারানুসারে যদি কোন মোকন্দমা প্রধান সদর আমীনের প্রতি সোপর্দ হয় তবে জক্ম জারীকর্ণের তলবানার বিষয় এবং অবশেষ সওয়াল জওয়াব লইবার বিষয়ে মনসেফের-দের আদালতে যে বিধান চলন আছে দেই বিধানমতে প্রধান সদর আমীনের কার্য্য করিতে হইবেক কি না। তাহাতে বিধান হইল যে প্রধান সদর আমীনেরা যেং বিশেষ বিষয়েতে মুনসেফেরদের আদালতের নির্দিষ্ট বিধানমতে কার্য্য করিবেন তাহা ঐ ২৫ আইনে বিশেষরূপে নির্দ্দিট হইয়াছে অর্থাৎ ইক্টাম্পের মাসুলের বিষয় এবং আপীলের বিষয়। অতএব এই দৃই বিষয়ছাড়া অন্য কোন বিষয়ে তাঁহার। ঐ ২৫ আইনের ৫ ধারার বিধানমতে কার্য্য করিবেন না এবং তৎপ্রযুক্ত যে দুই বিষয়ের জিজাদা হইতেছে সেই দুই বিষয়ে মুনসেফেরদের আদালতে যে হুকুম খাটে তাহাতে প্রধান সদর আমীনে-রাবদ্ধ নহেন্। ১৩৬২ নমূরী আইনের অর্থ।
- ৩৬। কিন্তু যথন এপ্রকার কোন মোকদ্দমা প্রধান সদর আমীনের দ্বারা নিষ্পাত্তি হয় তথন দেই নিষ্পাত্তির উপর আপীল জিলা ও শহরের জজ সাহে-বের নিকটে করিতে হইবেক এব॰ কেবল তিনিই তাহার বিচার করিবেন এব ে ঐ আপীলের জিলা বা শহরের জজ সাহেব যে নিষ্পত্তি করেন তাহা চড়ান্ত হইবেক এব ০১ চলিত আইনের মধ্যে ইহার বিরুদ্ধ কিছু থাকিলেও তাহা প্রতিবন্ধক হইবেক না ইতি।—১৮৩৭ দা। ২৫ আ। ৬ ধা।
- ৩৭। এব॰ এই ধারাক্রমে হকুম হইল যে যথন সদর আমীনের বিচার্য্য কোন মোকদ্মা উক্ত রাজ্যের কোন জিলা বা শহরের জজ সাহেব বিচারের নিমিত্তে প্রধান দদর আমীনকে অর্পণ করেন তথন ঐ মোকদমা প্রথমতঃ

সদর আমীনকে অর্পন হইলে এবং তাঁহার দ্বারা বিচার হইলে ইফ্টাম্পের মাসুলের ও আপীলের বিষয়ে যে২ বিধি চলিত আছে ঐ মোকদমার এই২ গতিকেও সেই২ বিধি চলন হইবেক ইতি।—১৮৩৭ সা। ২৫ আ। ৭ ধা।

৩৮। ইঙ্গরেজী ১৮১৫ দালের ফেব্রুআরি মাদের ১ পহিলা তারিথের পরে যে কোন মোকদমা দদর আমীনের নিকটে কি জিলা কি শহরের রেজিটর দাহেবের কি জজ দাহেবের হজুরে নিক্সন্তি পায় ও জাবেতামতে দে মোকদমা আপীলহওনের যোগ্য হয় ফরিয়াদী কি আদামী যদি তাহার আপীল করিবার মনস্থ রাথে তবে তাহার ক্ষমতা আছে যে যে জিলা কি শহরের আদালতের জজ দাহেবের অধিকারে দে মোকদমার ডিক্রী হইয়া থাকে দেই জজ দাহেবের হজুরে ডিক্রীর নকলব্যতিরেকে আপীলের এক দর্থাস্ত দাথিল করে ও এনত আপীলের দর্থাস্তকরণেতে দর্থাস্তদে ওনিয়ার আবশ্যক হইবকে না যে তাহার হেতুদকল বেওরা করিয়া লিখিয়া দেয় কিন্তু এই মজমুনে মোটে এজহার লিখিয়া দিলেই হইবেক যে আপেলাট ও নিক্সান্তিতে নারাজ হইয়া আপীলকরণের মনস্থ রাখে, কিন্তু জানা কর্ত্ত্ব্য যে ও আপীলের দর্থাস্ত ইঙ্গরেজী ১৮১৪ দালের ১ আইনের ১৩ ধারার (এক্ষণে ১৮২১ দালের ১০ আইনের) নিরূপিত কাগজে ১৪ ধারার লিখিত কথার দৃষ্টে লিখনের ও তাহার সঙ্গে আপীল খর্চার বাবং নিরূপিত জামিনী দাখিলকরণের আবশ্যক হইবেক ইতি।—১৮১৪ দা। ২৬ আ। ৮ ধা। ২ প্র।

৩৯। ত্রিছতের জজ সাহেবের জিজাসাকরাতে আলাহাবাদের সদর আদালতের সঙ্গে কলিকাতাস্থ সদর আদালত ঐক্য হইয়া বিধান করিলেন যে ১৮১৪ সালের ২৬ আইনের ৮ ধারার ২ প্রকরণের বিধির অনুসারে প্রথমত উপস্থিতহওয়া মোকদ্মায় প্রধান সদর শুআমীন ও সদর আমীন এবং মুনসেফেরা যে ডিক্রী করেন্ তাহার উপর জিলার জজ সাহেবের নিকটে আপীলের আর্জী হইলে সেই আ্রজীর সঙ্গে২ আসল ডিক্রীর নকল দিবার আবশ্যক নাহি। ১১৫৯ নয়রী আইনের অর্থ।

৪০। আপেলাণ্টের ক্ষমতা আছে যে যে নিষ্পত্তির উপর আপীল করে তাহার প্রতি যেং ওজর রাথে তাহা আপালের অন্য হেতুর বিবরণ ও বেও-রার সহিত আপালের আসল দর্থাস্থে লিথিয়া দেয় কিয়্বা আলাহিদা আর-জীতে লিথিয়া যে আদালতেতে আপীলের মোকদ্মার বিচার ও নিষ্পত্তি হওনের বিষয় দেই আদালতে দাখিল করে ও শেষ কল্পে কর্ত্তব্য যে এমত আরজী ইঙ্গরেজী ১৮১৪ সালের ১ আইনের ১৭ ধারার (এক্ষণে ১৮২৯ সালের ১০ আইনের) মতে যে ইফ্টাম্লকাগজ আরং সওয়াল ও জওয়াবের কাগজের নিমিত্তে নিরূপণ হইয়াছে দেই কাগজে লেথা যায় ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ৮ ধা। ৫ প্র।

8)। ১৮২৯ সালের ১০ আইন কিয়া অন্য কোন আইনের ছারা ১৮১৪ সালের ২৬ আইনের ৮ ধারার ৫ প্রকরণ রদ হয় নাহি সেই প্রকরণে হুকুম আছে যে যে ডিক্রীর উপর আপীল হয় তাহার বিশেষ ওজর যদি আপীলী দরখান্তের মধ্যে না লেখা যায় তবে তাহা আলাহিদা এক আরজীর মধ্যে লেখা যাইতে পারে। ঐ আলাহিদা আরজী যে মুলোর ইফ্টাম্প কাগজে লিখিতে হইবেক তাহা ১৮২৯ সালের ১০ আইনের B চিহ্তিত তফ্সীলের ৯ প্রকরণে লেখা আছে। ৫৫৬ নম্বী আইনের অর্থের ২ দফা।

৪২। জানা কর্ত্তব্য যে ইঙ্গরেজী ১৮১৪ দালের ২৭ আইনের ২৩ ধারানু-দারে উকীলের রুদুমের টাকার যে জামিনী ইহার পুর্ব্বে তলব হইত তাহার বদলে উকীলের মেহনতানার বাবৎ যে টাকা আমানৎরাথণের ধার্য্য ইইয়াছে তাহা আপীলের দরথান্তের সঙ্গে আপোলাণ্টের দাথিল করিতে ইইবেক না কিন্তু যদি আপীলের মোকদ্ধমার সওয়াল ও জওয়াব করিবার কারণ উকীল মোকরর করে তবে আপীলের মোকদ্ধমার বিচার যে আদালতে হওনের বিষয় হয় দেই আদালতেতে উকীলের মেহনতানার বাবৎ টাকা আপোলাণ্টের আনমানৎ রাথিতে ইইবেক ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ৮ ধা। ৪ প্র।

- ৪৩। জানা কর্ত্তব্য যে উপরের প্রস্তাবিত কথার অনুসারে জিলা কি শহ-রের আদালতে কি প্রবিন্সাল কোর্ট আদালতে কি সদর দেওয়ানী আদালতে প্রথমতঃ নিক্পান্তিহওয়া সন্দর মোকদ্দমাতে সমস্ত করিয়াদী ও আসামীকে অনুমতি আছে যে ডিক্রীর নকলবিনা আপীলের দর্থাস্ত দাখিল করে কিস্তু জাবেতামতে যে কোন মোকদ্দমা প্রবিন্সাল কোর্ট আদালতে কি সদর দেওয়ানী আদালতে আপীলহওনের যোগ্য হয় তাহাতে যদি করিয়াদী কি আসামী আইনানুসারে তাহারদিগের যে ক্লমতা দেওয়া গিয়াছে তদনুসারে এমত মনস্থ রাখে যে আপন মোকদ্দমার আপীলের দর্থাস্ত যে আদালতে সে মোকদ্দমার নিক্পান্তি হইয়াছে সে আদালতে না দিয়া সেই আপীলের মোকদ্দমা যে আদালতের বিচার্যোগ্য হয় সেই আদালতে দাখিল করে তবে তাহার উচিত হইবেক যে আপীলের দর্থাস্তের সঙ্গে আদালতের মোহর ও দস্তথতে ডিক্রীর নকল দাখিল করে ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ৮ পা। ৭ প্র।
- 88। এই ধারাক্রমে হুকুম হইল যে বাঙ্গলার ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশের মধ্যে প্রত্যেক সদর দেওয়ানী আদালত ঐ সদর দেওয়ানী আদালতের রেজিইনের পদসমুকীয় দস্তথ্য করা হুকুমের ছারা ঐ সদর দেও- বানী আদালতের অধীন কোন জিলা বা শহরের আদালতে যে কোন মোকদ্রণ মা প্রথমত উপস্থিত হয় অথবা আপীল হয় তাহার বিচারকরণের ভার ঐ সদর দেওরানী আদালতের অধীন অন্য কোন জিলা বা শহরের আদালতে অর্পন করিতে আজ্ঞা দিতে পারেন্ ইতি। ১৮৩৭ সা। ৩ আ। ১ ধা।
- ' ৪৫। কিন্তু পূর্ব্বোক্ত ধারার দ্বারা যে ক্ষমতা দেওয়া গেল তদনুসারে যথান উক্ত কোন এক সদর দেওয়ানী আদালতের সাহেবেরা কোন মোকদ্মার বি-চার এক আদালতহইতে উচাইয়া অন্য আদালতে অর্পণ করেন্ তথান ঐরপ অর্পণের কারণ আপনার রোয়দাদে লিথিয়া রাখিবেন ইতি।—১৮৩৭ সা। ৩ আ। ২ ধা।
- ৪৬। তুকুম হইল যে ১০০০ এক হাজার টাকার অনধিক দংখ্যা বা স্লোর দাওয়ার বিষয়ে প্রথমত উপস্থিতহওয়া মোকদ্দমা এবং সদর আমীন ও মুনদেফের করা ফয়সলার উপর আপীলহওয়া মোকদ্দমার সওয়ালজওয়াব ব্যতিরেকে যেং জিলা বা শহরে ইঙ্গরেজী ১৮৩১ সালের ৫ আইনের তুকুম চলন হইয়াছে কি উত্তরকালে হইবেক সেইং জিলা বা শহরের জজ সাহেবের আদালতের সমস্ত সওয়ালজওয়াব ৪০ চারি টাকা মূল্যের ইফ্টাম্লকাগজে লি থিতে হইবেক উপরের বিশেষ করিয়া লেখা দুই প্রকার মোকদ্দমার সমস্ত সংগ্রালজওয়াব পুর্বের মত কেবল ১০ টাকা মূল্যের ইফ্টাম্লকাগজে লেখা যাই বেক ইতি।—১৮৩২ সা। ৭ আ। ৩ ধা।
- ৪৭। সদর আদালত বিধান করিতেছেন যে রেজিফীর সাহেব ও প্রধান সদর আমী-নের নিষ্পত্তির উপর জজ সাহেবের নিকটে যে আপীল হয় তাহা ১৮৩২ সালের ৭ আই-

নের ৩ ধারার বর্জিত বিষয়ের মধ্যে লৈখা নাহি অত্যার সেইরূপ প্রত্যেক মোকদমার সও-য়াল জওয়াব ৪ টাকা মুল্যের ইফাম্প কাগজে লিখিতে হইবেক। ৮৩৪ নম্বরী আইনের অর্থ।

- ৪৮। ইঙ্গরেজী ১৮১৭ দালের ৩ আইনের ২ ধারা এই প্রকর্ণক্রমেরদ হইল এবং যে দকল মাফ উপরের প্রকরণে [অর্থাৎ ১৮৩১ দালের ৫ আইনের ১ ধারার ২ প্রকরণে [লখা গিয়াছে তাহা এই আইন জারী হইনার নিরূপিত দিনের পরে প্রথমতঃ উপস্থিতহওয়া কোন নালিশে কিয়া আপীলে যত টাকার দাওয়া জিলা কিয়া শহরের আদালতে হইয়া থাকে দেই দকল মোকদমা জিলা কি শহরের জজ দাহেবদিগের দ্বারা নিষ্পত্তি হউক কি তাঁহার-দিগের দ্বারা দদর আমান কি রেজিউর দাহেবদিগের দ্বারা ১ ধারা। ৩ প্র। যাউক তাহাতে থাটিবেক না ইতি। —১৮৩১ দা। ৫ আ। ১ ধারা। ৩ প্র।
- ৪৯। প্রথমত উপস্থিতহওয়া মোকদমায় মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনেরা যে ডিক্রী করেন্ তাহাতে যে কোন ব্যক্তি নারাজ হয় ঐ নিষ্পান্তির উপর চলিত নিয়মানুসারে জিলা ও শহরের জজ সাহেবের নিকটে আপীল করিতে সেই ব্যক্তির অধিকার আছে। সেই আপীলের দরখায় জিলার আদালতের জজ সাহেবের নিকটে পঁছছিলে তাঁহার সিরিশ্তাদার বা অন্য কোন প্রধান আমলা তাহা তৎক্ষণাৎ তহকীক করিবেন এবং যদাপি ঐ আপীলের আরজ্ঞী মিরুপিত মূল্যের ইফ্রাম্পকাগজে লেখা গিয়া থাকে এবং যদি আইনের নিরুপিত মিয়াদের মধ্যে আদালতে দাখিল হইয়া থাকে তবে তাহা নথীতে গাঁথা হইয়া আদালতের রেজিফ্রী বহীর মধ্যে নয়র করিয়া লেখা ঘাইবেক। যদাপি ঐ দুই বিষয়ে চলিত নিয়মের কিছু ব্যতিক্রম দেখা যায় তবে ঐ সিরিশ্তাদার কি ঐ প্রধান আমলার উচিত যে তাহা জজ সাহেবকে বিশেষরূপে জানান্ এবং জজ সাহেব তাহার বিষয়ের যেমত বিহিত বোধ করেন্ সেইমত ছকুম করিবেন। ১৮৩৫ সালের ৬ ফেকুআরির সরকুলের অর্ডরের ১ দফা।
- ৫০। সদর আদালত জানাইতেছেন যে আপীলের বিষয়ে ফ্রেনিয়ম করা গিয়াছে সেই নিরমের যদি কিছু ব্যতিক্রম আপীলের আরজীতে দৃষ্ট হয় তবে আমলারদের উচিত যে তাহা জন্ত সাহেবকে বিশেষরূপে জানান্ এবং জন্ত সাহেব তাহার বিষয়ে যেমত বিহিত বুবোন্ সেইমত ছকুম দিবেন। ১৮৩৮ সালের ২৮ সেপ্টেম্বরের সরকুলের অর্ডরের ও দফা।
- ৫১। অতএব যদি সেই আপীলের আরজী সর্ম প্রকারে দাঁড়ামত ও উপযুক্ত হয় তবে সিরিশ্তাদার অথবা অন্য প্রধান আমলার কর্ত্তব্য যে তাহা আরজীর পৃষ্ঠে তথফ্রণাথ লিখিয়া তাহাতে আপনি দস্তখ্য করেন্। তাহার পর মোকদ্রমার আসল রোয়দাদ্র আর্থাথ মিসিল আপীলের আরজীর শামিলে রাখিতে ক্রকুম দেওয়া যাইবেক তাহার অন্তিপ্রায় এই যে ১৮৩১ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণের লিখিত বিধির অনুসারে যখন জজ সাহেব আপীল শুনেন তথন যে ডিক্রীর উপর আপীল হইয়াছে তাহা যথার্থ কি না ইহা তাঁহার বোধ হওনের নিমিন্ত রোয়দাদের যে ভাগ দৃষ্টিকরা আরশ্যক বোধ হয় তাহা দৃষ্টি করিতে পারেন্। যেহেতুক ঐ ১৮৩১ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণানুসারে কার্য্য করিতে ১৮৩১ সালের ৭ আইনের দ্বারা জিলা ও শহরের জজ সাহেবের প্রতি ছকুম হইল। সদর আদালত জানাইতেছেন যে সামান্যতঃ যে দিবসে আপীলের আরজী দাখিল হয় সেই দিবসে নিদানে তাহার পর কাছারীর দিবসে সিরিশ্তাম্ভারের দ্বারা মোকদ্রমার কাগজপত্র তহকীক করণের এবং মোকদ্রমার রোয়দাদ অর্থাথ মিসিল আপীলের আরজীর শামিল রাখিবার ছকুম দেওনের কিছু বাধা নাই। ১৮৩৮ সালের ২৮ সেপ্টেয়রের সরকুলর অর্ডরের ৪ দফা।
- ৫২। জিলা ও শহরের আদালতের সাহেবদিগের উচিত যে মোকদমার আসল রোয়দাদের শামিলে থাকা ফয়সলনামা দৃষ্টি করিয়া যদি ঐ আপীলের

দর্থাস্ত নির্পিত জামিনী এমত আপীলের দর্থাস্ত শ্বনা যাওনের অর্থে আইনেতে যে মিয়াদ নিরপন আছে দেই মিয়াদের মধ্যে উপরের নির্দারিত মতে দাখিল হয় তবে দে দর্থাস্ত মঞ্রুর করেন্ ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ৮ ধা। ৩ প্র।

- eo। জাবেতামত আপীল মঞ্জুরকরণের নিমিত্ত **জন্ম সাহেবের কেবল এই বিষ**য় নিশ্চয় করিয়া জাননের আবশ্যক আছে যে আপীলের নির্দিট মিয়াদ অতীত হয় নাই এবং আ-পীলের দর্থান্ত নির্দিট ইট্টাম্প কাগন্তে লেখা গিয়াছে (১৮৩২ সালের ২৪ আগট তারিখের ৬০ নমুরী সরকালর অর্ডর দেখা কিন্তু আপীল নথীর শামিল করা গেলে এবং অননির নিমিত্ত উপত্তিত হইলে ঘদাপি রেস্পাতেন্টের উপর ছকুম স্বারী হওনের পর অথবা ১৮৩১ সালের ৫ আইনের ১৬ ধারার ৩ প্রকরণের বিধানানুসারে জন্স সাহেতের এইমত দুফ হয় যে আপেলাউকে প্রথম বিচারকারি আদালত উচিতমত এত্তেলা দিয়াছি-লেন এবং ঐ আদালতের জজ সাহেব কার্য্যের নির্মানুসারে এবং গবর্ণমেন্টের আইনানু-সারে ঐ মোকলমার নিষ্পত্তি করিয়াছিলেন এবং যদি আরো দুষ্ট হয় যে আপেলাউ জ্ঞটির যে কারণ জানাইয়াছেন তাহা অনর্থক এবং অমূলক অথবা তিনি জানিয়া শুনিয়া অধস্থ আদালতে হাজির হইতে ফুটি করিয়াছিলেন তবে এই আদালতের সপষ্ট বোধ হয় যে ঐ আপীল ডিস্মিস করা উচিত। ইহাতে জজ সাহেব জাত হইবেন যে কোন মোকদ্মা যদি প্রথম বিচারকারি আদালতে আইনমতে ডিক্রী হইয়া থাকে তবে তাহা একতর্ফাতে ডিক্রী হইয়াছিল কেবল ইহাতে গোড়াগুড়ি বিচারকরণের নিমিত্ত ফিরিয়া পাঠাওনের অথবা আসল মোকদমার আপেলান্টের অজুহাৎ বিবেচনা করিবার উপযুক্ত কারণ নহে। লের ১২ মার্চের সরক্যুলর অর্ভরের ২ দফা।
- ৫৪। সদর আদালতের আজাক্রমে তোমাকে এই আদেশ করিতেছি যে আপীলহত্তয়া যে সমস্ত মোকদমার ডিক্রী করিবা সেই সকল ডিক্রীর মধ্যে ঐ মোকদমা যে তারিখোঁ
  তোমার অথস্থ আদালতে তজবীজ ও বিচারের নিমিত্তে অর্পণ হইয়াছিল তাহা লিখিবাঁ।
  এবং অচিহ্নিত ফ্রিরকদিগকে এমত তকুম করিবা যে সেইরূপ মোকদমায় তাঁহারদের
  আসল ডিক্রীতে সেইরূপ সংবাদ লেখেন। ১৮৪০ সালের ১৪ আগস্টের সরকালর অর্ডর।
- ৫৫। যে টাফার বাবং নালিশ হইয়াছিল তাহার অর্দ্বেকর ডিক্রী হইল কিন্তু আদান মার আপীলকরাতে আপীল আদালত বোধ করিলেন যে সমুদর টাকার ফরিয়াদীর পক্ষে ডিক্রী করা উচিত ছিল। তাহাতে সদর আদালত বিধান করিলেন যে ফরিয়াদী যদি স্বর্ম সেই ডিক্রীর বিষয়ে ওজর না করিয়া থাকে তবে তাহার উপকারের নিমিত্ত অধস্থ আদালতের ডিক্রী সংশোধন হইতে পারে না। ৮৬৮ নমুরী আইনের অর্থ।
- ৫৬। জিলার আদালতে নানা ব্যক্তির প্রতিকূলে ডিক্রীহওয়াতে তাহার মধ্যে এক জনমাত্র সদর আদালতে আপীল করিল অন্যেরা আপীল করিল না তাহাতে জিজাসা হইল যে এইমত আপীলী মোকদমার বিচারকরণেতে সদর আদালতের উপযুক্ত বোধ হইলে যে সকল ব্যক্তির প্রতিকূলে জিলার আদালত ডিক্রী করিয়াছিলেন সেই প্রত্যেকের বিষয়ে ঐ সদর আদালত বিচার করিতে পারেন্ কি জিলার আদালতের ডিক্রীর যে ভাগে আপীলকরণিয়া ব্যক্তির হস্ত ও লাভ আছে কেবল সেই ব্যক্তির সম্পর্কে মোকদমার বিচার করিতে পারেন্। তাহাতে আলাহাবাদের সদর আদালত কহিলেন যে কেবল শেষোক্ত ব্যক্তির হস্ত ও লাভতর বিষয়ে আপীল আদালত বিবেচনা করিতে পারেন্ আমারদের এমত বোধ হয় কিন্তু কলিকাতান্থ সদর আদালতে কি ব্যবহার চলন আছে তাহা আমরা অবগত হইতে চাহি। এই বিষয়ে যে নিয়ম ধার্য্য হয় তাহা জজ সাহেব কি প্রধান সদর আমীনের বিচারিত মোকদমার সকল আপীলের বিষয়ে খাটিবেক। ৯৯৭ নয়রী আইনের অর্থ।
- ৫৭। তাহাতে কলিকাতান্থ সদর আদালত কহিলেন যে যে ব্যক্তিরা আপীল করে কেবল সেই ব্যক্তিরদের আপত্তির বিষয়ে আপীল আদালতের বিচার করা উচিত কিন্দ যথান যথার্থ বিচারহওনের নিমিত্তে অত্যাবশ্যক বোধ হয় তথান ডিক্রীর ছারা যে সকল

ব্যক্তির লাভালাভ হয় সেই প্রত্যেক ব্যক্তির প্রতি দৃষ্টি রাখিয়া আপীল আদালতের ডিক্রী-করা উচিত। ৯৯৭ নমুরী আইনের অর্থ।

- ৫৮। মুনদেফ কি সদর আমীনের করা ফয়সলার উপর আপীল হইলে জিলা কিয়া শহরের জজ সাহেবের করা নিফান্তি চূড়ান্ত হইবেক চলিত আই-নের লিথিত কোন হুকুম তাহার বিপরীত হইলেও তাহাতে নিষেধ হইবেক নাইতি। ১৮৩১ সা। ৫ আ। ২৮ ধা। ১ পু।
- ৫৯। বিধান হইল যে অধন্থ আদালতের ডিক্রীর উপর আপীলের দরখান্ত শুনিবার বিষয়ে যে ক্ষমতা ১৮৩১ দালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণের দারা সদর দেওয়ানী আদালতে অর্পণ হইল সামান্য আইনানুসারে ঐ আদালত যে প্রকার আপীল শুনিতে পারেন্ কেবল তাহার বিষয়ে দেই ক্ষমতানুসারে কার্য্য করিতে হইবেক। অতএব সদর আমীন ও মুনসেফেরদের নিম্পত্তির উপর আপীল হইলে জিলা ও শহরের জজ সাহেবের। যে ডিক্রী করেন্ সেই ডিক্রীর উপর কোন আপীল সদর আদালত শুনিতে পারেন না যে-হেতুক ১৮৩১ সালের ৫ আইনের ২৮ ধারাতে গুকুম আছে যে সেই আপীলের মুখে জিলা ও শহরের জজ সাহেবেরা যে নিম্পত্তি করেন্ তাহা চূড়ান্ত। ৬৮৮ নম্বরী আইনের অর্থ।

#### ৪ ধারা।

বিলায়তের সনদ অপ্রাপ্ত অর্থাৎ অচিহ্নিত বিচারকেরদের ডিক্রীর উপর জি-লার জজ সাহেরের নিকটে আপীলকরণের মিয়াদ।

- ৬০। এবং এই ধারাক্রমে হুকুম হইল যে ইঙ্গরেজী ১৮৩২ সালের ৭ আইনের ২ ধারার ২ প্রকরণ রদ হইল এবং যে সকল স্থলে প্রধান সদর আমানের করা বিচার কিয়া হুকুমের উপর আইনমতে জিলা বা শহরের জজ আহেবের আদালতে আপীল হইতে পারে সেই আপীল যদ্যপি প্রধান সদর আমানের করা নিষ্পান্তির কি হুকুমের তারিথের পর ৩০ দিন মিয়াদের মধ্যে না করা যায় তবে তাহা গ্রাহ্য হইবেক না এবং ঐ ৩০ দিন মিয়াদ ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ আইনের ৮ ধারার ১০ প্রকরণের লিখিত বিধানানুসারে গণনা করা যাইবেক কিন্তু যদ্যপি এমত প্রমাণ হয় যে আপেলাট তাহার অনিবার্য বাধাপ্রযুক্ত মিয়াদের মধ্যে আপীল করিতে পারে নাহি তবে ঐ মিয়াদ অতীত হইলেও তাহা গ্রাহ্য হইতে পারে ইতি।—১৮৩৭ সা। ২৫ আ। ১ ধা।
- ৬১। আলাহাবাদের জজ সাহেবের জিজাসাকরাতে বিধান হইল যে মুৎফরককা বিময়ে মুনসেফেরদের প্রকুমের উপার আপীলকরণের মিয়াদ আপীলহওয়া প্রকুমের তারিশা
  অবধি গণ্য করিতে হইবেক কিন্তু প্রকুমের নকলের দর্থান্ত করিলে পর তাহা প্রস্তুত করিতে
  যত কাল লাগে তাহা ঐ মিয়াদের মধ্যে ধরা ঘাইবেক না। মুনসেফের ঐ প্রকুমের নকল
  শাদা কাগজে দিতে হইবেক।

মন্তব্য কথা। নকল পাইবার দরখান্তের তারিখ এবং তাহা দিবার নিমিতে প্রস্কৃত হওনের তারিখ ঐ ছকুমের নকলে মুনদেফেরদের সর্বাদাই টুকিয়া রাখিতে হইবেক। ১৩২৩ নম্বরী আইনের অর্থ।

৬২। সদর আমীন কি মুনদেফের করা ফয়দলার উপর আপীলকরণের মিয়াদ পুর্বের মত ৩০ ত্রিশ দিন নিরুপিত থাকিল এই প্রকরণের আপীল-করণের মিয়াদ ও পুর্বের লিখিত দুই প্রকরণের আপীলকরণের নিরুপিত মিয়াদ ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ আইনের ৮ ধারার ১০ প্রকরণের লেখা ত্রুমানুসারে হিলাব করা যাইবেক ইতি।—১৮৩২ সা। ৭ আ। ২ ধা। ৩ প্র।

৬৩। জজ সাহেবের ক্ষমতা আছে যে যদি মুনসেফের হুকুমের উপর আ-পোলট আপীলের দর্থাস্ত নিরুপিত মিয়াদ গত হইলে পর দাখিল করে ও মিয়াদের মধ্যে তাহা দাখিল করিতে না পারিবার বিশিষ্ট হেতু তাঁহার হজুরে জাহির করে তবে তাহার আপীলের দর্থাস্ত মঞ্জুর করেন্ ইতি।—১৮১৪ সা। ২৩ আ। ৪৬ ধা। ১ প্র।

৬৪। সদর আদালত জানাইতেছেন যে সাবেক নিযুক্তহওয়া মুনদেফেরদের বেদাঁড়া ডিক্রী নিবারণার্থ ১৮১৪ সালের ২৩ আইনের ৪৫ ধারার ৬ প্রকরণ নির্দিষ্ট হয় কিন্তু ১৮৩১ সালের ৫ আইনানুসারে যাঁহারা মুনদেফা কর্মে নিযুক্ত হইয়াছেন তাঁহারা পূর্কাণক্ষা মান্য ও গুণশালী এইপ্রযুক্ত তাঁহারদিগকে পূর্কাপেক্ষা অধিক ক্ষমতা দেওয়া গিয়াছে এবং তাঁহারদের বিষয়ে ঐ ১৮১৪ সালের ২৩ আইনের ৪৫ ধারারও প্রকরণ থাটে না। এবং ১৮৩১ সালের ৫ আইনের ২২ ধারা এবং ১৮৩২ সালের ৭ আইনের ৭ ধারার অনুসারে অন্যান্য আদালতের ডিক্রীর বিষয়ে যে সাধারণ বিধি হইয়াছে সেই সাধারণ বিধি মুনদেফেরদের ডিক্রীর বিষয়েও থাটে। অতএব সদর আদালত বোধ করেন্ যে তাঁহারদের ডিক্রীতে কিছু বেদাঁড়া বা অসঙ্গত হইলেও নির্ক্রপিত মিয়াদ অতীত হওনের পর উাহারদের ডিক্রীর উপর কোন আপীল লওয়া যাইতে পারে না কিন্তু যদ্যপি দেই মিয়াদের মধ্যে আপীল না করণের কোন মাতবর হেতু দর্শান যায় তবে আপীল লওয়া ঘাইতে পারে। ৯৭৯ নয়রী আইনের অর্থের ৩ দফা।

৬৫। উচিত বুকা গেল যে চলিত আইনের লিখনানুমারে মোকদ্মার আপীলকরনের বিষয়ে যে পৃথক্থ মিয়াদ নিরপণ হইয়াছে সেইং মিয়াদের প্রথম দিবসের গণনা যে দিবস ফরিয়াদী ও আসামী কিয়া তাহারদিগের উকীলের স্থানে আদালতের কাছারীর মধ্যে ডিব্রুর নকল দেওয়া যায় কিয়া আইনানুসারে তাহারদিগেরে দিবার নিমিত্তে অগ্রে রাখা যায় সেই দিবস্থাইতে হইবেক কিন্তু এমতে ফরিয়াদী ও আসামী কিয়া তাহারদিগের উকীলের হাজির না থাকিলে সে মিয়াদের প্রথম দিবসের গণনা যে দিবস তাহারদিগেরে দিবার নিমিত্তে ডিব্রুর নকল প্রস্তুত করিয়া রাখা গিয়াছিল সেই দিবসহইতে হইবেক পরে এ বিষয়ে জজ সাহেব কিয়া রেজিন্টর সাহেব অথবা কমিসানর লোক যাহার চলিত আইনের অনুসারে আপনং কৃত্ত ডিব্রুর উপর দস্তথ্য করিতে হয় তাঁহার উচিত যে ডিব্রুর নকল দিবার নিমিত্তে অমুক তারিখে এ নকল প্রস্তুত ইইয়াছিল কিন্তু অমুক কারণে দেওয়া হয় নাহি ইহা ঐ ডিব্রুর নকলের উপর লিখিয়া রাখেন্।—১৮০৫ সা। ২ আ। ৮ ধা।

৬৬। জানা কর্ত্তর্য যে এমত মোকদ্দমার আপীলের দর্থান্ত শুনা যাওনের অর্থে যে মিয়াদ নিরপণ আছে দেই মিয়াদ ডিক্রীইওনের তারিথহইতে
হিসাব করা যাইবেক কিন্তু যে তারিথে আপেলাণ্ট ইন্টাম্পুকাগজ দাখিল
করে দেই তারিথঅবধি যে তারিথে আপেলাণ্টকে ডিক্রীর নকল দেওয়া
যায় কি তাহাকে দিবার নিমিত্তে চলিত আইনমতে উপস্থিত করা যায় দেই
তারিথপর্যান্ত যে কএক দিবস গত হয় তাহা ঐ মিয়াদের মধ্যে ধরা যাইবেক
না ও তাহাতে যে কএক দিন গত হয় তাহা আদালতের সাহেবের এই ধারার
১ প্রকরণের অনুসারে ডিক্রীর পৃষ্ঠে যে২ কথা লেখা উচিত তাহা দৃষ্ঠি করি
লেই বুনিতে পারিবেন ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ৮ ধা। ১০ প্র।

৬৭। জানান যাইতেছে যে আপীলকরণের নিরূপিত মিয়াদের মধ্যে মুদলমানের কি হিন্দুর কোন পরব অথবা নির্দিষ্ট বিল্লামের দিন পড়িলে

পূর্বের লিখিত মিয়াদের নূানতা হইবেক না কিন্তু কোন পরব কি বিশ্রামপ্রযুক্ত আদালত বন্দ হইলে যদি সেই দিন পূর্বেক্তি মিয়াদের শেষ দিন হয়
তবে পুনরায় আদালত আরম্ভ হইবামাত্র আপেলাণ্ট দর্থাস্ত করিলে তাহার কোন অপরাধ হইবেক না ইতি।—১৮৩২ সা। ৭ আ। ২ ধা। ৪ প্র।

৬৮। কোন জিলার জজ সাহেব সদর দেওয়ানী আদালতে লিখিলেন যে জাবেতামত যে আপীলের দরখান্ত একেবারে সদর আদালতে দেওয়া যায় সেই আপীল করণের নির্ক্তির মিয়াদ হিসাব করণেতে জিলার আদালতে ইন্টাম্পকাগজ দাখিলকরণ অবধি ঐ ডিক্রীর নকল আপেলান্টকে দেওন কিয়া দিতে প্রস্তাব করণপ্র্যান্ত যত দিন গত হয় তাহা ১৮১৪ সালের ২৬ আইনের ৮ ধারার ৭।৮।৯।১০ প্রকরণের নির্ক্তির মতের বিক্তের এই আদালতে এইপ্র্যান্ত ধরা য়াইতেছে কিন্তু আমার বোধ হয় যে ঐ ধারার ১০ প্রকরণের নিতান্ত এই অভিপ্রান্ত ছিল সেই সকল দিন ঐ মিয়াদের মধ্যে ধরা যাইবেক না। তাহাতে সদর আদালত উত্তর করিলেন যে জজ সাহেব এই বিষয়ে যাহা ঠাহরাইয়াছেন তাহা অতিম্থার্থ এবং কি জাবেতামত কি সরাসরী কি খাস আপীল সকল আপীলকরণের মিয়াদের হিসাব করণেতে সেই সকল দিবস ধরিতে হইবেক না। ৪১৩ নম্বরী আইনের অর্থ।

৬৯। কলিকাভাস্থ সদর আদালতের অধিকাৎশ জজ সাহেবেরদের সমতিক্রমে আলাহাবাদের সদর আদালতের অধিকাৎশ জজ সাহেবেরা বিধান করিলেন যে যে মোকদমার আপীল হইতে পারে পরস্তু আপীল গুজরাণ যায় নাই এমত মোকদমার যদি কোন ব্যক্তি ১৮১৪ সালের ২৬ আইনের ৪ ধারার ২ প্রকরণানুসারে তাহার পুনর্শ্বিচারের নিমিন্ত দর্থান্ত করে এবং সেই দর্থান্ত মঞ্জুর না হয় তবে প্রথম ডিক্রীর উপর জাবেভামত আপীলকরণের যে মিয়াদ আইনে নিরূপণ আছে তাহা হিসাবকরণেতে অধস্থ আদালতে তাহার পুনর্শ্বিচারের দর্থান্ত যত কাল উপস্থিত ছিল তত কাল ঐ মিয়াদের মধ্যে না ধরিতে সেই ব্যক্তি আপন হক বলিয়া দাওয়া করিতে পারে না। কিন্তু যদি সেই ব্যক্তি আইনের নিরূপিত ঘিয়াদের মধ্যে তাহার আপীলের দর্থান্ত না দেওনের এই কারণ জানায় যে পুনর্শ্বিচারের দর্থান্তপ্রযুক্ত তাহার মোকদ্মা অধস্থ আদালতে উপস্থিত ছিল তবে ঐ আপীল আদালতের উচিত যে সেই কারণের বিষয় বিবেচনা করিয়া বিলম্বের অন্য কোন কারণ দর্শান গেলে যেরপ হইত সেইরপে মোকদ্মার বৃত্তান্ত বুঝিয়া যেমত যথার্থ ও উচিত বোধ হয় সেমতে ঐ কারণ মঞ্কুর করেন্ কি না করেন্। ১১২৭ নম্বরী আইনের অর্থ।

### ৫ ধারা।

রেল্লাণ্ডেণ্টকে তলব না করিয়া অধস্থ আদালতের ডিক্রী বহাল রাথিতে অথবা তাহা ছানা তজবীজের নিমিত্ত ফিরিয়া পাচাইতে জিলার জজ সাহেবের ক্ষমতা।

৭০। যথন কোন মুনদেক কি দদর আমীন কি প্রধান দদন আমীনের নিষ্পত্তিকরা মোকদ্দমার উপর জিলা কি শহরের জজ সাহেবের নিকটে আপীল হইবেক তথন প্রথমতঃ কোন হকুমনামা রেম্লাণ্ডেণ্টের নিকটে পাঠাইনার আবশ্যক হইবেক না আর আপেলাণ্ট কিয়া তাহার উকীলের সমক্ষেপ্রথমত উপস্থিতহওয়া মোকদ্দমার রোয়দাদ ও আপীলের দর্থান্ত পাঠ করিলে যদি জজ সাহেব যে নিষ্পত্তির উপর আপীল হইয়াছে ঐ নিষ্পত্তির অন্যথা কি মতান্তর করিতে কোন হেতু না দেখেন্ তবে তাহা বহাল রাথিতে পারেন্ এবং তাহা বহাল রাথিবার হকুম যে আদালতের নিষ্পত্তির উপর আপীল হইয়া থাকে দেই আদালতের মারক্ষং রেম্লাণ্ডেণ্টের নিকটে পাঠাইবিন যে ডিক্রা জারা করিবার নিমিত্তে শাঘু যাহাং কর্ত্বিয় তাহা করিতে পারে ইতি।—১৮৩১ সা। ৫ আ। ১৬ ধা। ৩ প্র।

৭১। ১৮৩১ সালের ৫ আইনের ১৬ ধারার ও প্রকরণে যে "রোয়দাদের" কথা লেখা আছে তাহার অর্থের বিষয়ে দন্দেহ হওয়াতে সদর আদালত বিধান করিলেন যে ঐ কথা কেবল ডিক্রীর রুবার এমত নহে কিন্তু তাবং মিদিল বুঝায়। পরন্তু সেই প্রকরণের এমত অভিপ্রায় নহে যে জজ সাহেবের প্রত্যেক মোকদ্দমার প্রত্যেক কাগজ পাঠ করিতেই হইবেক কিন্তু আপীলহওয়া ডিক্রী যথার্থ ইহা মনঃপ্রত্যয় হইবার জন্য আদল মোকদ্দমার মিদিলের যে২ কাগজ পাঠকরা আবশ্যক তাহামাত্র পাঠ করিবেন। ১৮৩৬ সালের ১৯ আগস্টের সরক্যলর অর্ডর।

- ৭২। কোন অধীন আদালতের ফয়দলা কিয়া ভ্কুমের উপর হওয়া আপীলী মোকদ্দমার বিচারে কিয়া আপীলের কোন আরজী শুননিতে যদি **সদর দেওয়ানী আদালতের এক জন জজ সাহেব এমত বোধ করেন্ যে ঐ** ফয়দলা কিম্বা হুকুম যথার্থ ও তাহা পরিবর্ত্ত করিবার যথেষ্ট হেতু দেখা না যায় তবে তাঁহার ক্ষমতা আছে যে তাহা নম্বরবিলি না করিয়া প্রতিবাদিকে তলবকরণব্যতিরেকে আর বিষয়বিবেচনাতে সমৃদয় রোয়দাদ পুনর্দ্ধি করিয়া কি না করিয়া তাহা বহাল রাথেন্ কিন্তু যদি এক জন জজ সাহেব এমত বুকেন্ যে যে ফয়দলা কি ল্কুমের উপর আপীল হইয়াছে তাহা মুষ্টরূপে অযথার্থ কিম্বা কোন চলিত আইনের বিরুদ্ধ কিম্বা হিন্দুর শাস্ত্রেরও মৃসলমানের শরার মতের কিয়া অন্য যে কোন শাস্ত্র ঐ বিষয়ে থাটে তাহার বিরুদ্ধ কিয়া তাহা উপযুক্ত বিচারকরণব্যতিরেকে জারী হইয়াছে কিয়া তাহা স্লফ্টরূপে মিখ্যা কল্পনীমূলক হয় অথবা ঐ বিরোধি বিষয়ের সহিত সম্পর্ক না রাথে আর উপ-রের লিখিত কোন হেতুপ্রযুক্ত তাহা পরিবর্ত্ত কি ওধরিবার যোগ্য হয় তবে ঐ এক জন জজ দাহেবের উচিত যে আপীলী মোকদ্দমার রোয়দাদ কি কয়-দলা কিয়া হুকুমেতে যে দকল বেদাঁড়া ও অবিধি কিয়া অন্য কোন স্লফ দোষ-থাকে তাহা ত্রুমনামাতে লিথিয়া যে আদালতহইতে ত্রুম কি ফয়দলা জারী হইয়াছে ঐ আদালতের সাহেবের নিকটে পাচান্ এব~ তাহাতে ঐ সাহেবকে ভাহা পুনর্দ্দটি করিতে এবং ঐ মোকদ্দমাতে ন্যায় ও আইন মতাচরণ করিতে হুকুম দেন্ ইতি।—১৮৩১ দা। ১ আ। ২ ধা। ২ প্র।
- ৭৩। এই ধারাক্রমে হুকুম হইল যে বাঙ্গলা দেশের ইঙ্গরেজী ১৮৩১ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণক্রমে সদর দেওয়ানী আদালতের এক জন জজ সাহেবকে যে ক্ষমতার্পণ হইয়াছে বাঙ্গলা দেশের ফোট উলিয়মের রাজধানীর অধীন রাজ্যের কোন জিলা বা শহরের আদালতের জজ সাহেবের প্রতি দেই ক্ষমতানুসারে কার্য্য করিতে হুকুম হইল ইতি।—১৮৩৮ সা। ৭ আ।
- ৭৪। ১৮৩১ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণের অকুমমতে জজ সাহেবের উচিত যে মোকদ্দমার নম্বর না মানিয়া যত শীঘু হইতে পারে তত শীঘু আপেলান্ট অথবা তাহার উকীলের সম্মুখে আপীলের দরখান্ত এবং রোয়দাদের যে২ ভাগ পাঠকরা আবশ্যক বোধ হয় তাহা পাঠ করেন। এবং তাহা সম্পূর্ণরূপে বিবেচনা করিয়া যদি আপীলহওয়া ডিক্রী যথার্থ হইয়াছে বোধ করেন্ তবে তাহা বহাল রাখেন্ এবং রেম্পাণ্ডেন্ট ঐ ডিক্রী জারীকরণার্থ আগোণে উদ্যোগ করিতে পারে এ নিমিত্ত ১৮৩১ সালের ৫ আইনের ১৬ ধারার ৩ প্রকরণের অকুমমতে যে আদালতের ডিক্রীর উপর আপীল হইয়াছিল সেই আদালতে ঐ ডিক্রী বহালহওনের অকুমের সম্বাদ দিবেন। ১৮৩৮ সালের ২৮ সেপ্টেম্বরে সর্কুলের অর্ডরের ৫ দক্ষা।

৭৫। সদর আদালত অবগত হইয়াছেন যে কোন এক আদালতে আপীলের দর্থান্ত
দাখিল হইলে জন্ত সাহেব আপেলান্টকে এমত ত্তুম দিলেন যে সেই ব্যক্তি তিন দিনের
পর হাজির থাকে এবং যে দিবসে তাহার আপীলের বিচার হইবেক সেই দিবসে
আপনি অথবা উকীলের দ্বারা হাজির হয় এবং হাজির না হইলে তাহার মোকদ্মা ডিসমিদ
হটবেক অথবা নথীহইতে উঠান যাইবেক। তাহাতে সদর আদালত ত্তুম করিলেন যে
আপেলান্ট স্বয়্থ অথবা উকীলের দ্বারা হাজির না হইলে জন্ত সাহেবের আপীলী মোকদ্দ
মায় যাহা২ কর্ত্ব্য তাহা ১৮৩১ সালের ৫ আইনের ১৬ ধারার ৩ প্রকর্ণ এবং ১৮৩৮
সালের ৭ আইনে লেখা আছে অতএব তাহাতে দৃষ্টি রাখিয়া তাঁহারা কার্য্য করেন্। ১৮৩৯
সালের ২৩ আগন্টের সরক্যুলর অর্ডবের ১ দফা।

৭৬। ১৮৩২ সালের ২৪ আগন্ট তারিখের সদর আদালতের সরকুলর অর্ডরে এমত প্রকুম আছে যে ১৮৩১ সালের ৫ আইনের ১৬ ধারার বিধির অনুসারে যে আপীল হয় তাহা জাবেতামত আপীলের ন্যায় জান হইয়া রেসপাণ্ডেটকে প্রথমে তলব না করিয়াও একেবারে নথীর শামিল করা যাইবেক অতএব ১৮১২ সালের ৫ নবেয়র তারিখের সরকুলের অর্ডরের বিধি এমত সকল মোকদমার সঙ্গে সম্পর্ক রাখে এবং আপীলের দরখান্তের শ্বননির সময়ে যদ্যপি আপেলাট হাজির না থাকে তবে ঐ ১৮১২ সালের ৫ নবেয়রের সরকুলের অর্ডরের অনুসারে কার্য্য করিতে হইবেক। ১৮৩৯ সালের ২৩ আল্ডাইর সরকুলের অর্ডরের ২ দফা।

[কিন্ত ১৮১২ সালের ৫ নবেম্বরের বিধি ১৮৪১ সালের ২৯ আইনের ছারা একপ্রকার মতান্তর হইয়াছে সেই আইন দেখা।]

৭৭। সদর আদালত বিধান করিতেছেন যে এমত সকল গতিকে আপেলান্টের আ-পীল ডিসমিস বা নামঞুর হইয়াছে জজ সাহেব এইমাত কথা আপন হুকুমনামাতে লিখি-'বেন না। কিন্তু অধস্থ আদালতের ডিক্রী বহাল রহিল ইহা লিখিবেন। কিন্তু সদর আ-দালত বোধ করেন্ যে জাবেতামত ডিক্রী প্রস্তুতকরণের জজ সাহেবের আবশ্যক নাই অর্থাৎ যে আদালতে মোকদমার প্রথম বিচার হইয়াছিল দেই আদালতের করা সকল কার্য্যের বেওরা ডিক্রীতে লিখনের আবশ্যক নাই। জজ সাহেবের এইমাত্র আবশ্যক যে আপীল-হওয়া ডিক্রী বহালরাখণের এক সংক্ষেপ হুকুম লেখেন্ এবং সেই হুকুমের মধ্যে অধস্থ আদালতের ডিক্রীর উপর আপেলাট যে সকল ওম্বর করিয়াছিল তাহার ধোলাসামাত্র লেখেন্। সেই খোলাসা লিখনের অভিপ্রায় এই যে ঐ মোকদমার যদি খাস আপীল হইতে পারে তবে যে আদালতে ঐ আপীল হয় সেই আদালত একেবারে দেখিতে পারি-বেন যে আপেলাণ্ট জল সাহেবের নিকটে যে২ ওলর করিয়াছিল তাহাছাড়া কোন নৃতন ওজর করিতেছে কি জাবেতামত আপীলে যে ওজর জজ সাহেব নামশ্বুর করিয়াছিলেন সেই ওজর পুনর্কার করিতেছে। কিন্ত জজ সাহেবের ঐ তকুম জাবেতামত ডিক্রীর ন্যায় জ্ঞান করিতে হইবেক এবং তাহার তুলা বলবং হইবেক। অতএব যথন উভয় বিবাদী সেই হুকু-মের নকল পাইবার নিমিত্ত দর্থাস্ত করে তথন জজ সাহেবের আদালতের ডিক্রীর নকল যে পরিমাণ ও যে মুলোর ইন্টাম্প কাগজে লইবার তুকুম আছে দেই পরিমাণ ও দেই মুল্যের ইফ্টাম্প কাগজে ঐ হুকুমের নকল লইতে হুইবেক। ১৮৩৮ সালের ২৮ সেপ্টেম্বরের সরক্যুলর অর্ডরের ৬ দফা।

সর্কুগণর অভবের তর্ম সাহেব জিল্লাসা করিলেন যে সদর আমীন ও মুনসেফেরদের

পি । জিলার জজ সাহেব জিল্লাসা করিলেন যে সদর আমীন ও মুনসেফেরদের

ডিক্রীর উপর আপীল হইলে যেপর্যান্ত জজ সাহেব ডিক্রী এবং অন্যান্য কাগজ পাঠ করি
য়া ঐ আপীল মঞ্চুর করিতে নিশ্চয় না করেন্ এবং যেপর্যান্ত রেক্সাণ্ডেন্টকে ভলব না করেন্

এবং ঐ আপীল নথীর শামিল করিতে হুকুম না দেন্ সেইপর্যান্ত ঐ আপীলের দর্খান্ত

মুংফর্ককা দর্খান্তের ন্যায় জান করিতে হুইবেক কি না। ভাহাতে সদর আদালত বি
যান করিলেন যে ইহার পূর্বে আপীলের বিষয়ে যে২ নিয়ম চলন ছিল ১৮৩১ সালের

৫ আইনের ১৬ ধারার ও প্রকরণের দ্বারা সেই২ নিয়মের এইমাত্র বৈলক্ষণ্য হইয়াছে যে ঐ ও প্রকরণের দ্বারা জজ সাহেব রেম্পাণ্ডেন্টকে হাজির হইতে প্রকুম না দিয়া অধন্থ আদালতের ডিক্রী বহাল রাখিতে পারেন্। অতএব পূর্বে যেরূপ ব্যবহার হইয়া আদিতেছিল তাহাতে এইমাত্র বিশেষ করিতে হইবেক যে আপীলের আর্জীর জওয়াব দিবার নিমিন্ত রেম্পাণ্ডেন্টের তলব হওনের পূর্বে তাহার কোন খরচা লাগিতে পারে না এইপ্রযুক্ত জওয়াব দিবার নিমিন্ত রেম্পাণ্ডেন্টকে তলবকরণের পূর্বে আপেলান্টের স্থানে ঐ খরচার মালজামিনের দাওয়া করিতে হইবেক না। আপীল গ্রাহাকরণের পূর্বে আপীলের আর্জী ও ডিক্রী পাঠকরণের আবশ্যক নাই জজ সাহেবের এইমাত্র আবশ্যক যে আপীলের নির্কৃপিত মিয়াদ অতীত হয় নাই এবং আপীলের আর্জী নির্কৃপিত মুল্লের ইন্ট্যাম্প কাগজে লেখা গিয়াছে ইহা নিশ্চয় অবগত হন্। ১৮৩২ সালের ২৪ আগন্টের স্বক্রলর অর্ডর।

- ৭৯। সদর আদালত জানাইতেছেন যে আপীলের দর্থান্ত ও ডিক্রী জন্ম সাহেব যে পর্যান্ত পাঠ না করেন্ সেইপর্যান্ত আপেলান্টকে আপনার দাওয়া সাব্যন্তকরণের নিমিত্ত নুতন প্রমাণ দর্শাইতে অনুমতি করিবেন না। ৭৯০ নম্বরী আইনের অর্থ।
- ৮০। প্রথম আপীল ঘদ্যপি আইনের নিরুপিত মিয়াদের মধ্যে করা যায় তবে দেই আপীল করিতে আপোলটের অধিকার আছে এই বোধে জজ সাহেবের তাহা গ্রাহ্য করিতেই হইবেক অতএব আসল মোকদমার রোয়দাদ পাঠকরণের পূর্ব্ধে যদি জজ সাহেব অধস্থ আদালতের ডিক্রী বহাল রাখেন্ তবে তাহাতে আপীলের দরখান্ত মঞ্জুর হয় নাই এমত জান করিতে হইবেক না কিন্তু আপীলের দোষগুণ বিবেচনা করিয়া তাহা চূড়ান্তরূপে ডিসমিদ হইয়াছে এমত জান করিতে হইবেক। ৭৪২ নয়রী আইনের অর্থ।
- ৮১। সদর আদালত জানাইতেছেন যে আপীল গ্রাহ্যকরণের বিষয়ে যে নিয়ম নির্দিষ্ট হইয়াছে তাহাতে স্কুম আছে যে আপীলের আর্জীর সঙ্গে অজুহাৎ অর্থাৎ আ-পীল করণের কারণ না লেখা থাকিলেও তাহা নথীর শামিল করা যাইতে পারে এবং সেই নিয়ম নূতন আইন না হওন বিনা অন্যথা হইতে পারে না অতএব জজ সাহেবের ইচিত নর্ধে যে আপেলান্টকে আপনার আপীলের আর্জীর সঙ্গে ডিক্রীর নকল এবং অজুহাৎ দাখিল করিতে স্কুম দেন্। ৮৬৩ নম্বরী আইনের অর্থ।
- ৮২। ১৮৩১ সালের ৫ আইনের ১৬ ধারার ৩ প্রকরণের বিধির অনুসারে যে জাপীলী মোকদমার নিষ্পত্তি হয় তাহার বিষয়ে জজ সাহেব সদর আদালতের মত জিজাসাকরিলেন। তাহাতে সদর আদালত উত্তর করিলেন যে ঐ আপীল আইনের ত্কুমমতে রোয়দাদ পাঠকরণের পর মোকদমার দোষগুণ বিবেচনাক্রমে জাবেতামত নিষ্পত্তিহওয়া আপীলের নায় জান করিতে হইবেক এবং সেইরূপ মাসিক কৈফিরতে লিখিতে হইবেক। ৮৭৮ নয়ুরী আইনের অর্থ।

### ৬ ধারা।

আপেলাণ্টকে তলব না করিয়া যে আপীলী মোকদ্মার নিচ্পত্তি হয় তাহার ইফীষ্ণ ও উকীলের রসুম ও থরচার বিষয়ি বিধি। •

৮৩। সদর আদালত ১৮৩১ সালের ১ আইনের ২ ধারার বিধির বিষয়ে নীচের লিখিত ব্যবহারের নিয়ম ধার্য্য করিয়াছেন। ৬৭৫ নমূরী আইনের অর্থের ১ দফা।

৮৪। সদর আদালত বিধান করিতেছেন যে যদি রেসপাণ্ডেটকে হাজির না করাইয়া অধস্থ আদালতের কোন ডিক্রী বহাল হয় তবে আপেলাট যে ইফ্টাম্প কাগজে আপীলের দরশান্ত লিখিয়াছিল সেই ইফ্টাম্পের মুল্যের কোন অংশ ফিরিয়া পাইবেক না এবং আ-পেলাট উকীলের যে রসুম আমানং করিয়াছিল তাহা সমুদয় ঐ উকীল পাইবেন। ৬৭৫ নমুরী আইনের অর্থের ও দফা।

৮৫। যদি রেম্পাণ্ডেন্টের হাজির হইতে তলব না হয় এবং যদি সেই ব্যক্তি তথাপি আদালতের এক জন উকীলের দারা আপীলের দরখাস্তের জওয়াব দাখিল করে তবে সেই উকীলের রুমুম ঐ রেম্পাণ্ডেন্ট আপনি দিবেক। ৬৭৫ নমুরী আইনের অর্থের ৪ দফা।

৮৬। ঘদি ডিক্রী পুনর্দ্ধি করিবার অকুম অধস্থ আদালতে পাঠান যায় তবে ১৮১৭ দালের ১৯ আইনের ৮ ধারার নির্নপিত বিধির অনুসারে আপেলাট আপন আপীলের দরখাস্তের যে ইন্টাম্পের মাসুল দিরাছিল তাহা তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক এবং যদি আপেলাট ও রেসপাওেটের উকীল হাজির ছিল তবে তাঁহার। নির্নপিত রসুমের চারি অংশের এক অংশের অধিক পাইবেন না। ৬৭৫ নযুরী আইনের অর্থের ৫ দফা।

৮৭। ১৮৩১ দালের ৫ আইনের ১৬ ধারার ৩ প্রকরণের নিয়মানুদারে যে মোকদ্দার দোষগুণ বিবেচনা করিয়া নিষ্পত্তি হয় সেই যোকদ্দাতে নিযুক্ত উকীলের। আইনের নির্দিষ্ট দয়দ্য রুদুম পাইবেন। ৮৭৮ নম্রী আইনের অর্থের ৩ দফা।

৮৮। এমত মোকদমার ইক্টাম্পের মাসুলের কোন ভাগ ফিরিয়া দেওয়া যাইবেক না। ৮৭৮ নযুরী আইনের অর্থের ৪ দফা।

৮৯। সদর আদালত অবগত হইয়াছেন যে কোনং মোকদ্বয়ায় জিলার জজ সাহেব রেসপাওেটকে তলব না করিয়। অধন্য আদালতের ডিক্রী বহাল রাখিয়া রেসপাওেটের খরচা দিতে আপোলটকে তকুম করিলেন এবং যে রুমুম খাজানাখানাতে আমানং হইয়াছিল তাহা রেসপাওেটের উকীলকে দিতে তকুম করিলেন। তাহাতে সদর আদালত বিধান করিতেছেন যে এরপ ভকুমকরা বেআইনী। ১৮৩২ সালে ২৪ আগ ই তারিখের সরকুলের অর্ডরে সদর আদালত বিধান করিয়াছিলেন যে আপীলের দরখান্তের জওয়াব দিতে রেসপাওেটের তলব না হইলে তাহার কিছু খরচা লাগে না অতএব ঐ জওয়াব দিবার নিমিত্ত রেসপাওেটের তলব না হইলে সেই খরচার জামিন আপোলটের স্থানে তলব করণের আবশ্যক নাই। ১৮৩৮ সালের ২৮ সেপ্টেম্বরের সরকুলের অর্ডরের ৮ দফা।

৯০। উক্ত তাইনের মৃত্রাং এইমত অভিপ্রায় নহে যে সেই প্রকার মোকদমার আপীলের দরখান্ত পাঠকরবের সময়ে রেসপাওেটকে য়য়ং অথবা উপীলের দ্বারা হাজির হয়তে নিষেধ আছে। যন্যপি সেই রেসপাওেট আপনার ইচ্ছাপুর্বক হাজির হয় তবে উপীল নিমুক্ত করণেতে কি কারণান্তরে তাহার যে কোন খরচা লাগে তাহা তাহাকে নিজে দিতে হইবেক এবং আপেলাটের শিরে তাহা পড়িবেক না। এবং ঐ খরচার বিষয়ে অকুম করণের আবশাক নাহি। কিন্তু আপেলাটের আপীল করণেতে যে খরচা লাগিয়াছে আর্থাৎ যে খরচা আদৌ তাহার নিজে দিতে হইরাছে সেই খরচার সংখ্যা জন্ত সাহেবের ডিক্রীর নিজ্মভাগে এই কারণে লেখা উচিত যে জন্ত সাহেবের নিম্পত্তি যদি খাস আপীলক্রমে মতান্তর হয় তবে সেই খরচা দেওয়াওনের বিষয়ে উদ্যোগ হইতে পারিবেক। ১৮৩৮ সালের ২৮ সেক্টেম্বরের স্বক্তালর অর্ডরের ৯ দফা।

৯১। সদর আদালত আরো জানাইতেছেন যে উক্ত প্রকার মোকদমার যদি আপেলান্ট আপনার জাবেতামত আপালের দরখান্তের সদ্দে অথকু আদালতের ডিক্রীর এক নকল দাখিল করিয়া থাকে তবে তাহার আপাল নামপ্পুর হইলে সেই নকল তাহাকে ফিরিয়া দিতে হইবেক। এবং সদর আদালত আরো বিধান করিতেছেন যে ঐ মোকদমার যদ্যপি খাস আপাল হইতে পারে তবে আপেলান্ট খাস আপালের দরখান্তের সঙ্গে ডিক্রীর সেই নকল দাখিল করিতে পারিবেক এবং আপাল আদালত তাহার আপাল নামপ্পুর করিয়া অথকু আদালতের ডিক্রী বহাল রাখিয়া যে প্রকুম করিলেন সেই প্রকুমের এক নকল তাহার সঙ্গে দাখিল করিতে হইবেক। ১৮৩৮ সালের ২৮ সেপ্টেম্বরের সরকুলের অর্ডরের ৭

৯২। যদি রেক্পাণ্ডেটের রীজিমত তলব না হয় তবে তাহার প্রতিকূলে আদালত কোন চূড়ান্ত ডিক্রী,করিতে,পারেন্না। ৯৪৪ নম্বরী আইনের অর্থ।

[৫ অপ্যায় ৷

[অধস্থ আদালতের ডিক্রী বহালকরণের সময়ে সুদের বিষয়ে যে তুকুম দিতে হইবেক তাহার বিষয়ে চতুর্থ অধ্যায়ের ২১৯ নম্বরী বিধি দেখ।]

300

### ৭ ধারা।

মুনদেক ও সদর আমীনের ডিক্রীর উপর আপীল প্রধান সদর আমীনের নিকটে অর্পণকরণ।

১৩। উপরের লিথিত হকুম শ্বপরিবাতে এমত হকুম হইল যে জিলা কিয়া শহরের জজ নাহেবের ক্ষমতা নাহি যে কোন আপীলের নিষ্পত্তি করি-বার নিমিত্তে যদ্যপি কোন সদর আমীন উপরের লিখিত হুকুমানুসারে বিশেষ ক্ষমতা পাইয়া থাকে তথাপি তাহাকে সোপৰ্দ্দ করেন কিন্তু যথন জিলা ও শহ-রের জজ সাহেবের এমত বোধ হইবেক যে তাঁহার নিকটে এত মোকদ্মা উপস্থিত হইয়া আছে যে যেমত শীগু তাহা নিষ্পত্তি করিতে হয় দেইমত শীগু निष्मान्ति कतिएक ना পात्निन् कथन किनि मन्त्र मिख्यानी जानानएक अडे विय-য়ের বিশেষ রিপোর্ট করিবেন এব মুনসেফদিগের কিয়া সদর আমীনের-দের নিষ্পাত্তিকরা মোকল্মার উপর যেথ আপীল হইয়াছে তাহাহইতে যেথ মোকদ্দমা জজ সাহেবের বিবেচনায় এই আইনের ১৭ ধারার লিখিত হুকুমানু-সারে যে প্রধান সদর আমীন নিযুক্ত হইবেন তাঁহার নিকটে সোপর্দ করা আবশ্যক বোধ হয় তাহার সংখ্যা লিখিয়া অনুমতি পাইবার দর্থাস্ত সদর দেওয়ানী আদালতে করিবেন এমত বিষয়ে সদর দেওয়ানী আদালতের সাহেব-দিগের ক্ষমতা আছে যে ঐ দর্থাস্ত মগুর করেন্ আর উপরের ধারার লিখিত, হুকুমসকল এমত আপীলী মোকল্মাতে থাটিবেক ইতি।—১৮৩১ সা। ৫ আ। ১৬ ধা। ২ প্র।

[যে বিধির বিষয় উপরে লেখা গেল তাহা ১৮১৪ দালের ২৪ আইনের ৭ ধারার ৪ প্রকর্ণ এবং ঐ আইনের ৯ ধারার ৪ প্রকর্ণ তাহার মর্ম এই২।]

'৯৪। [১৮১৪ সালের ২৪ আইনের ৭ ধারার ৪ প্রকরণেতে ত্কুম আছে যে সদর আমীন সেইরূপ আপীলী মোকদমার বিচারকরণসময়ে ১৮১৪ সালের ২৩ আইনের ৭৫ ধারার বিধির অনুসারে কার্য্য করেন্ এবং যদ্যাপি জিলার জল সাহেব দিতীয় অর্থাৎ খাস আপীল মঞ্চুরকরণের হেতু না দেখেন্ তবে ঐ সদর আমীনের নিম্পান্তি চূড়ান্ত হইবেক। ১৮১৪ সালের ২৩ আইনের ৭৫ ধারাতে ত্কুম আছে যে সদর আমীনেরদের নিকটে সেইরূপে যে আপীল অর্পণ হয় তাহার এক স্বতন্ত্র রেজিইরী রাখিবেন এবং যে মোকদমা প্রথম্বত তাহারদের নিকটে বিচারের নিমিত্ত সোপদি হয় সেই মোকদমার সঙ্গে রাখিবেন না এবং আপীল নিম্পত্তিকরণের বিষয়ে জিলার জজ সাহেবেরদের প্রতি যেং নিয়ম নির্দিষ্ট আছে সেইং নিয়মানুসারে সদর আমীনেরা আপীলী মোকদমার নিম্পত্তি করিবেন।

৯৫। [১৮১৪ দালের ২৪ আইনের ৯ ধারার ৪ প্রকরণে জকুম আছে যে জিলার জ্ঞাল দাহেব রেজিফার দাহেবের নিকটে যে আপীলী মোকদ্দমা অর্পণ করেন্ তাহা রে-জিফার দাহেব বিচার করিবেন এবং যদি তাঁহার নিষ্পান্তির উপর জ্ঞাল দাহেব কোন দিতীয় অর্থাৎ খাস আপীল লইতে উচিত বোধ না করেন্ তবে রেজিফার দাহেবের নিষ্পান্তি চূড়ান্ত ছইবেক।]

৯৬। জিলা ও শহরের জজ সাহেবেরদের কর্ত্তব্য যে তাঁহারদের অন্যান্য কার্য্যের ক্ষতি না করিয়া যেপর্যান্ত সাধ্য হয় সেইপর্যান্ত সদর আমীন ও মুনসেফেরদের নিঞ্চাত্তির সকল আপীল দৃষ্টি করেন্ অথব। ঐ বিচারকেরা সর্কদা সতর্ক থাকেন্ এই নিমিত্ত তাঁ-

হারদের কোন ২ ডিক্রীর আপীল আপনারদের নথীতে রাথেন্। কিন্তু যথন মুনদেফ ও সদর আমীনেরদের নিম্পান্তির উপর আপীলের দরখান্ত জমাহওয়াতে কিয়া জিলা ও শহরের আদালতের কার্য্যের অনেক বাকী পড়াতে জিলার আদালতের জঙ্গ সাহেব সেই আপীল বেমত শীলু দৃষ্টি করিতে হয় দেইমত শীলু তাহা দৃষ্টি করিতে না পারেন্ তথন তাহার উচিত যে মধ্যে২ ১৮৩১ সালের ৫ আইনের ১৬ ধারার ২ প্রকরণানুসারে এবং ১৮৩২ সালের ১৯ অক্টোবরের সরকুলের অর্ডরের নির্দিট্ট পাঠক্রমে আপন অধীন প্রধান সদর আমীনের নিকটে যেমত উচিত ও উপযুক্ত বোধ হয় সেই মতে ঐ প্রকার আপীলী মোকদমার নির্দিট্ট সংখ্যা অর্পণ করিতে সদর আদালতের অনুমতি প্রার্থনা করেন্। ১৮৩৫ সালের ৬ ফেব্রুআরির সরক্যুলর অর্ডরের ২ দ্লা।

৯৭। ঐরপ দরখান্ত সদর আদালতে দেওনের সময়ে জিলার জজ সাহেবের উচিত যে নীচের লিখিত পাঠানুসারে এক কৈফিরৎ সদর আদালতে পাঠান্। এবং যদ্যপি কোন সময়ে জিলার জজ সাহেব প্রথমত উপস্থিতহওরা মোকনমার মূল্য বা সংখ্যা বুঝিয়া তাহা আপনার অধীন আদালতের বিচারকেরদের নিকটে অর্পণ না করিয়া আপনার নথীতে রাখেন্তবে দেই রূপ রাখণের হেতু ঐ কৈফিরতে লিখেন্।

জজ সাহেবেব নিকটে উপস্থিতহওয়া মোকদমা।

St 1414.00 0	112040	241 (241)	6 . of al. 1		
					সংখ্যা
11	• •	• •	• •	••	
	নিম্পত্তি	র উপর	আপী	न ।	• • .
				• • 1	
भीवा।		• •		• •	• •
••	••	••	• •		• •
					জুমলা ——
অমুক প্রধান সদর আমীনের নিকটে উপস্থিতহওয়া মোকদমা।					
র আমীন থ	াকেন ভ	বে প্রবে	য়ক জনে	ার নথীে	ত যত
ত হইবেক।]					
থমত উপস্থি	তহওয়া ৫	মাকদঃ	n		•
				৭ তাহা	অধস্থ
		• •		••	••
व्योभीन ।					
शीला।	• •	• •			• • •
	• •	• •	• •	• •	• •
					জুম্লা ——
	। র আমীনের আপীল। নীল।  নামীনের নিক র আমীন থ হ ই বৈক।] থমত উপস্থি থমত উপস্থি থমত উপস্থি থমত উপস্থি থমত উপস্থি	া।  র আমীনের নিশ্পত্তি আপীল।  বামীনের নিকটে উপ র আমীন থাকেন্ ভ ত হইবেক।] থমত উপস্থিতহওর। থমত উপস্থিতহওর হতু।  আপীল।	া।  র আমীনের নিশ্পত্তির উপর আপীল।  শীল।  শোমীনের নিকটে উপস্থিতহও র আমীন থাকেন্ তবে প্রতে ত হইবেক।] থমত উপস্থিতহওরা মোকদম প্রথমত উপস্থিতহওরা মোকদ	া।	র আমীনের নিশান্তির উপর আপীল। আপীল। নীল। নামীনের নিকটে উপস্থিতহওয়া মোকদমা। র আমীন থাকেন্ তবে প্রত্যেক জনের নথীত ত হইবেক। থমত উপস্থিতহওয়া মোকদমা। বেথমত উপস্থিতহওয়া মোকদমা এবং তাহা ত হতু। আপীল। নামিনির নিকটে উপস্থিতহওয়া মোকদমা এবং তাহা ত হতু। আপীল।

১৮৩৮ সালের ৭ ডিসেম্বরের সরক্যুলর অর্ডর।

৯৮। সদর আদালত বিধান করিতেছেন যে ঐ প্রত্যেক মোকদমা প্রধান সদর আমীনের নিকটে অর্পণকরণের পূর্বে আসল মোকদমার রোয়দাদ এবং আপীলের দরখান্ত
জিলা ও শহরের আদালতের জজ সাহেবেরদের পাঠ করিবার অথবা অধস্থ আদালতের
কার্য্যসকলে দৃষ্টি করিবার আবশ্যক নাই যেহেতুক প্রধান সদর আমীন যে ডিক্রী করেন্
তাহার উপর খাস আপীল হওনের আবশ্যক বোধ হইলে ১৮১৪ সালের ২৬ আইনের
২ ধারার বিধির অনুসারে এবং খাস আপীল মঞ্কুরহওনের বিষয়ি অন্যান্য বিধির অনুসারে
জজ সাহেবের নিকটে তাহার খাস আপীল হইতে পারে। ১৮৩৫ সালের ৬ ফেকুআরির
সরকুলের অর্ডরের ৩ দফা।

- ১১। প্রথমত উপস্থিতহওয়া যে সকল মোকদ্দমা ও আপীলী মোকদ্দমা প্রথমন সদর আমীনের সমাপে পাচান যাইবেক সদর আমীনের বিষয়ে যেং বিধি নির্দিন্ত আছে তদনুসারে তাহার বিচার ও নিষ্পত্তি করিবেন আর যে বিষয়ে ঐ সকল বিধি শ্লুফ্রিকেশে না থাটে ঐ বিষয়ে জিলা ও শহরের জজ সাহেবের উপদেশের নিমিত্তে আইনসকলে যে সকল বিধি লেখা আছে তদনুসাকরে কর্মা করিবেন ইতি। ১৮৩১ সা। ৫ আ। ১৮ ধা। ৪ প্র।
- ১০০। সদর আদালত বিধান করিতেছেন যে যে প্রধান সদর আমীনেরা মুনদেফের ডিক্রীর উপর আপীল শুনিবার ক্ষমতা পাইয়াছেন তাঁহারা কোন মোকদমা ছানী তজবীজের নিমিত্তে মুনদেফের নিকটে ফিরিয়া পাঠাইতে পারেন্। যদ্যপি ঐ প্রধান সদর আমীনের এইমত বোধ হয় যে মুনদেফ কোন মোকদমা অসঙ্গতমতে ননসুট করিয়াছেন তবে তাঁহার উচিত যে তাহা জজ সাহেবকে ফিরিয়া দিয়া পরামর্শ দেন্ যে ঐ মোকদমা পুনর্পার নথীর শামিল করিতে এবং তাহার দোষগুণ বিবেচনাপূর্কক বিচার করিতে মুনদেফকে হুকুম দেওয়া যায়। ১০২৩ নমূরী আইনের অর্থ।
- ১০১। সদর আদালত বিধান করিয়াছেন যে জজ সাতেব সদর আদালতের অনুমতিজ্ঞমে সদর আমীন ও মুনদেফেরদের ডিক্রীর উপর আপীল প্রধান সদর আমীনের নিক্তিটে অর্পণ করিলে ঐ প্রধান সদর আমীনের এইমত ক্ষমতা নাহি যে ঐ মোকর্জা হে আদালতে আদৌ নিষ্পত্তি হইয়াছিল দেই আদালতে তাহা ফিরিয়া পাটাইয়া নথীর যে নয়রে ছিল পুনর্ফার সেই নয়রের শামিল করিয়া তাহা গোড়াওড়ি বিচার করিতে তকুম দেন্। দেই তকুমের উপলক্ষে সদর দেওয়ানী আদালত একণে জিলার জজ সাহেবের এবং তাহার অধীন প্রধান সদর আমীনেরদের উপদেশের নিমিত্ত নীচের লিখিত বিধান করিত্তিছেন। ১৮৩৯ সালের ১৪ জুনের সর্জ্বালর অর্ডরের ১ দফা।
- ১০২। উক্ত প্রকার আপীলের হিচারকরণ সময়ে যদি প্রধান সদর আমীনের এম্চ বোধ হয় যে অধন্য আদালতের চিক্রী অন্যথা করিয়া দেই মোকসমা নথীর শালিল পুন-র্বার করিবার এবং গোড়াওড়ি তাহার বিচার করিবার নিমিত তাহা ঐ আদালতে কিরিয়া পাঠান উচিত তবে তিনি আপনার দেইরপ বিবেচনাকরণের ফেতু এক রুবকারীতে লিখিয়া মোকদ্মার কাগজপাএসমেত জজ সাহেবের তকুম পাইবার নিমিত তাহার নিকটে তার্থ করেন্ এবং আপনার আদালতের ১ নম্বরী কৈফিয়তের মধ্যে তাহা লিখেন্। ১৮৩৯ সালের ১৪ জুনের সর্কুলর অর্জরের ২ দফা।
- ১০৩। জজ সাহেব সেই প্রকার দর খান্ত পাইরা আপনার আদালতের দিতীয় নয়রী কৈফিয়তের তৃতীয় নয়রী ছরের ১৬ নয়রী শিরোভাগের নিজে লিখিবেন এবং প্রধান সদর আমীনের ফ্রকারীতে যে সকল হেতু লেখা থাকে তাহা বিবেচনা করিয়া সেই মোকদ্দমা তাঁহার নিকটে ফিরিয়া পাঠাইরা যে আদালতে আদৌ তাহার বিচার হইয়াছিল সেই আদালতে তাহা ফিরিয়া পাঠাইতে অথবা নিজে তাহা নিঞ্পত্তি করিতে ত্কুম দিবেন। ১৮৩৯ সালের ১৪ জুনের সরকুলের অর্ডরের ৩ দফা।
- ১০৪। কিন্তু উক্ত বিধির এইমত অভিপ্রায় নহে যে প্রধান সদর আমীন আপনি সেই মোকদমার নিম্পত্তিকরণের জন্য যে ছানী তজবীজ আবশ্যক বোধ হয় তাহা করিতে অধস্থ আদালতে ছকুম দিতে পারেন্না। ১৮৩৯ সালের ১৪ জুনের সরকুলের অর্ড-রের ৪ দফা।
- ১০৫। যদি জজ সাহেব সেই মোকদমা গোড়াপ্রড়ি বিচার করিবার নিমিত্ত অধস্থ আদালতে তাহা পাঠাইতে অনুমতি দেন্ তবে ১৮৩৮ সালের ২১ ডিসেয়রের সরক্ষুলর অর্ডরের সঙ্গে যে বিধি পাঠান যায় তাহার মধ্যে "পুনর্কিচারের নিমিত্ত ফিরিয়া পাঠান মোকদমার" সম্পর্কে ১ নম্বরী কৈফিয়তের চতুর্থ ঘরের লিথিত কথাতে যেরূপ নিম্ম ছিল সেইরূপে ঐ প্রকার মোকদমা প্রধান সদর আমীনের ১ নম্বরী কৈফিয়তের নবম

ছারে লিখিতে হইবেক এবং যে আদালতে সেই মোকদ্দমা প্রথমে বিচার হইর।ছিল সেই আদালতের ১ নম্বরী কৈফিরতের চতুর্থ ছারে লিখিতে হইবেক। ১৮৩৯ সালের ১৪ জ্নের সর্ক্যুলর অর্ডরের ৫ দফা।

১০৬। সদর আদালত অবগত হইরাছেন যে সদর আমীন ও মুন্দৈফের নিষ্ণান্তির উপর যে আপীল ১৮৩১ সালের ৫ আইনের ১৬ ধারার ২ প্রকরণানুসারে প্রধান সদর আমীনের প্রতি অর্পণ হইরাছে তাহার কোনং আপীল নিষ্পান্তিকরণের সময়ে তাঁহারা ঐ আইনের ও ধারাক্রমে জজ সাহেবের প্রতি অর্পিত ক্ষমতানুসারে কার্য্য করিতেছেন। তাহাতে কলিকাতান্থ ও আলাহাবাদের সদর আদালত অকুম করিলেন যে উক্ত আইনের ২ ধারানুসারে বিচারহওনার্থ যে আপীল প্রধান সদর আমীনেরদের নিকটে অর্পণ হর তাহার বিবয়ে ঐ ধারার ও প্রকরণ থাটিতে পারে না অতএব সদ্যাপি কোন জিলার প্রধান সদর আমীন এইরপ ব্যবহার করিতেছেন তবে তাহা রহিত করিতে হইবেক। ১৮৩৭ সালের ২১ আপ্রিলের সরকালর অর্জন।

িঅধস্থ আদালতের ডিক্রী মঞ্চুরকরণ সময়ে যে মুদ দিবার হুকুম করিতে হইবেক তাহার বিষয়ে চতুর্থ অধ্যায়ের ২১৯ নম্বরী বিধান দেখা।]

১০৭। প্রথমত উপস্থিতহওয়া মোকলমা ও আপীলের বিচার ও নিক্পন্তি করিবাতে প্রধান দদর আমীনের প্রতি হুকুম আছে যে কোন দস্তাবেজ দাখিল করিবার কিয়া উভয় পক্ষের কোন ব্যক্তির এজহারের পুর্টির নিমিন্তে দাহ্বিতলব করিবার পুর্ফের ইজরেজী ১৮১৪ দালের ২৬ আইনের ১০ ধারার লিখিত প্রকার ও দাঁড়ানুদারে যথার্থক্রপে কার্য্য করেন্ ইতি।—১৮৩১ দা। ৫ আ। ২১ ধা।

১০৮। সদর আদালত জানাইতেছেন দে ১৮৩২ সালের ৭ আইনের ১৭ ধারার দ্বারা ১৮২১ সালের ২ আইনের ১১ ধারার ২ বিধি জিলা ও শহরের আদালতের মোকামছাড়া আন্য মোকামে নিযুক্তহওয়া প্রধান সদর আমীন ও সদর আমীনের বিষয়ে খাটিবার ছকুম ছইল। ১৮৩৫ সালের ৬ ফেকুআরির সরকালর অর্ডরে এমত ছকুম আছে যে সকল আপিল প্রধান সদর আমীনের নিকটে অর্পহওনের পূর্বে জঙ্গ সাহেবের ঐ আপীলসম্পর্কীর কাগজপত্র দৃষ্টিকরণের আবশাক নাই। অতএব সদর আদালত বাধে করিতিছেন যে ফ্রিদপুরে নিযুক্ত প্রধান সদর আমীন যেরূপে প্রথমত উপস্থিতহওয়া মোকলমা লইতে পারেন্ সেইরূপে উক্ত প্রকরণের নিয়মমতে ভাঁছাকে আপীল লইতে অনুমতি দিবার কোন আপত্তি নাই। ১৮৩৫ সালের ১৮ সেপ্টেম্বের সরকালর অর্ডর।

### ৮ ধারা।

জিলার আদালতের নিষ্পত্তির উপর এব ৫০০০ টাকার ঊর্ছ্ মূল্যের মো-কদ্দমায় প্রধান সদর আমীনের নিষ্পত্তির উপর সদর আদালতে জাবেড।-মত অাপীল।

- ১০৯। জিলা কিয়া শহরের জজ সাহেব প্রথমতঃ যে সকল মোকদ্বনার নিশুক্তি করিবেন তাহার আপীল সদর দেওয়ানী আদালতে হইতে পারিবেক ইতি।—১৮৩১ সা। ৫ আ। ২৮ ধা। ৩ প্র।
- ১১০। ইঙ্গরেজী ১৮৩১ নালের ৫ আইনের ২ ধারানুসারে প্রায়ুত নও-য়াব গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে অর্পনকরা ক্ষমতাক্রমে যেথ জিলা বা শহরে ঐ প্রায়ুত ঐ আইনের হকুন চলন করিতে হকুম দিয়া-ছেন কি উন্তর কালে দিবেন ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৬ আইনের ১০ ধা-রায় প্রবিদ্যাল আদালতের সাহেবদিগের করা ফয়সলার উপর আপীলকর-

পের যে মিয়াদ অর্থাৎ যে তিন মাস মিয়াদ নিরপণ আছে এই জিলা বা শহ-রের জজ সাহেবের করা ফয়সলার উপর আপীল কি থাস আপীল সদর দেওয়ানী আদালতে করিবার অর্থে সেই মিয়াদ নিরপিত থাকিল ইতি।— ১৮৩২ সা। ৭ আ। ২ ধা। ১ প্র।

১১১। এবং এই ধারাক্রমে হুকুম হইল যে ইঙ্গরেজী ১৮৩১ সালের ৫ আইনের ১৮ ধারার ১ প্রকরণে যে টাকা বা মূল্য নির্দিষ্ট আছে তদপেক্ষা অধিক সংখ্যার বা মূল্যের যে সমস্ত মোকদ্দমা এই আইনের ১ ধারার ক্ষমতাক্রমে প্রধান সদর আমীনেরে অর্পণ হয় ঐ প্রধান সদর আমীনের করা নিষ্পান্তির উপর আপীল একেবারে সদর দেওয়ানী আদালতে করিতে হইবেক এবং জিলার জজ সাহেবের করা নিষ্পান্তির উপর আপীল যে২ বিধানানুসারে ঐ সদর দেওয়ানী আদালতে হইত সেই২ বিধানানুসারে সর্ব্ধ প্রকারে এই আপীলেরও কার্য হইবেক এবং ঐ নিষ্পান্তির পুনর্বিবেচনা করণের দর্খাস্ত করিতে হইলে তাহা প্রধান সদর আমীন এককালে সদর দেওয়ানী আদালতে করিবেন এবং জিলার জজ সাহেবের করা নিষ্পান্তির পুনর্বিবেচনার্থে দর্খাস্ত হইলে যে বিধানানুসারে কার্য্য হইত সেই বিধানানুসারে ইহারো কার্য্য হইবেক ইতি।—১৮৩৭ সা। ২৫ আ। ৪ ধা।

১১২। ময়মনিদিণ হের জজ সাহেবের জিজাসা করাতে বিধান হইল যে ৫০০০ টা-কার উর্জ মূল্যের মোকদ্মা হইলে যদি প্রধান সদর আমীন তাহাইইতে অপ্প টাকার ডিক্রী করেন্ তবে প্রধান সদর আমীনের ঐ ডিক্রীর উপর আপীল সদর আদালতে হইবেক। ১২৮২ নম্বী আইনের অর্থ।

১১৩। জাবেতামত কোন মোকদমার ডিক্রীর উপর যদি সদর দেওয়ানী আদালতে আপীল হয় এবং যদি জিলার জন্ধ সাহেব কিয়া প্রধান সদর আমীনকে ঐ আপীলের দর্ধ থাস্ত দেওয়া যায় তবে তাঁহার উচিত যে ১৭৯৩ সালের ৬ আইনের ১০ থারার বিধির অনুসারে কার্য্য করেন্ এবং ঐ দর্থাস্ত ও তাহার সঙ্গে যে কোন কাগজপত্র দাখিল হইয়াছিল তাহা যথাসাধ্য শীঘু সদর আদালতে পাঠান্ এবং তাহার সঙ্গে এক পটিঁফিকট ও জ্বকারী পাঠান্। ঐ জ্বকারীর মধ্যে উভয় বিবাদির নাম এবং ডিক্রীর থোলাসাও তাহার তারিখ ও আপীলের আরজী দাখিলকরণের তারিখ এবং ঐ আরজী নির্ক্রিত মিয়াদের মধ্যে দাখিল হইয়াছে ইহা যে২ নিদর্শনে বোধ হইয়াছিল তাহা লিখিতে হইবেক। ১৮৩৩ সালের ২৮ জুনের সরক্যুলর অর্ডরের ২ দফা।

১>৪। এবং তাহার সমকালীন আপেলাউকে এমত লিখিত এতেলানামা দিতে হই-বেক যে তোমার আপীলের দরখান্ত সদর দেওয়ানী আদালতে পাঠান গিয়াছে অতএব ঐ দরখান্ত ঐ আদালতের নথীর শামিল হওনের পর ছয় সপ্তাহের মধ্যে যদি ঐ আপীল চালাইতে ফটি কর এবং সেই ফটির কোন মাতবর কারণ সদর আদালতে জানাইতে না পার তবে তোমার ঐ আপীল ডিসমিস হইবেক এবং ঐ এতেলানামা রীতিমত জারী হইন্য়াছে এই বিষয়ের এক সটিফিকট আদালতে পাঠাইতে হইবেক। ১৮৩৩ সালের ২৮ জুনের সর্কুলের অর্ডবের ও দফা।

১১৫। প্রত্যেক আপীলের দরখাস্তের সঙ্গে এক স্বতন্ত্র করকারী ও সর্টি ফিকট পাঠাইতে ছইবেক। ১৮৩৩ সালের ২৮ জুনের সরক্যুলর অর্ডরের ৪ দফা।

১১৬। নিষ্কার ভূম্যাদি স্থাবর যে বস্তুর দামুৎদরিক উৎপান্ন দিক্লা ১০০ এক শত টাকার অধিক হয় এব° করদম্পর্কীয় যে জমীদারী ও হজুরী তালুক-আদির সাম্বংশরিক উৎপান্ন দিক্লা ১০০০ হাজার টাকার অভিরিক্ত হয় এব° মফঃদলী যে দকল তালুকের রাজস্ব দমুৎদরে দিক্লা ১০০০ টাকার

অধিক হয় এব॰১ উপরের অপ্রস্তানিত যে সকল স্থাবর বস্তুর উৎপন্ন সম্বৎসরে নিক্কা এক হাজার টাকার অধিক হয় এব॰১ অস্থাবর যে বস্তুর মূল্য সিক্কা ১০০০ এক হাজার টাকার অধিক হয় এমত বিষয়ের সকল মোকদ্মার যে মো-কদ্মা কোন মফঃদল আপীল আদালতে ইঙ্গরেজী ১৭৯৩ দালের ১ মে তারিথের পরে নিফ্পত্তি পাইয়া ডিক্রী হয় সে ডিক্রীক্রমে যে কেহ আপনাকে অন্যায়গ্রস্ত অনুমান করে তাহার দাধ্য আছে যে দে মোকদ্মার আপীল मनत (म अयानी आमान एड अक आंत्र जो निया करत छ (म आंत्र जो मकत किया নিষ্কর ভূমির মোকদ্দমা হইলে তাহার সামুৎসরিক উৎপন্ন ও নগদ টাকা হইলে তাহার সংখ্যার উপর ও অন্য বস্তু হইলে তাহার মূল্য এবং যাহার শ্বত্বে অর্থাৎ হকে ডিক্রী হয় তাহার নাম এবণ যে এলাকার মফঃসল আ-পীল আদালতে ডিক্রী হইয়া থাকে সেই এলাকার আপীল আদালতের নাম এব প ডিক্রীর ত্রুম হইবার সময়ে এব প যে বস্তুর উপর ডিক্রী হয় ও নে ডিক্রী জারী হইয়াছে কি না এবং সে মোকল্মার আপীলের হেতু বেওরা করিয়া কিয়া মোটে দেই আর্জীতে লেখা যায় এব প্রফালল আপীল আদা-লতের ডিঞ্রির মঞ্জা নকল কিয়া যে লোক আর্জা দেয় তাহার অথব। তা-হার উকীলের একরারনামা এই নিদর্শনে যে দেই লোক দে মোকদ্মার নিষ্পত্তির তারিথহইতে ১০ দিনের পরে দে ডিক্রীর নকল পাইবার দর্থাস্ত মফঃনল আপীল আদালতের সাহেবদিগের নিকটে করিয়াছিল কিন্তু পায় নাই সেই আর্জীর সঙ্গে দেয়। এব॰ ডিব্রীর তারিথহইতে তিন মাসের মধ্যে এমত আর্জী নে মোকদ্মা যে মফঃদল আপীল আদালতে ডিক্রী • হইয়া থাকে তথায় অথবা সদর দেওয়ানী আদালতে দাখিল হয় ইহাতে যে লোক আরজী দেয় তাহার আরজী ঐ নিয়মিত কাল গতেও সদর দেওয়ানী আদালতে দাখিল করিবার সাধ্য এব ে সদর দেওয়ানী আদালতের সাহেব দিগেরে৷ লইবার শক্তি আছে যদি সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের নিকটে সে আপীলের আরজী দিতে বিলম্বের বিষয়ে শুনিবার যোগ্য কিছ বিশিষ্ট হেতু জানাইতে পারে। কিন্তু নিয়মিত কাল গতে যে সময়ে আপী-লের এমত আরজী সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের নিকটে দাখিল হয় সে সময়ে তাঁহারা সে আরজী লন্ কি না লন্ তাহার বেওরা হেতু বহীতে লেথাইবেন আর নিয়মিত কাল গতে যে দকল মোকদ্দমার আপীল হয় তা-হার আরজী এমতে লইলে তাহ। শুনিবার ও নিষ্পত্তি করিবার বিষয়ে ১ নবম ধারার লিখনক্রমে সাবধান হইবেন। - ১৭১৩ সা। ৬ আ। ১০ ধা।

১১৭। ফরিয়াদী কি আদামী আপীলের যে দকল দর্থান্ত মফঃদলের আদালতে অথবা সদর আদালতে দাখিল করে তাহার মধ্যে দমস্ত রেসপাণ্ডেন্টের নাম না লিখিয়া ওগররহ অথবা অন্যান্য ব্যক্তি এমত শব্দ লিখিয়া থাকে তাহাতে প্রত্যেক রেসপাণ্ডেন্টের নাম না নির্দিন্ত তকুম জারী হইতে পারে না এইপ্রযুক্ত ঐ মোকদমা সদর দেওয়ানী আদালতে শুননির নিমিত্ত প্রস্তুত করিতে বারবার বিলম্ব হইতেছে। এই ব্যবহার ১৭৯৩ সালের ৬ আইনের ১০ ধারার (দত্ত দেশের নিমিত্ত ১৮০৩ সালের ৫ আইনের ১০ ধারার ৩ প্রকরণের) বিধানের বিক্তা। অতএব আপালের মেহ দরখান্তে সমস্ত রেসপাণ্ডেন্টের নাম না লেখা যায় তাহা বেদাঁড়া জ্ঞান করিতে হইবেক এবৎ আইনানুসারে তাহা গ্রাহ্য হইতে পারে না। এবং রীতিমতে আপীলের দরখান্ত হইলে আপীলকরণের নির্ক্তিত মিয়াদ হিসাবকরণের বিষয়ে যেয়প কার্য্য হয় সেইয়প কার্য্য এই প্রকার বেদাঁড়া দর-

খাস্তের বিষয়ে ছাইতেক না। ১৮৪২ সালের ১ জুলাইয়ের সরক্লার অর্ডরের ১ দফা।

১১৮। অতএব ইহার পর অধস্থ আদালতে আপেলান্টের বিপক্ষ যাহার। ছিল তাহারনের কোন এক ব্যক্তির নাম লিখিতে যদি আপেলান্ট জাটি করে এবং তাহা না লিখনের কোন কারণ না দর্শায় তবে আপীলের মিয়াদের মধ্যে ভাহারদের নাম লিখিয়া দা-খিল করিতে তাহাকে অনুমতি দেওয়া ষাইবেক কিন্তু তাহা যদি না করে তবে তাহার আপীল বেদাঁড়া বোধ হউবেক। ১৮৪২ সালের ১ জুলাইয়ের সর্কুলর অর্ডরের ২ দফা।

১১৯। আপীলের উক্ত প্রকার বেদাঁড়া দর্থান্ত লদর আদালতে পাঠাইবার নিমিত্ত যে জন্ত সাহেবেরদের এবং প্রধান সদর আমীনেরদের হন্তুরে দাখিল হর ভাঁহারা ঐ দর- খান্তকারিরদিগকে পূর্ব্বোক্ত অকুমের বিষয় জানাইবেন। ১৮৪২ সালের ১ জুলাইয়ের সর্ক্যুলর অর্ডরের ৩ দফা।

১২০। যে কালে উপরের লিথনানুসারে মাতবর মালজামিনসমেত এক-রারনামা মকঃসল আপীল আদালতে দাখিল হয় সে কালে আদি জজ অর্থাৎ দে আদালতের প্রধান সাহেব অব্যাজে আপীলের দর্খান্ত্রী আরজীর প্রতে তাহা দাখিল হটবার তারিথ আপন কলনে লিথিয়া আপন নাম দন্তথতে দহী করিবেন এব°৲ রোম্দাদের মধ্যে যে স্থানে ভিক্রী লেথা থাকে ভাছার পার্স্থে সমান স্থানে আপীল হইল এই শব্দ লিখিবেন পশ্চাৎ দে আর্জী **দদর দেওয়ানী আদালতে পাচাইবেন এব॰ যে লোক আপীলের দ্**রখান্ত করে তাহাকে ঐ বিষয়ের দংবাদ দেই মফঃদল আপীল আদালতের এই মজমুনের এক লিখনের দারা দিবেন যে তাহার মোকদ্মার রোয়দাদের নকল ১৫ পনের দিনের মধ্যে সদর দেওয়ানী আদালতে পঁলুছিবেক তাহাতে . যে লোক আপীলের দর্খান্ত করে সে লোক যদি সদর দেওয়ানী আদালভের মিদিলে তাহার নোকল্বমা দাঞিল হইলে পর ৬ ছয় হয়ুার মধ্যে তথায় সে মোকদ্মার সওয়াল ও জওয়াব না করে তবে তাহা করণের বিলয়ের বি-ষয়ে শুনিবার যোগ্য কিছু বিশিষ্ট হেডুনা জানাইতে পারিলে তাহার মো-বন্দ্রা সদর দেওয়ানী আদালতে ডিস্মিস্ হইবেক ইতি। - ১৭৯৩ সা। ৬ আ। ১০ ধা।

১২১। সর্ব্ধ সাধারণ লোককে জাত করিবার নিমিত্ত তোমাকে জানাইতেছি যে কলিকাতা ও আলাহাবাদের সদর দেওয়ানী আদালতের সাহেবেরা এই খির করিয়াছেন যে কোন অথস্থ আদালতের নিষ্পত্তির উপর আপীল সদর আদালতে হইলে ঐ আপীল যে উন্দীল অথস্থ আদালতে দাখিল করেন্ তিনি আপেলাটের নিযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কর্মকারক হওয়াতে ১৭৯৩ সালের ৬ আইনের ১০ ধারা এবং ১৭৯৭ সালের ১২ আইনের ৩ ধারার যে এত্রেলা দিবার ছকুম আছে সেই এত্রেলা তাঁহার অবশ্য লইতে হয় এবং তিনি তাহার বিষয়ে রসীদ দিলে আপেলাটের উপর জারী হইয়াছে এমত বোধ করা হাইবেক। ১৮৪১ সালের ১৭ ডিসেম্বরের সরকুলর অর্ডরের ১ দফা।

১২২। এই বিষয়ে কোন সন্দেহ বা ভুম না হয় এ নিমিত্তে সদর আদালতের সাহে-বেরা অকুম করিতেছেন যে উক্ত প্রকার আপীলের দরখান্ত কোন উকীলের কোন অধন্য আদালতে দাখিল করিতে হইলে তিনি আপনার ওকালতনামাতে এই বিষয়ে এমত কথা লেখাইয়া লইবেন যে ঐ নিয়মিত এত্তেলা লইতে তাঁহাকে বিশেষ ক্ষমতা দেওরা গেল। কিন্তু যদ্যপিত্ত ওকালখনামায় ঐরপ কথা লেখা না থাকে তথাপি আপনার মওকেকলের উপর ঐ এত্তেলা জারীকরণের নিমিত্ত তাহা লইতে উকীলের যে কর্ত্তব্যতা আছে তাহাহইতে তিনি মুক্ত নহেন্। ১৮৪১ সালের ১৭ ডিসেম্বরের সরকুলের অর্ডরের ২ দফা।

১২৩। আপীলা মোকদ্দমাসকলের রোয়দাদের নথা পাচাইবার বিষয়ি ইঙ্গরেজা ১৭৯৩ সালের ৫ আইনের ১৩ ধারা এব॰ ঐ সনের ৬ আইনের ১১ ধারা শুধরিবাতে এই হকুম হইল যে জিলা কিয়া শহরের কি প্রবিন্সাল কোর্টের জঙ্গ সাহেবেরা উপস্থিত বিষয়মতে কেবল আসল সওয়াল জওয়াবের কাগজ ও জোবানবন্দা ও দস্তাবেজ যাহা দাখিল করিয়া থাকে তাহা ফিরিস্তি সমেত পাচাইবেন আর প্রথমতঃ সাক্ষির হাজির করিবার দর্থাস্ত ও পরওয়ানা ও নাজিরের কৈফিয়ৎ ও অন্যথ নানা প্রকার কাগজপত্র ও রোয়দাদ যাহা আপীলের বিচারের নিমিত্তে আবশ্যক নহে তাহা পাচাইবার আবশ্যক হইবেক না কিন্তু জানা কর্ত্তর্যা যে যে আদালতে আপীল করা গিয়া থাকে সেই আদালতের সাহেবেরা সর্ব্রদা এমত নানা প্রকার কাগজ দৃষ্টি করিতে উচিত বোধ হইলে তাহা তলব করিতে কিয়া তাহার নকল দাখিল করিবার নিমিত্তে উভয় পক্ষকে হকুম দিতে পারিবেন ইতি।—১৮৩১ সা। ১ আ। ৮ ধা।

১২৪। ৫০০০ পাঁচ হাজার টাকার উর্দ্ধ মুল্যের মোকদমায় প্রধান সদর আমীনের নিম্পত্তির উপর জাবেতামত আপীলের সমস্ত দর্থান্ত একেবারে সদর আদালতে অথবা প্রধান সদর আমীনের নিকটে করিতে হইবেক। প্রধান সদর আমীনের নিকটে দাখিল হটলে যদ্যাপি নিরূপিত মিয়াদের মধ্যে আপীল দাখিল হটয়া থাকে তবে ঐ প্রধান সদর আমীন যত শীঘু হইতে পারে তত শীঘু ঐ আপীলের দরখান্ত এবং তাহার সঙ্গে যে কোন কাগজপত্র নথীতে গাঁথা গিয়া থাকে তাহা এবং আপনার পদসম্পর্কীয় মোহর ও দস্তখতে এক সার্টিফিকট এবং উভয় বিবাদির নামের ফর্দ্ম এবং ডিক্রীর চুম্বক ও নিম্পত্তির তারিখ ও আপীলের দরখান্ত যে তারিখে দাখিল হইয়াছিল তাহা এক ক্বকারীতে লিখিয়া সদর দেওয়ানী আদালতের রেজিউর সাহেবের নিকটে পাঠাইবেন। প্রধান সদর আর্মান সদর দেওয়ানী আদালতহইতে তকুম না পাওয়াপর্যন্ত আসল কাগজপত্রের নকল করাইবেন না ও তাহা পাঠাইবেন না পরে তকুম পাইলে তাহা পাঠাইবেন এবং তাহা জলের দারা নইট না হয় এ নিমিত্তে নীতের লিখিতা ঐ আদালতের যে তকুম আছে তদনুসারে সাবধান করিবেন এবং রোয়দাদের যে নকল করিতে তকুম আছে তাহা নির্বিশ্বে রাখণের নিমিত্তে জজ সাহেবের রিকার্ড দক্তরে দাখিল করিবেন ইতি। ১৮৪০ সালের ৬ জানুআর্রর সরক্যলর অর্ডর।

১২৫। সদর আদালত ইহার পূর্ব্বে বিধান করিয়াছেন যে প্রথমত উপস্থিতহওরা মোকদমায় জিলার জজ সাহেব কিয়া ১৮৩৭ সালের ২৫ আইনানুসারে প্রধান সদর আমীন যে ডিক্রী করেন্ তাহার উপর আপীল হইলে যদি সেই আপীলের দরখায় জজ সাহেব অথবা প্রধান সদর আমীনকে দেওয়া যায় তবে সেই দরখায়ের সঙ্গে আপীলহওয়া ডিক্রীর নকল দিবার আবশাক নাই অতএব ১৮৩৪ সালের ২৪ অক্টোবর তারিখের সরকুলের অর্ডরে যে ১ নম্বরী সার্টিফিকটের বিষয়ে ছকুম আছে তাহা মতায়্তর করিতে হইবেক। অতএব তোমার প্রতি ছকুম হইল যে এ প্রকার পাঠানুসারে কৈফিয়ৎ লিখিতে হইলে এ সার্টিফিকটের ১ দফাহইতে নীচের লিখিত তিন কথা উঠাইয়া ফেলিতে হইবেক। ১৮৩৮ সালের ২৪ আগ্রেইর সরকুলের অর্ডরের ১ দফা।

্রি তিন কথা সেই সটিফিকটহইতে উঠাইয়া ফেলান গিয়াছে।]

১২৬। উক্ত আইনের অর্থের অনুসারে মোকদমার আপীল হইলে সেই মোকদমার ডিক্রীর তারিখের পর ভিন মাদের মধ্যে ঐ আপীলের আরজী জিলার ক্ষজ সাহেব অথবা

<sup>\*</sup> ১৮৩৮ সালের ২৪ আগফৌর ১৬ নম্বরী সরক্যুলর অর্ডর।

<sup>†</sup> ১৮২৩ সালের ১৯ সেপ্টেম্বরের এবং ১৮২৪ সালের ২১ মাইর ৬৭ ও ৭০ নমুরী স্রক্যুলর অর্ডর।

প্রধান সদর আমীনের নিকটে দিতে হইবেক এবং কোন কারণে ঐ তিন মাসহইতে কিছু অধিক কাল দেওয়া যাইবেক না। যদি সেই মিয়াদের মধ্যে ঐ আপীলের আরজী দাখিল না হয় ভবে জজ সাহেব অথবা প্রধান সদর আমীন এমত লিখিতে পারিবেন না যে তাহা রীতিমতে দাখিল হইয়াছে। ১৮৩৮ সালের ২৪ আগফৌর সরকালর অর্ডরের ২ দফা।

১২৭। সদর আদালত অবগত হইয়াছেন যে আদালতের ডিক্রীর নকল পাইবার নিমিত্র বাদী কি প্রতিবাদী যে ইফ্রাম্পকাগল দাখিল করে তাহা অথস্থ আদালতের আমলার। কএক মাসপর্যান্ত রাখিয়া ডিক্রীর নকল প্রস্তুত করে না তাহাতে আপীলকরণের মিয়াদ অনাবশ্যকমতে বাড়ে অতএব সদর আদালত হুকুম করিতেছেন যে তুমি অতিসাবধান হইয়া দেখিবা যে তোমার আদালতের আমলারা ঐ ডিক্রীর নকল প্রস্তুতকরণেতে অনাবশ্যকমতে কিছু বিলম্ব না করে এবং যে বৃত্তান্ত লিখিতে ১৮১৪ সালের ২৬ আইনের ৮ ধারার ৯ প্রকরণে হুকুম আছে সেই সকল বৃত্তান্ত ডিক্রীর নকলের পৃষ্ঠে লিখিতে তোমার আদালতের সিরিশ্তাদারকে হুকুম দিবা এবং ইফ্রাম্পকাগল দাখিলকরণের পর এক মাসের মধ্যে যদি ডিক্রীর নকল না দেওয়া যায় তবে ঐ বিলম্বের কারণ স্পাফ্ট করিয়া লিখিতে তাহাকে হুকুম দিবা। ১৮৩২ সালের ১৮ মের সরক্যুলর অর্ডর।

১২৮। এমত হইতে পারে যে সদর আদালতে আপীলহওরা মোকদমার আসল কাগজপত্র তথায় পাঁচাওনের সময়ে হারাণ যাইতে পারে। অতএব তাহার উপায়ের নিমিন্ত সদর আদালত তকুম করিতেছেন যে সেইরপে বঁত আসল কাগজপত্র পাঁচান যায় ভাহার একং নকল রাখিতে হইবেক কিন্তু কিং প্রকার কাগজ পাঁচাইতে হইবেক তাহার বিষয়ে ১৮৩১ সালের ৯ আইনের ৮ ধারাতে দৃষ্টি করিতে হইবেক। এবং ১৮৩২ সালের ১৮ মে ভারিথের সদর আদালতের সরকালর অর্ডরে তকুম আছে যে ১৮১৪ সালের ২৬ আইনের ৮ ধারার বিধির অনুসারে অধস্থ আদালতে দাখিলহওরা আপীলের আরজীর সঙ্গে যে আসল কাগজপত্র দাখিল হয় বিশেষ তকুম না হইলে তাহার নকল করিতে কিয়া ভাহা উপরিস্থ আদালতে পাঁচাইতে হইবেক না। ৭৪২ নম্রী আইনের অর্থের ১ দফা।।

১২৯। সদর আদালত জকুম করিতেছেন যে অধস্ব আদালতে যে আপীলের দরখান্ত করা যায় তাহা ১৮৩৩ দালের ২৮ জ্নের দরকুলের অর্ডরের অনুসারে উপরিস্থ আদালতে পাঠাইতে হইলে তাহার সঙ্গে দুইখান সটিফিকট দিতে হইকেে দেই দুই সটিফিকটের পাঠ আদালতের জন্ধ সাহেবেরদের নিকটে পাঠান গিয়াছে এবং তাহার দিগকে জকুম দেওয়া গিয়াছে যে উক্ত সরকুলের অর্ডরের ২ দকাতে যে সকল বৃত্তান্ত লেখা আছে তাহা প্রথম সটিফিকটের দক্ষে পাঠান ক্রকারীতে লিখিতে বিশেষ মনোযোগী হন্। ১৮৩৪ সালের ২৪ অক্টোবরের সরকুলের অর্ডরের ১ দকা।

১৩০। সদর দেওরানী আদালত আবাে তুকুম করিতেছেন যে ঐ কাগজপত্র পাঠাওনেতে কোন ভুম বা বাতিক্রম না হয় এ নিমিত্ত জজ্ঞ সাহেবের। সদর দেওয়ানী আদালতহইত্বে ঐ সটিঁফিকটের নকল আনাইবেন এবং এই পত্রের সঙ্গে পাঠান সটিঁফিকটের নকলের পৃষ্ঠে যেরপে লেখা আছে ঐং সটিফিকটের পৃষ্ঠেও আবশ্যকমতে সেইরপ লিখিবেন। তাহার মধ্যে যে সকল লিপি পাঠান যায় সেইং লিপি অর্থাৎ প্রত্যেক দর্খাস্ত 
রুহকারী এরেলাপ্রভৃতি এক ফর্দ কাগজের অধিকে লেখা গেলেও প্রত্যেক লিপির আলাহিদাং নয়র দিতে হইবেক। কোনং জিলার জঙ্গ সাহেবেরা রুহকারী আলাহিদাং ফর্দ
কাগজে এবং উভয় পৃষ্ঠাতেই লিখিয়া পাঠান ইহাতে ঐ রুহকারী নথীর শামিল গাঁথিতে
অত্যম্ভ ক্লেশ হয়। তাহাতে সদর আদালত জজ্ঞ সাহেবকে তুকুম করিলেন যে তোমার
আদালতে যদ্যপি এইরপ ব্যবহার হইয়া থাকে তবে তাহা রহিত করিবা এবং উত্তর কালে
সাধ্যপর্যান্ত রুহকারীর নকল কাগজের কেবল এক পৃষ্ঠাভ্রে লিখিয়া প্রত্যেক ফর্দ অপর
ফর্দের সঙ্গে লেই কিয়া লাসার ছারা যুড়িয়া ঐ যোড়ের স্থানে তুমি আপনার নাম ও পদ
লিখিবা। ১৮৩৪ সালের ২৪ অক্টোবরের সরকুলের অর্ডরের ২ দফা।

# ১৩১। ১ नमूती मर्टिफिक्टे।

অমুক জিলা বা শহরের দেওয়ানী আদালত।

অমুক অমৃক আপেলাওঁ। রে সপাত্ত্রন্ট ।

১। আমি এই পত্রের দারা জানাইতেছি যে এই জিলার অমুক জজ সাহেবের ডিক্রীর উপর উক্ত মোকদমার আপীলের এক দর্থান্ত দাখিল হইয়াছে এবং তাহার সঙ্গে অমুক ডিক্রী পাঠান গিয়াছে।

ডিক্রী অমুক তারিখে হয়।

আপীলের দর্থান্ত অমুক তারিথে দেওয়া যায়।

২। আমি আবো জানাইতেছি যে ঐ আপীলের দর্থান্ত আইনের নিরূপিত মিয়াদের মধ্যে দেওরা গিরাছিল এমত বোধ করি এবং আইনের নিরুপিত মিয়াদের মধ্যে আ-পীল চালাইবার জন্য আপেলাউকে স্বর্থ অথবা উকীলের দ্বারা হাজির হইতে রীতিমত এত্তেলা অমৃক তারিখে দেওয়া গেল।

৩। ঐ ডিক্রী জারী হইরাছে (বা না হইরাছে)।

আমার দন্তখতে এবং এই আদালুতের মোহরে অমুক সালের অমুক মাসের অমুক তার্নিখে দেওয়া গেল।

দেওয়ানী আদালত। অমুক দালের অমুক মাদের অমুক তারিথ।

১৩२। २ नमुदो मर्टिं किक्रे ।

অমুক জিলা বা শহরের দেওয়ানী আদালত।

অযুক

আপেলাট।

রেসপাত্তেন্ট।

সদর দেওয়ানী আদালতের শ্রীমূত রেজিফীর সাহেব বরাবরের ।

অমুক সালের অমুক মাসের অমুক তারিখের উপরের লিখিত মোকদমায় যে সূর্টি-ফিকট সদর দেওয়ানী আদালতে পাঠীইয়াছিলাম তাহার বিষয়ে যে আসল এতেলানীমা পাঠান গিয়াছিল তাহা এই পত্রের সঙ্গে পাঠাইয়া জানাইতেছি যে তাহা আপেলান্টের উপর রীতিমত জারী হইয়াছে।

আমার দম্তথতে এবং এই আদালতের মোহরে অমুক সালের অমুক মাদের অমুক তারিখে দেওয়া গেল।

(मुख्यांनी जामालक। অমুক সালের অমুক মাসের অমুক তারিখে। জাজ।

১৮৩৪ সালের ২৪ অক্টোবরের সরকালর অর্ডর। ১৩৩। সদর আদালত জানাইতেছেন যে ১৮৩৭ সালের ২৫ আইনানুসারে প্রধান , সদর আমীনেরা আপীলের দর্খান্তের যে দটিফিকট সদর আদালতে পাঠান্ এবং সদর আদালতের অকুমনামার যে রিটণ করেন্ তাহা কোন নিয়মিত পাঠানুসারে করেন্ না তা-হাতে অনেক অনৈকা দৃষ্ট হইতেছে। এইরপ জনৈকোতে ক্লেশ হইতেছে অভএব সদর আদালত তুকুম করিতেতেন যে জিলার জজ দাহেবেরা যে পাঠানুদারে দটিফিকট ও রিটর্ণ লিখিয়া থাকেন দেই পাঠানুসারে প্রধান সদর আমীনেরাওতাহা লিখিবেন কেবল ইঙ্গরেঞ্জী ভাষাতে তাহা না লিখিয়া উর্দু ভাষাতে লিখিবেন। ১৮৩৯ সালের ১০ সেপ্টেম্বরের সরকালর অর্ডরের ১ দফা।

১৩৪। দদর দেওয়ানী আদালতে দেওয়া ক্ষমতা যথার্থক্রপে জারী করি-তে ঐ আদালতের সাহেবদিগকে পরাক্রম দিবার নিমিত্তে দকল অধীন আদালতের প্রতি দৃ ঢ়রূপে হুকুম হইল যে চলিত আইনের যে২ দাঁড়ানুসারে উভয় পক্ষের বিবাদের মূলীভূত বিষয়দকল লেথা আবশ্যক এবং যে হেতুর উপর তাঁছারদিগের ডিক্রা কি হুকুম জারী হইয়া থাকে তাহা লেথা আবশ্যক তদন্সারে কর্মা করেন ইতি। —১৮৩১ সা। ১ আ। ২ ধা। ৭ প্র।

১৩৫। আপলি মোকলমার যে রোয়দাদ ১৮৩১ সালের ৯ আইনের ৮ ধারানুসারে সদর আদালতে পাঠাইতে হয় তাহাতে ১৮১৪ সালের ২৬ আইনের ১০ ধারাতে যে
কৈফিয়ৎ লিখিতে জজ সাহেবের প্রতি ত্রুম হইয়াছিল ঐ কৈফিয়ৎ না লিখিয়া রোয়দাদ
বারবার পাঠান গিয়াছে। সদর দেওয়ানী আদালত ইহা অবগত হইয়া জানাইতেছেন
যে ঐ কৈফিয়ৎ না পাঠাওনেতে অত্যন্ত ক্লেশ হইতেছে যেহেতুক আপেলাট কখন২ কছে
যে আমি যে দলীলদন্তাবেজ দাখিল করিতে চাহিয়াছিলাম তাহা জজ সাহেব লন্ নাহি
অথবা যে সাক্ষিরদের ইসমনবিসী দিয়াছিলাম জজ সাহেব তাহারদিগের নামে সফীনা দেন্
নাই। অতএব সদর আদালত ত্রুম করিতেছেন যে সদর আদালতে যে সকল আপীলী
মোকদ্মা তোমার পাঠাইতে হয় তাহার সঙ্গে নিয়ত ঐ কৈফিয়ৎ পাঠাইবা। ১৮৩৬
সালের ৫ আগতৌর সরকুলের অর্জর।

১৩৬। ছকুম হইল যে অধন্থ আদালত যে সকল আপীলের দরখান্ত সদর আদালতে পাঠান্ তাহার সঙ্গে ইহাও লিথিয়া জানাইতে হইবেক যে যে ডিক্রীর উপর আপীল হই-য়াছে তাহা জারী হইয়াছে কি না। ১৭৯৬ সালের ২৭ আপ্রিলের সর্কুলর অর্ডর।

১৩৭। এক জন জজ সাহেবের ক্ষমতা আছে যে যেপর্যান্ত কোন মোকদমাসমুর্কীয় চূড়ান্ত হকুম না হইবেক সেপর্যান্ত যদি অধীন আদালতের ঐ মোকদমাসমুর্কীয় কোন ডিক্রী কি হকুম স্থগিত রাখিতে উচিত বুকেন্ তবে তাহা স্থগিত রাখিতে হকুম করেন্ ইতি।—১৮৩১ সা। ১ আ। ২ পা। ৫ পু।

# ১ ধারা।

# আপীলী মোকদমার থরচার মালজামিন।

[সদর দেওয়ানী আদালতে আপীলী মোকদমার থরচার মালজামিনী দিবার যে ছকুম ছিল তাহা ১৮৪১ সালের ১৭ আইনের দারা রদ হইয়াছে। অতএব নীচের লিখিত বিধান কেবল জিলা ও শহরের জজ সাহেবেরদের ও অধস্থ আদালতের নিষ্পাতির উপর আপীলের বিষয়ে খাটে।]

১৩৮। যদি কেই আপীলের যোগ্য মোকদমার আপীল করিয়া ভাহার ওকালতীতে আদালতের চিহ্নিত কোন উকীলকে নিযুক্ত করিতে চাহে তবে কর্ত্তব্য যে সে উকীলের রসুমের ও আপীলের এরচার নিশার কারণ মাতবর মালজামিনী তাহার আপীলের আরজীর সঙ্গে দাখিল করে। জামিনী দাখিল না করিলে যদি যোত্রহীনদিগের সম্প্রকীয় ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৪৬ ষট্চজ্বারিৎশং আইনের অনুসারে আপেলাই যোত্রহীন প্রমাণ না হয় তবে তাহার আপীলের আরজী লওয়া যাইবেক না এবং যেরপে ইঙ্গরেজী ১৭৯৭ সালের ৬ ষষ্ঠ আইনের ৬ ষষ্ঠ ধারায় কেহ আপীলের আরজী দিয়া নির্দ্ধারিত মিয়াদের মধ্যে ঐ আইনের লিখিত আপীলের নির্দ্ধিত রসুম দাখিল না করিলে সে মিয়াদ গতে তাহার আপীল করিবার অধিকার না থাকিবার ত্রুম আছে সেইরপে এই ধারার অনুসারে কেহ আপীলের আরজী দিয়া এই ধারার নির্দীত জামিনী নির্দ্ধারিত মিয়াদের মধ্যে দাখিল না করিলে সে মিয়াদ

গতে তাহার আপীলকরণের অনধিকার হইবেক ইতি।—১৭৯৮ সা। ২ আ। ১০ ধা।

১৩৯। মফঃদল আপীল আদালতের জ্ঞান্ধ সাহেব জ্ঞানা করিলেন যে জাবেতামত মোকদমায় অধন্থ আদালতের ডিক্রীর উপর আপীলের দরখান্তের সঙ্গে যদি আপেলান্ট পাপর অর্থাৎ যোত্রহীন না হইয়া পক্ষান্তর ব্যক্তির খরচার নিশার কারণ মালজামিনী দাথিল না করে তবে ১৮০৩ সালের ৪ আইনের ১২ ধারার ৬ প্রকর্ণানুসারে ঐ আপীলের আরজী উপরিস্থ আদালতের লইতে হইবেক কি না। তাহাতে সদর আদালত বিধান করিলেন যে খরচার নিশার কারণ জামিনী দাখিল না হওনের পূর্বে যদ্যপি কোন আপীলের আরজী গ্রাহ্য হইতে পারে না তথাপি আরজীর সঙ্গে জামিনী দাখিল না করণের যদি মাতবর কারণ দর্শান যায় তবে উপরিস্থ আদালতের সাধ্য আছে যে সেই দর্খাস্ত গ্রাহ্য করেন্ এবং আপেলান্টকে জামিনী দিবার নিমিত্ত উপযুক্ত সময় দেন্ সদর আদালতে এইন্যত ব্যবহার আছে। ৩৬৯ নম্রী আইনের অর্থের ২ দফা।

১৪০। খার চার নিশার কারণ আপেলান্টেরদের যে মালজামিনী দিতে হয় তাহার বিষয়ে সদর আদালত যে নির্দ্ধারণ করিয়াছেন তাহার এক নকল জিলার জজ সাহেবের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্ত পাঠান যাইতেছে এবং আপীলী মোকদমায় উত্তর কালে জামিনরেদের যে জামিনী পত্র লিখিয়া দিতে হইবেক তাহার পাঠের এক নকল এই ক্ষণে জজ্ঞ সাহেবের নিকটে পাঠান যাইতেছে। সদর আদালতের সাহেবেরা বোধ করেন যে আপীলী মোকদমাতে যে ব্যক্তি আপেলান্টের খার চার জামিন হন্ তাহার একরার নামার মজমুন এই যে আপীলের ডিক্রী হওন সময়ে আপেলান্টের স্থানে যে কোন ব্যক্তি থাকুন না কেন। আপীলেতে যে সকল খারচা লাগে তাহার নিশাকরণের বিষয়ে আমি দায়ী আছি অভএব যখন আপেলান্ট কিয়া রেস্পাণ্ডেট অথবা জামিন আপীল উপস্থিত থাকিতে মরে তখন শুত্র জামিন তলব করিবার আবশ্যক নাই যেহেতুক তাহাতে অনেক ক্লেশ ও বিলয় হয়। ১৯৩২ সালের ১৩ জুলাইর সরকুলর অর্ডর।

১৪১। মুনদেফেরদের ডিক্রীর উপর যে আপীল হয় তাহাতে থরচার নিশার কারণ জামিনী তলব করিতে আইনেতে কোন বিধিনাই কিন্তু আইনে দিশেষ লেখা আছে যে অন্যদকল আদালতে আপেলান্টেরদের স্থানে দেইরপ জামিনী তলব করিতে হইবেক। অতএব সদর আদালত বোধ করেন্ যে মুনদেফেরদের ডিক্রীর বিষয়ে সেইরপ না লেখা ভুলক্রমৈ হয় নাই কিন্তু মুনদেফেরদের ডিক্রীর উপর যে ব্যক্তিরা আপীল করে তাহারদের স্থানে দেইরপ জামিনী লইবার আবশাক নাই। ১৮৩৭ সালের ৮ সেপ্টেয়রের সরকালর অর্জন।

িকন্ত তাহার পর জারীহওয়। আইনে এমত ছকুম হইল যে আপীল আদালত রেক্পাণ্ডেন্টকে হাজির না করাইয়া আপীলের ডিক্রী বহাল রাখিতে পারেন্ এইপ্রযুক্ত আ-পীলের আর্জীর সঙ্গে আপেলান্টের খরচার জামিনী দিবার আবশ্যক নাই। কিন্তু যখন আপীল আদালত সেই মোকদমা জাবেতামত আপীলের নায় শুনিতে এবংরেক্পাণ্ডেন্টকে তলব করিতে নিক্চয় করেন্ তথন খরচার নিশার কারণ জামিনী আপেলান্টের নিকটে তলব করিতে হইবেক। নীচের লিখিত বিধান এই নূতন নিয়মের সঙ্গে সম্পর্ক রাখে।

১৪২। ১৮১৪ সালের ২৬ আইনের ৮ ধারার ২ প্রকরণের শেষ ভাগে ছকুম আছে যে প্রত্যেক আপীলের আরজীর সঙ্গে আপীলের থরচার নিয়মিত জামিনী দাখিল করিতে ছইবেক। কিন্তু এক্ষণে ১৮৩১ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণানুসারে পক্ষান্তর ব্যক্তিকে হাজির না করাইয়া জিলা বা শহরের আদালতের নিষ্পান্তি বহাল রাখিতে অথবা তাহা পুনর্দ্ধি করিতে সদর দেওয়ানী আদালত ছকুম দিতে পারেন্ এইপ্রযুক্ত সদর আদালতের ছকুম না হওয়াপর্যান্ত খরচার জামিনী প্রথমে তলব করিবার আবশাক নাই। ১৮১৩ সালের ২৮ জুনের সরকুলের অর্ডরের ৫ দফা।

১৪৩। যথন আপীল আদালত রেম্পাণ্ডেন্টকে তলব করিবার আবশ্যক বোধ করেন্

তথ্য আপীলের খ্রচার নিশার কারণ নিয়মিত জামিনী দাখিল করিবার নিমিত্ত আপেলান্টকে কত মিয়াদ দেওয়া ঘাইবেক কি ছয় সপ্থাহের মিয়াদ দিতে হইবেক কি যে আদালতে আপোল উপস্থিত হয় সেই আদালত আপন বিবেচনামতে মিয়াদ নিরুপণ করিতে পারেন্ এই বিষয়ে সন্দেহ ইওয়াতে সদর আদালত বিধান করিতেছেন যে ১৮১৪ সালের ২৬ আইনের ৮ ধারার নিয়মমতে হিসাব করা এক মাস অতীত হওনের পর যদি জামিনী দিতে এবং রেসপাণ্ডেন্টকে তলব করিতে তুকুম হয় এবং যদি আপোলান্ট জামিনী পত্র তৎক্ষণাৎ দাখিল করিতে প্রস্তুত না থাকে তবে যে আদালতে আপীল হইয়াছে সেই আদালতের এমত ক্ষমতা আছে যে প্রত্যেক মোকদ্মার গৃতিক বৃষয়ে। যে মিয়াদ উচিত বোধ করেন্ সেই মিয়াদ দেন্। এবং যদি আপোলান্ট সেই মিয়াদের মধ্যে জামিনী দাখিল না করে এবং বিলয়্বরুণের কোন মাত্রর কারণ না দর্শাইতে পারে তবে তাহার আপীল কসুরপ্রযুক্ত ডিসমিস হইবেক। ১৮৩৯ সালের ১২ জুলাইর সরকুলের অর্ডরের ১ দফা।

১৪৪। উক্ত (১৪১ নমুরী) বিধান প্রধান সদর আমীনের আদালতের বিষয়েও থাটিবেক এবং জিলার জজ সাহেবের প্রতি তকুম হইল যে ঐ বিধানের মর্মা তাঁহাকে জানাইয়া তকুম করেন্ যে জজ সাহেবের আদালতহইতে খরচার নিমিত্ত জামিনী দেওনের বিষয়ে যদি তকুম না হইয়া থাকে তবে ঐ আপীল প্রধান সদর আমীনের নিকটে অর্পণ হইলে পর তিনি কিছু বিলম্ব না করিয়া সেই জামিনী দাখিল করিবার যথোচিত তকুম দেন্। ১৮৩৯ সালের ১২ জুলাইর সরকুলের অর্ডরের ২ দফা।

১৪৫। সদর আদলিত বিধান করিতেছেন যে ঐ এক মাস মিয়াদ ডিক্রীহওনের ভারিখভাবধি গণ্য করিতে হউবেক। ভাঁহারা আরো জানাইতেছেন যে ঐরপ হিসাবকরা এক মাস জাতীত না হইতে২ যদি সেই প্রকুম দেওয়া যায় এবং এক মাস সম্পূর্ণহওনের অব-শিক্ত যে কাল থাকে সেই কাল যদি এমত অপপ হয় যে আপেলান্ট মাসের শেষ না হওনের পূর্বের জামিনী দাখিল করিতে না পারে তবে জিলা ও শহরের জজ সাহেবের সাধ্য আছে যে আর যত মিয়াদ দেওয়া উচিত বোধ হয় তাহা আপনার বিবেচনামতে দেন্। এবং সেই মাস অতীত হইলে বা না হইলে জজ সাহেবে এইরপ কার্য্য করিবেন। ১২৪৪ নয়ুরী আইনের অর্থের ও দফা।

' [ভিন্ন রাজারদের অধিকারনিবাসি আপেলাউ ও রেস্পাত্তেন্টের দারা আপীলী মো-কন্দমায় থ্রচার জামিনী দেওনের বিষয়ি বিধি ৩ অধ্যায়ের ৬১ ধারাতে লেখা আছে।]

# ১০ ধারা।

# আপীলা মোকদ্মার শ্বনন ও নিষ্পত্তিকরণ।

১৪৬। প্রথমত উপস্থিতহওয়া মোকদ্দমার সওয়াল ও জওয়াবের কর্মা করিবার বিষয়ি দাঁড়া ও হুকুমের মতে আপীলের মোকদ্দমার সওয়াল ও জও-য়াবের কার্য্য করিবার নিমিত্তে যে সকল হুকুম নির্দিষ্ট ইইয়া এক্ষণকার চলিত আইনেতে লেখা আছে তাহা নাচের লিখিত কথার অনুসারে নিবর্ত্ত ও পরি-বর্ত্ত হইবেক ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ১ ধা। ১ প্র।

১৪৭। যদি ইঙ্গরেজী ১৮১৫ সালের ফেব্রুআরি মাসের ১ পছিলা তারিথের পরে জিলা কি শহরের কোন আদালতে কিয়া কোন প্রবিন্সাল কোর্ট আদালতে অথবা সদর দেওয়ানী আদালতে সরাসরীভিন্ন আপালের কোন মোকদমাতে আপালের কোন দর্থাস্ত দাখিল হয় ও তাহাতে রেয়াওে- প্টের ক্ষমতা আছে যে আপেলাণ্টের দর্থাস্তের ও আপালের হেতুর জওয়াব দাখিল করে বা না করে কিন্তু যদি কোন মোকদমাতে কোন রেয়াওেণ্ট জও-

য়াব দাখিল না করে ও যে সাহেবদিগের নিকটে আপীলের মোকদ্মার বিচার হয় তাঁহার আপীলের দরখাস্তের জওয়াব কি মোকদ্মার বেওরা স্লুফ্ট বুকা যাইবার নিমিত্তে তাহার লিখিত কোন কথার জওয়াব দাখিলহওন উচিত বুকেন্ তবে ঐ সাহেবদিগের ক্ষমতা আছে যে তাহা দাখিল করিবার অর্থে রেস্লাণ্ডেন্টের উপর হুকুম দেন্ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ১ ধা। ২ প্র।

১৪৮। জানা কর্ত্তব্য যেইঙ্গরেজী ১৮১৫ দালের ফেব্রুআরি মাদের ১ পহিলা তারিথের পরে আপালের যে দকল মোকদ্দমা উপস্থিত হয় তাহাতে আপেলাণ্টের আপীলের দর্থাস্ত ও হেতুর আর্জীভিন্ন ও রেল্লাণ্ডেণ্টের জওয়াবভিন্ন দওয়াল ও জওয়াবের আর কোন কাগজপত্র লওয়া যাইবেক না কিন্তু যদি এই আইনের ৭ ধারার ১ প্রকরণের মতে নালিশী আর্জীর অন্য নকল দাখিল করণের আবশ্যক হয় কি এই আইনের ৬ ধারার ৩ প্রকরণের অনুসারে দওয়াল ও জওয়াবের কোন কাগজের অবশেষ কথা দাখিলকরণের অর্থি আদালত হইতে অনুমতি হয় তবে তাহা দাখিল হইতে পারিবেক ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ১ ধা। ৩ পু।

১৪৯। আলাহাবাদের সদর আদালতের সদ্দে কলিকাতান্থ সদর আদালত ঐক্য হই-রা বিধান করিতেছেন যে ১৮১৪ সালের ২৬ আউনের ১২ ধারার বিধি কেবল জাবেতা-মত মোকদমার বিষয়ে খাটে আপীলী মোকদমার বিষয়ে খাটি না। ১১৯১ নম্বরী আ-ইনের অর্থ।

১৫০। ১৮১৪ সালের ২৬ আইনের ১০ ধারার বিধি যেমত প্রথমত উপস্থিতহওয়া মোকদমার উপর থাটে তেমনি আপীলী মোকদমার উপরেও থাটে তাতএব সকল মোকদ্দ্রার যে মূল বিষয় লইয়া বিবাদ আছে তাহা এবং উভর বিবাদী যে২ হেভুতে আপনার-দ্বের সওয়ালজওয়াবের পোষকতা করে তাহা অতিমনোযোগপূর্বক লিখিয়া রাখিবা। ১৮৪০ সালের ২ অক্টোবরের সর্কুলর অর্ডরের ও দফা।

১৫১। জিলা কিয়া শহরের দেওয়ানী আদালতে নিক্ষান্তিহওয়া কোন মোকদমার আপীল মফঃসল আপীল আদালতে হইলে যদি মফঃসল আপীল আদালতের সাহেবেরা বুকেন্ যে সে মোকদ্মার বিচার জিলা কিয়া শহরের দেওয়ানী আদালতে যথার্থক্রমে হয় নাই তবে মফঃদল আপীল আদালতের সাহেবেরদের শক্তি আছে যে দে কালে দেই হেডুতে কিম্বা অন্য হেডুতে দে মোকদ্মার নিষ্পত্তি দৃষ্টে বিশিষ্ট প্রকারে আপনারা অন্যথ দাক্ষির দাক্ষ্য প্রারণের দ্বারা নিক্ষান্তি করেন্ ফিয়া পুনর্কার সে মোকদ্মা বিচার কারণ সেই জিলা কিন্তা শহরের দেওয়ানী আদালতে নোপদ করেন্। ইহাতে যদি সে মোকল্বনা জিলা কিন্তা শহরের দেওরানী আদালতে সোপর্দ্ধ হয় তবে মফঃসল আপীল আদালতের দাহেবেরা দে মোকদ্দমার যথার্থ বিচারার্থে অন্যং <u>দাক্ষির দাক্ষ্য শুনিবার বিষয়ে ও উভয় বিবাদির ও দাক্ষিদিগের অফ্রেশ অর্থাৎ</u> আশানের জন্য যাহা উচিত জানেন্ তাহা জিলা কিয়া শহরের জজ সাহেবকে লিথিবেন কিন্তু যে সময়ে আপীল আদালতের দাহেবেরা এমত কার্য্য করেন্ সে সময়ে সেই হেতু রোয়দাদের বহীতে লেথাইবেন। আর যদি মফঃসল আপীল আদালতের সাহেবেরা সেই সকল সাক্ষির সাক্ষ্য আপনারদিগের এলাকার আদালতে শ্রনেন তবে দরবারের সময়ে আপনারা সেই সাঞ্চিদি-গেরে দিব্য করাইয়া দাক্ষ্য শুনিয়া জোবানবন্দীতে তাহারদিগের দম্ভথৎ করা-ইয়া লন কিয়া রেজিষ্টর সাহেবকে অনুমতি করেন যে ঐ মতে দাক্ষিদিগেরে

৫ অধায়।

দিবা করাইয়া দাক্ষ্য শুনিয়া জোবানবন্দীতে তাহারদিগের দম্ভথৎ করাইয়া লইয়া আপনিও তাহাতে দহী করেন্ এই দুই রূপে যাহা যথার্থ বিচার ও বেওবা অবগতার্থে ও সাক্ষিদিগের সম্বন্ধে ভাল জানেন তাহাই করিবেন ইহাতে যদি দান্ধিদিগের দাক্ষ্য রেজিষ্টর দাহেবকে শুনিতে হয় তবে রেজিষ্টর দাহেব (महे मकल नाक्तित (कावानवन्दी উভয়ের माक्ता किया উভয়ের উকলিদিগের মোকাবিলায় করাইবেন তাহাতে উভয় ও উভয়ের উকালদিগের সাধ্য আছে যে দে কালে দাক্ষিদিগের স্থানে যাহা জিজ্ঞাদা অর্থাৎ দওয়ালকরণ আবশ্যক হয় তাহা করে ও উভয় বিবাদির সেই সকল সওয়াল ও সাক্ষিরা তাহার যে জওয়াব দেয় সে দকল সওয়াল ও জওয়াব লেথা গিয়া তাহাতে জনাজাৎ সা-ক্ষির দম্ভথৎ করাণ যায় এবপ রেজিন্টর সাহেবের সহীও তাহার উপর হয় কিন্তু উভয় বিবাদী কিয়া তাহারদিগের উকীলেরা রেজিউর সাহেবের নিকট मिक्ट मकल माक्कित (जावानवन्ती क्केटरवक मण्वाम शाहिया (जावानवन्ती क्के-বার সময়ে দে কি তাহারা তথায় হাজির না থাকে তবে রেজিফ্টর সাহেব উভয় বিবাদী কিয়া উভয়ের উকালদিগের গ্রহাজিরীতেও সেই দাহ্দিদিগের জোবানবন্দী উপরের লিখনানুসারে করাইবেন এবং সে জোবানবন্দী মাতবর জানা যাইবেক ইতি। - ১৭১৩ দা। ৫ আ। ১৮ ধা।

১৫২। যদি কোন মোকদ্মার আপীলের দর্থান্তী আর্জী মফঃদল আপীল আদালতে দাথিল হইলে তাহর পর ৬ ছয় হপ্তার মধ্যে আপোলাণ্ট সে মোকদমার সওয়াল ও জওয়াব না করে তবে তাহা না করিকার কোন বিশিষ্ট হেতু তথায় না দর্শাইতে পারিলে দে মোকদ্দদা ডিদমিদ হইবেক বর্ৎ মফঃসল আপীল আদালতের সাহেবেরা উচিত জানিলে বেস্লাণ্ডেণ্ট অর্থাৎ আসামীকে আদালতের থরচা দেওয়াইতে হুকুম করিবেন। কিন্তু ঐ সাহেবেগ্না এমতে যে মোকদ্মা ওনেন্কিয়া ডিদ্মিন করেন্ অর্থাৎ না ওনেন্তাহার বেওরা রোয়দাদের বহীতে লেথাইবেন ইতি। - ১৭৯৩ সা। ৫ আ। ২১ ধা।

১৫৩। ইহাতে তুকুম হইল যে কোন আদালতে কোন সময়ে যদি ফরি-रामि अथवा आप्रानाणे ছয় मश्रार्थागु भाकम्मा वा आशीन हाना है उक्रि করে তবে সেই মোকদ্দমা বা আপীল ডিসমিস হইবেক এরণ মোকদ্দমা বা আপীল ডিদমিদকরণের পুর্বে ফরিয়াদী অথবা আপেলাণ্টকে কিছু এত্তেলা দিবার আবশ্যক হইবেক না। যদি বিশেষ দর্থাস্ক্রন্ম অধিক মিয়াদ দেও-য়ার বিষয়ে ফরিয়াদী অথবা আপেলাণ্ট কিন্তা তাহার মৃত্যু হইলে তাহার মোগারকার পুর্বে আদালতের অনুমতি না পাইয়া থাকে তবে আদালতের অথবা আসামীর কি অন্য কাছারো কোন কর্ম করণব্যতিরেকে এব ০১ কারণ না দর্শাইয়া ঐ মোকদমা বা আপীল কাষেং ডিদমিদ হইবেক। এবং আদালত যদি কোন গতিকে অধিক মিয়াদ দেন্তবে অধিক মিয়াদ দেওনের কারণ বিশেষ করিয়া রোয়দাদের বহাতে লেথাইবেন কিন্তু অধিক মিয়াদের দুরুথান্ত অগ্রাহ্য হইলে তাহার কারণ বিশেষরূপে লিথনের আবশাক হইবেক না इंडि।-३৮85 मा। १२ व्या। ५ था।

১৫৪। ১৮৪১ সালের ২৯ আইনের বিধির বিষয়ে তোমাকে জানাইতে আদেশ পাইয়াছি যে ঐ আইন জারীহওনের তারিখে তোমার নথীতে যে দকল মোকদমা মূলতবী ছিল তাহাতে বাদী কিয়া প্রতিবাদী ঐ তারিখঅবধি ছয় সপ্তাহপর্যান্ত চালাইতে কটি ক্রিলে ঐ মোক্দমাতে ঐ আইন খাটিবেক এবং ঐ আইন কলিকাতা গেলেটের যে

নম্বরে প্রকাশ হয় তাহা অথবা ঐ আইনের ছাপাহওয়া নকল যে তারিখে তোমার কাছা-রীতে পঁছছে সেই তারিখ অবধি ঐ ছয় দপ্তাহ গণ্য করিতে হইবেক। ঐ আইন জারী-হওনের পরে যত মোকদ্দমা উপস্থিত হয় তাহাতে সুতরাৎ ঐ আইন খাটিবেক। আরো তোমার প্রতি তুকুম হইতেছে যে তুমি উপরের লিখিত তুকুম এদেশীয় বিচারকদিগকে অবিলয়ে জানাইবা। ১৮৪১ সালের ২৪ ডিসেম্বরের সরক্যুলর অর্ডর।

১৫৫। যথন আপালের দরখান্ত সদর দেওয়ানী আদালতে দেওয়া যায় তথন যে তারিখে দরখান্ত আদালতে প্রজরাণ যায় সেই তারিখেঅবধি আপাল উপস্থিতহওয়া সুত্রাং গণ্য হইবেক। কিন্ত যে আদালতে মোকদ্দমা হইয়াছিল তথায় যথন আপালের দরখান্ত প্রজরাণ যায় তথন ১৭৯৭ সালের ১২ আইনের ৩ ধারানুসারে যে তারিখে সদর আদালতে ঐ আপালের দরখান্ত দেওয়া যায় অর্থাৎ যে তারিখে দরখান্ত ঐ আদালতে পর্তছে সেই তারিখঅবধি আপাল উপস্থিতহওয়া গণ্য করিতে হইবেক। ইহার উভয় গতিকে আপাল উপস্থিতহওনের তারিখঅবধি ছয় সপ্তাহের মধ্যে মোকদ্দমা চালাইতে আপেলান্টের প্রতি ১৮৪১ সালের ২৯ আইনের ১ ধারায় ছকুম আছে অতএব জিল্লাসা হইতেছে যে "মোকদ্মা চালাইতে" ইহার অর্থ কি। তাহাতে বিধান হইল যে আপেলান্টকে যে ছয় সপ্তাহের মিয়াদ দেওয়া গিয়াছে তাহার মধ্যে যদি য়য়ং অথবা উকীলের দারা আপালের হেতু না প্রজরায় তবে তাহার কসুর হইয়াছে বোধ করিতে হইবেক এবং তাহার আপীল ডিসমিসহওনের যোগ্য হইবেক। সুদ্ধ উকীল নিযুক্তকরণেতে তাহার আপাল ডিসমিসহওনের যোগ্য হইবেক। ১৮৪১ সালের ৩১ ডিসেয়রের আইনের অর্থ।

১৫৬। এব॰ ইহাতে ভ্কুম হইল যে কোন মোকদ্দনা বা আপীল উক্ত ধারানুদারে ডিদমিদ হইলে আদানী অথবা রেল্পাণ্ডেন্ট মোকদ্দমায় বা আপীলে যে দকল এরচপত্র করিয়া থাকে তাহা আদালত তাহাকে দেওয়াইয়া দিবেন কিন্তু যদি ফরিয়াদী কি আপোলাণ্টের প্রতি দময়ের থেলাফ প্রযুক্ত অথবা আশীলের মিয়াদপ্রযুক্ত প্রতিবন্ধক না থাকে অথবা ডিদমিদহওয়া মোকদ্দমা বা আপীল উপস্থিতকরণ এবং তাহা ডিদমিদহওনপ্রযুক্তভিন্ন অন্য কোন প্রতিবন্ধক না থাকে তবে মোকদ্দমা বা আপীল ডিদমিদহওয়াতে নূতন মোকদ্দমা বা আপীল উপস্থিতকরণের কিছু প্রতিবন্ধক হইবেক না এবং ঐ মোকদ্দমা বা আপীল ডিদমিদহওয়াতে মোকদ্দমা বা আপীল ডিদমিদহওয়াতে মোকদ্দমা বা আপীল ডিদমিদহওয়াতে মোকদ্দমার নিয়াদের আইনক্রমে দময়ের থেলাফ নিবারণ হইবেক না ইতি।—১৮৪১ দা। ২৯ আ। ২ ধা।

১৫৭। ১৮৪১ সালের ২৯ আইনের ২ ধারায় এই কথা লেখা আছে "যে কোন গতিকে মোকদমা বা আপীল ডিসমিস হয়" অতএব মুরাদাবাদের জজ সাহেব এই বিধির এই সাধারণ কথার বিষয়ে জিজ্ঞান করিলেন যে আপীলহওয়া মোকদমার জওয়াব দিতে রেসপাণ্ডেটের তলব না হইলে যদি সেই ব্যক্তি জওয়াব দেয় এবং উকীলকে নিযুক্ত করে এবং ঐ আপীল উক্ত আইনানুসারে ডিসমিস হয় তবে ঐ রেসপাণ্ডেটকে আদালতের শ্বরুচা দেওয়াইতে ডিক্রী করিতে হইবেক কি না। তাহাতে বিধান হইল যে প্রতিবাদি ব্যক্তির তলব না হইয়া আদালতে যে উপস্থিত হইবেক এমত গতিক জজ সাহেবের উল্লেখ হওয়া ধারার অভিপ্রায়ের মধ্যে ছিল না বোধ হইতেছে। যেহেতুক ঐ প্রতিবাদি ব্যক্তিকে "রেসপাও" করিতে অর্থাৎ জওয়াব দিতে তলব না হইলে তাহাকে প্রকৃতমতে "রেসপাওেট" বলা যায় না। পুনশ্চ জজ সাহেবকে ৬৭৫ নম্বরী আইনের অর্থ দেখিতে হুকুম হইল। ঐ নম্বরী আইনের অর্থতে "রেসপাওেট" শব্দ কেবল "প্রতিবাদি ব্যক্তি" বুঝায় এমত লেখে। ১৩২৭ নম্বরী আইনের অর্থ।

১৫৮। ১৮৪১ সালের ২৯ আইনের যে ভাগে লেখে যে ১ ধারানুসারে কনুরপ্রযুক্ত মোকদমা ডিসমিদ হইলেও যদি কালের এবং আপীলকরণের মিয়াদের খেলাফ হওয়া- প্রযুক্ত আপীলকরণের প্রতিবন্ধক না থাকে তবে আপোলান্ট নুতন আপীল করিতে পারেন্। এই ভাগের উপলক্ষে ফরককাবাদের জন্ধ সাহেবের জিজাসা করাতে এই বিধান হইল যে এ আইনের কথা সাধারণ এবং সকল আপীলের বিষয়ে খাটে অতএব যদি জিলার জন্ধ সাহেবের আদালতে কোন আপোলান্ট ১৮৪১ সালের ২৯ আইনানুসারে কসুর করে এবং এ আইনের বিধির অনুসারে যদি তাহার মোকদমা নথীহইতে উঠান যায় তবে তাহার আপীল মিথাা হইল। ১৩৩৪ নয়রী আইনের অর্থ।

১৫৯। [জিলা ও শহরের আদালতের ক্ষন্ত সাহেবেরা এবং প্রধান সদর আমীনের। যেমতে ও যে পরাক্রমানুসারে এবং যে বিধি ও নিষেধদৃট্টে প্রথমত উপন্থিতহওয়া মোকদমার বিচার ও নিষ্পত্তি করেন্ সাধ্যপর্যন্ত সেইরূপে আপীলী মোকদমার বিচার ও নিষ্পত্তি করিবেন এবং প্রথমত উপন্থিতহওয়া মোকদমায় যেরূপে ডিক্রী প্রস্তুত ও নকল করিতে এবং সেই ডিক্রী উভয় বিবাদিকে দিতে কি দিবার প্রস্তুাব করিতে হুকুম আছে সেইরূপে ওাঁহারা আপীলী মোকদমার ডিক্রীর বিষয়ে করিবেন।

১৬০। যে সময়ে যে মোকদ্দমা মফঃদল আপীল আদালতে উপস্থিত হয় দে সময়ে জিলা কিয়া শহরের দেওয়ানী আদালতের রেজিইটর সাহেব সেই আদালতের উপস্থিত যাবদীয় মোকদ্দমার নালিশী আরজী ও উত্তর প্রত্যুক্তরাদির কাগজে ও নিদর্শনী কাগজপত্রে যেমতে পত্রাঙ্ক অর্থাৎ নম্বর ও চিহ্ন ও তারিথ স্বাক্ষরে লিথেন সেই মতে মফঃদল আপীল আদালতের রেজিইটর সাহেব আপীলের দর্থাস্ত্রী আরজী ও উত্তর প্রত্যুক্তরাদির জোবানবন্দী ইত্যাদি নিদর্শনী কাগজপত্রে নম্বর ও চিহ্ন ও তারিথ স্বাক্ষরে লিথিবেন ইতি।—১৭১৩ সা। ৫ আ। ২১ ধা।

১৬১। উপরের লিখিত হ্কুমের ভাবের বৈলক্ষণা দর্শিতে এবং মো-কদ্মাদকলের আপীল অনর্থক হইতে না পারিবার জন্যে কর্ত্তব্য যে মফঃদল্, আপীল আদালতদকলের দাহেবেরা জিলা কিয়া শহরদকলের দেওয়ানী আদালতের কোন ডিক্রী দাব্যস্ত রাখিলে ও দদর দেওয়ানী আদালতের দাহেবেরা মফঃদল আপীল আদালতদকলের কোন ডিক্রী মঞ্চুর করিলে দে ডিক্রী যে দংশ্যায় হইয়া থাকে তাহার উপর দেই ডিক্রীর তারিখহইতে শতকরা এক টাকার হারে দুদ ধরিয়া দমেতদুদ ডিক্রীর টাকা রেয়াওেণ্টকে দেওয়ান্ এবং অনর্থক আপীল হইবার বোধে দে মোকদ্মার মর্ম্ম ও আপেলাণ্টের গতিক দৃষ্টে যে দণ্ড দরকারে করণ বিহিত জানেন্ তাহা করেন্ ইতি।—১৭১৬ দা। ১৩ আ। ৩ ধা।

১৬২। যদি ঐ ডিক্রীর উপর আপীল হয় এবং তাহা বহাল থাকে তবে আপীল আদালতের উচিত যে ১৭৯৬ দালের ১৩ আইনের ৩ ধারানুদারে ঐ ডিক্রীর তারি থঅবধি ঐ সমুদয় টাকা পরিশোধকরণের তারি থপর্যান্ত যে আদল টাকা ও দুদ ও থর চার আদল ডিক্রীতে হুকুম হইয়াছিল দেই জুমলা টাকার উপর মুদ দিবার ডিক্রী করেন্। ১৮৩৬ দালের ৪ মার্চের সরক্যুলর অর্ডরের ৩ দফা।

১৬৩। বর্তমান আইনানুসারে ১৭৯৩ সালের ৩ আইনের ১২ ধারার বিধিসম্পর্কীয় মোকদ্দমায় যে ব্যক্তির জ্বরীমানা হয় সেই ব্যক্তি জ্বরীমানার টাকা না দিলে কয়েদ হইবার যোগ্য হইবেক। কিন্তু যদি ১৭৯৬ সালের ১৩ আইনের ৩ ধারানুসারে অনর্থক আপীল-করণের নিমিত্তে জ্বরীমানা হয় এবং যদি অপরাধি ব্যক্তি সেই টাকা তৎক্ষণাৎ না দেয় তবে আদালতের ডিক্রী জ্বারীকরণের বিষয়ে যে২ হুকুম আছে সেই২ হুকুমানুসারে তাহা উসুল হইবেক। ১০৯৬ নম্বরী আইনের অর্থ।

[কিন্তু জানা কর্ত্তব্য যে আলাহাবাদের সদর আদালত সম্পুতি কহিয়াছেন যে ১৭৯৬

সালের ১৩ আইনের ৩ ধারা জ্রীজালা আদালতের বিষয়ে খাটে কি না এই বিষয়ে সন্দেহ হইতে পারে যেহেত্ক তাহা জ্রীমানাকরণ বিষয়ের আইন।

১৬৪। যদি সেই দাওয়া অধন্থ আদালতে ডিসমিস হইয়া পরে আপীল আদালতের দারা ডিক্রী হয় তবে অধন্থ আদালতের ডিক্রীহওনের তারিশপর্যান্ত আসল টাকার উপর সুদের হিসাব করিতে হইবেক এবং ঐ আসল টাকা ও সুদ ও খরচা এই জুমলা টাকার উপর দেনা পরিশোধের তারিশপর্যান্ত সুদ দিবার হুকুম করিতে হইবেক। ১৮৩৬ সালের ৪ মার্চের সুরক্যলর অর্ডরের ৪ দফা।

১৬৫। সদর দেওয়ানী আদালত বিধান করিতেছেন যে যখন মোকদমার খরচা ডিক্রীর মধ্যে লেখা যায় তখন ডিক্রীকরণিয়া আদালত যে বিষয়ের ডিক্রীকরেন্ ঐ খরচা সেই বিষয়ের এক অংশ হয় এবং অন্যান্য বন্দ্রর যে ডিক্রী হয় তাহার উপর যেমত আদালতের ডিক্রীর তারিখাঅবধি সুদ চলিবেক সেইমত এই খরচার উপরও সুদ চলিবেক। ৭১৫ নয়রী আইনের অর্থ।

১৬৬। রেন্সাণ্ডেট অধ্য আদালতে যে নালিশ করিয়াছিল সেই নালিশ যদ্যপি আপীল আদালত গোমোহদায়ক জান করেন্ তথাপি ঐ আপীল আদালত সেই বিষয়ে ঐ রেন্সাণ্ডেন্টের জরীমানা করিতে পারেন্ না। ১৮৩৩ সালের ২৫ জানুআরির সরক্যুলর অর্ডরের ৫ দফা।

### ১১ ধারা।

আপীলকরণের সময়ে বিলায়তের সনদঅপ্রাপ্ত অর্থাৎ অচিহ্নিত বিচারকের-দের হুকুম জারীকরণ কি স্থগিত রাথণ।

১৬৭। মুনদেফের নিষ্পত্তিকরা কোন মোকদ্দার আপীল মঞ্চুর হইলে পার আপেলাট যদি আদালত হইতে যে ফর্দলা হইবেক তাহা আমলে আ-দিবার নিমিত্তে জজ সাহেব যে মিয়াদ নিরপণ করেন তাহার মধ্যে মাতবর জামিনী দাখিল করে তবে জজ সাহেবের ক্ষমতা আছে যে মুনদেফের ডিক্রী জারীকরা মৌকুফ রাখেন্ ইতি।—১৮১৪ সা। ২৩ আ। ৪৬ ধা। ৫ প্র।

১৬৮। সদর আদালত বিধান করিতেছেন যে নগদ টাকা অথবা অন্য অস্থাবর সম্পত্তির বিষয়ের ডিক্রী হইলে এবং সেই ডিক্রীর উপর আপীল হইলে যদি আপেলান্ট আপীল আদালতে করা নিম্পত্তি আমলে আনিবার নিমিত্তে উত্তম ও মাতবর জামিনী দাখিল করে তবে প্রথম ডিক্রী জারী স্থগিত করিতে হইবেক। ২৮৪ নমুরী আইনের অর্থের ও দফা।

১৬৯। সদর আদালত জানাইতেছেন যে ১৮১৪ সালের ২৩ আইনের ৪৫ ধারার ৪ ও ও প্রকরণের কথার এই অর্থ দৃষ্ট হইতেছে যে মুনদেফের ডিক্রীর উপর আপীল যদি গ্রাহ্য হয় এবং যদি আপীলহওয়া ডিক্রী জারী স্থগিতকরণার্থ নিরূপিত জামিন দেওয়া যায় তবে আপীলের বিচার হওন সময়ে ঐ ডিক্রী জারী স্থগিত থাকিবেক। ২৮৪ নম্বরী আই-নের অর্থের ৫ দফা।

[এই অধ্যায়ের ১৬৭৹নমূরী বিধান ১৮১৪ সালের ২৩ আইনের ৭৩ ধারার ছারা

সদর আমানেরদের প্রতি খাটান গেল।]

১৭০। সদর দেওয়ানী আদালত বিধান করিতেছেন যে ১৮০৮ সালের ১৩ আইনের ১১ ধারার ৩ প্রকরণানুসারে যে জিলার জজ সাহেবের নিকটে সদর আমীনের নিম্পাত্তির উপর আপীল হয় সেই ডিক্রী জারীকরণ বা ছগিতকরণের ভার ঐ জজ সাহেবের প্রতিই আছে এবং যে রেজিউর অথবা প্রধান সদর আমীনের নিকটে জজ সাহেব সেই আপীল অর্পণ করেন্ তাঁহার প্রতি সেই ভার নাই। ৬৪৬ নম্বরী আইনের অর্থ। (৫০০০৲ টাকার অনুর্ক্ন যে মোকদ্দমা প্রধান সদর আমীনের ছারা নিষ্পত্তি হইয়া তাহার উপর জাবেতামত আপীল জিলার জজ সাহেবের নিকটে হয় সেই২ মোকদ্দমার বিষয়ে পূর্বোক্ত আপীলসম্পর্কীয় বিধি খাটে।

# ১২ ধারা।

ভূমিবিষয়ক মোকদ্দমায় জিলার আদালতের নিষ্পত্তির উপর সদর আদালতে আপাল হইলে ঐ জিলার আদালতের হুকুম জারী কি স্থগিত রাথা।

১৭১। কোন ব্যক্তি ভূমি কিয়া বাটা অথবা যে আর কোন স্থাবর বস্তু তাহার ভোগদখলের বহির্ভূত হইয়াছে তাহার স্থাবের দাওয়াতে নালিশ করিয়া মোকদমার বৃত্তান্ত বিচার হইলে পর সেই বস্তুতে আপন স্বস্থ দাব্যস্তহণ্ডনে এতাবতা সেই ভূমিইত্যাদি আপনি পাওনের বিষয়ে ডিক্রী পায় তাহাতে সে মোকদমার প্রথম বিচার জিলা কি শহরের আদালতে অথবা প্রবিন্যাল কোর্ট আদালতেই বা হইয়া থাকে ফল এমতে যে ব্যক্তি ডিক্রী পায় সে যদি দিতীয় ডিক্রী জারীহওনের নিমিত্তে দাওয়ার বস্তু যদি মালপ্রজারীর ভূমি হয় তবে তাহার এক বংশরের উৎপন্নের ও নিষ্কর ভূমি হইলে তাহার দশ বংশরের উৎপন্নের ও বাটী কিয়া আর কোন স্থাবর বস্তু হইলে তাহার আন্দান্তী অর্থাৎ আনুমানিক মূল্যের তুল্য সংখ্যায় মাতবর অর্থাৎ প্রত্যয়যোগ্য জামিনী দাখিল করে তবে সে মোকদমার আপাল উপস্থিত হইলাও প্রথম ডিক্রীর লিখনমতে সে ব্যক্তি ঐ বস্তুতে দখল পাইয়া ভোগ করিতে পারিবেক ইতি।—১৮০৮ সা। ১৩ আ। ১১ ধা। ২ প্র।

১৭২। কিন্তু জানা কর্ত্তব্য যে এমত যে কোন মোকদ্দমার আপীল যে আদালতে উপস্থিত হয় সে আদালতের সাহেবের চিত্তে ঐ বিরোধের বস্তু আ-পালের অবস্থাতে কোন বিশেষহেতুক আপোলাণ্টের ভোগদখলে থাকা রহিত বেধে হয় তবে সে আদালতের সাহেবের ক্ষমতা আছে যে আপোলাণ্টের স্থানে উপরের লিখিত মতে এক কেতা জামিনা লইয়া ঐ বস্তু তাহার ভোগদখলে রাখান্ ইতি।—১৮০৮ সা। ১৩ আ। ১১ ধা। ৩ প্র।

১৭৩। সদর আদালত বোধ করেন্ যে কালবিশেরে এমত হইতে পারে যে ডিক্রী জারীক্রমে জিলা বা শহরের আদালত রেম্পাণ্ডেউকে ভূমির দথল দেওয়াইলে পর সেই ভূমির দথল আপোলানকৈ দিতে সদর আদালতের সাহেবের উচিত হইবেক অর্থাৎ যে স্থলে আপোলান্ট জাবেতামত আপীল করিয়া এবং জিলা বা শহরের আদালতে রীতিমত জামিন দিবার প্রস্তাব করিয়া এমত দর্খান্ত দেয় যে উপরিস্থ আদালতের হুকুম না পাওয়াপর্যান্ত ডিক্রী জারী স্থণিত থাকে। যদ্যাপি এমত গতিকে জিলা বা শহরের আদালত আপনার ডিক্রী জারী করেন্ এবং যদি উপরিস্থ আদালতের এমত বোধ হয় যে ঐ ডিক্রী জারী স্থণিত করণের বিশেষ হেতু আছে এবং রেম্পাণ্ডেউকে ঐ জিলার বা ক্রাহরের আদালত যে ভূমির দথল দেওয়াইয়াছিলেন সেই ভূমি তাহার হাতছাড়া করিয়া আপেলান্টকে দখল দেওয়াইবাতে কোন ক্রেশ হইবেক না তবে সেইরুপে আপোলান্টকে তাহার দখল দেওয়াইতে হয়। সদর আদালত আরো জানাইতেছেন যে আরো অনেক প্রকার গতিকে এই আদালতের সেইরুপ ক্রমতানুসারে কার্য্য করা উচিত হইতে পারে কিন্তু সেই সকল বিষয় ভাঙ্গিয়া লেখা দুয়্সাধ্য। ১০ নম্বরী আইনের অর্থ।

১৭৪। আইনানুসারে যে২ মোকদ্মার আপীল হইতে পারে সেই২ মোকদ্মায় আ-পীলকরণের নিরূপিত মিয়াদ অতীত না হইলে শেষ ডিক্রী মানিবার অর্থে ডিক্রীদার জামিন না দিলে তাহাকে সেই ভূমির দখল দেওয়াইতে হইবেক না। কিন্তু সেইরূপ জামিন দিবার প্রস্তাব করিলে ১৮০৮ সালের ১৩ আইনের ১১ ধারার ২ প্রকরণের বিধির অনুসারে সেই ব্যক্তি ভূমির দখল পাইতে পারে। ৫৩৬ নম্বরী আইনের অর্থের ২ দফা।

১৭৫। সদর আদালত জানাইতেছেন যে ৯০ নম্বী আইনের অর্থ অর্থাৎ এই অধ্যান্যের ১৭৩ নম্বী বিধানে যে গতিকে অধস্থ আদালত রেসপাণ্ডেটকে ভূমির দখল দেওয়াইন্রাছিলেন দেই গতিকে আপীল আদালতের সেই ভূমির দখল পুনর্বার আপেলাটকে দেওয়াইবার ক্ষমতার বিষয় লেখে তাহাতে সূত্রাৎ এমত বোধ হইতে পারে যে তদ্বিয়াইবার ক্ষমতার বিষয় লেখে তাহাতে সূত্রাৎ এমত বোধ হইতে পারে যে তদ্বিয়াইবার যে অধস্থ আদালতে আপীলহওয়া মোকদমায় রেসপাণ্ডেটকে ভূমির দখল দেওয়াইবার যে ছকুম দিয়াছিলেন আপন বিবেচনামতে আপীল আদালতের হুকুম পাইবার অপেক্ষায় উপযুক্ত কালপর্যান্ত সেই হুকুম জারীকরণের বিলম্ব করিতে পারেন্। এবং যে প্রকরণের বিষয় এইক্ষণে বিবেচনা হইতেছে তাহার দারা যে গতিকে এমত কার্য্য করা উচিত বোধ হয় দেই গতিকে স্থিবেচনাপূর্বক সেইরপ কার্য্যকরণের নিষেধ নাই। ১০৭৭ নমুরী আইনের অর্থের ২ দফা।

১৭৬। উত্তর কালে আদালতের ডিক্রী জারী স্থগিতকরণের মালজামিনী পত্র পশ্চাৎ A এবং B চিহ্নিত পাঠানুসারে লিখিতে হইবেক। ১৮৩৭ সালের ১৭ ফেব্রুআরির সরক্যু-লর অর্ডরের ৪ দফা।

১৭৭। আপীল হইলে আপীলহওয়া ডিক্রী জারীকরণ বা স্থগিত রাখণের বিষয়ে যে ব্যক্তি জামিন হয় তাহার একরারের মজমুন এই যে আপীলের ডিক্রী হওনের সময়ে আ-পেলান্ট ও রেস্পাণ্ডেন্টের স্থানে যে কোন ব্যক্তি থাকুক না কেন আপীলের যে ডিক্রী হয় তাহার টাকার নিশাকরণের বিষয়ে আমি এবং আমার জামিনী পত্রের লিখিত জায়দাদ দারী আছে অতএব যখন আপোলান্ট কিয়া রেস্পাণ্ডেট অথবা জামিন আপীল উপস্থিত খাকিতে মরে তথন নূতন জামিনী তলব করিবার আবশাক নাই যেতেতুক তাহাতে অনেক ক্রেশ ও বিলয় হয়। ১৮৩২ সালের ১৩ জুলাইর সরকুলের অর্ভর।

১৭৮। মালগুজারীর ভূমি আপীলের কালে আপোলাট কি রেল্পাণ্ডেকের ভোগনখনে থাকিলে দে ভূমির ভোগবান তাহার মোকররী জমার টাকা দিতে গয়প্পছ্ ও বিলম্ব করে আর সেইহেতুক দে ভূমির নালামের হুকুম হয় তরে এমতে তাহার তরফ্সানা অর্থাৎ প্রতিবাদি ব্যক্তি যদি নালামের পুর্বের্ব সরকা-রের মালগুজারীর প্রকৃত বাকী টাকা দেয় ও নির্ণীত জামিনা দাখিল করে তবে তংক্ষণাৎ তাহাকে দে ভূমিতে দখল দেওয়ান যাইবেক আর সেই তরফ্সানা যত টাকা দিবেক সে মোকদ্মার চূড়ান্ত ডিক্রীর হিসাব রফা যেমতে হয় সেই মতে দে টাকা শতকরা মানে এক টাকার হিসাবে সুদ্দমেত হিসাব করা যাইবেক ইতি। —১৮০৮ সা। ১৩ আ। ১১ ধা। ৪ প্র।

১৭৯। সদর দেওয়ানী আদালতে এবং মফঃসল আপীল আদালত সকলে আপীলহওয়া মোকদ্দনা মূলতবা অর্থাং বিনানিচ্পত্তিতে যবস্থবে রহিংলে তথায় তাহার আপেলাণ্ট আদৌ যে মালজামিন ইঙ্গরেজা ১৭৯৬ সালের ১৩ ত্রয়োদশ আইনের ২ দ্বিতীয় ধারাক্রমে দিয়া থাকে তাহাতে রেস্পাণ্ডেণ্টের দর্থাস্তমতে তাহার ক্ষতির নিশা না মিলিবার অনুমান সে মোকদ্দনা নিষ্পাণ্ডির বিলয়বোধে ঐ সকল আদালতের সাহেবেরা করিলে ক্ষমতা রাথেন যে সে মোকদ্দনা আপীলে সমাধা না পড়িবাপর্যান্ত তাহার আদি ডিক্রা জারী না হইবাতে রেস্পাণ্ডেণ্টের যত ক্ষতি দর্শিতে পারে তাহার নিশা মিলিবার অনুসাবর অন্য মালজামিন আপেলাণ্টের স্থানে চাহেন্। তাহাতে আপেলাণ্ট বিহিত নির্মাপত মিয়াদের মধ্যে অন্য মালজামিন না দিলে তৎকালে ঐ সাহেবদি-

গোর শক্তি আছে যে নোকদান জামিন না দিলে যেরপে ডিক্রী জারী হয় সেইরপে সে মোকদ্মার ডিক্রীও জারী করান্ কিন্তু এমত করিতে লাগিলে উচিত যে রেস্লাণ্ডেণ্টের স্থানে তাহাকে সবিরোধ বস্তুতে দথল দেওয়াইবার পূর্ব্বে আইনমতে মাতবর মালজামিন লন্ ইতি।—১৭৯৮ সা। ৫ আ। ৩ ধা।

১৮০। জিলার জজ সাহেব জিল্ঞাসা করিলেন যে আইনানুসারে যে মোকলমার দিতীয় অর্থাৎ থাস আপীল হইতে পারে সেই মোকলমায় যদি ডিক্রীদার আপীলকরণের মিয়াদের মধ্যে ভূমির দখল পাইতে চাহে তবে শেষ ডিক্রীর হুকুম মানিবার নিমিত্ত তাহার স্থানে আদালতের মালজামিনী অবশ্য তলব করিতে হইবেক কি না যেহেতুক এই আদালতের মধ্যে সেইরূপ মালজামিনী তলব হইতেছে না। তাহাতে সদর আদালত উত্তর করিলেন যে ৫৩৬ নমূরী আইনের অর্থে [অর্থাৎ এই অধ্যায়ের ১৭৪ নমূরী বিধানে] এই বিষয়ের প্রচুর হুকুম লেথা আছে এবং আইনের ঐ অর্থ ১৮৩১ সালের ৫ আইনের ১৬ ধারার ৩ প্রকরণে কিম্বা তাহার পরে হওয়া কোন আইনের দারা রদ হয় নাই এমত ভাঁচারদের বোধ আছে অতএব তদনুসারে নিয়ত কার্য্য করিতে হইবেক। ১০৭৭ নমূরী আইনের অর্থ।

### ১৩ ধারা।

আপীলকরণের সময়ে বিবাদি ভূমিবিষয়ক নিয়ম।

১৮১। কোন জিলা কিয়া শহরের দেওয়ানী আদালতে ভূমাদি স্থাবর বন্ধর কোন মোকদ্দা ফরিয়াদীর নামে অর্থাৎ প্রাপকে ডিক্রী ইইলে যদি আনামী তাহাতে সম্যত না হইয়া তথাহইতে মফঃসল আপীল আদালতে সে মোকদ্দার আপীল করিয়া আইনমতে মালজামিন দিয়া সবিরোধ বস্তুতে ভোগদেশল রাথিয়া সে মোকদ্দা সেই আপীল আদালতে উপস্থিত থাকিতে কিয়া তথায় নিফাত্তি পাইয়া তথাহইতে পুনরায় সদর দেওয়ানী আদালতে আপীল হইয়া সেথানে মুলতবী অর্থাৎ বিনানি শান্তিতে যবস্থবে রহিতে সে বস্তু স্বেচ্ছায় বিক্রয় কিয়াদান করে অথবা বন্ধক দেয় তবে সে ডিক্রী আপীলে মঞ্বুর হইলে সেই বিক্রয়াদি অসিদ্ধ হইবেক।—১৭৯৮ সা। ৫ আ। ৪ ধা।

১৮২। কিন্তু এ গতিকে সকর ভূমি যাহার দথলে থাকে সেই তাহার মালগুজারীর দায় ঠেকে ও তাহাতে সরকারের মালগুয়াজিবী আদায় না হই-বাতে সে সকর ভূমি ও তংসংক্রান্ত নিষ্কর ভূমাদি স্থাবর বন্ধ সরকারের মালগুয়াজিবী তহনীলের সচরাচর দাঁড়াক্রমে তাহার ভোগবানের হস্তছাড়া হইয়া সরকারের পক্ষে নীলাম হইতে পারে ইহাতে যাহার নামে আপীলে চূড়ান্ত
ডিক্রী হয় তাহার ভোগেও সে বস্তু আসিতে পারে না যদ্যপি সে ব্যক্তি নীলামের কালে আপনি সে বস্তু থরীদ না করে। ও থরীদ করিলে তাহার স্বস্থ
নির্দিষ্ট কোনরূপে হইবেক ইহার সন্দেহভঞ্জনার্থে লেখা যাইতেছে যে কোন
দেওয়ানী আদালতে কাহার নামে ডিক্রইওয়া ভূম্যাদি স্থাবর বস্তুর মোকদ্মা
আপীল হইয়া তাহার নিষ্পত্তি আপীলে না হইবাপর্যান্ত সে বস্তু আপেলাক্টের ভোগদখলে রহিলে তৎকালে কিয়া তাহার চূড়ান্ত ডিক্রী জারী হইবার পুর্ব্বে যদি সে বস্তু সরকারের মালওয়াজিবী আদায়ের নিমিত্তে নীলাম হয়
ও তাহা রেল্লাণ্ডেন্ট থরীদ করে ও তদনন্তর আপীলের বিচারে রেল্লাণ্ডেন্টের
নামেই চূড়ান্ত ডিক্রী হয় তবে সেই থরীদার রেল্লাণ্ডেন্ট যে মূল্যে সে বস্তু থরীদ

করিয়া থাকে তাহার উপর এরীদগী এরচা চড়াইয়া অপর যাবদীয় বিষয়ের পাওনাসুদ্ধা আদি ডিক্রী হইবার দিনহইতে নীলামের দিবসপর্যান্ত বৎসরে শতকরা ১২ বারো টাকার হারে সুদ ধরিয়া মোটে যত টাকার ডিক্রী তাহার নামে চূড়ান্ত হয় তাহা সমস্ত সেই বস্তুর উপস্বত্বক্রমে আপেলাণ্টের স্থানে পাইবেক।—১৭৯৮ সা। ৫ আ। ৪ ধা।

১৮৩। যদিসাৎ রেক্লাণ্ডেণ্ট সে বস্তু নীলামে থরীদ না করে তথাচ তাহা যত টাকায় বিকায় তত টাকা অপর সমস্ত বিষয়ের পাওনাসমেত আদি ডিক্রীর তারিখহইতে নীলামের তারিখপর্যান্ত ঐ হারে সুদ পরিয়া মোটে যে টাকার ডিক্রী তাহার নামে চূড়ান্ত পায় তাহা সমস্ত আপেলাণ্টের স্থানে লাভ করিবেক। বিশেষতঃ যদি নীলামে সে বস্তু আপেলাণ্ট নিজে গোপনে কিয়া অগোপনে অথবা তাহার পক্ষের কেহ থরীদ করে ও পশ্চাৎ চূড়ান্ত ডিক্রীর অনুসারে রেক্লাণ্ডেট সে বস্তুতে আপন স্বত্ত সিদ্ধ করিয়া তাহা আপেলাণ্টের থরীদকর। প্রতিপন্ন করে তবে আপেলাণ্টের থরীদ ক্থা হইয়া সে বস্তুতে রেক্লাণ্ডেণ্ট দথল পাইবেক অধিকন্ত থরচাওগয়রহ যাহা চূড়ান্ত ডিক্রীর অনুসারে পাইবার তাহাও সে বস্তুর উপস্বত্ত্বমে আপেলাণ্টের স্থানে লাভ করিবেক ইতি।—১৭৯৮ সা। ৫ আ। ৪ ধা।

১৮৪। কোন জিলা কিম্বা শহরের দেওয়ানী আদালতে হওয়া মোকদ্দার ডিক্রীর উপর আপীল হইলে দে ডিক্রী জারী না হইবার কারণ আদামী আইনমতে মালজামিন না দিবাতে যদি ফরিয়াদী দে ডিক্রীর অনুসারে ভূল্যা-দি স্থাবর বস্তুতে দথল পায় তবে জানিবেন যে দে মোকদ্দমার চূড়ান্ত ডিক্রী আপীলে না হইবাপর্যান্ত উপরের দুই ধারার লিখিত বিধি তাহাতে এবং কোন দেওয়ানী আদালতের ডিক্রীক্রমে স্থাবর বস্তু কাহার দথলে রহিয়া দে মোকদ্দমার আপীল মফঃদল আপীল আদালতে ও তথাহইতে সদর দেওয়ানী আদালতে ও দেথানহইতে ইঙ্গরেজী ১৭১৭ সালের ১৬ যোড়শ আইননের অনুসারে আকৃট পার্লিমেণ্ট সংজ্ঞা বিলায়তের কানুনমতে অথগুপ্রতাপ্র ইঙ্গরেজের বাদশাহের ও তাহার থাস কোন্সেলী সাহেবদিগের স্মিধানে হইলে তাহার শেষ নিম্পত্তি আপীলে না হইবাবধি তাহাতেও থাটিবেক ইতি। —১৭৯৮ সা। ৫ আ। ৫ ধা।

১৮৫। সময় বিশেষে এমত হইতেও পারে যে আপেলাণ্ট কিয়া রেল্লাণ্ডেণ্ট আপালহওয়া মোকলমার পূর্ব্ব ডিক্রী জারী না হইবার অথবা জারী হইবার কারণ ইঙ্গরেজী ১৭১৬ সালের ১৩ ত্রয়োদশ আইনের ২ দ্বিতীয় ধারার এবং এ আইনের ৩ তৃতীয় ধারার অনুসারে অবধারিত মালজানিন দিতে পারে না এপ্রযুক্ত লেখা যাইতেছে যে এমত কালে যাবং বাদি ওপ্রতিবাদির কেহ অবধারিত মালজামিন না দেয় কিয়া সে মোকলমার চূড়ান্ত ডিক্রী আপালে না হয় তাবং কোন আদালতের ডিক্রাক্রমে ভূমি নালামে বিক্রয় হইবার সমুর্গীয় ইঙ্গরেজী ১৭১৩ সালের ৪৫ পঞ্চেত্বারিংশ আইনের লিখিত সেমত ভূমি কোক হইবার বিধির যত থাটিতে পারে তদনুসারে সেই ডিক্রীর নিদর্শনী ভূমাদি স্থাবর বস্তু তাহার বাপেক কালেক্টর সাহেব্র দারা ক্রোক হইবেক ও যাহার নামে চূড়ান্ত ডিক্রী হয় তাহার স্থানে সে ক্রোকী থরচা মিলিবেক। কিন্তু কালেক্টর সাহেবের কর্ত্ব্য নহে যে সেই পূর্ব্ব ডিক্রীহওয়া জিলা কিয়া শহরের দেওয়ানী আদালতের ক্রোকী পরও-

য়ানা না পাইয়া দে বস্তু ক্রোক করেন্। ও ইহাতে তথাকার জজ সাহেবের উচিত যে তল্লিমিত্তে কালেক্টর সাহেবের নামে যে পরওয়ানা পাচান্ তাহাতে ক্রোক হইবার বস্তুর নিদর্শন রাথেন্ এবং ক্রোক থালাসীর জন্যে অন্য পর-ওয়ানা না পাইবাপর্যান্ত সে বস্তু ক্রোক রাথিবার হুকুম লিথেন্। পরে যে সময়ে উভয় বিবাদির কেহ' মালজামিন দেয় কিয়া চূড়ান্ত ডিক্রী পায় সেই সময়ে সে ক্রোক থালাসী পরওয়ানা দিবেন ইতি।—১৭৯৮ সা। ৫ আ। ৬ ধা।

১৮৬। জিলা কিয়া শহরের দেওয়ানী আদাসতের সাহেব লোক যে সকল মোকদ্দমাতে মাল্আমওয়াল ও বস্তুসমুত্তি ক্রোক করিলে পর যদি সে ক্রোক কোর্ট আপাল ও সদর দেওয়ানী আদালতে মোকদ্দমা নিফ্পান্তিহওনপর্যন্ত বহাল থাকে আর এইমত যে সকল মোকদ্দমাতে আপোলাও ও রেস্পাণ্ডেও জামিন না দিতে পারিলে যদি সদরের ও কোর্ট আপীলের সাহেব লোক তাহারদিগের ঐ বস্তুসমুত্তি ক্রোকের হুকুম দেওয়া উচিত বুকেন্ তবে এমতে ঐ সাহেব লোকেরাও এই আইনের ৫ ও ৬ ধারার লিথিত কথা ও হুকুম আপনারদিগের কার্য্যোপদেশ জ্ঞান করিয়া তদনুসারে কার্য্য করিবেন ইতি।—১৮০৬ সা। ২ আ। ৭ ধা।

### ১৪ ধারা।

নগদ টাকা কিস্বা অন্য কোন অস্থাবর সম্পত্তির বিষয়ি মোকদ্দমার উপর সদর আদালতে আপীল উপস্থিত থাকনসময়ে জিলার আদালতের ডিক্রী জারী, কি স্থগিত রাথণ।

১৮৭। উপরের ধারার লিথিত দাঁড়াদকল নগদ টাকা ও অস্থাবর বস্তুর মোকদ্মাদকলের ডিক্রী জারীহওনের বিষয়ে দৃষ্ণুর্করাথে না একারণ এমত মোকদ্মার ডিক্রী তাহার আপীল হইলে জারীহওন ও না হওনের বিষয়ে চলিত আইনের ও নীচের লিথিত দাঁড়া থাটিবেক ইতি।—১৮০৮ দা। ১৩ আ। ১২ ধা। ১ প্র।

১৮৮। নগদ টাকা ও অস্থাবর বস্তুর মোকদ্মার ডিক্রী জারী না হওনের মতে আপেলান্টের তরফহইতে অথবা ডিক্রী জারীহওনের মতে রেস্পাণ্ডেন্টের তরফহইতে মোকদ্মার আপীলের অবস্থাতে যে জামিনী তলব হয় সে জামিনীতে ডিক্রীর লিখিত আসল অথবা মূল্যাদির টাকা এবং ইঙ্গরেজী ১৭৯৬ সালের ১৩ ত্রয়াদশ আইনের ৩ তৃতীয় ধারার ও ১৮০৩ সালের ৪ চতুর্থ আইনের ৩৫ ধারার লিখিত দাঁড়ামতে মোকদ্মার নিষ্পাত্তিহওন কালপ্র্যান্ত তাহার উপর যে সুদ অভিশয় হয় তাহাসমেত আদায়হওনের উপযুক্ত টাকার পরিমাণ লেখা কর্ত্বব্য ইতি।—১৮০৮ সা। ১৩ আ। ১২ ধা। ২ প্র।

১৮৯। জিলা কি শহরের দেওয়ানী আদালত কিয়া কোর্ট আপীল আদালতের কোন মোকদ্মাতে কোন ফরিয়াদী কি আসামীর স্থানে হাজিরজামিন ও মালজামিন তলব করা গেলে পর সে যদি প্রত্যয়জন্যে প্রয়োজনোপযুক্ত নগদ টাকা কিয়া প্রমিসোরি নোট অথবা নগদ টাকার সরকারী তমঃসুক ও থত কিয়া নগদ টাকার আর কোন দস্তাবেজ অর্থাৎ দিনর্শনপত্র আমানৎ অর্থাৎ গচ্ছিত রাথণের মতে দাখিল করে তবে ঐ আদালতের সাহেবদিগের কর্ত্বতা

যে তাহার জামিনীর বদলেতে তাহা মঞ্জুর ও কবুল অর্থাৎ গ্রাহ্য ও স্বীকার করিয়া ও আমানৎ রাথা টাকা ও নোটইত্যাদির কাগজ আদালতের থাজাঞ্চীকে আপন নিকটে অতিদাবধানে রাখিতে হুকুম দেন্ আর মোকদ্মার নিষ্পান্তি হইলে পর কিয়া তাহা আমানৎ থাকনের প্রয়োজন না থাকিলে পর তাহা ফিরিয়া দেন্ কিয়া যে প্রকার উচিত বুকেন্ তদনুরূপ কর্ম করিবেন ইতি।—১৮০৬ দা। ২ আ। ৮ ধা।

১৯০। আপীলের সময়ে জামিনীর বদলে আপেলান্টেরদিগকে আপনং ভূমি অর্পণ করিতে বা বন্ধক দিতে কোন্য আদালতে অনুমতি আছে কোন্য আদালতে নিষেধ আছে। তাহাতে সদর আদালত এই অনিশ্চিত ব্যবহারের বিগরে বিবেচনা করিয়া জানাইতেছেন যে হাজিরজামিন ও মালজামিনের পরিবর্তে নগদ টাকা অথবা প্রোমিসরি নোট অথবা নগদ টাকার সরকারী তমঃসুক ও থত কিয়া নগদ টাকার আর কোন দস্তাবেজ আমানৎকরণের বিষয়ে ১৮০৬ দালের ২ আইনের ৮ ধারাতে ছকুম আছে কিন্তু তাহাতে ভূমি অর্পণকর-ণের বিষয়ে কিছু লেখা নাই। তাহাতে সদর আদালত জানাইতেছেন যে আপেলাটকে আপনার ভূমি এইরূপ অর্পণ করিতে অনুমতি দিলে রেস্পাণ্ডেন্টের পক্ষে অন্যায় হয় যে হেত্ক তাহার যত জামিনী পাওয়া সম্ভব তাহাতে তত পাওয়া হয় না কেননা যদ্যপি আ-পেলাট পরাজিত হয় তবে তাহার ভূমি বিক্রয়ের দ্বারা রেম্পাণ্ডেট সর্ধদা আপনার ডিক্রী প্রথমে জারী করিছে পারে। আপেলান্ট উক্ত প্রকারে আপনার ভূমি মামিনীর বদলে অর্পণ করিলে সেই ভূমিতে রেম্পাণ্ডেন্টের কিছু অধিক এখিয়ার হয় না অথচ অন্য ব্যক্তি আপনার ভুমি জামিনীফরুপ দিলে ফেস্পাডেন্টের যে উপকার হইত তাহা হয় না অতএব সদর আদালত বোধ করেন যে জামিনীর বদলে আপেলাউকে আপনার ভূমি বন্ধক দিতে বা অর্পণ করিতে অনুমতি দেওয়া অনুচিত এবং এমতও হইতে পারে যে তাহা আইনসিন্ধ °নহে। ১০২৪ নমুরী আইনের অর্থ।

\* ১৯১। নগদ টাকা কিয়া অন্য অস্থাবর বন্ধর বিষয়ের ডিক্রীর উপর যদি আপীল হয় তবে দেই ডিক্রী জারী বা স্থগিতকরণের বিষয়ে নানা আদালত আপনারদের বিবেচনামতে কার্য্য করিতে পারেন্ না যেহেতুক আপীলের মুখে যে ডিক্রী হয় তাহা মানিবার আর্থে ১৮০৮ সালের ১৩ আইনের ১২ ধারানুসারে যদি আপেলাট উপযুক্ত ও মাতবর জামিন দেয় তবে আপীল উপস্থিত থাকনের সময়ে দেই ডিক্রী জারী হইতে পারে না। ১০৬ নম্বরী আইনের অর্থ।

# ১৫ ধারা।

আপীল হওন সময়ে যে সম্ভব্তি জামিনস্করণ দেওয়া গিয়াছে তাহার বিষয়ি এবং তাহার রেজিফ্টরীকরণ বিষয়ি বিধান।

১৯২। আপীলের ডিক্রী জারী হইবার নিমিত্তে আপেলান্ট কি রেল্লাণ্ডেন্টের তরফহইতে যে আদালতে জামিনী দাখিল হয় সেই আদালতের জজ লাহেবের উচিত ও অত্যাবশ্যক যে লে জামিনী প্রামাণ্য ও প্রত্যয়যোগ্য বটে কি না ইহা সুন্দররূপে যাচিয়া বুজিয়া নিশ্চয় করেন্ এবং আদালতের নাজির ও আর যে আমলার প্রতি জামিনদারদিগের বস্তুসমুত্ত্যাদি যাহাং আছে ইহার নিশ্চয় জানিবার ভার আছে দর্ম প্রকারেতে তাহারদিগকে হকুম দেন্ যে যথাসাধ্য ঐ বস্তুসমুত্তির প্রকৃত প্রস্তাব ও কৈফিয়ৎ অর্থাৎ লিখিত বৃত্তান্ত তদাদিতদন্তের গতিক ও প্রকার লিখিয়া একদহিতে দাখিল করে আর সেই কৈফিয়ৎ ও বিবরণেতে ইচ্ছাক্রমে কিছু মিথ্যা লেখা গেলে তাহার জওয়ার তাহারদিগের দিতে হইবেক ইহাও তাহারদিগকে জানান্ ইতি।—১৮০৮ সা। ১৩ আ। ১৩ খা।

[৫ অধ্যায়।

368

১৯৩। আপীলহওয়া মোকদ্মার ডিক্রী জারী করিতে হওনমতে রেল্পাণ্ডেন্টের স্থানে ও আপীলের কালে ডিক্রী জারীকরা মৌকুফ রাথিতে হওনমতে আপেলান্টের স্থানে যে জামিনী তলব হয় তাহার বিষয়ে চলিত আইনেতে যে দকল কথা লেথা আছে তাহার অতিরিক্ত নীচের লিথিত হকুম নির্দিষ্ট হইল ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ১৩ ধা। ১ প্র।

১৯৪। যে সকল ব্যক্তিরা উপরের প্রকরণের উক্তমতে কোন আপেলাণ্ট কি রেম্লাণ্ডেণ্টের মালজামিন হইবেক তাহারদিগকে নিষেধ আছে যে যেথ মতলবে তাহারদিগের জামিনা লওয়া যায় যাবৎ তাহা সমুদ্য হাসিল না হয় তাবৎ মালামালের তালিকার ফর্দের লিথিত আপন্থ ভোগদ্থলে থাকা কোন ভূমি কি অন্য যে স্থাবর বস্তু দৃষ্টে তাহারদিগের জামিনা মঞ্চুর হয় তাহা বিক্রয় কি দানকরণ কি বশ্বকদেওনদারা কি অন্য কোন প্রকারে হস্তান্তর না করে ও না করায় ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ১৩ ধা। ২ প্র।

১৯৫। জানা কর্ত্তব্য যে জামিনীর দ্বারা ঐ জামিনদারের যাহা দেনা চাহরে তাহা তাহার স্থানে সুদররপে আদায় হইলে ঐ বস্তু যে কোন প্রকারে হস্তান্তর কি বন্ধক হইয়া থাকে তাহা দিদ্ধ হইবেক না উপরের করা নিষেপতে এমত বোধ না হয় কিন্তু এই প্রকরণানুসারে স্লুফ্ট করিয়া লেখা যাইতেছে যে যদি ঐ জামিনদার জামিনী লিখিয়া দেওনের তারিখঅবধি ও ডিজীর সমৃদয় হকুমমতে কার্যাকরণপর্যান্ত ইহার মধ্যে যদি ঐ বস্তু বিক্রয় করে কি বন্ধক দেয় কিন্তু। অন্য প্রকারে পরহন্ত করে তবে এরপে হন্তান্তর করিলেও আদালতসমুর্কীয় পাওনা বলবৎ এতাবতা অগ্রে আদায়হওনের যোগ্য বোধ হইয়া জামিনীতে ঐ জামিনদারের যাহা দেনা হয় তাহা সে সুদ্রেরপে আদায় না করিলে ঐ বস্তু সমৃদ্য় কি তাহার হিস্যাহইতে লওনের যোগ্য হইবেক ইতি। —১৮১৪ সা। ২৬ আ। ১৩ প্রা। ৩ প্রা।

১৯৬। সদর দেওয়ানী আদালত বিধান করিতেছেন যে যদি কোন নীলের কুঠী ডিক্রী জারীকরণের বিষয়ে বন্ধক দেওয়া গিয়াছে এবং তাহা যদি বিক্রয় করিতে কি হস্তান্তর করিতে উদ্যোগ হয় তবে সেই থরীদারকে অথবা যে ব্যক্তিকে বিক্রয় ভিন্ন প্রকারান্তরে দেওনের কম্প হয় তাহাকে জজ সাহেবের ইহা জানান উচিত যে সেই নীলের কুঠীর উপর দেওয়ানী আদালতের অধিকার আছে। এবং সেই মোকদ্দমার রেস্পাণ্ডেন্টের হকে ডিক্রী না হওয়াপ্র্যান্ত সেই নীলকুঠীর উপর আদালতের অধিকার থাকিবেক কিন্তু যদি আপেলান্টের হকে ডিক্রী হয় তবে রেস্পাণ্ডেট যেপর্যান্ত তাহা থালাস না করে সেইপর্যান্ত তাহার উপর আদালতের অধিকার অধিকার থাকিবেক। ৬৫৯ নয়্রী আইনের অর্থ।

১৯৭। ১৮১৪ সালের ২৬ আইনের ১৩ ধারার ২ প্রকরণানুসারে আদালতের ডিক্রী জারী বা স্থগিতকরণের বিষয়ে কোন ব্যক্তিরা জামিন হইলে যে জায়দাদের তালিকাদুটে তাহারদের জামিনী মঞ্কুর হইয়াছিল জামিনীর অভিপ্রায় সিদ্ধ না হওয়াপর্য্যন্ত সেই তালিকার ফর্দের লেখা ভূমি বা অন্য স্থাবর সম্পত্তি বিক্রয় বা দান কি প্রকারান্তরে হস্তান্তর করিতে নিষেধ হইল। সদর আদালত বোধ করেন যে কোন ব্যক্তিরা ঐ ভূমি সেইরপ বন্ধকহওনের বিষয় কিছু সন্ধান না পাইয়া তাহা ক্রয় করিয়াছে। ফলত এক্ষণে যেরপ সেই জামিনের বিষয়ে কার্য্য হইয়া থাকে তাহাতে যে ব্যক্তি কোন ভূমি খরীদ করিতে চাহে সেই ব্যক্তি জানিতে পারে না যে ঐ ভূমি জামিনীয়রপ আদালতে বন্ধক দেওয়া গিয়াছে কি না। ১৮৩৭ সালের ১৭ ফেব্রুআরির সরকালর অর্ডরের ১ দফা।

১৯৮। অতএব কোন স্থাবর সম্পত্তি আদালতে বন্ধক হইয়াছে কি না ইহা সকলে জানিতে পারিবার নিমিত্ত এবং চাতুরীক্রমে ঐ ভূমি হস্তান্তর নিবারণের নিমিত্ত সদর আদালত নীচের লিখিত বিধান করিতেছেন। ১৮৩৭ সালের ১৭ ফেকুআরির সরকালর অর্ডবের ২ দফা।

১৯৯। প্রথম। যথন কোন ব্যক্তি আপনার ভূমি বা অন্য স্থাবর সম্পত্তি জামিনী সক্রপ আদালতে বন্ধক দিয়াছে তথন নাজিরের উচিত যে সেই জামিনের মাতবরীর বিষয় নিশ্চর জাত হইয়া পশ্চাৎ লিখিত পাঠানুসারে এক কৈফিয়ৎ এবং তাহাতে ঐ সম্পত্তির দলীলদস্তাবেজের খোলাসা লেখে। নাজির আরো লিখিবেক যে আমি এই সকল দলীলদ্যাবেজ তদারক করিয়াছি এবং এই জামিনী মাতবর জান করি।

২০০। দ্বিতীয়। যে সকল সম্পত্তি জামিনীস্থরূপ বন্ধক দেওয়া যায় পশ্চাৎ লিখিত পাঠা নুসারে নাজির তাহার এক রেজিফর রাখিবেক এবং কোন বিশেষ সম্পত্তি আদালতে জামিনীস্থরূপ বন্ধক হইয়াছে কি না ইহা যাহার। জানিতে চাহে তাহার্দিগকে সর্বদ। ঐ রেজিফর দেখিতে দিবেক।

পাঠ।

3	>.	9	8	æ	•	٩
জামিনের নাগ।	বন্ধকদেওয়া সম্পদ্ধির হেওরা।	মোকদমার নমূর এবং যে ব্যক্তিরদের নিমিন্ত জামিন দেওয়া গিয়াছে তাহারদের নাম।	জামিনের অভিপায় ও সংখ্যা ও ভাহা তলবকরণের হকুমের তাহিশ।	জামিনী পত্রের তারিখ।	ষে ভারিখে জামিনের বিহয় নিক্ষাত্তি হইল তাহা।	মন্তব্য কথা।

২০১। যদি সকর ভূমি আদালতে জামিনীস্বরূপ বন্ধক দেওয়া যায় তবে তাহার বিষরের সম্বাদ কালেক্টর সাহেবকে দিয়া এই মত তুকুম করিতে হইবেক যে ঐ ভূমি যদি সরকারী মালওজারীর বাকী আদায়ের নিমিত্ত নীলাম হয় তবে তিনি ফাজিল টাকা আমানৎ
করিয়া রাখিবেন এবং আদালতে তাহার সম্বাদ দিয়া যেপ্র্যান্ত আদালতহইতে সম্বাদ না
পান্ যে জামিন আপনার দায়হইতে মুক্ত হইয়াছে সেইপ্র্যান্ত তাহা আমানৎ রাখেন্।
১৮৩৭ সালের ১৭ ফেব্রুআরির সরক্যুলর অর্ডরের ও দফা।

জিলা ও শহরের আদালতের ডিক্রীর উপর সদর আদালতে আপীল থাকনের সময়ে ঐ ডিক্রী জারী কি স্থগিতকরণের বিষয়ে যে সকল বিধি আছে তাহা ১৮৩৭ সালের ২৫ আইনের ৪ ধারার ছারা ৫০০০১ টাকার উর্ক্ন মুলোর যে মোকদমা প্রধান সদর আমীনের

দ্বারা নিষ্পত্তি হইয়া আপীল হয় তাহার বিষয়ে খাটিবেক।

## ১৬ ধারা।

জিলার আদালতের জজ সাহেব অথবা প্রধান সদর আমীনের নিষ্পত্তির উপর দ্বিতীয় অর্থাৎ থাস আপীল।

২০২। ইঙ্গরেজী ১৮১২ দালের ১ আইনের ৫ ধারা শুধরিবাতে [দদর আদালতের] এক জন জজ দাহেবের ক্ষমতা হইল যে যদি ইঙ্গরেজী ১৮২৫ দালের ২ আইনের ৪ ধারার ২ প্রকরণের লিথিত হুকুম মত কোন হেতুদেথেন্ তবে ঐ এক জন জজ দাহেব আপনি থাদ আপীল মঞুর করেন্ ইতি।
—১৮৩১ দা। ১ আ। ২ ধা। ৪ প্র।

২০৩। যে সকল ডিক্রী প্রধান সদর আমীনের কাছারীতে হইবেক তাহা জিলা ও শহরের জজ সাহেবের করা ডিক্রী জারী করিবার নিমিত্তে যে সকল সামান্য হুকুম আছে তদনুসারে ঐ প্রধান সদর আমীনের দ্বারা জারী হইবেক কিন্তু জানা কর্ত্তব্য যে এমত বিষয়সকলে [অর্থাৎ ৫০০০ টাকার মূল্যের মোকদমায়] প্রধান সদর আমীনের করা নিশ্পত্তির উপর প্রথমতঃ জিলা ও শহরের জজ সাহেবের নিকটে আপীল ও থাস আপীল সদর দেওয়ানী আদালতে হইবেক ইতি।—১৮৩১ সা। ৫ আ। ২২ ধা।

২০৪। ইন্ধরেজী ১৮১৪ সালের ২৪ আইনের ১ ধারার ৪ প্রকরনের ও ৭ ধারার ৪ প্রকরনের লিখনানুদারে মুনদেফদিগের নিম্পত্তিকরা মোকদ্দার উপর মঞ্জুরকরা আপালের বিচার ও নিম্পত্তি করিতে যে ২ সদর আদান কিয়া রেজিউর সাহেব বিশেষ অনুমতি পাইরাছেন দেই সদর আমান কি রেজিউর সাহেবের নিকটে এপর্যান্ত জিলা ও শহরের জজ সাহেবের ইচ্ছাক্রমে ঐ সকল মোকদ্দমা সোপদ হইরাছে আর ঐ আইনের লিখনানুদারে ঐ মত মোকদ্দমার দিতীয় অর্থাৎ থাস আপাল জিলা ও শহরের জজ সাহেবের নিকটে এপর্যান্ত ইরাছে ইতি।—১৮৩১ সা। ৫ আ। ১৬ প্রা। ১ প্র।

২০৫। উপরের লিখিত হকুম শুধরিবাতে এমত হকুম হইল যে জিলা কিয়া শহরের জন্ত সাহেবের ক্ষমতা নাহি যে কোন আপীলের নিফাত্তি করি-বার নিমিত্তে যদ্যপি কোন সদর আমীন উপরের লিখিত ত্রুমানুসারে বিশেষ ক্ষমতা পাইয়া থাকে তথাপি তাহাকে সোপদ্দ করেন কিন্তু যথন জিলা ও শহ-রের জজ সাহেবের এমত বোধ হইবেক যে তাঁহার নিকটে এত মোকদ্বনা উপস্থিত হইয়া আছে যে যেমতশীগুতাহা নিফগত্তি করিতে হয় দেই মত শীখু নিষ্পত্তি করিতে না পারেন্ত্থন তিনি সদর দেওয়ানী আদালতে এই বিষয়ের বিশেষ রিপোর্ট করিবেন এব ১ মুনদেফদিগের কিয়া সদর আমীনের-দের নিষ্পত্তিকরা মোকদ্মার উপর যে ২ আপীল হইয়াছে তাহাহইতে যে২ মোকদ্দমা জজ সাহেবের বিবেচনায় এই আইনের ১৭ ধারার লিখিত ছকুমানুসারে যে প্রধান সদর আমীন নিযুক্ত হইবেন তাঁহার নিকটে সোপর্দ্ধ করা আবশ্যক বোধ হয় তাহার দংখ্যা লিখিয়া অনুমতি পাইবার দর্খাস্ত সদর দেওয়ানী আদালতে করিবেন এমত বিষয়ে সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের ক্ষমতা আছে যে ঐ দর্থান্ত মঞ্র করেন আর উপরের ধারার লিখিত হ্ৰুমসকল এমত আপীলা মোকদ্মাতে থাটিবেক ইতি।—১৮৩১ সা। ৫ আ। ১৬ ধা। ২ প্র।

३०७। २৮७१ मालात २६ व्याहित्तं ५ धातानुमात्त त्य मूल्कतकका विषय क्षधान मृत्त

>09

আমীনের নিকটে অর্পণ হয় তৎসম্পর্কে ঐ প্রধান সদর আমীনের। যে হুকুম করেন্ তাহার বিষয়ে সদর আদালত বিধান করিতেছেন যে ঐ আইনের কথা অতি সাধারণমতে লেখা আছে এবং যে মোকদ্দমায় বিবাদি বিষয়ের মূল্য বা সংখ্যা ৫০০০ টাকার উর্ক্ন হয় এবং যে মোকদ্দমায়ে তাহাইইতে অপপ হয় এই উভয় প্রকার মোকদ্দমার বিষয়ে খাটে। অভএব ঐ মুৎফরককার বিষয়ে প্রধান সদর আমীন যে ছুকুম করেন্ তাহার উপর প্রথম আপীল জিলা ও শহরের জজ সাহেবের নিকটে হইবেক এবং তাহার পর খাস আপীল সদর দেওরানী আদালতে হইবেক। ১৮৩৮ সালের ৫ জ্বনের সরকুলের অর্ডবের ৪ দফা।

২০৭। ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ আইনের ২ ও ৩ ধারার লিখিত 
হ্কুমসকল এব প ঐং হ্কুম শুধরিবাতে থাস আপীল ও সরাসরী আপীল 
এহণ করিবার ও শুনিবার বিষয়ে যে২ হ্কুম হইয়াছে ঐং হ্কুম এব প ফয়সলা পুনর্দ্ কিরবার বিষয়ে উপরের লিখিত ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ 
আইনের ৪ ধারার ২ প্রকরণের লিখিত হ্কুম প্রধান সদর আমীনের নিম্পত্তি
করা প্রথমত উপস্থিতহওয়া মোকদ্দমা ও আপীলের উপর থাটিবেক ইতি।—
১৮৩১ সা। ৫ আ।১৯ ধা।১ প্র।

২০৮। সদর আদালত জানাইতেছেন যে রেজিটার সাহেব অথবা প্রধান সদর আন্মানের নিম্পত্তির উপর খাস আপাল জিলা ও শহরের জজ সাহেবের দারা মঞুরহওনের পূর্বে মফঃদল আপাল আদালতে রিপোটকরণের আবশ্যক নাই অতএব মফঃদল আপাল আদালত [অর্থাৎ সদর দেওয়ানী আদালতে] জিল্লাসা না করিলা জিলা ও শহরের জজ সাহেবেরা খাস আপালের দরখান্ত মঞুর বা নামঞুর করিতে পারেন্। ৩৩৬ নম্বী আইননের অর্থ।

২০৯। এই আইন জারীহওনের পরে প্রবিক্সাল কোর্টের ও সদর দেও-য়ানী আদালতের সাহেবেরা খাস কিয়া দিতীয় আপীল গ্রাছ্যকরণের বিষয়ে ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ আইনের ২ ধারার এবং ১৮১৭ সালের ১৯ আইনের ৭ ধারার এবং ১৮১৯ সালের ৯ আইনের ৩ ও ৪ ও ৫ ধারার লিখিত ভ্কুনেতে দৃষ্টি রাখিয়া কার্য্য করিবেন ইতি।—১৮২৫ সা।২ আ। ৪ ধা।২ প্র।

২১০। ইঙ্গরেজী ১৮০৩ দালের ৪১ আইনের ২৪ ধারার ও ১৮০৫ দালের ২ আইনের ১০ ধারার ও ১৮০৫ দালের ৮ আইনের ৯ ধারার ২ ও ৩ প্রকরনের লিথিত কথার পরিবর্ত্তে এই ধারানুসারে এমত নির্দিষ্ট হইল যে ইঙ্গরেজী ১৮১৫ দালের ফেব্রুআরি মাদের ১ পহিলা তারিথের পরে জিলা ও শহরের আদালতের সাহেবদিগের ও প্রবিন্সাল কোট আদালতের সাহেবদিগের ও সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের কোন মোকদ্দমাতে নিষ্পত্তিপত্র মজমূনের কি তাহার দঙ্গে দাখিলহওয়া দস্তাবেজের ছারা তাঁহার-দিগের এমত বোধ হওনব্যতিরিক্ত যে ঐ নিষ্পত্তি আদালতের চলিত কোন দাঁড়া ও দস্তুরের ব্যতিক্রমে কি এক্ষণকার চলিত আইনের কোন আইনের অন্যথা হইয়াছে অথবা শাস্ত্রের ও শরার উক্ত মতানুদারে যে দকল মোকদ-মার নিম্পত্তি করিতে হয় তাহাতে তাহার ব্যতিক্রমে হইয়াছে কিয়া অন্য যে কোন দাঁড়া কি পূর্বের রেওয়াজ মোকদ্মার সহিত সম্পর্করাথে তাহার অন্যথা হইয়াছে কি ঐ নিষ্পত্তিতে লোকদিগের স্বত্ত্বসম্বন্ধীয় এমত কোন ভারি বি-ষয় যে তাছাতে পূর্ফে কথন প্রধানং আদালতহুইতে কোন হুকুম হয় নাহি তাহা আছে থাস আপীল এতাবতা দ্বিতীয় আপীলের কোন দর্থান্ত মঞ্কুর করিতে ক্ষমতা থাকিবেক না ও জানা কর্ত্তব্য যে নিষ্পত্তিপত্তেতে মোকদমার

বিবরণ ও বেওরাসম্পর্কীয় যাহাধ লেথা থাকে তাহা সর্বপ্রকারে প্রমাণ জ্ঞান করা যাইবেক ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ২ ধা। ১ প্র 1

২১১। থান আপীল মঞ্র হইবার বিষয়ে ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ আইনের ২ ধারার ১ প্রকরণে যে২ হেতুলেখা গিয়াছে তাহার মধ্যে এক হেতু এই যে যদি জিলা কি শহরের আদালতের সাহেবেরা ও প্রবিন্সাল কোর্টের সাহেবেরা ও সদর দেওয়ানী আদালতের সাহেবেরা কোন মোকদ্দম:-তে এমত বুকেন্ যে সে মোকলমার ফয়সলা আদালতের চলিত কোন দাঁড়া কিয়া দম্ভরের অন্য মতে হইয়াছে তবে তাঁহারদিগের ক্ষমতা আছে যে এমত মোকদমার থাস অপিলের দর্থান্ত মঞ্জুর করেন্ কিন্তু উপরের লিথিত হুকুম যে২ মোকলমাতে এক আদালতহইতে পরস্পর অসমান ফয়সলা হয় কিয়া সমান ও এক মত বুনিয়াদ অর্থাৎ আমূলের যে২ মোকদ্মার নালিশ তাহার বিচার হইতে পারিবার যোগ্য দুই আদালতে দরপেশ হইয়া ঐং আদালত-হইতে তাহাতে পর্স্পর অসমান ফয়সলা হয় সেইং মোকদ্মার সহিত যদ্য-পি नाार मरु ये जममान पृष्टे करामलात अक किसा पृष्टे करामलारे अधता जि আবশ্যক তথাপি সম্লুক রাথিবেক এমত বোধ হয় না একারণ ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ আইনের ২ ধারার ১ প্রকরণেতে থাস আপীল মঞ্রীর যেং হেতু লেখা গিয়াছে তাহার অতিরিক্ত এই ধারানুসারে ইহা লেখা ঘাই-তেছে যে যদি কোন আদালতের যে ফয়সলার উপর আপাল হয় সেই আ-দালতহ্ইতে হওয়া অন্য যে ফর্দলা আপীলের দর্থাস্তকর্ণিয়া দর্পেশ করে তাহার দহিত স্লুট্ট ব্যতিক্রম ও অদ্যান বোধ হয় কিয়া যদি দ্যান বুনি-য়াদ অর্থাথ আমূলের কোন্থ মোকদ্দ্রনাতে তাহার বিচার হইবার যোগ্য দুই ' আদালতের এক আদালতহইতে হওয়া যে কয়নলার উপর আপীল হয় অনা আদালতের যে ফয়সলা আপীলের দর্থাস্তকর্ণিয়া দর্পেশ করে তাহার সহিত স্লুষ্ট ব্যতিক্রম ও অসমান বোধ হয় তবে ঐ সকল মোকদ্মার থাস আ-পীল মঞ্র হইবেক ইতি। — ১৮১৭ সা। ১১ আ। ৭ধা। ১ প্র।

২১২। জজ সাহেব সদর আদালতে জিজাসা করিলেন যে যদি ডিক্রী বিনাসাক্ষ্যে বা সপ্টিডঃ সাক্ষ্যের বিরুদ্ধ করা গিয়া থাকে তবে মোকদমার বিবরণ ও বেওরার বিষয়ে যে ভুল হইয়াছিল তাহা শুধরণের নিমিত্ত খাস আপীল গ্রাহ্য হইতে পারে কি না। তাহাতে সদর আদালত বিধান করিলেন যে ১৮১৪ সালের ২৬ আইনের ২ ধারানুসারে এই ২ কারণে খাস আপীল গ্রাহ্য হইতে পারে না যেহেতুক তাহাতে ত্রুম আছে যে ডিক্রীতে মোকদমার বিবরণ ও বেওরা সম্পর্কীয় যাহা২ লেখা থাকে তাহা সর্বপ্রকারে প্রমাণ জ্ঞান করা যাইবেক। ২৪৬ নমুরী আইনের অর্থের ২ দফা।

২১৩। জিলার আদালত আরে। জিলাসা করিলেন যে অসঙ্গতরূপে ক্ষতিপূরণের টাকার ডিক্রী হইলে তাহার উপর খাস আপীল হইতে পারে কি না। তাহাতে সদর আদালত উত্তর করিলেন যে মোকদমার বৃত্তান্ত এবং ক্ষতিপূরণের কত টাকা দিবার স্থকুম হইয়াছিল তাহা না জানিরা আমরা কহিতে পারি না যে ১৮১৪ সালের ২৬ আইনরের ২ ধারার ১ প্রকরণে খাস আপীল গ্রাহ্যকরণের যে২ হেতু লেখা আছে তাহার মধ্যে এই মোকদমা গণ্য হইতে পারে কি না। অতএব সদর আদালত এইমত পরামর্শ দিতেছেন যে খাস আপীল গ্রাহ্যকরণের যে২ হেতু আইনে নির্দিষ্ট আছে সেই২ হেতু এই মোকদ্মার মধ্যে দৃষ্ট, হয় কি না ইহা অধস্থ আদালত আপনার বিবেচনামতে নিশ্চয় করিবেন। ২৪৬ সম্বরী আইনের অর্থের ও দফা।

২১৪। ত্রিছতের জজ সাহেবের জিজাসা করাতে কলিকাতান্থ ও আলাহাবাদের সদ্র

আদালত বিধান করিলেন যে খাস আপীল গ্রাহ্য না হওনের পূর্বের খাস আপীলের দর-খাস্ত মুৎফরককা দরখাস্তের ন্যায় জ্ঞান করিতে হইবেক। ১১৩৯ নম্বরী আইনের অর্থের ১ দফা।

### ১৭ ধারা।

দিতীয় অর্থাৎ থাস আপীল। আপীল চালাওনের বিধান।

২১৫। সদর আদালত বিধান করিতেছেন যে খাস আপীল গ্রাহ্যকরণের দরখাস্তের সঙ্গে যে ডিক্রীর উপর আপীল হয় তাহার এক নকল সর্ফাদা দিতে হইবেক। ১১৩৯ নম্বরী আইনের অর্থের ২ দফা।

২১৬। যদি জাবেতামতে কোন মোকদ্বার আপীল হইয়া তাহার বিচারহওনের যোগ্য আদালতহইতে নিক্পন্তি হইয়া তাহাতে ফরিয়াদী ও
আদামী উভয় পক্ষের মধ্যে কোন পক্ষ উপত্তের প্রকরণের লিখিত কোন হেতুপ্রযুক্ত ঐ আদালতের নিক্পিন্ততে নারাজ হইয়া খাদ আপীল এতাবতা দ্বিতীয়
আপীলের অনুসারে পুনর্কার বিচারহওনের মনস্থ রাখে তবে তাহার কর্ত্তব্য
যে মোকদ্বার আপীলের যে দ্রখাস্ত জাবেতামতে দ্রপেশ হয় তাহা স্তনা
যাইবার অর্থে যে মিয়াদ নিরপণ আছে সেই মিয়াদের মধ্যে ইন্সরেজী
১৮১৪ সালের ২৪ ও ২৫ আইনের অনুসারে যে আদালতে এমত মোকদ্বমার খাদ আপীল মঞ্ব করিবার ক্ষমতা থাকে দেই আদালতে খাদ আপীলের দ্রখাস্ত দেয় ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ২ ধা। ২ প্র।

২১৭। জানা কর্ত্তব্য যে ঐ দর্থায় দাওয়ানগদ টাকার হইলে তাহার **স°**৲থ্যার দুয়েঁ কিয়া বয়ুর হইলে তাহার মূল্য ইফরেজী ১৮১৪ সালের ১ আইনের ১৪ ধারার কিয়া দেওয়ানী আদালতের উপস্থিত মোকদমার দাও-খার বিষয়ের দ<sup>্</sup>থ্যা কি মূলোর নিরূপণ ও নিয়মের বিষয়ে উত্তর কালে যে কোন আইন নির্দিষ্ট হয় তাহার লিখনমত হিদাবে যত হয় তাহার দৃক্টে ইঙ্গরেজী ১৮১৪ সালের ১ আইনের ১৩ ধারার (এইফণে ১৮২১ সালের ১০ আইনের] নির্দ্ধারিত ইন্টায়ুকাগজে লেখা যাইবেকও যে হেতু কি হেতুতে এই ধারার ১ পুকরণের মতে থাস আপীল করিবার মনস্থ হয় তাহা সেই দর্থান্তে স্লুফ্ট ও নিরূপণ করিয়া লেথা যাইবেক ও কর্ত্তব্য যে যে ব্যক্তি এমত দর্থাস্ত করিতে চাহে দে ব্যক্তি নিজে কিয়া আদালতের মোকররী কোন উকী-লের মারফতে ঐ দর্থান্ত দাথিল করে ও শেষ কল্পে যে উকাল ঐ দর্থান্ত দা-থিল করিবেক তাহার কর্ত্তব্য যে তাহাতে আপন দন্তথৎ করে ও তাহার পৃষ্ঠে এ কথা লিখে যে এই ধারার ১ প্রকরণের দৃষ্টে থাস আপীল মঞ্বছওনের অর্থে দর্থান্তেতে যেথ হেতু লেখা আছে তাইা সমপূর্ণ বিবেচনা ও প্রনিধান-পূর্বাক বিশিষ্ট ও উপযুক্ত বুঝা গেল ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ২ ধা। 9 পু।

২১৮। সদর আদালত জানাইতেছেন যে খাস আপীলের যেই দর্খান্তের বিষয়ে এইপ্র্যান্ত কোন জকুম হয় নাই দেই দর্খান্তে যদি দেখা যায় যে আপেলান্ট ১৮১৪ সালের ২৬ আইনের ২ ধারার ও প্রকরণের মতে থাস আপীল করিবার হেতু বা হেতু-সকল সপাই করিয়া না লিখিয়াছে এবং যদ্যপি তাহার না লেখা কেবল অনবধানতাপ্রযুক্ত হইয়াছে তবে সদর আদালত বোধ করেন্ যে উপযুক্ত ইটাম্পকাণজে লিখিত অবশেষ আরজী দাখিল করিতে আপেলান্টকে অনুমতি দেওয়া উচিত। ২৪৮ নম্বরী আইনের অর্থ।

২১১। যদি কোন মোকদ্মাতে তাহার কথার দৃষ্টে আদালতের সাহে-বেরা এই ধারার ১ প্রকরণের লিখিত কোন হেতুপ্রযুক্ত খাদ আপীল মঞ্র- করা উচিত বুকেন্ তবে ঐ সাহেবদিগের কর্ত্তব্য যে নিরুপিত জামিনী দাখিল-করণের ও চলিত আইনানুদারে উকীলকে রসুমের যত টাকা দিতে হইবেক তাহা আমান রাখণের বিষয়ে উপযুক্ত মিয়াদ নিরুপণ করিয়া তাহা করিতে আপেলাণ্টের প্রতি হুকুম দেন্ ও ঐ নিরুপিত জামিনী ও আদালতের টাকা দাখিল হইলে আদালতের সাহেবেরা খাদ আপাল মঞ্জুর করিয়া জাবেতামতে হওয়া আপীলের মোকদ্মার বিচার ও নিষ্পত্তি করিবার নিমিত্তে যে২ হুকুম নির্দিষ্ট আছে দেই২ হুকুমমতে মোকদ্মার বিচার ও নিষ্পত্তি করেন্ ইতি। —১৮১৪ সা। ২৬ আ। ২ ধা। ৪ প্র।

২২০। জন কএকের প্রতিকূলে এইমত ডিক্রী হইল যে তাহারা ও তাহার বংশেরা ডিক্রীদারের গোলাম ও সম্পত্তি। ঐ ডিক্রী মফঃদল আপীল আদালত বহাল রাখিলেন কিন্তু সদর দেওরানী আদালত এই হেতুতে তদ্বিধয়ের খাস আপীল গ্রাহ্য করিলেন যে ঐ গোলাম অর্থাৎ আপেলান্ট মুসলমানের শরার মতে গোলামের মধ্যে গণ্য হইতে পারে না। ঐ আপেলান্টেরা ডিক্রী জারী স্থানিত কর্ণার্থ কোন জামিন দিল না অথচ ডিক্রীদার তাহারদের স্থানে সেইরপ জামিন তলব করিবার দরখাস্ত করিল তাহাতে জিজানা হইল যে সেই ডিক্রী জারী করিতে হইবেক কি না যদি তাহা স্থানিত করিতে হয় তবে কিহ কারণে। তাহাতে সদর আদালত বিধান করিলেন যে আপেলান্টেরদিগকে গোলাম হওনের বিছয়ে যে ডিক্রীকরা গেল তাহা অন্যায় এই বোধে খাস আপীল মঞ্জুর হইল যদি তাহারদিগকে গোলাম বলিয়া ডিক্রীদারের হাতে সোপর্দ হয় তবে তাহারা আপনারদের আপীল চালাইতে কদাচ পারিবেক না এইপ্রযুক্ত এই বিশেষ গতিকে আপেলান্টেরদের স্থানে জামিনের দাওয়া না করিয়াও ডিক্রী জারী স্থাতিত করিতে হইবেক। ৫৫০ নয়রী আইনের অর্থ।

২২১। জজ নাতেব সদর আদালতে জিল্ঞানা করিলেন যে আপেলাই জ্কুম পাইরা নির্মাপিত মিয়াদের মধ্যে অপিলিবিষয়ক পরচার জামিন না দেওয়াতে কোন জজ নাতেব ঐ আপেলাইের ঝান আপীলের দর্থান্ত নথীহইতে উঠাইলে পর যদি ঐ নির্মাপত মিয়াদের মধ্যে ঐ জামিনী দাখিল না করণের মাতবর কারণ আপেলাই দর্শায় তবে জজ নাহেব ঐ দর্থান্ত পুনর্ফার নথীর শামিল করিতে পারেন্ কি না। তাছাতে সদর আদালত বিধান করিলেন যে খাস আপীলের দর্খান্ত কোন কারণে নথীহইতে উঠান গেলে পর জজ নাহেব উপরিম্থ আদালতের বিনানুমতিতে সেই দর্থান্ত পুনর্ফার গ্রাহ্য করিতে পারেন্ না। ১১৭১ নয়রী আইনের অর্থ।

২২২। সদর দেওয়ানী আদালতের সাহেবের। ও কোর্ট আপীল আদাল-তের সাহেবের। ভাঁহারদিগের হজুরে থাস আপীলের দরথাস্ত গুজরিলে তাহা মঞ্জুর ফরণের পুর্বে উভয় পক্ষের যে পক্ষ থাস আপীলের দরথাস্ত দেয় সেই পক্ষ যে কিয়া যে২ দস্তাবেজ দাখিল করে তাহার অতিরিক্ত মোকদ্দমার রোরদাদের শামিলে থাকা অন্য কোন দস্তাবেজ তলব করিয়। দৃটি করিতে পারিবেন ইতি।—১৮১১ সা। ১ আ। ৪ ধা।

২২৩। এই পারানুদারে জানান যাইতেছে যে এই আইনের উপরের পারার লিথনানুদারে এমত বোধ না হয় যে থাদ আপীলের দরথান্ত দিবার নিরূপিত মিয়াদের বাবৎ কি এদনে তাহা মঞুরার যে প্রকার দন্তর আছে তাহার বাবৎ এক্ষণকার চলিত দাঁড়ার কিছু পরিবর্ত হইল ইতি।—১৮১৯ দা। ১ আ। ৬ ধা।

২২৪। আদালতের যে নাহেব কি সাহেবেরা উপরের লিথিত থাস আ-পীল মঞ্চুরকরণের ক্ষমতা রাথেন্ তাঁহারদিগের স্বয়ণ মোকদমার তজবীজ করিয়া নাতক্ অর্থাৎ পুরা হুকুম দিবার কিয়া যে আদালতে মোকদমা প্রথম উপস্থিত হইয়া তাহাতে নিষ্পত্তির ত্কুম হইয়া থাকে সেই আদালতে অথবা দিতীয়বারে প্রথম আপালমতে যে আদালতে দরপেশ হইয়া ত্কুম হইয়া থাকে সে আদালতে পুনর্ফার পাচাইবার ক্ষমতা থাকিবেক ইতি।—১৮১৭ সা। ১৯ আ। ৭ ধা। ২ প্র।

২২৫। এই প্রকরণানুসারে স্লুফ্ট করিয়া লেখা যাইতেছে যে জিলা ও শহরের আদালতের সাহেবেরা ও প্রবিন্সাল কোর্টের সাহেবদিগের এই আইনের মতে যে ক্ষমতা হইয়াছে তদনুসারে থাস আপীল এতাবতা দিতীয় আপীল নামঞ্জুর করণের বিষয়ে যে হুকুম দেন্ তাহা এবং যেং মোকল্মাতে তাহার থাস আপীল মঞ্জুর হইয়া থ সাহেবদিগের হজুরহইতে যেং নিচ্পত্তি হয় তাহা সর্বপ্রকারেতে চূড়ান্ত ও সিদ্ধ হইবেক ও উপরকার আদালতে পুনর্বার বিচারহওনের যোগ্য হইবেক না ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ২ ধা। ৬ প্র।

২২৬। সাবেক জন্ম প্রীযুত বর্ড লাহেব মথুর উপাধ্যায়ের ও অন্যেরদের খাস আপীলের এক দর্থাস্ত নামঞ্চুর করাতে তাহার। সদর আদালতে আর্জী দিল। অপর দৃষ্ট হইল যে জন্ম নাহেব সেই দর্থাস্ত পাইয়া কিছু বিচার করিলেন না কেবল সেই দর্থাস্তের এক কোণেতে খাস আপীল নামঞ্চুর হইল এইমাত্র প্রকুম লিখিলেন এবং আপেলান্ট কি তাহার উকীল সেই সময়ে হাজির ছিল কি না ইহাও লিখিলেন না। তাহাতে প্রবিন্যাল আদালত জন্ম নাহেবের ঐ প্রকুম রদ করিয়া ঐ খাস আপীলের দর্খাস্ত পুনর্মার লইতে এবং নিয়মিতমতে ক্রকার করিতে এবং তাহা মঞ্চুর বা নামঞ্চুর করণের রীতিমতে প্রকুম দিতে আজ্ঞা করিলেন। পরে ঐ মফঃসল আপীল আদালত সদর আদালতে পত্র লিখিয়া জিল্ঞাসা করিলেন যে বর্ড সাহেব বেআইনীমতে উক্ত যে খাস আপীলের দর্খাস্ত নামঞ্চুর করিয়াছিলেন সেই খাস আপীলের দর্খান্ত তাহাকে পুনরায় শুনিবার প্রকুম দিতে আমারদের ক্ষমতা আছে কি না। তাহাতে সদর আদালত বিধান করিলেন যে ঐ দর্খান্ত ডিসমিসকরণের যে প্রকুম ঐ জন্ম সাহেব দিয়াছিলেন তাহা আমারদের বোধে আদৌ বেদাঁড়া ছিল যেহেতুক তাহা আদালতের নির্দিট্ট ব্যবহারের বিক্তম্ব অতএব সেই আপীল জন্ম সাহেবকে পুনর্বার বিচার করিবার প্রকুম দিতে আপীল আদালতের অবশ্য ক্ষমতা আছে। ৬৪১ নম্বরী আইনের অর্থা।

২২৭। সদর দেওয়ানী আদালত প্রকুম করিতেছেন যে প্রত্যেক জন সদর আন্মান ও মুনদেকের নিষ্পত্তির উপর যে খাস আপীল হইয়াছে তছিময়ে জজ সাহেব বার্ষিক কৈফিয়তের মন্তব্য কথার ঘরের মধ্যে লিখিবেন যে কত মোকদমাতে জজ সাহেব প্রধান সদর আমানের সজে সমুখ্সরে ঐক্য হইয়া তাহার নিষ্পত্তি বহাল কিয়া মতান্তর করিলেন এবং কত মোকদমাতে তিনি প্রধান সদর আমানের নিষ্পত্তি অনাথা করিয়া অধন্ত আদালতের জিলী বহাল অথবা মতান্তর করিলেন। জিলার আদালতের জজ সাহেব তাহার অধীন এদেশীয় নানা বিচারকেরদের নিষ্পত্তির উপর জাবেতামত বা খাস আপীলের ফলের বিষয় বিবেচনা করিয়া যেপর্যান্ত তাহারদের গুণ ও যোগ্যতার বিষয় নির্দিষ্ট হইতে পারে সেইপর্যান্ত এই সকল বৃত্তান্ত অবগত হইয়া জজ সাহেব তাহার বিষয় নিশ্চয় করিয়া জানিতে পারিবেন। ১৮৩৭ সালের ৮ ডিসেয়রের সরকালর অর্ডরের ২ দফা।

২২৮। এক্ষণকার এমত ব্যবহার আছে যে খাস আপীলের নিষ্পত্তি হউলে জন্ধ সা-হেবেরা চূড়ান্ত ডিক্রীর মধ্যে কেবল ইহা লেখেন্ যে খাস আপীল মঞ্জুর হইরাছিল কিন্দু সদর আদালতের সাহেবেরা ছকুম করিতেছেন যে উত্তর কালে খাস আপীলের নিষ্পত্তি ছউলে চূড়ান্ত ডিক্রীর মধ্যে ঐ খাস আপীল মঞ্জুর করণের হেতু লিখিতে ছউবেক। ১৮৪২ মালের ৮ জুলাইর সরকূলর অর্ডর।

# ১৮ ধারা।

দ্বিতীয় অথবা থাস আপীল। ইফ্টাম্ল এবণ উকালের রসুম।

২২৯। ১৮৩০ দালের ৮ জানুআরি তারিখে সদর আদালত এই বিধান করিলেন যে ১৮১৪ দালের ২৬ আইনের ২০ ধারার ৩ প্রকর্ণানুদারে খাদ আপীল গ্রাহ্যকরণের যে দরখান্ত হয় তাহার সঙ্গে দাখিলহওয়া দলীলদস্তাবেজের কোন ইন্টাম্প রসুম লাগিবেক না। ৫৩৭ নমূরী আইনের অর্থ।

২৩০। উপরের প্রকরণেতে যে প্রকার থাস আপীলের কথা লেখা গেল তাহার কিম্বা অন্য যে সকল থাস আপীল কি তদ্ভিন্ন যে আপীল এক্ষণকার চলিত আইনমতে হইতে পারে তাহার কোন মোকদ্মাযে আদালতে ঐ আপীল হয় দেই আদালতে তাহার বিচার ও নিষ্পত্তির হুকুমহওনবিনা যে আদালতের হওয়া তৃত্তমের উপর আপীল হইয়া থাকে সেই আদালতে ছানী তজবীজ অর্থাৎ পুনর্জার বিচার করিয়া অন্য নিম্পত্তির হুকুম দিবার কারণ যদি পাঠান যায় ভবে আপেলাণ্ট আপন আপীলের দর্থাস্ত দাখিলকরণের সময়ে ইফ্রাম্ল কাগজের যন্ত টাকা মূল্য দিয়া থাকে তাহা সমূদয় তাহাকে कितिया (म अया याहेरतक ও यमि अपठ पाकममात আপেলाफे कि त्रह्मा एउ छै। আপন মোকদ্মার তদবীর করিবার কারণ আদালতের মোকররী উকীলের মধ্যে কোন উকীলকে মোকরর করিয়া থাকে তবে দে উকীলের মেহ্নতানা মোকদ্মার নালিশ সরাসরীভিন্ন মতে দ্রপেশ হইলে উকীলের যে মেহনতানা পাওনা হইত তাহার এক চৌথাইহইতে অধিক না হইয়া যে আন্দাজ আদাল-তের দাহেব কি দাহেবদিণের উচিত বোধ হয় তাহা তাহার মওক্লেলের স্থানহইতে তাহাকে দেওয়ান যাইবেক ইতি।—১৮১৭ সা। ১৯ আ।৮ श्री।

২৩১। যদি আদালতের সাহেবদিগের বিবেচনাতে কোন মোকদমার থাস আপীলের দরথান্ত মঞ্জুরকরণের অর্থে উপযুক্ত কোন হেতু না চাহরিয়া ঐ দরথান্ত নামঞ্জুর হয় তবে এই ধারার ৩ প্রকরণের অনুসারে আপেলাণ্ট যে ইন্টান্ত্রকাগজে ঐ দরথান্ত লিথিয়া দিয়া থাকে সে ইন্টান্ত্রকাগজের রসুম এতাবতা মূল্যের টাকা ফিরিয়া পাওনের যোগ্য হইবেক না কিন্তু যদি আদালতের সাহেবেরা কোন মোকদমার বিষয়ের দৃষ্টে এমত বুক্তেন্ যে আপেলাণ্টের স্থানে ইন্টান্ত্রকাগজের রসুম এতাবতা মূল্যের সমুদ্য টাকা লওয়া গেলে তাহার অধিক ক্ষতি হয় তবে ঐ সাহেবদিগের ক্ষমতা আছে যে সেই ইন্টান্ত্রকাগজের রসুমের টাকার মধ্যে কতক এই নিয়মে যে তাহার চারি হিস্যার তিন হিস্যাহ হতে অধিক না হয় যে ব্যক্তি ঐ টাকা দিয়া থাকে তাহাকে কিন্তা তাহার ওয়ারিস্ লোককে ফিরিয়া দেওয়ান্ ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ২ ধা। ৫ প্র।

খোস আপীলে উকালের রসুমের বিষয়ি বিধি ১৮৩১ সালের ৯ আইনের ৭ ধারার ১।২।৩।৪ প্রকরণে পাওয়া ঘাইবেক।]

### ১৯ ধারা।

যে মোকদ্দমা ছানী তজবীক্স অথবা গোড়াগুড়ি বিচারহওনের নিমিত্ত ফিরিয়া পাচান যায় তাহার বিষয়ে দেওয়ানী আদালতদকলের যাহ। কর্ত্তব্য তাহার নিয়ম।

২৩২। যথন কোন মোকদমার গোড়াগুড়ি বিচার ছইবার নিমিত্ত কোন আদালতে ফিরিয়া পাঠান যায় তথন যদি কোন বিশেষ বিষয় বা বিষয়সকলের তজবীজকরণের কোন বিশেষ প্রকুম না দেওয়া যায় ভবে তাবৎ মোকদমার গোড়াঅবধি বিচার করিতে ছইবেক এমত জান করা যাইবেক। ১০৭৩ নমূরী আইনের অর্থ।

ছানী তল্পবীজ অথবা গোড়াণ্ডড়ি বিচারকরণের মোকক্ষমায় উভয় বিবাদিকে হাজির করাই-বার নিমিত্ত দেওয়ানী আদালতের যে নিয়মানুসারে কার্য্য করিতে হইবেক ভাহা।

২৩৩। যদি কোন মোকদমা ছানী ভজবীজ অথবা গোড়াগুড়ি বিচারকরণের নিমিত্ত ফিরিয়া পাটান যায় এবং মোকদমার প্রথম বিচারের সময়ে যে উকীলের। মোকরর ছিল ভাহারা যদি হাজির থাকে ভবে উপরিস্থ আদালভের ক্রবকারী পাইলে পর জজ সাহেবের উচিত যে অগৌণে ঐ উকীলেরদিগকে ডাকিয়া জিল্ঞাসা করেন্ যে তোমরা আপন মওকেকলের স্থানে কোন গুকুম পাইয়াছ কি না এবং মোকদমা চালাইতে প্রস্তুত আছ কি না যদ্যপি ভাহারা কহে যে আমরা প্রস্তুত আছি ভবে উভয় বিবাদিকে আর কোন সম্থাদ দিবার আবশ্যক নাই। ১৮৩৮ সালের ৩১ আগটের সরক্যলর অর্ডরের ১ দফা।

২৩৪। যদি ফরিয়াদীর উকীল হাজির না থাকে অথবা হাজির থাকিয়া যদি কছে যে আমি আপন মওকেলের স্থানে কোন অকুম পাই নাই অথবামোকদমা নির্বাহ করিতে প্রুক্ত নহি তবে ঐ উকীল আপন মওকেকলের স্থানে জিজাসাবাদ করিবার অপেক্ষায় জজ সাহেব সেই মোকদমার বিচার বিলম্ন করিবেন না। বরং তাঁহার কর্ত্তবা যে বিষয় বুঝিয়া নাচের লিখিত A এবং B চিহ্নিত পাঠানুসারে এক এত্তেলানামা ফরিয়াদীর উপর রীতিমত জারী করিয়া তাহাকে আইনমত কার্য্য করিতে অকুম দেন্। এবং যদি ফরিয়াদী সেইরূপ এত্তেলা পাইয়া তাহার পর ছয় সপ্তাহের মধ্যে আপনি অথবা উকীলের দারা মোকদমার তদবীর করিতে ক্রটি করে তবে জজ সাহেব ১৮১২ সালের ৫ নবেয়র তারিখের সরকালর অর্ডরের ২ দফার অনুসারে কার্য্য করিবেন এবং ফরিয়াদীকে মোকদমার তদবীর না করণের হেতু দশাইবার অকুম দিবেন এবং সে ব্যক্তি তাহা না দশাইতে পারিলে তাহার মোকদমা কর্মপ্রপ্রক্ত ডিসমিস করিবেন। ১৮৩৮ সালের ৩১ আগটের সরকালর অর্ডরের ২ দফা।

[১৮১২ সালের ৫ নবেয়র তারিথের ঐ সরক্যুলর অর্ডর ১৮৪১ সালের ২৯ আই-নের দারা মতান্তর হইয়াছে।]

#### ٨

ষেহেতুক যে মোকদমায় তুমি অমুক ফরিয়াদী এবং অমুক ব্যক্তি আদামী তাহা অমুক তারিখে এই আদালতে নিষ্পান্তি হইয়া অমুক উপরিস্থ আদালত তাহা ছানী তর্জবীজ অথবা গোড়াগুড়ি বিচার করিবার নিমিন্ত ফরিয়া পাঠাইয়া এই আদালতের নথীতে তাহার যে আসল নম্বর ছিল সেই নম্বরে দাখিল করিতে জকুম দিয়াছেন। এবং অনুসন্ধানকরাতে এইমত দৃষ্ট হইতেছে যে তোমার তরফে মোকদমা নির্বাহ করিবার নিমিন্ত কোন উকীল আদালতে হাজির নাই অতএব তোমাকে সম্বাদ দেওয়া ঘাইতেছে যে যদ্যপি এই এবেলানামা জারী হইবার তারিখের পর ছয় সপ্তাহের মধ্যে তোমার মোকদমা নির্বাহ করিবার নিমিন্ত তুমি স্বয়ং অথবা উকীলের দ্বারা কোন তদ্বীর না কর তবে এ মিয়াদে যোকদমা

নির্বাহ না করণের যাহাতে আদালতের খাতিরজমা হয় এইমত কারণ না দর্শাইলে তোমার ঐ মোকদমা কসুরপ্রায়ুক্ত ডিসমিস হইবেক।

В

ষেহেতুক যে মোকদমায় তুমি অমুক ফরিয়াদী এবং অমুক ব্যক্তি আসামী তাহা অমুক তারিখে এই আদালতে নিষ্পত্তি হইয়া অমুক উপরিস্থ আদালত ছানী তজবীজ অথবা গোড়াপ্রড়ি বিচার করিবার নিমিত্ত ফিরিয়া পাটাইয়া এই আদালতের নথীতে তাহার যে আসল নম্বর ছিল সেই নম্বরে দাখিল করিতে প্রকুম দিয়াছেন। এবং অনুসন্ধানকরাতে এইমত দৃষ্ট হইতেছে যে মোকদমার আদৌ বিচারের সময়ে তুমি যে উকীল নিযুক্ত করিয়াছিলা সেই উকীল এক্ষণে হাজির আছে কিন্তু ভোমার স্থানে কোন প্রকুম পায় নাই এবং মোকদমা চালাইতে প্রকৃত্ত নহে অতএব তোমাকে সম্বাদ দেওয়া যাইতেছে যে যদ্যাপি এই এক্তেলা জারী হইবার তারিখের পর ছয় সপ্তাহের মধ্যে তোমার মোকদমা নির্বাহ করিবার নিমিত্ত তুমি স্বয়ং অথবা কোন উকীলের ছারা কোন তদবীর না কর তবে ঐ মিয়াদে মোকদমা নির্বাহ না করণের যাহাতে আদালতের খাতির্জমা হয় এইমত কারণ না দর্শাইলে তোমার ঐ মোকদমা কর্বপ্রযুক্ত ডিসমিস হইবেক।

২৩৫। যদি নাজির এমত রিপোর্ট করে যে ঐ ফরিয়াদীর উপর এত্তেলানামা জারী হইতে পারিল না তবে জজ সাহেব নাজিরের ঐ রিপোর্ট পাইলেই জিলার কাছারীতে এবং ফরিয়াদীর বাসস্থানের বহির্দারে অথবা যে গ্রামে সে ব্যক্তি বসতি করে তাহার সর্ব্ব লোকের দৃষ্টিগোচর স্থানে উপরের লিখিত A এবং B চিচ্ছিত পাঠানুসারে অর্থাৎ যে গতিকে যে পাঠ অর্ণে সেই পাঠানুসারে এক ইশ্তিহারনামা লট্কাইয়া ফরিয়াদীকে আইনমতে কার্য্য করিতে জকুম দিবেন। পরে যদি ঐ ইশ্তিহারের তারিখাঅবধি ঐ ইশ্তিহারের নির্পাত্যতে ফরিয়াদী ছয় সপ্তাহপর্যন্ত স্বয়ং অথবা উকীলের দারা আপনার মোকদমা চালাইতে ফটি করে তবে জজ সাহেব উক্ত সরকুলের অর্ডরের নিয়মমতে মোকদমার নিষ্ণাত্তি করিবেন। ১৮৩৮ সালের ৩১ আগকের সরকুলের অর্ডরের ৩ দফা।

২৩৬। মোকদমার প্রথম বিচারের সময়ে আসামী যে উকীলকে নিযুক্ত করিয়াছিল সে যদি হাজির না থাকে অথবা হাজির থাকিয়া কহে যে আমি আপনার মওকেকলের স্থানে কোন প্রকৃষ পাই নাই অথবা মোকদমা নির্বাহ করিতে প্রস্তুত নহি তবে ঐ উকীল আপন মওকেকলের স্থানে সেই বিষয় জিজাসাবাদ করিবার অপেকায় জজ সাহেব সেই মোকদমার বিচার বিলম্ব করিবেন না কিন্দু তাঁহার উচিত যে মোকদমার বিষয়় বুঝিয়া পশ্চাৎ লিখিত C এবং D চিহ্নিত পাঠক্রমে রীতিমতে এক এত্তেলানামা আসামীর উপর জারী করেন্ এবং তথপরে ১৮০৬ সালের ২ আইনের ২ এবং ও ধারার বিধির অনুসারে কার্য্য করেন্। ১৮৩৮ সালের ৩১ আগ্রেইর সর্কালর অর্ডরের ৪ দফা।

C

যেহেতুক যে মোকদমায় তুমি অমুক ফরিয়াদী এবং অমুক ব্যক্তি আদামী তাহা অমুক তারিখে এই আদালতে নিম্পত্তি হইয়া অমুক উপরিস্থ আদালত তাহা ছানী তজবীক্ত অথবা গোড়াগুড়ি বিচার করিবার নিমিত্ত ফিরিয়া পাটাইয়া এই আদালতের নথীতে তাহার যে আদল নম্বর ছিল দেই নম্বরে দাখিল করিতে প্রকুম দিয়াছেন এবং অনুসন্ধানকরাতে এই মত দৃষ্ট হইল যে তোমার তরফে মোকদমা নির্মাহ করিবার নিমিত্ত কোন উকীল আদালতে হাজির নাই অভএব তোমাকে সম্বাদ দেওরা যাইতেছে যে তুমি যদি এই মোকদ্দমার জ্ঞারা দিবার বিষয়ে অমুক তারিখে কিয়া তাহার পূর্বে ষয়ং অথবা উকীলের ছারা তদবীর না কর তবে এই আদালতে ঐ মোকদ্মা একতরফা বিচার হইবেক এবং তুমি হাজির হইয়া ও ক্পপ্রয়াব ও সাক্ষ্য দিলে যেরপ ডিক্রী হইত সেইরপ ডিক্রী করিবন।

n

যেহেতুক যে মোকদমার তুমি অমুক ফরিয়াদী এবং অমুক ব্যক্তি আসামী তাহা অমুক তারিখে এই আদালতে নিষ্পান্তি হইয়া অমুক উপরিস্থ আদালত তাহা ছানী তজরীজ অথবা গোড়াপ্রড়ি বিচার করিবার নিমিন্ত ফিরিয়া পাচাইয়া এই আদালতের নথীতে তাহার যে আসল নমর ছিল সেই নমরে দাখিল করিতে জকুম দিয়াছেন এবং অনুসন্ধানকরাতে এই মত দৃঊ হইতেছে যে মোকদমার পূর্বকার বিচারের সময়ে তুমি যে উকীল নিযুক্ত করিয়াছিলা সেই উকীল এক্ষণে হাজির আছে কিন্তু ভোমার স্থানে কোন জকুম পার নাই এবং মোকদ্মা চালাইতে প্রস্তুত্ত নহে অভএব ভোমাকে সমাদ দেওয়া যাইতেছে যে তুমি যদি এই মোকদ্মার জওয়াব দিবার বিষয়ে অমুক ভারিখে কিয়া ভাহার পূর্বের য়য়ং অথবা উকীলের দ্বারা তদবীর না কর ভবে এই আদালতে ঐ মোকদ্মার একত্রফা বিচার হইক্রেক এবং তুমি হাজির হইয়া ও জওয়াব ও সাক্ষ্য দিলে যেরূপ ডিক্রী হইত সেইরূপ ডিক্রী করিবেন।

২৩৭। উক্ত বিধানের এইমত অভিপ্রায় নহে যে সেই মোকদমার ছানী তজবীজ কিয়া গোড়াপ্রড়ি বিচারের নিমিত্ত ফিরিয়া আইলে ঐ মোকদমার প্রথম বিচারের সময়ে যে উকীলেরা নিযুক্ত ছিল তাহারদের মপ্তকেকলের ইচ্ছা হইলে সেই উকীলেরা সেই মোকদমা নির্বাহকরণের ভারহইতে মুক্ত হয় যেহেতুক ১৮১৪ সালের ২৭ আইনের ৩৪ ধারায় এমত বিশেষ হুকুম আছে যে আদালতের সমস্ত উকীলদিগের উচিত যে ত'হারা যে২ মোকদমার সপ্তয়াল ও জণ্ডরাব করিতে নিযুক্ত হয় সেই২ মোকদমার বিচারকালীন এবং তাহার নিক্ষান্তি ও ডিক্রী জারী হইবাপের্যান্ত তাহাতে যখন যে কিছু আরজী ও দরখান্ত গুজরাইবার কি অন্য তদবীর করিবার আবশ্যক হয় তাহা করে। এবং যে উকীলেরা মোকদমার প্রথম বিচারের সময়ে নিযুক্ত ছিল ঐ মোকদমার ছানী তজবীজ অথবা গোড়াপ্রড়ি বিচারহওনের নিমিত্ত ফিরিয়া পাচান গেলে আইনমত তাহারা কিছু অধিক রসুম পাইবেক মা। যেহেতুক মোকদমার প্রথম বিচারের সময়ে তাহারদের মেহনতের সম্পূর্ণ রসুমের ন্যায় জ্ঞান করিতে হইবেক। এবং সেই নিমিত্ত তাহারদের মেহনতের সম্পূর্ণ রসুমের ন্যায় জ্ঞান করিতে হইবেক। এবং সেই নিমিত্ত তাহারদিগকে অধিক রসুম দিবার হুকুম করিত্ত আদালতের সাহেবেরদের প্রতি নিষেধ আছে। ১৮৩৮ সালের ৩১ আগন্টের সর্কুলর অর্ডরের ও দফা।

২৩৮। যে মোকদমা গোড়াগুড়ি বিচারের নিমিত ফিরিয়া পাঠান যায় দেই মোকদ-মার খরচার বিষয়ে যদি আপীল আদালত কোন জ্কুম না কুরিয়া থাকেন্ তবে যে আদা-লতে তাহা পাঠান যায় দেই আদালত প্রথম বিচারের খরচা এবং আপীলী খরচা এবং দেই মোকলমার গোড়াগুড়ি বিচারের যে খরচা হইতে পারে এই সকল দেওয়াইতে পারেন্ কি না এই বিষয় জিজাদা হওয়াতে দদর আদালত জানাইলেন যে এই বিষয়ে যে সন্দেহ থাকে তাহা ভঞ্জনার্থ এবং এই বিষয়ে একি প্রকার ব্যবহার হয় এ জন্য সদর আদা-লত আপন আদালতের এবং অন্য আদালতের নিমিত্ত এই দাধারণ বিধান করিয়াছেন যে যখন মোকদ্দমা গোড়াগুড়ি বিচার হউবার নিমিত্ত অধস্থ আদালতে ফিরিয়া পাঠান যায় তথন মোকদমা ফিরিয়া পাঠাইবার তুকুমে আপীল আদালতের জ্ঞাসাহেব এমত লিখিবেন যে যে আদালতে মোকদ্দমা এরপে পাঠান যায় সেই আদালতে মোকদ্দমার যে খারচা লাগিয়াছিল তাহা দেওনের বিষয়ে এবং মোকদমা প্রথমত উপস্থিত হওনঅবধি ক্রমে২ যে নানা আদালতে ভূমণ করিয়া থাকে সেই২ আদালতে উভয় বিবাদির যে ঋরচা হইয়াছে তাহার বিষয়ে যেমত যথার্থ ও উচিত বোধ হয় সেইমত তকুম দিবেন। কিন্ত যদি কোন বিশেব কারণপ্রযুক্ত আপীল আদালতে ফয়দলাহওনের তারিঋপর্যান্ত যে দকল খ্রচা লাগিয়াছে তাহা উভয় বিবাদির এক জনের শিরে রাখা অথবা উভয়কেই আপন্থ থারচা দিবার ছ্কুম করা যথার্থ বোধ করেন্তবে আপীল আদালত থারচার বিষয়ে সেইরূপ ছকুম করিতে পারেন্। ১৮৩৬ দালের ৪ নবেম্বরের দরকুলের অর্ডর।

২৩৯। সদর আদালত আরো স্তকুম করিতেছেন যে মোকদ্দমা এইরপে ফিরিরা পাচান গেলে অধস্থ আদালতের উচিত যে তাহার বিষয়ে সর্বাদা অভিশীলু মনোযোগ
করেন্ এবং ছানী তল্পবীল অথবা মোকদ্দমা গোড়াগুড়ি বিচার করিবার নিমিন্ত আপীল
আদালত যে স্তকুম দেন্ তদনুসারে অবিলয়ে কার্য্য করেন্। সদর আদালত জানাইতেছেন যে এই প্রকার কোন২ মোকদ্দমা অদ্যাপি আদালতের নথীতে আছে এবং যে তারিখে ঐ মোক্দ্দমা অধস্থ আদালতে ফিরিয়া পাচান গিয়াছিল তদ্দেই ঐ মোক্দ্দমা ইহার
অনেক কাল পূর্ব্বে নিষ্পত্তিকরা উচিত ছিল। অভএব তাঁহারা স্তকুম করিতেছেন যে বংসরের শেষে এই প্রকার যে সকল মোক্দ্দমা মুলতবী থাকে তাহার নিষ্পত্তি না হওনের সম্পূর্ণ
কারণ লিথিয়া পাচাইতে হইবেক এবং যে২ তারিখে ঐ মোক্দ্দমা প্রস্তুলি এবং তৎপরে
ঐ মোক্দ্দমা প্রস্তুত করিতে যে২ উদ্যোগ হইয়াছে তাহাও লিখিতে হইবেক এবং সেই
প্রকার যে সকল মোকদ্দমা জল সাহেবের আদালত অথবা অধস্থ আদালতে মুলতবী থাকে
সেই মোক্দ্দমা নিষ্পত্তিকর্ণার্থ যে২ কার্য্য শেষ রিপোর্ট লিখনের তারিথের পর হইয়াছে
তাহাও মাসিক কৈফিয়তের মধ্যে লিখিতে হইবেক। ১৮৩৭ সালের ৭ জুলাইর সরকুলের
অর্তরের ২ দফা।

২৪০। মোকদমার ছানী তল্পবিদ্ধ অথবা গোড়াগুড়ি বিচার করিবার নিমিন্ত যে বৎসরেক তে ফিরিয়া পাঠান যার সেই বৎসরের তারিখ তাহাতে না দিয়া মোকদমা প্রথম যে বৎসরে উপস্থিত করা গিয়াছিল তাহার তারিখ তাহাতে লিখিতে হইবেক। এবং সেই মোকদমা ফিরিয়া পাঠাওনের জকুমের তারিখ এবং যে তারিখেতে অথস্থ আদালতে পঁজছিল এবং তৎপরে তাহা রুবকার করণার্থ যে২ কার্য্য হইয়াছে এই সকল বিষয়ের এক সংক্রেপ কৈফিয়্থ মন্তব্য কথার ঘরের মধ্যে লিখিতে হইবেক। এবং যে মাস অথবা বৎসরের কৈফিয়্থ হয় সেই মাস অথবা বৎসরের শেষে সেই প্রকার যে মোকদমা এক বৎসরের অধিক কাল মূলতবী আছে সেই মোকদমা নিম্পান্তিকরণের বিলয়ের কারণ সেই ঘরের মধ্যেও লিখিতে হইবেক। ১৮৩৮ সালের ৭ ডিসেয়্রের সরকুলের অর্ডর।

২৪১। সদর আদালত জিলার জজ সাহেতকে জকুম করিতেছেন যে তুমি আগামি মাসের ১ তারিখঅবধি আরম্ভ করিয়। নীচের লিখিত ৪ সংখ্যক পাঠানুদারে এক কৈফিয়ৎ লিখিয়া মাসে২ এই দফুরে পাঠাইবা। ১৮৪১ সালের ১৯ মার্চের স্রকুলের অর্ডরের ১ দফা।

২৪২। ঐ কৈফিয়তের দ্বারা জিলা কি শহরের জন্ধ লাহেব যত মোকদমা প্রধান সদর আমীন এবং সদর আমীন ও মুনসেফেরদের নিকটে গোড়াগুড়ি বিচারার্থে প্রতিমাসে ফিরিয়া পাটান্ তাহা দৃষ্ট হইবেক। ১৮৩১ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণের যে বিধি ১৮৩৮ সালের ৭ আইনের দ্বারা জিলা ও শহরের জন্ধ সাহেবের বিষয়ে চলন হইল ভদ্মুসারে ঐ কৈফিয়তের নানা শিরোভাগ প্রস্তুত হইয়াছে এবং তদ্বারা আপীলহওয়া ডিক্রীযে বিশেষ কারণে ভূমযুক্ত এবং দোষী বোধ হইয়াছে তাহা সদর আদালতের সাহেবের। নিক্ষয় জানিতে পারিবেন। ১৮৪১ সালের ১৯ মার্চের সরকুলের অর্ডরের ২ দফা।

২৪৩। সদর আদালতের সাংহবের। বোধ করেন্ যে ঐ কৈফিয়তের দারা জিলা ও শহরের জজ সাহেবের। এবং উপরিস্থ কার্য্যকারক সাহেবের। আপনারদের অধীনে নিযুক্ত প্রত্যেক অচিহ্নিত বিচারকেরদের আচরণ ও বুদ্ধি এবং আইনবিষয়ক জানের বিষয়ে প্রকৃতরূপে অনুভব করিতে পারিবেন। এবং সদর আদালতের সাহেবেরা ঐ কৈফিয়ৎ অভিমনোযোগপূর্কক বিবেচনা করিবেন এবং তাহা দেখিয়া আপনারদের বার্ষিক দেওয়ানীরিপোর্ট সর্বাদা প্রস্তুত করিবেন এইহেতুক তোমরা যথাসাধ্য সাবধানপূর্কক তাহা প্রস্তুত কর এবিষয়ে সদর আদালতের সাহেবেরা তোমারদের উপর বিশ্বাসপূর্কক নির্ভর রাখেন্। ১৮৪১ সালের ১৯ মার্চের সরকুলের অর্ডরের ও দফা।

২৪৪। আরো ভোমাকে জানাইতে আদেশ হইরাছে যে সদর আদালতের তুকুম-ক্রমে যে সকল ডিক্রীর ছানী তজবীজহওনার্থ জিলা ও শহরের জজ সাহেব এবৎ প্রধান সদর আমীনেরদের নিকটে পাঠান যায় ভাহার সেইরূপ এক কৈফিয়ৎ এই সিরিশ্ভায় প্রস্তুত হইবেক। ১৮৪১ সালের ১৯ মার্চের সরকালর অর্ডরের ৪ দফা।

#### 8 ममूत्।

অমুক সালের অমুক মানে অমুক জিলার প্রধান সদর আমীন ও সদর আমীন ও মুননেফের করা যে ডিক্রীর বিষয়ি ১৮৩৮ সালের ৭ আইনের বিধির অনুসারে জজ সাহেব অধীন আদালতের বিচারকদিগকে মোকদমার ছানী তজবীজকরণের হুকুম দিয়াছেন তাহার কৈফিয়েও।

थ्यान मन्द्र आग्रीन कि मन्द्र जाग्रीन कथता भूनत्मरिक्त् नाम	2
্য ডিক্রী সপষ্টতঃ অন্যায় ভাহা।	٠ ٦
যে ডিক্রী আইনবিরুক।	9
हिन्नु भाज्जर दिल्का स जिन्नी छ।।।	8
মুসলমানের শহার বিহুদ্ধ যে ডিক্রা ভাহা।	œ
মোকদমায় ষেং আইন থাটে ডাহার কোন্ আইনের বিজন্ধ ডিক্রী।	•
य थाठिड विटटठना ना करिया त्य फिक्मी कड़ा शिष्राहरू उनश्।	٩
যে ডিক্সী অসম্পর্কান্ত বা ভুমহুক্ত অনুভবমুলক হইয়াছে ভাহা।	ъ
পুনধিবেচনাথে যত ডিক্রী ফিরিয়া পাঠান গিয়াছে ডা- হার মোট।	۵
মন্তব্য কথা। •	٥, د

# ু ২০ ধারা।

# জিলার জজ সাহেবের দার। ডিক্রীর পুনর্বির্চার।

২৪৫। কোন জিলা ও শহরের আদালতে কিয়া কোন প্রবিন্সাল কোর্ট আদালতে জাবেতামতে প্রথমতঃ কি আপীলমতে উপস্থিতহওয়া সরাসরীজিয় যে কোন মোকদ্মার নিষ্পান্তি হইয়া তাহার নিষ্পান্তির উপর উপরকার আদালতে আপীল না হইয়া থাকে সে মোকদ্মার নিষ্পান্তিতে ফরিয়াদী ও আসামী উভয় পক্ষের কোন পক্ষ যদি আপনাকে অন্যায়গ্রস্ত বোধ করে ও ডিক্রে হওনের সময়ে যে কোন নূতন দস্তাবেজ কি দলীলের সদ্ধান জানিত না তাহার সন্ধান পাওনহেতুক কিয়া তাহা দরপেশ করিতে পারিয়াছিল না সেপ্রযুক্ত কি অন্য বিশিষ্ট ও উপযুক্ত কারণ ও হেতুপ্রযুক্ত যে সাহেব কি সাহেবদিগের নিকটে ও মোকদ্মার নিষ্পান্তি হইয়াছে তাহার দিগের হজুরে তাহার পুন্র্বিচার করাইবার মনস্থ রাথে তবে তাহার ক্ষমতা আছে যে যে

আদালতে ঐ নিষ্পন্তি হইয়া থাকে সেই আদালতে পুনর্বিচারের দর্থাস্ত্র দেয় ও এমতে ঐ দর্থাস্ত ইঙ্গরেজী ১৮১৪ সালের ১ আইনের ১৮ ধারার (এক্ষণে ১৮১৯ সালের ১০ আইনের) নিরুপিত ইফ্টাম্লকাগজে লিথিয়া যে তারিথে দর্থাস্তকর্নিয়াকে কি তাহার উকালকে ডিজ্রীর নকল দেওয়া গিয়া থাকে কিয়া দিবার নিমিত্তে উপস্থিতকরা গিয়া থাকে সেই তারিথহইতে তিন মাস মিয়াদের মধ্যে দাথিল করিতে হইবেক ও এই আইনের ৮ ধারার ১১ প্রকর্নের লিখনমতে ঐ মিয়াদের হিসাব করা যাইবেক। — ১৮১৪ সা। ২৬ আ। ৪ ধা। ২ প্র।

২৪৬। ১৮১৪ সালের ২৬ আইনের ৪ ধারার ২ প্রকরণের কথা জাবেতামত মো-কদ্মার বিষয়ে খাটে কিন্তু সদর দেওয়ানী আদালত বিধান করিয়াছেন যে তাহা সরা-স্রী মোকদ্মার বিষয়েও খাটিতে পারে। ২১৬ নম্বরী আইনের অর্থ।

২৪৭। বেহারের জজ সাহেবের জিজাসাকরাতে সদর আদালত বিধান করিলেন যে ১৮১৪ সালের ২৬ আইনের ৪ ধারার ২ প্রকর্ণ মুৎফরককা মোকদমার বিষয়েও খাটে। ১২৪৯ নমূরী আইনের অর্থ।

২৪৮। বিধান হইল যে জিলার জজ সাহেব মোকদ্মার দোযগুণ বিবেচনা না করিয়া কসুরপ্রযুক্ত তাহা ডিসমিদ করিলে তাঁহার সেই জ্কুমের ১৮১৪ সালের ২৬ আইনের ৪ ধারার বিধির অনুসারে পুনর্জিচার হইতে পারে। ১২৬৯ নয়রী আইনের অর্থ।

ঐ মিয়াদ গতহওনের পরে পুনর্বিচারের কোন দর্থাস্ত দাথিল ছইলেও যদি দর্থাস্তকর্ণিয়া নিরূপিত কালের মধ্যে দর্থাস্ত দাথিল করিতে না পারিবার বিশিষ্ট হেতু প্রমাণ করে তবে আদালতের দাহেবেরা দে দর-থাস্ত লইতে ক্ষমতা রাখেন্ তথাপি ঐ সাহেবদিগ্কে অতিতাকীদ হকুম আছে যে নিরুপিত মিয়াদ অতীতহওনের পরে এমত দর্থান্ত লইবার বিষয়ে তাঁ-হার্দিগের ক্ষমতা হইল তাহার মতে কার্য্য করিতে অতিদাবধান হন্ এবং ঐ সাহেবদিগের কর্ত্তরা যে যদি মিয়াদ গত হইলে পর এমত দর্থাস্ত লন্ তবে তাহার হেতু বেওরা করিয়া আপনারদিগের রুবকারীর বহীতে লিথেন্ ও যদি ঐ সাহেবদিগের এমত বোধ হয় যে মোকলমার পুনর্কিচার হইবার কোন বিশিষ্ট ও উপযুক্ত হেতু ও কারণ নাহি তবে তাঁহারা দে দর্থাস্ত না-মঞ্জুর করিবেন ও এ বিষয়ে ঐ দাহেবেরা যে হুকুম দেন্ তাহাই দিদ্ধ ও চূড়ান্ত বোধ হইবেক ও তাহা না হইয়া যদি ঐ সাহেবদিণের এমত বোধ হয় যে পুর্ফোর নিক্ষান্তিতে হওয়া কোন ভারি পলৎ কি অন্য চুক ভুল সারিবার নিমিত্তে মোকদ্মার পুনর্বিচার করা আবশ্যক কি ন্যায়মতে কোন কারণে তাহা করা কর্ত্তব্য তবে ঐ সাহেবদিগের কর্ত্তব্য যে এ বিষয়ের সম্বাদ আপ-নারদিগের অভিপ্রায়ের সমস্ত কথার সহিত লিথিয়া আপনারদিগের আদা-লতে দাথিলহওয়া দর্থাস্তের ও মোকদ্দমাতে হওয়া ডিক্রীর নকলসহিত সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের হজুরে পাচাইয়া দেন্ ইতি। —১৮১৪ সা। ১৬ আ। ৪ ধা। ১ প্র।

২৫০। উপরের প্রকরণানুসারে কোন মোকদ্দমা সদর দেওয়ানী আদালতে পাচান গেলে যদি ঐ আদালতের সাহেবেরা স্লুফ করিয়া লেথা হেতুর ও মোকদ্দমার সমস্ত বেওরা ও ভাব দৃফ্টে এমত বুকেন্ যে ন্যায়মতে তাহার পুনর্বিচার করা কর্ত্তব্য তবে ঐ সাহেবদিগের ক্ষমতা আছে যে সে মোকদ্দমার পুনর্বিচার করিবার অর্থে হুকুম দেন্ ও ঐ মত তাঁহারদিগের নিষ্পত্তিকরা যে

মোকদমার আপীলের দরখায় প্রচণ্ড প্রতাপ জ্বিলজ্বী ইঙ্গলণ্ডের বাদশাহের হজুরে না হইরা থাকে কিয়া আপীলহওনমতেও মোকদ্মার মোতালক কাগজপত্র ঐ ঝাদশাহের হজুরে পাচান না গিরা থাকে দে মোকদ্মাতে যদি তাঁহার-দিগের হজুরে পুনর্বিচারের দরখাস্ত দাখিল হয় তবে ঐ দাহেবদিগের ক্ষমতা আছে যে উপরের লিখিত কথার প্রতি দৃষ্টি করিয়া তাহার পুনর্বিচারের দরখাস্ত মঞ্জুর করেন্ ও যদি সদর দেওয়ানী আদালতের সাহেবেরা কোন মোকদ্মাতে পুনর্বিচারের দরখাস্ত মঞ্জুর করেন্ তবে তাঁহারদিগের কর্ত্তরা যে ঐ দরখাস্ত মঞ্চুরকরণের হেতু আপনার্দিগের ক্রব্নারীর বহীতে লিখেন্ ও এমত কোন মোকদ্মার নৃতন কোন দলীল প্রমাণ লওয়া কি না লওয়া যাওনের বিষয়ে ন্যায়্মতে যাহা উচিত বুকেন্ তাহার ছকুম করেন্ ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ৪ ধা। ৩ প্র।

৬১। যাবং এমতং ভূমি ও স্থাবর বস্তু [অর্থাৎ সরকারের বিরুদ্ধে দোষ করণপ্রযুক্ত জজ কি মাজিষ্ট্রেট সাহেবের হুকুমক্রমে যে ভূমি] ক্রোক থাকে তাবং তাহা দেওয়ানী আদালতের ডিক্রীর লিখিত টাকা কিয়া দণ্ডওগয়-রহের টাকা উদুলের নিমিত্তে বিক্রয় হইবেক না ইতি।—১৮১৮ সা। ৩ আ,। ১০ ধা। ২ প্র।

৬২। উপরের প্রকরণের লিখিত প্রকারেতে যে তদবীর ও উপায় আদালত ও ইন্সাফের মতানুযারি হয় তাহা দেওয়ানী আদালতের ডিক্রীর টাকা উপুলের নিমিত্তে প্রাযুত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌল্সেলহইতে জানান যাইবেক ইতি।—১৮১৮ সা। ৩ আ। ১০ ধা। ৩ প্র।

৬৩। সদর আদালত জানাইতেছেন যে কোন ব্যক্তির প্রতিকূলে ডিক্রী হইলে সেই ব্যক্তির অধিকার বহিভূত সম্পত্তির উপর সেই ডিক্রী জারী হইতে পারে না। অতএব কৃষ্ণের নামে রাম যে নালিশ করিল সেই নালিশে গোপাল যদি বাদী বা প্রতিবাদী না হয় তবে কৃষ্ণের প্রতিকূলে যে ডিক্রী হয় তাহা জারীকরণের নিমিন্ত গোপাল আপন ভূমি-হইতে বেদথাল হইতে পারে না। ৭৪৪ নম্বরী আইনের অর্থ।

৬৪। সদর আদালত বিধান করিতেছেন যে ডিক্রী জারী করণার্থ যোতদারের স্বস্ত ও লাভ নীলাম হইতে পারে। ৮৯০ নমূরী আইনের অর্থ।

৬৫। যদি ডিক্রী জারীকরণার্থ কোন ভূমি নীলাম হয় এবং সেই নীলাম অসিদ্ধ হয় এবং নীলামের আমানতী যে টাকা সরকারে পূর্বে জন হইয়াছিল তাহা যদি দেওয়ানী আদালত ফিরিয়া দিতে জকুম করেন্ তবে সেই জকুম কালেক্টর সাহেবের অবশ্য প্রতিপালন করিতে হইবেক। যদি সেই জকুমে কালেক্টর সাহেব অসমত হন্ তবে তিনি আপীল করিতে পারেন। ১১১০ নম্বী আইনের অর্থা।

## ৩ ধারা।

ভিক্রী জারীক্রমে দেওয়ানীর কার্য্যকারকেরদের দারা বাটী কি ফলের বাগান কি বাগান অথবা ক্ষুদুং ভূমিথগু নীলাম।

- ৬৬। ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৪৫ আইনের এবং ১৭৯৫ সালের ২০ আইনের এবং ১৮০৩ সালের ২৬ আইনের কি চলিত অন্য যে কোন আইনের যে২ কথাক্রমে এ হুকুম আছে যে আদালতের ডিক্রীর মতাচরণার্থে ভূমি নীলাম করিতে হইলে তাহা সরকারের মালগুজারীর কালেক্টর কিম্বা সরকারের রাজস্বের দিরিশ্তাসম্প্রতীয় অন্য কোন কার্য্যকারক সাহেবের দ্বারা করা যায় এ২ হুকুম এই প্রকরণের দ্বারা নীচের লিখনক্রমে সুম্বাই করা ও শুধরা যাইতেছে ইতি।—১৮২৫ সা। ৭ আ। ২ ধা। ১ প্র।
- ৬৭। উপরের উক্ত আইনের লিখিত হুকুম বাটী ঘর কি বাগান কি ফলের বাগান কি নিষ্কর ক্ষুদুং ভূমিখণ্ড নীলামের সহিত সম্পর্ক রাখে ইহা বোধ করা যাইবেক না ও আদালতের কোন ডিক্রীর কি অন্য নিষ্পাত্তির মতাচরণ করণের নিমিন্তে ভূম্যাদি নীলাম করণের আবশ্যক হইলে ঐ ডিক্রীর কি নিষ্পাত্তির মতাচরণ করণের ক্ষমতাপন্ন আদালতের সাহেবের কি কোন কার্য্যকারক সাহেবের দ্বারা ঐ নীলাম পূর্ব্বমত বোর্ড রেবিনিউর সাহেবদিগের কি জিলার কালেক্টর সাহেবের কি রাজ্ম্বের সিরিশ্তাসম্পর্কীয় অন্য কোন কার্য্যকারক সাহেবের জ্ঞাতসারকরণব্যতিরেকে করা যাইবেক ইতি।—১৮২৫ সা। ৭ আ। ২ পা। ২ প্র।
- ৬৮। আইনানুসারে ভূম্যাদি বিক্রয়করণ দ্বারা আদালতের কোন ভিক্রীর কি অন্য নিষ্পত্তির মতাচরণ করিবার ক্ষমতাপন্ন জজ কি রেজিষ্টর কি অন্য কর্মকারি সাহেবের ক্ষমতা আছে যে আদালতের ডিক্রীর কি অন্য নিষ্পত্তির মতাচরণার্থে যেমন নীলামের যোগ্য কোন অস্থাবর বস্তু নীলাম করণের হুকুম দিতে পারেন্ সেই মত তদর্থে নীলামের যোগ্য কোন বাটী ঘর কি বাগান কি ফলের বাগান কি নিষ্কর কোন ক্ষুদ্ধ ভূমিথণ্ড নীলাম করিতে হুকুম দেন্ ইতি।
  —১৮২৫ সা। ৭ আ। ২ পা। ৩ প্র।
- ৬৯। সদর আদালত ১৮২৫ সালের ৭ আইনের হেতুবাদ বিবেচনা করিয়া এবং ঐ আইনের ২ ধারার ২ প্রকরণ দেই আইনের ২ ধারার ৩ প্রকরণ ও ৩ ধারার ১ প্রকরণের সঙ্গে মোকাবিলা করিয়া বোধ করিতেছেন যে বাটা ঘর কি বাগান কি ফলের বাগান কি নিক্ষর কুদু ভূমিথও অস্থাবর সম্পত্তির ন্যায় দেওয়ানা আদালতের ছারা নীলাম করিতে ছইবেক। কিন্তু নিক্ষর বৃহৎ ভূমিথও এবং মালগুজারীর সকল ভূমি যত কুদু হউক তাহা ফলের বাগান বা বাগিচা না হইলে রাজ্বের কর্মকারকের ছারা নীলাম করিতে হইবেক। ৯৩৩ নুষুরী আইনের অর্থ।
- ৭০। বীরভূমের সেশন জজ সাহেবের জিজাসাকরাতে বিধান হইল যে গ্রাম্য চৌকী-দারেরদের ভরণপোষণের নিমিত্ত যে ভূমি বৃত্তি আছে তাহার ফসল ঐ ভূমির মালিকের প্রতিকুলে হওয়া ডিক্রী জারীকরণার্থে বিক্রয় হইতে পারে। ১২১২ নম্বরী আইনের অর্থ।
- ৭১। জিলা ও শহরের আদালতের যে জজ ও রেজিইটর সাহেবেরা আদালতের ডিক্রার কি নিফান্তির মতাচরণ করণের নিমিন্তে সামান্যতঃ ঐং আদালতের নাজিরদিগকে কিয়া ঐ জজ কি রেজিইটর সাহেব আপনং মোকামে সদর আমানদিগকে এবং আপনং সরহদ্দের মধ্যে অনাং স্থানে তথাকার

মুনদেফদিগকে অস্থাবর বস্তু নীলাম করিবার ভার দেন্ ঐ পাহেবদিগকে এই প্রকরণের দ্বারা ক্ষমতা দেওয়া যাইতেছে যে আবশ্যক বোধ হইলে এই আই-নের হুকুমানুসারে যেথ বাটী ঘর কি বাগান কি ফলের বাগান কি নিষ্কুর কুদু কোন ভূমিথণ্ড নীলাম করা কর্ত্তব্য তাহা নীলাম করিবার ভার ঐথ কর্মানুসাকে দেন্ ইতি। — ১৮২৫ সা। ৭ আ। ৩ ধা। ১ প্র।

৭২। ১৮২৫ সালের ৭ আইনের ও ধারাতে হুকুম আছে যে ভূমি ক্রোক ও নীলাম করণের কার্যো নাজির নিযুক্ত হইতে পারে কিন্তু সদর আদালত বোধ করেন্ যে ঐ নীলামের উৎপন্নের উপর নাজিরের! কিছু কমিস্যন পাইতে পারে না। ৫০৯ নম্বরী আইনের অর্থ।

৭৩। আদালতের কোন ডিক্রীর কিয়া অন্য নিফপত্তির মতাচরণার্থে অস্থাবর কি উপরের উক্তমত স্থাবর বন্ধ কোক করা গিরা নীলাম করিতে হইলে ঐ নীলাম হইবার কথা এব॰ তাহার সময় ও স্থানের নিরূপণ ও যে বস্তু নীলাম হইবেক তাহার বেওরা এব॰ যে টাকা উসুল করিবার নিমিত্তে ঐ নীলাম করা যাইবেক তাহার সংখ্যা ঐ নীলামের ঘোষণা দিবার হুকুম হওনের তারিথের পর ও ঐ নীলামহওনের নিমিত্তে নিরূপিত দিনের পূর্বে ৩০ ক্রিশ দিনের কম না থাকে ঐ নীলামের নিরূপিত দিনের এত দিন পূর্বের্বে দেশের চলিত ভাষাতে ঘোষণা দেওনদ্বারা প্রচার করা যাইবেক।—১৮২৫ সা। ৭ আ। ৩ ধা। ২ প্র।

৭৪। সদর আদালতের সাহেবেরা সম্পুতি বার্মার অবগত হইয়াছেন যে মফঃদলের আনেক দেওয়ানী আদালতে ১৮২৫ সালের ৭ আইনানুসারে ডিক্রী বা আদালতের অন্যান্য তকুম জারাকরণার্থ নীলাম হইলে ঐ নীলামের ইশ্তিহারে যে২ বেওরা লিখনের বিষয়েও দেই ইশ্তিহার যেরপে করিতে এবং ঘোষণা করিতে হয় এই বিষয়ে ঐ আইনের ও ধারার ২ প্রকরণে যে সকল বিধি আছে তদনুসারে ঐ মফঃদল আদালতের বিচারকেরা কার্য্য করেন্ না অতএব সদর আদালতের সাহেবেরা উক্ত বিধানের বিষয়ে সকল আদালত সম্পর্কার বিচারকদিগকে বিশেষ মনোযোগ করিতে তকুম দিতেছেন এবং আদেশ করিতিছেন যে অধস্থ আদালতেরা কোন সময়ে ঐ তকুম লঙ্খন করিলে জজ সাহেবেরা নিয়্ত শাসন করিবেন। ১৮৪২ সালের ১৫ মার্চের সরকুলের অর্ডর।

৭৫। যে স্থানেতে ঐ বস্তু ক্রোক থাকে সেই স্থানে দন্তর্মতে ঢোল পিটাইয়া ঐ ঘোষণা দেওয়া যাইবেক এব° যে গ্রামে কি নগরে ঐ বস্তু ক্রোক হয় তাহার মধ্যগত সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে এব° ঐ স্থানের মুনদেকের কাছারীতে এব° তথাকার জিলার কালেক্টর সাহেবের এব° জিলার যে জজ কি রেজিইটর সাহেব ঐ নীলামের হুকুম দিয়া থাকেন তাঁহারো কাছারীতে তদর্থে ইশ্তিহারনামা লট্কান যাইবেক ও ঐ নীলাম সদর আনমানের দ্বারা হইতে হইলে তাঁহারো কাছারীতে ঐ ইশ্তিহারনামা লট্কান যাইবেক ইতি।—১৮২৫ সা। ৭ আ। ৩ ধা। ২ প্র।

৭৬। ঐ প্রকার ছইলে ঐ নীলামের হুকুম যে জজ কি রেজিউর সাহেব কি আদালতের অন্য কার্য্যকারক সাহেব দেন্ তিনি ঐ বিষয়ের সকল অবস্থা বিবেচনা করনের পরে বিষয়বিশেষে যেমন উপযুক্ত বোধ হয় সেইমত ঐ ক্রোক ও নীলামের দস্তুরমত হুকুম পরে২ কিয়া একেবারে দিতে পারিবেন। ১৮২৫ সা। ৭ আ। ৩ ধা। ৩ প্র।

৭৭। সদর আদালত বিধান করিতেছেন যে ডিক্রা জারীক্রমে কোন জিনিস ক্রোক

হুইলে সেই জিনিস কোন ব্যক্তি আপন জিম্মায় রাখিতে ইচ্ছা না করিলে তাহাকে সেইরপ রাখিতে ছকুম দেওয়া যাইতে পারে না কিন্তু যদি কোন ব্যক্তি ইচ্ছাক্রমে সেই জিনিস আপন জিমায় লইতে করার করে তবে সেই করার অনুসারে বিশ্বস্তরূপে কার্য্য করিতে সেই ব্যক্তি দায়ী হয় এবং যদি ক্রিসই জিনিসের কিছু ক্ষতি হয় তবে তাহার নামে ক্ষতির দাও-য়াতে দেওয়ানী আদালতে জাবেতামত নালিশ হউতে পারে কিন্তু তাহার নামে কোন সরা-সরী নালিশ হউতে পারে না। ৯৫৮ নমুরী আইনের অর্থের ২ দফা।

- ৭৮। সামান্যতঃ যে ব্যক্তির দর্থান্তে কোন বস্তু ক্রোক হয় ঐ বস্তুর ক্রোক থাকন সময়ে নির্বিত্মে রাখণের বিষয়ে সেই ব্যক্তি দায়ী জ্ঞান হইবেক। ৯৫৮ নম্বরী আইনের অর্থের ও দফা।
- ৭৯। ১৮১২ সালের ৫ আইনের ১৪ ধারায় লাক্সলইত্যাদি কৃষিকর্মের দুব্যজাত বিক্রয় করণের যে নিষেধ আছে তাহার অভিপ্রায় যে কেবল বকেয়া থাজানা উদুলকরণের নিমিত্ত সেই বন্দ্ত নালাম হইতে পারে না। ডিক্রী জারী করণার্থ সেই প্রকার বন্দ্ত নীলাম করিতে নিষেধ নাই অতএব ডিক্রী জারী করণার্থ মুনসেফ সেই প্রকার বন্দ্ত নীলাম করিতে পারেন। ৯৬২ নয়রী আইনের অর্থ।
- ৮০। জিলার জজ সাহেব সদর আদালতে জিজাসা করিলেন যে ডিক্রী জারী করণার্থ আদালতের আমলার দ্বারা জিনিস নীলাম হইলে যদি থরীদার থরীদের টাকা দিতে এবং জিনিস আপন দখলে লইতে দ্বীকার না করে তবে জন্ম সাহেবের কি কর্ত্তরা এবংযদি প্রথম নীলামঅপেক্ষা দ্বিতীয় নীলামে অপপ মূল্যে সেই জিনিস বিক্রয় হয় তবে প্রথম নীলামের অপেক্ষা যত টাকা কম হয় তাহা কির্পে জন্ম সাহেবের উপুল করিতে হইবেক। তাহাতে সদর আদালত বিধান করিলেন যে আদালতের ডিক্রী জারী করণার্থ যেং তকুম নির্দিষ্ট আছে সেইং ক্রক্যানুসারে ঐ টাকা উপুল করিতে হইবেক। ৫৫৪ নম্রী আইনের অর্থ।
- ৮১। সদর আদালত বিধান করিতেছেন যে খরীদারকে যদি আপনার খরীদা জিনিসে
  দথল দিবার প্রস্তাব হইলে পর সেই ব্যক্তি উপযুক্ত সময়ের মধ্যে তাহা আপন দখলে
  লইতে অম্বীকার করে তবে খরীদের টাকা ডিক্রীদারকে দিতে হইবেক এবং দখল না
  লওয়াতে যে অনিষ্ট হইবেক তাহা খরীদারের শিরে পড়িবেক ইহা তাহাকে বিশেষরূপে
  ব্যাইতে হইবেক। ৫৩২ নম্বরী আইনের অর্থের ২ দফা।
- ৮২। ডিক্রীদারের ডিক্রী জারী করণার্থ যে জিনিস নীলাম হয় তাহা ঐ ডিক্রীদার আ-প্রিনি থরীদ করিলে থরীদের সমুদ্র টাকা দাখিল না করিয়া তাহার পক্ষে যত টাকার ডিক্রী হইয়াছে তত টাকার রসীদ আদালতে দাখিল করিতে জজ সাহেব তাহাকে অনুমতি দিতে পারেন্ কি না এই বিষয়ে সন্দেহ হওয়াতে সদর আদালত বিধান করিলেন যে এই-মত গতিকে অন্যান্য যে ব্যক্তিরদের সেই জিনিসের উপর সমান দাওয়া থাকে তাহারদের যতের যদি কিছু ব্যাঘাত না হয় তবে ডিক্রীদারের যত দাওয়া ছিল তাহার ক্রিন্ত্রের যি ক্রির্রুহওয়া জিনিসের তত্ত্বলা খরীদের টাকার রসীদ আদালতে দিতে অনুমতি দেওয়া যাইতে পারে। এবং ঐ জিনিসের দখল দেওনের বিষয়ে অন্যান্য খরীদারেরদের সম্পর্কে যেং বিধি খাটিত সেই২ বিধি এইমত গতিকেও খাটিবেক। কিন্তু ইহা জানা কর্ত্তর্য যে বিক্রয়-হওয়া জিনিস যদি মালগুজারীর ভূমি হয় তবে ঐ ভূমির উপর সরকারের যে দাওয়া থাকে তাহার নিষ্পত্তি অত্রে করিতে হইবেক। ১৮৩৯ সালের ১৮ জানুআরির সরক্যুলর অর্ডব।
- ৮৩। ১৮৩৯ সালের ১৮ জানুআরি তারিখের ৩০ নম্বরী ছাপাহওয়া সরকুলের অর্ডরের বিষয়ে মেদিনীপুরের জঙ্গ সাহেবের জিজাসা করাতে বিধান হইল যে যদি ডিক্রী-দার আপন থাতকের কোন সম্পত্তি কালেক্টরী নীলামে আপন ডিক্রীর সংখ্যার অপেক্ষা অধিক টাকাতে খরীদ করে তবে ঐ ডিক্রীদারের ঐ খরীদের সমুদয় টাকার উপর শতকরা ১৫১ টাকার হিসাবে আমানং করিতে হইবেক অথ্বা আপনার পাওনা টাকা বাদ দিয়া

বাকী সমস্ত টাকা দাখিল করিতে হইবেক যেহেতুক আপনার ডিক্রীর টাকা বাদে বাকী টাকা যদি ডিক্রীদার দাখিল না করে তবে ঐ নীলাম অদিস্ক হইবেক এবং খরীদার আ-পনি যত টাকা ডাকিয়াছিল তাহার উপর যে টাকা বায়না দিয়াছিল তাহা হারিবেক। ১৩৫০ নমুরী আইনের অর্থ।

৮৪। জিলার জজ সাহেব সদর আদালতে জিজাসা করিলেন যে ডিক্রী জারীকরণেতে যদি কোন আন্ত বাড়ী খরীদ করিবার নিমিন্ত কোন খরীদার উপস্থিত না হয় এবং যদি কেহং কহে যে তাহার সর্ঞ্জাম আলাহিদা বিক্রয় হইলে আমরা খরীদ করিতে প্রস্তুত আছি তবে দেই বাটী ভালিয়া তাহার সর্ঞাম পৃথক্ং করিয়া নীলাম হইতে পারে কি না। ১২২৭ নম্বী আইনের অর্থের ১ দকা।

৮৫। তাহাতে সদর আদালত বিধান করিলেন যে এইমত কার্য্য করিতে আইনে কোন 
তকুম নাহি যেহেতুক আইনের বিধানের এই অভিপ্রায় বোধ হয় যে সম্পত্তি নীলাম করণের পূর্ব্বে তাহার কোন প্রকারে ক্ষতি করিতে হইবেক না। কিন্তু নীলামের খরীদার নীলাম
দিদ্ধ হওনের পর আপন ঝুঁকীতে সেই বাটার কোন ভাগ স্থানান্তর করিতে পারে। পরন্ত
নীলামক্রমে তাহার কি২ সভর হইয়াছে যদ্যপি তির্বিয়ে অন্যান্য দাওয়াদার বিরোধ করে
তবে তাহারদের দাওয়ার বিষয়ে সেই ব্যক্তি জ্বওয়াব দিবেক। ১২২৭ নম্বরী আইনের
অর্থের ২ দফা।

৮৬। সদর আদালত আরো জানাইতেছেন যে উক্ত [৮৫] বিধানের মতাচরণ করাতে কিছু অনিট হইতে পারে না যেহেতুক ১৮৩৯ সালের ১৮ জানুআরির সরকুলর অর্ডরের অনুসারে ডিক্রীদার আপনি সেই সম্পত্তি খরীদ করিতে পারে এবং আপনার যত টাকার দাওরা আছে তত টাকার রসীদ আদালতে দাখিল করিতে পারে। ১২২৭ নম্বরী আই-নের অর্থের ৩ দফা।

৮৭। সদর আদালত বিধান করিতেছেন যে বৃক্ষ সেইরুপে নীলাম হইলে দেই বিধি তাহার বিষয়েও খাটিবেক এবং ঐ বৃক্ষ নীলাম হওনের পূর্বে কাটা ঘাইতে পারে না। ১২২৭ নমুরী আইনের অর্থের ৪ দফা।

৮৮। যে সাগর ও নর্মদা দেশের মধ্যে কোম্পানি বাহাদুরের দেওয়ানী আইন এইপর্যান্ত চলন হয় নাই সেই দেশের দেওয়ানী আদালতের এক ডিক্রী জারী করণার্থ জিলা
মীর্জাপুরের জন্ত সাহেব আপন এলাকার মধ্যস্থিত এক বাটা ক্রোক ও বিক্রয় করিতে হুকুম
দিলেন। তাহাতে আলাহাবাদের সদর আদালতে সেই হুকুমের উপর আপীল হওয়াতে
এই জিজাসা হইল য়ে এইমত ডিক্রী জারীর বিষয়ে জন্ত সাহেব হস্তক্ষেপ করিছে পারেন্ কি
না। অভ্যাব আলাহাবাদের সদর আদালত সেই বিষয়ে কলিকাতাস্থ সদর আদালতের
মত জিজাসা করিলেন। ১১৩৩ নমুরী আইনের অর্থের ১ দকা।

৮৯। তাতাতে কলিকাতাস্থ সদর আদালত উত্তর করিলেন যে ১৮০৯ সালের ২৭ জুনে আডবোকেট জেনরল সাহেবের নিকটে জিজাসা করা গিয়াছিল যে সদর দেওয়ানী আদার লত কোন ব্যক্তির প্রতিকুলে ডিক্রী করিলে এবং সেই ব্যক্তি ইঙ্গলও দেশে চলিয়া গেলে তাতার স্থানে ঐ ডিক্রীর টাকা উসুলকরণের কোন উপার আছে কি না যদি থাকে তবে সেউপায় কি। তাতাতে আডবোকেট জেনরল সাহেব কহিলেন যে ভিয় রাজার দেশে যে ডিক্রী হয় তাতা ধরিয়া সামান্যত ইঙ্গলও দেশে নালিশ হইতে পারে এবং ইঙ্গলওীয়েরদের দেশান্তরে বসতি স্থানের এবং ভারতবর্ষের আদালতের ডিক্রী ভিয় রাজার অধিকারের ডিক্রীর ন্যায় ইঙ্গলও দেশের আদালতে গণ্য আছে। কিন্তু যদি এইরপ ডিক্রী বন্দ্রতঃ অসঙ্গত হয় তবে তাতা ধরিয়া নালিশ হইতে পারে না যেহেতুক যে ডিক্রী ন্যায় ও আইনের মুল নিয়মের অনুযায়ি কেবল এমত ডিক্রী ইঙ্গলও দেশে জারী হইতে পারে এবং ঐ ডিক্রীর যেপর্যান্ত অন্যায়ের প্রমাণ না হয় সেইপর্যান্ত তাতা ন্যায্য গণ্য হইবেক। অভএব উপরের উক্ত মোকদমায় আপেলাভেইদের উচিত যে সাধারণ নিয়মানুসারে তাতারা সেই মোকদমার

সমস্ত কাগলপত্রের এবং সদর দেওয়ানী আদালতের ডিক্রীর এক নকল লইরা তাহাতে ঐ আদালতের মোহর ও জল সাহেবের দস্তখং করাইয়া মোপ্তারনামাসমেত ইঙ্গলও দেশে কোন উকীলের নিকটে পাঠায় এবং সদর দেওয়ানী আদালতের ঐ ডিক্রী ধরিয়া রেস্পাতেওের নামে সেইখানে নালিশ করে। ১১৩৩ নম্বরী আইনের অর্থের ২ দফা।

- ৯০। অতএব সদর আদালত বোধ করেন্ যে যে মোকদমার বিষয়ে উপরের [৮৮ নম্বরে] জিজাসা হইল সেই মোকদমাতে এই বিধানানুসারে কার্য্যকরা উচিত। অতএব ওাঁহারা এই পরামর্শ দিতেছেন যে মীর্জাপুরের জন্ধ সাহেব ঐ মোকদমাতে যে ছকুম করি-লেন তাহা বেআইনী বলিয়া অন্যথা করা যায় এবং ডিক্রীদারকে কহা যায় যে সাগর ও নর্মদা দেশের দেওরানী আদালতে তাহার পক্ষে যে ডিক্রী হইয়াছে তাহা ধরিয়া পক্ষান্তর ব্যক্তির নামে মীর্জাপুরের আদালতে নালিশ করে। ১১৩৩ নম্বরী আইনের অর্থের ও দক্ষা।
- ৯১। সদর আদালত বিধান করিতেছেন যে বংশী কিছু টাকা কর্জ করিলে এবং আনন্দ তাহার জামিন হইলে যদি তিনি জামিনী খতে লেখেন্ যে আমি অমুকং তালুকের জ্বমীদার কিন্তু সেই খতের মধ্যে যদি না লেখেন্ যে এই কর্জের নিমিত্তে ঐ তালুক আমি বন্ধক রাখিলাম তবে জামিনীর ঝুঁকী তাহার উপর থাকিতে তিনি সেই ভূমি হস্তান্তর করিতে পারেন্। ১০১৭ নম্বরী আইনের অর্থ।

### ৪ ধারা।

# ভিন্ন এলাকার সম্পৃত্তির নীলাম।

- ৯২। ১০০০ নমুরী আইনের অর্থের দার। এমত প্রকুম হইয়াছিল যে যে আদালতের দ্বারা অন্য এলাকার সম্পত্তি নীলামকরণের প্রকুম হয় ঐ প্রকুমের বিষয়ে যে ওজর হয় তাহা সেই আদালতের জজ সাহেব নিষ্পত্তি করিবেন এক্ষণে ঐ আইনের অর্থ দৃষ্টে জজ সাহেবকে জ্ঞাপন করিতে প্রকুম হইয়াছে যে উত্তর কালে এই বিষয়ের কার্য্য নির্বাহার্থে সদর আদালত নীচের লিখিত বিধান করিয়াছেন। ১৮৪০ সালের ৮ মের সরকুলের অর্জেরের ১ দকা।
- ১৩। অন্য এলাকার মধ্যস্থিত সম্পত্তি বিক্রয়ের কোন দরখান্ত গ্রাহ্য করিতে হউবেক ইহা নিশ্চয় জ্বাত হওয়া গেলে যে জিলার মধ্যে ঐ বিক্রয়েরাগ্য সম্পত্তি থাকে সেই জিলার জ্বজ্ব সাহেবের নিকটে ঐ দরখান্ত অর্পণ করিতে হইবেক। এবং নিলামের ছকুমকরণিয়া আদালতের এলাকার মধ্যে ঐ সম্পত্তি থাকিলে জ্বজ্ব সাহেব ঐ ছকুমসম্পর্কার যে সকল কার্য্য করিতেন এবং উপস্থিত যে সকল বিষয়ের তজ্বীজ্ব করিতেন যে জ্বজ্ব সাহেবের এলাকার মধ্যে ভূমি থাকে তিনি সেইরূপে তাহার বিষয়ের সমস্ত কার্য্য ও তজ্ববীজ্ব করিবেন। ১৮৪০ সালের ৮ মের সরকুলের অর্ডরের ২ দফা।
- ৯৪। রাজ্বরের কার্য্যকারক সাহেবেরদের তুকুম হইলে কিম্বা তাঁহারদের তুকুম-ব্যতিরেকেই বা হউক সমস্ত নীলামের উপর এই বিধি থাটিবেক। ১৮৪০ সালের ৮ মের সর্কালর অর্ডরের ও দফা।
- ৯৫। যে এলাকার মধ্যে ডিক্রী হয় তাহাছাড়া অন্য এলাকার মধ্যন্থিত কোন সম্পত্তির ডিক্রী জারী করণার্থ নীলামের বিষয়ে ইশ্তিহার হইলে সেই সম্পত্তির উপার দাওয়া যে কার্য্যকারকের নিম্পত্তিকর। কর্ত্তব্য তাহার বিষয়ে ১৮৪০ লালের ৮ মে তারিখের ৮৩ নম্বরী সরকালর অর্জর হয় সেই অর্জরের বিধি যেমন জিলা আদালতে অর্শে তেমন অধীন আদালতের বিষয়ে অশি বার কোন বিশেষ ছকুম নির্দিষ্ট ছিল না অভএব কলিকাড়া ও আলাহাবাদের সদর আদালতের সাহেবেরা একিপ্রকার রীতি চালাওনের নিমিত্ত এবং লোকেরদের মুগমের নিমিত্ত ঐ হকুম অধন্দ্র আদালতে চলিত করিতে উচিত বোধ করিয়া-

ছেন এবং ঐরপ চলন হওনের বিষয়ে এই পত্তের ছারা সম্বাদ দেওয়া যাইতেছে। ১৮৪১ সালের ২৪ সেপ্টেম্বরের সর্কালর অর্ডরের ১ দফা।

৯৬। উক্ত সর্কুলর অর্ডর অনুসারে কার্য্য করিতে ছইলে ঐ অধস্থ আদালত ১২৩৫ নম্বরী আইনের অর্থের মর্মানুসারে কার্য্য করিবেন এবং প্রধান সদর আমীন ও সদর আমীন যে জিলা অথবা শহরের আদালতের জন্ধ সাহেবের ঐলাকার মধ্যে সম্পত্তি থাকে তাঁহার নিকটে আপনারদের মোহর ও দন্তথৎকরা ক্রকারীসমেত আপনার দর্থান্ত পাচাইবেন এবং মুনসেকেরা ঐ দর্থান্ত আপন২ জিলার জন্ধ সাহেবের ছারা ও দন্তথৎক্রমে পাচাইবেন। ১৮৪১ সালের ২৪ দেপ্টেম্বের সর্কুলর অর্ডরের ২ দ্যা।

## ৫ धाता।

ডিক্রী জারীক্রমে যে ভূমি নীলাম হইবার ইশ্তিহার হয় তাহার উপর দাওয়া এবং তাহার নীলামের বিষয়ি ওজর।

এই ধারানুদারে যে ভূমাদি নীলাম হইবার ইশ্তিহার দেওয়া গিয়া থাকে দেই ভূম্যাদির কোন দাওয়া উপস্থিত হইলে কিয়া ঐ ইশ্তিহার-নামার লিথিত মিয়াদের মধ্যে ঐ নীলামহওনের কোন প্রতিবন্ধক উপস্থিত হইলে ঐ দাওয়া কিয়া প্রতিবন্ধকতার তজবীন যে জজ কি রেজিফীর কি অন্য কার্য্যকারক সাহেবের নিকটহইতে ঐ নীলামের হুকুম হইয়া থাকে সেই সা-হেবের নিকটে হইবেক কিয়া তাহার তজবীজ করিয়া রিপোর্ট করিবার নি-মিত্তে কোন দদর আমীন কি তথাকার মুনদেকের প্রতি ভার দেওয়া যাইবেক এব ন্যায়ের প্রতিবন্ধকতার নিমিত্তে ঐ দাওয়াদির আরজী দিতে ইচ্ছা-পূর্ম্বক ও অনাবশ্যক বিলম্ব করা গিয়াছে ইহা বোধ না হইলে যদি আবশ্যক বোধ হয় তবে যাবৎ ঐ দাওয়া কি প্রতিবন্ধকতার বিবেচনা না হয় তাবৎ ঐ নীলাম করিতে বিলম্ব করা যাইবেক কিন্তু আবশ্যক যে ঐ আরজী যে জজ কি রেজিইটর কি অন্য কার্য্যকারক সাহেব ঐ নীলামের ছকুম দিয়া থাকেন্ ভাঁহার নিকটে ঐ নালামের ইশ্তিহার দেওয়া যাওনের পর যত শাঘু হইতে পারে তত শীঘু সর্বাদা দেওয়া যাইবেক ও আরজীদেওনিয়ার প্রবঞ্চনাঁকরণের অভিপ্রায় বোর্ষ ইইলে নীলাম করিতে বিলম্ব করা যাইবেক না এবং ঐ দাওয়াদার নীলামের পরে জাবেতামতে দেওয়ানী আদালতে নালিশকরণদারা আপন দাওয়া ব্যিয়া পাইবার উপায় করিতে পারে ইতি। - ১৮২৫ দা। ৭ আ ৷ ৩ ধা ৷ ৬ প্রী

৯৮। ১৮২৫ সালের ৭ আইনের ও ধারার ৬ প্রকরণক্রমে ৫০০০ টাকার উর্দ্ধ মুল্যের মোকদমায় প্রধান সদর আমীন আপন ডিক্রী জারীকরণার্থ যে২ হুকুম দেন তাহার উপর আপীল একেবারে সদর দেওয়ানী আদালতে করিতে হইবেক। ১১৪৮ নম্বরী আই-নের অর্থের ২ দফা।

১৯। যে ভূম্যাদি নীলামকরনের প্রয়োজন হয় তাহার উপর কালেক্টর সাহেবের নিকটে কোন দাওয়া কিম্বা আদালতের ডিক্রার কি অন্য নিষ্পত্তিপত্রের লিখিত টাকার দায়ি জনের কি জনেরদের ঐ ভূম্যাদিতে অধিকার নাহি সুতরা তাহা ঐ টাকা উসুলের নিমিত্তে নালামের যোগ্য নহে এইরপ প্রতিবন্ধকতার দর্থান্ত উপস্থিত হইলে যে আদালতের সাহেব ঐ ভূম্যাদি নীলাম করিবার নিমিত্তে কালেক্টর সাহেবের নিকটে ত্কুম পাচাইয়া থাকেন্

দেই আদালতের সাহেবের নিকটে ঐ কালেক্টর সাহেব ঐ দাওয়ার কি প্রতিবন্ধকতার এব এই বিষয়ে যাহা ২ আপন সিরিশ্তায় লেখা থাকে তাহার বেওরা লিখিয়া পাচাইবেন এব তাহার প্রত্যুত্তরে যে হকুম পাওয়া যায় তদনুসারে ঐ নীলামের কার্য্য করিবেন অথবা না করিবেন ইতি।—১৮২৫ সা। ৭ আ। ৪ ধা। ৪ প্র।

- ২০০। যে ব্যক্তির প্রতিকুলে ডিক্রী জারীকরণের দরশান্ত হয় সেই ব্যক্তিভিন্ন অন্যের নামে যদি কালেক্টর সাহেবের বহীতে জমীদারীর রেজিফ্রী হইয়া থাকে তবে কেবল সেই-প্রযুক্ত কালেক্টর সাহেব ঐ জমীদারী নীলাম করিতে অদ্বীকার করিতে পারেন্ না। কিন্তু যদ্যপি ঐ জমীদারীর উপর কোন দাওয়া হয় অথবা তাহা নীলামের বিষয়ে কোন ওজর করা যায় তবে কালেক্টর সাহেব ১৮২৫ সালের ৭ আইনের ৪ ধারার ৪ ও ৫ প্রকরণানু-সারে কার্য্য করিবেন। ৬৪৮ নমুরী আইনের অর্থের ২ দফা।
- ১০১। কোন জিলার জল্প সাহেব সদর আদালতে জানাইলেন যে ভূমি সম্পত্তি নীলাম করণের বিষয়ে আমি যে হুকুম দিয়াছিলাম তাহার মতাচরণ করিতে এই জিলার কালেক্টর সাহেব স্বীকার না করাতে অনেক ক্লেশ জ্বিয়াছে অতএব জিজ্ঞাদা করি-তেছি যে জিলার আদালতের হুকুমক্রমে যে ভূমি নীলামকরণের ইশ্ভিহার হয় তাহার উপর দাওয়া করা গেলে সেই দাওয়া কালেক্টর সাহেবের দ্বারা কি নীলামের হুকুমকরণিয়া আদালতের দ্বারা নিম্পত্তি হইবেক। তাহাতে সদর আদালত বিধান করিলেন যে যে আদালতহইতে এ নীলামের হুকুম হয় কেবল সেই আদালতের দ্বারা এই প্রকার দাওয়ার বিচার ও নিম্পত্তি হইতে পারে এবং যদি সেই প্রকার দাওয়া কালেক্টর সাহেবের নিকটে করা যায় তবে তাঁহার উচিত যে সেই দাওয়ার বিচার হওনার্থ তাহা দেওয়ানী আদালতে পাঠান্ এবং আদালতের পুনর্ঝার হুকুম না পাওয়াপর্যান্ত আপনার কার্য্য যবেন্থবে রাথেন্। ৭৯৪ নম্বরী আইনের অর্থ।
- ১০২। ১৮২৫ সালের ৭ আইনের ৪ ধারার ৪ প্রকরণের অভিপ্রেত গতিকে কালেক্ট্র সাহেব নীলামকরণে বিলম্ব করিতে পারেন্ কি না এই বিষয়ে ঐ আইনের ঐ প্রকরণের অর্থ করণবিষয়ে সদর আদালতে সম্পুতি এক জিজাসা হইয়াছে অতএব তদ্বিয়ে সদর আদালত বিধান করিলেন যে নীলামের হুকুমকারি আদালতের বিশেষ দিষেধ না হইলে ঐ প্রকরণের দ্বারা নীলাম বিলম্ব করণের ক্ষমতা কালেক্ট্র সাহেবকে অর্পণ হয় নাহি। এবং যদি ঐরপ নিষেধ না পাওয়া যায় তবে নির্দ্ধারিত দিবসে অবশ্য নীলাম করিতে হইবেক। ১৮৪০ সালের ৪ সেপ্টেম্বরের সর্ক্যুলর অর্ডরের ১ দফা।

১০৩। নীচের লিখিড \* ১৮৩০ সালের ১২ জুন তারিখের ৭৯৪ নম্বরী মুদ্যান্ধিত আইনের অর্থের দিভীয় দফার শেষ কথা রদ হইয়াছে এমত জান করিতে হইবেক। ১৮৪০ সালের ৪ সেপ্টম্বরের সর্কালর অর্ডরের ২ দফা।

১০৪। উপরের প্রকরণানুসারে আদালতের কোন ডিঞ্জী কি অন্য নিম্পালির মতাচরণ যে আদালতহইতে হয় সেই আদালতের সাহেবের নিকটে ঐ ভূম্যাদির বিষয়ে হওয়া কোন দাওয়ার কি প্রতিবন্ধকতার দর্থাস্ত কালেক্টর সাহেবের নিকটহইতে পাচান গেলে কিয়া আদালতের হুকুমমতাচরণার্থে যে ভূম্যাদি নীলাম করণের প্রয়োজন হয় তাহার বিষয়ে যে জজ কি অন্য কর্মান্টারি সাহেব তাহা নীলামের হুকুম দিয়া খাকেন্ সেই সাহেবের নিকটে কোন দাওয়াদার দাওয়া দরপেশ করিলে ঐ সাহেবের কর্ত্বর যে তৎক্ষণে ঐ দাওয়া সত্য হওয়া না হওয়ার ও তাহার কোন হেতু থাকা না থাকার সরাসরী বিবে-

<sup>\*</sup> অর্থাৎ " আদালতের অন্য হুকুম না পাওয়াপর্যান্ত কার্য্য হুণিত রাখণ"।

চনা করিবেন এব॰ আবশ্যক বোধ হইলে ঐ বিবেচনা করা পূর্ণ না ছওনপর্যান্ত ঐ নীলাম করিতে বিলয়্ব করিবার হুকুম কালেক্টর সাহেবকে দিবেন কিন্তু কালেক্টর সাহেবের ঐ নীলামের ইণ্ডিহার দেওনের পর উপযুক্ত মিয়াদের মধ্যে ঐ দাওয়া কি প্রতিবন্ধকতার দর্থান্ত উপস্থিত না করা গেলে এব॰ নীলামের ব্যাঘাত করণের অভিপ্রায়ে ইচ্ছাপুর্বকে তাহা উপস্থিত করিতে বিলম্ব করা গিয়াছে এমত বোধ হইলে ঐ নীলাম করিতে বিলম্ব করা আবশ্যক বোধ হইবেক না ও এমতং হইলে আদালতের সাহেব ঐ নীলাম করিবার হুকুম দিতে পারিবেন এব॰ দাওয়াদার আপন দাওয়া বুঝিয়া পাইবার নিমিত্তে জাবেতামতে আদালতে নালিশ করিতে চাহিলে করিতে পারিবেক ইতি।—১৮২৫ সা। ৭ আ। ৪ ধা। ৫ প্র।

১০৫। আদালতের ডিক্রী জারী করণার্থ সম্পতি বিক্রয় কিয়া হস্তান্তর করণের ছকুয় হইলে নানা ব্যক্তিরা যে নানা ওজর করে কোনং আদালত সেই দকল ওজর এক রোয়-দাদের মধ্যে সংগ্রহ করিয়া থাকেন্ ইহাতে ক্লেশ হওনপ্রযুক্ত সদর আদালত তাহা নিবারণ করিয়া জকুম দিতেছেন যে উক্ত প্রকার ওজরের প্রত্যেক দর্থাস্ত পৃথক্থ মিদিলে রাখিতে हरेरतक अव९ मिट मृत्थास मिक्र अथवा अमिक्र कृत्गार्थ या म्लीलम् सारवज्ञ अथवा **र**जावान-বন্দী দেওয়া যায় তাহা এবং ডিক্রীদারের জওয়াব অতিমনোযোগপুরুক ঐ দর্থান্তের শামিল রাখিতে হইবেক এবং সেই সম্পত্তির বিষয় অন্যান্য দাওয়ার মিসিলের সঙ্গে মিশাল করিতে হইবেক ন। এবং প্রত্যেক মিসিলের পৃষ্ঠে নীচের\* নিরূপণমতে লিখিতে হইবেক। সেই রূপে ঐ ওজরের বিষয়েতে যে২ প্রকুম করা যায় সেই২ প্রকুমের উপর আপীল হইলে যে বিশেষ বিষয়ের সঙ্গে আপালের সম্পর্ক রাথে অন্য জ্কুম না হইলে কেবল সেই বিশেষ বিষয়ের রোয়দাদ আপীল আদালতে পাঠাইতে হইবেক এবং ঐ রোয়দাদের দক্ষে ঐ **जिक्की**त नकल এद९ जिक्की जातीकत्गार्थ जिक्कीमारत्व मत्याख उमम्माछित रकारकत् विरुद्ध ও নিয়মিত এত্তেলানামা জারীকরণের বিষয়ে নাজিরের রিপোর্ট পাঠাইতে হইবেক। কিন্ত ডিক্রী জারীকরণের সম্পর্কে সমস্ত কাগজপত্র একি নথীতে সেই মোকদমার রোয়-দাদের সঙ্গে রাখিতে হইবেক এবং ঐ ডিক্রী জারীকরণেতে যে সকল ওজর হইয়াছিল তাহার সংখ্যার এক ফিরিস্তি তাহার সঙ্গে দিতে হইবেক এবং পৃষ্ঠায় যাহা লিখিবার হুকুম উপরে দেওয়া গিয়াছে তাহা ঐ ফিরিস্তির উপর লিখিতে হইবেক। ১৮৩৮ সালের ৭ ডিসেম্বরের সরক্যুলর অর্ডর।

১০৬। তুকুমের বাধকতা করণ বিষয়ের কাগজপত্র সেইরূপে পৃথক্ রাথিতে হইবেক এবং বাধকত। হওনের রিপোর্ট প্রত্যেক মিদিলের আরস্ত্রে রাথিতে হইবেক। ১৮৩৮ সা-লের ৭ ডিনেয়রের সরকাুলর অর্জর।

১০৭। ১৮২৮ সালের ৬ জুনের সরকালর অর্ডরে এমত গুকুম আছে যে ১৮২৫ সালের ৭ আইনানুসারে স্থাবর সম্পত্তি নীলাম হইলে যাবৎ ওজর করণের নিরূপিত মিয়াদ অতীত না হয় এবং ধারীদারকে সেই সম্পত্তির দখল না দেওয়া যায় তাবং ঐ ভূমির উৎপার টাকা আমানং রাখিতে হইবেক। সদর আদালত ঐ সরকালর অর্ডর বিবেচনা করিয়া এবং মফঃসল আপীল আদালতের কর্ভুক্ত রহিত হওয়াতে জিলা বা শহরের জজ সাহেবের গুকুমে যাহারা নারাজ হয় তাহারদের আনেক দূর গমন করিতে হয় সেই বিষয়ও বিবেচনা করিয়া বিধান করিলেন যে ডিক্রী জারীকরণার্থ স্থাবর

<sup>\*</sup> ৩৫১ নমুরী যে মোকদ্মাতে শিবচরণ ফরিয়াদী কি আপেলান কাশীনাথ আসামী কি রেস্পাণ্ডেন্ট সে মোকদ্মার ২১ নমুরী ডিক্রী জারীর বিষয়ে ১ নমুরী ওজরদার রাম দিংছ।

সম্পত্তি বিক্লয় করিতে জন্ধ সাহেব অথবা আদালতস্ম্পর্কীয় অন্য কর্মকারক হুকুম দিলে যদি ইশ্তিহারের মিয়াদের মধ্যে ইশ্তিহার হওয়া সম্পত্তির উপর দাওয়া হয় অথবা তাহার বিক্রয়ের বিষয়ে ওজর হয় তবে ১৮২৫ সালের ৭ আইনের ও ধারার ৫ প্রকরণে আপাল করণের যে মিয়াদ নিরূপণ হইয়াছে তাহা অতীত না হইলে ঐ হুকুম জারী হই-বেক না এবং ঐ মিয়াদ নিলাম করণের শেষ হুকুমের তারিখঅবধি গণ্য হইবেক এবং বাদি বা প্রতিবাদির নিরূপিত ইফ্টাম্পকাগজ আদালতে দাখিল করণের তারিখঅবধি ঐ হুকুমের নকল সেই ব্যক্তিকে দিবার বা দিতে প্রস্তাব করিবার তারিখপ্রয়ন্ত যে সময় গত হয় তাহা ঐ মিয়াদের মধ্যে ধরা ঘাইবেক না। ১৮৩৩ সালের ১৯ জুলাইর সরকুলের অর্ডর।

১০৮। জিলার জজ দাহেব দদর আদালতে জিল্ঞাসা করিলেন যে ১৮৩৩ দালের ১৯ জুলাই তারিখের সরকুলর অর্জরে যে কথা লেখা আছে অর্থাৎ "ইশ্ভিহারের মিয়াদের মধ্যে সম্পত্তির নীলামের বিষয়ে যে ওজর হয়" এই কথার অর্থের মধ্যে যে আসামীরদের প্রতিকূলে ছকুম হইয়াছে দেই আসামীরা আপন ২ সম্পত্তির নীলামহওনের বিষয়ে যে ওজর করে সেই ওজর গণ্য করিতে হইবেক কি ঐ সম্পত্তির দাওয়াদার বা অন্য ব্যক্তিরা ঐ নীলামের বিষয়ে যে ওজর করে কেবল ভাহা গণ্য হইবেক। ভাহাতে সদর আদালত বিধান করিলেন যে আদালতের ডিক্রী জারীক্রমে যে সম্পত্তি নীলাম করিবার ইশ্ভিহার হয় ভাহাতে অন্যান্য ব্যক্তি এবং আসামী যে ওজর করে এমত সকল প্রকার ওজরদারের ওজরের সঙ্গে ঐ সরকুলের অর্জরের কথার সম্পর্ক আছে। ৮৪৪ নম্বরী আইনের অর্থে।

১০৯। ঘদবধি সদর আদালত এমত ছকুম করিলেন যে নীলামের ইশ্তিহারহওয়া ভূমির উপর দাওয়া নামগ্রুর করণের অকুমের তারিশঅবধি তিন মাদ গত না হইলে ডিক্রী জারীক্রমে ভূমি সম্পত্তি নীলাম করিতে হইবেক না তদবধি এমত ব্যবহার হইতেছে যে নীলাম করণের যে দিবদ নিরূপণ হয় তাহার পূর্ব্ব দিবদে তাহার উপর দাওয়ার দরখান্ত দাথিল হয় ঐ দর্থান্ত সেই ভূমির উপর কোন দাওয়া সাব্যস্ত কর্ণার্থ দাথিল হয় না কিন্তু তাহার এইমাত্র অভিপ্রায় যে ঐ দরখান্ত নামগ্রুর হয় এবং তৎপরে নীলামের আর তিন মাস বিলয় হয়। সেই তিন মাস অতীত হইতেই অন্য কোন ব্যক্তি তাহার উপর নুতন দাওয়ার দর্থান্ত করে তাহাতে ডিক্রী জারী করণের অত্যন্ত বিলয় চইতেছে। অত-এব সদর আদালতে বিশেষ জিজাসা করিতেছি যে নীলামের নিরূপিত দিবসের পূর্ব্ব দিবসে যে দরখান্ত বিনা দলীলদন্তাবেজে অথবা বিনা কোন প্রমাণে দাখিল করা যায় তাঁহা পাইলে নীলাম তিন মাদপ্যান্ত স্থগিত রাখিতে হইবেক কি না এই বিষয়ে আমি দদ্র আদালতের জজ সাহেতেরদের বিশেষ তুকুম প্রার্থনা করি সেই তুকুম না পাওয়াপর্যান্ত পূর্ব্বোক্ত আইনানুসারে কার্য্য করিতে আমার মানস আছে। তাহাতে সদর আদালত উত্তর করিলেন যে আমারদের গত বৎসরের ১৯ জুলাই তারিখের [উপরের ১০৭ নম্বরী] সর্ক্যুলর অর্ডরের যথার্থ অর্থ তুমি বোধ কর নাই সেই সর্ক্যুলর অর্ডরের এমত অভি-প্রায় ছিল না যে নীলামবিষয়ক ওজরের প্রত্যেক দর্থান্ত নামগ্রুর করিলে নীলাম স্থগিত করিতে হইবেক কিন্দু তাহার এইমাত্র অভিপ্রায় ছিল যে ঐ জুকুমে যে ব্যক্তিরা নারাজ হয় তাহারা তিন মাদের মধ্যে আপীল করিতে পারিবার নিমিত্ত ঐ আপীল করণের যে তিন মাস মিয়াদ নির্দিষ্ট হঁইয়াছে তাহা অতীত না হওনের পূর্ব্বে নীলামের ছকুয় বারী না হয়। ৮৭৭ নম্বরী আইনের অর্থ।

১১০। এই আইনানুসারে ভূম্যাদি নীলাম করিতে হইলে ঐ নীলামের সময়ে ডাকনিয়া লোকদিগকে সর্বাদা স্লাইকেপেইহা জানাইতে হইবেক যে আদালতের ডিক্রীর কি অন্য নিষ্পত্তিপত্রের লিখিত যে টাকা উদুল করিবার নিমিত্তে ঐ নীলামের তুকুম হয় সেই টাকার দায়ি জনের ঐ ভূম্যাদিতে যে

স্বস্থ ও লাভ থাকে তাহারা ঐ ভূমিতে অতিরিক্ত আর কিছুই পাইবেক না ইতি।—১৮২৫ সা। ৭ আ। ৩ ধা। ৭ প্র।

১১১। যে সম্পত্তির উপর পূর্ব্বের বন্ধকপ্রযুক্ত দাওয়া থাকে তাহা আদালতের ডিক্রীক্রমে বিক্রয় হইলে দেই নীলাম নির্বাহ করণের যে ব্যবহার হইতেছে তাহা অসঙ্গত এই বোধ হওয়াতে নাচের লিখিত বিধান ভোমার এবং ভোমার অধীন সমস্ত আদালতের বিজ্ঞাপন ও কার্য্য সাধনের নিমিত্ত পাচাইতে আদেশ পাইয়াছি। ১৮৪০ সালের ৪ সেপ্টেয়্রের সরকালর অর্ডরের ১ দফা।

১১২। সম্পুতি এই সদর আদালত এইমত বিধান করিয়াছেন যে উক্ত প্রকার সম্পত্তির উপর পূর্ব্বে বন্ধক হইয়াছে বলিয়া বন্ধকলওনিয়া ব্যক্তি যে দাওয়া করে সেই দাওয়ার বিষয়ে আদালত বার্ম্বার যে সরাসরী বিচার করিয়া থাকেন্ তাহা বেআইনী এবং অনাবশ্যক যেহেতুক পূর্ব্বের কোন বন্ধকের দাওয়া থাকিতে আসামীর ঐ সম্পত্তিতে যে স্বজ্ঞ ও সম্পর্ক আছে কেবল তাহাই বিক্রয় হয় এবং আইনে এমত হুকুম আছে যে ঐ নীলামে যাঁহারা ডাকেন্ তাঁহারদিগকে অভিসপফরপে জ্ঞাপন করিতে হয় যে ঐ বিক্রয়হওয়া ভূমি বা অন্য সম্পত্তিতে আসামীর যে স্বজ্ঞ ও সম্পর্ক আছে কেবল তাঁহারদিগকে তাহাই অর্পণ করা যায়। ১৮৪০ সালের ৪ সেপ্টেম্বরের সরক্যুলর অর্ডরের ২ দফা।

১১৩। সদর আদালতের সাহেবেরা এমত বিবেচনা করেন্ যে নীলাম সম্পন্ধ না হইতেই যদি পূর্বকার দাওয়া উপস্থিত করা যায় ভবে যে কার্য্যকারক নীলাম নির্বাহ করেন্ ভাঁহার উচিত যে ঐ প্রকার দাওয়া থাকনের বিষয় নীলামে ডাকনিয়া ব্যক্তিরদিগকে জ্ঞাপন করেন্ এবং নীলামের রুবকারীতে তাহা লিঝিয়া রাখেন্। ১৮৪০ সালের ৪ সেপ্টেম্বের সর্কালর অর্ডরের ও দফা।

১১৪। সদর আদালত জিলা ও শহরের জজ সাহেবকে জানাইলেন যে ডিক্রী জারী করণেতে নীলামের উৎপন্ন টাকা আমানৎ রাখিবার বিষয়ে তুমি যাহা ঠাহরিয়াত তাহা ষথার্থ বটে এবং ঐ টাকার বিষয়ে আদালতের যাহা২ কর্ত্তব্য তাহা সদর আদালত এই-ক্ষণে সংক্ষেপ্রপে জানাইতেছেন। ১০২৭ নমুরী আইনের অর্থের ১ দফা।

১১৫। নীলামের পূর্দের জন্ধ সাহেবের নিকটে ঐ সম্পত্তির বিষয়ে দাওয়া বা ওজর হইলে এবৎ জন্ধ সাহেব তাহা নাম-জুর করিলে তাঁহার ছাকুমের তারি থাঅবধি তিন মান্ত্র-পর্যান্ত নীলাম স্থানিত রাখিতে হইবেক। ১০২৭ আইনের অর্থের ২ দফা।

১১৬। যদি ঐ ওজর নীলামের পর জিলার জজ সাহেবের নিকটে করা যায় এবং তিনি তাহা নামঞ্কুর করিয়া নীলাম বহাল রাখেন্ তবে ঐ ওজর যে তারিখে জজ সাহেব নামঞ্ব করিয়া নীলাম বহাল রাখিতে ছকুম দিলেন সেই তারিখঅবধি ঐ টাকা তিন মাস-পর্যান্ত আদালতে আমানৎ রাখিতে হইবেক। ১০২৭ নম্বরী আইনের অর্থের ও দফা।

১১৭। কিন্তু যদি নীলামের পূর্ণে কোন দাওয়া না করা যায় তবে ঐ নীলাম ত্রিশ দিবন্ধের মধ্যে হইর্তে পারে এবং যদি নীলামের পর ত্রিশ দিবসের মধ্যে কোন ওজর না করা যায় তবে ঐ সময় অতীত হইলে নীলামের উৎপন্ন টাকা ডিক্রাদারকে দেওয়া যাইতে পারে। ১০২৭ নম্বরী আইনের অর্থের ৪ দফা।

১১৮। সদর আদালত বারম্বার বিধান করিয়াছেন যে যে বন্ধকলওনিয়া মহাজনের নিকটে যে ভূমি বন্ধক হইয়াছে সে মহাজনছাড়া অন্য ব্যক্তির পক্ষে হওয়া ডিক্রী জারী করণার্থ সেই ভূমি নীলাম হইতে পারে কিন্তু বন্ধকলওনিয়া মহাজনের যে যক্ত ও লাভ ভাহাতে থাকে তাহা বহাল রাখিয়া নীলাম করিতে হইবেক। ৮৫৬ নমুরী আইনের অর্থের ২ দফা।

১১৯। জিলার জজ দাহেব দদর আদালতে জিজাদা করিলেন যে যখন নানা ওজর-দারের দাওয়া ও ওজরক্রমে ডিক্রীহওয়া টাকা উদুলের বিলম্ব হয় তথন তাহার সুদ কাহার শিরে পড়িবেক। এমত গতিকে ডিক্রীদারের দমস্ত টাকা উদুল হওনের বিলম্বের অপরাধ যে ব্যক্তির প্রতিক্ললে ডিক্রী হইয়াছে তাহার প্রায় কহা যাইতে পারে না অথচ তাহার বজনগণ ও অধীন ব্যক্তিরদের সঙ্গে তাহার কারসাজী করাতে এইরপ বিলয় বারমার হইতেছে যেহেতুক ভূমি নীলামের ইশ্তিহার হইলেই সেই প্রকার কোন এক ব্যক্তি দাওয়াদার উপস্থিত হয় তথাপি ঐ ব্যক্তির প্রতি সৃদ দিতে অকুম করিলে অযথার্থ হয়। পক্ষান্তরে ডিক্রীর তাবং টাকা পরিশোধ না হওয়াপর্যান্ত ডিক্রীদারের সুদ পাইবার অধিকার আছে। তাহাতে সদর আদালত বিধান করিলেন যে জিলার জজ সাহেবের বিবেচনায় যে দাওয়াদারের ওজর সপষ্টতঃ ফেরেবী করিয়া অথবা কেবল ব্যামোহ দিবার নিমিত্ত হইয়াছে কিয়া অমুলক বোধ হয় সেই দাওয়াদারকে সেই টাকার সুদ দিবার অকুম দিতে পারেন্। সেই হকুমের উপর সুতরাং সদর আদালতে আপীল হইতে পারে। ১০১০ নম্বরী আইবনের অর্থ।

১২০। সদর আদালত বিধান করিতেছেন যে ১৭৯৩ সালের ৪৪ আইনের ৪ ধারা ১৮১২ সালের ১৮ আইনের দ্বারা রদ হইয়াছে বটে কিন্তু ডিক্রী জারী করণের সময়ে জিলা ও শহরের জজ সাহেবের সাধ্য আছে যে নানা দাওয়াদারের ওজরের সরাসরী তজবীজ করিয়া যে পাটা চাতুরীক্রমে হইয়াছে এমত মনঃপ্রতায় হয় সেই পাটা বাতিল করেন। যে ব্যক্তি তাঁহার ঐ নিম্পত্তিতে নারাজ হয় সে ব্যক্তি সরাসরীমতে সদর আদালতে আপীল করিতে পারে অথবা তাহার যে স্বজ্ব আছে কতে তাহা পুনর্বার পাইবার নিমিত্ত জাবেতামত মোকদ্রমা করিতে পারে। ১০৫১ নয়রী আইনের অর্থ।

[ডিক্রী জারীক্রমে সম্পত্তির নীলামকরণের ওজরের বিচারকরণের বিষয়ে সদর আদালত শেষ যে বিধান করিয়াছেন তাহা এই২।]

১২১। ডিক্রী জারী করণার্থ সম্পত্তি বিক্রয়ের বিষয়ে যথ ওজর হয় তাহার নিষ্পত্তি করণে দেওয়ানী আদালতের রীতি নির্ণয় ও স্থিরকরণের নিমিত্ত কলিকাতা ও আলাহাবাদের সদর দেওয়ানী আদালত নীচের লিখিত বিধি করিয়াছেন এবং তাহা সকল আদালতের উপদেশের নিমিত্ত এই সরকুলের অর্ডরের দ্বারা নির্দ্ধার্য্য হইতেছে। ১৮৪২ স্লের ১০ জুনের সরকুলের অর্ডরের ১ দফা।

১২২। ১। এমত গতিকে স্থাবর বা অস্থাবর সম্পত্তির বিক্রেয় করণের সামান্যতঃ যে২ ওন্ধর করা যায় তাহা তিন প্রকার।

' প্রথম। নীলাম হওনের নিমিত্ত যে সম্পত্তির ইশ্তিহার হইয়াছে তাহা ওজরদারের নিকটে বন্ধক আছে।

দ্বিতীয়। যে টাকার নিমিত্ত ঐ সম্পত্তির নীলাম ছওনের ইশ্তিহার হইয়াছে সেই টাকার দারি জনের ঐ সম্পত্তিতে সম্পূর্ণ লাভ নাহি কেননা ঐ সম্পত্তির অন্যথ শরীক আছে এবং তাহারদের মধ্যে ওজরদার এক জন এবং ঐ সম্পত্তির বিভাগ হয় নাহি।

তৃতীর। যে ব্যক্তি সেই টাকার দায়ী তাহার ঐ ক্রোক ও নীলামের জন্য ইশ্তিহারহওয়া সম্পত্তিতে কোন লাভ নাই এবং কোন লাভ কথন ছিল না অথবা ঐ ব্যক্তি কি তাহার পূর্ব্বপুরুষের ঐ সম্পত্তিতে যে লাভ ছিল তাহা তাহারা ইহার পূর্বে সওদাপক্র কি
দানপত্রের দারা কিয়া সম্পূর্ণরূপে হস্তান্তর করণের অন্য কোন প্রকারে ওজরদারকে দিয়াছিল
কিয়া ওজরদার যে ব্যক্তির স্থানে ব্রু পাইয়াছে তাহাকে দিয়াছিল। ১৮৪২ সালের ১০
জ্বনের সরকালর অর্ডরের ১ দফা।

১২৩। ২। প্রথম প্রকার ওজরের বিষয়ে ১৮৪০ সালের ৪ সেপ্টেম্বর তারিখের ১০৬ নম্বরী সরকালর অর্ডরে বিধান হইয়াছে যে বন্ধকলওনিয়ার দাওয়ার বিষয়েতে কোন সরাদ্রী তহতীক করিতে হইবেক না যেহেতুক নীলামের পূর্বে সম্পত্তির সঙ্গে বন্ধকদেওনিয়া
ব্যক্তির যে সম্পর্ক ছিল নীলামের পর নীলামের খরীদারের ঠিক সেই সম্পর্ক আছে এবং
বন্ধকলওনিয়া ব্যক্তির যে অধিকার এবং লাভ আছে নীলামের ছারা তাহার কোন প্রকারে
ব্যাঘাত হয় নাই। সেই সময়ে আরো বিধান হইল যে সময় থাকিলে নীলামের কর্ত্তা
এমত দাওয়া থাকনের সম্বাদ নীলামে ডাকনিয়া ব্যক্তির দিগকে জানাইবেন।

এই বিধানের মূল নিয়ম এই যে ঐ সম্পত্তিতে আসামীর কোনং অধিকার ও লাভ আছে ইহা ওজরদার অস্বীকার করে না অতএব ঐ বিষয়ে যে কোন তহকীক হইত তাহাতে ঐ নীলামের একেবারে নিষেধ হইত না কিন্তু ওজরদারের কিপর্যান্ত হত্ত আছে এবং সম্পত্তির উপর তাহার স্বআধিকার ম্থার্থ কি না এইমাত্র নির্ণয় হইত এবং সরাসরী তহকীকের দ্বারা এমত বিষয় উচিত্মতে নিশ্চয় হইতে পারে না। ১৮৪২ সালের ১০ জুনের সরকালর অর্ডরের ২ দফা।

১২৪। ৩। দিতীর প্রকার ওজর এই যে ওজরদার ক্রোকহওরা এবং নীলামের ইশ্তি-হারহওরা সম্পত্তির অংশের উপর দাওয়া রাখে এবং এমত দরখান্ত করে যে ঐ অংশ নীলাম না হয় এবং যে টাকার নিমিত্ত সম্পত্তি নীলাম হওনের জন্য ইশ্তিহার হয় সেই টাকার দায়ি ব্যক্তির অংশমাত্র নীলাম হয়। এই প্রকার ওজর উক্ত মূল নিয়মানুসারে নিষ্ণাত্তি করিতে হইবেক।

অতএব আদালত এই প্রকার ওজর শুনিবেন না এবং যে ব্যক্তি টাকার দায়ী কেবল তাহার অংশ নীলামহওনের নিমিত্ত এবং ওজরদারের অংশ বা অংশসকল নীলাম না হইবার নিমিত্ত ঐ টাকার দায়ি ব্যক্তির এবং ওজরদার ব্যক্তিরদের নীলামের ইশতিহারহওয়া
সম্পত্তিতে যে২ বিশেষ অংশ আছে তাহা মুংফরককা সিরিশ্ভায় নিশ্চয় করিবেন না যেহেতুক যে ব্যক্তি টাকার দায়ী কেবল তাহার যক্ত ও লাভ বিক্রয় হয় অতএব ঐ সম্পত্তিতে
অন্যং শরীকেরদের যে অধিকার ও লাভ থাকে তাহার কিছু ব্যাহাত হইবেক না। এইমত গতিকেও নীলামের সময়ে নীলামের কর্তা ঐ সম্পত্তিতে ওজরদার বা ওজরদারসকল যে
দাওয়া উপস্থিত করিয়াছে তাহা সকলকে জানাইবেন। ১৮৪২ সালের ১০ জুনের সরক্যুলব অর্ডরের ও দফা।

১২৫। ৪। তৃতীয় প্রকার ওজর এই যে ওজরদার নীলামে ধরিয়া দেওয়া সম্পত্তি বেকরার কটে খরীদ করিয়াছে বা অন্য প্রকারে তাহার সম্পূর্ত্তপে স্বজাধিকার প্রাপ্ত হইয়াছে অতএব ঐ সম্পত্তি দেনদারের নহে। এই প্রকার ওজরের বিষয়ে সদর আদালতের সাহেবরা বিধান করিয়াছেন যে ঐ প্রকার দাওয়ার সরাসরী তহকীক করিতে হইবেক কেননা ঐ কম্পিত নীলাম হইবেক কি না তাহা ঐ তহকীকের দ্বারা নিশ্চয় হইবেক। কিন্তু এই প্রকার সকল তহকীকের মূল নিয়ম এই যে মুৎফরককা সিরিশতায় সম্পত্তি কাহার দখলে আছে কেবল তাহাই তজবীজ করিয়া নিশ্চয় করিতে হইবেক। এবং যদ্যপি এমত মাতবর প্রমাণ হয় যে সম্পত্তি ক্রোক হওনের পূর্বের অথবা নীলামের জন্যে ইশতিহার দেওনের পূর্বের তাহার ওজরদার কি দাওয়াদারের দখলে ছিল তবে তাহার কথিত হল্প যথার্থ কি না এই বিষ্যার তজবীজ না করিয়া নীলাম স্থানিত করণের উপযুক্ত কারণ আছে বোধ করিতে হইবেক এবং যে ব্যক্তি ইহাতে নারাজ হন্ তিনি জাবেতামত মোক্দমা করিতে পারিবেন। ১৮৪২ সালের ১০ জ্বনের সরক্যুলর অর্ডরের ৪ দফা।

১২৬। ৫। এবং ইহা বিশেষরূপে স্মরণে রাখিতে হইবেক যে এই প্রকার নীলাম হইলে যে ব্যক্তির বিষয় বিক্রয় হয় নীলামের সময়ে তাহার ঐ সম্পত্তিতে যে যত্ত ও লাভ ছিল তাহাবিনা খরীদারকে আর কিছু বিক্রয় হয় নাই এবং আদালত আপনার ডিক্রী জারী করণেতে বিক্রীত দুবেয়র সম্পর্কে আসামী যে স্থানে ছিল কেবল সেই স্থানে খরীদারকে স্থাপন করিবেন। ১৮৪২ সালের ১০ জ্বনের সরক্যুলর অর্ডরের ৫ দফা।

১২৭। ৬। উক্ত বিধি স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিষয়ে সমানরূপে থাটিবেক। ১৮৪২ সালের ১০ জুনের সরকুলের অর্ডরের ৬ দফা।

## ৬ ধারা।

ডিক্রী জারীক্রমে ভূমির যে নীলাম হয় তাহা অসিদ্ধকরণ। ১২৮। সদর আদালত বিধান করিতেছেন যে ভূমি বিক্রয় করাতে যে টাকা পাওয়া যায় তাহা অতি অপপ চইয়াছে বলিয়া দেই ভূমি পুনর্কার নীলাম করা বেআইনী। জজ্ঞ সাহেব যথাসাধা সাবধান হইবেন যে ঐ সম্পত্তির যে মূল্য বাজারে হইতে পারে ভাহার কম মুল্যে তাহা বিক্রয় না হয় কিন্তু যথান নীলাম সমাপ্ত চইয়াছে এবং ডাকনিয়া ব্যক্তিকে এমত কহা গিয়াছে যে তুমি যে টাকা ডাকিয়াছ সেই টাকায় তুমি এই বন্তুর খরীদারে হইলা তথান সেই বন্তুতে খরীদারের যুক্তর হয় এবং তাহা পুনর্কার নীলাম হইতে পারে না। ৮২৯ নয়রী আইনের অর্থের ২ দ্ফা।

১২১। ঐ প্রকার হইলে ঐ নীলামের হুকুম যে জজ কি রেজিন্টর সাহেব কি আদালতের অন্য কার্য্যকারক সাহেব দেন্ তিনি ঐ বিষয়ের সকল অবস্থা বিবেচনা করণের পরে বিষয়বিশেষে যেমন উপযুক্ত বোধ হয় সেইমত ঐ কোক ও নীলামের দম্ভরমত হুকুম পরেং কিয়্বা একেবারে দিতে পারিবেন কিন্তু উপরের প্রকরণের বিশেষ করিয়া লিখনমত পুর্বের ইশ্তিহার দেওনব্য-তিরেকে কোন নীলাম কোন প্রকারে হইবেক না এবং যে জজ কি রেজিন্টর কি অন্য কার্য্যকারক সাহেব ঐ নীলামের হুকুম দিয়া থাকেন্ সরাসরী বিচারেতে সেই সাহেবের প্রত্যয়জনক ঐ নীলামের বিষয়ে আইনবিরুদ্ধ কার্য্য হওনের প্রমাণ পাওয়া গেলে তাহাতে ঐ নীলাম অসিদ্ধ হইবেক কিন্তু আবশ্যক যে জিলা ও শহরের আদালতে মুৎফরল্পা দর্যান্তের নিমিত্তে যে ইন্টাম্প কার্যজ্বে আবশ্যক হয় সেই ইন্টাম্প কার্যজে লিথিত এবং আইনবিরুদ্ধে যে কার্য্য হইয়া থাকে তাহার বেওরাযুক্তে এক আরজী যে জজ কি রেজিন্টর কি অন্য কার্য্যকারক সাহেবের দারা ঐ নীলামের হুকুম হইয়া থাকে নীলামের পরে এক মাসের মধ্যে ঐ সাহেবের নিকটে উপস্থিত করা যায় ইতি।—১৮২৫ সা। ৭ আ। ৩ ধা। ৩ ধা।

১৩০। কোন নীলাম উপরের প্রকরণানুসারে কিয়া আর কোন কারণপ্রযুক্ত অসিদ্ধ হইলে যদি তাহাতে এরীদারের কোন চাতুরী ও প্রবঞ্চনা প্রকাশ
না হয় তবে ঐ এরীদার ঐ এরীদকরা বয় ফিরিয়া দিলে বিষয়বিশেষে যেমত
হুকুম হয় সেইমত সুদ্মুদ্ধা কি তাহাব্যতিরেকে আপন এরীদের টাকা ফিরিয়া পাইবেক ইতি।—১৮২৫ সা। ৭ আ। ৩ ধা। ৪ প্র।

১৩১। এই ধারানুসারে জিলা কি শহরের জজ কি রেজিউর সাহেবের করা সরাসরী নিক্পান্তির উপর আপীল হইবার বিষয়ে চলিত ভ্কুমানুসারে প্রবিন্সাল কোর্টে [এক্ষণে সদর দেওয়ানী আদালতে] সরাসরী আপীল হইতে পারিবেক ইতি।—১৮২৫ সা। ৭ আ। ৩ ধা। ৫ প্র।

১৩২। আদালতের ডিক্রার কি অন্য নিক্সান্তি পত্রের লিখিত টাকা উদুল করিবার নিমিত্তে মালগুজারী তহসীলের কার্য্যকারক সাহেবদিগের করা ভূমি নালাম দেওয়ানী আদালতে জাবেতামতে মোকদ্দমা করণ কিয়া ঐ নালামের ইশ্ভিহার দেওয়া এব॰ অন্য কার্য্য করা আইনানুসারে না হওয়ার প্রমাণ হওনব্যতিরেকে সরাসরীতে অসিদ্ধ হইতে পারিবার বিষয়ে সন্দেহ জিম্মল অভএব এই প্রকরণক্রমে ইহা জানান যাইতেছে যে জিলা কি শহরের আদালতের যে জঙ্ক সাহেব কি আদালতের কার্য্য করণের ক্রমতাপ্রাপ্ত অন্য যে সাহেব ঐ নালামের হুকুম দিয়া থাকেন সেই সাহেব সরাসরী বিচারেতে যদি আইনের অন্যমত করা ও সূত্রাৎ আইনের বিরুদ্ধ হওয়া প্রত্যার্যাগ্য প্রমাণ হয় তবে জিলা ও শহরের আদালতে দিবার মুৎফরক্কা দর্থান্ত যে ইন্টান্ধ করিয়া লিখিত আরজী যে আদালতহইতে ঐ নালামের হুকুম হইয়া

থাকে নীলামের পরে এক মাসের মধ্যে সেই আদালতে উপস্থিত করা গেলে ঐ নীলাম অসিদ্ধ ও নির্থক করিতে এব॰ আইনানুসারে ঐ নীলাম পুনর্বার করিবার হুকুম দিতে পারেন ও এমতং হুইলে যে আদালতের হুকুমেতে নীলাম অসিদ্ধ হয় সেই আদালতের সাহেবের এ ক্ষমতাও আছে যে এই আই-নের ৩ ধারার ৪ প্রকরণে এমতং প্রকারের নিমিত্তে যেমনং হুকুম আছে সেইমত ঐ অসিদ্ধ হওয়া থরীদের টাকা সুদসুদ্ধা কি তাহাবাতিরেকে ফিরিয়া দিবার হুকুম দেন্ ইতি।—১৮২৫ সা। ৭ আ। ৫ ধা। ১ প্র।

১৩৩। এই ধারানুসারে যে সরাসরী নিষ্পত্তি করা যায় তাহার উপর সরাসরী আপীল হইবার বিষয়ে যে২ হুকুম চলন আছে তদনুসারে প্রবিস্যাল কোর্টে [এক্সনে সদর দেওয়ানী আদালতে] সরাসরী আপীল হইতে পারিবেক ইতি।—১৮২৫ সা। ৭ আ। ৫ ধা। ২ প্র।

১৩৪। [১৮২৫ সালের ৭ আইনের ৫ ধারানুসারে আদালতের ডিক্রী জারীক্রমে রাজ দের কর্মকারকেরা যদি বেদাঁড়ামতে ভূমির নীলাম করেন্ তবে সেই নীলাম অসিদ্ধ কর গার্থ যে সরাসরী মোকদ্দমা হয় তাহা যে আদালতের দ্বারা নীলামের তকুম হইয়াছিল প্রথমতঃ সেই আদালতে উপস্থিত করিতে হইবেক এবং তাহা তথার নিষ্পত্তি হইবেক ও সেই নিষ্পত্তির উপর নিয়মমতে আপীল হইতে পারে। যদি সেই নীলাম জজ সাহেবের জ্বুমে হইয়া থাকে তবে জজ সাহেব সেই সরাসরী নালিশ প্রধান সদর আমীন কি সদর আমীনের নিকটে তজবীজ ও রিপোর্ট হওনার্থ অর্পণ করিতে পারেন্ অবশেষে আপনি তাহার বিষয়ের চূড়ান্ত নিষ্পত্তি করিবেন্। ১৮৩৪ সালের ১৫ জানুআরির গবর্গমেন্টের জ্বুমের ৬ দফা।]

#### ৭ ধারা।

ডিক্রী জারীক্রমে নীলামহওয়া ভূমির উৎপন্ন টাকা বর্ণন করণ।

১৩৫। ভূমির নীলাম বিষয়ক যে বিধি চলন আছে তাহা সদর আদালত পুনবিবেচনা করিয়া নীলামহওয়া সম্পত্তিতে যাহারদের যত্ত থাকনের বিষয় নীলামের পরে দুষ্ট
হয় তাহারদের যত্ত রক্ষা করিবার নিমিত্ত জুকুম করিতেছেন যে ১৮২৫ সালের ৭ আইনানুসারে স্থাবর সম্পত্তি নীলাম হইলে ঐ নীলাম অসিদ্ধ করিবার নিমিত্ত গুদ্ধর করণের
যে মিয়াদ ঐ আইনের ৩ ধারার ৩ প্রকরণে ও ৫ ধারার ১ প্রকরণে নির্দিষ্ট আছে সেই
মিয়াদ যাবৎ অতীত না হয় এবং সেই ভূমির দখল যাবৎ খরীদারকে না দেওয়া যায় তাবৎ
ঐ নীলামের উৎপন্ন টাকা আমানৎ রাখিতে হইবেক। ১৮২৮ সালের ৬ জুনের সরক্যুলর অর্ডর।

১৩৬। সদর দেওরানী আদালত সম্পুতি জাত হইরাছেন যে ১৮২৮ সালের ৬ জুন তারিথে উক্ত বিষরে সদর দেওরানী আদালত যে সরকুলের অর্ডর করিয়াছিলেন তাহা কোন এক জন জজ সাহেব না মানিরা স্থাবর সম্পত্তি নীলামের উৎপম টাকা দিলেন তাহাতে সদর আদালত ঐ অর্ডরের বিধির বিষয়ে বিশেষ মনোযোগ করিতে জজ সাহেবকে প্রকুম দিয়া জানাইলেন যে কোন জজ সাহেব যদি আইন এবং সদর আদালতের বিশেষ প্রকুম না মানিয়া আপনার খাজানাখানাহইতে কোন টাকা দেন্ তবে তিনি তাহার দায়ী হইবেন। ১৮৩৬ সালের ২ জানুআরির সরকুলের অর্ডরের ১ দকা।

১৩৭। উত্তর কালে এরপ বেদাঁড়া কর্ম না হয় এনিমিতে সদর আদ'লত এক রবকারীর পাঠ জন সাহেবেরদের নিকটে পাঠাইয়া হকুম করিতেছেন যে ডিক্রী জারীক্রমেনীলাম হইলে প্রত্যেক মোকদমার ভাবগতিক বুঝিয়া নীচের লিখিত পাঠানুসারে এক স্বেকারী লিখিতে হইবেক।

যে পাঠানুসারে রবকারী লিখিতে হইবেক তাহা। ওল্লর্মারের নানা ওল্লর উক্ত নানা কারণপ্রযুক্ত এই আদালতের বিবেচনায় অকারণ অথবা প্রবিশ্বনামূলক বোধ হয়। অতএব হুকুম হইল যে ১৮২৫ সালের ৭ আইনের ৫ ধারানুসারে নীলাম বহাল হয় এবং এই কুবকারীর এক নকল কালেক্ট্র সাহেবের নিকটে পাঠান যায়। আরো হুকুম হইল যে নাজির ঐ থরীদকরা সম্পত্তির দখল খরীদারকে দেওয়াইয়া দেয় এবং খাজাঞ্চীর নিকটে এই মজমুনে এক পরওয়ানা পাঠান যায় যে ভিনি ১৮২৮ সালের ৬ জুনের সরকালর অর্ডরঅনুসারে ঐ নীলামের উৎপন্ন টাকা এই কুবকারীর তারিখাঅবধি তিন মাস আমানং রাখেন্। তিন মাসের পর নাজির রিপোর্ট করিবকে যে খরীদার ঐ সম্পত্তির দখল পাইয়াছে কি না এবং তৎপরে টাকা দেওনের বিষয়ে আদালতহইতে চূড়ান্ত হুকুম হইবেক। ১৮৩৬ সালের ২ জানুআরির সরকালর অর্ডরের ২ দকা।

১৩৮। দেওয়ানী আদালতের প্রকুমানুসারে নীলাম হইলে তাহার উপস্থ লইয়া কার্যাকরণের বিষয়ে এক্ষণে যে ব্যবহার চলিতেছে তাহা সদর বোর্ড রেবিনিউর সাহেবের। বিবেচনা করিয়া এই স্থির করিলেন যে ১৮২৫ সালের ৭ আইনে লেখা আছে যে আদালতের ডিক্রীর যে টাকা উসুল করিবার নিমিত্তে নীলামের প্রকুম হয় সেই টাকার দায়ি জনের ঐ ভূম্যাদিতে যে বজা ও লাভ থাকে তাহার অতিরিক্ত ঐ নীলামের দ্বারা আর কিছু অর্পণ হইল না অতএব সরকারের সম্পর্কে ঐ নীলাম খোশখরীদের ন্যায় জান করিতে হয় এবং যে মহালে কোন ব্যক্তি বা ব্যক্তিরদের বজা ও লাভ নীলাম হয় সেই মহালের সরকারের যে বাকী রাজস্ব পাওনা থাকে নীলামের মূল্যহইতে তাহা বাদ দেওয়া অনাবশ্যক এবং অনুচিত। যে ব্যক্তির বিষয়ে এই নীলামের প্রকুম জারী হয় তাহার যখন সাধারণ অবিভক্ত মহালের নিয়মিত কোন অংশ থাকে তথন ঐরূপ ব্যবহার করা সপষ্টতঃ অনুচিত এবং অযথার্থ। এবং সকল গতিকে এইরূপ কার্যাকর। অনুচিত বোধ হয় যেহেতুক তাহাতে দুই স্বতন্ত্র২ কার্য্যের গোলমাল হয় এবং ভূমির উপর যে জমা নির্দ্ধার্য হইয়াছে তাহা আদায়ের নিমিত্ত ঐ ভূমি সরকারেতে নিবন্ধ আছে এই মূল বিধানের ব্যাছাত হয়। ১৮৪১ সালের ১৫ অক্টোবরের সরকারের অর্ডরের ১ দফা।

১৩৯। অতএব বোর্ডের সাহেবেরা তকুম করিতেছেন যে উক্ত ব্যবহার নিবৃত্ত হয়
এবং কালেক্টর সাহেবকে এইমত প্রকুম দেওয়া যায় যে আদালতের ডিক্রিক্রমে বা অন্য
সেইরপ দাওয়াক্রমে যে সকল গতিকে ভূমি নীলাম হয় সেইং গতিকে তিনি অতিমনোযোগপূর্বক সকল লোককে ইহা জাত করেন্ যে ভূমি নীলামের নিয়ম এই যে ভূমির
সাবেক মালিকের উপর যে সকল দায় ছিল তাহা খরীদারের উপর অর্শিবেক (১৭৯৩
সালের ৪৫ আইনের ১৫ ধারা দেখা) এবং ঐ মহালের উপর সরকারের যে দাওয়া থাকে
ভাহা ঐ নীলামের দারা কিছু লোপ হইল না। ১৮৪১ সালের ১৫ অক্টোবরের সর্ক্রলর অর্ডরের ২ দফা।

১৪০। ধারীদারকে সম্পত্তির দখল দেওয়াইবার প্রস্তাব হইলে পর যদি উপযুক্ত মিয়াদের মধ্যে সেই ব্যক্তি সম্পত্তির দখল লইতে হাকার না করে তবে নীলামের উৎপন্ন টাকা ডিক্রীদারকে দিতে হইবেক এবং সেই সম্পত্তির দখল না লওয়াতে ধারীদারের যে অনিষ্ট হইবেক তাহা তাহাকে বুঝাইতে হইবেক। ৫৩২ নমূরী আইনের অর্থের ২ দফা।

# ৮ ধারা।

ডিক্রী জারী করণার্থ মোকদ্দমা উপস্থিত করণের মিয়াদ ! [ডিক্রী জারী করণার্থ মোকদ্দমা উপস্থিত করণের মিয়াদের মূল বিধান এই ।]

১৪১। জিলা কিয়া শহরের আদালতের জজ সাহেবদিগেরে নিষেধ আছে যে ইঙ্গরেজী ১৭৬৫ সালের ১২ আগস্টের পুর্ফের কোন মোকদমা না স্তনেন্ এবং তাহার বিচার ও নিষ্পত্তিও না করেন্। এবং ১২ দাদশ বংসরের পুর্ফের যে মোকদমা হয় তাহার ফরিয়াদী যদি ঐ মিয়াদের মধ্যে সে

বিষয়ের দাওয়া সেই আসামীর উপর করিয়া থাকে কিয়া সে আসামী সে দাওয়া যথার্থকমে দিতে চাইয়া থাকে কিয়া দিবার একরার করিয়া থাকে কিয়া যে আদালতে সে মোকদমার নালিশ হইতে পারে তথায় নালিশ করিয়া থাকে অথবা যে কারণ সে মোকদমা যবেষ্বে থাকে কিয়া সে ফরিয়াদীর বাল্যাব্যাকারণ পূর্বে নালিশ না করিতে পারিয়া থাকে কিয়া অন্য কোন হেতুতে আপন দাওয়া বুঝিয়া না লইতে পারিয়া থাকে ইত্যাদি কোন বিশিষ্ট হেতু না দশাইতে পারে তবে সে মোকদমাও আদালতে না শুনেন্ এবং তাহার বিচার ও নিক্পান্তিও না করেন্ ইতি। ১৭৯৩ সা। ৩ আ। ১৪ ধা।

১৪২। ঢাকার প্রবিন্সাল আদালতের সাহেবেরদের জিজাসা করাতে সদর দেওয়ানী আদালত বিধান করিলেন যে বারো বৎসর এবং ততোধিক কালপর্যান্ত ডিক্রী জারী না হইলে যদি ডিক্রীদার ডিক্রী জারী না করণের মনঃপ্রভায়ের কারণ দর্শায় এবং পক্ষান্তর ব্যক্তি কোন মাতবর ওজার করিতে না পারে তবে নূতন মোকদমা না করিয়া কেবল দর্শান্তক্রেয়ে সেই ডিক্রী জারী হইতে পারে। ৩ নম্বরী আইনের অর্থ।

১৪৩। ডিক্রী হওনের সময়ে যদি তাহা জারী না হয় তথাপি ডিক্রীর তারিখের পর বারো বৎসরের মধ্যে দরখান্ত করিলে তাহা জারী হইতে পারে কিন্ত জারী করণের পূর্ব্বে পক্ষান্তর ব্যক্তিকে এই প্রকুম দিতে হইবেক যে তাহা জারী না হওনের কারণ থাকিলে তাহা দর্শায়। কিন্ত যদি ডিক্রীদার বারো বংসরের মধ্যে তাহা জারী করণের দরখান্ত না করে তবে বিলয়ের উপযুক্ত ও মাতবর কারণ না দর্শাইলে তাহার সেই দরখান্ত গ্রাহ্য করিতে হইবেক না। ১৩৬ নম্বরী আইনের অর্থ।

### ১ গারা।

ডিক্রী জারী করণেতে কালেফুটর সাহেবের ও অন্যথ আদালতের সাহায্য। ১৪৪। চলিত আইনানুসারে জিলা এব শহরের আদালতের জজ সা-হেবদিগের প্রতি হুকুম আছে যে আপনারদিগের কি আপনারদিগের রে-🏿 জিউর সাহেব লোকের করা সকল ডিক্রীর নকল ও সকর কি নিষ্কররূপে দথল করা ভূমির স্বস্তাধিকারের কি দথলের বিষয়ে উপরকার আদালতহইতে তাঁ-হার্দিগৈর নিকটে পাচান ডিক্রীসকলের নকল আপন্থ অধিকারের কা-লেকুটর নাহেবদিগের এবণ বোর্ড রেবিনিউর নাহেব লোকের নিকটে ঐং লাহেবদিগের সিরিশতার রেজিফীরী বহাতে তাহার যাহা লিখিতব্য তাহা লি-থনের ও কর্ত্তব্য মতান্তর করণের নিমিত্তে পাচান্ এক্লণে তদতিরিক্ত দেওয়ানী আদালতের জজ সাহেবদিগকে এই ধারাক্রমে এ ক্রমতা অর্পণ করা যাইতেছে যে যদি তাঁহারদিগের ইহা বোধ হয় যে ঐ সকল ডিক্রার মতাচরণে তাহার লিথিত বস্তুতে যাহারদিগকে দথল দেওয়াইতে হয় তাহারদিগকে দথল দেও-য়ানদ্বারা হউক কি ওয়াসিলাতের হিসাব দুরস্ত করণদ্বারা কি আর কোন কার্য্য করণ দারাই বা হউক তথাকার কালেক্টর সাহেবের সহায়তা পাইলে ঐ ছ ডিক্রীর মতাচরণ অবিলম্বে ও সমপূর্ণরূপে হুইতে পারে তবে ঐ সহায়তা করিবার নিমিত্তে কালেক্টর সাহেবদিগকে লিথিয়া পাচাইবেন ইতি ৷— ১৮২৫ সা। ৭ আ। ৬ ধা।

১৪৫। সদর আদালত বোধ করেন্ যে ভূমির ম্বতাধিকারের অথবা দখলের বিষয়ের ডিক্রী হইলে দেওয়ানী আদালতের উচিত যে দেই ডিক্রী জারী করণেতে ১৮২৫ সালের ৭ আইনের ৬ ধারার বিধির অনুসারে যথাসাধ্য রাজত্বের কর্মকারকেরদের সাহায্য লইয়া কর্ম করেন্ যেহেতুক তাহা হইলে ঐ প্রকার ডিক্রী অতিশীঘু ও যথার্থকুপে জারী হইবার সম্ভাবনা আছে। ১৮৩৭ সালের ৬ জানুআরির সরকালর অর্ডরের ২ দফা।

১৪৬। ১৮৩৪ সালের ২১ জুলাই তারিখে জুডিসিয়ল ডিপার্টমেন্টের সেক্রেটারীর পরের ৬ দফাতে এমত ছকুম হইল যে ডিক্রী জারীকরণের বিষয়ে কালেক্টর সাহেবের নিকটে দেওয়ানী আদালতহইতে যে সকল ছকুম পাঠান যায় তাহার মধ্যে যে২ ছকুমের মতাচরণ কালেক্টর সাহেব না করেন্ তাহার এক ত্রৈমাসিক কৈফিয়ৎ নীচের লিখিত পাঠানুসারে কালেক্টর সাহেব যে কমিসানর সাহেবের অধীন থাকেন্ তাঁহার নিকটে জঙ্গ সাহেব পাঠাইবেন এবং যদি তৎপরে ঐ ছকুমের মতাচরণের বিষয়ে কালেক্টর সাহেব পুনর্বার অধিক বিলম্ব করেন্ এবং ঐ বিলয়ের মাতবর কারণ না দর্শাইতে পারেন্ তবে জঙ্গ সাহেবের উচিত যে তাহার এক রিপোর্ট সদর আদালতে পাঠান্। ১৮৩৮ সালের ৭ ডিলেম্বের সরক্যলর অর্ডর।

১৪৭। জিলা ও শহরের জজ সাহেবেরদের প্রতি আরো ছকুম হইল যে তাঁহারা ডিক্রী জারীর সাহায্য করিতে অন্যান্য আদালতের প্রতি ছকুম দিলে পর যদি তাঁহারা সেইরপ সাহায্য করিতে বিলয় করেন্ তবে জজ সাহেব তাহার এক রিপোর্ট করিবেন। এবং যদি প্রধান সদর আমীন বা সদর আমীন কি মুনসেফেরা আপনং আদালতের কি অন্য আদালতের ডিক্রী জারী করণেতে বিলয় করেন্ এবং জিলা বা শহরের জজ সাহেবেরা সেই কর্মা শীবু করিতে উপদেশ দিলে যদি তাঁহারা সেই ছকুম না মানেন্ তবে জিলা ও শহরের জজ সাহেবের কর্ম্বর কর্ম্বর যে তাহার রিপোর্ট সদর আদালতে করেন্। ১৮৩৮ সালের ৭ ডিনেম্বের সর্কুলের অর্ডর।

শুরুক স্থানের দেওয়ানী আদালতের সাহেবের। অমুক স্থানের কালেক্টর সাহেবকে ডিক্রী
কারী করিতে যে২ ছাকুম করিয়াছেন তাহার মধ্যে যে২ ডিক্রী অমুক সালের অমুক
মাসের অমুক তারিখে সম্পূর্কপে জারী না হইয়াছিল তাহার ত্রৈমাসিক রিপোর্ট।

উভয় পক্ষের নাম।	যে তারিখে ভকুম হয়।	ডিক্রীর তাকুমের মর্মা।	,	ঐ কারণের বিষ- য়ে জজ সাহেবের মত।
অমুক ফরিয়াদী। অমুক আসামী।	১৮৩৩ সাল ১০ জানুআরি।	রামপুর পরগ- নার মৌজা রাম- নগরে ১০০/ বিঘা ভূমির দখল ফরি- রাদীকে দেওয়ান। আলমপুর পর-		
অমুক ফরিয়াদী। অমুক আসামী।		আলমপুর পর্বনার মৌজা আ- লমপুরে আসামীর ১১১/ বিছা দশ বিশা ভূমি নীলাম- করণ।	N.	

১৪৮। যুদি সুরকারের করসম্প্রকীয় ভূমির রকমওয়ারী কিম্বা মহালবি শেষে স্বতন্ত্রং দীমা নিরপণহওয়া কোন হিদ্যার উপর কাহারু হকু অর্থাৎ স্বত্ দাব্যস্ত হওনের ডিক্রী কোন আদালতহইতে হয় ও কালেক্টর দাহেবের নামে এই মজনুনে এক হুকুমনামা হয় যে ঐ জমীদারী কিয়া তালুক অংশাংশ করেন্ত্র সেই জমীদারীওগয়রহ সরকারের খাসতহসীলে অথবা ইজারাতে না থাকিলে অমুক অমুককে আদালভহইতে হওয়। ডিক্রীর মতে ভাহারদিগের হিস্যাতে দথল দেওঁয়ান্ তবে সে আদালতের সাহেবের কর্ত্তব্য যে এমত হুকুম দেওনের সময়ে এ বিষয়েরো হকুম দেন্যে ডিক্রীর লিখিত জমীদারী কি ভূমির হিদ্যা বাঁটওয়ারা ও থারিজ করিবাতে ও তাহাতে দথল দেওয়াইবাতে ও সরকারের জমার ধার্য্য করিবাতে যে থরচপত্র হয় তাহা সমস্ত যে ব্যক্তি কিয়া যাহারা ঐ হক্ অর্থাৎ স্বত্ব কবুল না রাথিয়া থাকে তাহারদিগের শিরে দেনা হইবেক কিন্তু যদি ঐ দাঁড়ার অন্য মতাচরণ করিবার কোন বিশিষ্ট হেতু জানা যায় তবে আদালতের সাহেবদিগের প্রতি অনুমতি থাকিবেক যে ঐ থর্-চার টাকা ফরিয়াদী ও আসামী উভয় পক্ষের কিয়া তাহারদিগের এক পক্ষের উপর মোকদ্দমার ভাবদৃষ্টে ন্যায় ও বিচার্য্যমতে যে দ^থ্যায় হয় তাহা দে-ওনের হুকুম দেন্ ও আদালতের সাহেবদিগের ইহাও উচিত যে এই ধারার निक्षातिक माँजानुमारत य मकल इकूम एमन् रम ममस इकूप्मत नकल कारलक्षेत সাহেবকে জ্ঞাত ও অবণত করণার্থে এই মজমুনে এক হকুমনামার সহিত যে ডিক্রীমতে ঐ জমীদারী কিয়া তালুক অংশাংশ করিয়া অমৃক অমৃককে তা-হার্দিগের হিস্যাতে দখল দেওয়ান ঐ কালেক্টর সাহেবের নিকটে পাচাইয়া দেন ইতি। - ১৮১৪ সা। ১৯ আ। ৫ ধা।

১৪৯। জিলার ফৌজদারী আদালতে যদি এমত প্রমাণ হয় যে **ঐ আ**-মীন হলফ অর্থাৎ দিব্যের অন্যথা কিছু নগদ কিম্বা জিনিস অথবা অপর বস্তু কোন অংশী কিয়া তাহার পক্ষের কোন লোকের স্থানে স্লয্টক্রমে কিয়া চক্রান্তে আপনি লইয়াছে অথবা অন্যকে লইতে দিয়াছে তবে আপনি যাহা লইয়া থাকে কি অন্যেরে লইতে দিয়া থাকে তাহার সংখ্যা কিয়া মূল্যের তিনগুণ জরীমানা অর্থাৎ দণ্ড দরকারে দাথিল করাণ যাইবেক ও সে ছুরু মা-দের অধিক না হয় এমত মিয়াদে কয়েদ থাকিবেক ও এই প্রকরণের অনুসারে থে দাওরা হয় তাহা ফৌজদারীর সহিত সম্মর্ক রাখিবেক ও কালেকটর সা-(इव मत्काती डेकोटलत प्रांतक॰ अग्रड माउगात कतियामी इहेरवन किस अहे প্রকরণানুসারে এ হুকুমও আছে যে ঐ আমীনের নামে দেওয়ানী আদালতেও নালিশ হইতে পারে ও দেওয়ানী আদালতে ঐ দাওয়া প্রমাণ হইলে সেই নগদ টাকা কিয়া জিনিস যাহার স্থানে লইয়া থাকে তাহাকে ফিরিয়া দেওয়ান যাইবেক এব॰ তাহার স্থানহইতে আদালতের থরচাও ফরিয়াদীকে দেওয়ান যাইবেক এব ে সে যাব ৷ ডিক্রীর টাকা না দেয় কিন্তা ঐ ডিক্রীর টাকা তাহার জিনিস বিক্রয়দ্বারা আদায় না হয় তাবৎ কয়েদ থাকিবেক ইতি।-১৮১৪ সা। ऽञ्जा। ऽञ्चा। र श्रा

# ১০ ধারা।

# ডিজীদারের কসুর।

১৫০। যখন কোন ডিক্রী সম্পূর্ণরূপে জারী হইয়াছে অথবা যখন ডিক্রীনারের পক্ষে

যে ডিক্লী হয় তাহা জারী করণার্থ যথোচিত তদবীর না করাতে ঐ ডিক্লী নথীহইতে উঠান গিয়া রিকার্ড দক্তরে রাখা যায় তখন ডিক্লী জারীবিষয়ক দরখান্ত নিষ্পাত্তি হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক। ১৮৩৮ সালের ৭ ডিসেম্বরের সর্কাল্য অর্ডর।

১৫১। যে মোকদমায় ডিক্রীদার ডিক্রী জারীকরণের বিষয়ে মনোযোগ করে নাই অথবা ডিক্রী জারীকরণার্থ বিক্রয়ের যোগ্য সম্পত্তি দেখাইয়া দিতে পারে নাই সেই প্রকার মোকদমা নথীতে রাখা অনাবশ্যক এবং তাহাতে অনেক বিম্ব হয়। যথন কোন ডিক্রীদার আপন ডিক্রী জারীকরণের বিষয়ে ছয় সপ্তাহপর্যান্ত কিছু তদবীর না করে অথবা সেই ব্যক্তি যে সম্পত্তি দেখাইয়া দিয়াছিল তাহা নীলাম হইয়া যে ব্যক্তির প্রাপ্য তাহাকে তাহার উৎপন্ন টাকা দেওয়া গিয়াছে অথবা যথন অন্যান্য দাওয়াদারেরা ঐ সম্পত্তির বিষয়ে আপনারদের অক্ত সাব্যান্ত করাতে ঐ সম্পত্তির ক্রোক খালাস হইয়াছে তথন ঐ ডিক্রীজারীর মোকদমা নথীহাইতে উঠাইয়া দিতে হইবেক। তৎপরে যদি ডিক্রীদার পুনর্বার্ দরখান্ত করে তবে সেই মোকদমা ডিক্রী জারীর নূতন অথবা পুনক্রথাপিতহওয়া মোকদমার ন্যায় নথীর শামিল করা যাইবেক এবং যে তারিখে তাহা আদালতে পুনর্বার গ্রাহ্য হয় তাহাই তাহার তারিখ হইবেক এবং প্রথম দরখান্ত করণের তারিখ তাহাতে থাকিংবেক না। এবং নথীতে থাকনের কাল পুনর্বার নথীর শামিল করণের তারিখেঅবধি গণ্য হইবেক। ১৮৩৮ সালের ৭ ডিসেম্বরের সরক্যুলর অর্ডর।

#### ১১ ধারা 1

নীলামের উৎপন্ন টাকা পাইতে ডিক্রীদারেরদের বিশেষং অধিকার।
১৫২। অধীনস্থ আদালতের ডিক্রী জারী করণের নিমিত্ত যে নীলাম হয় তাহার উৎপদ্মের অংশ পাইবার নিমিত্ত ডিক্রীপ্রাপ্ত ব্যক্তিরা পরস্পার যে দাওয়া উপস্থিত করে তাহা যে আদালতের লারা নিম্পত্তি হউবেক ইহার রীতি নির্ণয় করণের নিমিত্ত সদর আদালতের আজাক্রমে নীচের লিখিত যে বিধান আদালতের ব্যবহারের দ্বারা স্থাপন হইয়াছে তাহা জন্ম এবং এদেশীয় বিচারকেরদের বিজ্ঞাপন ও কার্য্যাপনের নিমিত্তে ভোমাকে জ্ঞাপন করিতেছি। ১৮৪০ সালের ২০ নবেম্বরের সরক্যালর অর্ডরের ১ দফা।

১৫৩। আদালতের ডিক্রী জারীকরণার্থ সম্পত্তির নীলাম হইলে তাহার উৎপন্নের অংশ পাইবার যত দাওয়া হয় তাহা যে আদালতের তুকুমের দ্বারা নীলাম হয় সেই আদালতের ডিক্রী হউক কি অনা আদালতের ডিক্রী হউক দেই আদালতে প্রথমতঃ উপস্থিত ও নিষ্পত্তি হইবেক। এবং সেই আদালত ডিক্রীপ্রাপ্ত ব্যক্তির্বদের মধ্যে যে ব্যক্তিকে অন্যের অগ্রে পাইবার যোগ্য বোধ করেন্ তাহার পক্ষে তুকুম দিবেন এবং যে ব্যক্তি ঐ তুকুমেতে সম্মত্ত না হয় সে জঙ্ক সাহেবের নিকটে অথবা সদর দেওয়ানী আদালতের ত্তনিবার যোগ্য হইলে তথায় আপীলের দ্বারা প্রতিকার পাইবার চেন্টা করিবেক কিন্তু উপ-রিন্থ আদালতে এই বিষয় রীতিমতে আপীলের দ্বারা উপস্থিত না হইলে ঐ আদালত এই প্রকার বিষয়ের নিষ্পত্তিকরণার্থ তাহাতে হস্তক্ষেপ করিতে পারেন্ না। ১৮৪০ সালের ২০ নবেস্বরের সরক্যালর অর্ডরের ২ দফা।

১৫৪। ডিক্রী জারীর উৎপন্ন যেই টাকা আদালতে আমানৎ হয় তাহা প্রত্যেক দাওয়া পরিশোধ করণার্থ অকুলান হউলে দেইই টাকা আদালতের নানা ডিক্রীর দাওয়া পরিশোধ করণেতে যেরুপে বিলি হইতেছে তাহার বিষয়ে নানা আদালতে বিবিধ মত ও বিবিধ ব্যবহার ইইতেছে তাহাতে আলাহাবাদের দদর আদালত কলিকাতার দদর আদালতের সাহেবেরদের অন্তিপ্রায় জিজাসা করিয়া লিখিলেন যে কলিকাতার দদর আদালতের আজাক্রমে যে ব্যবহার ইইতেছে তাহা আমরা ইহা বোধ করি অর্থাৎ যে ডিক্রীতে আগেনকার তারিশ থাকে তাহা আগে পরিশোধ হইবেক না কিন্তু যে সকল ডিক্রীক্রমে ক্রোকের ছকুম হইরাছে সেই সকল ডিক্রী যদি আমানৎহওয়া টাকা বিলি করণের পূর্বের তারিশ

হইয়া থাকে তবে প্রত্যেক ডিক্রীনার অংশাংশিমতে টাকা পাইতে পারে। কিন্তু যদি কোন বিশেষ দাওয়ার নিমিত্ত ঐ সম্পত্তি ক্রুক দেওয়া গিয়াছিল তবে সেই দাওয়া প্রথমে পরিশোধ হইবেক। তাহাতে কলিকাতান্ত্র সদর আদালত লিখিলেন যে আদালতের মধ্যে সামান্যত এইরূপ ব্যবহার চলিতেছে। ১৩৫ নমুরী আইনের অর্থ।

১৫৫,। কলিকাতাস্থ ও আলাহাবাদের সদর দেওয়ানী আদালত বিধান করিয়াছেন যে যে দকল ভিক্রাক্রমে সম্পত্তি ক্রোক করণের স্থকুম হইয়াছে যদি টাকা বিলি করণের পূর্বের তারিখ সেই ডিক্রীতে থাকে তবে তাহার ডিক্রীদার জনাজাত অংশাংশিমতে ডিক্রীর টাকা পাইবেক কিন্তু যদ্যপি ডিক্রীর সম্পত্তি অগ্রে প্রকৃত প্রস্তাবে বন্ধক দেওয়া গিয়াছিল তবে সেই বন্ধকলওনিয়া ব্যক্তির দাওয়া অন্যান্য দাওয়াদারেরদের অগ্রে পরিশাধ করিতে হইবেক। ১০৫৬ নমুরী আইনের অর্থ।

### ১২ ধারা।

ডিক্রী জারীক্রমে আমীনেরা যে সম্পৃত্তি নীলাম করেন্ তাহার মূলা যে মিয়া-দের মধ্যে দাখিল করিতে হইবেক তাহা।

১৫৬। ডিক্রী জারীক্রমে আমীনেরা যে সম্পত্তি বিক্রয় করে তাহার মুল্য খরীদারের দাখিল করণের কোন বিশেষ মিয়াদ আইনে নির্দিট নাই। অতএব বাঙ্গলাপ্রভৃতি ও উত্তর পশ্চিম দেশের সদর দেওয়ানী আদালতের সাহেবেরা তকুম করিতেছেন যে আমীনেরদের দারা যে নীলাম হয় তাহার ইশ্তিহারনামাতে নীচের লিখিত কথা লেখা যাই-বেক। ১৮৪২ সালের ১২ আগটের সরকুলের অর্ডরের ১ দফা।

১৫৭। নীলামে সম্পত্তি খরীদ কর্পের সময়ে খরীদার যে মুল্যেতে তাহা ক্রয় করে তাহার উপর শতকরা ১০১ দশ টাকা করিয়া বায়নাম্বরূপ আমানৎ করিবেক এবং যদি তাহা না করে তবে ঐ সম্পত্তি তৎক্ষণাৎ পুনর্কার নীলামে ধরা গিয়া বিক্রয় হইবেক। ১৮৪২ সালের ১২ আগত্তের সরকালর অর্ডরের ২ দফা।

১৫৮। স্থাবর সম্পত্তির নীলাম হইলে থরীদার ভাহার মুল্যের সমুদ্র টাক। নীলামের দিবসের পর ১৫ দিনের মধ্যে দাখিল করিবেক ভাহা দিতে জটি করিলে ভাহার
বারনার টাকা জন্দ হইবেক। এবং ঐ সম্পত্তি প্রথম থরীদারের কুঁকীতে পুনর্বার নীলাম
হইবেক ঐ দ্বিতীয় নীলামেতে যদি ভাহার ডাকঅপেক্ষা অধিক ডাক হয় তবে প্রথম থরীদার সেই অধিক টাকা পাইবেক না যদি কম হয় তবে ভাহার নিশা করিবেক। ১৮৪২
দালের ১২ আগন্টের সরকুলের অর্ডরের ও দফা।

১৫৯। অস্থাবর সম্পত্তির মুলোর সমুদর টাকা নীলামের পর ২৪ ঘন্টার মধ্যে এবৎ ঐ সম্পত্তি খরীদারকে দেওনের পূর্বে দিতে হইবেক যদি খরীদার তাহা না দেয় তবে উপ-রের বিধানমতে তাহার দণ্ড হইবেক। ১৮৪২ সালের ১২ আগস্টের সরক্যুলর অর্ডরের ৪ দফা।

১৬০। নীলাম যদি সিদ্ধ না করা যায় তবে বায়নার যে টাকা জব্দ হইয়াছিল তাহা-হইতে ঐ নীলামের উৎপন্ন টাকার উপর আমীনের রসুম বাদ দিয়া বাকী টাকা ডিক্রীদারের নিমিত্তে সম্পত্তির মালিকের নামে জমা হইবেক। ১৮৪২ সালের ১২ আগফৌর সরক্যুলর অর্ডরের ৫ দফা।

### ১৩ ধারা।

মুনদেক ও দদর আমীন ও প্রধান দদর আমীনেরদের দ্বারা ডিক্রী জারী করণ। ১৬১। যে দকল ডিক্রী প্রধান দদর আমীনের কাছারীতে হইবেক তাহা জিলা ও শহরের জজ দাহেবের করা ডিক্রী জারী করিবার নিমিত্তে যে দকল সামান্য হকুম আছে তদনুসারে ঐ প্রধান সদর আমীনের দ্বারা জারী ইইবেক কিন্তু জানা কর্ত্তব্য যে এমত বিষয় সকলে [অর্থাৎ ৫০০০ টাকার ন্যুন মূল্যের মোকদ্দমায়] প্রধান সদর আমীনের করা নিষ্পত্তির উপর প্রথমতঃ জিলা ও শহরের জজ সাহেবের নিকটে আপীল ও থাস আপীল সদর দেওয়ানী আদালতে ইইবেক ইতি।—১৮৩১ সা। ৫ আ। ২২ ধা।

১৬২। ইঙ্গরেজী ১৮৩১ দালের ৫ আইনের ১১ ধারা রদ হইল ও ঐ দালের ৫ আইনের ২২ ধারায় প্রধান দদর আমীনদিগকে আপনার দিগের করা জিক্রী জারী করিবার যে হকুম দেওয়া গিয়াছে ঐ হকুম ঐ আইনানুদারে নিযুক্ত মুনদেক ও দদর আমীনের উপরও ঝাটিবেক কিন্তু জানান যাইতেছে যে দেওয়ানী বিষয়ি কোন হকুমনামা জারী করণের অর্থে ঐ কার্যাকারকেরা উক্ত হকুমক্রমে আপনং ক্ষমতায় কোন আদামীকে কয়েদ করিবার হকুম দিতে পারিবেন না ঐ প্রকার কয়েদ করণের হুকুম দেওনের আবশাক হইলে যে কার্যাকারকের দ্বারা আদামী গ্রেফ্কার হইয়া থাকে ঐ কার্যাকারক তাহাকে কয়েদ রাথণের নিমিন্তে যে থোরাকী আমানৎ হইয়া থাকে তাহাদমেত জিলা বা শহরের জজ সাহেবের নিকটে পাচাইবেন এবণ্ জিলা বা শহরের জজ সাহেব তাহাকে কয়েদ না করিবার কোন হেতু দেখা যাওনবাতিরেকে আপন আমলার দ্বারা তাহাকে জেলখানায় কয়েদ করিবার হকুম দিবেন ঐং গতিকে মুনদেক বা দদর আমীনের করা হকুমের উপর আপীল হইলে জিলা বা শহরের জজ সাহেব যে হকুম করিবেন তাহাই চূড়ান্ত হইবেক ইতি।—১৮৩২ দা। ৭ আ। ৭ ধা।

১৬৩। সদর আদালত বিধান করিতেছেন যে ১৮৩২ সালের ৭ আইনের ৭ ধারানু-সারে মুনসেফেরদের ডিক্রা জারী করণের বিষয়ে তাঁহারদের নিকটে যে দরখাস্ত দেওরা যায় তাহা এবং তাঁহারদের নিকটে উপস্থিতহওরা মোকদমার ওকালৎনামা শাদা কাগজে লিখিতে হইবেক। ৭৯৮ নমুরী আইনের অর্থের ২ দফা।

১৬৪। আলাহাবাদের জন দাহেবের জিজাসা করাতে বিধান হইল যে ডিক্রী জারী করণার্থ সম্পত্তি নীলাম বা হস্তান্তর করণবিবত্তর যাহারা ওজর করে তাহার। সেই বিষয়ের দরখাস্ত মুন্দেফের আদালতে শাদা কাগজে করিতে পারে। ১২৭৮ নম্বরী আইনের অর্থ।

১৬৫। মুনসেফেরা কোন আসামীর সম্পত্তি বিক্রুয় করণার্থ আপনারদের সিরিশ্তার কোন আমলাকে পাঠাইতে পারেন্। ১০৫০ নম্রী আইনের অর্থ।

১৬৬। সদর আদালত বিধান করিতেছেন যে ডিক্রী জারী করণার্থ যে লাখেরাজ ভূমি ক্রোক হয় তাহা কাহার দখলে আছে এ বিষয়ের অন্যান্য বিচারকেরা যেরূপ বিচার করিতে পারেন্ সেইরূপ মুনসেফেরদের করিবার ক্ষমতা আছে। ৭৯৮ নয়রী আইনের অর্থের ৪ দফা।

১৬৭। বীরভূমের জাজ সাহেবের জিজাসা করাতে উভয় সদর দেওয়ানী আদালত বিধান করিলেন যে মুননেফেরদের ডিক্রী জারীক্রমে ক্রোকহওয়া লাখেরাজ ভূমির উপর দাওয়া হইলে সেই দাওয়ার নিষ্পত্তি করিতে ১৮৩১ সালের ৫ আইনের ৫ ধারানুসারে মুনসেফেরদের প্রতি নিষেধ নাই। ১০৫৪ নম্বরী আইনের অর্থ।

১৬৮। বিধান হইল যে বাকী খাজানা আদায়ের নিমিন্ত জাবেত মত মোকদমা হইলে মুনসেফের। যে ডিক্রী করেন্ তাহা জারী করণার্থ সম্পত্তি বিক্রম করিতে মুনসেফেরদের যে জ্মতা ছিল ভাহা ১৮৩৯ সালের ১ আইনের ছারা রহিত হয় নাই। ১২১৯ নম্রী আইনের অর্থ।

১৬৯। মুনদেফেরদের ডিক্রী অন্যান্য আদালতের ডিক্রীর মত জারী হইবেক অর্থাৎ সেই ডিক্রীর উপর আপীল হইলে যদি আপীল আদালত তাহা স্থগিত করিতে ছকুম না দেন্ তবে ঐ ডিক্রী জারী করিতে হইবেক কেবল আপেলান্টের আপীল করাতে ডিক্রী জারী স্থগিত হইতে পারে না। ১৮৩৫ দালের ৬ নবেম্বের দরকুলের অর্ডর।

১৭০। উক্ত [১৬৯ নম্বরী] সরক্যুলর অর্ডরের বিধি প্রধান সদর আমীন ও সদর আমীনের বিষয়ের সঙ্গে সম্পর্ক রাথে ওাঁহারদের আদালতের সকল মোকদমার ডিক্রী আপীল আদালত জারী স্থাণিত করণের অকুম না দিলে ডিক্রী জারী স্থাণিত ইইবেক না। এবং যদ্যপি যথার্থমতে ঐ অকুম প্রতিপালন হয় ভবে আপীলের দর্থান্ত শুনিতে কিছু বিলম্ব ইইলে আপেলান্ট অন্যায়মতে আপনার উপকারের নিমিত্ত কিছু করিতে পারে না। ১৮৩৯ সালের ২৩ আগন্টের সরক্যুলর অর্ডরের ও দফা।

১৭১। অধস্থ আদালতে ডিক্রী হইলে এবং ক্ষম সাহেব রেম্পাণ্ডেনকৈ তলর কর্নণের পর সেই ডিক্রী বহাল রাখিলে ঐ ডিক্রী ক্ষম সাহেবের আদালতের ডিক্রীর ন্যায় জ্ঞান হইবেক এবং ক্ষম সাহেবের আদালতের ডিক্রী ক্ষারী করণার্থ যে বিধি চলন আছে সেই বিধির অনুসারে তাহা মারী করিতে হইবেক। ৮৬১ নম্বরী আইনের অর্থের ২ দফা।

১৭২। সদর আদালত বিধান করিতেছেন যে ১৮৩১ সালের ৫ আইনের ১৬ ধারার ৩ প্রকরণ এবং ১৮৩১ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণানুসারে যদি রেক্সাণ্ডেন্টকে তলব না করিয়া অধ্যু আদালতের ডিক্রী আপীল আদালতে বহাল রাখা যায় অথ্যা কসুরপ্রযুক্ত ডিসমিস হয় ভবে ঐ আপীল ডিসমিস অথ্যা ঐ ডিক্রী বহাল হওনের সম্বাদ ঐ অধ্যু আদালতে দিতে হইবেক এবং ঐ ডিক্রী জারী করণের দরখান্ত যে আদালতে আসল ডিক্রী হইয়াছিল সেই আদালতে করিতে হইবেক এবং কোন আপীল না হইলে ভাহা যে রূপে জারী হইত সেইরপে ঐ আদালত তাহা জারী করিবেন। কিন্তু যদি রেক্পাণ্ডেন্টকে তলব করা যায় এবং মোকদমার দোষগুণ বিবেচনা করিয়া আপীলের নিম্পত্তি হয় ভবে আপীল আদালতে ঐ ডিক্রী জারী করণার্থ দরখান্ত করিতে হইবেক এবং ঐ আদালতের দ্বারা তাহা জারী হইবেক। ১৮৩৪ সালের ২২ আগ্রের সরকালর আর্ডরের ৫ দকা।

১৭৩। যে মূনদেফ ডিজী করেন্ যদি আদামী সেই মুনদেফের এলাকাছাড়া জন্য মুনদেফের এলাকায় বাদ করে অথবা ঐ ডিজী জারী করণার্থ যে দম্পত্তি ক্লোক করিতে হয় তাহা যদি অন্য মুনদেফের এলাকার মধ্যে থাকে তবে যে মুনদেফের এলাকায় আদামী কি দুব্য থাকে জন্জ দাহেব ঐ ডিজী জারী করণের ভার ওাঁহার প্রতি অর্পণ করিবেন। ৭০১ নমুরী আইনের অর্থের ৫ দফা।

[এই অধ্যায়ের ৩০ নমুরী বিধি দেখ।]

১৭৪। ১৮৩১ সালের ৫ আইনের ২২ ধারাতে ছকুম আছে যে "যে সকল ডিক্রী প্রধান সদর আমীনের কাছারীতে হইবেক তাহা জিলা ও শহরের জঙ্কা সাহেবের করা ডিক্রী জারী করিবার নিমিত্তে যে সকল সামান্য ছকুম আছে তদনুসারে ঐ প্রধান সদর আমীনের দারা জারী হইবেক" সেই ধারা দৃষ্টে সদর দেওয়ানী আদালত বিধান করিতেছেন যে যে প্রধান সদর আমীন ও সদর আমীন ও মুনসেফেরদিগকে ১৮৩২ সালের ৭ আইনের ৭ ধারানুসারে আপন২ ডিক্রী জারী করণের ক্ষমতা অর্পণ হইয়াছে ভাঁহারা জঙ্কা সাহেবকে জিজ্ঞাসা না করিয়া ঐ ধারার লিথিত বিশেষ বিধিতে দৃষ্টি রাখিয়া আপন২ আদালতের ডিক্রী জারী করণার্থ দর্থাক্ত লইতে এবং ভাহার বিষয়ে ছকুম করিতে পারেন্। ১৮৩৩ সালের ১ নবেম্বের সরক্যলর অর্ডরের ৬ দফা।

১৭৫। ১৮৩২ লালের ৭ আইনের ৭ ধারানুদারে সদর আমীন ও মুনসেফেরা আ-পন্থ ডিক্রী জারী করিতে পারেন্ অভএর সদর আদালত বোধ করেন্ যে লাখ্যপর্যান্ত দেই কর্মের সমুদায় ভার ডাঁহারদের হাতে রাঝা অতিকর্ত্তব্য । এইপ্রযুক্ত সদর আদালত বিধান করিতেছেন যে বিশেষ কারণপ্রযুক্ত জিলা ও শহরের জ্ञজ্ঞ সাহেষ্য দি সেই ডিক্রী আপনি জারী করিতে উচিত না বুঝেন্ তবে ঐ সদর আমীন ও মুনসেকেরদের ডিক্রী জারী করণেতে হস্তক্ষেপ করিবেন না কেবল ওাঁহারদের ছকুমের উপর আপীল লইয়া বিচার করিবেন। যেহেতুক এমত মোকদ্মায় অধন্য আদালতের হুকুমের উপর আপীল হইলে জিলা ও শহরের জ্ञজ্ঞ সাহেবেরা যে নিম্পত্তি করেন্ ভাহা চূড়াস্ত। কিন্তু যদ্যপি জ্ञজ্ঞ সাহেব আদৌ সেই ডিক্রী জারী করণের ভার বহুস্তে গ্রহণ করেন্ ভবে যে ব্যক্তি ভাহার ছকুমে নারাজ হয় সেই ব্যক্তির সদর আদালতে আপীল করিতে হইবেক এবং ভাহা হইলে ঐ প্রকার ক্লুদুং বিষয়ে সদর আদালতের মিথ্যা সময় হরণ হয়। ১৮৩৩ সালের ৬ সেপ্টেয়-রের সরক্যুলর অর্ডর।

১৭৬। ১৮৩১ সালের ৫ আইনের ২২ ধারাতে প্রধান সদর আমীনেরদের ডিক্রী জারী করণের বিষয়ে যে ছকুম আছে তাহা ১৮৩২ সালের ৭ আইনের ৭ ধারানুসারে সকল সদর আমীন ও মুনসেফের বিষয়ে খাটে। ১৮৩২ সালের ৭ আইনের ৭ ধারাতে বিশেষ ছকুম আছে যে প্রধান সদর আমীনের আদালতে যে সকল ডিক্রী হয় তাহা ঐ আদালতের দারা নিয়ত ও অবর্জনীয়রপে জারী হইবেক। অতএব সদর দেওয়ানী আদালত বিধান করিতেছেন যে ১৮৩১ সালের ৫ আইনের বিধির অনুসারে যে মুনসেফেরা নিযুক্ত হইয়াছেন তাঁহারদের ডিক্রী জারী করণের দরখান্ত জিলা ও শহরের জন্ধ সাহেব আপনার ক্রমতাক্রমে প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিতে পারেন্ না এবং মুনসেফের করা সকল ডিক্রী আইনমতে তাঁহারদের দারা জারী হইবেক। যে গতিকে আইন্মতে মুনসেফ করা সকল ডিক্রী আইনমতে তাঁহারদের দারা জারী হইবেক। যে গতিকে আইন্মতে মুনসেফ কোন জাবেতামত মোকদ্রমা শুনিতে ও নিষ্পান্তি করিতে পারেন্ না কেবল এমত গতিকে ঐ মুনসেফ দেই মোকদ্রমার ডিক্রী জারী করিতে পারেন্ না। ১২২৩ নম্বরী আইনের অর্থ।

১৭৭। কলিকাতাস্থ সদর আদালত আলাহাবাদের সদর আদালতের সঙ্গে ঐক্য হইয়া বিধান করিলেন যে ওয়াসিলাৎ কিয়া সুদ অথবা উভয় বিবাদির বিরোধি অন্য কোন বিষয়ে ডিক্রী জারী করণ সময়ে যে কোন তুকুম দেওয়া যায় তাহা ডিক্রীকরণিয়া আদালত যে বিষয়ের নিষ্পত্তি করিয়াছেন ঐ বিষয় সম্পর্কে সেই আদালতের অভিপ্রায় সিদ্ধ কর্ণার্থ আবশ্যক তুকুম এমত জ্ঞান করিতে হইবেক এবং তাহা নুহন মোকদমার কারণ জ্ঞান করিতে হইবেক না। ১১২৯ নম্বরী আইনের অর্থ।

১৭৮। ১৮৩৭ দালের ২৫ আইনের ১ ও ৪ ধারার বিধির অনুসারে যে মোকদ্দমা
প্রধান দদর আমানের প্রতি অর্পণ হয় দেই প্রকার মোকদ্দমার ডিক্রীর উপর আপীল যে
কপে দদর দেওয়ানী আদালতে করিতে হয় দেইক্রপে ঐ প্রকার মোকদ্দমার ডিক্রী জারী
করণেতে যে দকল ছকুম প্রধান দদর আমীন করেন্ তাহার উপর আপীল ঐ আদালতেও
করিতে ছইবেক। ১৮৩৮ দালের ৫ জুনের দরকুলের অর্ডরের ২ দকা।

১৭৯। মুনদেক ও সদর আমীন এবং প্রধান সদর আমীনেরদের আদালতে উপস্থিত হওয়া জাবেভামভ মোকদমার যে রোয়দাদী কাগজপত্র মাদেং পাঠাইতে হয় ভাহার সক্ষেপ্র মানে তাঁহারা বে সকল ডিক্রী জারীর মোকদমা এবং মুৎফরককা মোকদমা নিষ্পত্তি করিয়াছেন ভাহার রোয়দাদও জল সাহেবের নিকটে পাঠাইবেন। কিন্তু ঐ মাদের মধ্যে ডিক্রী জারী করণের যে মোকদমা নথীহইতে উঠান গিয়াছে এবং রোয়দাদ পাঠাওনের ভারিথের পূর্বে ভাহা জারী করণের নিমিত্ত নুহন দর্থান্ত হইয়াছে দেই প্রকার মোকদমার রোয়দাদ পাঠাইবেন না কিন্তু ঐ রোয়দাদের বদলে নথীহইতে মোকদমা উঠাওনের ছকুমের নকল এবং ডিক্রী জারী করণের পুনর্বার যে দর্থান্ত দেওয়া গিয়াছে ভাহার নকল এবং ঐ দর্থান্তক্রমে তাঁহারা যাহাং করিয়াছেন ভাহার কৈফিয়ৎ পাঠাইবেন। ১৮৩৯ সালের ২০ লেপ্টেম্বের সরক্যলর অর্ডরের ১০ দকা।

#### ১৪ ধারা।

ডিক্রী জারীক্রমে মুনদেফেরা যে টাকা পান্ তাহা রাখণ ও দেওন।

১৮০। ডিক্রী জারী করণের বাবং মুনসেফেরা যে সকল টাকা পান্ ও যে সকল টাকা দেন্ নীচের লিখিত পাঠানুসারে তাহার এক হিসাব রাখিবেন। ঐ হিসাব এক বহীর মধ্যে লিখিতে হইবেক এবং যত উত্তম ও শক্ত কাগজ পাওয়া যায় তাহাতে ঐ বহী করিয়া উপযুক্তমতে জেলদ করিবেন। ঐ বহীর মধ্যে কোন জমাখরচ লিখনের পূর্বের্ম মুনসেফের উচিত যে ঐ বহীর প্রত্যেক সফাতে নয়র দিয়া জিলার জজ সাহেবের নিকটে পাঠান্ এবং তাহাতে যত পৃষ্ঠা থাকে তাহা ঐ বহীতে জজ সাহেব লিখিয়া মুনসেফের নিকটে ফিরিয়া পাঠাইবেন। টাকার জমা খরচের ঐ প্রকার রেজিইটরী বহী সমাপ্ত হইলে তাহা মুনসেফ জিলার জজ সাহেবের নিকটে পাঠাইবেন এবং জজ সাহেব তাহা আপন দিরিশ্তায় রাখিবেন। ১৮৩৩ সালের ৫ ফেব্রুআরির সরকুলর অর্ডরের ২ দফা।

১৮১। কোন টাকা মুনদেফের আদালতে দাখিল হইলে তাঁহার উচিত যে সাধ্যপর্যন্ত ঐ টাকা যে ব্যক্তির প্রাপ্য তাহাকে অগোণে দেন্। যদ্যপি দেই ব্যক্তি অথবা তাহার মোখার হাজির না থাকে তবে নিকটস্থ থানার আমলার দ্বারা ঐ টাকা জিলার জজ সাহেবের নিকটে পাচাইতে হয়। মুনদেফের আদালতে যে টাকা দাখিল হয় তাহা অধিক কাল আপনার নিকটে রাখিবার কিছু আবশ্যক নাই। টাকার জমাখরচের হিসাব মাদেহ সমাপ্ত করিতে হয় এবং প্রতিমাদে যত টাকা পাওরা গিয়াছে ও যত টাকা দেওয়া গিয়াছে তাহার এক খোলাসা ঐ রেজিইটর বহীহইতে লিখিয়া জজ সাহেবের দৃষ্টি করণর্থ এবং সিরিশ্তায় থাকিবার নিমিত্ত তাঁহার কাছারীতে পাচাইতে হয়। জজ সাহেবের উচিত যে ঐ খোলাসায় দৃষ্টি করেন্ এবং তাহাতে যদি কোন বেদাঁড়া দেখা যায় তবে উচিত বোধ হইলে তাহা বুঝাইয়া দিতে মুনদেফকে ছকুম দেন্। ১৮৩৩ সালের ৫ ফেব্রুআরির সর্কালর অর্থরের ও দফা।

১৮২। যে মুনদেফেরদের কাছারী জিলার জজ সাহেবের আদালতের নিকটে অথবা কএক জোশমাত্র দূরে থাকে সেই মুনদেফেরদের এইক্ষণে টাকা দেওনের বিষয়ে যে ব্যবহার চলিতেছে তাহাতে প্রায় কোন ফেরফার করণের আবশ্যক দৃষ্ট হয় না তরিমন্নে কেবল এইমাত্র বিশেষ করিতে হইবেক যে ডিক্রীদার টাকা পাইবার নিমিত্র একেবারে মুনদেফের নিকটে দরখাস্ত দিবেক এবং মুনদেফ আপন আদালতে টাকা পাঠাইতে জজ সাহেবের নিকটে দরখাস্ত করিবেন তাহা হইলে জজ সাহেবের নিকটে ডিক্রীদারের কোন দরখাস্ত করণের আবশ্যক থাকিবেক না। ১৮৩৯ সালের ২২ মার্চের সরকুলের অর্ডরের ২ দফা।

### ১৫ ধারা।

## জিলার আদালতের ডিক্রা জারীক্রমে কয়েদকরণ।

১৮৩। তৎপরে আদালত তাহার ভূম্যাদি দকল বস্তু নীলামে বিক্রয় করিয়া কিয়া তাহাকে কয়েদ রাথিয়া বর প্যদি জজ দাহেব আবশ্যক জানেন্তবে তাঁহার দাধ্য আছে যে তাহার দকল বস্তুও নীলাম করিয়া এব প্তাহাকেও কয়েদ রাথিয়া ডিক্রী জারী করেন্ ইতি ।—১৭৯৩ দা। ৪ আ। ৭ ধা।

১৮৪। যদি দেওয়ানী আসামী জেলখানাইইতে পলায়নপ্রযুক্ত ফৌজদারী তকুমক্রমে তাহার পায়ে বেড়ি দিবার তকুম হয় নাই তবে তাহার পায়ে বেড়ি দেওয়া ঘাইতে পারে না অর্থাৎ দেওয়ানী আসামী জেলখানাইইতে পলাইতে না পারে কেবল এই নিমিত্ত তাহার পায়ে বেড়ি দেওয়া যাইতে পারে না। ৬২৪ নমুরী আইনের অর্থ।

১৮৫। ময়মনসি৲হের জল সাহেবের জিজাসা করাতে বিধান হইল যে কোন আদা-

মী ফৌজদারী অকুমক্রমে কয়েদ থাকনের সময়ে দেওয়ানী বিষয়ে তাছাকে গ্রেক্তার করণের ছকুম ছইলে দেওয়ানী আদালত মাজিট্রেট সাহেবকে এইমত ছকুম করিতে পারেন্ না যে এ আসামীর কয়েদের মিয়াদ অতীত হইলে ভাহাকে সোপর্দ করেন্ কিন্তু সেই আসামী খালাস হইলে পর নিয়মিত দাঁড়াক্রমে ভাহাকে গ্রেক্তার করিতে হইবেক। ১২৭৬ নম্বরী আইনের অর্থ।

১৮১। আদালতের ডিক্রী জারী করণেতে যে আসামী কয়েদ হয় তাহাকে থালাস করণের বিষয়ে আইনমতে দেওয়ানী আদালতের কেবল এই ক্ষমতা আছে যে ১৮০৬ সালের ২ আইনের ১১ ধারার বিধির অনুসারে কয়েদী ব্যক্তি যদি ঐ আইনের নির্দিষ্ট-মতে আপনার যোত্রহীনতার প্রমাণ দেয় তবে তাহাকে থালাস করেন্। যে ব্যক্তির দর্থাস্তক্রেম আসামী কয়েদ হইয়াছে সেই ব্যক্তির সম্ভিনা হইলে জজ সাহেব দেওয়ানী সম্পানীয় কয়েন আসামীকে পীড়াপ্রযুক্ত থালাস করিতে পারেন্না। ১১১৪ নম্বরী আইনের অর্থ।

১৮৭। সদর আদালত বিধান করিতেছেন যে দেওয়ানীসম্পর্কীয় কোন আসামী এক বৎসরের অধিক কয়েদ থাকিলে জিলা ও শহরের জজ্ঞ সাহেবেরদের উচিত সে তাহার করেদ থাকনের কারণ সংক্রেপ লিখিয়া সদর আদালতে জানান্। ১৮৩৩ সালের ১৩ সেপ্টেম্বের সরকালর অর্জর।

১৮৮। দেওয়ানী অকুমক্রমে দেওয়ানী জেলখানায় যে ব্যক্তিরা কয়েদ থাকে তাহারদের উপর মাজিস্ট্রেট সাহেবের কিপর্যান্ত কর্তৃত্ব আছে এ বিষয়ে মাজিস্ট্রেট সাহেব ও জিলার জজ সাহেবের মধ্যে বিরোধ হওয়াতে সদর আদালত বিধান করিতেছেন যে ঐ কয়েদী ব্যক্তির-দের সঙ্গে মাজিস্ট্রেট সাহেবের কোন কথাবার্ত্তা কহনের আবশ্যক হইলে কেবল জজ সাহেবের ছারা তাহা করিতে হইবেক এমত অকুম দেওনের কোন কমতা ১৮২৬ সালের ও আইনের বিধির ছারা জজ সাহেবের প্রতি অর্পণ হয় নাই। ১০২১ নম্বরী আইনের অর্থের ১ দফা।

১৮৯। কিন্তু সদর আদালত প্রকুম করিতেছেন যে ঐ আইনের ৬ ধারানুসারে ঐ কয়েদীরদের সঙ্গে জ্ঞা সাহেবের কোন কথা কহিতে হইলে তিনি মাজিট্রেট সাহেবের অনুমতি
না লইয়া তাহা করিতে পারেন। ১০২১ নার্রী আইনের অর্থের ২ দফা।

## ১৬ ধারা।

মুনদেফ কি দদর আমীন কি প্রধান দদর আমীনের ডিক্রী জারীক্রমে আদ!মীকে কয়েদ করণ।

১৯০। ইঙ্গরেজী ১৮৩১ সালের ৫ আইনের ১১ ধারা রদ হইল ও ঐ সালের ৫ আইনের ২২ ধারায় প্রধান সদর আমীনদিগকে আপনারদিগের করা ডিক্রী জারী করিবার যে হুকুম দেওয়া গিয়াছে ঐ হুকুম ঐ আইনানুসারে নিযুক্ত মুনসেক ও সদর আমীনের উপরও থাটিবেক কিন্তু জানান যাইতেছে যে দেওয়ানী বিষয়ি কোন হুকুমনামা জারী করণের অর্থে ঐ কার্য্যকারকেরা উক্ত হুকুমক্রমে আপন২ ক্ষমতায় কোন আসামীকে কয়েদ করিবার হুকুম দিতে পারিবেন না ঐ প্রকার কয়েদ করণের হুকুম দেওনের আবশ্যক হইলে যে কার্য্যকারকের দারা আসামী গ্রেফ্তার হইয়া থাকে ঐ কার্য্যকারক তাহাকে কয়েদ রাথণের নিমিত্তে যে থোরাকী আমানৎ হইয়া থাকে তাহাসমেত জিলা বা শহরের জজ সাহেবের নিকটে পাঠাইবেন এবং জিলা বা শহরের জজ সাহেবের নিকটে পাঠাইবেন এবং জিলা বা শহরের জজ সাহেবের নিকটে পাঠাইবেন এবং দিবেন ঐং গতিকে আমলার দারা ভাহাকে জেলখানায় কয়েদ কয়িবার হুকুম দিবেন ঐং গতিকে

মুনদেক বা সদর আমীনের করা ত্রুমের উপর আপীল হইলে জিলা বা শহ-রের জজ সাহেব যে ত্রুম করিবেন তাহাই চূড়ান্ত হইবেক ইতি।—১৮৩২ সা। ৭ আ। ৭ ধা।

১৯১। সদর আদালত বিধান করিতেছেন যে ১৮৩২ সালের ৭ আইনের ৭ ধারার বিধি প্রধান সদর আমীন ও মুনসেফেরদের বিষয়ে খাটিবেক এমত অভিপ্রায় ছিল অতএব জন্ন সাহেবের অনুমতি না লইয়া প্রধান সদর আমীন কোন আসামীকে কয়েদ করিতে পারেন্ না। ৯৪৭ নম্বী আইনের অর্থ।

১৯২। অশপ কাল হইল এক জন প্রধান সদর আমীন আপন আদালতে ৫০০০ টাকার উর্জ্ব এক মোকদমার ডিক্রী জারী করণার্থ ১৮৩২ সালের ৭ আইনের ৭ ধারার বিধানানুসারে আসামীকে জেলখানায় কয়েদ করিবার নিমিত্তে এক পত্র জজ সাহেতের আদালতে প্রেরণ করিলেন। জজ সাহেব ঐ আসামীকে প্রধান সদর আমীনের নিকটে ফিরিয়া পাঠাইয়া আপনার এই অভিপ্রায় লিখিলেন যে ৫০০০ টাকার উর্দ্ন কোন মো-কদমার সহিত আমার এলাকা নাহি। অতএব তোমার নিকটে নীচের লিখিতব্য বিধান প'ঠাইতে আমি আজা পাইয়াছি। আলাহাবাদ ও কলিকাতার সদর আদালতের অধি-কাৎশ জন্ত সাহেবেরদের মত হইয়াছে যে কোন মোকদ্মার বিষয়ে জল সাহেবের যে ছকুম দেওনের ক্রমতা আছে ১৮৩৭ সালের ২৫ আইনানুসারে প্রধান সদর আমীনেরও সেইরপ ছকুম দেওনের সম্পূর্ণ ক্ষমতা আছে কিন্তু তাঁহার ছকুমের উপর সদর দেওয়ানী আদালতে আপীল হইতে পারে। অতএব ৫০০০ টাকার উর্দ্ধ মোকদ্মায় তিনি আসা-মীকে কয়েদ করিবার হুকুমও দিতে পারেন্। এবং প্রধান সদর আমীনের লিখনানুসারে জ্ঞজ সাহেব ঐ আসামীকে কয়েদ করিতে অথবা থালাস করিতে দেওয়ানী জেল রক্ষককে হুকুম দিতে পারিবার নিমিতে ঐ মোক্দমায় জ্ঞা সাহেবের কর্তৃত্ব যে থাকে ইহার আব-শাক নাই এমত গতিকে জজ সাহেবের এইমাত্র কর্ত্তব্য যে তিনি সেইরূপ পর্ওয়ানা দেনু এবং ১৮৩৩ সালের ৪ জানুআরি তারিথের ৭৬ নম্বরী সরকালর অর্ডর প্রকাশ হওনের পুর্বের রাজম্বদম্পর্কীয় তুকুমানুদারে আদামীদিগকে জেলখানায় স্থান দিবার যেরূপ জেল-খানা বৃক্ষকের প্রতি ছকুম ছিল সেইরুপে এই গতিকে জেলখানা বৃক্ষক আসামীকে কয়েদ বা খালাস করিবেন। এ সরকালর অর্ডরেতে কালেক্টর সাহেবেরদের প্রতি আপনং বাকীদার আসামীদিগকে কয়েদ অথবা খালাস করণ বিষয়ে আপনারদের ছকুম পাঠা-ইতে ক্ষমতা দেওয়া গিয়াছিল। ১৮৪০ সালের ১৮ সেপ্টেম্রের দর্কালর অর্ড্র।

১৯৩। ঢাকা জিলার জজ সাহেব সদর আদালতে লিখিলেন যে এই জিলার যে ভাগ ফরিদপুরের জাইট মাজিট্রেট সাহেবের অধীন আছে সেই ভাগে নিযুক্ত প্রধান সদর আমীন ও মুনসেফেরদের হুকুমক্রমে ডিক্রী জারী করণেতে যে ব্যক্তিরা গ্রেন্ডার হয় ভাহারদের বিষয়ে ১৮৩২ সালের ৭ আইনের ৭ ধারার বিধির মতাচ্প অবিকল করিলে অনেক ক্লেশ ও শল্পা হুইতে পারে। অতএব সদর আদালত বোধ করেন্ যে আসামীরা যদ্যপি ঢাকায় প্রেরিড হুইতে না চাহে তবে প্রধান সদর আমীন ও মুনসেফেরা ফরিদপুরের দেওয়ানী জেল-খানায় কয়েদ হওনার্থ কোন ব্যক্তিকে তথাকার জাইট মাজিট্রেট সাহেবের নিকটে পাঠাই-লে যদি ঐ বিচারকেরা সেই সময়ে ঢাকার জঙ্গ সাহেবের নিকটে সেই সকল বৃত্তান্তের বিপোর্ট করেন্ এবং জঙ্গ সাহেব যেমত যথার্থ ও উচিত বোধ করেন্ সেইমত ঐ স্তকুম অন্যথা বা বহাল রাখেন্ তবে আইনের হুকুম যথোচিত প্রতিপালন হয়। এবং গবর্গমেটের ইহাতে যদি কোন আপরি না থাকে তবে ঢাকার জঙ্গ সাহেবকে সেইমত কার্য্য করিতে সদর দেওয়ানী আদালতের সাহেবেরা হুকুম দিতে চাহেন্। ভাহাতে কলিকাভান্থ শ্রীযুত বৈস-প্রদীত্তেন্ট সাহেব হজুর কৌন্সেলে কহিলেন যে সদর দেওয়ানী আদালতের সাহেবেরা এমত হুকুম দিতে পারেন্। ১৮৩৪ সালের ২১ মার্চের সরকুলর অর্ডর।

[অন্যান্য যে আদালত এইমতে অতিদূর স্থানে থাকে তাহার বিষয়েও এই বিধি থাটি-

বেক 🏻 🗎

#### ১৭ ধারা।

## দেওয়ানী জেলথানাতে কয়েদীরদের থোরাকী টাকা।

১৯৪। জিক্রী জারীপ্রযুক্ত কিয়্বা দেওয়ানী আদালতের অন্য হুকুমানুসারে যে সকল লোক কয়েদ হয় তাহারদের থোরাকী টাকা আদায় করণয়য়ৢর্কায় ইঙ্গরেজা ১৭৯৩ সালের ৪ আইনের ৮ ধারা যাহা ১৭৯৫ সালের ৮ আইনের ২ ধারামতে বারাণস দেশে চলন হইয়াছে এব॰ ১৮০৩ সালের ৩ আইনের ১০ ধারা যাহা দত্ত দেশে পুনর্কার চলন হইয়াছে ঐ ঐ ধারার লিথিত কোনং কথা কিয়্বা চলিত অন্য কোন আইনের ধারার কোনং হুকুম শ্বধরণের নিমিত্তে এমত নির্দিষ্ট হইল যে ফরিয়াদী কোন ব্যক্তিকে ধরিবার নিমিত্তে দর্থাস্ত করিলে ও তাহা প্রাপেযোগ্য হইলে যে আসামীর উপর গ্রেম্বারীর হুকুম জারী হইবেক গ্রেম্বারীর থরচাব্যতিরেকে তাহার কয়েদ হওনের দিনাবধি ৩০ দিনের থোরাকা উপযুক্ত টাকা পুর্ব্বে আমানং না করিলে তাহাকে গ্রেম্বার করিবার নিমিত্তে দেওয়ানী আদালতহইতে কোন হুকুম জারী হইবেক না এবং ঐ ৩০ ত্রিশ দিন গত হইলে আগামি ৩০ ত্রিশ দিনের থোরাকা টাকা আমানং রাথিবেক এইরপে তাহার থালাস না হওয়াপর্যান্ত আমানং করিবেক।—১৮৩০ সা। ৬ আ। ২ ধা।

১৯৫। জজ সাহেবের কর্ত্তব্য যে গ্রেস্তারীর হুকুম জারী করণসময়ে তাহার থোরাকী টাকার পরিমাণ নিরপণ করেন কিন্তু যদি তাহার পর ঐ নির্কাণত টাকার কিছু পরিবর্ত্ত করিতে কোন প্রবল কারণ দেখা যায় তবে তাহা করা যাইবেক এবং পূর্ব্বের চলিত আইনানুসারে নিরপণ হইবেক অর্থাৎ দিনপ্রতি 1০ চারি আনার অধিক ও /০ এক আনার ন্যুন না হয় ও ঐ থোরাকী টাকা নিরপণ করণে আসামার অবস্থা ও মর্যাদা এবং ফরিয়াদীর সাধ্যের প্রতি বিবেচনা করা যাইবেক কিন্তু যদি কোন বিশেষ অবস্থাপুযুক্ত 1০ চারি আনাহইতে অধিক করণের আবশ্যক হয় তবে সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের ক্ষমতা আছে যে জজ সাহেবের রিপোর্ট দৃষ্টি করিয়া কিয়া বিশ্বস্ত সম্বাদ শ্বনিয়া যে কিছু অধিক করণের আবশ্যক বোধ হয় তাহার হুকুম করেন্ কিন্তু কোন মতে দিনপ্রতি ১০ এক টাকার অধিক না হয় ইতি।—১৮৩০ সা। ৬ আ। ২ ধা।

১৯৬। ফরিয়াদীর কর্ত্তব্য যে উপরের উক্ত ধারানুসারের খোরাকী টাকা পূর্ব্বমত আদালতের নাজিরের স্থানে দিতে হইবেক ও নাজিরের উচিত যে যে মালের যে তারিথে তাহা পায় লেই মালের দেই তারিথ নিদর্শনে ফরিয়াদীকে রসীদ দেয় এব° যদি ফরিয়াদী পূর্ব্বোক্ত খোরাকী টাকা দেওনের নিরুপিত দিনে কিয়া তাহার পূর্ব্ব দিনে ঐ টাকা দিতে ক্রটি কিয়া অম্বীকার করে তবে নাজিরের কর্ত্তব্য যে তৎক্ষণাৎ তাহার কৈফিয়ৎ লিথিয়া তাহাতে দম্ভথৎ করিয়া জজ সাহেবের হলুরে দাখিল করে এব° জজ সাহেবের কর্ত্তব্য যে তৎক্ষণাৎ আসামীর খালাসীর হকুম জারী করেন আর যে আসামী এই প্রকারে খালাস হয় সে পুনর্বার ঐ মোকদ্দমার বিষয়ে ঐ ফরিয়াদীর ঐ দাওয়াতে গ্রেম্ভার ও কয়েদ হইবেক না কিম্ভ যদি আদালতের সাহেবের বিবেচনাতে এমত স্থির হয় যে আসামী যে ডিক্রী কিয়া অন্য দাওয়াপ্রযুক্ত প্রথমতঃ কয়েদ হয় সেই ডিক্রীর কিয়া অন্য দাওয়ার টাকা আদায় হওনের সূলভ যে ধনেতে হইত

দেই ধন প্রবঞ্চনা ও দুষ্টতা করিয়া গোপন কিন্তা হস্তান্তর করিয়াল্ছ তবে ঐ আসামী পুনর্বার ঐ মোকদ্দমায় ঐ করিয়াদীর দাওয়াতে গ্রেফ্টার ও কয়েদ ইইতে পারিবেক ইতি।—১৮৩০ সা। ৬ আ। ৩ ধা।

১৯৭। জিলা ও শহরের জজ সাহেব লিখিলেন যে ১৮৩০ সালের ৬ আইনের ৩ ধারায় লেখে যে "যদ ফরিয়াদী পূর্ব্বোক্ত খোরায় লেখে যে "যদ ফরিয়াদী পূর্ব্বোক্ত খোরায় লেখে যে "যদ ফরিয়াদী পূর্ব্বোক্ত খোরায় লিখনের নির্ক্রপিত দিনে কি তাহার পূর্ব্ব দিনে দিতে জটি করে তবে জজ সাহেব আসামীর খালাসীর হুকুম জারী করিবেন আর যে আসামী এই প্রকারে খালাস হয় দে পুনর্বার ঐ মোকদমার বিষয়ে ঐ ফরিয়াদীর ঐ দাওয়াতে গ্রেস্তার ও কয়েদ হইবেক না।" যে মোকদমার বিষয়ে এক্ষণে রিপোর্ট করিত্রিছি তাহাতে দৃষ্ট হয় যে মৃত্যুঞ্জয় নামক ব্যক্তি ইহার পূর্ব্বে এই বিষয়েতে গ্রেস্তার হইয়া সাত দিবসপর্যান্ত নাজিরের চাপরাসীর জিম্মায় ছিল পরে ফরিয়াদী তাহার নিমিত্ত আর খোরাকী টাকা না দেওয়াতে সেই ব্যক্তি খালাস হইল। আমি এক্ষণে জানিতে চাহি যে ঐ মৃত্যুঞ্জয় সেই কর্জের নিমিত্ত পুনর্বার গ্রেস্তার হইয়া কয়েদ হইতে পারে কি না অর্থাৎ কোন আসামী কিছু কালের নিমিত্ত পোরে কি না। তাহাতে সদর আদালত উত্তর দিলেন যে ঐ মৃত্যুঞ্জয়ের উপর যে দাওয়া আছে তাহার বাবৎ সে জেলখানায় কথনো কয়েদ হয় নাই অতএব পূর্বকার কলিকাতার কোর্ট আপীলের ডিক্রীক্রমে ঐ ব্যক্তি গ্রেস্তার হইয়া জেলখানায় করেদ হইতে পারে। ১০১০ নয়রী আইনের অর্থের ২ দফা।

১৯৮। যে সকল আসামী দেওয়ানী আদালতের জেলথানার কয়েদ হয় তাহারদিগের থোরাকী টাকাবিষয়ক দাঁড়া নিবর্ত্ত পরিবর্ত্ত করিতে আবশ্যক বোধ হইলে সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের ক্ষমতা আছে যে প্রীযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের অনুমতিক্রমে অন্যকোন আইন জারী করণবাতিরেকে তাহা নিবর্ত্ত পরিবর্ত্তের হকুম জারী করেন্ ইতি। —১৮৩০ সা। ৬ আ। ৫ ধা।

১৯৯। জিলার জজ সাহেব সদর আদালতে জিল্ঞাসা করিলেন যে নাজিরের হাতে ত্রিশ দিনের খোরাকী টাকা না দেওয়া গেলে ১৭৯৯ সালের ৭ আইনক্রমে বাকীদারকে গ্রেন্ডার করণের দন্তক জারী করিতে ১৮৩০ সালের ৬ আইনের ২ ধারার দ্বারা নিষেধ আছে কি না। তাহাতে সদর আদালত লিখিলেন যে ১৮৩০ সালের ৬ আইনের এই অভিপ্রায় ছিল যে ১৭৯৩ সালের ৪ আইনের ৮ ধারার বিধি এইপর্যান্ত শুধরাণ যায় যে যে২ আসামী জেলখানায় কয়েদ হয় তাহারদের মহাজন তাহারদের খোরাকী টাকা দিবার ফটে করাত্তে তাহারদের অধিক ক্রেশ না হয়। অতএব ১৮৩০ সালের ৬ আইনের ২ ধারার এমত অর্থ করা যাইতে পারে না যে ১৭৯৯ সালের ৭ আইনক্রমে কোন বাকীদারের প্রতি দন্তক পাঠান যাইতে পারে না। কিন্তু ত্রিশ দিনের খোরাকী টাকা আমানৎ না হইলে এ বাকীদার জেলখানায় কয়েদ হইতে পারে না। ৫৭৫ নয়রী আইনের অর্থ।

২০০। যদি আসামী কোন মোকদ্মায় আদালতের ত্কুম না মানিবাতে কয়েদ হয় তবে তাহার থাদ্যথরচ ফরিয়াদীর স্থানহইতে লওয়া যাইবেক না ইতি।—১৭৯৩ সা। ৪ আ। ৮ ধা।

২০১। ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৪ আইনের ৮ ধারা ও ১৮০৩ সালের ৩ আইনের ১০ ধারার মতে দেওয়ানী আদালতের ডিক্সেক্রমে যে কোন ব্যক্তি কয়েদ হইয়া কয়েদের মধ্যে যে থোরাকী টাকা কি কড়ি পায় থালাস হইয়া তাহা তাহার প্রতিবাদিকে ফিরিয়া দিতে হইবেক কি না ইহাতে সন্দেহ ছিল অতএব এই ধারানুসারে এক্ষণে তাহা স্লফ্ট করিয়া লেখা যাইতেছে জানা কর্ত্ব্বা যে থোরাকী টাকা আদায় হওনের উপযুক্ত বস্তু ও ব্যক্তির থাকিলে ঐ থোরাকী টাকা আদালতের থরচার মধ্যে জ্ঞান করা গিয়া তাহা ঐ ব্যক্তিরে ফিরিয়া দিতে হইবেক কিন্তু যদি ঐ থোরাকা টাকা আদায় হওনের উপযুক্ত কিছু জায়দাদ অর্থাৎ সংখ্যান না থাকে তবে কেবল ঐ টাকার নিমিত্তে তাহাকে কয়েদ করা উচিত হইবেক না ইতি।—১৮০৬ সা। ২ আ। ১২ ধা।

২০২। পাটনার প্রবিষ্ণাল আদালত জিজাসা করিলেন যে উকীলের রসুমের নিমিন্ত আথবা যে ইফাম্প কাগজে ডিক্রী লেখা যায় সেই কাগজের নিমিন্ত যে ব্যক্তিরা কয়েদ হয় তাহারদের থোরাকী টাকা কে দিবেক। তাহাতে সদর আদালত বিধান করিলেন যে ১৭৯৩ সালের ৪ আইনের ৮ ধারার ভাব ও অভিপ্রায় এই যে যে ব্যক্তির প্রার্থনাতে দেওয়ানী অকুমানুসারে আসামী কয়েদ হয় সেই ব্যক্তি তাহার থোরাকী টাকা দিবেক। অতএব যদি কোন ব্যক্তি উকীলের রসুমের নিমিন্ত এবং তাহার থোরাকী টাকা দিবেক। যদি কোন ব্যক্তি ইফাম্পের মাসুলের নিমিন্তে অথবা সরকারের প্রাপ্য অন্য কোন টাকার নিমিন্ত কয়েদ হয় তবে সরকার তাহার খোরাকী টাকা দিবেন কিন্তু প্রত্যেক গতিকে দেওয়ানী প্রকুমক্রমে কোন ব্যক্তিকে কয়েদ করণের পূর্বের ঐ কয়েদ করণের দর্থান্ত আদালতে দিতে হইবেক এবং ঐ আসামীর স্থানে প্রাপ্য টাকার দাওয়া করণের পর প্রথমতঃ তাহার সম্পত্তির উপর এবং তৎপরে তাহার জামিনের সম্পত্তির উপর ডিক্রী জারী করিতে হইবেক। ২১ নয়রী আইনের অর্থ।

২০৩। সদর আদালতে বার্ম্বার জিল্লাসা করা গিয়াছে যে বাকী রাজস্বের নিমিত্ত অথবা আইনের ছকুমকরা অন্য কোন হিসাবে যে ব্যক্তিরা কালেক্টর সাহেবের অথবা সরকারের অন্য কোন কার্য্যকারকের প্রার্থনার দেওয়ানী জেলখানার কয়েন হয় সেই ব্যক্তিরদের নিয়মিত খোরাকী টাকা কি রূপে দিতে হইবেক। তাহাতে সদর আদালত অথম আদালতেরদের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্ত জানাইলেন যে যদ্যপি ১৭৯৩ সালের ৪ আইনের ৮ ধারার লিখিও ছকুম প্রত্যেক করিয়াদীর বিবয়ে খাটিতে পারে না তথাপি ঐ আইনের ঐ ধারার ভাব ও য়য়্ম এইমত সকল মোকদ্মার সঙ্গে সম্পর্ক রাখে। এবং আসামী যে জজ সাহেবের ছারা কয়েন হয় সেই জজ সাহেবকে আপন বিবেচনামতে তাঁহার খোরাকীর নিরিখ নিরূপণ করিতে ক্ষমতা আছে অতএব কালেক্টর সাহেব অথবা অন্য কোন সরকারী কর্মকারকের দরখান্তক্রমে আসামী কয়েন হইলে জজ সাহেব সেই ক্ষমতানুসারে যে খোরাকী টাকা নিরূপণ করেন্ সেই খোরাকী ঐ কালেক্টর সাহেব প্রস্তৃতির দিতে হইবেক। ১৮১৮ সালের ২০ আপ্রিলের সরকুলের অর্ডর।

২০৪। সদর আদালত বিধান করিতেছেন যে দেওয়ানী জেলখানার করেদহওয়া ব্যক্তিরদের খোরাকী টাকা আমানৎ করণের বিষয়ে ১৮৩০ সালের ৬ আইনে যে বিধি আছে তাহা যেমন সাধারণ ব্যক্তির বিষয়ে খাটে তেমনি সরকারী কর্মকারকের বিষয়েও খাটে । ৬৪৭ নমূরী আইনের অর্থ।

## ১৮ ধারা।

### কিস্তিবন্দীর দ্বারা ডিব্রুবর টাকা শোধ করণ।

২০৫। জিলা ও শহরের দেওয়ানী আদালতের সাহেবদিগের কিন্তিবন্দী মতে ডিক্রীর টাকা দিবার হুকুম ডিক্রীতে লিথিবার অথবা যাহার উপর ডিক্রী হয় সে ব্যক্তি দুস্থ ও অযোত্রাপন্ন হইলে ডিক্রী হওনের পরে কিছু কাল ব্যাজে ডিক্রীর টাকা দিবার হুকুম দিবার ক্ষমতা আছে কি না ইহাতে সন্দেহ আছে এ কারণ এই ধারানুসারে বিশেষ করিয়া ও মুফ্ট করিয়া লেখা যাইতেছে যে যে ব্যক্তির উপর ডিক্রী হয় তাহার কিম্বা তাহার মালজামিনের ডিক্রীর টাকা আদায় হওনের যোগ্য কিছু জায়দাদ অর্থাৎ বিষয়বিভব যদি থাকে তবে এমতে আদালতের সাহেবদিগকে শেষ ডিক্রী জারী করণেতে কোন প্রকারে বিলম্ব ও ব্যাজ করিতে অনুমতি নাহি কিন্তু যে ব্যক্তির পক্ষে ডিক্রী হয় সে ব্যক্তি ডিক্রীর টাকা কিন্তিবন্দীমতে কিয়া অন্য কোন প্রকারে পাওনের একরারনামা পাইয়া যদি ডিক্রী জারী হওনেতে কিছু কাল বিলম্ব হওয়া দ্বী-কার করে কিয়া জজ সাহেব কোন বিশেষ হেতুপ্রযুক্ত ভূম্যাদি বস্তু বিক্রয় করণে কিছু গৌণ করা উচিত বুকেন্ তবে কিছু বিলম্ব হইতে পারিবেক।—১৮০৬ সা। ২ আ। ১০ ধা।

২০৬। আর যদি ডিক্রীর টাকা আদার হওনের উপযুক্ত কোন প্রকার কিছু বস্তু সম্পৃত্তি না থাকে ও যে আদালতের সাহেবের হুকুমক্রমে মোকদমা ডিক্রী হয় অথবা যে আদালতের সাহেবের ব্যাপ্যাধিকারে ডিক্রী জারা করিডে হইনেক তাঁহারা যে মিয়াদ দেওয়া সঙ্গত ও বিহিত বুক্মেন্ যে ব্যক্তির উপর ডিক্রী হইয়াছে সে কি তাহার মালজামিন সেই মিয়াদের মধ্যে কিন্তিবন্দীমতে ডিক্রীর টাকা দেওনের নিমিত্তে এক একরারনামা হাজিরজামিনা কি মালজামিন সহিত যে ব্যক্তির উপর ডিক্রী হয় সে ব্যক্তি কিয়া তাহার মালজামিন আপন ইচ্ছাক্রমে অথবা আদালতের সাহেব তলব করিলে যদি দাখিল করিতে চাহে তবে এমতে ঐ সাহেবদিগের কিয়া কমিস্যানরদিগের করা ডিক্রী যে সাধ্যে জারী করিয়া থাকেন্ তাঁহার ক্ষমতা আছে যে সে একরারনামা মঞ্জুর অর্থাৎ গ্রাহ্য করেন্ ও ঐ একরারনামার নিয়মমতে কার্য্য করেণ কিছু ক্রটি না করিলে ঐ সাহেবেরা একরারনামার লিখিত নিয়মানুক্রমেই ডিক্রী জারী করিনে।—১৮০৬ সা। ২ আ। ১০ ধা।

২০৭। আর যে ব্যক্তি এমত একরারনামা দাখিল করে দে ব্যক্তি যদি বন্ধনে থাকে তবে একরারনামা দিবামাত্র তাহাকে ছাড়িয়া দিবেন আর ঐ ব্যক্তি একরারনামার লিখিত নিয়মমতে কার্য্য করিতে ত্রুটি না করিলে ডিক্রীর টাকা আদায়ের কারণ কদাচ কয়েদ হইবেক না ও একরারনামাতে সুদের যে হার লেখা গিয়া থাকে তাহাহইতে অধিক হারে সুদ লওয়া যাই-বেক না ইতি।—১৮০৬ সা। ২ আ। ১০ ধা।

২০৮। জঙ্গল মহালের জজ সাহেব জিজাসা করিলেন যে কোন মহাজনের নালিশ ক্রমে থাতক করেদ হইলে যদি সেই থাতক কিন্তিবন্দীক্রমে আপনার দেনা পরিশোধ করিতে একরারনামা লিখিয়া দেয় এবং সেই একরারনামা জজ সাহেবের সাক্ষাৎ থাতক ও মহাজন স্থীকার করিয়া তাহাতে দন্তথৎ করে এবং থাতককে কয়েদহইতে থালাস করিতে যদি মহাজন অনুমতি দেয় এবং যদি তৎপরে ঐ থাতক সেই একরারনামার নিয়মের মহাভ চরণ না করে তবে আদালত ঐ টাকা দেওয়াইবার বিষয়ে হুকুম করিতে পারেন্ কি না অথবা ঐ একরারনামার অনুসারে যে টাকা পাওনা হয় তাহা পাইবার নিয়ের ফরিয়াদীর নুতন নালিশ করিতে হইবেক কি না। তাহাতে সদর আদালত উত্তর করিলেন যে ঐ কিন্তিবন্দী যদি ডিক্রী জারীক্রমে হইয়া থাকে এবং যদি তৎপ্রযুক্ত ঐ ডিক্রী জারী ক্রমে হইয়া থাকে এবং যদি তৎপ্রযুক্ত ঐ ডিক্রী জারী ক্রমের ১০ ধারার ভাব ও অভিপ্রায়ের মধ্যে সেই বিষয় গণ্য করিতে হইবেক কিন্তু যদি থাতক কিয়া তাহার জামিন কহে যে ঐ কিন্তিবন্দীক্রমে আমরা টাকা দিয়াছি এবং যদি মহাজন তাহা স্বীকার না করে তবে থাতককে ভাহার প্রমাণ করিবার অনুমতি দিতে হইবেক। ৪৪ নম্বরী আইনের অর্থন

২০৯। আসামীর প্রতিকুলে যে ডিক্রী হয় যদি তাহা জারী করণার্থ সে ব্যক্তি এমত প্রার্থনা করে যে আমার ভূমির উপয়ভ্জহইতে টাকা আদায় করিয়া ক্রমেং পরিশোধ করিয়া লহ এবং যদি মহাজন সেই বন্দোবস্তেতে যীকৃত হয় তবে দেওয়ানী আদালতের

জন সাহেবের উচিত যে তাহা অবশাই মঞ্র করেন্ এবং সেই ভূমি ক্রোক করিতে ও তাহার থাজানা আদায় করিয়া আদাসতে দাখিল করিতে কালেক্টর সাহেবকে অকুম দেন্। ৭৫২ নম্বরী আইনের অর্থ।

## ১৯ ধারা।

# যোত্রহীন থাতকদিগকে থালাস করণ।

২১০। যে দকল অযোত্রাপন্ন কর্জা থাতক ও তাহারদিগের জামিনেরা ডিক্রীর হুকুমমতাচরণার্থে কয়েদ হয় আর কিদ্ধিবন্দীমতে কিয়া অন্য কোন প্রকারে ডিক্রীর টাকা দিতে অশক্ত হয় তাহারদিগের সুগম ও সুবিদা নিমিত্ত মকঃদল দেওয়ানী আদালত ও কোর্ট আপীল আদালত এবং সদর দেওয়ানী আদালতের সাহেবদিগকে ক্ষমতার্পণ করা যাইতেছে যে এমত কোন কয়েদী ব্যক্তি আপনার যে ভূমি ও নগদ টাকা ও দুব্যসামগ্রীইত্যাদি বস্তু নিজ নামে কিয়া বিনামে অথবা দাধারণে থাকে তাহার তালিকার ফর্দ্দ করিয়া আদালতে দাখিল করে তবে ঐ সাহেবদিগের কর্ত্তব্য যে ঐ তালিকার ফর্দ্দ প্রমাণ কি অপ্রমাণ তাহা ও তাহার প্রতিবাদী যে২ কথা কহে তাহাও সুন্দর বিবেচনাপুর্ব্বেক নিশ্চয় করিয়া বুক্তেন।—১৮০৬ সা। ২ আ। ১১ গ্রা।

২১১। পরে ঐ তালিকার সত্যতা আর ঐ তালিকার কর্দের লিখিত ভূম্যাদি বস্তুসমুন্তিভিন্ন ডিক্রীর টাকা সমুদায় আদায় হওনের উপযুক্ত আর কিছু যোত্র ও সংখ্যান নাহি এ কথা প্রমাণ হইলে আর ঐ কয়েদী ব্যক্তি তালিকার কর্দের লিখিত বস্তুসমুন্তি সমুদায় কিছা জজ সাহেব যাহা উচিত ও উপযুক্ত বুকেন্ তাহা আদালতে দাখিল করিলে পর আইনানুসারে ঐ সকল ভূম্যাদি বস্তু নীলাম করিয়া কয়েদী ব্যক্তির স্থানে জামিন না লইয়া কিছা আবশ্যক হইলে জামিন লইয়া কয়েদহইতে তাহাকে থালাস করিয়া দেন্।—১৮০৬ সা। ২ আ। ১১ ধা।

২১২। পরে জানা কর্ত্তর যে যে সকল লোক প্রকৃতই অত্যন্ত দুস্থ ও অযোত্রাপন্ন ও ধার্মিক ও সত্যপরায়ণ উপরের লিখিত কথা ও দাঁড়া কেবল তাহারদিনের সুখ ও সুবিদা নিমিন্ত চাহরা গেল এমতে কোন কর্জা খাতক কিয়া তাহার জামিন ডিজ্রীর টাকার নিমিন্তে কয়েদ হইয়া আপনার কিছু বস্তুসমুন্তি গোপন করিয়া রাখে কিয়া অন্য কোন ছল ও চক্রান্ত অথবা এমত কোন অপরাধ করে যে দে হেতুক তাহারদিগকে উপরের উক্ত যে সকল ধার্মিক ও সত্যপরায়ণ লোকেরা কর্জা মহাজনের টাকা শোধ দিবার নিমিত্তে আপনারদিগের সমস্ত বস্তুসমুন্তি দিতে উদ্যত তাহারদিগের মত আদালতের সাহেবদিগের নিকটে দয়া ও অনুগ্রহের যোগ্য লোক যদি না বুকা যায় তবে এমত অধার্মিক লোকেরা যাবৎ ডিক্রীর সমস্ত হকুমমতাচরণ না করে তাবৎ কদাচ বন্ধনহুত্তে মুক্ত ইইতে পারিবেক না।—১৮০৬ সা। ২ আ। ১১ ধা।

২১৩। আর কোন কয়েদী ব্যক্তি কয়েদইইতে থালাল ইইলে পর যদি কিছু টাকা কি কোন বস্তুসমৃত্তি উপার্জ্জন করে তবে কর্জ্জা মহাজন আদালতের লাহেবের আজ্ঞা ও অনুমতি লইয়া ঐ বস্তুসমৃত্তিইইতে যাহা আপনার ডিক্রীর পাওনা টাকা সমৃদায় আদায়হওনের উপযুক্ত চাহরে তাহা নালাম করিয়া লইতে পারিবেক ঐ কয়েদী ব্যক্তির থালাল হওলহেতুক এমত নালামের প্রতিবন্ধক হইবেক না। এবং কর্জ্জা থাতক আপনার এমত যেথ কোন বস্তু-

সমৃত্তি আপন নামে কিয়া বিনামে ভোগদখল করিত কোন চক্রান্তে গোপনে রাখিয়াছিল ইহা প্রমাণ হইলে কর্জা মহাজন ডিব্রেনির টাকা আদায়ের কারণ পুনর্বার তাহাকে কয়েদ রাখাইতে পারিবেক। আর আদালতের সাহেবেরা বিচারপূর্বকে এই ধারানুসারে যে হুকুম দেন তাহাতে ফরিয়াদী কিয়া আদানমা উভয় বিবাদির মধ্যে কেহ অসমত হইলে তাহারা কোর্ট আপীল আদালতে সে মোকদ্মার বিচার হওনার্থে নালিশ করিতে পারিবেক আর ঐ মত কোর্ট আপীলের সাহেবদিগের বিচারক্রমে অসমত হইলে সদর দেওয়ানী আদালতে নালিশ করিতে পারিবেক ইতি।—১৮০৬ সা। ২ আ। ১১ ধা।

২১৪। ১৮°৬ সালের ২ আইনের হেতুবাদ দুটে বোধ হয় যে ঐ আইনের ১১ ধারার বিধি যে যোত্রহীন কর্জা থাতক কয়েদ হয় কেবল তাহার উপকারের নিমিত্ত হইয়াছিল। অতএব অমুক সাহেব কয়েদ না হওয়াতে তিনি ঐ ধারানুসারে আপনার দায়হইতে যুক্ত হইতে পারেনু না। ১১৯৬ নম্বরী আইনের অর্থের ২ দকা।

ই১৫। কিন্তু ১৮০৬ সালের ২ আইনের ১০ ধারাতে এমত বিশেষ বিধি আছে যে "ডিক্রীর টাকা আদায় হওনের উপযুক্ত কোন প্রকার কিছু সম্পত্তি যদি না থাকে এবং যে ব্যক্তির উপর ডিক্রী হইয়াছে সেই ব্যক্তি যদি কিন্তিবন্দীমতে ডিক্রীর টাকা দেওনের নিমিত্তে একরারনামা দাখিল করিতে চাহে তবে ঐ আদালতের সাহেবদিগের ক্ষমতা আছে যে সেই একরারনামা মঞ্জুর করেন্ এবং ঐ একরারনামার নিয়মমতে কার্য্য করেণ কিছু ক্রটি না করিলে ঐ সাহেবেরা একরারনামার লিখিত নিয়মক্রমে ডিক্রী জারী করি—বেন"। এমত গভিকে যে ব্যক্তির উপর ডিক্রী হইয়াছে পূর্বে তাহার কয়েদ থাকনের আবশাক নাই যেহেতুক সেই প্রকরণে লেখে যে "যে ব্যক্তি এমত একরারনামা দাখিল করে সেই ব্যক্তি যদি কয়েদ থাকে তবে একরারনামা দিবামাত্র তাহাকে খালাস করিতে হই-বেক"। ১১৯৬ নমুরী আইনের অর্থের ও দফা।

২১৬। সদর আদালত আরো জানাইতেছেন যে চলিত আইনানুসারে কর্জা থাতককে দায়হইতে চূড়ান্তরূপে মুক্ত করিতে কোন দেওয়ানী আদালতের ক্ষমতা নাই এবং যোত্রহীন যে খাতক খালাস হয় তাহার সম্পত্তির উৎপন্ন টাকাহইতে সরকারের পাওনা টাকা
অগ্রে পরিশোধ হওনের পশ্চাৎ দাধারণ ব্যক্তির পাওনা শোধ হওনের ছকুম নাই যেহেতুক কর্জা খাতক খালাস হইবার পর তাহার স্থানে যে কোন সম্পত্তি পাওয়া যায তাহা
তাহার কোন মহাজন ১৮০৬ সালের ২ আইনের ১১ ধারানুসারে বিক্রয় করিয়া লইতে
পারে। ১১৯৬ নম্বরী আইনের অর্থের ৫ দফা।

২১৭। বাবু গোবিন্দ দাস ফরিয়াদী কুসাগর আসামী এই মোকদমায় সদর আদালতে জিল্ঞাসা করা গোল যে দেওয়ানী আদালতের ডিক্রী জারীক্রমে কয়েদহওয়া যোক্রহীন কর্জা থাতকের বিষয়ে ১৮০৬ সালের ২ আইনের ১১ ধারাতে যে বিধি আছে তদনু-সারে কয়েদহওয়া ব্যক্তিকে থালাস করিতে ঐ আদালতের কিপর্যান্ত ক্রমতা আছে। তাহাতে সদর আদালত বিধান করিলেন যে ঐ ধারার বিধির অনুসারে কর্জা থাতকের যে সকল সম্পত্তি থাকে তাহার যথার্থ তালিকা আদালতে দাখিল হইলে এবং সেই সকল সম্পত্তি আদালতে অর্পণ করিলে তাহার কর্জের সংখ্যার বিষয়ে এবং ডিক্রীক্রমে সেই ব্যক্তি যত কাল কয়েদ আছে এই দুই বিষয়ে কিছু জিল্ঞাসা না করিয়া সেই ব্যক্তি থালাস হইতে পারে। ৩০৮ নমুরী আইনের অর্থের ২ দকা।

২১৮। জিলা চকিশপরগনার জজ সাহেব ১৮০৬ সালের ২ আইনের ১১ ধারার অর্থের বিষয় জিজাসা করাতে সদর আদালত বিধান করিলেন যে দেওয়ানী আদালতের ডিক্রীক্রমে যে ব্যক্তিরা কয়েদ হয় কেবল সেই ব্যক্তিরাদের বিষয়ে ঐ আইনের ঐ ধারা খাটে অতএব রাজঘের বাকীদার এবং অন্যান্য যে ব্যক্তিরা আদালতের ডিক্রীক্রমে কয়েদ হয় ভাছারদের বিষয়ে যদ্যপি ভাছা খাটে তথাপি যে বাকীদারের প্রতিক্রলে কোন ডিক্রী

না হইয়া কেবল কালেক্টর সাহেবের দর্থাস্ক্রক্রমে বাকীর নিমিত্তে সেই ব্যক্তি কয়েদ হই-য়াছে সেই প্রকার বাকীদারের বিষয়ে ঐ আইনের ঐ ধারা থাটে না। ৮৬ নম্বরী আইনের অর্থা।

২১৯। ১৮০০ সালের ৬ আইনের ১৫ ধারাক্রমে কালেক্টর সাহেবের ছকুমানু-সারে যে আবকারেরা কয়েদ হয় ভাহারদের বিষয়ে ১৮০৬ সালের ২ আইনের ১১ ধা-রার বিধি থাটে না। ৯৫ নমূরী আইনের অর্থ।

২২০। যোত্রহীন কর্জা থাতকেরদের উপকারার্থ ১৮০৬ সালের ২ আইনের ১১ ধারার বিধির এই অর্থ সদর দেওয়ানী আদালত করেন্ যে দেওয়ানী আদালতের জাবেতামত অথবা সরাসরী ডিক্রীক্রমে যে সকল ব্যক্তি কয়েদ হয় তাহারদের বিষয়ে তাহা থাটে কিন্তু যাহারা দেওয়ানী আদালতের ডিক্রী বিনা অন্য কোন হুকুমেতে কয়েদ হয় তাহারদের বিষয়ে থাটে না। ৩২৮ নয়রী আইনের অর্থ।

২২১। বাকী খাজানার নিমিত্ত সরাসরী ডিক্রীক্রমে যে২ যোত্রহীন কর্জা খাতক করেদ হয় তাহারা ১৮০৬ সালের ২ আইনের ১১ ধারানুসারে কোন্ সরকারী কর্মকারকের হকুমে খালাস হইতে পারে। ঐ বিষয় জিজাসা হওয়াতে সদর দেওয়ানী আদালত এবং গ্রবর্ণমেন্ট হুকুম করিলেন যে বাকী খাজানার নিমিত্ত সরাসরী মোকদমাতে ইহার পূর্বের জঙ্ক সাহেবেরদের যে২ ক্ষমতা ছিল সেই সকল ক্ষমতা ১৮৩১ সালের ৮ আইনানুসারে রাজ্যের কালেক্টর সাহেবের প্রতি অর্পণ হইল। অতএব ঐ প্রকার বাকীদার দর্খান্ত করিলে এবং আপনার যোত্রহীনতার প্রমাণ দিলে উক্ত ধারানুসারে কালেক্টর সাহেবের ছারা খালাস হইতে পারে। ১৮৩৬ সালের ১৮ ন্যেয়রের সর্কুলের অর্ডর।

২২২। যে ব্যক্তি যোত্রহীনমতে নালিশ করিতে অনুমতি পাইয়াছে ভাহার মোকদমা ধার্চাসমেত ডিসমিস হইলে ডিক্রীক্রমে তাহার প্রতি যে টাকা দেওয়ার ভকুম হয় তাহা সেই ব্যক্তি যদি অন্যান্য ফরিয়াদীর মত না দেয় তবে আসামী দর্খান্ত করিলে এবং নিয়মিত খোরাকী টাকা আমানং করিলে সেই যোত্রহীন কয়েদ হইতে পারে এবং অন্যান্য সকল যোত্রহীন কর্জা খাতকেরদের মত ১৮০৬ সালের ২ আইনের ১১ ধারার বিধির অনুসারে খালাস হইতে পারে। ১১০ নম্রী আইনের অর্থের ৪ দফা।

২২৩ । সদর আদালত বিধান করিতেছেন যে কয়েদী ব্যক্তি যে টাকার নিমিত্ত কয়েদ
হইয়াছিল সেই টাকা পরিশোধ করিলে যদি কেবল মোকদমার অরচার বাবৎ কয়েদ
থাকে তবে যোত্তহীনেরদের বিষয়ে যে বিধি ইইয়াছে তাহার দ্বারা সেই ব্যক্তি খালাস
হইতে পারে। ৩০৯ নমুরী আইনের অর্থের ৫ দফা।

২২৪। সদর আদালত বিধান করিতেছেন যে সদর দেওয়ানী আদালতের ডিক্রী জারী করণের ভার যদি জিলার জন্স সাহেবের প্রতি অর্পণ হয় তবে ডিক্রী জারীক্রমে যে আসামী কয়েদ হয় তাহাকে ঐ জিলার জন্স সাহেব সদর আদালতে জিজাসা না করিয়া ১৮০৬ সালের ২ আইনের ১১ ধারানুসারে খালাস করিতে পারেন্। ১০৬২ নম্বরী আ-ইনের অর্থ।

২২৫। সদর আদালত বিধান করিতেছেন যে ১৮০৬ সালের ২ আইনের ১১ ধানর বিধির অনুসারে যে যোত্রহীন থাতক আপন সম্পত্তির বিষয়ে শপথপূর্বক জোবানবন্দী দেয় সেই ব্যক্তি থতের দরুন আপনার যে টাকা পাওনা থাকে তাহা যদি জানিয়া শুনিয়া ছাপাইয়া রাখে তবে ১৮১৭ সালের ১৭ আইনের ১৩ ধারার ১ প্রকরণের অনুসারে সেই ব্যক্তির মিথ্যা শপথ করণের দোষ সাব্যস্ত হইলে সেই ব্যক্তি দঙ্কীয় হইতে পারে। ১০৮৬ নমুরী আইনের অর্থের ২ দফা।

২২৬। সদর দেওয়ানী আদালত বিধান করিতেছেন যে এদেশীয় বিচারকেরদের ডিক্রীপ্রযুক্ত যে কোন ব্যক্তি কয়েদ হয় সে ব্যক্তি যোত্রহীন হইলে থালাস হইবার যোগ্য কি না ইহার নিষ্ণান্তি করণের ভার সুতরাৎ ঐ আদালতের হিচুরকের প্রতি আছে। তথাপি ঐ দর্থান্ত ইউরোপীয় জজ সাহেবের নিকটে দেওরা উচিত এবং তিনি ঐ কয়েদী ব্যক্তির জোবানবন্দী আপনি লইবেন অথবা ঐ এদেশীয় বিচারকের নিকটে তজবীল করণার্থ অর্পণ করিবেন এবং যদি তাহাকে থালাস করণের তকুম হয় তবে জজ সাহেবের নিকটে এমত দর্থান্ত দিতে হইবেক যে তিনি ঐ ব্যক্তিকে থালাস করণের বিষয়ে জেলরক্ষককে তকুম দেন্ এবং ঐ অধস্থ আদালতের ডিক্রীতে যে ব্যক্তিরা নারাজ হয় তাহারা জিলার জজ সাহেবের নিকটে আপীল করিতে পারে। ১১০৮ নমুরী আইনের অর্থ।

কলিকাতাস্থ ইন্সালবেল আদালতে কোন ব্যক্তির যোত্রহীনতার বিষয়ে প্রকৃষ হইলে সেই অকুমের দারা মফঃদল আদালতের ডিক্রী কিপ্যান্ত মতান্তর হয় তদিষয়ে আড-বোকেট জেনরল সাহেবের মতের এক নকল সদর দেওয়ানী আদালত জিলা ও শহরের জজ সাহেবেরদের বিজ্ঞাপন ও উপদেশের নিঘিত তাঁহারদের নিকটে পাচাইলেন। সেই মত এই ''আমার বোধ হয় যে ইঙ্গলণ্ডীয়েরদের ভারতবর্ষস্থ অধিকারের মধ্যে সকল আদালত এবং সুতরাৎ মফঃসঙ্গ আপীল আদালত ঘোত্রহীন খাতকের উপকারার্থ আইন অর্থাৎ আকট পার্লিমেন্ট অবশ্য মানিতে হইবেক এবং তাঁহারদের নিকটে উপস্থিত কোন মোকদমায় যদ্যপি করিয়াদীর দাওয়া যোত্রহীনের তফসীলের মধ্যে মঞ্র হইয়াছে অথবা যদি কেবল তাহার সংখ্যার বিষয়ে বিবাদ থাকে তবে ঐ ফরিয়াদীর আপন মোকদমায় ক্লান্ত হইতে হইবেক ইহা চতুর্থ জর্জের নবম বর্ষীয় আইনের ৭৩ ধারার ৪১ প্রকরণের দ্বারা সপ্রউ দুষ্ট হইতেছে। কিন্তু ঐ আক্ট পার্লিমেন্ট কিপর্যান্ত খাটে তাহা প্রত্যেক মোকল্মার বিষয় বিশেষে ধার্য্য করিতে হইবেক। যে দৃই মোকদ্মার বিষয়ে আমার নিকটে জিজাসা হই-য়াছে তাহা ঐ যোত্রহীনের তফসীলের মধ্যে লিখিত হইয়াছে কি না ইহা আমাকে জাত ক্রাণ যায় নাই যদ্যুপি লেখা গিয়া থাকে তবে ঐ দুই মোকলমায় আমার ভিন্ন২ মত হইতে পারে। এমত বিষয়ে ইঙ্গলও দেশের কিয়া কলিকাতার যোত্রহীন থাতকের উপকারার্থ আদালত কোন ফয়সলা করিয়াছেন কি না আমি অবগত নহি কিন্ত দেউলিয়ারদের বিষয়ি আইনের নিয়ম বিবেচনা করিয়া কহিতে পারি যে যোত্রহীনতা ছকুম হওনের পূর্বে ফরি-মাদীর পক্ষে যদি ডিক্রীমাত্র হইয়া থাকে তবে তিনি যোত্রহীনতার বিষয়ে অকুম হওনের পুরু যোত্রহীন ব্যক্তির সম্পত্তি ক্রোক করিতে পারেন্ না কিন্তু অন্যান্য মহাজনেরদের ন্যায় তাঁহার পাওনা টাকার বিষয়ে কলিকাতাস্থ আদালতে প্রমাণ দিতে হইবেক। ইঙ্গলও দেশে ডিক্রী হওনের পর দেউলিয়া তাক্তি ও যোত্রহীন তাক্তিরদের বিময়ে এই বিধির জনুসারে কার্য্য হইতেছে কিন্তু যদি ফরিয়াদী আপনার ডিক্রী জারী করিয়া থাকে তবে যোত্রহীন বাক্তির সম্পত্তিহইতে তাহার পাওনা সমুদয় টাকা পাইতে পারে"। ১৮৩৭ সালের ২৫ আগট্টের সরক্যুলর অর্ডর।

## ২০ ধারা।

৬৪৲ টাকার ন্যুন দংখ্যার ডিক্রীর নিমিত্ত কয়েদ করণের মিয়াদ।

২২৮। অল্লং টাকার বাবং ডিজীর হুকুমমতাচরণ না করাতে যে লোক কয়েদ হয় তাহারদিগের অনেক কাল কয়েদ না থাকিতে হয় এ নিমিন্তে ইঙ্গ-রেজী ১৮০৬ লালের ২ আইনের ১১ ধারার লেখা দাঁড়াছাড়া এই ধারানু-লারে এমত নির্দিষ্ট হইল ছে ইঙ্গরেজী ১৮১৫ লালের ফেব্রুআরি মালের ১ পহিলা তারিথের পর কোন ব্যক্তি ৬৪ চৌষটি টাকার অধিক না হয় এমত লংখ্যার টাকার বাবং কোন ডিজীর হুকুমমতাচরণ না করিলে ছয় মালের অধিক কাল কয়েদ থাকিবেক না ও ঐ ছয় মাল মিয়াদ গত হইলে দেই কয়েদী ব্যক্তি এই পুক্রণের মতে থালাল হওনের যোগ্য হইবেক কিন্তু জানা কর্ত্ব্য যে কয়েদ খাকনের মধ্যে কি থালাল হওনের পরে এমত ব্যক্তির দুব্যলামগ্রী পাওয়া গেলে ডিক্রীর টাকা লমুদ্য় কি তাহার মধ্যে যাহা বাকী থাকে তাহা আদার হইবার আন্দাজ মত কোক ও বিক্রের যোগ্য হইবেক ইতি।— ১৮১৪ সা। ২৩ আ। ৪৫ ধা। ৭ প্র।

২২৯। ১৮১৪ সালের ২৩ আইনের ৪৫ ধারার ৭ প্রকরণের ছারা ১৮০৬ সালের ২ আইনের ১১ ধারার বিধির কেবল এইমাত্র বিশেষ হইয়াছে যে ৬৪ টাকার অধিক না হর এমত সংখ্যার টাকার বাবং ডিক্রী জারী করিবার নিমিত্ত খাতুককে যে সময়ের অতিরিক্ত কয়েদ রাখা যাইতে পারে না ভাহা নির্দিষ্ট হইল। ৩০৮ নম্বরী আইনের অর্থের ২ দকা।

২৩০। যে ব্যক্তিরা কালেক্টর সাহেঁবের দরখান্তে কয়েদ হইয়াছে তাহারদের বিষয়ে ১৮১৪ সালের ২৩ আইনের ৪৫ ধারার ৭ প্রকরণের বিধি খাটিতে পারে না যেহেতুক ঐ প্রকরণে লেখে যে "ইলরেজা ১৮১৫ সালের ফেব্রুআরি মাসের ১পহিলা তারিখের পর কোন ব্যক্তি ৬৪ চৌষট্ট টাকার অধিক না হয় এমত সংখ্যার টাকার বাবং কোন ডিক্রীর ছকুম মতাচরণ না করিলে ছয় মাসের অধিক কাল কয়েদ থাকিবেক না"। ৩০২ নমুরী আইনের অর্থ।

[১৮১৪ সালের ২৩ আইনের ৪৫ ধারার ৭ প্রকরণ স্রাস্রী মোকদ্মার ডিক্রীর উপর খাটিবার বিষয়ে কথন হুকুম হয় নাই।]

২৩১। সদর আদালত জানাইতেছেন যে থাতক কিন্তিবন্দী লিখিয়া দিলে এবং মহাজন তাহাতে সক্ষত হইলে সেই খাতককে দেওয়ানী আদালতের অবশ্য খালাস করিতে

হইবেক। কিন্তু সদর আদালত আরো জানাইতেছেন যে যদ্যপি কোন খাতক সুদ ও
আদালতের খরচা সমেত ৬৪ টাকার উর্ক্ন সংখ্যার কিন্তিবন্দী লিখিয়া দেয় তথাপি ৬৪
টাকার অনুর্ক্ন সংখ্যার ডিক্রী জারীক্রমে ছয় মাসের অধিক কাল কয়েদ থাকনের পর
১৮১৪ সালের ২৩ আইনের ৪৫ ধারার ৭ প্রকর্গানুসারে তাহার খালাস হওনের যে

অধিকার আছে তাহা কিন্তিবন্দী লিখিয়া দেওনেতে লোপ হয় না। ৫৬৯ নয়রী আইন
নের অর্থের ২ দফা।

২৩২। সদর আদালত জিলার জজ সাহেবকে জানাইলেন যে ১৮১৪ সালের ২৩ আইনের ৪৫ ধারার ৭ প্রকরণেতে কয়েদের সময়ের যে সীমা নির্দ্ধিট আছে তাহা কেবল আদালতের ডিক্রীঅনুসারে কয়েদহওয়া থাতকের বিষয়ে থাটিতে পারে। কিন্তু আইনের
এমত অভিপ্রায় নহে যে জরীমানার টাকা না দেওয়াতে দেওয়ানী আদালতের হুকুমক্রমে
যে ব্যক্তিরা কয়েদ হয় তাহারা যাবজ্জীবন কয়েদ থাকে অভএব সদর আদালত বোধ
করেন্ যে যে কারণেতে ঐ জরীমানার হুকুম হইল তাহার প্রতি উপযুক্তমতে দৃষ্টি করিয়া
জজ সাহেব আপনার বিবেচনাক্রমে আসামীকে খালাস করিতে পারেন্। ১৬৪ নমুরী
আইনের অর্থের ২ দফা।

২৩৩। ১৮১৪ সালের ২৩ আইনের ৪৫ ধারার ৭ প্রকরণের বিধির দারা তাহার পূর্বকার আইনের কেবল এইমাত্র বিশেষ হইল যে যে ডিক্রীক্রমে কোন ব্যক্তি কয়েদ হয় তাহার সংখ্যা হাদি ৬৪ টাকার উর্ক্ না হয় তবে সেই ব্যক্তি ছয় মাসের অধিক কাল কয়েদ থাকিছে পারে না। কিন্তু ঐ আইনের এমত অভিপ্রায় নহে যে ঐ ছয় মাসের মধ্যে ১৮০৬ সালের ঘোত্রহীনেরদের বিষয়ি আইনের দারা সেই ব্যক্তি থালাস হইতে পারে না। ৩২৮ নমুরী আইনের অর্থ।

### ২১ ধারা।

নিমক পোধানের সমূর্কীয় ব্যক্তিরদের নামে ভিজ্ঞী জারীকরণ। ২৩৪। যদি জজ সাহেব নিমক মহালের মোভালক কোন এ দেশী আম-লা কিয়া অন্য এলাকাদার কাহারু উপর কোন মোকদমার ভিজ্ঞী করিয়া ইস্তুক ১ কার্ত্তিক লাগাইৎ আথেরী আষাঢ় ইহার মধ্যে তাহা জারী করিতে হকুম দেন্ তবে তাহাতে দে আদামী ঐ কালের মধ্যে আপনি আটক না হইয়া তাহার দুবাদি ক্রোক হইতে পারিবেক কিন্তু সরকারের নিমক ও দাদনীর টাকাও নিমকপোঞ্ডানীর যে সরজ্ঞাম তাহার স্থানে থাকে তাহা দে ডিক্রীর আজ্ঞান্মর কারণ ক্রোক করা যাইবেক না ও নিমকপোঞ্ডানীর কাল গেলে নিমকপোঞ্ডানীর এজেণ্ট সাহেবের মাফিক তলব দে আদামীকে জজ সাহেবের নিক্টে হাজির করিয়া দিতে হইবেক কিন্তু প্রাবণ ও ভাদু ও আশ্বিন মাদে এবং নিমকপোঞ্ডানীর সময়ের মধ্যে ও নিমকপোঞ্ডানীর এজেণ্ট সাহেব আদালতের সাহেবকে সরকারের কোন উকালের মারকতে তৎকালে এমত আদামীর নিমকের কার্যেতে হাজির থাকিবার আবশ্যক না থাকনের সম্বাদ দেওনমতে তাহার নিজের এবং দুব্যাদির প্রতি দম্ভরমতে হুকুম জারী ও আচরণ করিতে পারা যাইবেক ইতি।—১৮১৯ সা। ১০ আ। ২২ ধা।

২৩৫। যদি নিমকটোকীয়াতের আমলার মধ্যে কাহারু নামে ডিক্রী হয় ও জজ সাহেব সে ডিক্রী জারী করেন তবে তাহার দুব্যাদি ক্রোক হইতে পারে কিন্তু যদ্যপি তাহাকে ধরিয়া আনিতে হয় তবে সে ব্যক্তি তাবৎ চৌকীইইতে উচিবেক না যাবৎ সে বার্ত্তা সে যাহেবের তাবে তাঁহাকে না দেওয়া যায় হেতু এই যে ঐ সাহেব সে আমলা চৌকীতে রুজু না থাকনপর্যান্ত তাহার পরিবর্ত্তে তথায় জনেককে নিযুক্ত করিবেন ইতি।—১৮১১ সা। ১০ আ। ২১ ধা।

### ২২ পারা।

## সরকারের বিরুদ্ধে ডিক্রী জারী করণ।

২৩৬। এই ধারার লিখিত সমস্ত মোকদ্দমার ফরিয়াদীর যে ধরচা ও ক্ষতি হয় তাহা সরকারহইতে দিতে ডিব্রু ইইবেক ও তাহা সরকারের থা-জানাথানাহইতে দেওয়া যাইবেক।—১৭৯৩ সা। ৩ আ। ১১ ধা।

২৩৭। সদর আদালত জানাইতেছেন যে সরকারী মোকদমার বিষয়ে যে আইন চলন আছে তাহার মধ্যে সরকারের বিরুদ্ধে ডিক্রী জারী করণের বিষয়ে কোন বিশেষ নিয়ম নাই এবং জিলা ও শহরের আদালতের অধান সাধারণ ব্যক্তিরদের পক্ষে ডিক্রী জারী করণের বিষয়ে যে বিধান আছে অর্থাৎ বাঙ্গলাপ্রভৃতি দেশের ১৭৯৩ সালের ৪ আইনের ৭ ধারা এবং উত্তর পশ্চিম দেশের ১৮০৩ সালের ৯ আইনের ৯ ধারা সরকারের বিরুদ্ধে ডিক্রী জারী করণের বিষয়ে সম্পূর্ণরূপে খাটিতে পারে না। ১৮১৮ সালের ১৬ আপ্রিলের সরকার অর্ডরের ২ দফা।

২৩৮। সদর আদালত আরো জানাইতেছেন যে কোন সরকারী যৌকদমায় সরকাণ রের প্রতিকুলে ডিক্রী হইলে যে সরকারী কার্যাকারক ঐমোকদমা নির্বাহ করিবেন তাঁহার প্রতি প্রকুম আছে যে ঐ ডিক্রীর উপর আপীল করা কর্ত্তব্য কি না ইহা প্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌলেলে নিশ্রয় করিতে পারিবার নিমিন্ত ঐ ডিক্রী এবং রোয়-দাদের নকল এবং ঐ ডিক্রীর বিষয়ে তাঁহার যে আপত্তি থাকে তাহা প্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌলেলে পাঠান্ অথবা যে বোর্ডের অধীনে ঐ সরকারী কার্যাকারক কার্য্য করিয়া থাকেন্ তাহার নিকটে পাঠান্ এবং ঐ বোর্ডের সাহেবেরা তাহা গবর্ণমেন্টের নিকটে পাঠাইবেন। ১৮১৮ সালের ১৬ আপ্রিলের সরকালর অর্ডরের ও দক্ষা।

২৩৯। পুনন্দ ১৮০৫ সালের ২ আইনের ৯ ধারাতে এমত বিধি আছে যে "যে মোকদমাতে সরকার আসামী কিয়া ফরিয়াদী থাকেন্ প্রথম বিচার কিয়া আপালের সমন্য়ে এমত মোকদমার বিচার ও নিষ্পত্তি হইলে পর তথাকার আদালতের সাহেবদিগের কর্ত্তব্য যে চলিত আইনানুসারে উভয় বিবাদিকে যে ডিক্রীর নকল দেওরা যায় তাহা ব্যতিরেকে আর এক নকল শীঘু প্রস্তুত করিয়া তাহার এক কেতা ইঙ্গরেজী তর্জমার সহিত প্রীযুত্ত নওয়াব গবর্নর্ জেনরল বাহাদুরের হজুরে পাঠাইয়া দেন্"। ১৮১৮ সালের ১৬ আপ্রিলের সরকালর অর্ডরের ৪ দফা।

২৪০। এই সকল বিধির অভিপ্রায় এই যে যে সকল প্রথমত উপস্থিত মোকদমা বা আপীলা মোকদমায় সরকার বাদী বা প্রতিবাদী হন্ সেই২ মোকদমায় দেওয়ানী আদালতের ডিক্রা শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হলুর কৌলোলে জানিতে পারেন্ এবং ঐ সকল ডিক্রার উপর যদি জাবেতামত অথবা খাস আপীল হইতে পারে তবে সেই ডিক্রার উপর আপীল উপরিস্থ আদালতে করণের বিষয়ে অথবা যদি সেই ডিক্রা চূড়ান্ত হয় তবে তাহা জারী করণের বিষয়ে গবর্ণমেন্ট বিবেচনা করিয়া ছকুম দিতে পারেন্ অথবা আপীলের যোগ্য হইলেও যদি আপীল করণের কোন উপযুক্ত কারণ না দেখা যায় তবে তাহা জারী করণের বিষয়েও বিবেচনা করিয়া ছকুম দিতে পারেন্। ১৮১৮ সালের ১৬ আপ্রিলের সরকুলের অর্ডরের ৫ দফা।

২৪১। এমত কদাচ বোধ হইতে পারে না যে যে মোকদ্দমা চলিত আইনানুসারে দেশের আদালতে রীতিমত বিচার ও নিশান্তি হইয়াছে সেই মোকদ্দমায় শ্রীযুত গবর্নর জেনর ল বাহাদুর হলুর কৌল্সেলে সরকারের বিরুদ্ধহওয়া ডিক্রী সম্পূর্ণরূপে জারী করিতে সরকারী কর্মকারককে অনুমতি দিবেন না। ১৮১৮ সালের ১৬ আপ্রিলের সরকুলের অর্ডরের ৬ দফা।

২৪২। অতএব সদর আদালত বোধ করেন্ যে সরকারের বিরুদ্ধে ডিক্রী জারী করপার্থ সরকারী খাজানাখানায় যে টাকা থাকে তাহা জিলা বা শহর বা প্রবিন্দাল আদালতের
ছকুমক্রমে ক্রোক হয় ইহা ন্যায্য প্রতিপালনের নিমিত্ত কখন আবশ্যক হইতে পারে না
এবং এমত অনাবশ্যক কার্য্য করাতে ভারি আপত্তি হইতে পারে যেহেতুক তাহাতে দেশের
শাসনকর্তারদের সন্ধুমের লাঘব হয় এবং যে সরকারী টাকা কোন বিশেষ কার্য্যের নিমিত্ত
নির্দ্দিকী ছইয়াছে তাহা অন্য কার্য্যেতে বায় করাতে সরকারী কার্য্যের ব্যাঘাত হইতে
পারে। ১৮১৮ সালের ১৬ আপ্রিলের সরক্যলর অর্ডরের ৭ দফা।

২৪৩। সদর আদালত বোধ করেন্ যে চলিত ব্যবহারানুসারে কার্য্য করিলে কোন আপত্তি হইতে পারে না। সেই ব্যবহার এই যে যে কালেক্টর সাহেব তথবা সরকারের প্রক্তিক অন্য সরকারী কার্য্যকারক মোকদমা নির্মাহ করিয়া থাকেন্ তাঁহাকে সরকারের প্রতিকূল হওয়া চূড়ান্ত ডিক্রীর মভাচরণ করিতে জিলা বা শহরের আদালত তকুম দিরা থাকেন্ এবং পরে যদি কালেক্টর সাহেব জানিয়া শুনিয়া ঐ তকুম না মানেন্ তবে চলিত আইনেতে তাহার বিলক্ষণ প্রতিকারের উপায় আছে যেহেতুক যদ্যপি কোন কালেক্টর কোন দেওয়ানী আদালতের তকুম বা ডিক্রী মানিতে ক্রটি বা অম্বীকার করেন্ তবে যে আদালত সেই তকুম দিলেন সেই আদালতের জন্ম সাহেব অপরাধ বুঝিয়া তাঁহার জরীমানা করিয়া থাকেন্। যদ্যপি কালেক্টর সাহেব ঐ জরীমানা দিতে ক্রটি বা অম্বীকার করেন্ তবে ঐ আদালতের উচিত যে তাহার সকল বৃত্তান্ত শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌলেলে জানান্ এবং শ্রীযুত ঐ জরীমানার বিষয়ে সমত হইলে ঐ টাকা কালেক্টর সাহেবের বেতনহইতে দেওয়াইতে তকুম দিবেন। ১৮১৮ সালের ১৬ আপ্রিলের সরক্রলর অর্ডরের ৮ দকা।

২৪৪। সদর দেওয়ানী আদালত আরো বোধ করেন্ যে শ্রীযুত গবর্নর জেনরল বা-হাদুরের হসুর কৌল্লেলহইতে বিশেষ ছকুম পাইয়া যদি কালেক্টর সাহেব সরকারের বিকল্প ডিজী অগোণে জারী করণের বিষয়ে আপত্তি জানান্ তবে উক্ত বিধি থাটিতে পারে না। যে আদালতে এমত আপত্তি জ্ञানান যায় সেই আদালত যদি তাহা গ্রাহ্য না করেন্ এবং যদি সেই বিষয়ে কোন উপরিস্থ আদালতে আপীল হইতে না পারে তবে এমত বোধ করিতে হইবেক যে প্রীযুত গবর্নর্ জ্ञেনরল বাহাদুর হজুর কৌলেলে আপনি সেই ডিক্রী জারী করিতে হুকুম দিবেন। যদি এমত না হয় তবে সেই মোকদমার সমস্ত বৃত্তান্তের এক রিপোর্ট ঐ ডিক্রী এবং তৎসম্পর্কীয়া, অন্যান্য কাগজপত্রের নকলসমেত সদর দেওয়ানী আদালতে পাঠাইতে হইবেক এবং যে গতিকে কোন বিশেষ বিধি না থাকে এমত গতিকে চলিত আইনের সাধারণ নিয়মানুসারে যেমত কার্য্য করিতে ঐ আদালত উপযুক্ত বোধ করেন্ সেই মতে ঐ বিষয়ের হুকুম দিবেন অথবা গবর্ণমেণ্টকে তাহার বিষয়ে জিজ্ঞাসা করিবেন। ১৮১৮ সালের ১৬ আপ্রিলের সরকুলের অর্ডরের ৯ দফা।

২৪৫। কোন আদালতের জাবেতামত ডিক্রীর দারা বে টাকা দেওনের প্রকৃম হইয়াছে তাহা দিতে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা প্রকৃম করিতে পারেন্ এবং গবর্গমেন্টের প্রতিক্লে ডিক্রী হওনপ্রযুক্ত অথবা আসামীরদের মৃত্যু কি দরিদুতাপ্রযুক্ত মোকদমার খরচার নিমিত্ত যে টাকা আগাম দেওয়া গিয়াছিল তাহা নিতান্ত অপ্রাপ্য হইলে ঐ সকল টাকা কালেক্টর সাহেবের বহীহইতে উঠাইতে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা প্রকৃম দিতে পারেন্ এবং তদ্বিষয় গবর্গমেন্টের বিজ্ঞাপনের নিমিত্ত রিপোর্ট করিবেন। সদর বোর্ডের ১৮৪২ সালের ২৭ জুনের বিধির ২৭ ধারা।

#### ২৩ ধারা।

জিল। আদালতের দ্বারা সুপ্রিম কোর্টের ডিক্রী জারী হওন।

২৪৬। জিলার জজ সাহের সদর আদালতে জিজাসা করিলেন যে কৃষ্ণানন্দ বিশাসের পক্ষে রিসিবর অর্থাৎ থাজানা আদায়করণিয়া মাকনাটন সাহেব সুপ্রিম কোর্টের ডিক্রীর এক নকল পাঠাইয়া তাহা জারী করণের বিষয়ে দর্থান্ত করাতে আমি সেই বিষয়ে হন্তক্ষেপ করিতে পারি কি না অর্থাৎ আমার এলাকার মধ্যন্থিত ভূমির দথল দেওনের বিষয়ে সুপ্রিম কোর্টের রীতিমত বিশেষ তুকুম না হইলে আমি সেই ভূমির দথল দেওয়াইতে পারি কি না। তাহাতে সদর আদালত বিধান করিলেন যে সুপ্রিম কোর্ট আপন ডিক্রী জারী করণের বিষয়ে এক রিট অর্থাৎ পরওয়ানা না পাঠাইলে জজ সাহেবের সেই ডিক্রী করণের হন্তক্ষেপ করণের ত্রকুম নাই। ৫৬৭ নমূরী আইনের অর্থ।

## ২৪ ধারা।

# মফঃদলে ছোট আদালতের ডিক্রী জারী করণ।

২৪৭। শহর কলিকাতার ছোট আদালতে যে কোন মোকদ্মায় ফরিয়াদীর হক পাওনের নিষ্পত্তি অর্থাৎ ডিক্রী হয় সে মোকদ্মার আসামী তাহার
ফর্সলা জারী হওনের পুর্বে যদি জিলা চবিশেপরগনার সীমার মধ্যে গিয়ারহে
তবে ইহাতে ফরিয়াদী এবিষয়ের বৃদ্ধান্ত লিথিয়া এক দর্থান্ত ও ছোট আদালতের সাহেব লোকের করা ফয়্সলার নকল ঐ আদালতের মোহর ও দন্তথতে
নিজে কিয়াউকীলের দ্বারা জিলা চবিশেপরগনার জজ সাহেবের নিকটে দাখিল
করিলে ঐ সাহেবের উচিত যে আপন আদালতের ডিক্রীর মত হজুরের আইনসকলের মতে ঐ ফয়্সলা জারী করেন্ ইতি।—১৮১২ সা। ১৬ আ। ২
ধা। ১ প্র।

২৪৮। জানা কর্ত্ব্য যে উপরের উক্ত মতেতে আসামী যদি ছোট আদালতের ফর্সলা জারী হওনের বিষয়ে এমত কোন ওজর করে যে তাহা ছোট
আদালতের সাহেবের নিকটে দরপেশ হওয়া ঐ জজ সাহেবের বিবেচনাতে
আবশ্যক বোধ হয় তবে ঐ জজ সাহেবের উচিত যে আবশ্যক হইলে আসামীর স্থানে মালজামিন লইয়া ফর্সলা জারী করা মৌকুফ রাথিয়া এমত অবকাশ কালের মিয়াদ দেন্ যে আসামী আপন ওজরসম্থলিত দর্থাস্ত ছোট আদালতের সাহেব লোকের হজুরে দাথিল করে ও সেই মিয়াদের মধ্যে যদি ঐ
আসামী ছোট আদালতের সাহেব লোকের তর্কহইতে ফ্র্সলা জারী না
হওনের ক্থাসম্থলিত এক হকুমনামা জিলা চব্বিশপর্গনার জজ সাহেবের নিকটে দাথিল না করে তবে ঐ জজ সাহেব অবিলম্বে উপরের ধারার নির্ণীতানুসারে ঐ ফ্র্সলা জারী করিবেন ইতি।—১৮১২ সা। ১৬ আ। ২ ধা।
২ প্র।

\* ২৪৯। ইহাও জানা কর্ত্তব্য যে যদি কোন আসামী ফয়সলার টাকার নিমিত্তে ঐ ছোট আদালতের জেলখানাতে পূর্ব্বে কয়েদ হইয়া ও নির্ণীত মিয়াদপর্যান্ত থোরাকী পাইয়া প্রীযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদুরের ইঙ্গরেজী ১৮০৫ সালের ফেব্রুআরি মাসের ১১ তারিখের নির্দিষ্টকরা দাঁ- ডানুসারে থালাস পাইয়া থাকে তবে সে আসামী ঐ ফয়সলার টাকার জন্যে জিলা চব্বিশপরগনার জজ সাহেবের হুকুমে পুনরায় কয়েদ হইবেক না কিন্তু এমতে কেবল আসামীর দুব্যজাত পাওয়া গেলে ঐ ফয়সলা জারী ইইতে পারিবেক ইতি।—১৮১২ সা। ১৬ আ। ২ ধা। ৩ প্র।

২৫০। সদর আদালত জিলা ও শহরের জজ সাহেবকে জানাইলেন যে ১৮১২ সালের ১৬ আইনের অনুসারে কলিকাতাস্থ ছোট আদালতের ডিক্রী জারী করিতে হইলে জজ
সাহেব আপনার ডিক্রী যেরপে জারী করিতেন সেইরপে তাহা জারী করিবেন এবং ১৮৩৩
সালের ২৫ জানুআরির সরক্যুলর অর্ডরে হুকুম আছে যে মোকদ্মার বাদী বা প্রতিবাদী
এদেশীয় হইলে জজ সাহেব যেরপে আচরণ করিতে পারেন্ ইউরোপীয় হইলেও সেইরপ
আচরণ করিতে পারিবেন। ৯৩২ নমুরী আইনের অর্থ।

## ২৫ ধারা।

কলিকাতার ছোট আদালতের দ্বারা চবিশেপরগনার ডিক্রী জারী করণ।

২৫১। যেহেতুক চিক্সেপরগনা জিলার আদালতের ফয়সলা যে আসামীর বিরুদ্ধে দেওয়া যায় সেই আসামীর উক্ত জিলার দীমানাইইতে কলিকাতা শহরের মধ্যে পলায়ন করাতে অনেকবার জারী হইতে পারে না এবং যেহেতুক বাঙ্গলা দেশের চলিত ইঙ্গরেজী ১৮১২ সালের ১৬ আইনের দ্বারা কলি কাতা শহরেইতে ঐ জিলার মধ্যে আসামীর পলায়ন করাতে সেইরূপ যে অপকার হয় ঐ কলিকাতা শহরের ছোট আদালতের ফয়সলা জারী করণের হকুম ঐ জিলার জজ সাহেবদিগকে দেওনেতে তাহার প্রতিকার হইয়াছে।—১৮৩৯ সা। ২৭ আ।

২৫২। একারণ এই ধারাক্রমে ত্কুম হইল যে চফিলপরগনা জিলার কোন আদালতে যে কোন মোকদ্দমার ফরিয়াদীর পক্ষে ডিক্রী হয় এবং সেই মোকদ্দমার আসামী সেই ডিক্রী জারী হওনের পুর্বে কলিকাতান্ত ভোট আদা-লতের এলাকার মধ্যে গিয়া রহে তবে ঐ ছোট আদালত উক্ত বৃত্তান্তজ্ঞাপক লিখিত এক দর্থান্ত চিয়েশপরগনা জিলার দেওয়ানী আদালতের জজ সাহে-বের স্থানইইতে পাইলে এব॰ তাহার সঙ্গে আদালতের মোহর ও দম্ভথৎ কর। ঐ ডিক্রীর এক নকল থাকিলে ছোট আদালতের হওয়া ফয়সলা জারী করণার্থে যে রীতি নির্দিষ্ট আছে তদনুসারে তাঁহার প্রতি ঐ ডিক্রী জারী করিতে হকুম হইল এব॰ সামান্যতঃ ঐরপ ডিক্রী জারী করণার্থে যে থরচা লাগে সেই থরচা এই স্থলেও দিতে হইবেক। কিন্তু এই আইনের এমত তাৎপর্য্য নহে যে নালিশের হেতু ছোট আদালতের এলাকার মধ্যে উপস্থিত হইলে ঐ নালিশ সে আদালতে শ্বননির যোগ্য হইত এইমত নালিশের হেতুসমুর্কীয় ডিক্রীভন্ন ঐ ছোট আদালত অন্য কোন প্রকার ডিক্রী জারী করেন্ ইতি।— ১৮৩৯ সা। ২৭ আ। ১ ধা।

#### मश्रम खशाय।

## সদর দেওয়ানী আদালত।

#### ১ ধারা।

# কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালত।

- ১। তুকুম হইল যে উপরের লিখিত ধারার উক্ত তারিখঅবধি কোন ব্যক্তি উপরের লেখা দেশ সকলেতে বংশ ও বাসস্থান দৃষ্টে কোন দেওয়ানী মোকদ্মার নাচের লিখিতব্য আদালতসকলের ক্ষমতাহইতে বহির্ভূত হইবেন না অর্থাৎ ফোর্ট উলিয়মের প্রসীডেন্সাসম্বর্তীয় বাঙ্গলা দেশের আদালতসকলের তফ্সাল। সদর দেওয়ানী আদালত। জিলা ও শহরের আদালতসকল। প্রধান সদর আমানের আদালত। সদর আমানের আদালত।—১৮৩৬ সা। ১১ আ। ২ ধা।
- ২। সদর দেওয়ানী ও নিজামৎ আদালতসমুর্কীয় কর্মাকার্য্যের নির্বাহের নিমিত্তে, ইহার পর প্রধান জজ এক সাহেব ও আর যত জন জজ সাহেব ঐথ আদালতের কর্মাদি অবিলয়ে নির্বাহ হওনের অর্থে শ্রীযুত নওয়াব গবর্নর্জেনরল বাহাদুরের বিবেচনাতে আবশাক বোধ হয় তত জন সাহেব নিযুক্ত হইবেন ইতি।—১৮১১ সা। ১২ আ। ২ ধা। ২ প্র।
- ৩। সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের প্রধান জর্জয়রপ থ্যাতি এবং ঐং আদালতের ও মফঃসল আপীল আদালতের ১ প্রথম ও ২ দ্বিতীয় ও ৩ তৃতীয় ও ৪ চতুর্য ও ৫ পঞ্চন জজরপ থ্যাতি এঅবধি রহিত হইল ইতি।—১৮২১ সা। ৩ আ। ২ ধা।
- ৪। সদর দেওয়ানী আদালতের জজের ভার যে প্রধান সাহেব ও নীচের সাহেবেরা পান্ তাঁহারা স্বং কার্য্যে বসিবার পুর্বে প্রিযুত গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে সেইরপ শপথ করিবেন যেরপ শপথ ইঙ্গরেজী ১৭৯৩ সালের ও পঞ্চম আইনের ২ দ্বিতীয় ধারানুসারে মফঃসল কোর্ট আপীলের সাহেবদিগকে ঐ হজুরে করাণ যায় ইতি।—১৮০১ সা । ২ আ। ৪ ধা।

#### শপথের পাঠ।

লিখিত জ্বীঅমুকন্য সুকৃতিপত্রমিদ কার্যঞ্চাণে আমি অমুক এলাকার মকঃদল আপীল আদালতের এক জজের কার্য্যে নিযুক্ত হইলাম এ কারণ দিব্য করিতেছি যে আমি আপন এলাকার সমস্ত কার্য্য সর্বতোভাবে সাবধানে বিনাভয় ও মিত্রতায় আপন বুদ্ধিদাধ্যে প্রকৃতপ্রস্তাবে বিনাপুক্ষপাতে হজুরের যে সকল আইন ন প্রতি জারী আছে ও পশ্চাৎ যে সকল আইন হয় তদনু সারে পর্য্যসান করিব ও আমার এলাকার আদালতে যে সকল মোকদ্দমা কুলু অর্থাৎ উপস্থিত থাকে ও হয় ও নিষ্পত্তি হইয়া থাকে তাহার কোন মোকদ্দমায় কাহারো স্থানে কিছু নগদ ও জিনিস দর্শনী ও ভেটি অর্থাৎ নজর ও সওগাত লইব না এবং আমার এলাকার কাহাকেও আপন জ্ঞাতসারে লইতে

দিব না এব° আমার এলাকার আদালতে যে টাকা জমা ও থরচ হয় তাহার হিদাব প্রকৃতপ্রস্তাবে প্রীযুত ইঙ্গরেজ কোষ্ণানি বাহাদুরের দরকারে দাখিল করিব এব° ইঙ্গরেজর জন্মভূমি বিলায়তে টাকা পাচাইবার কারণ আমি কিয়া আমার প্রস্তে কেহ ইঙ্গরেজর অধিকার কিয়া কোন স্থানে কোন কার-বার করিব না এব° করিবেক না এব° হজুরের হুকুম ও মঞ্জুরছাড়া কোন প্রকারে আপত্তি করিয়া কিছু লাভ করিব না এতদর্থে দিব্য করিয়া সুকৃতিপত্র লিথিয়া দিলাম ইতি।—১৭১৩ সা। ৫ আ। ২ ধা।

- ৫। ইঙ্গুরেজী ১৮০১ দালের ২ আইনের যে ৪ এবং ১১ ধারানুদারে ছকুম হইরাছে যে দদর দেওয়ানী ও নিজামৎ আদালতে যে২ জজ দাহেবেরা নিযুক্ত হইবেন তাঁহারা প্রীযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের দমক্ষে এই পদের শপথ করিবেন তাহা এই পারাক্রমেরদ হইল এবং এক্ষণে যে আইন চলিত আছে তদনুদারে উপরের উক্ত জজ দাহেবের-দের ও দরকারী কর্মকারি অন্য দকল দাহেবেরদের প্রতি হকুম আছে যে তাঁহারা প্রিযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে শপথ করিবেন ইহার পর তাঁহারা এই পদের শপথ নিজামৎ আদালতে কি প্রিযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে অন্য যে কোন দাহেবকে শপথ করাইবার নিমিত্তে নিযুক্ত করেন্ তাঁহার দাকাৎ করিবেন ও প্রশেপথ-পত্রে দহী করিবেন ইতি।—১৮২৯ দা। ৩ আ। ৩ ধা।
- ৬। দদর দেওয়ানী আদালতের মোহর ২।০ সওয়া দুই বুরুল পুশস্তে চক্রাকৃতি অর্থাৎ গোল হইয়া তাহাতে নীচের লিথিত ভাষা পারদী ও বাঙ্গলা ও নাগরী অক্ষরে থোদা যাইবেক মোহরের ভাষা এই যে মোহর দদর দেওয়ানী আদালত। দদর দেওয়ানী আদালতের দাহেবেরা মোকাম কলিকাতার মধ্যে যে কোন বড় কোটায় উচিত হয় তথায় কার্যের আবশ্যকতাক্রমে বৈচক করিবেন। তাহাতে ঐ সাহেবদিগের ক্রমতা আছে যে উপস্থিত কার্য্য বুয়িয়া সময়ক্রমে কোন নির্দিষ্ট বৈচকের দিনে বৈচক মৌকুফ করেন্। এবং বৈচক কের দিন ও দরবারের সময়ছাড়া ঐ আদালতের এলাকার কোন হকুম ও ডিক্রী ও ব্যাপার কার্যাও না করেন্ ইতি।—১৭৯৩ সা। ৬ আ। ৩ ধা।
- 9। সদর দেওয়ানী আদালতের কাছারী দরবারের সময়ে থোলা থাকি-বেক।—১৮০১ সা। ২ আ। ৬ ধা।
- ৮। ঐ জজ সাহেবেরা আপনার দিগের ভারের কার্য্য চালাইবার দাঁড়া যে রূপে আইনের মতে বহির্ভূত না হয় সেই রূপে ধার্য্য করিতে পারেন্।—১৮০১ সা। ২ আ। ৬ ধা।
- ১। সদর দেওয়ানী আদালতে পূর্লাকের ১১ ঘটাবধি অপরাকের ৫ ঘটাপর্যান্ত হাজির থাকিবার নিরূপণ আছে এবং যদি ঐ আদালতের আমলারা ও উকীলেরা ছুটা না পাইয়া থাকেন্ অথবা পীড়িত হওনের বিষয় না জানাইয়া থাকেন্ তবে সেই সময়ের মধ্যে তাঁহারদের প্রতি নিতান্ত হাজির হইবার হুকুম আছে। সদর দেওয়ানী আদালতের ১৮৩৪ সালের ১৪ নবেয়রের বিধান।
- ১০। উপরের লিখিও দুই পর্বের [অর্থাৎ মোহরম ও দশহরার] কালে সদর দেওয়ানী আদালত বন্ধ করিবার কি না করিবার অর্থে তথাকার সাহে-বেরা যাহা ভাল বাদেন্ তাহাই করিবেন ইতি।—১৭৯৮ সা। ৩ আ। ৩ ধা।
  - ১১। সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সাহেবেরা আবশ্যকমতে

সময়েং সকল বিবরণপত্র ও কালেগুর ও রেজিইটরপ্রভৃতি অন্য যেং কাগজ-পত্র এ রাজধানীর তাবে দেওয়ানী কি ফৌজদারী আদালতের ইউরোপীয় কি এদেশীয় কার্য্যকারকেরদের অথবা আদালতের কিয়া পোলীসের কার্য্যকারক লোকেরদের দ্বারা পাচাইতে হয় তাহার প্রকার ও পাচাইবার সময় ও লিখনের প্রকার নিরূপণ করিবেন ইতি।—১৮২১ সা। ৭ আ। ৩ ধা। ১ প্র।

- ১২। ইহাতে ত্রুম হইল যে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশের মধ্যে উভয় দদর দেওয়ানী ও নিজাম আদালত ঐ আদালতের রেজিইটর সাহেবের দম্ভথ করা ত্রুমের দ্বারা আপীলহওয়া মোকদমা বিচাবের নিমিত্ত প্রস্তুত করণের এব প আদালতের ডিক্রা ও ত্রুম জারী করণের ভার ঐ রেজিইটর সাহেবের প্রতি অর্পন করিতে পারেন্ এব প আবশ্যক ত্রুম দিতে এব প তদ্বিয়ে গ্রন্থিমেণ্টের সাধারণ আইনের নির্দিষ্ট বিধানুসারে কার্য্য করিতে ভাঁহাকে ক্ষমতা দিতে পারেন্ ইতি।—১৮৪১ সা। ১৭ আ। ১ ধা।
- ১৩। এবং ইহাতে ছকুম হইল যে ঐ আদালতে উপস্থিত কোন মোকদ্মায় শরচার নিমিত্ত জামিন লওয়া আবশ্যক হইবেক না এবং ঐ উভয় সদর
  দেওয়ানী ও নিজামং আদালতে আইনের দারা দেওয়ানী এবং ফৌজদারী
  বিষয়ক যে ক্ষমতা অর্পণ আছে তাহা উচিত মতে নির্বাহ করণের নিমিত্ত ঐ
  উভয় আদালত কার্য্যের যেং নিয়ম সময়ক্রমে আবশ্যক বোধ করেন তাহা
  নিরপণ করিতে পারেন্। এবং ঐ নিয়ম এইরপে প্রস্তুত হইলে ভারতবর্ষের
  শ্রিযুত গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে জ্ঞাপন করিতে হইবেক
  এবং ঐ শ্রিযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে তাহা মঞ্জুর করিলে
  এই আইনের মধ্যে তাহা লেখা থাকিলে যেরপ প্রবল হইত দেইরপ প্রবল
  হইবেক ইতি।—১৮৪১ সা। ১৭ আ। ২ ধা।

### ২ ধারা।

সদর আদালতের এক জন জজ লাহেবের লাধারণ ক্ষমতা।

- ১৪। ঐ আদালতের জজ সাহেবদিগের জনেকে কি অধিক জনেইবা কাহার জোবানবন্দী আপন কিয়া আপনারদিগের সমক্ষে করাইয়া লওয়া উচিত
  জানিলে সাধ্য রাথেন্ যে তাহার জোবানবন্দী ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৬
  ষষ্ঠ আইনের অনুসারে রেজিইটর সাহেবের দারা না করিয়া লইয়া নিজ সমক্ষে
  করিয়া লন।—১৮০১ সা। ২ আ। ৬ ধা।
- ১৫। মফঃদল আপীল আদালতের এক জন জজ দাহেবের প্রতি এই আইনের ২ ধারার মতে তাঁহার আপনার কিয়া চলিত আইনানুদারে ঐ মফঃদল আপীল আদালতের অন্য এক জন কিয়া ততোধিক জজ দাহেবের করা অসমপূর্ণ ডিক্রে ও হকুম শেষ এতাবতা পূরা করিতে পারিবার অনুমতি থাকিবকে কিন্তু ঐ আদালতের অন্য এক জন কি ততোধিক জজ দাহেবের করা ডিক্রে কি হকুম ফিরাইতে ও অদলবদল করিতে কোন প্রকারে ঐ এক জন জজ দাহেবের ক্ষমতা থাকিবেক না ইতি।—১৮১০ দা। ১৩ আ। ৪ ধা। ২ প্র।
- ১৬। মফঃদল আপীল আদালতে প্রথমত উপস্থিতহওয়া কোন মোকদ্দ-মার বিচারকালে এবং আপীলমতে উপস্থিতহওয়া মোকদ্দমা স্থানিতে তথা-

কার যে এক জন জজ দাহেব এই আইনের মতে বৈচক করিবেন তাঁহার প্রতি দাক্লির দাক্লাবাকা মঞ্জুর করণ ও জোবানবন্দী লওনের ও মোকদ্দমার বিচার-দার্ম্বর্ধীয় অন্য দমস্ত বিষয়েতে ন্যায় বিচারানুদারে ও চলিত আইনের মতে যে হকুম দেওয়া বিহিত বুকেন তাহা দিবার ক্ষমতা থাকিবেক কিন্তু ইঙ্গরেজী ১৮০৭ দালের ১ আইনের ৭ ধারার লিখিত দাঁড়ানুদারে এমত নির্দিষ্ট হইয়াছে যে মফঃদল আপীল আদালতের দুই জন কিন্তা ততাধিক দাহেবের বৈচককালে ঐ দাহেবদিগের প্রতি অনুমতি থাকিবেক যে যদি বিহিত বুকেন্তবে ঐ এক জন জজ দাহেবের দমক্ষে যে দাক্লির জোবানবন্দী হইয়া থাকে পুনর্বার নৃতন করিয়া তাহার জোবানবন্দী লন্ ও আবশ্যক দময়ে নৃতন দাক্লিদিগের জোবানবন্দী লন্ বরণ ঐ এক জন জজ দাহেবের দেওয়া হুকুশমর পরিবর্ত্তে অথবা শুধরণে কিন্তা নিবর্ত্তে যে হুকুম বিহিত ও চলিত আইনের মতানুযায়ী হয় তাহা দেন্ দেকল দাঁড়া ঐ দকল প্রকারেতে থাটিবেক ইতি।—১৮১০ দা। ১৩ আ। ৪ ধা। ৪ প্র।

১৭। ঐ এক জন জজ দাহেবের অগ্রে এই আইনমতে উপস্থিতহওয়া কোন মোকদ্দমাতে যদি তাঁহার চিত্তে এমত বোধ হয় যে কোন দাক্ষী ইঙ্গরেজী ১৮০৭ দালের ২ আইনের ৪ ধারার উক্ত মিথ্যা দাক্ষ্য দিয়াছে তবে তাহার মোকদ্দমার বিচার দায়েরদায়েরী আদালতে হওনার্থে তাহাকে জামিনীতে কিয়া করেদ রাখিতে ঐ দাহেবের ক্ষমতা থাকিবেক ইতি।—১৮১০ দা। ১৩ আ। ৪ ধা। ৫ প্র।

১৮। মফঃদল আপীল আদালতের যে এক জন জজ দাহেব এই আইনানুদারে বৈঠক করিবেন ভাঁহার প্রতি ক্ষমতা থাকিবেক যে উপস্থিত মোকদ্দমা কিয়্ব! কোন জিলা কি শহরের আদালতে নিষ্পান্তিহওয়া মোকদ্দমার মূৎফরয়া
আরজী যে দকল প্রকারেতে মফঃদল আপীল আদালতের দাহেব লোক
ভাঁহারদিগের করা বৈঠকের দময়ে তাহা লইতে ক্ষমতা রাথেন্ তাহা দেই
দকল প্রকারেতে বরু চলিত আইনানুদারে ঐ আদালতে উপস্থিত হওনের
ও স্তানা যাওনের যোগ্য আরং দময় আরজী লইয়া ঐ আদালতে অর্পনহওয়া
ক্ষমতামতে এই আইনের লিথিত দাঁড়ার প্রতি দৃষ্টি রাথিয়া তাহার বিষয়েতে
আচরণ করেন্ইতি 1—১৮১০ সা। ১৩ আ। ৪ ধা। ৬ প্র।

১৯। এই আইনের ৪ ধারানুসারে মফঃশল আপীল আদালতের এক জন জজ লাহেবের প্রতি যে দকল ক্ষমতা ও ভারার্পন হইল দেইমত ক্ষমতা ও ভার দদর দেওয়ানী আদালতের এক জন জজ লাহেবের প্রতি ঐ ধারার ৩ প্রকরণের নীচের লিখনক্রমে শুধরণের সহিত থাকিবেক ইতি।—১৮১০ লা। ১৩ আ।৮ ধা।১ প্র।

২০। আদালতের বৈচকের সময়ে ঐ এক জন জজ সাহেবের প্রতি আপন করা কয়সলা কি দেওয়া তুকুমেতে আপীল হওনের মোকদমাব্যতিরেকে আর সমস্ত মোকদমার আপীলের কিয়া থাস আপীলের দরখান্ত মঞ্জুর কিনামঞ্র করিতে পারিবার ক্ষমতা থাকিবেক ইতি।—১৮১০ সা। ১৩ আ। ৮ধা। ২পু।

২১। জানা কর্ত্তব্য যে সদর দেওয়ানী আদালতে এক জন জজ সাহেবের প্রতি কোনপ্রকারে ঐ আদালতের দুই জন কি ততোধিক জজ সাহেবের কর। কর্দলা কি স্কুম রদ কি পরিবর্ত্ত করিতে পারিবার ক্ষমতা থাকিবেক না ইতি।
-১৮১০ সা। ১৩ আ।৮ ধা। ৩ প্র।

- ২২। সদর দেওয়ানী আদালতের কোন জজ লাহেবের প্রতি তাঁহারদিগের আপনার করা ফরললা কি দেওয়া হকুমহইতে আপীলহওয়া কোন মোকদ্দনার বিচারেতে বৈচক করিবার ক্ষমতা থাকিবেক না ইতি।—১৮১০ লা। ১৩ আ। ৬ ধা। ৪ প্র।
- ২৩। উপরের ধারামতে সদর দেওয়ানী আদালতের এক জন জজ সা-হেবের বৈঠকেতে যে দকল ফয়নলা ও হকুম হয় তাহা চলিত আইনানুসারে ঐ আদালতের দুই জন কি ত্তোধিক জজ সাহেবের বৈঠকেতে হওয়া ফয়নলা ও হুকুম সকলের মত পুরা হইবেক ইতি।—১৮১০ সা। ১৩ আ। ৭ ধা।
- ২৪। ইঙ্গরেজী ১৮১০ দালের ১৩ আইনের ৬ ও ৮ ধারা এব ৭ অন্যায়ে কোন চলিত আইন দদর দেওয়ানী আদালতের জজ দাহেবদিগের স্বতন্ত্র বৈঠক করণের বিষয়ে এব ৭ ঐ আদালতের প্রত্যেক জজ দাহেবের ক্ষমতার বিষয়ে দম্পর্ক রাথে তাহা উধরিবাতে এই ভুকুম হইল যে দদর দেওয়ানী আদালতের পাহেবদিগের গ্রাহ্য দকল বিষয়ে ঐ আদালতের প্রত্যেক জজ দাহেবের ক্ষমতা থাকিবেক যে আপনি একাকী নিরুপিত বৈঠক করিয়া চলিত আইনানুদারে ভুকুম দিতে ও মোকদ্দমার নিষ্পত্তি করিতে নীচের বেওরাক্রমের কথার প্রতি দৃষ্টি রাথিয়া আচরণ করেন্ ইতি।—১৮৩১ দা। ১ আ। ২ ধা। ১ প্র।
- ২৫। ইঙ্গরেজী ১৮৩১ সালের ১ আইনের ২ ধারার হুকুম স্লুফ্ট করা যাইবাতে জানান যাইভেছে যে প্রত্যেক সদর দেওয়ানী আদালতের এক জন জজ সাহেব ঐ আইনের ঐ ধারার ৪ প্রকরণের লিখিত মোকদ্মাভিন্ন জাবেতামত বা মুৎফরক্কা সমস্ত মোকদ্মার নিষ্পত্তি করিতে পারিবেন ইতি।—১৮৩২ সা। ৭ আ ১১৫ ধা।
- ২৬। সদর আদালত বিধান করিতেছেন যে প্রবিদ্যাল আদালত [এক্ষণে সদর আদালতের] এক জন জজ সাহেবের এমত ক্ষমতা আছে যে যে আপীলের যোঁগা সরাসরী মোকদমা এবং সামান্যতঃ সকল মুখ্ফরককা মোকদমায় জিলা ও শহরের জজ সাহেব যে ছকুম করিয়াছিলেন তাহার উপর আপীল হইলে আপীলের নিষ্পত্তি না হওয়াপঠ্যন্ত সেই ছকুম জারী ছণিত করিতে সেই জজ সাহেবকে ছকুম দেন্। ৫৯১ নম্বরী আইনের অর্থ।
- ২৭। কিন্তু ইঙ্গরেজী ১৮১৯ দালের ৯ আইনের ৫ ধারা শুধরিবাতে এক জন জজ দাহেবের ক্ষমতা হইল যে যদি ইঙ্গরেজী ১৮২৫ দালের ২ আইনের ৪ ধারার ২ প্রকরণের লিথিত হুকুমমত কোন হেতু দেখেন্ তবে থ এক জন জজ দাহেব আপনি থাদ আপীল মঞ্ব করেন্ ইতি।—১৮৩১ দা। ৯ আ। ২ ধা। ৪ প্র।

#### ৩ ধারা।

## জজ শহেবেরদের মতের অনৈক্য।

২৮। তিন জন জজ সাহেবের বৈঠক একত্র হইলে যদি তৎকালে কোন মোকদ্মার নিষ্পত্তি করিতে পরস্কর মতের কের পড়ে তবে তল্পধ্যে অধিক জনের যে মত হয় তদনুসারে সে মোকদ্বমা নিষ্পান্তি পাইবেক। কিন্তু দুই জন জজ সাহেবের বৈঠক একত্র হইলে যদি তৎকালে কোন মোকদ্বমার নিষ্পান্তি করিতে উভয়তঃ মতের ঐক্য না হয় তবে সে কালে তিন জন জজ সাহেবের মধ্যে যে সাহেব উপস্থিত না থাকেন্ সে সাহেব উপস্থিত না হইবাপর্যন্ত সে মোকদ্বমার নিষ্পান্তি স্থাতি করিতে হইবেক ইতি।—১৮০১ সা। ২ আ। ৬ ধা।

২১। কিন্তু যথন কলিকাতাস্থ অথবা আলাহাবাদের সদর আদালতে কেবল এক জন জজ সাহেব উপস্থিত থাকেন্ অথবা যথন দুই জন জজ উপস্থিত থাকেন্ এব° চলিত আইনানুসারে যে বিষয়ে দুই জন জজ সাহেবের সম্মতির আবশ্যক আছে দেই বিষয়ে ঐ দুই জন জজ সাহেবের মতের অনৈকা হয় তথন সেই বিষয় দেওয়ানীর হইলে কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের এব° ফৌজদারী হইলে কলিকাতাস্থ নিজামং আদালতের এক জন জজ সাহেবের নিষ্পত্তির নিমিত্ত তাঁহার নিকটে সমর্পণ করিতে হইবেক ইতি।—১৮৩১ সা। ৬ আ। ৭ ধা। ১ প্র।

৩°। কিন্তু জানা কর্ত্তব্য যে এই মতে যে জজ সাহেবের নিকটে সেই বিষয় সমর্পণ হয় সেই জজ সাহেবের উভয় বিবাদি কি তাহারদের উকালের দিগকে হাজির করিবার আবশ্যক নাই। তিনি রোয়দাদী কাগজপত্র পাঠ করিয়া বিবেচনা করিবেন এবং তদ্বিষয়ে আপনার যে নিষ্পত্তি হয় তাহা লিথিবেন ইতি।—১৮৩১ সা। ৬ আ। ৭ ধা। ২ প্র।

৩১। যথন কলিকাতার সদর দেওয়ানী ও নিজামৎ আদালতে চারি জন জজ সাহেব উপস্থিত থাকিবেন এবং যে মোকদ্দমার নিক্পন্তিতে অনেকের সম্মতির অপেক্ষা থাকে সেই মোকদ্দমাতে দুই দিগের মত সমান অর্থাৎ দুই জন জজ সাহেবের মত অন্য দুই জন জজ সাহেবের মতের বিপরীত হইলে সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের জজ সাহেবেরা বিষয়মতে পশ্চিম দেশের সদর দেওয়ানী কিয়া নিজামৎ আদালতের এক জন জজ সাহেবের নিকটে সেই মোকদ্দমা পাচাইতে পারিবেন আর ঐ জজ সাহেবের উচিত যে সেই মোকদ্দমার উভয় পক্ষকে কি তাহারদিগের উকীলদিগকে তলব না করিয়া মনোযোগপুর্বকে রোয়দাদ দৃষ্টি ও বিবেচনা করিয়া আপন মত লিথিয়া পাচান্ ইতি।—১৮৩১ সা। ১ আ। ১ ধা।

৩২। ১৮২৯ সালের ২৫ সেপ্টেম্বর তারিখে সদর আদালত বিধান করিলেন যে দুই জান জজ সাহেব কোন ডিক্রীর সকল বিষয়ে যদি ঐক্য হন্ তবে তাঁহারদের নিষ্পত্তি অন্য যে কোন দুই জান জাল সাহেবের মতের পরসপার আনৈক্য আছে তাঁহারদের নিষ্পত্তির সঙ্গে না মিলে তথাপি তাহা চূড়ান্ত হইবেক। ৫২৬ নমুরী আইনের অর্থ।

৩৩। দেওয়ানী মোকদমার নিষ্পান্ত হইলে পর খরচার সংখ্যা অথবা ভাহা বিলি করণের বিষয়ে কিয়া ওয়াদিলাৎ অথবা সেই প্রকার অন্য কোন বিষয়ে যে জ্ঞা দাহেবেরা ডিক্রী করিয়াছিলেন ভাঁহারদের মধ্যে যদি অনৈক্য হয় ভবে কেবল দেই বিরোধি বিষয় ভূতীয় জ্ঞা দাহেবের নিকটে দোপর্দ হইবেক এবং ঐ মোকদমাতে যে ডিক্রী হইয়াছিল ভাহাতে ভিনি দোষ দিতে পারিবেন না কেবল যে বিষয় ভাঁহার নিকটে দোপর্দ হইল ভাহারই বিবেচনা করিবেন। ১৮৩৫ সালের ৪ সেপ্টেম্বরের সরকুলর অর্ডর।

### ৪ ধারা।

অধস্থ আদালতের নিষ্পত্তির উপর আপীল হইলে সদর আদালতের এক জন জজ সাহেবের দ্বারা তাহার বিচার।

৩৪। কোন অধীন আদালতের ফয়সলা কিয়া হুকুমের উপর হওয়া আ-পালা মোকদমার বিচারে কিয়া আপীলের কোন আরজী স্তুননিতে যদি সদর দেওয়ানী আদালতের এক জন জজ সাহেব এমত বোধ করেন্ যে ঐ ফয়সলা কিয়া হুকুম যথার্থ ও তাহা পরিবর্ত্ত করিবার যথেষ্ট হেতু দেখা না যায় তবে তাহার ক্ষমতা আছে যে ভাহা নয়র বিলি না করিয়া প্রতিবাদিকে তলব করণ-বাতিরেকে আর বিষয় বিবেচনাতে সমুদয় রোয়দাদ পুন দৃষ্টি করিয়া কি না করিয়া তাহা বহাল রাথেন্ ইতি।—১৮৩১ সা। ১ আ। ২ ধা। ২ প্র।

৩৫। যথন ১৮৩১ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণের বিধির অনুসারে জিলার জজ সাহেবের ডিক্রী বহাল হয় তথন রেলপাণ্ডেন্ট আপনার পক্ষের ডিক্রী জারী করগার্থ অগোণে উদ্যোগ করিতে পারেন্ এই নিমিত্ত যে জজ সাহেবের দারা ডিক্রী বহাল হইযাছিল তিনি আপনার হুকুমের এক নকল জিলার জজ সাহেবের নিকটে পাঠাইতে হুকুম
দিবেন। ১৮৩২ সালের ২০ ফেব্রুআরির সরকুলের অর্ডর।

- ৩৬। কিন্তু যদি এক জন জজ সাহেব এমত বুকেন যে যে ফয়সলা কি 
  হকুমের উপর অপীল হইয়াছে তাহা ক্লাইরেপে অযথার্থ কিয়্বা কোন চলিত
  আইনের বিরুদ্ধ কিয়্বা হিন্দুর শাস্ত্রের ও মুসলমানের শরার মতের কিয়্বা অন্য
  যে কোন শাস্ত্র ঐ বিষয়ে থাটে তাহার বিরুদ্ধ কিয়্বা তাহা উপযুক্ত বিচার
  করণবাতিরেকে জারী হইয়াছে কিয়্বা তাহা ক্লাইরেপে মিথাা কল্পনামূলক হয়
  অথবা ঐ বিরোধি বিষয়ের সহিত সয়ৢর্ক না রাথে আর উপরের লিখিত কোন
  হেতুপ্রযুক্ত তাহা পরিবর্ত্ত কি য়পরিবার যোগা হয় তবে ঐ এক জন জজ সাহেবের উচিত যে আপীলা মোকদ্দমার রোয়দাদ কি ফয়সলা কিয়্বা হকুমেতে
  যে সকল বেদাড়া অবিধি কিয়্বা অন্য কোন ক্লাই দোষ থাকে তাহা হকুমনামাতে লিখিয়া যে আদালতহইতে হকুম কি ফয়সলা জারী ইইয়াছে ঐ আদালতের সাহেরের নিকটে পাচান্ এবং তাহাতে ঐ সাহেবকে তাহা পুনদ্ষ্টি
  করিতে এবং ঐ মোকদ্দমাতে ন্যায় ও আইনমতাচরণ করিতে হকুম দেন্
  ইতি।—১৮৩১ সা। ১ আ। ২ ধা। ২ প্র।
- ৩৭। এই আইনমতে বৈঠককরণিয়া সদর দেওয়ানী আদালতের এক জন জজ সাহেব অধীন আদালতসকলের রোয়দাদ কিছা আবশ্যকমতে তাহার কতক অংশ তলব করিতে পারিবেন এবং আপীলী মোকদ্মার নিষ্পত্তির হুকুম দিবার পুর্ব্বে কোন বিষয়ের বেওরা জানিবার আবশ্যক হইলে বিবেচনা মতে ইঙ্গরেজী কিছা পারসী ভাষাতে লিথিয়া পাচাইবার নিমিন্তে হুকুম করি-তে পারিবেন ইতি।—১৮৩১ সা। ১ আ। ২ ধা। ৩ প্র।
- ৩৮। ১৮৩১ সালের ৯ আইনের ২ ধারার বিধানের বিষয়ে সদর আদালতের সা-হেবেরা নীচের লিখিত বিধি নির্দ্ধারণ করিয়াছেন। ৬৭৫ নমুরী আইনের অর্থের ১ দফা।
- ৩৯। সদর আদালত বোধ করেন্ যে যদি রেক্সাণ্ডেন্টকে হাজির না করাইয়া অধস্থ আদালতের কোন ডিক্রী বহাল হয় তবে আপেলান্ট যে ইন্টাম্প কাগজে আপীলের দর-শাস্ত লিখিয়াছিল সেই ইন্টাম্পের মুলোর কোন অংশ ফিরিয়া পাইবেক না এবং আ-

পেলান্ট উকীলের যে রসুম আমানৎ করিয়াছিল তাহা সমুদয় ঐ উকীল পাইবেন। ৬৭৫ নমুরী আইনের অর্থের ও দফা।

- ৪০। যদি রেক্পাণ্ডেন্টের হাজির হইতে তলব না হয় এবং যদি কেই ব্যক্তি তথাপি আদালতের এক জন উকীলের ছারা আপীলের দর্খান্ডের উত্তর দাখিল করে তবে সেই উকীলের রসুম ঐ রেক্পাণ্ডেন্ট আপনি দিবেক। ৬৭৫ নম্বরী আইনের অর্থের ৪ দফা।
- 8>। যদি ডিক্রী পুনর্দৃষ্টি করিবার ছকুম অধন্থ আদালতে পাঠান যায় তবে ১৮১৭ সালের ১৯ আইনের ৮ ধারার নিরুপিত বিধির অনুসারে আপেলাল আপন আপীলের দরখান্তের যে ইন্টাম্পের মাসুল দিয়াছিল তাহা তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক অথবা আপীলের দরখান্ত তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক এবং যদি আপেলাল ও রেস্পাত্তেনের উকীল হাজির ছিলেন তবে তাঁহারা নিরুপিত রলুমের চারি অংশের এক অংশের অধিক পাইবেন না। ৬৭৫ নম্বরী আইনের অর্থের ৫ দফা।
- 8২। বিধান হইল যে অধস্থ আদালতের ডিক্রীর উপর আপীলের দরখান্ত শুনিবার বিষয়ে যে ক্ষমতা ১৮৩১ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণের দ্বারা সদর দেওয়ানী আদালতে অর্পণ হইল সামান্ত আইনানুসারে ঐ আদালত যে প্রকার আপীল শুনিতে পারেন্ কেবল তাহার বিষয়ে সেই ক্ষমতানুসারে কার্য্য করিতে হইবেক। অতএব সদর আমীন ও মুনসেফেরদের নিম্পান্তির উপর আপীল হইলে জিলা ও শহরের ক্ষম্ত্র সাহেবেরাযে ডিক্রী করেন্ সেই ডিক্রীর উপর কোন আপীল সদর আদালত শুনিতে পানেন্ না যেহতুক ১৮৩১ সালের ৫ আইনের ২৮ ধারাতে হুকুম আছে যে সেই আপীলের মুখে জিলা ও শহরের ক্ষম্ত সাহেবেরা যে নিম্পান্তি করেন্ তাহা চূড়ান্ত। ৬৮৮ নম্বর্ আইনের অর্থ।
- ৪৩। প্রথম আপীল যদাপি আইনের নিরুপিত মিয়াদের মধ্যে করা যায় তবে সেই আপীল করিতে আপোলান্টের অধিকার আছে এই বোধে জ্ঞা সাহেবের তাহা গ্রাহ্য করি-তেই হইবেক অতএব আসল মোকক্ষমার রোয়দাদ পাঠ করণের পূর্বের যদি জ্ঞা সাহেব অধন্থ আদালতের ডিক্রী বহাল রাথেন তবে তাহাতে আপীলের দর্থান্ত মঞ্চুর হয় নাই এমত জান করিতে হইবেক না কিন্তু আপীলের দোষগুণ বিবেচনা করিয়া তাহা চুড়ান্তরূপে ডিসমিস হইয়াছে এমত জান করিতে হইবেক। ৭৪২ নয়রী আইনের অর্থ।
- ৪৪। জিলা ও শহরের জজ সাহেব ৬ জুলাই তারিখে যে বিষয় জিজাসা করিলেন তাহাতে সদর আদালত বিধান করিলেন যে যে হুকুম বা ডিক্রীর উপর জাবেতামত অথবা সরাসরী আপীল হয় সেই হুকুম স্পাইডঃ অযথার্থ অথবা অবিধি বোধ হইলে অথবা ১৮৩১ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণের লিখিত অন্য কোন কারণ হইলে উক্ত আইনে এবং ১৮৩২ সালের ৭ আইনের ১৫ ধারায় তাঁহারদের প্রতি যে ক্ষমতার্পণ হুই-য়াছে সেই ক্ষমতানুসারে সদর আদালত মোকদমার রোয়দাদ তলব নাকরিয়া সম্পূর্ণকপে কার্য্য করিতে আপনারদের সাধ্য আছে এমত জান করিলেন। এইমত গতিকে ঐ ডিক্রী অযথার্থ অথবা অবিধি কি না ইহা নিশ্চয় করণার্থ ঐ মোকদমার রোয়দাদ পুনদৃষ্টি করণের আবশ্যক নাই যেহেতৃক ঐ ছকুম বা ডিক্রী পাঠ করিবামাত্র তাহা অযথার্থ অথবা অন্যায় দুষ্ট হইতেছে অথবা তাহার যে সকল কাগন্ধপত্র পাঠান গিয়াছে ডাহার ছারা ভাহা দাবাত হইতেছে। আরো ঐ ধারার ও প্রকরণে এমত ছকুম আছে যে ঐ আদালত তছিষয়ে সন্দেহ করিলে তাঁহারা অধন্থ আদালতের সকল রোয়দাদ অথবা যে ভাগ আবশ্যক বোধ হয় ভাহা ভলব করিতে পারেন। এবং ঐ ধারাতে সদর আদালতে যে ক্ষম্তার্পণ হইয়াছে সেই ক্ষমতানুসারে তাঁহার। কার্য্য করিতে পারিবার নিমিত্ত ঐ ধা-রার ৭ প্রকরণেতে সকল অধন্থ আদালতের প্রতি এই ছকুম হইয়াছে যে উভয় বিবাদির মধ্যে যে বিশেষ বিষয় লইয়া বিবাদ আছে তাহা এবং যে ছেবুতে ঐ আদালত ডিক্রী অথবা হুকুম করেন্ ভাহা ডিক্রীর মধ্যে লিখিতে আইনে যে বিধান আছে ভাহার মতাচরণ कतिए छक्त इहेन। ৮৩৯ नमूती आहरनत अर्थ।

৪৫। যদি রেস্পাথেন্টের রীতিমত তলব না হয় তবে তাহার প্রতিক্রুলে আদালত কোন চুড়ান্ত ডিক্রী করিতে পারেন্ না। ৯৪৪ নমুরী আইনের অর্থ।

৪৬। এবং এক জন জজ দাহেবের ক্ষমতা আছে যে যেপর্যান্ত কোন মোকদ্মাসমূর্কীয় চূড়ান্ত ভ্কুম না হইবেক দেপর্যান্ত যদি অধীন আদালতের ঐ
-মোকদ্মাসম্পর্কীয় কোন ডিক্রী কি ভ্কুম স্থগিত রাখিতে উচিত বুকেন্তবে
তাহা স্থগিত রাখিতে ভ্কুম করেন্ইতি। ১৮৩১ দা। ১ আ। ২ ধা।
৫ প্র।

#### ৫ थाता।

সদর আদালতের দারা অধস্থ আদালতের ডিক্রী বা হুকুম রদ করণ।

8 9। কিন্তু জানান যাইতেছে যে যে ডিক্রা কি হুকুমের উপর আপীল হইয়া থাকে যদি সেই ডিক্রা কিয়া হুকুম সমপূর্ণ বিচারের পর জাবেতামতে করা নালিশ কি আপীলের উপর জারা হইয়া থাকে এবং ঐ মোকদমাসম্প্র্কীয় চূড়ান্ত হুকুমের কেবল মোকদমার বৃত্তান্ত কিয়া সান্দিদিগের সাক্ষ্যমম্প্রকীয় ডিক্রং মতের কিয়া সন্দেহ ও আপত্তি বিশিষ্ট শরা ও শাব্রের মতের কিয়া চলিত কোন আইনেব ব্যাখ্যার উপর নির্ভর থাকে তবে এক জন জজ সাহেব সেই ডিক্রা কি হুকুমের অন্যথা কি পরিবর্ত্ত করিতে পারিবেন না কিন্তু এমত বিষয়ে যে হুকুম ও ব্যবহার পূর্ব্বাবিধি চলিত আছে তদনুসারে ঐ এক জন জজ সাহেব উপদেশ গ্রহণ করিবেন ইতি।—১৮৩১ সা। ১ আ। ২ ধা। ৪ প্র।

৪৮। মফঃদল আপীল আদালত কিয়া জিলা কি শহরের আদালতের হওয়া ফরদলা কি হুকুমহইতে আপীলহওয়া কোন মোকদ্দমার বিচার কালে দদর দেওয়ানী আদালতের যে এক জন জজ সাহেব ঐ মোকদ্দমাতে বৈঠক করিয়া থাকেন্ যে হুকুম কি ফর্দলাহইতে আপীল হইয়াছে তাহা ফিরাণ কি পরিবর্ত্ত করা তাঁহার চিত্তে যদি বিহিত বোধ হয় তবে এমতে ঐ দাহেব সদর দেওয়ানী আদালতের আর এক জন কি তভোধিক জজ দাহেব তাঁহার সহিত বৈঠক করণবিনা দে মোকদ্দমাতে ভিক্রীর কিয়া পুরা কোন হুকুম দিতে পারিবেন না ইতি।—১৮১০ সা। ১৩ আ। ৬ ধা। ৩ প্র।

৪৯। জানা কর্ত্তব্য যে ইন্ধরেজা ১৮১০ সালের ১৩ আইনের ২ ধারার ৩ প্রকরণেতে এমত হুকুম আছে যে মকঃসল আপীল [সদর দেওয়ানা] আদালতে উপস্থিতহওয়া আপীলের কোন মোকদমাতে দুই জন সাহেবের বৈচক্ব্যতিরেকে যে হুকুম কি নিষ্পান্তির উপর আপীল হইয়া থাকে সেই হুকুম কি নিষ্পান্তির কা পরিবর্ত্ত হওনের হুকুম হইবেক না ও এক্ষণকার চলিত কোনং আইনেতে ইহাও লেথা আছে যে আদালতের সাহেবিদিগের মধ্যে যে সাহেব যে মোকদ্মার নিষ্পান্তি করেন্ তাহার নিষ্পান্তিপত্রেতে সেই সাহেবের দম্ভথ হইবেক একণে উপরের লিখিত থং কথার কেরফার করিয়া শুধরিবার নিমিন্তে এই ধারানুসারে এমত নির্দিষ্ট হইল যে যে কোন মোকদ্মাতে জিলা ও শহরের কোন আদালতের জজ লাহেব কি আলিষ্টাণ্ট জজ লাহেব কি রেজিন্টর সাহেবের করা নিষ্পান্তির উপর প্রবিদ্যাল কোট বিদর দেওয়ানী আদালতে আপীল হয় সে মোকদ্মাতে ও আদালতের যে সাহেব এমত মোকদ্মার বিচার করিবার কারণ একাকী বৈচক করনে সেই

সাহেব যে নিষ্পত্তি কি হ্কুমের উপর আপীল হইয়াছে যদি সেই নিষ্পত্তি কি সেই হকুম রদ কি পরিবর্ত্ত করা বিহিত বুঝিয়া তাহাতে আপনার অন্তঃ-করণবর্ত্তী ও অভিপ্রায়ের কথা লিথিয়া মোকদ্মার রোয়দাদের শামিলে রাথেন্ তবে তাহার পরে ঐ আদালতের সাহেবদিগের মধ্যে অন্য যে সাহেব সেই মোকদ্দমা করিবার কারণ বৈঠক করেন্ ভাঁহার মন্ত সাবেক জজ সাহেবের মতের দহিত যদি ঐক্য হয় ও একত্র ঐ দুই জন দাহেবের বৈঠক হওনপর্যান্ত মোকদমার নিষ্পত্তিকরা মৌকুফ রাথা বিহিত বোধ না হয় তবে এমতে যে জজ পাহেব পে মোকদমার পুনরায় তজরীজ করেন্ তাঁহার ক্ষমতা আছে যে অন্য সাহেবের বৈঠক হওনবিনা সাবেক জজ সাহেবের মৃতানুসারে চূড়ান্ত নিষ্পত্তি ও হ্কুম করিয়া চলিত আইনের মতে তাহা জারী করণের বিষয়ে হকুম দেন্ ও উপরের লিখিত প্রকারেতে যে জজ সাহেব শেষে বৈঠক করিয়া খাকেন্ দেই জজ দাহেব নিষ্পত্তিতে দম্ভথৎ করিবেন ও ভাহাতে দাবেক জজ সাহেবের দস্তথৎ হওনের আবশ্যক বোধ হইবেক না কিন্তু সাবেক জজ সাহে-বের অভিপ্রায় ও মতের যে কথা উপরের উক্তমতে রোয়দাদের শামিলে রাথা গিয়া থাকে তাহাও আসল নিষ্পত্তি ও হকুমেতে ও তাহার যে২ নকল উভয় বিবাদিকে দেওয়া যাইবেক তাহাতে লেখা যাইবেক ইতি ৷—১৮১৪ मा। १८ वा। ৮ था।

[ঐ আইনের ১৬ ধারার ছারা ঐ অকুম সদর আদালতে চলন হইল।]

৫০। ১৮১৪ দালের ২৫ আইনের ১৬ ধারা মতান্তর হইয়া ইহাতে হকুম হইল যে কোন অধস্থ আদালতের নিষ্পান্তির উপর জাবেতামত আপীলের অথবা থাদ আপীলের যদি দদর দেওয়ানী আদালতের এক জন জজ সাহেব বিচার করিয়া বোধ করেন্ যে ঐ আপীলহওয়া নিষ্পান্তি অন্যথা কি মতান্তর করা উচিত তবে তিনি দর্মদাই ঐ আদালতের অন্য দুই জন জজ দাহেবকে আপনার দঙ্গে বৈচক করিতে আহ্বান করিবেন এবং ঐ তিন জন জজ দাহেব এক দঙ্গে বৈচক করিয়া ঐ আপীল শুনিবেন এবং অধিক কোন জজের মত না লইয়া তাঁহারা তাহা নিষ্পান্তি করিবেন। এইমত গতিকে যদি তিন জন জজ দাহেবের এক মত হয় তবে তাঁহারা তিন জনই ভিক্রা অথবা চূড়ান্ত হকুমনামায় দন্তথং করিবেন কিন্তু যদি এক জন জজের মত অন্য দুই জনের দঙ্গে ঐক্য না হয় তবে যে দুই জন জজ ঐক্য হন্ তাঁহারা ঐ ডিক্রাতে দন্তথং করিবেন এবং অন্য জজ দাহেবের দন্তথং করিবেন অবং অন্য জজ দাহেবের দন্তথং করিবেন এবং হইবেক না কিন্তু ডিক্রা অথবা চূড়ান্ত হকুমের মধ্যে তাঁহার মত লিথিতে হইবেক ইতি। —১৮৪৩ দা। ২ আ। ১ ধা।

৫১। কিন্তু উক্ত নিয়ম সরাসরী আপীলে অথবা মুৎকরন্থা মোকল্মার আপীলে থাটিবেক না এবং ১৮৩১ সালের ১ আইনের ২ ধারার ২ প্রকর-দে সদর দেওয়ানী আদালতের এক জন জজ সাহেবকে যে ক্ষমতা দেওয়া গিয়া-ছিল ইহার ধারা তাহার কিছু অন্যথা হইবেক না ইতি।—১৮৪৩ সা । ২ আ। ২ ধা।

৫২। সদর আদালত বোধ করেন্ যে উলিখিত মোকদমায় জিলার জল দাহেবের যে হকুমের অন্যথা হইয়াছিল তাহা জাবেভামত মোকদমায় ঐ জিলার আদালতের ডিক্রী জারী করণের হকুম। অভএব ভাঁহারা বোধ করেন্ যে ১৮৩১ দালের ৯ আইনের ২ ধারার ৪ প্রকরণে যে বর্জনীয় বিষয় লেখা আছে তাহার মধ্যে ঐ হকুম গণ্য হইতে পারে

না এবং সদর দেওয়ানী আদালভের কোন এক জন জজ সাহেবের এয়ত ক্ষমতা আছে বে ১৮৩২ সালের ৭ আইনের ১৫ ধারার বিধির অনুসারে যেমত উচিত বোধ হয় সেই মতে ঐ হুকুম গুধরান্বা অন্যথা করেন্। ৮০৪ নম্রী আইনের অর্থ।

- ৫৩। কিন্তু পুর্বের প্রকরণের লিখিত [অর্থাৎ ৪৬ নম্বরী] কোন হকুমক্রমে এমত বোধ না হয় যে কোন কঠিন কি ভারি মোকদ্দমা উপস্থিত হইলে
  দুই কিয়া ততাধিক জজ সাহেবের দ্বারা তাহার বিচারহওয়া উচিত বুঝিলে
  আপনার মত লিখিয়া ঐ মোকদ্দমা অন্য জজ সাহেবের নিকটে পাচাইতে
  এক জন জজ সাহেবের প্রতি বারণ আছে ইতি।—১৮৩১ সা। ১ আ। ২ ধা।
  ৬ প্র।
- ৫৪। কোন মোকদমায় এক জন জজ দাহেব আপনার মত লিখিয়া দেই মোকদমা অন্য জজ দাহেবের নিকটে সোপর্দ করিলে পর যদি উভয় বিবাদী কিয়া তাহারদের উকীল দরখাস্তের দারা ঐ লিখিতমতে আপনারদের আপত্তি জানায় তবে তাহা ১৮১৪ দালের ২৬ আইনের ৬ ধারার ৩ প্রকরণের বিরুদ্ধ হয় যেহেতুক ঐ প্রকরণে লেখে যে আদালতের বিশেষ অনুমতি না হইলে কোন অবশেষ আর্জী লওয়া ঘাইবেক না। ১৮৩৬ দালের ১১ নবেষ্রের দর্কুলর অর্ডর।
- ৫৫। কিন্ত যদি উভয় বিবাদী কি তাঁহারদের উকীল আপনারদের মোকদমা দপান্ট করণের নিমিত্ত এক অবশেষ আরক্ষী দেওয়া নিভান্ত আবশ্যক বোধ করে তবে যে জন্ত সা-হেব ঐ মোকদমা প্রথমে নিম্পত্তি করিলেন সেই আরক্ষী তাঁহাকে অর্পণ হইবেক এবং তিনি তাহা পাঠ করিলে পর ঐ অবশেষ সওরাল জ্ঞুথাব বা আর্জীর মর্ম্ম বিবেচনা করিয়া ষথার্থ বিচারের নিমিত্ত যেরুপ উচিত বোধ হয় সেই মত ছকুম দিবেন। ১৮৩৬ দালের ১১ নবেম্বরের সরকুলের অর্জর।

### ৬ ধারা।

প্রথমতঃ উপস্থিত মোকদমা কি দর্থাস্ত সদর আদালতের দারা জিলার আদালতে সোপর্দ্দ করণ।

৫৬। সকল জিলা ও শহরের দেওয়ানী আদালতের মোতালক মোকদ্দনায় সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের শক্তি আছে যে কোন জিলা কিয়া শহরের দেওয়ানী আদালতের জজ সাহেব যে মোকদ্দমা না শুনিয়া থাকেন্ কিয়া শ্রনিতে শৈথিলা করিয়া থাকেন্ এমত প্রমাণ হয় তবে সে মোকদ্দমার নালিশী আরজী লইয়া সে মোকদ্দমার বিচার ও নিষ্পান্তির কারণ সেই জিলা কিয়া শহরের জজ সাহেবের নামে সদর দেওয়ানী আদালতের মোহর ও রেজিয়্টর সাহেবের দম্ভথতে হকুমনামা লিথিয়া পাচান্। তাহাতে সে মোকদ্দমার করিয়াদী সেই হকুমনামা পঁহুছিবার ও তাহার সংবাদ পাইবার তারিথহইতে ৬ ছয় হয়্তার মধ্যে সেই জিলা কিয়া শহরের জজ সাহেবের নিকটে আপন মোকদ্দমা না করিলে সে জজ সাহেবের ক্রমতা আছে যে এমত হকুম হইলেও সে মোকদ্দমা ভিস্মিস্ অর্থাৎ অগ্রাহ্য করেন্। এবৎ সেই জজ সাহেবের কর্ত্রব্য যে সে মোকদ্দমা ভিস্মিস্ করিলে সেই ভিস্মিসের হেত্রুক্তে তাহার সামাচার দেওয়ানী আদালতের মোহর ও আপন দম্ভথতে লিথিয়া সে মোকদ্দমা ভিস্মিসের তারিথহইতে সপ্তাহের মধ্যে সদর দেওয়ানী আদালতের পাচান্ ইতি।—১৭১৩ সা। ৬ আ। ৪ ধা। ১ প্র।

৫৭। সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের কর্তৃত্ব আছে যে কোন জিলা কিয়া শহরের দেওয়ানী আদালতে উপস্থিতথাকা অথবা নিফাতিহওয়া কোন মোকদমার সমুর্কীয় আরজী পাইলে যদি এমত সাবাস্ত হয় যে আরজীদায়ক সে আরজী পূর্কে সেই দেওয়ানী আদালতে দিয়াছিল কিন্তু তথাকার জজ সাহেব তাহা লন্ নাই কিয়া লইয়া তাহার বিচার করেন্ নাই …… তবে সে আরজী লইয়া আইনমতে তাহার বিচার করিবার জন্যে এক হুকুমনামা সদর দেওয়ানী আদালতের মোহরে ও রেজিয়্টর সাহেবের দম্ভথতে দেই দেওয়ানী আদালতের জজ সাহেবের নামে লেথাইয়া পাচান্ ইতি।—১৭৯৮ সা। ২ আ। ৭ ধা।

#### ৭ ধারা।

সদর আদালতে সরাসরী আপীল এবণ মুৎফ্রক্কা দুর্থাস্ত।

৫৮। জাবেতামতে যে কোন মোকদ্বমা প্রথমতঃ কিয়া বিশেষ কোন হেতু হওনবাতিরিক্ত আপীলমতে প্রবিদ্যাল কোট আদালতের সাহেবদিগের [কিয়া জিলার আদালতের সাহেবেরদের কি ৫০০০১ টাকার উর্দ্ধ মূল্যের মোকদ্বমায় প্রধান সদর আমীনেরদের] শুনিবার যোগ্য হয় যদি ঐ সাহেবেরা সে মোকদ্বমার দাওয়ার আরজী কি আপীলের দর্থাস্ত নামঞ্জুর করেন কিয়া ঐ আরজী কি দর্থাস্ত মঞ্জুর করেণের পরে ফরিয়াদী কি আপেলাণ্টইইতে বিলয় হওন কি দাঁড়া ও জাবেতার অন্যমত কিয়া অন্য কসুর হওনপ্রযুক্ত মোকদ্বনার যথার্থ বৃত্তান্তের বিচার করণবিনা তাহা ডিস্মিস্ করেন্ এমতে সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের ক্ষমতা আছে যে প্রবিদ্যাল কোর্টের সাহেবদিগের করা নিফ্পত্তি কি দেওয়া হকুমের উপার সরাসরী আপীল মঞ্জুর করেন্ ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ৩ ধা। ২ প্র।

৫৯। উপরের প্রকরণের বিবরণ করিয়া লেখা সমস্ত প্রকারেতে সরাসরী আপীলের দরখাস্ত জাবেতামতে আপীলের দরখাস্ত দাখিল হইবার বিষয়ে যে মিয়াদ নিরপণ আছে সেই মিয়াদের মধ্যে দাখিল করিতে হইবেক ঐি প্রকরণের বিধান ৫ অধ্যায়ের ১ ধারাতে লেখা আছে]।—১৮১৪ সা। ২৬ আ। ৩ ধা। ৫ প্র।

ভূমাধিকারির অয়োগ্যভার বিষয়ে সদর আদালত সরাসরী আপীল লইভে পারেন্ ভদ্বিয়ে ৪ অধ্যায়ের ২৪ ধারা দেখ ।

[নাবালকের অধ্যক্ষেরদের নিয়োগের বিষয়ে সদর আদালত সরাসরী আপীল লইতে পারেন্। সেই বিষয়ে ৪ অধ্যায়ের ২৫ ধারা দেখ।]

## ৮ ধারা।

সদর আদালতে জাবেতামত আপীল। যেং মোকদমা আপীলের যোগ্য। সাধারণ বিধি।

৬০। সদর দেওয়ানী আদালতের সাহেবেরা আইনের ছারা যে২ বিষয়ে হস্তক্ষেপ করিতে পারেন্ না সেই২ বিষয়ে ঘাহাতে বাদিপ্রতিবাদির ঐ আদালতে দরখাস্ত করেণর প্রবাধ করে এইমত কোন কথা জজ সাহেবেরা আপনারদের নিকটে দাখিলহওয়া কোন দরখাস্তের উপর অথবা তাঁহারদের ক্রকারীতে লিখিবেন না যেহেতুক ঐ ব্যবহার স্পস্টতঃ অনুচিত কেননা তাহার ছারা অকারণে আদালতের সময় ছরণ হয় এবং দরখাস্ত-

করণিয়াদিগেরো অনেক অনাবশ্যক ক্লেশ ও খরচ হয়।—১৮৪২ সালের ১ আপ্রিলের শরকুলের অর্ডর।

- ৬১। জিলা কিয়া শহরের জজ দাহেব প্রথমতঃ যে দকল মোকদ্মার নিষ্পত্তি করিবেন তাহার আপীল দদর দেওয়ানী আদালতে হইতে পারিবেক ইতি।—১৮৩১ দা। ৫ আ। ২৮ ধা। ৩ প্র।
- ৬২। এবং এই ধারাক্রমে হুকুম হইল যে ইঙ্করেজী ১৮৩১ সালের ৫ আইনের ১৮ ধারার ১ প্রকরণে যে টাকা বা মূল্য নির্দিষ্ট আছে তদপেক্ষা অধিক সংখ্যার বা মূল্যের যে সমস্ত মোকদ্দমা এই আইনের ১ ধারার ক্ষমতাক্রমে প্রধান সদর আমীনেরে অর্পণ হয় ঐ প্রধান সদর আমীনের করা নিফ্পান্তির উপর আপীল একেবারে সদর দেওয়ানী আদালতে করিতে হইবেক এবং জিলার জজ সাহেবের করা নিচ্চান্তির উপর আপীল যে২ বিধানানুসারে ঐ সদর দেওয়ানী আদালতে হইত সেই২ বিধানানুসারে সর্ব্ব প্রকারে এই আপীলেরও কার্য্য হইবেক এবং ঐ নিচ্চান্তির পুনর্বিবেচনা করণের দর্যাস্ত করিবেন এবং জিলার জজ সাহেবের করা নিচ্চান্তির পুনর্বিবেচনার্থে দর্যাস্ত হইলে যে বিধানানুসারে কার্য্য হইত সেই বিধানানুসারে ইহারো কার্য্য হইনবেক ইতি।—১৮৩৭ সা।২৫ আ। ৪ ধা।
- ৬৩। মধ্যস্থানি নিম্পত্তানুসারে যে মোকদ্মার নিম্পত্তি যে কোন মফঃসল আপীল আদালতে হইয়া থাকে সে মোকদ্মার আপীলের দরখাস্ত্রী আরজী যদি সদর দেওয়ানী আদালতে দেওয়া যায় তবে সদর দেওয়ানী আ-দালতের সাহেবদিগের কর্ত্তবা যে সে মধ্যস্থেরা সে মোকদ্মার নিম্পত্তি করিতে কিছু ঘুষ লইয়াছে কিয়া পক্ষপাত করিয়াছে এমত প্রমাণ ২ দুই জন বিশ্বস্ত অর্থাৎ মাতবর সাক্ষির সুকৃতির দ্বারা না হইলে মোকদ্মা ডিস্মিস্ করিয়া আদালতের থরচা দিবার কারণ সেই ফরিয়াদীর প্রতি ত্রুম করেন্ ইতি।— ১৭৯৩ সা। ও আ। ২২ পা।
- ৬৪। ১৮৩১ সালের ৫ আইনের ২৮ ধারার ৩ প্রকরণে অকুম আছে যে ১৮৩১ সালের ৫ আইনের বিধি যেং জিলার মধ্যে চলন হয় সেইং জিলাতে জজ সাহেবের। প্রথমত উপস্থিতহওয়া সকল মোকদমাতে যে ডিক্রী করেন্ তাহার উপর সদর দেওয়ানী আদ্দালতে আপীল হইতে পারে অতএব আদালতের অকুমের বাধকতা করণের অথবা তাহা এড়াইবার মোকদমায় জজ সাহেব যদি ভূমি জব অথবা জরীমানা করেন্ তবে সেই ভূমির সালিয়ানা জমা বা উৎপন্ন অথবা সেই জরীমানার সংখ্যা অশপ হউক বা ভারী হউক সেইমত সকল অকুমের উপর সদর দেওয়ানী আদালতে আপীল হইতে পারে। এবং ইহার পূর্বে সেইপ্রকার অকুমের উপর আপীল প্রবিন্সাল আদালতে হইলে তাঁহারদের নিষ্ণান্তি যেরপে জজ সাহেবের অপেক্ষা করণের অকুম ছিল সেইরপে জজ সাহেব এক্ষণে সদর আদালতের নিষ্ণান্তির অপেক্ষা করিবেন। ৭৮০ নমুরী আইনের অর্থ।
- ৬৫। কোর্ট ওয়ার্ডদের সাহেবেরা এই ধারানুসারে গণতা কিয়া ক্লতির বিষয়ে যে নিফান্তিপত্র কোন কালেক্টর সাহেব কিয়া সরবরাহকার অথবা অধ্যক্ষের নামে পাঠান তাহাতে ঐ কোর্টের সাহেবদিগের কর্ত্তব্য যে তাহার নকল সেই জিলার দেওয়ানী আদালতের জজ সাহেবের নিকটে পাঠাইয়া দেন্ ও এমত সকল নিফান্তিপত্র সেই আদালতের ডিক্রীর ন্যায় জ্ঞান হইয়া তাহার জারী আদালতের অন্যথ ডিক্রীর মতে হইবেক কিন্তু এপ্রকার মোকদ্মানকলের আপীল যদি তাহার দর্থান্ত সেই নিফান্তিপত্রের তারিখ-

হইতে তিন মাসের মধ্যে সেই দেওয়ানী আদালতের জজ সাহেবের কিয়া
সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের অথবা কোর্ট ওয়ার্ডসের সাহেবদিগের নিকটে দেওয়া যায় তবে সদর দেওয়ানী আদালতে উপস্থিত হইতে
পারে বর° যদি ঐ নিয়মিত কাল গতেও আপালের দরখাস্ত সদর দেওয়ানী
আদালতের সাহেবদিগের নিকটে দেওয়া যায় তবে আপোলাট ঐ নিয়মিত
কালের মধ্যে আপালের দরখাস্ত না দিবার বিশিষ্ট হেতু কহিলে সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের কর্তৃত্ব আছে যে সে মোকদ্দমার আপাল লন্
ইতি।—১৭৯৩ সা। ১০ আ। ৩২ ধা। ২ প্র।

৬৬। যেতেতুক ১৮৩১ দালের ৫ আইনের ২৮ ধারার ১ প্রকরণানুসারে দদর আমীনের ফরসলার উপর আপীল হইলে জিলার জন্ধ দাহেব যে ডিক্রী করেন্ তাহা চূড়ান্ত
হইবেক এবং যেতেতুক ১৮৩২ দালের ৭ আইনের ৭ ধারানুসারে ঐ ডিক্রী করণের বিষয়ে
জন্ধ দাহেব যে ছকুম দেন্ তাহা চূড়ান্ত অতএব ঐ প্রকার আপীল শুনিবার সমরে জন্ধ
দাহেব যে২ ছকুম করেন্ তাহার উপর আপীল দদর দেওয়ানী আদালতে হইতে পারে
না।—১৮৩৩ সালের ১৩ ডিসেম্বরের দদর আদালতের বিধান ও নির্দারণ।

৬৭। সদর দেওয়ানী আদালতে আপীলহওয়া মোকদমার নিষ্পত্তি শীযু হইবার নিমিত্তে সদর আদালতের এক নির্দ্ধারণ এই পত্রের সঙ্গে তোমার নিকটে পাঠান যাইতেছে এবং তোমাকে আদেশ করা যাইতেছে যে তোমার আদালতে যে মোকদমা মুলতবী থাকে তাহার উত্তয় পক্ষকে যে উপায়েতে হইতে পারে ডদ্ধারা সদর আদালতের এই নির্দ্ধারণ জানাইবা। ১৮৪১ সালের ১৬ আপ্রিলের সরকালর অর্ডরের ২ দফা।

৬৮। সামান্যতঃ জামিনীনামা এবং আপীল করণের হেতু এবং তাহার স্বওয়াব আদালতে দাখিল করিতে অতিশয় বিলয় হইতেছে সদর আদালতের সাহেবেরা ইহা বিবেচনা করিয়া বাদি প্রতিবাদিরদিগকে এবং তাহারদের উকীলদিগকে ইহা জানাইতেছেন যে তাহার। পূর্রাপেক্ষা শীঘু করিয়া এবং তদ্বিয়য় সরকারী আইনের নির্দিষ্ট হুকুমানুসারে অবিকল কার্য্য করিবেক। বাদি প্রতিবাদী কিয়া তাহারদের উকীলেরা মোকদমা বিলয়্ম করণের নিমিত্ত কিয়া তাহারদের সওয়াল জওয়াব প্রস্তুত করণার্থ অধিক মিয়াদের নিমিত্ত প্রার্থনা করিলে যদি অত্যাবশ্যক এবং উপযুক্ত হেতু না দর্শায় তবে তাহাতে অনুমতি দেওয়া যাইতে পারে না। ১৮৪১ সালের ১৬ আপ্রিলের সরক্যালর অর্ডর।

৬৯। সকল জিলা ও শহরের দেওয়ানী আদালতের রেজিইটর সাহেবেরা ঐ সকল আদালতের উপস্থিত সকল মোকদ্মার নালিশী আরজী ও
সওয়াল ও জওয়াবআদি কাগজপত্রের উপর যেমত নম্বর দাগ ও নিশান
ও তারিথবন্দ ও আপনারদিগের দস্তথৎ করেন সেই মতে সদর দেওয়ানী
আদালতের রেজিইটর সাহেব সদর দেওয়ানী আদালতে যে সকল মোকদ্মা
উপস্থিত হয় সে সকল মোকদ্মার নালিশী আরজী ও সওয়াল ও জওয়াব ও
জোবানবন্দীআদি সকল কাগজপত্রের উপর নম্বর দাগ ও মিশান ও তারিথ
বন্দী ও আপন দস্তথৎ করিতে থাকিবেন।—১৭১০ সা। ৬ আ। ২৮ ধা।

৭০। সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের কর্ত্তব্য যে যে সকল বিষয়ের কারণ কোন দাঁড়া নির্দ্ধিট না হইয়া থাকে সে সকল বিষয়ে নাায় ও যাথার্থ্য ও সদ্বিচার অনুসারে কার্য্য করিবেন ইতি।—১৭৯৩ সা। ৬ আ । ৩১ ধা।

৭১। যে কোন আইনের অনুদারে যে মোকদমার বিচার প্রথমকরণের শক্তি দদর দেওয়ানী আদালতের দাহেবদিগের থাকে এব পমফঃদল আপীল আদালতের নিষ্পত্তির উপর যে মোকদমার আপীল দদর দেওয়ানী আদ্র-

লতে হয় থ নকল মোকদ্দমায় সকল জিলা ও শহরের দেওয়ানী আদালতের জজ সাহেবেরা যেরপে আপনারদিগের আদালতে উপস্থিতহওয়া সকল মোক্দমার বিচার ও নিষ্পত্তির সাধ্য রাথেন্ এবং যে সকল হকুম ও ত্রা ভাঁহারদিদের সম্পর্কে নির্দিষ্ট আছে সদর দেওয়ানী আদালতের সাহেব-দিগেরো কর্ত্তব্য যে সেই সাধ্যানুসারে ও সেই সকল হকুম ও ত্রার দৃষ্টে সাক্ষির কথা শুনিবার মৃত্ছাড়া মতান্তরে উপরের লিথিত সকল মোক্দমার বিচার করেন ইতি।—১৭৯৩ সা। ৬ আ। ৭ ধা।

### काशील कत्रवत् शिशान।

- १२। जाशीन कर्तान्त भिशान ६ जशास्त्रत ८ शातास्त्र तम्थ।
- ৭৩। যে মোকদমার আপীল হইতে পারে পরন্ত আপীল গুজরাণ যায় নাই এমত মোকদমায় যদি কোন ব্যক্তি ১৮১৪ সালের ২৬ আইনের ৪ ধারার ২ প্রকরণানুসারে তাহার পুনর্বিচারের নিমিন্ত দর্থান্ত করে এবং দেই দর্থান্ত মঞ্চুর না হয় তবে প্রথম ডিক্রীর উপর জাবেতামত আপীল করণের যে মিয়াদ আইনে নিরূপণ আছে তাহা হিসাব করণেতে অধন্ত আদালতে তাহার পুনর্বিচারের দর্থান্ত যত কাল উপন্থিত ছিল তত কাল ঐ মিয়াদহইতে বাদ দিতে আপন হক বলিয়া দাওয়া করিতে পারে না। কিন্তু যদি সেই ব্যক্তি আইনের নিরূপিত মিয়াদের মধ্যে তাহার আপীলের দর্থান্ত না দেওনের এই কারণ জানায় যে পুনর্বিচারের দর্থান্তপ্রযুক্ত তাহার মোকদমা অধন্ত আদালতে উপন্থিত ছিল তবে ঐ আপীল আদালতের উচিত যে দেই কারণের বিষয় বিবেচনা করিয়া বিলম্বের অন্য কোন কারণ দর্শান গেলে যেরূপ হইত দেইরূপে মোকদমার বৃত্তান্ত বুঝিয়া যেমতে যথার্থ ও উচিত বোধ হয় সেইমতে ঐ কারণ মঞ্জুর করেন্ কি না করেন্। ১১২৭ নমুরী আইনের অর্থ।

### व्याभीत्मत मत्थास ও জওয়াব।

- ৭৪। আপীলের আরম্ভীর মর্ম্ম এবং আপীলী আর্জী পাইলে জ্ঞা সাহেবের যাহা করিতে হয় এবং আপীলের আরম্ভীর সঙ্গে যে২ কাগন্তপত্র উপরিস্থ আদালতে পাঠাইতে হয় তাহা এবং যে২ গতিকে আরম্ভীর সঙ্গে ডিক্রীর দন্তথৎহওয়া নকল দিতে হইবেক বা না হইবেক তাহা ৫ অধ্যায়ের ১০ ধারাতে পাওয়া যাইবেক।
- ৭৫। আপীলের প্রথম আরজী অথবা অবশেষ আরজীতে আপীলের হেতু জানা-ইবার বিষয়ি বিধি ৫ অধ্যায়ের ৪০ ও ৪১ নম্বরী বিধানে আছে।
- ৭৬। ফরিয়াদী কি আসামী আপীলের যে সকল দর্থান্ত মফঃসলের আদালতে অথবা সদর আদালতে দাখিল করে তাহার মধ্যে সমস্ত রেস্পাত্তেকের নাম না লিখিয়া ওগয়রহ অথবা অন্যান্য হাক্তি এমত শব্দ লিখিয়া থাকে তাহাতে প্রত্যেক রে-স্পাতেকের নামে নির্দিষ্ট ভকুম জারী হইতে পারে না এইপ্রযুক্ত এ মোকদমা সদর দেও-য়ালী আদালতে শুন্নির নিমিত্ত প্রস্তুত করিতে বারবার বিলম্ব হইতেছে। এই ব্যবহার ১৭৯৩ সালের ৬ আইনের ১০ ধারার (দত্ত দেশের নিমিত্ত ১৮০৩ সালের ৫ আইনের ১০ ধারার ও প্রকরণের) বিধানের বিকল্প। অতএব আপীলের যেং দর্খান্তে সমস্ত রেস্পাণ্ডেক্টের নাম না লেখা যায় তাহা বেদাঁড়া জান করিতে হইবেক এবং আইনানুসারে তাহা গ্রাহ্য হইতে পারে না। এবং রীতিমতে আপীলের দর্খান্ত হইলে আপীল করণের নিক্রপিত মিয়াদ হিদাব করণের দিবরে যেরূপ কার্য্য হয় সেইরূপ কার্য্য এই প্রকার বেদাঁড়া দর্খান্তের বিষয়ে হইবেক না।—১৮৪২ সালের ১ জুলাইর সরক্যুলর অর্ডরের ১ দকা।
- ৭৭। আতএর ইহার পর অধস্থ আদালতে আপেলাটের বিপক্ষ যাহারা ছিল তা-হারদের কোন এক ব্যক্তির নাম লিখিতে যদি আপেলাট ফ্রটি করে এবং তাহা না লিখ-নের কোন ছারণ না দর্শায় তবে আপীলের মিয়াদের মধ্যে তাহারদের নাম লিখিয়া দা-

থিল করিতে ভাহাকে অনুমতি দেওয়া যাইবেক কিছ তাহা যদি না করে তবে তাহার আ-পীল বেদাঁড়া বোধ হইবেক।—১৮৪২ দালের ১ জুলাইর সরকালর অর্ডরের ২ দফা।

৭৮। আপীলের উক্ত প্রকার বেদাঁড়া দরখান্ত সদর আদালতে পাঠাইবার নিমিত্ত যে জজ সাহেবেরদের এবং প্রধান সদর আমীনেরদের হজুরে দাখিল হয় তাঁহারা ঐ দর-খান্তকারিরদিগকে পূর্বোক্ত হকুমের বিষয় জানাইবেন।—১৮৪২ সালের ১ জুলাইর সর্কুলের অর্ডরের ৩ দফা।

৭৯। ১৮১৪ নালের ২৬ আইনের ৫ ধারার ২ প্রকরণের সম্পর্কে সদর আদালতে যে সকল সপ্তয়ালজপুরার দাখিল হয় তাহা আদালতের নিরূপণহওয়া পাঠানুসারে তৈয়ার করিতে হইবেক এবং যদি তাহা অন্য কোন প্রকারে তৈয়ার করা যায় তবে যে ব্যক্তি এই রূপে বেদাঁড়া সপ্তয়ালজপুয়ার করে সেই ব্যক্তি উক্ত ধারার লিখিত দঙ্গের যোগ্য হইবেক। ১৮৪০ সালের ২৯ মের সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।

৮০। আপীল করণের যে মিয়াদ আইনে নিরূপণ আছে তাহার মধ্যে যদি আপেলান্ট স্বয়ং অথবা তাহার উকীল কি ক্ষমতাপ্রাপ্ত মোখ্বারের ছারা অধস্থ আদালতের ডিক্রীর নকল সমেত আপনার আপীলের আর্জ্ঞী নিরিশ্তায় দাখিল করে তবে ডেপুটী রেজিইটর ইহার তহকীক করিবেন যে ইফ্টাম্প কাগজ ও অন্যান্য বিষয়ে ঐ দর্খাস্ত আইনমতে হইয়াছে কি না এবং যদি হইয়া থাকে তবে ঐ আপীলের দর্খাস্ত আদালতের নথীতে রাখিবেন। ১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণের ১ দফা।

৮১। আপীলের দর্থাস্ত আদালতের নথীতে রেজিউরী হইলে ডেপুটী রেজিউর রীতিমত রেস্পাতেন্টের উপর এতেলানামা জারী করিবেন এবং ঐ মোকদ্দমার মিদিল তলব করিয়া তকুম করিবেন যে ঐ ডেপুটী রেজিউরের ক্বকারী জিলার আদালতে পঁত্রছনের পর দুই মাসের মধ্যে জিলার জজ দাহেব তাহা পাটাইবেন। এবং রেস্পাতেন্টের হাজির হওনের এতেলানামা ও ইশ্তিহারনামা তংশমকালে জিলার জজ দাহেবের নিকটে পাটাইতে হইবেক। ১৮৪২ দালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নিশ্ধারণের ২ দফা।

৮২। জজ সাহেবের জাদালতে কিয়া প্রধান সদর আমানের আদালতে নিম্পত্তিহওরা যে মোকদমার উপর সদর দেওয়ানী আদালতে আপীল হয় তাহার কাগজপত্র তলবের প্রিসেপ্ট অর্থাৎ ছকুম প্রাপ্তহওনের তারিখের পর দুই মাসের মধ্যে ঐ মোকদমার সমস্ত মিসিল নকল করিয়া পাঠাইতে হইবেক। ১৮৪১ সালের ১৬ আপ্রিলের সরক্যুলর অর্তরের ১ দফা।

৮৩। যদি আপীলের দরখান্তের মধ্যে আপীলের হেতু দেখা গিয়াছে এবং যদি অধস্থ আদালতের ডিক্রীর নকল তাহার দকে দাখিল হইয়াছে তবে পৃর্দোক্ত বিধির অনুসারে জিলার জজ সাহেবের নিকটে যে২ ছকুম ডেপুটা রেজিইর পাটাইয়াছিলেন তাহার রিটর্গ না প্রজ্ঞানপর্যান্ত ঐ মোকদ্দমা আপনার দক্তরে রাখিবেন। ১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দারণের ও দকা।

৮৪। যদ্যপি আপীলের দর্থান্তে আপীলের হেতু না লেখা গিয়াছে এবং যদি অধন্থ আদালতের ডিক্রীর নকল তাহার সঙ্গে দাখিল না হইয়াছে তবে ডেপুটা রেজিন্টর আপীলের হেতু এবং আপীলহওয়া যে ডিক্রীর উপর আপীল হইয়াছে তাহার নকল দাখিল করণের নিমিত্ত আপীলের দর্খান্ত সিরিশ্ভায় দাখিল করণের তারিখের পর আধিলোটকৈ ছয় সপ্তাহ মিয়াদ দিবেন। ১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণের ৪ দকা।

৮৫। যে কাগলপত্র এইরূপে তলব হয় তাহা যদি পূর্কোক্ত বিধির নিরূপিত মিয়াদের মধ্যে দিরিশ্তায় দাখিল হয় তবে ছিতীয় বিধির অনুসারে জিলার আদালতে যে ছকুম

পাঠান গিয়াছিল ভাহার রিটর্ণ না পঁছছনপর্যান্ত ডেপুটা রেজিন্টর ঐ মোকদমা আপনার দন্তরে রাখিবেন। ১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধা-রণের ৫ দফা।

সম্পুতি প্রাপ্ত আনেক কৈফিয়তের ছারা বোধ হয় যে ঐ কৈফিয়ৎ তৈয়ার করণের বিষয়ে উপযুক্ত অনোযোগ হয় না এবং তাহা পাঠাইবার পূর্ব্বে জজ সাহেবেরা উপযুক্ত মতে তাহা স্বয়ং মোকাবিলা করেন্ না। পরস্ত সদর আদালতের সাহেবেরা বোধ করেন্ যে মোকদমার জিক্রী সম্পূর্ণরূপে জারী করণের অপেক্ষা জজ সাহেবের আর আবিশ্যক কার্য্য নাই।—১৮৪২ সালের ৬ মের সরক্যুলর অর্ডর।

১৬৩। প্রবিন্দাল আদালতের অথবা এত্রিমতী মহারাণীর হলুর কৌন্দেলের কোন ডিক্রী ভোমার জিলার মধ্যে যদি জারী না হওয়া অবস্থায় থাকে তবে ভাহার এক স্বতম্র কৈফিয়ৎ পাঠাইবা। ১৮৪১ সালের ২ আপ্রিলের সরকালর অর্ডরের ও দফা।

১৮৪১ দালের ১ আপ্রিল ভারিথে অমুক জিলার আদালতে সদর দেওয়ানী আদালতের জারী না হওয়া ডিক্রার বৈমাসিক কৈফিয়থ।

कादी ना रुक्शांद काद्रभ।	विक्कूभूत क्षयीमादीट मूटे अक कान ष्यायीन एहा- वर्ष्मादद एहामीलार महाठ मोलाट्डद क्षूयला निक्षय क दिक्षां एडेन्छे मथल मिवाद दिवाद निमिष्ड प्रकाभत्ल ला- भिम्ह।	পরওয়ানা দুইবার পাঠান গিয়াছে কিন্তু আপেলাঐ- কে ধরা যায় নাহি।
ष्टिकोद त्यानामा। स्राह्म	বিজুপুর জমীদার্বাতে দুই বংসরের ওয়াসীলাৎ নমেত রেফ্পাডেওউর দখল দিবার নিমিত্ত।	আদালতের খর্চা সমেত দশ হাজার টাকা উদুল ক- রিবার নিমিত।
উভয় পক্ষেত্ নাম।	৬১ নয়র। রামমোহন ঘোষ আপেলাট বিজুপুর জমীদার্থতে দুই এক জ্ञন আমিন ওয়া-১৮৪০ বালাঁ ২ অয়কলা শা রেস্পাতেন্ট ও বিংশকের ওয়াসীলাং নমেত দীলাতের জুমলা নিশ্চয় ক-কুআরি। ভিক্রাদার। রেস্পাতেন্টের দখল দিবার রিবার নিমিন্ত হফঃসলে পা-নিমিন্ত। কিন্তিন	ভিনকড়ি সেথা আপেলান্ট আদালতের খর্চা সমেত পর্পুরানা দুইবার পাঠান আসমান বিবি রেফাণ্ডেন্ট দশ হাজার টাকা উসুল ক-গিয়াছে কিন্তু আপেলান্ট- ও ডিক্রীদার। রিবার নিমিত্ত। কে ধরা যায় নাহি।
প্রথম প্রিসেপ্টের নযুর ও তারিশ্ব।	<b>B</b>	৮৭ সমূর। ৮৪০ সাল
জিলার রেজিউ- সদর আদালতে মোকদমার প্রথম প্রিসেপ্টের রের নয়র। নয়র এবং তাহার নিফান্তি-। নয়র ও তারিখ।	১৮৩৯ সালের ১১৮ নয়র ১৮৩৯ সালের ১০ জুন ভারিখে নিক্ষতি হয়।	১৮৩৯ সালের ২৩• নমূর। ১৮৩৯ সালের ১৫ সে- প্রেম্বর তারিথে নিক্ষান্তিয়ে।
क्लिग्र द्रक्छि- द्रुत् नधुद्र।	n-	~

১৬৪। সদর দেওয়ানী আদালতের যে ডিক্রীর প্রিসেপ্ট অর্থাৎ ছকুম ঐ আদালতছইতে একেবারে প্রধান সদর আমীনের নিকটে পাঠান গিয়া থাকে সেই প্রকার জারী না
ছওয়া ডিক্রীর বিষয়ে গত ২ আপ্রিল তারিখের ১১০০ নয়রী সরকুলর অর্ডরে কোন বিশেষ উল্লেখ নাই। অতএব উক্ত সরকুলর অর্ডরের অনুযায়ি সদর আদালতের সাহেবের।
জ্ঞাত করেন্ যে মিয়াদী রিটর্ণ না পাঠাওন এবং তিন২ মাসে রিটর্ণ প্রেরণের বিষয়ে যে
ছকুম দেওয়া গিয়াছিল তাহা প্রধান সদর আমীনের বিষয়েও খাটিবেক। তাহারা রীতিমতে ঐ রিটর্ণ জ্ঞ সাহেবের নিকটে এইমত কালে পাঠাইবেন যে ইঙ্গরেজী ভাষায় তাঁহার
যে তিন২ মাসীয় কৈফিয়ৎ পাঠাওনের ছকুম আছে তাহার মধ্যে লিখিতে পারেন্।
১৮৪১ সালের ১৬ জুলাইর সরকুলের অর্ডর।

১৬৫। গত ২ আপ্রিল তারিখের ১১০০ নমুরী সরকালর অর্ডরঅনুসারে জারী না হওয়া ডিক্রীর যে কৈফিয়তের ছকুম হইয়াছিল তাহার মন্তব্য কথার ঘরে অনেকবার এমত কোন বৃত্তান্ত লেখা নাহি যে তাহাতে উপরিস্থ আদালতের ডিক্রী জারী করিতে বিচারকেরা ক্রমে যে২ উপায় করিয়াছেন তাহা দৃষ্ট হয়। ঐ কৈফিয়ৎ তুষ্টিকররপে প্রস্তুত কর্নার্থ সদর আদালতে ছকুম করিতেছেন যে উত্তর কালে জজ সাহেবের এবং প্রধান সদর আমীনের আদালতের ডিক্রী জারীর মুহুরীর এক রেজিফ্রী বহী রাখে এবং যে হুকুম যে সময়ে হয় তাহার মর্ম্ম সেই সময়েই তাহাতে লেখা যায় এবং ঐ হুকুমানুসারে যাহা হইয়াছে তাহা সেইরপে তাহাতে লেখা যায়। ১৮৪১ সালের ২০ আগটের সরকালর অর্ডর।

#### ১৪ ধারা।

# সদর আদালতের ডিক্রীর পুনর্ব্বিচার।

১৬৬। উপরের প্রকরণানুসারে কোন মোকদ্মা সদর দেওয়ানী আদা-লতে পাচান গেলে যদি ঐ আদালতের সাহেবেরা স্পষ্ট করিয়া লেখা হেতুর ও মোকদ্মার সমস্ত বেওরা ও ভাব দৃষ্টে এমত বুকেন্ যে ন্যায়মতে তাহার পুনর্বিচার করা কর্ত্তব্য তবে ঐ সাহেবদিগের ক্ষমতা আছে যে দে মোকদ-মার পুনর্বিচার করিবার অর্থে হুকুম দেন্ ও ঐ মত তাঁহারদিণের নিষ্পান্তি করা যে মোকদ্মার আপীলের দরখান্ত প্রচণ্ডপ্রতাপ এলঞ্জী ইঙ্গলণ্ডের বাদ-শাহের হলুরে না হইয়া থাকে কিয়া আপীলহওনমতেও মোকদমার মোতা-লক কাগজপত্র ঐ বাদশ:হের হজুরে পাচান না গিয়া থাকে সে মোকদ্মাতে यिन छाँ हा विराज इ जुरत श्रूनर्वि हारत त्र मतथा छ नाथिन इ स उरत थे नारहत-দিগের ক্ষমতা আছে যে উপরের লিখিত কথার প্রতি দৃষ্টি করিয়া তাহার পুনর্কিচারের দর্থান্ত মঞ্র করেন্ ও যদি সদর দেওয়ানা আদালতের সাহে-বেরা কোন মোকদমাতে পুনবির্চারের দর্থান্ত মঞ্র করেন্ তবে তাঁহারদি-গের কর্ত্তব্য যে ঐ দর্থাস্ত মঞ্জুর করণের হেতু আপনারদিগের রুবকারীর वहीरि निर्थन् ও अप्रज प्रांकष्प्रांत नृजन कान प्रनान निष्या निष्या कि ना লওয়া যাওনের বিষয়ে ন্যায়মতে যাই। উচিত বুকেন্ তাহার ত্রুম করেন্ ইতি।—১৮১৪ সা। ২৬ আ। ৪ ধা। ৩ প্র।

১৬৭। জানা কর্ত্তব্য যে যদি জিলা ও শহরের কোন আদালতের সাহেব কি কোন প্রবিন্সাল কোট আদালতের সাহেবেরা কিয়া সদর দেওয়ানী আদালতের সাহেবেরা প্রথমতঃ তাঁহারদিগের নিকটে দেওয়া পুনর্বিচারের কোন দর্খান্ত নামঞ্জুর করেন্ কিয়া সদর দেওয়ানী আদালতের সাহেবেরা ভাঁহারদিগের তাবে কোন আদালতহ্ইতে ঐ বিষয়ে অনুমতি চাহিয়া পাঠা- নমতে তাহা নামজুর করণের বিষয়ে হুকুম দেন তবে তাহাতে ঐ দর্থান্ত দেওনিয়াকে মোকদ্দনা আপীলের যোগ্য হইলে জাবেতানতে যে আদালতে দে মোকদ্দনার আপীলের দর্থান্ত শুনা যাওনের যোগ্য হয় দে আদালতে আপীলের দর্থান্ত অমত আপীল শুনা যাওনের বিষয়ে চলিত আইনের লি-থিত হুকুমের দৃষ্টে দাখিল করিতে নিষেধ আছে এমত বোধ না হয় ইতি। —১৮১৪ সা। ২৬ আ। ৪ ধা। ৪ প্র।

[ডিক্রীর পুনর্দৃষ্টি করণের দরখান্তের ইস্টাম্পের বিষয়ি বিধি ৫ অধ্যায়ের ২১ ধারাতে পাওয়া যাইবেক]

১৬৮। জাবেতামতে প্রথমতঃ কি আপীলমতে উপস্থিতহওয়া যে সকল মোকদ্দমা জিলা ও শহরের আদালতে ও প্রবিন্সাল কোর্টে নিষ্পত্তি পায় তা-হার কিয়। সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তিপাওয়া মোকদমার পুনর্বিচা রের দর্থান্তের বিষয়ে ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ আইনের ৪ ধারার লি-্থিত হুকুমের অতিরিক্ত এই ধারাতে ইহাও নির্দিষ্ট হইল যে যে জজ সাহেব কি সাহেবেরা ঐ মোকলমার নিষ্পত্তি করিয়া থাকেন্ দেই সাহেব কি সাহে-বেরা কিম্বা ঐ নিফাত্তি দুই কি ততোধিক জজ সাহেবের দ্বারা হইয়া থাকিলে ঐ জজ সাহেবেরা ঐ মোকদ্মার পুনর্বিচারের দর্থান্ত গ্রাহ্য হওনের সময়ে ঐ আদালতে নিযুক্ত থাকিলে এব ১ অনুপস্থিত থাকন কি অন্য কোন কারণ-প্রযুক্ত ঐ দর্থান্ত আহাহওনানন্তর ছয় মাদপর্যান্ত ঐ মোকদ্মার বিচার করি-তে ও তাহার বিষয়ে আপনার হুকুম কি মত বহীতে লিখিতে অপারক না হইলে ঐ আদালতের অন্য কোন জজ সাহেব কি সাহেবেরা ঐ দর্থান্তের বি-ষ্বের ন্যায়ান্যায় বিবেচনা করিতে এব েতাহার বিষয়ে আপন কোন ছকুম কি মত বহীতে লিখিতে ক্ষমতা রাখিবেন না কেননা উপরের লিখিত হুকুমের ষ্কাট অভিপ্রায় এই যে তদনুসারে যে সকল মোকদ্দমার পুনর্বিচারের দরিথাস্ত দাথিল হয় তাহা সাধ্যানুসারে যে জজ সাহেব কি সাহেবেরা ঐ সকল মোকদ-মার নিচ্পত্তি করিয়া থাকেন্ তাঁছার কি তাঁহারদিগের দারা ঐ সকল মোকদ-মা উচ্চত্র আদালতে আপীলহওনের যোগ্য হইলে দামান্য নির্মমত তাহার আপীল হওনের অধীনতায় গ্রাহ্য হয় ও নিফ্পত্তি পায় ও আরো ত্রুম করা যাইতেছে যে ঐ নিফান্তিপত্রের লিখনক্রমে যদি স্লেষ্ট জানা যায় যে প্রবিন্সাল কোর্টের অথবা সদর দেওয়ানী আদালতের একাকী এক জজ যে মোকলমার উপর আর আপীল না হইতে পারে দেই মোকদমার বিষয়ে আইনের লিথনক্রমে তাঁহাকে অর্পণহওয়া ক্ষমতার অতিক্রম করিয়াছেন ্তবে সে মোকদ্মার বিষয়ে উপরের লিথিত নিয়ম সম্র্ক্রাথিবেক না ও ঐ মত মোকদ্মাতে নিষ্পত্তি অসমপূর্ণ এব ে আইনবিক্তম হইয়া থাকনপ্রযুক্ত তাহা হওনের বিষয়ে প্রবিক্ষাল কোর্টের কি সদর দেওয়ানী আদালতের অধিক জাঁজর মতের ঐক্য হইলে ঐ জজ সাহেবেরা ক্ষমতা রাখিবেন যে ইঙ্গ-রেজী ১৮১৪ সালের ২৬ আইনের ৪ ধারার এবণ এই আইনের লিথিত মতে পুনর্বিচারার্থে দেওয়া ঐ দর্থাস্তের বিষয়ে যাহা কর্ত্তব্য তাহা করেন্ ইত।-১৮২৫ मा। २ जा। ७४।।

১৬৯। দুই জন জজ সাহেব এক মোকদমা নিষ্পত্তি করেন্ এবং তাঁহারা দুই জন ঐ সদর আদালতে অদ্যাপি আছেন্ তাহাতে জিজাসা হইল যে পুনর্কিচারের নিমিত্তে দর- খাস্ত হইলে তাহা উভয় জজ সাহেবের হজুরে দরপেশ করিতে হইবেক কি এক জন জজ

সাহেব ভাষা গ্রাহ্য কি অগ্রাহ্যের বিষয়ে যে ছকুম দেন্ ভাষা চুড়ান্ত ছইবেক। ভাহাতে সদর আদালত বিধান করিলেন যে এইমত গতিকে যে জজ সাহেবেরা ডিক্রী করিলেন তাঁ-হারদিগকে পুনর্বিচারের দরখান্ত দিতে ছইবেক এবং যদি সেই পুনর্বিচারের দরখান্ত প্রাহ্য বা অগ্রাহ্যের বিষয়ে ভাষার। অনৈক্য হন তবে যেপর্যান্ত সেই বিষয়ে অধিকাংশ জন্মের সম্মতি না পাওয়া যায় মেইপর্যান্ত ঐ আদালতের এক বা ততোধিক জজ সাহেবের নিকটে তাহা অর্পণ করিতে ছইবেক। ৭৫৬ নয়রী আইনের অর্থ।

১৭০। আলাহাবাদের সদর আদালতের সঙ্গে কলিকাতান্থ সদর আদালত ঐক্য হইয়া বিধান করিলেন যে এক জন জজ সাহেব মোকদমার ডিক্রী করিলে এবং ঐ ডিক্রীর পুনর্ধি-চারের দর্খান্ত হইয়া যদি তিনি তাহা মঞ্জুর না করেন্ তবে তাহার পর কোন দর্খান্তক্রমে যদি তিনি আপনি তাহা মঞ্জুর না করেন্ তবে তাঁহার ঐ নামঞ্জুর করণের হুকুম সর্কতোভাবে চূড়ান্ত হইবেক। এবং ঐ জজ অনুপন্থিত হইলে এবং ছয় মাসের মধ্যে দিতীয় দর্খান্ত শুনিতে না পারিলে সদর আদালতের এমত সাধ্য নাই যে পুনর্ফিচারের দর্খান্ত নামঞ্জুর করণের হুকুম পুনর্ফিচার করিতে অন্য জজ সাহেবকে হুকুম দেন্। ৯৮২ নম্বরী আইনের অর্থ।

১৭১। সদর আদালতের দুই জন জজ সাহেব মহঃসল আপীল আদালতের ডিক্রী বহাল রাখিলেন। ঐ দুই জন জজ সাহেব তাহার পুনর্কিচারের দরখান্ত গ্রাহ্য করিলেন। পরে তাহার মধ্যে এক জন আদালত ছাড়িয়া গেলেন অপর এক জন জজ ঐ দুই জনের করা ছকুম বহাল রাখিলেন। তাহাতে সদর দেওয়ানী আদালত বিধান করিলেন যে অবশিষ্ট জজের ঐ দিতীয় হকুম চূড়ান্ত এবং অন্য কোন জজের সম্মতি লওনের আবশ্যক নাই। ৬৮৩ নম্রী আইনের অর্থ।

# ১৫ ধারা।

# সদর আদালতে থাস আপাল।

১৭২। প্রথমত উপস্থিতহওয়া যে সকল মোকদ্দমার নিম্পন্তি প্রধান সদর আমীনের দ্বারা হয় তাহার আপীল জিলা কিস্থা শহরের জজ নাহেবের নিক টে হইবেক এবং দ্বিতীয় অর্থাৎ থাস আপীল চলিত আইনের লিথিত যে হুকুম এই বিষয়ে থাটে তদনুসারে সদর দেওয়ানী আদালতে হইতে পারিবেক ইতি।—১৮৩১ সা। ৫ আ। ২৮ ধা। ২ প্র।

১৭৩। যে দকল ডিক্রী প্রধান দদর আমীনের কাছারীতে ইইবেক তাহা
জিলা ও শহরের জজ দাহেবের করা ডিক্রী জারী করিবার নিমিত্তে যে দকল
দামান্য হকুম আছে তদনুদারে ঐ প্রধান দদর আমীনের দারা জারী ইইবেক।
কিন্তু জানা কর্ত্তব্য যে এমত বিষয়দকলে প্রধান দদর আমীনের করা নিষ্পাভিরে উপর প্রথমতঃ জিলা ও শহরের জজ দাহেবের নিকটে আপীল ও থাদ
আপীল দদর দেওয়ানী আদালতে ইইবেক ইতি।—১৮৩১ দা। ৫ আ। ২২
ধা।

১৭৪। এই আইন জারী হওনের পরে প্রবিদ্যাল কোর্টের ও সদর দেও-য়ানী আদালতের সাহেবেরা থাস কিয়া ছিতীয় আপীল গ্রাহ্যকরণের বিষয়ে ইঙ্গরেজী ১৮১৪ সালের ২৬ আইনের ২ ধারার এব° ১৮১৭ সালের ১৯ আইনের ৭ ধারার এব° ১৮১৯ সালের ৯ আইনের ৩ ও ৪ ও ৫ ধারার লি-থিত ত্রুমেতে দৃষ্টি রাখিয়া কার্য্য করিবেন ইতি।—১৮২৫ সা। ২ আ। ৪ ধা। ২ প্র। ১৭৫। জিলার আদালতের জজ সাহেবেরদের নিমিত খাস আপীলের বিষয়ে যে বিধি আছে সেই বিধি সদর দেওরানী আদালতের খাস আপীলের বিষয়ে খাটে। ঐ সকল বিধি ৫ অধ্যায়ের ১৬। ১৭। ১৮ ধারাতে পাওয়া যাইবেক।

১৭৬। খাদ আপীল মঞ্কুর হইলে বিচারার্থে মোকদ্দমা তৈয়ার করণের বিষয়ে জা-বেতামত আপীলের যে বিধি আছে দেই অনুশারে কার্য্য হইবেক।—১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের রিধান ও নির্দ্ধারণ।

১৭৭। খাস আপীলের আরজীর সঙ্গে যে দলীলদস্তাবেজ দাখিল হয় তাহার বিষয়ে দাখিল করণের সময়ে কিছু রসুম দিতে হইবেক না।—৫৩৭ নম্বরী আইনের অর্থ।

১৭৮। থাস আপীলের দরখান্ত মঞ্চুর না হইলে আপীলহওয়া মোকদমার মিদিলে যে সকল আসল কাগজপত্র কি নকল ছিল তাহাছাড়া অন্য সকল কাগজপত্রের উপর ছয় সপ্তাহের মধ্যে সংধারণ আইনানুসারে দন্তাবেজের যে রসুম দেয় হয় তাহা দিতে হইবেক। ১৮৪১ সালের ৭ মের সদর আদালতের বিধান ও নির্দারণ।

১৭৯। যদি রসুমের টাকা না দেওয়া যায় তবে অনাং প্রকার কসুর হইলে যেরূপ করা যায় সেইরূপ এই স্থলে করা ঘাইবেক।—৫৩৭ নয়রী আইনের অর্থ।

১৮০। ইহাতে ভ্কুম হইল যে আগামি মে মাদের ১ তারি থঅবধি এবপ তাহার পর কলিকাতার এবপ আলাহানাদের দদর দেওয়ানী আদালত ও সান্দ্রাজের দদর আদালত এবপ বোস্বাইয়ের দদর দেওয়ানী আদালতের অধীন দেওয়ানী আদালতদকলে জাবেতামত আপীলের যে দকল নিচ্পত্তি কোন আইনের বিরুদ্ধ অথবা আইনের তুল্য প্রবল কোন ব্যবহারের বিরুদ্ধ কিস্বা আদালতের কোন দম্ভরের বিপরীত দৃষ্ট হয় অথবা আইনের বা দম্ভরের কিস্বা ব্যবহারের যে কোন নিয়মে উপযুক্ত দন্দেহ হইতে পারে এইমত কোন নিয়মঘটিত হয় দেই আপীলের নিম্পত্তির উপর থাদ আপীল এই দদর আদালতে হইতে পারে ইতি।—১৮৪৩ দা। ৩ আ। ১ ধা।

১৮১। এব° ইহাতে ত্কুম হইল যে জাবেতামত আপীলের দরথাস্ত দাখিল করণের যে মিয়াদ নির্দিষ্ট আছে সেই মিয়াদের মধ্যে থাস আপীলের দরথাস্ত উপরের উক্তমতে নির্দ্ধারিত আদালতে দাখিল না হইলে তাহা গ্রাহ্য হইবেক না ইতি। – ১৮৪৩ সা। ৩ আ। ২ ধা।

১৮২। আরো ইহাতে হকুম হইল যে যে মোকদ্দমার সম্পর্কে থাস আপীল হয় তাহাতে পুর্বেষে সকল ডিক্রা হইয়াছিল তাহার নকল থাস আপীলের দর্থান্তের সঙ্গে দাখিল করিতে হইবেক ইতি।—১৮৪৩ সা। ৩ আ। ৩ ধা।

১৮৩। এব ইহাতে ত্কুম হইল যে থাস আপীলের প্রত্যেক দর্থাস্ত উপরের উক্তমতে নির্দ্ধারিত আদালতে রীত্যনুসারে দাখিল হইলে তাহা থাস 'আপেলাণ্ট কি তাহার উকীল বা মোধারকারের সমুথে সদর আদালতের এক জন জজ সাহেব শ্বনিবেন এব এক জজ সাহেব আপনার বিবেচনামতে ঐ মোকদ্মার মিসিলের সমুকাঁয় কোন দলীলদস্তাবেজ তলব করিয়া পাঠ করিতে পারেন্ এব এক প দর্থান্তের জওয়াব দেওনের নিমিত্ত পক্ষান্তর ব্যক্তিকে তলব করিতে পারেন্ ইতি। —১৮৪৩ সা। ৩ আ। ৪ ধা।

১৮৪। আরো ইহাতে ত্কুম হইল যে ঐ জজ সাহেবের যদি এই মত বোধ হয় যে এই আইনমতে থাস আপীল গ্রাহ্য হইতে পারে তবে তিনি তদনুসারে ত্কুম দিবেন এব° সেই সময়ে আপীলের যে মূল বিষয় বা বিষয়সকলের বিচার করিতে হইবেক তাহা সটিফিকটের ন্যায় ইঙ্গরেজী ভাষায় লিথিবেন পরে ঐ আদালতে যে দেশীয় ভাষা চলিত আছে তাহাতে তাহার তরজমা করা যাইবেক এবং তাহার পর ঐ থাদ আপীল দাঁড়ামতে স্তননি ও নিষ্পত্তি হইবার নিমিত্ত আদালতের নথার শামিল করা যাইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে দটিফিকটের মধ্যে লেখা আইনের মূল বিষয় বা বিষয়দকলের নিষ্পত্তি করণার্থ মোকদমার রোয়দাদের যে অংশের আবশ্যকতা নাই দেই অংশ তলব করিয়া তাহাতে দৃষ্টি করণের প্রয়োজন নাই ইতি।—১৮৪৩ দা। ৩ আ। ৫ ধা।

১৮৫। আরো ইহাতে হকুম হইল যে ঐ জজ সাহেবের যদি বোধ হয়. যে এই আইনমতে থাস আপাল গুাহ্য হইতে পারে না তবে তিনি দর্থান্ত না মঞ্র করিবেন এবং থাস আপালের দর্থান্ত নামঞ্র করণের বিষয়ে তাঁহার হকুম চূড়ান্ত হইবেক ইতি।—১৮৪৩ সা। ৩ আ। ৬ ধা।

১৮৬। এবং ইহাতে হুকুম হইল যে উপরের উক্ত মতে কোন থান আ-পীল গাহ্য হইলে উপরের উক্ত ধারামতে যে মূল বিষয় বা বিষয়দকল নটি-ফিকটে লেখা যায় দদর দেওয়ানী আদালত কেবল তাহার বিচার করিবেন এবং ঐ মোকদ্মার অন্য কোন বিষয় বা অংশের বিচার করিবেন না ইতি।

—১৮৪৩ সা। ৩ আ। ৭ ধা।

১৮৭। কিন্তু আপীলের বিশেষ কারণ যদি অন্তন্ধ বা অসমপুর্ণরূপে নার্টি-ফিকটের মধ্যে লেথা গিয়া থাকে তবে ঐ সদর আদালত ঐ সটিফিকট শুদ্ধ করিতে পারেন্। কিন্তু নার্টিফিকটের মধ্যে যে মূল বিষয় বা বিষয়সকল আ-দৌ লেথা গিয়াছিল কেবল তাহাই এরপে শুধুরাণ যাইতে পারে এবং কোন নৃতন বিষয় বা বিষয়সকস লইতে কিন্তা ঐ সটিফিকটের মধ্যে তাহা লিথিতে ঐ আদালতের ক্ষমতা নাই ইতি।—১৮৪৩ সা। ৩ আ। ৮ ধা।

১৮৮। আরে। ইহাতে ত্কুম হইল যে থাস আপীলের বিষয়ে বাঙ্গালা এবং মান্দ্রাজ ও বোদ্বাইয়ের রাজধানীর যে সকল আইন ও বিধি আছে ভাহা যেপার্যান্ত এই আইনের বিধির বিরুদ্ধ না হয় সেইপার্যান্ত প্রবল থাকি-বেক ইতি 1—১৮৪৩ সা। ৩ আ। ১ ধা।

১৮৯। এবং ইহাতে হুকুম হইল যে আগামি মে মাদের ১ তারিথের পূর্বে যে দ্বিটার অর্থাৎ থাদ আপাল মঞ্র হইরা মুলতবী থাকে এই আই-নের কোন হুকুমের দ্বারা তাহা স্তন্নির ব্যতিক্রম হইবেক না এবং এই আ-ইন জারী না হইলে ঐ দ্বিতীয় অর্থাৎ থাদ আপীলের যেরূপে স্তন্নি ও নিষ্পা তি হইত দেইরূপে শ্রন্নি ও নিষ্পত্তি হইবেক ইতি।—১৮৪৩ দা। ৩ আ। ১০ ধা।

# ১৬ ধারা।

শ্রীপ্রামতী মহারাণীর হজুর কৌন্দেলে আপীল। মোকদ্মার সংখ্যা। আপীলর মিয়াদ।

১৯০। যেহেতুক জ্রিজ্রীযুক্ত "মহারাজার হজুর কৌন্সেলে পূর্ব্বাপেক্ষা উন্তম রূপে যথার্থ বিচারহওনের নিমিত্ত আইন" নামে বিথ্যাত মৃত চতুর্থ উলিয়ম বাদশাহের অধিকারের চতুর্থ বৎশরে এক আইন হয় এবং যেহেতুক ঐ আইনে অন্যান্য বিষয়ের মধ্যে এমত হ্রুম আছে যে "সদর দেওয়ানা আদালতের অথবা ভারতবর্ষের অন্য যে কোন আদালতের অথবা কেপ অফ গুডহো-

পের পূর্ব্ব দিগে অন্য কোন স্থানে যে কোন আদালতের নিষ্পত্তির উপর জীযুক্ত মহারাজার হজুর কৌন্সেলে আপীল হইতে পারে নেই আদালতের নিক্পত্তির উপর আপীল যে রীতানুসারে ও যে প্রকারে ও যে মিয়াদের মধ্যে করিতে হইবেক তাহ। নির্ণয়করণের জন্য যে কোন বিধান ও হুকুম উচিত বোধ হয় তাহা ইঙ্গলণ্ডের প্রাযুক্ত বাদশাহ হজুর কৌন্সেলে সময়েং করিতে পারেন্ এব॰ ঐ প্রকার আপীলকরণের অথবা তদনির বিলম্ব নিবারণের নিমিত্ত এব ে ঐ আপীলের থরচার বিষয়ে এব ে যে সংখ্যা অথবা মূল্যের **সমৃত্তির মোকদ্দমার আপীল হইতে পারে সেই মূল্য বা দ**ংখ্যার বিষয়ে ' সময়েং নিয়ম করিতে পারেন্।" এব ে যেহেতুক উক্ত মৃত মহারাজা উক্ত সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তির উপর আপীলের রীতি ও প্রকার ও মিয়াদ নিরূপণ করণের জন্য ১৮৩৬ দালের ১৬ জানুআরিতে কএক বিধান ও হুকুম মঞ্জুর করিয়াছিলেন এবং ঐ আপীল করণের বা স্তানিবার বিলম্ব নিবা-রণার্থ এব ১ ঐ আপীলসমুর্কীয় এরচের বিষয়ে কএক নিয়ম করিয়াছিলেন এব ে ঐ বিধান ও ভ্কুম ও নিয়ম A এব ে B চিহ্নিত তফদীলের মধ্যে লি-থিত হইয়াছিল এব ১১ জানুআরিতে হজুর কৌন্সেলের ত্রুমে তাহা স° যোগ হইল। এব° যেহেতুক মৃত মহারাজা ১৮৩৬ সালের ১০ আ-গম্টের হজুর কৌন্সেলের অন্য হুকুমক্রমে ঐ B চিহ্নিত তফদীল মতান্তর করি-য়া তথরিয়াছিলেন এব∾ উক্ত প্রকারে মঞ্জুরহওয়া ঐ B চিহ্নিত তফদীলের পঞ্চম ধারা রদ করিয়া ভ্রুম দিলেন যে ঐ পঞ্চম ধারার পরিবর্ত্তে ঐ ১৮৩৬ সালের ১০ আগস্টের হুকুমের লিখিত এক বিধান অদ্য নির্দ্দিষ্ট হয়। এবৎ যেহেতুক জ্রীজ্রীমতী মহারাণী হজুর কৌন্সেলে উক্ত বিধান ও ত্কুম ও নিয়ম রদ ও বাতিল করিতে এবণ তাহার পরিবর্ত্তে অন্য হুকুম ও বিধান ও নিয়ম নির্দিষ্ট করিতে উচিত বোধ করিয়াছেন অতএব।— 🗐 🗐 মতী মহারাণীর হজুর কৌন্সেলে ১৮৩৮ সালের ১০ আপ্রিলের হওয়া বিধান।

১৯১। എএমতী মহারাণীর হজুর কৌন্সেলের পরামর্শক্রমে উক্ত ১৮৩৬ দালের ১৬ জানুআরি এব°১১৮৩৬ দালের ১০ আগষ্টের হজুব কৌন্সে-লের হুকুমে নির্দিষ্ট উক্ত সকল বিধান ও হুকুম ও নিয়ম রদ ও বাতিল করি-য়াছেন এব ে এই হুকুমের নিয়ম সংযোগহওয়া পশ্চাৎ লিখিত নানা বিধান ও ত্কুম ও নিয়ম মঞ্র করিয়াছেন। এব েইহাতে ত্কুম হইল যে ঐ দকল নিয়ম বাঙ্গলা দেশস্থ ফোট উলিয়ম এব ্ ফোট দেণ্ট জর্জ অর্থাৎ মান্দ্রাজ এব ্ বোষাইয়ের জীজীমতা মহারাণীর সুপ্রিম কোর্টে এব প্রলোপিনাঙ্গ ও সিৎহ-পুর ও মলাকার আদালতে এব কোম্লানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে নানা সদর দেওয়ানী আদালতে এবং অন্যান্য আদালতে চলন হইবেক এবং যত ব্যক্তির তাহার দঙ্গে সম্বর্ফ থাকে তাঁহারা ঐ নিয়ম প্রতিপালন করি-বেন। এব° ভারতবর্ষের এীযুত গবর্নর্ জেনরল বাহাদুর এব° ভারত-বর্ষের হজুর কৌন্সেল এব ে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের গবর্নর্ সাহেব এবং ফোট দেণ্ট জর্জ অর্থাৎ মাজ্রাজের গবর্নর্ সাহেব হজুর কৌন্সেলে এব ে বোদ্বাইয়ের গবর্নর্ সাহেব হজুর কৌন্সেলে এব ে আগরার গবর্নর্ সাহের এবণ ফোর্ট উলিয়মের শ্রশ্রীমতা মহারাণীর সুপ্রিম কোর্টের চিফ জুফিস ও অন্য জজ সাহেব এব ে মান্দ্রাজের জ্রীজ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের চিফ জুফিস ও অন্য জজ সাহেব এব ্ বোস্বাইয়ের জ্রিজ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের চিফ জুফিদ এবণ অন্য জজ দাহেব এবণ পুলোপিনাঙ্গ ও দিণ্ছ- পুর ও মলাকার আদালতের জজ লাহেব ও কোয়্লানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে ভারতবর্ষের নানা সদর দেওয়ানী আদালতের জজ এবং অন্যান্য সকল আদালতের জজ লাহেব এবং অন্যান্য যে সকল ব্যক্তি ঐ হকুমের দক্ষে সমুক্রিথেন্ ভাঁহারা সেই হুকুম অবধান করিয়া তদনুসারে কার্য্য করিবন। প্রিপ্রান্তী মহারাণীর হজুর কৌন্সেলে ১৮৩৮ সালের ১০ আপ্রিলের হওয়া বিধান।

### উक्त उक्तमील।

১১২। ১। আগামি ৩১ ডিলেম্বরঅবিধ এবং তাহার পর যে ফয়ললা কি ডিক্রনির ত্রুমের উপর আপীল হয় ঐ ফয়ললা কি ডিক্রনির তারি-থের পর ছয় মালের মধ্যে যদি প্রিপ্রমতী মাহারাণীর হজুর কৌলেলে যে আপীল হয় তাহার দর্থাস্ত এদেশে না দেওয়া যায় এবং যদি ঐ আপীল ময়ুর্কে বিরোধি বিষয়ের মূল্য নূয়ন সংখ্যা কোয়্লানির দশ হাজার টাকা না হয় তবে বাঙ্গলা ও মাল্রাজ ও বোয়াইয়ের প্রিপ্রমতী মহারাণীর আদালত ও পুলো-পিনাঙ্গ ও সিংহপুর ও মলাকার আদালত কিয়া কোয়্লানি বাহাদুরের শাসিত দেশের মধ্যের কোন সদার দেওয়ানী আদালত বা অন্যকোন আদালত ঐ প্রিপ্রমতী মহারাণী কি তাঁহার উত্তরাধিকারী অথবা তাঁহার পর রাজত্বপ্রাপ্ত অন্যান্য রাজার হজুর কৌল্সেলে যে কোন আপীল হয় তাহা গ্রাহ্য করিবেন না। এবং আগামি ৩১ ডিসেম্বরঅবধি এবং তাহার পর বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়মইউতে আপীলের বিষয়ে যে পাঁচ হাজার পৌশু উর্লিঙ্গের নিয়ম ইহার পুর্বে নির্দ্ধিট ছিল তাহা সমপূর্ণরূপে শেষ ও রহিত হইল।— প্রিপ্রমতীমহারাণীর হজুর কৌন্সেলে ১৮৩৮ সালের ১০ আপ্রিলের হওয়া বিধান।

১৯৩। ২। যে কোন গতিকে প্রিপ্রামতী মহারাণী ও তাঁহার উন্তরাধিকারী ও তাঁহার পর রাজস্বপ্রাপ্ত অন্যান্য রাজার হজুর কৌন্দেলে আপীল উক্ত কোন আদালতে গ্যাহ্য হয় সেই গতিকে ঐ আদালত আপনার রুবকারীতে দটিফিকট করিয়া ইহা লিথিবেন যে ঐ আপীলসম্পর্কীয় বিরোধি বিষয়ের মূল্য নিতান্ত দশ হাজার টাকা কিয়া তাহাহইতে অধিক এবং ঐ সার্টিফিকটের দারা ঐ মূল্যের বিষয়ের চূড়ান্তরূপে নির্ণয় হইল এমত জ্ঞান করিতে হইবেক এবং ঐ আপীলহওয়া মোকদ্মাসম্পর্কীয় কোন ব্যক্তি ঐ আপীলা মোকদ্মার মূল্যের বিষয়ে তাহার পর আর কোন ওজর করিতে পারিবেন না লিপ্রিমতা মহারাণীর হজুর কৌন্দেলে ১৮৩৮ সালের ১০ আপ্রিলের হওয়া বিধান।

১৯৪। ৩। কিন্তু এই হুকুমের লিখিত কোন কথার এমত অভিপ্রায় নহে এব॰ তাহার এমত অর্থও করিতে হইবেক না যে পূর্ব্বোক্ত কোন আদালতের কোন ফয়সলা কি ডিক্রী অথবা ডিক্রীর হুকুমের দ্বারা যে ব্যক্তি অন্যায়গুন্ত হয় সেই ব্যক্তি দরখান্ত করিলে জ্রীজ্ঞীমতা মহারাণীর কি তাঁহার উত্তরা ধিকারা অথবা তাঁহার পর রাজত্বপ্রাপ্ত অন্য রাজার হজুর কৌন্সেলে অন্য কোন নিয়মে এব॰ অন্য যে কোন সীমা ও নিষেধ ও হুকুম ঐ বিশেষ গতিকে নির্দিষ্ট করিতে উচিত বোধ করেন সেইং নিয়মপ্রভৃতিক্রমে আপীলের দর্খান্ত মঞ্জুর করিতে যে ক্ষমতা ও পরাক্রম নিতান্ত আছে তাহা রহিত বা কম কি ব্যাঘাত হইয়াছে। জ্রীজ্মতা মহারাণীর হজুর কৌন্সেলে ১৮৩৮ সালের ১০ আপ্রিলের হওয়া বিধান।

১৯৫। ৪। উক্ত সদর দেওয়ানী আদালত অথবা ভারতবর্ষের মধ্যে কোয়ানি বাহাদুরের দ্বারা কি তাঁহারদের কোন গবর্ণমেণ্টের দ্বারা নিযুক্ত অন্য যে কোন আদালতের হুকুমের উপর প্রীপ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে আপাল হইতে পারে তাঁহার হুকুমের উপর প্রীপ্রীমতী মহারাণীর কি তাঁহার উত্তরাধিকারী অথবা তাঁহার পর রাজত্বপ্রাপ্ত অন্য রাজার হজুর কৌন্সেলে আপাল হইলে ঐ আপালের কাগজপত্রের নকল পঁহুছিলে পর কোয়ানি বাহাদুরের কোর্ট অফ ভৈরেক্টর্স সাহেবেরা সময়েং যে কর্মকারককে নিযুক্ত করেন তিনি তৎক্ষণাৎ হজুর কৌন্সেলের ক্লার্ক সাহেবকে তাহার বিষয় এত্তেলা করিবেন এবং আপালের উভয় বিবাদির নাম এবং যে ডিক্রীর উপর আপাল হইয়াছে তাহার তারিথ তৎসময়ে তাঁহাকে জানাইবেন এবং ঐ এত্তেলানামা কৌন্সেলের দফুরে রীতিমতে রেজিইটরী হইবেক। প্রীপ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলের ১৮৩৮ সালের ১০ আপ্রিলের হওয়া বিধান।

১৯৬। ৫। ঐ কাগজপত্রের নকল ইফ ইণ্ডিয়া হৌদনামক বাটাতে অথবা লগুন কি ওএটামিনটার শহরে কি অন্য যে কোন উপযুক্ত স্থান কোট অফ তৈরেক্টর্স দাহেবেরা দময়ক্রমে নির্দিষ্ট করেন্ তথায় রাখা যাইবেক এবং ঐ ইঙ্গলগু দেশে ঐ আপীলের আপেলাণ্টের ও রেক্পাণ্ডেণ্টের মোখারেরা ঐ কাগজপত্রের যে দকল নকল বা চুম্বকের আবশাক রাথে তাহা লইতে পারেন্ এবং সময়েহ ঐ কাগজপত্রের তদারক করিতে পারেন্ এবং ঐ কর্মকারকের উচিত যে তিনি অথবা তাহার উপযুক্ত কোন প্রতিনিধি রীতিমতে হুকুম পাইলে ঐ আপীল শুননি হওনের সময়ে এবং অন্য যে কোন দময়ে প্রিপ্রাক্তী মহারাণীর হজুর কৌন্সেলে অথবা ঐ কৌন্সেলের বিচারসম্বর্গীয় কমিটি তাহা তলব করেন্ ঐ বিচারসম্বর্গীয় কমিটির সম্মুথে আসল কাগজপত্রের নকল উপস্থিত করেন্। প্রিপ্রাক্তী মহারাণীর হজুর কৌন্সেলের ১৮৩৮ সালের ১০ আপ্রিলের হওয়া বিধান।

১৯৭। ৬। ঐ নকল পঁছছনের সম্বাদ রেজিইটরী হওনের পর যদি তিন মাসের মধ্যে আপেলাণ্টের আপীলের দরখাস্ত কৌন্সেলের দিরিশ্তায় দা- থিল না করা যায় অথবা যদি ঐ রেজিইটরী হওনের পর এক বৎসরের মধ্যে আপেলাণ্ট মোকদ্দমা না চালায় তবে রেক্পাণ্ডেণ্ট ঐ উভয় গতিকে এমত দর- থান্ত করিতে পারে যে কসুরপ্রযুক্ত ঐ আপীল ভিদমিদ হয় এবং যদি ঐ রেজিইটরী হওনের পর এক বংসরের মধ্যে রেক্পাণ্ডেণ্ট আপনার মোকদ্দমা না চালায় তবে ঐ মোকদ্দমা একতরফা শুননি হইবার নিমিন্ত আপেলাণ্ট দর্থান্ত করিতে পারে। জ্বিজ্বীমতী মহারাণীর হজুর কৌন্সেলের ১৮৩৮ সালের ১০ আপ্রিলের হওয়া বিধান।

১৯৮। ঐ মত প্রবিদ্যাল কোর্ট আদালতে নিষ্পত্তিইওয়া যে দকল মোকদ্দমার আপীল জাবেতামতে দদর দেওয়ানী আদালতে তানা যাওনের যোগ্য হয় দে দকল মোকদ্দমাতে এবং দদর দেওয়ানী আদালতে নিষ্পত্তি-ইওয়া যে দকল মোকদ্দমার আপীল প্রচণ্ডপ্রতাপ শ্রীলঞ্জীযুত ইঙ্গলণ্ডের বাদ-শাহের হজুরে হওনের যোগ্য হয় দে দকল মোকদ্দমাতে যে ব্যক্তি আপীল করণের মনস্থ্রাথে তাহাকে অনুমতি আছে যে এই ধারার উপরের প্রকরণের লিখনমতে আপান আপীলের দর্খান্ত যে ডিক্রীর উপর আপীল করিবেক তাহার নকলব্যতিরেকে ঐ ডিক্রী যে আদালতে হইয়া থাকে দেই আদালতে দাথিল করে ইতি।—১৮১৪ সা।২৬ আ।৮ ধা।৬ প্র।

১৯৯। যাহারা সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তিহওয়া মোকদমা সকলের আপাল প্রায়ুত ইঙ্গরেজের বাদশাহ তৃতীয় জর্জের বাদশাহা ২১ সন্ জলুসের আক্ট পার্লিমেণ্টের ৭০ বাবের ২১ দফার লিখিত বিধানকমে ঐ বাদশাহের ও তাঁহার খাস কৌন্সেলা সাহেবদিগের হজুরে করিতে চাহে তাহারদিগের কর্ত্তব্য যে সদর দেওয়ানা আদালতে ডিক্রা ইইলে পর তথায় ছয় মাসের মধ্যে আপনি কিয়া ঐ আদালতের চিহ্নিত উকাল জনেককে এথয়য়ারনামা দিয়া ভাহার দ্বারা আপালের আরজা দেয়। ও এ হকুমমতে কার্যা করিলে পর যদি সে মোকদ্বমা নাচের লিখিত হিসাবে তহথরচাছাড়া পাঁচ হাজার পৌশু সংখ্যার হয় তবে সদর দেওয়ানা আদালতের সাহেবেরা সে আরজাকে মঞ্জুর করিয়া নাচের ধারার লিখিত নিষেধ ও বিধিমতে কর্মা করিবেন ইতি। —১৭৯৭ সা। ১৬ আ। ২ ধা।

২০০। ইন্ধরেজের বাদশাহের ও তাঁহার থাস কৌন্সেলী সাহেবদিগের হজুরে পাঁচ হাজার পৌণ্ডের ও তদতিরিক্ত সংশ্যার মোকদ্দমার আপীল হইবার যে নির্নয় হইল তাহার অর্থ স্পষ্ট করিবার জন্যে লেখা যাইতেছে জানিবেন যে এক পৌণ্ড সংজ্ঞা বিলায়তের হুণ্ডী দিবার ও লইবার মুখে হারহারিতে চলন দশ টাকা হয় এই দৃষ্টে আপীলের মোকদ্দমার মূল্যাবধারণ করিতে কি পৌণ্ড চলন ১০ দশ টাকার হিসাবে পাঁচ হাজার পৌণ্ডে পঞ্চাশ হাজার টাকা চলন কিয়া সিক্কার হিসাব করিলে উপর কএক আনাবাদে তেতাল্লিশ হাজার এক শত তিন টাকা সিক্কা ধরিতে হইবেক ইহাতে হুকুম আছে যে যে মোকদ্দমার আপীল ঐ হুজুরে হয় সে মোকদ্দমার ভূমির কিয়া নগদ অথবা জিনিস যাহার হউক তাহার সংশ্যা ও মূল্যের বিবেচনা যেমতে সদর দেওয়ানী আদালতের ও অন্য আদালতসকলের উপস্থিত মোকদ্দমানকলের সংশ্যা ও মূল্যের বিবেচনা করিবার নির্ণয় আছে সেই মতে উপরের লিখিত হিসাব দৃষ্টে করিতে হইবেক।—১৭৯৭ সা। ১৬ আ। ৩ ধা।

[পূর্ব্বোক্ত তফসীলের দ্বারা ঐ টাকা কম হইয়া দশ হাজার টাকা ধার্ঘ্য হইল।]

২০১। প্রীক্রমতা মহারাণীর কৌন্দেলের হজুরে যে মোকদমার আপীল হইতে পারে সেই মোকদমার যদি কোন ব্যক্তি সদর দেওয়ানী আদালতের ডিক্রীতে নারাজ হইয়া পুনর্বিচারের বিষয়ে দর্শান্ত করে তবে যত কাল পুনর্বিচারের বিষয়ে তাহার দর্শান্ত
আদালতে উপস্থিত থাকে তত কাল আপীলের নির্মাণত মিয়াদহইতে বাদ দিতে তাহার
অধিকার নাই। কিন্তু সদর দেওয়ানী আদালতের সাহেবেরা হকুম করিয়াছেন যে যে
ব্যক্তি আপীল করিতে চাহে সে ব্যক্তি আপীলের মিয়াদ রক্ষা করিবার জন্যে পুনর্বিচারের
দর্শান্ত নিম্পান্তি না হইলেও আপীলের দর্শান্ত সিরিশ্তায় দাখিল করিতে পারে। এমত
প্রত্যেক গতিকে দর্শান্তকারী আপন আরক্লীতে লিথিবেক যে আমি পুনর্বিচারের দর্শান্ত করিয়াছি এবং তাহার নিম্পান্ত জন্যাপি হয় নাই অতএব আপীলের দর্শান্তর
প্রার্থনা করি এবং পুনর্বিচারের দর্শান্ত মন্ত্র মান্ত আসল ডিক্রীর উপর প্রীক্রমতী
মহারাণীর কৌন্দেলের হলুরে আপীল করিতে আমার মান্স আছে। ১৮৪২ সালের
১৭ লুনের সদর আদালতের বিধান ও নির্দ্ধান্ত।

২ • ২। আপীলের দর্থান্ত সিরিশ্ভায় দাখিল হইলে খরচার জামিনের মাতবরীর বিষয়ের ভ্রতীক করণের অকুম রীভিমতে পাঠান ঘাইবেক। যদি পরিশোষে পুনর্মিচারের দর্থান্ত নাম ধুর হয় তবে কাগজপত্র তরজমা করণের নিমিত্ত রীতিমত তকুম দেওয়া যাই-বেক এবং আপীল রীত্যনুসারে চলিবেক। ১৮৪২ সালের ১৭ জুনের সদর আদালতের বিধান ও নির্দারণ।

#### ১৭ ধারা।

জ্ঞীপ্রমতী মহারাণীর হজুর কৌন্সেলে আপীল। থরচার ও ডিক্রী জারী কিছা।
স্থানিত করণের জামিনী।

২০৩। ইঙ্গরেজের বাদশাহের ও তাঁহার থাস কৌন্সেলা সাহেবদিণের হজুরে মোকদ্দার আপাল হইলে সদর দেওয়ানী আদালতের সাহেবদিণের ক্ষমতা আছে যে জয়ি ব্যক্তির স্থানে এইমতে জামিন লন্ যে তাহার মোকদ্দায়
বাদশাহ কিয়া তাঁহার ওয়ারিসান অথবা তাঁহার মরণানন্তর তথ্নশা যে হকুম
কিয়া ডিক্রা করেন্ তাহা মানে ও এমত জামিন লইয়া পরে আপনারদিণের
ক্ত ডিক্রা জারা করেন্। অথবা পরাজয়ি লোকের স্থানে ঐ মত জামিন
লইয়া সবিরোধ বস্তু তাহাকে গতাইয়া ডিক্রা জারা মৌকুফ করেন্।
কিন্তু ডিক্রা জারা করেন্ কিয়া না করেন্ তথাচ সর্বেদাই আপেলাপ্টের স্থানে
যত টাকা থরচার জামিন লওয়া বিবেচনায় আইসে তাহা লইবেন অতিরিক্ত বাদশাহের কিয়া তাঁহার ওয়ারিসদিগের অথবা তাঁহার অনস্তর
তথ্নশার কৃত হকুম কিয়া ডিক্রা মানিবার অর্থেও জামিন লইবেন ও ঐ সাহেবেরা জামিন লইলে পর সে মোকদ্দমায় আপাল মঞ্জুর হইবার সংবাদ
আপেলান্ট ও রেয়াণ্ডেন্টকে এতদনুলারে দিবেন যে ইঙ্গরেজের বাদশাহের ও
তাঁহার থাস কৌন্সেলা সাহেবদিগের হজুরে তাহার মোকদ্দমার, সওয়াল ও
জ্বেয়াব দাঁড়ামতে করে ইতি।—১৭৯৭ সা। ১৬ আ। ৪ ধা।

২০৪। যদি কেহ আপীলের যোগ্য মোকদ্দমার আপীল করিয়া তাহার ওকালতীতে আদালতের চিহ্নিত কোন উকীলকে নিযুক্ত করিতে চাহে তবে কর্ত্তব্য যে দে উকীলের রসুমের ও আপীলের থরচার নিশার কারণ মাতবর মালজামিনী তাহার আপীলের আরজীর সঙ্গে দাখিল করে। জামিনী দাখিল না করিলে যদি যোত্তহীনদিগের সমুর্কীয় ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৪৬ ষট-চত্ত্বারিত্বশৎ আইনের অনুসারে আপেলান্ট যোত্তহীন প্রমাণ না হয় তবে তাহার আপীলের আরজী লওয়া যাইবেক না এবত্ব যেরপে ইঙ্গরেজী ১৭৯৭ সালের ৬ ষষ্ঠ আইনের ৬ ষষ্ঠ ধারায় কেহ আপীলের আরজী দিয়া নির্দ্ধানির মিয়াদের মধ্যে ঐ আইনের লিখিত আপীলের নিরূপিত রসুম দাখিল না করিলে সে মিয়াদ গতে তাহার আপীল করিবার অধিকার না থাকিবার হকুম আছে সেইরপে এই ধারার অনুসারে কেহ আপীলের আরজী দিয়া এই ধারার নির্ধীত জামিনী নির্দ্ধারিত মিয়াদের মধ্যে দাখিল না করিলে সে মিয়াদ গতে তাহার আপীল করেবের হুইবেক।—১৭৯৮ সা। ২ আ। ১০ ধা।

২০৫। এত। প্রীশ্রমতী মহারাণীর কৌন্সেলের হলুরে আপীল ছইলে যে ফরসলা বা ডিক্রীর উপ্পর আপীল হয় তাহার তারিথের পর আপীলী মোকদমার যে খরচা হওনের সম্ভাবনা আছে তাহার নিশার কারণ ছয় মানের মধ্যে এক মাললামিনী পত্র আপীলের আরন্ধীর সলে সিরিশ্তায় দাখিল করিতে হইবেক তাহা না হইলে আপোলট আপনার আপীল করণের অধিকার রাথেন্ নাই এমত জান হইবেক। পরে ঐ জামিন মাতবর কি না ইছা তহকীক করণের নিমিন্ত ঐ জামিনী পত্র জিলার জ্ঞাল সাহেবের নিকটে পাঠান বাইবেক এবং দেই নিমিন্ত আপেলাউকে আর ছস মায় মিয়াদ দেওয়া যাইবেক। যদি ঐ ছয় মাস অভীত হইলে ঐ জামিনীর মাতবরীর বিষয়ে আপেলাউ সদর দেওয়ানী আদালতের উপযুক্ত প্রমাণ না দিয়া থাকেন্ তবে যত টাকার জামিনীর দাওয়া হইয়াছিল তত টাকা নগদে অথবা, সরকারের প্রোমিসরি নোটে আদালতে দাখিল করিতে তাঁহার প্রতি অকুম হইবেক এবং তিনি যদি ভাহার পর তিন মাসের মধ্যে ঐ টাকা কিয়া নোট আমানৎ না করেন্ তবে ১৭৯৭ সালের ১৬ আইনের বিধির অনুসারে ঐ শ্রীজীমতী মহারাণীর কৌল্সেলের হজুরে আপীল করিতে তাঁহার যে অধিকার আছে তাহা রহিত হইয়াছে এমত জান করা যাইবেক। ১৮৪১ সালের ২৪ ডিসেম্বরের সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।

২০৬। যে২ গতিকে আপীলের আরেজীর সঙ্গে অথবা যে ফয়সলা বা ডিক্রীর উপর আপীল হয় ভাহার ভারিখের পর ছয় মানের মধ্যে খরচার নিশা করণের মালজামিনীনামা সিরিশ্তায় দাখিল না হয় সেই২ গতিকে আপেলান্ট উক্ত ছয় মাস মিয়াদের মধ্যে আপীলের মিয়াদ অতীত হওনের তারিখের পর তিন মাসের মধ্যে যদি তলবহওয়া জামিনীর তুলা নগদ টাকা কিয়া প্রোমিসরি নোট আমানং করিবার অনুমতির দর্থাস্ত না করেন্ তবে ভাঁহার আপীল নথীহইতে উঠান ঘাইবেক। কিন্তু যদ্যপি সে ব্যক্তি টাকার জামিন দেওনের অনুমতির দর্থাস্ত আদালতে করেন্ তবে পূর্ফোক্তমতে হিসাব করা আর তিন মাস মিয়াদ সেই নিমিন্ত তাঁহাকে দেওয়া যাইবেক এবং যদি ঐ ব্যক্তি টাকা আমানং না করেন্ তবে তাঁহার আপীল করণের অধিকার রহিত হইরাছে এমত জ্ঞান করিতে হইবেক।—১৮৪২ সালের ১৫ জুলাইর সদর আদালতের বিধান ও নিস্কারণ।

২০৭। যদ্যপি কোন জামিনী আদালতের দারা মঞ্জুর হওনের পর মাতবর নহে এমত দৃষ্ট হয় তবে আপেলাউকে তিন মাদের মধ্যে পুনর্জার মালজামিন দিতে এবং তাহার মাতবরীর বিষয়ে আদালতে প্রমাণ দিতে তুকুম হইবেক। অথবা তিন মাদের মধ্যে জামিন না দিলে জামিনী সংখ্যার চীকা তৎপরে তিন মাদের মধ্যে আমানৎকরিতে তুকুম হইবেক এবং তাহা না করিলে আদালতের নথীহইতে তাঁহার আপীল উঠান ঘাইবেক এবং ১৭৯৭ সালের ১৬ আইনের বিধানানুসারে আপীল করিতে তাঁহার যে অধিকার আছে তাহা রহিত হইয়াছে জান করিতে হইবেক।—১৮৩৬ সালের ৩০ ডিসেম্বেরসদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।

২০৮। এই সদর আদালতের নির্দ্ধারণানুসারে শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌল্সেলে আপেলার্ট যে স্কামিনের প্রস্তাব করে তাহা তহকীক করিয়া এই সদর আদালতে ফিরিয়া পাটাইবার নিমিন্ত জিলার আদালতে তাহা পাটাইবার ব্যবহার হইতেছে এবং তহকীক করণের ছয় মাস করিয়া মিয়াদ দেওয়া গিয়া থাকে কিন্তু ঐ মিয়াদের মধ্যে জামিনের মাজবরীর বিষয়ে তহকীক ও নিশ্চয় করণে যেপর্যান্ত কার্য্য হইয়াছে তাহার মিয়াদী রিটর্ণ বারয়ার এই আদালতে পাঠান গিয়া থাকে।—১৮৪২ সালের ২৫ ফেব্রুআরির সরক্যুলর অর্ডরের ২ দফা।

২০৯। অতএব সদর আদালত চলিত ব্যবহার মতান্তর করিয়া উত্তর কালে আপনারদের প্রিসেপ্টের দারা হুকুম দিবেন যে এইমত গতিকে ছয় মাস অতীত হইলে বা তাহার
পূর্ব্বে একটা সম্পূর্ণ রিটর্ণ করিতে হইবেক এবং সমস্ত মিয়াদী রিটর্ণ মৌকুফ হইবেক।
কেবল তিন মাসের পর ইঙ্গরেজী ও এদেশীয় ভাষার এক রিটর্ণ করিতে হইবেক এবং
প্রত্যেক মোকদ্দমায় যে কার্য্য হইয়াছে তাহার বিবরণ নীচের লিখিত পাচানুদারে ঐ রিক্টর্ণের মধ্যে লিখিতে হইবেক। এই নিয়ম করাতে সদর ও মফঃসল আদালতের আমলারদের অনেক ক্রময় বাঁচিবেক এবং তাঁহারা অনেক অনাবশাক ক্লেশহইতে মুক্ত হইবেন।
১৮৪২ সালের ২৫ ফেকুআরির সরকুলের অর্ডরের ও দফা।

২১০। কিন্তু সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে ভােমার এই কর্বব্য কার্ন্যের বিষয়ে তুমি বিশেষ মনোযােগ কর এবং প্রভােক গভিকে যত শীলু হুইতে পারে তত শীলু জামিনের তহকীক করণের কার্যা নিম্পান্তি করিতে উদ্যােগ কর এবং নির্মাণিত মিয়ান্দের অতিরিক্ত কদাচ না হয় এমত সাবধান কর। ছয় মাদের মধ্যে সম্পূর্ণ রিউণ করণের যে হুকুম তােমার নিকটে পাঠান যাইবেক তদনুসারে কার্য্য না করিলেই নয় এরপ জান করিতে হুইবেক। এবং তহকীক করণের মিয়াদ কিঞ্জিৎ অধিক করণের কােন ক্ষমতা জজ সাহেবকে সেই হুকুমে দেওয়া থাইবেক না। এবং যদি ঐ মিয়াদ বাড়াইবার কােন দর্থান্ত করিতে হয় তবে তাহা এই আদালতে করিতে হইবেক যদ্যাপি নির্মাণ্ড মিয়াদের মধ্যে ঐ তহকীক করণের শেষ না হইয়াছে তবে ভােমার শেষ রিটর্ণের মধ্যে তাহা সম্পূর্ণ না হওনের সমন্ত কারণ বিশেষ করিয়া লিখিবা এবং যে ব্যক্তির ক্ষটিতে তাহার শেষ না হয় তাহার নাম সপ্রেট্ট করিয়া লিখিবা। ১৮৪২ সালের ২৫ ফেবুু আরির স্বর্তুলর অর্ডরের ৪ দকা।

২১১। ছয় মাস মিয়াদের মধ্যে যে রিটর্ণ করিতে হইবেক তাহা পাচাওনের পর নাজির অথবা অন্য যে আমলার প্রতি ঐ তহকীক করণের ভার অর্পণ হইয়াছিল তিনি যে কোন কার্য্যের বিবরণ অথবা রিপোর্ট তোমার আদালতে দাখিল করেন্ তাহা সদর আদালতে প্রেরণ করিতে যে নিষেধ হইয়াছে এইমত এই সরকাুলর অর্ডরের অর্থ করিবা না। ১৮৪২

সালের ২৫ ফেব্রুআরির সরকালর অর্ডরের ৫ দফা।

২১২। আলাহাবাদের সদর আদালতের সঙ্গে কলিকাতান্থ সদর আদালত ঐক্য হইয়া বিধান করিলেন যে জ্ঞীনজ্ঞীযুক্ত ইঙ্গলণ্ডের বাদশাহের হজুর কৌন্সেলে মোকদমার
আপীল হইলে যে সদরপত্তনি তালুকের বিষয়ে কোন আপত্তি নাই এমত তালুকে ঐ পত্তনিদারের যে লাভ আছে তাহা উপযুক্ত জামিনীর ন্যায় জ্ঞান হইতে পারে। ১০০৪ নম্বরী
আইনের অর্থ।

২১৩। প্রীপ্রীমতী মহারাণীর কৌন্সেলের হজুরে আপীলের বিষয়ে কোর্ট অফ ডৈরেক্উর্স্নাহেবেরা ঘাহা শ্বরুচ করিয়া থাকেন্ তাহা ফিরিয়া পাইবার নিমিস্ত যে২ মোকদ্দমায় সরকার বাদী বা প্রতিবাদী হন্ সেই২ মোকদ্মায় যেরপ হইয়া থাকে তদনুসারে
সরকারের উকীল গবর্ণমেন্টের অকুমক্রমে জিলা বা শহরের আদালতে তাহার বিষয়ে
উদ্যোগ করিবেন।—১৮১৭ সালের ২১ মেন্টেয়রর সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।

২১৪। ভারতবর্ষের জীবুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কোন্সেলে কোম্পানি বাহাদুরের উকীলকে জিজাসা করিয়াছেন যে কলিকাতান্দ্র সূপ্রিম কোর্টের ডিক্রীর উপর আপাল ছইলে এবং জ্রিজীয়তী মহারাণীর কোন্সেলের হজুরে থরচা দেওনের হুকুম হইলে এ গরচা কিরপে উসুল হয় এবং কিরপে ও কি ভাওঅনুসারে ইঙ্গলও দেশে পাঠান যায়। তাহাতে ঐ উকীল সাহেব উত্তর করিলেন যে ঐ থরচার বিষয়ে যদি ইঙ্গলও দেশে মোখা-রেরা বন্দোবস্তু না করেন্ এবং যদি তাহা এদেশে আদায় হয় তবে সেই সময়ের বাজার ভাওঅনুসারে পাঠান যায়।—১৮৩৭ সালের ১১ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।

২১৫। ইল্পণ্ড দেশে কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা যে থারচা দিয়াছেন তাহার উপর যদি সুদের দাওয়া হয় তবে সরকারের উকীল প্রত্যেক গতিকে যে হারঅনুসারে সুদের দাওয়া হয় তাহা জানাইবেন এবং পক্ষান্তরে এ দাওয়ার বিষয়ে যে কোন ওঙ্গর থাকে তাহা জানাইতে পারেন্।—১৮১৯ সালের ৫ জুলাইর সদর আদালতের বিধান ও

নির্দ্ধারণ।

২১৬। আলাহাবাদের সদর আদালতের সাহেবেরা বিধান করিয়াছিলেন যে জ্ঞীলজ্ঞীযুক্ত ইঙ্গলণ্ডের বাদশাহের হজুর কৌল্যেলে আপীল হইলে অন্যান্য আপেলান্টেরদের
যেরপ মালজামিন দিতে হয় সেইরপে পাপর অর্থাৎ যোত্রহীন আপেলান্টেরদের জামিনী
দিতে হইবেক অর্থাৎ আপীলের আসল থ্রচার বাবৎ সিক্কা ৫০০০১ টাকা এবং চতুর্থ

উলিয়ম বাদশাছের ভূতীয় ও চতুর্থ বর্ষীয় আইনের ৪১ অধ্যায়ের ২২ ধারার বিধির অনুসারে অধুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের আপেলান্টের তরফে আপীল নির্বাহ করিতে হইলে তাঁহারদের যে থবচ লাগিবেক তাহার বাবৎ সিককা ৫০০০১ টাকা। ১০৩২ নমুরী আইনের অর্থ।

২১৭। প্রতিযোকদমার শর্চার দরুণ আপেলান্টের যে জামিন দিতে হইবেক তাহা ২৫,০০০ কোম্পানির টাকায় নিরূপণ হইল। ১৮৪২ সালের ২৫ নবেম্বরের সদর দেও- য়ানী আদালতের বিধান ও নির্দ্ধারণ।

২১৮। এতি মহারাণীর হজুর কৌন্সেলে যে মোকদমার আপীল হয় দেই মো-কদমার থরচার জামিনস্বরূপ কোন্সানির প্রোমিসরি নোট দাখিল হইলে দেই নোটের বাজারে সময়ক্রমে যে মুল্য হয় দেই মূল্যে গ্রহণ হইবেক। ১৮৪২ দালের ২৫ নবেম্বের সদর দেওয়ানী আদালতের বিধান ও নির্দ্ধারণ।

২১৯। যোত্রহানের ন্যার ইঙ্গলও দেশে এতি মতী মাহারাণীর কৌন্সেলের হজুরে আ-পীল করণের অনুমতির দরখান্ত মুৎফরকরা আর্জীর মত ২১ টাকা মুল্যের ইফ্টাম্প কাগজে লিখিতে হইবেক।—১৮৪১ সালের ১৫ আপ্রিলের সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।

- ২২০। আদালতের বিবেচনায় আপীলের যে থরচ। ইইতে পারে তাহার নিশার কারণ এবং প্রীপ্রীমতী মহারাণী কি তাঁহার উত্তরাধিকারি অথবা তাঁহার পর রাজন্তপ্রাপ্ত রাজার কৌলেলের হজুরে যে তুকুম বা ডিক্রী হয় তাহা মানিবার বিষয়ে যে জামিন দদর আদালত উপযুক্ত বোধ করেন্ এমত জামিন যোত্রহীন আপোলাট না দিলে প্রীপ্রীমতী মহারাণীর কৌলেলের হজুরে কোন যোত্রহীনের আপীল মঞ্জুর হইবেক না ।—১৮৩১ সালের ১৫ আপ্রিলের সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।
  - ২২১। কিন্তু জানা কর্ত্তবা যে এমত যে কোন মোকদ্দমার আপীল যে আদালতে উপস্থিত হয় সে আদালতের সাহেবের চিন্তে ঐ বিরোধের বস্তু আপীলের অবস্থাতে কোন বিশেষহেতুক আপেলাণ্টের ভোগদথলে রহিত বোধ হয় তবে সে আদালতের সাহেবের ক্ষমতা আছে যে আপেলাণ্টের স্থানে উপরের লিথিতমতে এক কেতা জামিনী লইয়া ঐ বস্তু তাহার ভোগদথলে রাথান ইতি।—১৮০৮ সা। ১৩ আ। ১১ ধা। ৩ প্র।

## ১৮ ধারা।

# প্রিজ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে আপীল। কাগজপত্র পাচান। ডিক্রী জারী।

- ২২২। এই ধারাক্রমে হুকুম হইল যে এই আইন জারী হওনের সময়া-বিধি ভারতবর্ষের কোষ্ণানি বাহাদুরের কোন আদালতহইতে যে আপীল শ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে হয় তাহার কোন কার্য্যসমূর্কীয় বা তাহা-চালাইবার নিমিত্তে যে কাগজপত্র বা কাগজপত্রের নকলের আবশ্যক হয় তিছিয়য়ের কোন মাসুল কি উপস্থিত রসুম দিতে হইবেক না ইতি। ১৮৩৯ সা। ১১ আ।
- ২২৩। সদর দেওয়ানী আদালতের সাহেবেরা ইঙ্গরেজের বাদশাহের ও তাঁহার থাস কৌন্সেলী সাহেবদিগের হজুরে আপীল হইবার মোকদমার আরজী মঞ্জুর করিলে কর্ত্তব্য যে সে মোকদমার সম্প্রকীয় ডিক্রী কিয়া হুকুমের রোয়দাদ ও সাক্ষিগণের জোবানবন্দী ও নিদর্শনী লিখন এদেশীয় চলন ডা-যার থাকিলে তাহার তরজমা ইঙ্গরেজীতে করাইয়া সেই তরজমার নকল দুই

প্রস্থ অবিশেষে করাইয়া প্রস্তুত করিয়া পশ্চাৎ আপনারদিগের মোহর ও রেজিউর সাহেবের দস্তথতে সটাক করিয়া তাহা ইঙ্গরেজর বাদশাহের ও তাঁহার
থাস কৌন্সেলা সাহেবদিগের হজুরে অগ্রপশ্চাৎক্রমে চালানের যে গভিক চাহরে সেই গতিকে পৃথক্ করিয়া চালানের কারণ প্রায়ুত গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে দাখিল করেন। বিশেষতঃ ঐ আদালতের রেজিউর
সাহেব আপেলাণ্ট ও রেক্পাণ্ডেণ্টকে তাহারা সে রোয়দাদ প্রস্তুত করিবার থরচা দিতে স্বীকার করিলে তাহারদিগের দরথাস্তমতে সে রোয়দাদের এক কিয়া
অধিক নকল দিবেন নতুবা দিবেন না। ও সে রোয়দাদ প্রস্তুত হইলে পর
তাহার নকল চাহিলে রেজিউর সাহেবের উচিত নহে যে যাবৎ তাহার থর্চা
তাহারা না দেয় তাবৎ তাহার নকল তাহারদিগেরে দেন্। কর্ত্ত্ব্য যে ইহাতে যত থ্রচা দেয় তাহা সরকারে দাখিল করেন্ ও সরকারহইতে থ্রচ
দিয়া সে নকল আদৌ তৈয়ার করান্ ইতি।—১৭৯৭ সা। ১৬ আ। ৫ ধা।

২২৪। যদি আপীলহওয়া কোন মোকদ্মার ডিক্রী প্রায়ুত গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের কোন স্থানের চিহ্নিত আইনের অনুসারে কোন আদালতের সাহেবেরা গোড়াগুড়ি বিচারক্রমে অথবা আপীলের মতে করিয়া সে ডিক্রা করিতে সে আইনের প্রস্তাব লিথিয়া থাকেন্ তবে সে আইন-সমুদয়ের কিয়া তাহার যত কথা সে মোকদ্মায় থাটে তাহার নকল উপ-রের ধারার লিথিত হুকুমমতে কেবল বাদশাহের হজুরে চালান কারণ অথবা তথায় চালান ও বাদি প্রতিবাদিকে দিবার জন্যে রোয়দাদের শামিলে উচাইয়া প্রস্তুত করিতে হইবেক ইতি।—১৭১৭ সা। ১৬ আ। ৬ ধা।

২২৫। প্রচণ্ডপ্রতাপ প্রীয়ুত ইঙ্গরেজের বাদশাহের ও তাঁহার থাদ কৌ-কেলা সাহেবদিগের হজুরে সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তিহওয়া যে মোকদমার আপাল হয় তাহা এ আইনের ব্যতিক্রমেও যদি আকৃট পার্লিমেণ্টর বিধানক্রমে আপালের যোগ্য হয় তথাচ তাঁহারা মঞ্চুর করিতে ও তদ্বিধানমতে অযোগ্য হইলে নামঞ্চুল করিতে পারিবেন জানিবেন যে এ আইনের মতে এ দুই প্রকারেই তাঁহারদিগের কর্তৃত্বের হানি কিছুই হইতে পারে না। এই হেতুক যে এ আইন কেবল এদেশীয় অনাহ দেওয়ানী আদালত ও সদর দেওয়ানী আদালতের কার্য্য চলিবার উপায় ও দাঁড়াক্রমে লেথা গেল ও এ আইনের লিথিত সমস্ত উপায় ও দাঁড়ার ফের বদল ঐ বাদশাহের এবং তাঁহার থাল কৌন্সেলী সাহেবদিগের অভাইক্রমে হইতে পারে ইতি।—১৭৯৭ সা। ১৬ আ। ৭ ধা।

২২৬। প্রীক্রী মহারাণীর কৌন্সেলের হজুরে আপীল হইলে ১৭৯৭ সালের ১৬
 আইনের ৫ ধারায় যে কাগজপত্রের বিষয় লিখিত আছে কেবল তাহারই তরজমা হইবেক।
 ১৮৪০ সালের ও জুলাইর সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।

২২৭। প্রীক্রীমতা মহারাণীর কৌন্সেলের হজুরে আপীলা মোকদমার কাগজপত্রের তর্জমা করণের স্কুম হইলে যে কাগজপত্রের তর্জমা করিছে হইবেক তাহার এক ফিরিস্কিরে রিজিউর লাহেব প্রস্তুত্ত করিয়া তাহার দুই নকল মুৎফরককা নিরিশ্তার জজ লাহেবকে দিববেন। পরে জজ লাহেব তাহার একং নকল ফরিয়াদা ও আলামীর উকীলকে দিয়া তাহারদিগকে এমত স্কুম করিবেন যে ঐ ফিরিস্কিতে তাহারদের যদি কোন ওজর থাকে তবে তাহা নিরূপিত কোন মিয়াদের মধ্যে দাখিল করে এবং ইঙ্গলও দেশে যে মিলিল পাঠান যাইবেক তাহার দঙ্গে অন্য কোন কাগজপত্র তর্জমা করিয়া পাঠাইতে তাহারদের

ইক্ষা আছে কি না এবং কোন্ কাগজ তাহাও জানায়। ১৮৪০ সালের ও জুলাইর সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।

২২৮। প্রীপ্রার্থী মহারাণীর কৌন্সেলের হজুরে আপীলহওয়। মোকদমায় যে কাগজপ্র তর্জমা করিতে হইবেক তাহার ফিরিস্তি প্রস্তুত করিতে যে সময় লাগে তাহার বিষয়ে সদর আদালতের দক্তরে প্রস্তুতহওয়া এক কৈফিয়ৎদৃষ্টে ঐ আদালত ত্রকুম করিতেছেন যে ঐ২ ফিরিস্তি প্রস্তুত করণের নিমিত্ত এক মাস মিয়াদ দেওয়া যাইবেক এবং তাহাঅপেক্ষা অধিক কদাচ দেওয়া হাইবেক না। ১৮৪২ সালের ৬ মের সদর আদালেতের বিধান ও নির্দ্ধারণ।

২২৯। যে২ গতিকে মোকদমার কাগজপত্র ইঙ্গলণ্ড দেশে পাঠান গিয়াছে সেই২ গতিক মদি উভয় বিবাদী রফানামা দাখিল করে তবে উপস্থিতহওয়া আপীলের নথীহইতে ঐ আপীল উঠাইবার রীতিমতে জকুম হইবার নিমিত্ত ঐ রফানামা তরজমা হইয়া রীত্যমুল্লারে গ্রন্থনৈটের দ্বারা প্রীশ্রীমতী মহারাণীর কৌন্সেলের হজুরে পাঠান যাইবেক। ১৮৩৪ সালের ২ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।

২৩ । কিন্তু যে থাতিকে মোকদমার কাগজপত্র ইন্সলও দেশে পাঠান যায় নাই সেই থ গতিকে সদর দেওয়ানী আদালত ঐ রফানামা গ্রাহ্য করিতে পারেন্। ১৮৩৪ সালের ২ জানুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।

২৩১। সদর আদালত জানাইতেছেন যে যে জিলার মধ্যে মোকদমার হেতু হইরা থাকে সেই জিলার জন্ধ সাহেবের নিকটে জ্ঞিলীযুক্ত ইললও দেশের বাদশাহের হজুর কৌল্সেলের ডিক্রী পাঠান গিয়া থাকে এবং তাঁহারদিগকে এমত তকুম দেওয়া গিয়া থাকে যে আদালতের ডিক্রী যে বিধির অনুসারে জারী হয় সেই বিধির অনুসারে ঐ ডিক্রী জারী করেন্ এবং তাঁহারদের তকুম বা কার্য্যে যাহারা নারাজ হয় তাহারা চাহিলে রীতিমত আপীল করিতে পারে। ১০৬৬ নম্বরী আইনের অর্থের ২ দফা।

২৩২। সদর আদালত জিলা ও শহরের জজ সাহেবের নিকটে লিখিলেন যে খরচা ও ওয়াদিলাত দেওনের বিষয়ে তোমার পত্রের ৫ দফাতে তুমি যাহা লিখিয়াছ তাহাতে সদর আদালত সমত আছেন্। ১০৬৬ নম্বরী আইনের অর্থের ৩ দফা।

২৩৩। কিন্তু জ্রীলজীযুক্ত ইঙ্গলণ্ডের বাদশাহের হজুর কৌন্সেলের নিম্পত্তির কথা বি-বেচনা করিয়া সদর আদালত বোধ করেন্যে ঐ নিম্পত্তির অভিপ্রায় এই জান করিতে হইবেক যে সদর দেওয়ানী আদালতে ডিক্রী না হইলে বাদি প্রতিবাদিরা যে অবস্থায় থাকিত দেই অবস্থায় তাহারদিগকে রাখিতে হইবেক। অতথব ১৮২৯ সালের ১১ সেপ্টেম্বরের সরকালর অর্ডরের নিয়মানুসারে ডিক্রাদার নুতন মোকদমা না করিয়া সদর আদালতের অকুমক্রমে যে সকল ওয়াসিলাত ফিরিয়া দিয়াছিল তাহা থবং তৎপরে যত কাল বেদখল ছিল তত কালের ওয়াসিলাত ও তাহার সুদ এবং সদর দেওয়ানী আদালতের আপীলের ধরচা রেস্পাত্তেকীর স্থানে ফিরিয়া পাইবেক। এবং ডিক্রী জারী করণের সময়ে ডিক্রীদারকে তাহা দেওয়াইতে জিলার আদালতের ক্ষমতা আছে। ১০৬৬ নয়রী আইনের অর্থের ও ক্ষা।

## ১৯ ধারা।

# সদর আদালতের আমলা।

২৩৪। ত্রুম হইল যে বাঙ্গণার প্রায়ুত গবর্নর্ সাহেব বাহাদুর অথবা উত্তর পশ্চিম দেশের প্রিয়ুত লেপ্টেনণ্ট গবর্নর্ বাহাদুর কিয়া ঐ দেশের লেপ্টেনণ্ট গবর্নরা ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কার্য্যকারক সাহেব কলিকাতা ও আলাহাবাদের প্রত্যেক সদর দেওয়ানী ও নিজামৎ আদালতে ভেপুটা রেজিফীরী অথবা আদিষ্টাণ্ট রেজিফীরী পদে কোষ্লানির চিহ্নিত চাকরভিন্ন অন্য ব্যক্তিরদিগকে নিযুক্ত করিতে উচিত বোধ করিলে এই আদালতের রেজিফীরেরা এক্ষণে যেই কর্মা করিতেছেন তাহার কোন কর্মা পূর্ফেরে নির্দিষ্ট কার্য্যকারকদিগকে অর্পণ করিতে এই সদর আদালতের ক্ষমতা ইইল ইতি।
—১৮৪০ সা। ৭ আ।

১৩৫। ১৮৪০ সালের ৭ আইনের বিধি দৃষ্টে সদর আদালত এই নির্দ্ধারণ করিলেন যে ডেপুটা রেজিউর প্রীয়ুত কর্কপাত্রিক সাহেব সরকুলর অর্ডর সহী করিতে এবং ইন্টাম্প কাগজের উপর ফরিয়াদী কি আসামীকে দলীলদস্ভাবেজের যে নকল দেওয়া যায় তাহাতে প্রমাণযরপ দন্তখং করিতে এবং এই নির্দ্ধারণের দ্বারা প্রথম আসিষ্টান্ট সাহেবের প্রতিযে ভার অর্পণ হইয়াছে ঐ সাহেবের অবর্ত্তমানতা সময়ে সেই কার্য্য নির্দ্ধাহ করিতে ক্রমতা প্রাপ্ত হইলেন। এবং প্রধান আসিষ্টান্ট প্রীয়ুত ষ্টুয়ার্ট সাহেব প্রিসেপ্ট সহী করিতে এবং শাদা কাগজে লিখিত যে কাগজপত্র এই আদালতের আজাক্রমে প্রেরণ হয় অথবা এই আদালতের রিকার্ড দক্তরে রাখা যায় সেই কাগজপত্রের নকলে দন্তখং করিতে ক্রমতা পাইলেন। ১৮৪০ সালের ও আপ্রিলের সরক্যলর অর্ডর।

২৩৬। বাবু রামগোবিন্দ সোম ১৮৪০ দালের ৭ আইনানুসারে ডেপুটা রেজিইটরী পদে নিযুক্ত হইয়া দদর আদালতের অদ্যকার তারিখের নির্দ্ধারণানুসারে দদর দেওয়ানী আদালতের মোকদমার প্রস্তুত করণ এবং ডিক্রী জারী করণের বিষয়ে অধঃস্থ আদালতের প্রতি হুকুম পাঠাইতে নিযুক্ত হইয়াছেন অতএব দদর আদালতের অন্যং হুকুমের বিষরে যেমত মনোযোগ আছে দেইমত ঐ কার্যাকারকের ক্রকারীর বিষয়ে মনোযোগ করিতে হইবেক। ১৮৪২ সালের ৭ জানুআরির সর্কালর অর্জ্ব।

২৩৭। ডেপুটী রেজিইটর জিলার আদালতের নাহেবের নিকটে প্রিসেপ্ট না পাঠাইয়া ফুবকারী পাঠাইবেন। ১৮৪২ সালের ২১ জানুআরির সদর আদালতের বিধান ও নিশ্ধারণের ২৬ দফা।

২৩৮। সদর দেওয়ানী আদালত ও নিজামৎ আদালতের এবং মফঃসল কোর্ট আপীল ও দায়েরসায়েরী আদালতের এবং বার্ড রেবিনিউ ও বার্ড ত্রেড এবং বার্ড কমিস্যনরের সাহেব লোকদিগের প্রতি তাঁহারদিগের তাবে অর্থাৎ ব্যাপ্য কর্মে নিযুক্ত এদেশীয় প্রধানং আমলা ও আরং কার্য্যকারক লোকদিগের তগীর ও বহালী ও ইশ্তাফা মঞ্চুর করণের বিষয়েতে হজুরের মঞ্চুরীর কারণ আপনং রোয়দাদের কৈফিয়ৎ পাচান বিনা এই ধারানুসারে ক্ষমতা থাকিবেক কিন্তু সদর দেওয়ানী আদালতের ও নিজামৎ আদালতের মৌলবী ও পণ্ডিত লোকদিগের তগীর ও বহালী ও ইশ্তাফার কৈফিয়ৎ পূর্ব্ব রীতিমতে মঞ্চুরীর কারণ শ্রীযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌলেলতে পাচান যাইবেক ইতি।—১৮০৯ সা।৮ আ। ৩ ধা।

২৩৯। এই ৯ ধারার লিথনানুসারে কোন দেওয়ানী আদালতের কিম্বা ফৌজদারীর আমলার নামে রেশ্বং ও জবরদস্তীতে কিছু টাকা কিম্বা জিনিস লইবার মোকদ্দমা বিচারক্রমে ডিসমিস হইলে সেই ফরিয়াদী যে আদালতের মোতালক হয় সেই আদালতে তাহার নামে সেই আমলা আপন মর্যাদা ও নোক্সানের দাওয়ায় নালিশ করিতে পারিবেন, ইতি।—১৭৯৩ সা। ১৩ আ। ৯ ধা। ১২ প্র।

২৪০। সমস্ত দেওয়ানী ও কৌজদারী আদালতের এদেশি আমলাদিগের নামে রেশ্বৎ ও জবরদন্তীতে টাকা লইবার মোকদ্মাসকলের নালিশের প্রতি যে সকল দাঁড়া ইঙ্গরেজী ১৭৯৩ সালের ১৩ ত্রেয়াদশ আইনের ৯ নবম ধা- রায় লেখা আছে সমস্ত আদালতের কাজী ও মৃফ্টা ও পণ্ডিতদিগের নামে দে-মত নালিশ হইলে তাহাতেও নীচের লিখিত বিশেষ মর্মছাড়া দেই সকল দাঁড়া চলিবেক ইতি।—১৭৯৩ সা। ১২ আ। ৮ ধা। ১ প্র।

২৪১। আদালতের ও মালের ও তেজারতের ও নিমকের ও আফীনের ও পরমিটের এলাকাদকলের মোধার দমস্ত দাহেবদিগকে পূর্বাবিধি তাঁহারদিগের যাঁহার যে ভারানুযায়ি শপথ পত্রানুদারে এবং দরকারের হজুরী দামান্য হকুমের অনুক্রমে নিষেধ আছে যে তাঁহারা আপনারদিগের তাবে আমলাদকলের কাহার বেতনহইতে কোনপ্রকারে কিছু লাভ না করেন্ এ আইনের অনুদারেও বারণ হইতেছে যে ভাগাভাগিক্রমে একের নির্দারিত বেতনহইতে কিছু কর্ত্তন করিয়া অন্যকে না দেন্ এবং যত জন আমলা নিযুক্ত থাকে ভাহার কমা ও বেশী হজুর কৌন্সেলের বিনাছকুমে না করেন্ ইতি।—১৮০৪ সা। ৫ আ। ২৩ ধা।

২৪২। দেওয়ানী ও ফৌজদারী আদালতদকলের নাজিরেরা আপনারদিগের তাবে নায়েব ও মৃধাদকল ও পেয়াদাগণ ইত্যাদিপ্রকার যে চাকরদিগের কৃত কর্মের দায়ে চেকে দে চাকরদিগকে নিজ প্রভুত্বে পুর্মেমতে কর্মে
নিযুক্ত করিবেক। এবং যদি কথন দেমত কোন চাকরের কর্মস্থান শূন্য হয়
তবে তৎকালে ইঙ্গরেজী ১৭৯৩ দালের ১৩ আইনের ২ দিতীয় ধারার এবং
ইঙ্গরেজী ১৮০৩ দালের ১২ আইনের ২ দিতীয় ধারার অনুসারে দে কর্মের
দায় আপন শিরে রাথিয়া তথাকার জজ কিয়া মাজিস্টেট ইহার যে দাহেবের
মোতালক হয় তাঁহার মঞ্জুরীক্রমে তৎকর্মে অন্য লোককে নিযুক্ত করিতে
পারিবেক। এবং এমতে নিযুক্তকরা লোকদিগের তগীর করিতে চাহিলে
যদি তাহা করণের বিশিষ্ট হেতু দেই জজ কিয়া মাজিস্টেট সাহেবের নিকটে
দর্শাইতে পারে তবে তগীর করিতেও শক্ত হইবেক। কিন্তু দে তগীর জজ
কিয়া মাজিস্টেট সাহেবের অগোচরে ও বিনামঞ্কুরে করিতে পারিবেক না
ইতি।—১৮০৪ সা। ৫ আ। ১২ ধা।

২৪৩। সদর দেওয়ানী আদালতের ও নিজামৎ আদালতের পণ্ডিত ও মৌলবা লোকের নিযোজনের এব° কর্মাচ্যুত হওনের সম্বাদ প্রাযুত নওয়াব গাবর্নর জেনরল বাহাদুরের মঞ্রের নিমিত্তে এই আইনেতে ইহার পরে যেথ হুকুম লেখা যাইবেক তাহার অধীনতায় তাঁহার হজুরে পাচান যাইবেক ইতি।—১৮২৬ সা। ১১ আ। ৩ ধা।

্রিলার আদালতের খাজাঞ্চী ও নাজিরের স্থানে জামিনী লইবার বিষয়ে যে বিধি আছে সদর আদালতের খাজাঞ্চী ও নাজিরের বিষয়েও সেই বিধি খাটিবেক।

# ২০ ধারা।

# বাদি প্রতিবাদিকে কাগজপত্রের নকল দেওন।

২৪৪। সদর দেওয়ানী আদালতের রেজিইটর সাহেব এদেশীয় ভাষার সিরিশ্তাহইতে কাগন্তপত্তের নকল দিতে পারেন্ এবং যদি কোন সময়ে ঐ প্রকার কাগন্ত দেওয়া উচিত কি না এবিষয়ে সন্দেহ হয় তবে সদর আদালতের বিশেষ হুকুম প্রার্থনা করিবেন। ১৮৩২ সালের ২৪ আগটেইর সদর আদালতের বিধান ও নিস্কারণ।

২৪৫ ৷ ইন্নরেজী ভাষার দিরিশ্ভার পত্র ও রিপোর্ট এবং লিপিপ্রভৃতির নকলের বি-

ষয়ে যে সকল দর্থান্ত হয় তাহা রেজিন্টর সাহের সদর আদালতের তুকুম পাইবার নিমিত্ত তথায় জানাইবেন। ১৮৩২ সালের ২৪ আগফৌর সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।

২৪৬। রেজিউর সাহেব সদর আদালতে জিজাসা করিলেন যে সদর দেওয়ানী আদালতের যে ডিক্রী মোকদ্মার বাদি বা প্রতিবাদিছাড়া অন্য ব্যক্তিরা দৃষ্টান্ত অর্থাৎ নদ্ধিরের কর্মের নিমিন্ত চাহে তাহার নকল ৪১ টাকা কি ॥০ আনা মূল্যের ইন্টাম্প কাগজে
দিতে হইবেক। তাহাতে সদর আদালত এই নির্দ্ধার্ণ করিলেন।

সদর আদালত রেজিইর সাহেবের ৫ তারিখের পত্র বিবেচনা করিয়া এই স্থির করি-রাছেন যে বাদি বা প্রতিবাদিছাড়া অন্যেরদিগকে।। • আনা মুল্যের ইফ্টাম্প কাগজে ডিক্রীর নকল দিতে যে ব্যবহার এইপ্যান্ত হইয়া আসিতেছে তাহার কিছু মতান্তর না হয়। ১৮৩৬ সালের ১২ ফেকুআরির সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।

২৪৭। জজ সাহেবেরদের যে২ ক্রকারীতে মোকদ্মার দোষগুণের বিষয়ে ওাঁছারদের নিজের মত লেখা আছে সেই ক্রকারীর দস্তখতী নকল রেজিফর সাহেব দিতে পারেন্ন। কিন্তু কেবল চূড়ান্ত ডিক্রীর নকল দিবেন। ১৮৪১ সালের ২৪ সেপ্টেম্বরের সদর আদালতের বিধান ও নির্দ্ধারণ।

২৪৮। ১৮৪১ সালের ২৪ সেপ্টেম্বর তারিথের সদর আদালতের নির্দ্ধারণের অনু-ক্রমে সদর আদালত এই২ ছকুম করিয়াছেন।

উক্ত নির্দ্ধারণের "শেষ নিষ্পত্তি" এই কথাতে কেবল শেষ ফয়সলাকারি জজ সাহে-বের ব্যবকারী বুঝায় না কিন্তু যে ডিক্রীর মধ্যে মোকদ্দমার বিবরণ লেখা থাকে এবং দুই বা তভোধিক জজ সাহেব আপনং মত লিখিলে সেই সকল জজ সাহেবের মত লেখা থাকে সেই ডিক্রী বুঝায়। আদালতের ছারা যে সকল মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি হয় ভাহার বিষয়ে এই ছকুম খাটে। ১৮৪২ সালের ৮ জুলাইর সদর আদালতের বিধান ও নির্দ্ধারণের ১ দফা।

২৪৯। অধক আদালতে পুনর্কার তজবীজ হওনের নিমিতে যে সকল মোকদ্দমা ফিরিয়া পাঠান যায় সেই২ মোকদ্দমা ফিরিয়া পাঠাওনের শেষ ভুকুমের নকল দেওয়া ঘাইতে পারে। এমত মোকদ্দমায় যে ব্যক্তি নকলের দরখাস্ত করে তাহার এমত কিছু আবশ্যক নাই যে অন্যান্য যে জজ সাহেব সে মোকদ্দমার বিচারের সময়ে বৈঠক করিয়াছেন তাঁহার-দের মত কিয়া স্কুমের নকল লয়। ১৮৪২ সালের ৮ জুলাইর সদর আদালতের বিধান ও নির্দ্ধারণের ২ দ্ফা।

২৫০। এক জন জজ সাহেবের অধিক জজের বৈঠকে যেং মুৎফরককা মোকদমা সদর আদালতের দারা নিষ্পত্তি হয় সেইং মোকদমায় কোন এক জন জজ সাহেবের হুকুম অথবা মতের নকল দেওয়া ঘাইবেক না কিন্তু দরখান্তকারির উচিত যে একাদিক্রমে যে সকল মত রোয়দাদে লেখা গিয়া থাকে তাহার নকল যোড়াদেওয়া কএক ইফাম্প কাগজে লয়। ১৮৪২ সালের ৮ জুলাইর সদর আদালতের বিধান ও নির্দ্ধারণের ৩ দফা।

২৫১। গদর আদালত এই বিধান করিয়াছেন যে জাবেতায়ত তথবা মুৎফরককা মোকদমায় জজ সাহেবের মত যে কোন ফ্রকারীতে লেখা থাকে সেই মত যদি ঐ মোকদ্দমার
চূড়ান্ত নিষ্পান্তিকারকের মত না হয় তবে সে ক্রকারীর নকল দেওয়া ঘাইবেক না। য়ে
বিধান এক্ষণে ধার্য হইল তাহার দ্বিতীয় বিধানের অনুসারে এক ফ্রকারীর নকল দেওয়া
ঘাইতে পারে এবং এক জন জজ সাহেবের দারা নিষ্পান্তিতরা মুৎফরককা মোকদ্দমায়
তাহার ফ্রকারীর নকল দেওয়া ঘাইতে পারে। ১৮৪২ সালের ৮ জুলাইর সদর আদালতের বিধান ও নিশ্ধারণের ৪ দফা।

২৫২। যে মিয়াদী ভকুম কেবল কর্মের দাঁড়ার বিষয়ে হয় অথবা যে ভকুমে সদর আদালতের জজ সাহেবের মত অথবা ডিক্রী না থাকে তাহার বিষয়ে উক্ত বিধান থাটি-বেক না। ১৮৪২ সালের ৮ জুলাইর সদর আদালতের বিধান ও নির্দারণের ৫ দফা।

#### ২১ ধারা।

সদর আদালতের নিমিত্ত যেথ কাগজপত্র তর্জমা হয় তাহার বিষয়।

২৫৩। সদর দেওয়ানী আদালতের ও নিজামৎ আদালতের তরজমান নবীদী কর্মা নিবৃত্ত করা গেল ইহাতে যদি কথন কোন কাগজের তরজমার আবশ্যক ঐ দুই আদালতে হয় তবে তৎকালে তাহা তথাকার রেজিউর কিয়া আদিষ্টাণ্ট দাহেবদিগের দ্বারা করাইতে হইবেক। কিয়া যে কোন দময়ে কার্য্যের ভাড়ে তাঁহারদিগের অবদর না থাকে দে দময়ে যেরপে নিজামৎ আদালতে চালাইবার মোকদ্মার রোয়দাদের তরজমা করাইবার দাধ্য ইঙ্গরেজী ১৭৯৯ দালের ১০ দশম আইনের ৩ তৃতীয় ধারায় নির্দিষ্ট আছে দেইরপে ঐ আদালতসকলের জজ দাহেবেরা দে কাগজের তরজমা তৎকর্মে নিপুণ ব্যক্তান্তবের দ্বারা করাইতে দাধ্য রাথিবেন ইতি।—১৮০১ সা। ২ আ। ১৭ ধা।

যে সময়ে কোন মোকদ্মার কাগজপত্রের তর্জমা মফঃদল আপীল আদালতদকলের দাহেবদিগের স্থানে কিয়া জিলা ও শহরদকলের দেওয়ানী আদালতের দাহেবদিগের নিকটে তলব হয় দে সময়ে তাহার তর-জমা করিবার দায় দেই২ আদালতের রেজিফীর ও আসিফ্টাণ্ট লাহেবদিগের সহিত রাথে। আর হকুম আছে যে তাঁহারা আপনারদিগের সমুর্কীয় অন্যং কার্য্যের হানি না হয় এমত দকল সময়েই দে কাগজপত্রের তর্জমা করেন্ কিন্তু যদি আপনারদিগের সম্পর্কীয় অপর কর্ম্মের বাহুল্যহেতুক ঐ সকল কা-গ্রজপত্রের তরজমা দদর দেওয়ানী আদালতে পাচাইবার নির্দ্ধারিত মিয়াদের মধ্যে করিতে না পারেন্ তবে আদালতদকলের দাহেবদিগের কর্ত্তন্য যে দে সমাচার এরপে লিথিয়া সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের সন্নিধানে পাচান যে রেজিউর ও আদিষ্টাণ্ট দাহেবেরা আপনারদিগের দমুর্কীয় বিষ-য়ান্তরের বিনাবাধায় এত দিনের মধ্যে তাহার তরজমা করিতে পারিবেন। ভাহাতে যদি দদর দেওয়ানী আদালতের দাহেবেরা দে কাগজপত্রের তর্জমা অতিশীঘু করণে আবশাক জানেন্ তবে ক্ষমতা আছে যে তাহার তরজমা করা-ইবার কারণ যে কেহ এ ক্রিয়ায় পারক হয় তাহার দ্বারা করাইতে ভ্কুম দেন্ ও তদনুসারে জিলা কিয়া শহরসকলের দেওয়ানী আদালতে যে কাগজপত্রের ভরজমা হয় তাহা তথাকার রেজিউর সাহেবেরা এবণ মফঃদল আপীল আদা-লতদকলে যে কাগজপত্রের তরজমা হয় তাহা মফঃদল আপীল আদালত দকলের রেজিষ্টর দাহেবের। বিবেচিয়া মুলাহেজা হইল এমত শব্দে দস্তথ করিয়া দে তরজমা শুদ্ধ হইবার প্রবোধক থাকিবেন ইতি।—১৭১৭ দা। ১১ আ। ৪ ধা।

২৫৫। যেহেতুক দেওয়ানী আদালতের নিমিত্তে রুবকারী এবং অন্যান্য কাগজপত্র তরজমা করণের নিমিত্তে যে বেতন দেওয়া যায় তাহার হারের বি-ষয়ি ষে রিধি বাঙ্গলা দেশের চলিত ১৭৯৭ সালের ১৯ আইনের ৫ ধারা এবং ১৮০৩ সালের ৪ আইনের ৩৩ ধারাতে নির্দিষ্ট আছে তাহা মতান্তর করণ আবশ্যক বোধ হইল। অতএব ইহাতে হুকুম হইল যে ১৭৯৭ সালের ১৯ আইনের ৫ ধারা এবং ১৮০৩ সালের ৪ আইনের ৩৩ ধারা রুদ হই-বেক ইতি। ১৮৪২ সা। ৭ আ। ১ ধা।

#### ২২ ধারা।

সদর আদালতের নিমিত্ত নকল ও কাগজপত্র প্রেরণ করণ।

২৫৬। মফঃসল আপীল আদালতের সাহেবদিগের কর্ত্তব্য যে তাঁহার-দিগের কৃত নিষ্পত্তি মোকদমার আপাল দদর দেওয়ানী আদালতে হইলে তাহার আপীলের দর্থাস্তা আর্জা লইবার তারিথহইতে ১৫ পনের দিনের মধ্যে সে মোকদমার রোয়দাদের নকল সমেত আপীলের দর্থাস্তা আসল আরজী ও উভয় বিবাদির জওয়াবআদির সমস্ত আসল কাগজপত্র ও সে মো-কদ্মার যে দকল লিখন জিলা কিয়া শহরের দেওয়ানী আদালতহইতে তাঁ-হারদিগের নিকটে পঁছছিয়া থাকে তাহা এব ে যে সকল সাক্ষির জোবানবন্দী মফঃদল আপীল আদালতে হইয়া থাকে তাহার্দিগের সমস্ত আদল জোৱান-বন্দী এব প্রাক্তমার বিচারকালে অন্য যে সকল কাগজপত্র পাচান গিয়া থাকে তাহা সমস্ত আপনার্দিগের দম্ভথতে ও সেই মফঃদল আপীল আদালতের মোহরে সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর সাহেবের নিকটে পাচাইবেন। কিন্তু সকল কাগজপত্র পাচাইবার পূর্ফ্তে মফঃসল আপীল আদালতের সাহেবেরা সেই সমস্ত আদল কাগজপত্রের নকল লেখাইয়া তা-হাতে দেই মফঃদল আপাল আদালতের দিরিশ্তাদারের দস্তথৎ মোতাবেকে আদল শব্দে করাইয়া দেই দকল আদল কাগজপত্রের নকল মফঃদল আ-পীল আদালতের সিরিশ্তায় রাখিবেন। এব ে সেই সকল নকললিখন সেই মফঃদল আপীল আদালতের মাতবর বোধ হইয়া অন্যং আদালতে দাকির ন্যায় গ্রাণ্ড ইবৈক। দৈবাৎ যদি মফঃদল আপীল আদালতের উপস্থিত कान भाकन्त्रात माक्रिमिश्वत जावानवन्त्री किञ्चा त्वायमाम अगयत हत नाय অন্য কাগজ যে কোন বহাতে অন্যথ মোকদ্দমার রোয়দাদ লেখা থাকে তাহাতে লেখা গিয়া থাকে ও সে কারণে তাহার আদল দদর দেওয়ানা আদালতে দে মোকদ্মার বিচারকালে পৃথক্ করিয়া পাচাইতে না পারা যায় তবে মফঃদল আপীল আদালতের সাহেবেরা দেই বহীহইতে তাহার নকল লেথাইয়া তাহাতে আপন দম্ভথতে মোতাবেকে আদল শব্দ এব ০১ তাহার নকল অম্ক বহীতে দাখিল আছে লিখিয়া দেই নকল উপরের লিখনানুদারে নিয়মিত কা-लित प्राथा मन्त्र (मुख्यानी जामान्छ পाठा है रिवन किन्नु अप्राउ प्रकःमन जाभीन আদালতের দাহেবদিগের কর্ত্তব্য যে আপালের আদল আরজী ও উভয়ের সওয়াল ও জওয়াবওগয়রহ ও অন্য যে দকল আদল লিখন মফঃদল আপীল আদালতে সে মোকদমার বিচারকালে দাখিল হয় দে সমস্তের মধ্যে যাহা প্রয়ত থাকে তাহা উপরের লিথনক্রমে সদর দেওয়ানী আদালতে পাচান। এবং যদি দৈবাধীন কোন আদল কাগজ হারায় ও তাহার নকল মফঃদল আ-পীল আদালতের কোন বহীতে দাখিল থাকে তবে দেই নকল আদলের ন্যায় জ্ঞান করিয়া মফসঃল আপাল আদালতের সাহেবেরা বহীহইতে তাহার নকল লেথাইয়া তাহাতে এই শবে যে এ নকল বহীর মোতাবেক আদল অনেক তত্ত্বও করা গেল মিলিল না দস্তথৎ করিয়া তাহা উপরের লিখনানুসারে সদর দেওয়ানী আদালতে পাচাইবেন ইতি।—১৭১৩ সা। ৬ আ। ১১ ধা।

২৫৭। আপীলী মোকদ্মাসকলের রোয়দাদের নথী পাঠাইবার বিষয়ি

ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৫ আইনের ১৩ ধারা এব॰ ঐ সনের ৬ আইনের ১১ ধারা শুধরিবাতে এই স্কুম হইল যে জিলা কিয়া শহরের কি প্রবিক্ষাল কোর্টের জজ সাহেবেরা উপস্থিত বিষয়মতে কেবল আদল সওয়ালজওয়াবের কাগজ ও জোবানবন্দী ও দন্তাবেজ যাহা দাখিল করিয়া থাকে তাহা ফিরিস্তিনমেত পাচাইবেন আর প্রথমতঃ দাক্ষির হাজির করিবার দরখান্ত ও পরওয়ানা ও নাজিরের কৈফিয়ৎ ও অন্যং নানা প্রকার কাগজপত্র ও রোয়দাদ যাহা আপীলের বিচারের নিমিত্তে আবশ্যক নহে তাহা পাচাইবার আবশ্যক হইবকে না কিন্তু জানা কর্ত্তব্য যে যে আদালতে আপীল করা গিয়া থাকে সেই আদালতের সাহেবেরা সর্বাদা এমত নানা প্রকার কাগজ দৃষ্টি করিতে উচিত বোধ হইলে তাহা তলব করিতে কিয়া তাহার নকল দাখিল করিবার নিমিত্তে উত্তর পক্ষকে হুকুম দিতে পারিবেন ইতি।—১৮৩১ সা। ১ আ। ৮ ধা।

২৫৮। সদর আদালতে যে সকল মোকদমার আপীল হয় সেই মোকদমার কাগজপত্র নকল করিবার নিমিত্ত যথন কার্য্যের ভীড়প্রযুক্ত অথবা কারণাস্তরে কিছু কালের নিমিত্ত মুহুরীর রাখিতে হয় তথন তাহাকে নিযুক্ত করণের বিষয়ি দরখান্ত এবং তাহারদের বিল এই সদর আদালতে পাঠাইতে হইবেক। ঐ বিল মঞ্চুর হইলে ঐ আদালতের রেজিইর সাহেবে তাহাতে দক্তখং করিবেন এবং তাহা জিলার জজ্ঞ সাহেবের নিকটে ফিরিয়া পাঠাইবেন এবং তিনি ঐ দন্তখংহওয়া বিল সিবিল আডিটর সাহেবের নিকটে পাঠাইবেন। উপরি যে মুহুরীরেরা নিযুক্ত হয় তাহারা মাসে দশ টাকার অধিক বেতন পাইবেক না। জঙ্গ সাহেবেরা অভিসাবধান হইয়া কেবল যেখানে সেইরপ উপরি মুহুরীর না রাখিলে নয় সেখানে এমত মুহুরীর রাখিবার বিষয়ে সদর আদালতে দরখান্ত করিবেন। ১৮৩৭ সালের ২৪ নবেম্বরের সরকুলের অর্ডর।

২৫৯। যে আপালী মোকন্দমার কাগন্ধপত্র নকল করিবার নিমিন্ত কিছু কালের জন্য মুছরীর রাখিতে হয় তাহারদের বেতনের বিষয়ে উক্ত ১৮৩৭ সালের ২৪ নবেম্বর তারিধার সরকুলর অর্ডরে যে বিধান আছে তাহাতে অধিক খরত এবং সময় হরণ হইতে পারে অতএব সদর আদালত হুকুম করিতেছেন যে ঐ কাগন্ধপত্র ফারসী কি উর্দু কি বাঙ্গলা ভাষায় হইলে তাহার নকল করণের মেহনতানা সেক্সন লিখিবার মেহনতানায় যত দিতে হইবেক অর্থাৎ ৪০০০ কথায় এক কোম্পানির টাকা। ১৮৩৯ সালের ২৮ জুনের সরকুলর অর্ডরের ১ দফা।

২৬ । যে বিল মঞ্জুর হইবার নিমিত্ত পাঠান যায় ভাহাতে লিখিতে হইবেক যে কোন মোকদমার বিষয় এবং প্রভ্যেক মোকদমাতে কত কথা ছিল এবং যে প্রভ্যেক নথী আদালতে পাঠান যায় ভাহার সঙ্গে এক ফর্দে সিরিশ্ভাদার লিখিবেন যে ভাহাতে কর্ত্ত কথা আছে এবং ভাহা নকল করিবার নিমিত্ত কত্ত টাকা দেওয়া গিয়াছে। ১৮৩৯ সালের ২৮ জুনের সরক্যুলর অর্ডরের ২ দফা।

২৬১। প্রধান সদর আমীনের আদালতহইতে যে সকল কাগজপত্র তলব করেন্
তাহার বিষয়ে উপরের উক্ত বিধি থাটিবেক এবং জিলার জজ সাহেব ঐ প্রধান সদর আমীনকে এইমত ছকুম দিয়া কহিলেন যে তাঁহার সিরিশ্ভার মুছরীরের ছারা যথন তলব
হওয়া কাগজের নকল করাইতে পারেন্ না তথন উপরি মুছরীর নিযুক্ত করণের অনুমতির
বিষয়ে জজ সাহেবের নিকটে দর্থান্ত করিবেন। ১৮৩৯ সালের ২৮ জুনের সরকালর
অর্ডরের ও দফা।

২৬২। সদর আদালতের ছকুমক্রমে আদেশ করিতেছি যে ১৮৩৯ সালের ২৮ জুন ভারিখের ৪০ নম্বরী সরকুলের অর্ডরেতে সিরিশ্ভাদারের দন্তথভী যে লিপি পাঠাওনের ছকুম হইয়াছিল ভাহার দুই নকল নীচের লিখিত শরওয়ামতে পাঠান যায় অর্থাৎ এক সটিফিকট বাজে মুহুরীরের বিলের দঙ্গে এবং অপর সটিফিকট নথীর সঙ্গে গাঁথিয়া রা-থিতে হইবেক। ১৮৪১ সালের ১৩ আগফৌর সরকালর অর্ডর।

আরে। তোমাকে আদেশ করিতেছি যে যে নথীর নিমিত্ত বিল হয় তাছা প্রেরিত না হওনপর্যান্ত মুহুরীরের বিল পাঠাইবা না। বিলের সঙ্গে ইঙ্গরেন্ধী চিঠী পাঠাওনের প্রয়ো-জন নাহি। ১৮৪১ সালের ১৩ আগস্টের সরকালর অর্ডর।

২৬৩। নানা বিচারকের। সদর আদালতে কোন বিষয় জিজাসা করণের সময়ে ইহার পূর্বে রোয়দাদের নকল না পাঁচাইয়া একণে আসল কাগজপত্র পাঁচাইতেছেন এবং ভাহা ভাঁহারদের নিকটে ফিরিয়া পাঁচাইতে দর্থাস্ত করেন্ ভাহাতে সদর আদালতে যে নকল হয় ভাহা মোকাবিলা করাতে অনেক বিলয় হইতেছে এবং আদালতের অন্যান্য কার্য্যের অনেক ব্যাঘাত হইতেছে। তাহাতে সদর আদালত বিধান করিতেছেন যে ঐ বিচারকেরা এই আদালতে কেবল নকল পাঠাইবেন যদ্যপি ভাঁহারা আসল কাগজপত্র পাঠান উচিত বোধ করেন্ এবং যদি ভাঁহারা সেই কাগজপত্রের নকল আপন কাছারীর সিরিশ্ভায় রাখা আবশাক বোধ করেন্ তবে আসল কাগজপত্র পাঁচাইবার পূর্বে আপন আদালতে তাহার নকল প্রস্তুত করিবেন। ১৮৩৩ সালের ১৬ নবেয়রের স্বকুলের অর্ড্র।

#### ২৩ ধারা।

## উভয় বিবাদির সঙ্গে সদর আদালতের লিখনপচন।

২৬৪। সদর দেওয়ানী আদালতের সাহেবদিগের প্রতি হুকুম আছে যে ঐ আদালতের উপস্থিত অথবা সম্প্রকীয় মোকদ্দমার উভয় বিবাদির সহিত পত্রাদি লিখন পঠন না করেন্। যদি ঐ আদালতের তাবের এমত মোকদ্দমার উভয় বিবাদির কেহ কিয়া অন্যে চাহে যে ঐ সাহেবদিগের হজুরে কিছু আরজী করে তবে তাহার কর্ত্তব্য যে তাহা লিখিয়া আপনি আদালতে হাজির হইয়া দেয় অথবা ঐ আদালতের চিহ্নিত উকীলদিগের একের দারা দাখিল করায় তাহাতে ঐ সাহেবদিগের কর্ত্তব্য যে তাহার আরজী করনের বিষয়ে আইনের মতে যে হুকুম উচিত জানেন্ তাহাই লিখিয়া সদর দেওয়ানী আদালতের মোহর ও রেজিইর সাহেবের দম্বখতে সেই হুকুমের নকল তাহাকে কিয়া তাহার উকীলকে দেন্ইতি। ১৭১৩ সা। ৬ আ। ৬ ধা।

### ২৪ ধারা।

## সদর আদালতের দারা আইনের অর্থ করণ।

২৬৫। মফঃদল আপীল আদালত কিয়া দায়ের ও দায়েরী আদালতহই-তে জজের কিয়া ফৌজদারীর দম্বর্কীয় দেওয়ানী অথবা ফৌজদারীর কোন মোকদমার হুকুমনামা পঁহুছিলে যদি দেই দেওয়ানী আদালতের জজ কিয়া ফৌজদারীর দাহেব বুঝেন্ যে দে হুকুম আইনের ব্যতিক্রম এবং আইনমতে গ্রাহ্যের যোগ্যও নহে তবে দেই জজ কিয়া ফৌজদারীর দাহেবের দাধ্য আছে যে দেই ব্যতিক্রম ও অগ্রাহ্যতা জানাইবার নিদর্শনে এন্তেলানামা লিখিয়া দেই মফঃদল আপীল আদালত কিয়া দায়ের ও দায়েরী আদালতে পাঠান্। এবং যাবৎ তথাহইতে তদুপযুক্ত উত্তরের অন্য হুকুমনামা না মিলে তাবৎ দেই ব্যতিক্রম হুকুম জারী করিতে বিলয় করেন্ তাহাতে যদি দেই মফঃদল আপীল আদালত অথবা দায়ের ও পায়েরী আদালতের গাহেবেরা দে হুকুমনামার হুকুম

সমুদয় কিয়া তাহার মধ্যের কিছু সাব্যস্ত রাথিরা তাহাতে অপর আপত্তি করি-তে নিষেধ করিয়া তাহা জারীর কারণ দেওয়ানী আদালতের জজ কিয়া ফৌজ-দারীর সাহেবকে হ্রুম দেন্ তবে সে সাহেব তৎক্ষণাৎ তদনুসারে কার্য্য করি-বেন। কিন্তু যদি দেওয়ানী আদালতের জজ কিম্বা ফৌজদারীর সাহেব তাহাতে নিশ্চয় জানেন্ যে মফঃসল আপীল আদালত অথবা দায়ের ও সায়েরী আদ:-লতহইতে পশ্চাৎ যে ত্কুম আদিয়াছে তাহাও আইনের অনুসারে নত্তে তবে সেই জন্স কিম্বা ফৌন্সদারীর সাহেবকে শক্তি দেওয়া যাইতেছে যে পশ্চাতের **দেই ভুকুম জারী হইবার বার্ত্ত। জানাইবাব নিদর্শনী এত্তেলানামা দেই মফঃ-**দল আপীল আদালত কিয়া দায়ের ও সায়েরী আদালতে পাঠাইবার সময়ে তথায় তাহার দঙ্গে দে হকুম জারী করিবার অর্থে যে হকুমনামা পাইয়া থা-কেন্ তাহার এব ে আপনি যে এত্তেলানামা পাঠান্ তাহার নকল ও দে মোক-দ্দমার কৈফিয়তী অপর দকল কাগজপত্রসমেত এক দর্থাস্ত লিথিয়া সদর দে-ওয়ানী আদালত কিয়া নিজামৎ আদালত যথাকার মোতালক মোকদ্মা হয় তথায় দে মেকিদ্মার বৃত্তান্ত জানাইবার কারণ চালানের জন্যে পাচাইয়া দেন্ মক্ষঃদল আপীল আদালত কিম্বা দায়ের ও দায়েরী আদালতের দাহেবদিগের কর্ত্তব্য যে সেই দর্থান্ত পাইয়া বিলম্ব করণের আবশ্যক না থাকিলে অব্যাজে সেই সকল কাগজপত্র সদর দেওয়ানী আদালত কিয়া নিজামৎ আদালতে পা-ঠান্। কিন্তু দেওয়ানী আদালতের জজ কিন্তা ফৌজদারীর সাহেবদিগের অনু মান এই আইনের অনুসারে এমত না হয় যে আইনমতে যে কোন মোকদ-মায় যে তৃকুম মকঃদল আপীল আদালত কিন্তা দায়ের ও দায়েরী আদালতের লাহেবদিগের সচরাচর করিবার ভার স্লফ্টক্রমে আছে তদনুদারে তাঁহারা যে হুকুম দেন্ তাহাতে সঙ্গতাসঙ্গতের কিছু আপত্তি করেন্। আর জানিবেন যে এই আইনের অনুসারে দেওয়ানী আদালতের জজ কিয়া ফৌজদারীর সাহেব-দিগেরে যে শক্তি তকরারী লিথনাদি কাগজপত্র পশ্চাৎ সদর দেওয়ানী আ-দালত কিয়া নিজামৎ আদালতে চালান করাইবার অর্থে মফঃসল আপীল আদালত কিয়া দায়ের ও দায়েরী আদালতে পাঠাইবার জন্যে অর্পণ হ-ইল ইহা কেবল যে মোকদ্দমায় আইনের অর্থবোধের ব্যতিক্রম জন্মে ও ষ্পুষ্ট বুকা যায় তাহারি সহিত দায় রাথে ইতি।—১৭৯৬ দা। ১০ আ। ২ ধা।

২৬৬। যে সময়ে উপরের লিখিত হুকুমমতে কোন মোকদ্বার কাগজপত্র সদর দেওয়ানী আদালত কিয়া নিজাম আদালতে পঁছছে সে সময়ে
তথাকার সাহেবেরা তদর্থে মফঃসল আপীল আদালত কিয়া দায়ের ও সায়েরী
আদালত অথবা জিলা ও শহরসকলের দেওয়ানী আদালতের জজ কিয়া ফৌজদারীর সাহেবদিগেরে যে হুকুম দেন্ তাহাই চূড়ান্ত হইবেক কারণ এই যে
তথাকার সাহেবেরা যদি জানেন্ যে সে মোকদ্বায় যে মতে কার্যা করিতে
হইবেক তাহা আইনে লেখা আছে তবে সে কার্যা তদনুসারেই করিতে হুকুম
দিতে পারেন্ ইতি।—১৭৯৬ সা। ১০ আ। ৩ ধা।

২৬৭। যদি সদর দেওয়ানী আদালত কিয়া নিজামৎ আদালতের স্-হেবদিগের সম্পেহ কোন আইনের অর্থবাধে হয় তবে কর্ত্তব্য যে সে সম্পেহ-ভঞ্জনার্থ নয়া আইন ধার্য্য করিবার জন্যে তাহার বেওরা লিথিয়া இযুত গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে দেন্ আর ঐ সাহেবদিগের নি-কটে কোন এলাকার মফঃসল আপীল আদালত অথবা দায়ের ও সায়েরী আ- দালতের ও কোন জিলা কিয়া শহরের দেওয়ানী আদালত কিয়া ফৌজদারীর কোন মোকদ্দমা উপস্থিত হইলে তাহাতে যদি তাঁহারা বুকেন্ যে সেমত সকল মোকদ্দমার সম্পর্কে কিছু উদ্যোগের ধার্য্য কোন আইনে স্লফক্রমে হয় নাই তবে তাঁহারদিগের উচিত যে তদর্থে ইঙ্গরেজী ১৭৯৩ সালের ২০ বি°শতি আইনের হুকুমমতে নয়া আইনের ব্যবস্থা করেন্ ইতি।—১৭৯৬ সা। ১০ আ। ৪ ধা।

২৬৮। সদর আদালত বিধান করিতেছেন যে যে স্থলে মুৎফরককা মোকদমায় আইনের অর্থের বিষয়ে মতের বৈলক্ষণ্য হয় কেবল দেই স্থলে উপরের উক্ত আইন খাটিবেক
এবং ডিক্রীর ছকুমের বিষয়ে খাটে না। দেই ডিক্রী যদি বাদী বা প্রতিবাদী অসকত
বোধ করে তবে তাহার। আইনের নিরূপিতমতে আপীল করিবেক অথবা ডিক্রীর পুনর্বিচারের বিষয়ে দরখান্ত করিবেক। ৪৭৯ নম্বরী আইনের অর্থের ও দফা।

২৬৯। ১৭৯৬ সালের ১০ আইনের ও ধার। এবং ১৮০৩ সালের ২২ আইনের ও ধারা ও তদনুষায়ি আইনের বিধি মতান্তর হইয়া আইনের অর্থের বিষয়ে কিছু বৈলক্ষণ্য না হয় এই নিমিন্ত হুকুম হুইল যে কোন আইনের অর্থ বা অভিপ্রায়ের বিষয়ে ঐ আইননের ২ ধারানুসারে কলিকাতান্থ অথবা আলাহাবাদের সদর আদালতের নিকটে জিজাসা হুইলে ঐ উভয় আদালত সেই বিষয়ে আপনারদের মত প্রস্পার একে অন্যকে জানাইবেন এবং জিজাসিত বিষয়ে আইনের অর্থে উভয় আদালত সম্মত না হুইলে তাহা প্রকাশ হুই-বেক না। ১৮৩১ সালের ২২ নবেষ্রের গ্রগ্গেইর হুকুম।

## আপেণ্ডিক্ল ।

### পাটার বিষয়ি বিধান।

#### ১ धारा।

#### পাট্টার হার।

১। জানিবেন যে কালেক্টর সাহেব পাটা মঞুর করণের বিষয়ে যে হুকুম ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৮ অন্তম আইনের ৫৮ ধারায় নির্দিষ্ট আছে সে হুকুম কেবল পাটার নক্শা মঞ্জুর করিবার কারণেই কালেক্টর সাহেবের প্রতি লেখা গিয়াছে ও তদনুসারে কাহারো স্থানে প্রজা লোকে পাটা লইলে যদি তাহার নিরিথের বিষয়ে কিছু আপত্তি জন্মে তবে সেমতে মালগুজারী নগদ কিয়া জিনিদে দিতে হইলে সে আপত্তির নিষ্পত্তি সেই জিলার দেওয়ানী আদালতে সেই পরগনার শরেমাফিক সেই রকম ভূমির জমার নিরিথদ্ষ্টে হই-বেক ইতি।—১৭৯৪ সা। ৪ আ। ৬ ধা।

২। জানিবেন যে উপরের লিখিত ধারার হুকুম কেবল ইঙ্গরেজী ১৭৯৩ দালের ৮ অইন আইনের ৫৮ ধারার মতে প্রথম পাটা লইবার বিষয়েই নহে ইঙ্গরেজী ১৭৯৩ দালের ৪৪ আইনের মতে কোন পাটার মিরাদ গোলে কিয়া কোন পাটা রদ হইলে দুসর! পাটা লইবার বিষয়েও ঐ হুকুম কাফী ও অটল রহিবেক এব° নয়া পাটা লইবার বিষয়ের দকল দন্দেহ ভগুনের নিমিন্তে নির্দিষ্ট করা গেল যে প্শচাতের লিখিত ঐ আইনের মতে যে প্রজার পাটার মুদ্দং যায় কিয়া যাহার পাটা রদ হয় দে প্রজা নয়া পাটা লইলে তাহার স্থানে ভূম্যধিকারা কিয়া ইজারদার অথবা অন্য লোকে সেই পর্যনার শরেমাফিক সেই রকম ভূমির নিরিখছাড়া বেশী তলব করিতে পারিবেক না কিন্তু যাহার স্থানে পাটা লইবার বিষয় তাহার স্থানে ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৮ আইনের মতে প্রজা লোকে যে নিরিখে প্রথম পাটা লইরা থাকে সেই নিরিখেই নয়া পাটা লইবেক ইতি।—১৭৯৪ সা। ৪ আ। ৭ ধা।

ত। যদি পরগনার শরে ও দাঁড়ার কিছু নিরপণ ও চিক না পাওয়া যায় তবে নীলামী ভূমির নিকটবর্ত্তি স্থানকলেতে তাহার মত অন্য ভূমির থাজা-নার যে শরে ও দাঁড়া থাকে সেই শরে ও দাঁড়ামতে ঐ নিলামী ভূমির পাটা দিয়া থাজানা লওয়া যাইবেক কিন্তু নীলামী ভূমি যদি সমাক্ গ্রাম কি মহাল কি পরগনা হয় ও তাহার সম্প্রকীয় ইজারদার ও প্রজাইত্যাদিদিগের সমস্ত পাটা উপরের উক্ত দাঁড়ানুসারে বাতিলহওনের যোগ্য হয় তবে গুজন্তা তিন সনের মধ্যে যে কোন সনে ঐ ভূমিতে বেশী থাজানা উসুল হইয়া থাকে সেই সনের থাজানার হারহইতে অধিক না হয় এমত হারেতে নূতন পাটা লিথিয়া দেওয়া গিয়া থাজানা তহসীল হইতে পারিবেক ইতি।—১৮১২ সা। ৫ আ। ৪ ধা।

- ৪। পুর্বের ও এক্ষণকার আইনানুসারে ভূমির নীলামী থরীদারদিণ গের ক্ষমতা আছে যে ঐ ভূমির পুর্বের অধিকারির ও তাহার পেটার ইজারদার ও প্রজাইত্যাদিদিগের মধ্যে যে করারদাদ হইয়া থাকে কএক প্রকরণব্যতিরেকে তাহা রদ করে কিন্তু এই ধারানুসারে হুকুম হইল যে চলিত আইনানুসারে জমীদারের তরফহইতে কোন ইজারদার কি প্রজাইত্যাদির স্থানে বেশী থাজানা তলব হইতে পারিলেও উভয়ের মধ্যে ঐ বেশী থাজানা দেওনের কথা সম্বলিত লেখাপড়া হওনবিনা কিম্বা বাঙ্গলা হাল সালে কি ফসলী আইন্দা সনে যে বেশী থাজানা ঐ ইজারদার কি অন্য ব্যক্তির দিতে হইবেক তাহার পরিমাণ লিথিয়া এক এন্তেলানামা ঐ ইজারদার কি প্রজাইত্যাদির নিকটে আবাদ তরদুদের সময়ে এতাবতা জ্যৈষ্ঠ মাসে কি তাহার পুর্বের্ব পাচাইয়া দেওনবিনা কিছু বেশী থাজানা তাহার শিরে দেনা চাহরিবেক না ইতি।—১৮১২ সা। ৫ আ। ১ ধা।
- ৫। ভূমাধিকারির পেটার কোন ইজারদার কি প্রজাইত্যাদির নিকটে উপরের উক্ত এক্তেলানামা পাচান না গেলে পূর্ব্বের করারদাদমতে যে মালগুজারী তাহার ওয়াজিবী দিতে হয় তাহাহইতে বেশী থাজানা জিনিস কোক করণ কি তাহাকে কয়েদ করণ কিয়া দেওয়ানী আদালতে নালিশ করণের দারা তাহার স্থানে উসুল হয় তবে আদালতের কোন কাছারীতে এ কথা প্রমাণ হইলে সে ব্যক্তি ঐ বেশী টাকা ও তাহাতে তাহার যে ক্ষতি ও থরচ হইয়া থাকে তাহাসমেত পাইতে পারিবেক অতএব ঐ এক্তেলানামা থোদ ইজারদার কি প্রজাইত্যাদির হাতে দেওয়া কর্ত্ব্য কিন্তু সে ব্যক্তির অয়্লফ্ট থাকন কি পলাইয়া যাওনপ্রযুক্ত তাহার হাতে দেওয়া যাইতে না পারিলে তাহার বাসস্থানে লট্কাইয়া দেওয়া কর্ত্ব্য ইহাতে এক্তেলানামা তাহার হাতে দেওয়া যাওনের মত বোধ হইবেক ইতি।—১৮১২ সা। ৫ আ। ১০ ধা।
- ৬। ১৮১২ সালের ৫ আইনের ১০ ধারা দৃষ্টি করিলে প্রথমতঃ অনুভব হয় যে জমীদারেরা কিয়া তাহারদের কার্য্যকারকেরা রাইয়তের নিকটে পাঠান এত্রেলানামার মধ্যে যত থাজানার টাকা লিখিতে ইচ্ছা করে তত টাকা তাহারা ঐ রাইরতের স্থানে প্রথমতঃ ক্রোকের দারা অথবা সরাসরী ছকুমক্রমে উসুল করিতে ক্রমতা রাখে এবং হয় রাইয়তের আপনার ভূমি ছাড়িয়। দিতে হইবেক কিয়া যাবৎ জাবেতামত মোকদমার দার। ঐ দাওয়ার অ্যথার্থ প্রমাণ দিতে না পারে তাবৎ ঐ ভূমির নিমিত্ত সেইরূপ বেশী খাজনো দিতেই হইবেক। কিন্তু এই অর্থ ১৭৯৪ দালের ৪ আইনের ৭ ধারার এক ভাগের সঙ্গে মিলে না ঐ ধারার মধ্যে রাইয়তেরা যে হারানুসারে পাট্টার দাওয়া করিতে পারে এবং আপনারদের ভূমি রাখিতে পারে তাহা নির্দিষ্ট আছে এবং ঐ ধারা ১৮১২ সালের ৫ আ-•ইনের ও ধারার দ্বারা রুদ হইয়াছে এমত জ্ঞান করা ঘাইতে পারে না আতএব যে জমীদার ও ইজারদারেরা বেশী খাজানার বাবং সরাসরী নালিশ করে অথবা ১৮১২ সালের ৫ আইনের ১৫ ধারানুসারে ভাহারদের নামে উপস্থিততওয়া মোকদমার জওয়াব দেয় তা-হার্দিগকে আমি নিয়ত এইমত তকুম দিয়া আসিতেছি যে তাহারদের রাইয়তের উপর জারীহওয়া এতেলানামাতে তাহারা যে খাজানার দাওয়া করে তাহা প্রগনার নিরিখের অনুযায়ী এবং ভূমির পরিমাণের উপযুক্ত ইহার প্রমাণ দেয়। ১৮১২ দালের ৫ আইনের ১০ ধারার উক্ত যে অর্থ ভট সাহেব করিয়াছিলেন ভাহাতে সদর আদালত সমতে আছেন্। তাঁহারা কহেন্যে কোন লিখিত করারদার না থাকিলে ঐ আইনের ১ ধারার লিথিত যে এতেলানামা দিবার বিষয়ে তকুম আছে ভাছা চলিত আইনানুসারে বেশী

থাজানা দেওনের যোগ্য রাইয়তেরদের সঙ্গে বিশেষ সম্পর্ক রাখে। সুত্রাৎ ঐ চলিত আইনের মধ্যে পরগনার নিরিশ্বঅনুসারে নুডন পাট্টা দিবার বিষয়ে ১৭৯৪ সালের ৪ আইনের রদ না হওয়। ৭ ধারার বিধি গণ্য করিতে হইবেক। ২৩৪ নম্বরী আইনের অর্থ।

- ৭। সদর দেওয়ানী আদালত বিধান করিয়াছেন যে সরাসরী মোকদমার ছারা রাইয়তেরদিগকে পাট্টা লইতে এবং কবুলিয়ৎ দিতে কোন হুকুম ১৮১২ সালের ৫ আইনের
  মধ্যে নাই কিন্তু ভূম্যধিকারিরা ১৭৯৪ সালের ৪ আইনের ৫ ধারা এবং ১৮১২ সালের
  ৫ আইনের ৯ ও ১০ ধারানুসারে কার্য্য করিতে পারে। ২৫৭ নম্বরী আইনের অর্থ।
- ৮। কোন ভূম্যধিকারী ও ইজারদার এবং তাহারদিগের কার্য্যকারকদিগের সাধ্য থাকিবেক না যে থোদকস্তা প্রজাদিগের পাটাসকল এমত প্রমাণ
  নহিলে রদ করে যে সেই সকল পাটা গণতাক্রমে লইয়া থাকে কিয়া এই আইন জারীর তারিথের পূর্ফে সেই প্রজার তিনসনী মালগুজারীতে পরগনার
  শরেহইতে কমী হইয়া থাকে অথবা সেই প্রজারা গণতাক্রমে জমায় কমী করাইয়া থাকে কিয়া দরোবস্ত পরগনার মাপ তাহার মালগুজারীর হারহারীর
  কারণ হইয়া থাকে। আর জানিবেক যে এই ধারার লিথিত সকল দাঁড়া সুবে
  বেহারে চলিবেক না ইতি।—১৭৯৩ লা।৮ আ।৬০ ধা।২ প্র।
- ১। যদি জমীদার কি ইজারদার অথবা তালুকদার লোক কিয়া তাহারদিগের কার্যাকারকেরা প্রজাদিগের কাহারু স্থানে পোস্তের চাসকরণহেতু মোকররী থাজানাহইতে কিছু বেশী তলব করে ও লয় তবে সেই প্রজা ও এজেণ্টসাহেবের ক্ষমতা আছে যে দেওয়ানী আদালতের সাহেবের নিকটে তাহারদিগের নামে ইহার নালিশ করেন ও ঐ আদালতের সাহেব অবিলয়ে এ বিযয়ের তজবীজ করিয়া যদি ইহা সাবুদ হয় তবে যত বেশী লইয়া থাকে তাহা
  ফিরিয়া দিবার ও তাহার তিনগুণ জরীমানা দাখিল করিবার হুকুম এমত অপরাধির প্রতি দেন্ ইতি।—১৮১৬ সা। ১৩ আ। ১৭ ধা।

### ২ ধারা।

## আবওয়াবপ্রভৃতি।

১০। প্রজাদিগের স্থানে আবওয়াব ও মাখোটওগয়রহের যে টাকা জবর করিয়া লওয়া যায় তাহার জেয়াদতাতে ও তায়দাদ না থাকিবাতে তাহা নিরপণ হওয়া দৃষ্কর হয় এব॰ দেই আবওয়াবওগয়রহ অনায় ও অত্যাচারেরো বাজদর্শন হইতেছে অতএব সমস্ত ভূম্যধিকারা ও মকঃসলা তালুকদার-দিগের কর্ত্তবা যে প্রজাদিগের প্রকাক্রমে দেই আবওয়াবওগয়রহের বিবে-চনা ও তহকীক করিয়া সে সমস্ত আবওয়াবওগয়রহ আদল জমাভুক্ত করিয়া এক মোট করে আর যে সকল জমাদারা ও অন্য যে ভূমি বড় ও প্রশস্ত আছে তাহার অধিকারিদিগের কর্ত্তবা যে যে সকল পরগনার আবওয়াবওগয়রহ অন্যং স্থানের অপেক্ষা অতিরিক্ত থাকে তাহা উপরের লিথনানুসারে অগ্রে আসল জমার সহিত মোট করে আর তাহা করিবার গতিক এমত করে যে বাঙ্গলা ১১৯৮ সালের শেষপর্যান্ত সুবে বাঙ্গানায় ও ক্রলা ও বিলায়তার প্রসান আথিরীতক্ সুবে বেহার ও সুবে উড়িয়্যায় তাহারদিগের সম্পর্কীয় সকল ভূমির সে কার্য্য নিক্পন্তি হয় আর ঐ মিয়াদ ধার্য্যের হেতু এই যে সেই সময়ে

সকল পাড়া দিবার নির্ণয় আছে অতএব ইহার হুকুম পশ্চাৎ লেখা যাইতেছে ইতি।—১৭৯৩ সা।৮ আ।৫৪ ধা।

১১। কোন ভূমাধিকারী এব॰ কোন প্রকার ইজারদার ও মফঃদলী তালুকদারের কর্ত্তব্য নহে যে কিছু নয়া আ্বওয়াব কিছা মাথোট কোন প্রকারে প্রজারদিগের উপার ধার্য্য করে যদি এমত করে তবে তাহার ভিনপ্তণ দণ্ড ঐ দোষকরণিয়ার স্থানে লওয়া যাইবেক আর যদি পশ্চাৎ জানা যায় যে কিছু নয়া আবওয়াব অথবা মাথোট ধার্য্য হইয়া কাহারে। উদুলে আদিয়াছে তবে দেই আবওয়াব ওগয়রহ যত দিনের লওয়া গিয়া থাকে তত দিনের দণ্ড ঐ অনুসারে গ্রহীতার স্থানহইতে দেওয়ান যাইবেক ইতি।—১৭১০ সা।৮ আ। ৫৫ ধা।

#### ৩ ধারা।

পার্টার শরওয়া এব॰ তাহাতে যাহা লিথিত হইবেক তাহা।

- ১২। কর্ত্তব্য যে যে কোন ডৌল ও দাঁড়াক্রমে প্রজাদিগের মালগুজারী দেওয়া সঙ্গত হয় তাহার বেওরা কৈফিয়ৎ বর্ণ নির্দ্ধার্য্যের কালে যত টাকা মালগুজারী তাহার সংখ্যা পাটাসকলে লেখা যায়।—১৭৯৩ সা।৮আ। ৫৭ ধা।১ প্র।
- ১৩। যে২ কালে জমার বেওরাছাড়া তাহার সংখ্যা না হইতে পারে সেই২ কালে কর্ত্তর যে যেমতে যে২ সময়ে চাসের পর ভূমির জমা মাপের মুথে কিয়া তাহার চাসদৃষ্টে নির্দ্ধার্য হয় অথবা ভূমির জমা তাহার উৎপন্ন শস্যে আদায় হয় সেইমতে সেই২ সময়ে মালগুজারী হইবার বেওরা ও এক-রার যত নগদ ও যত জিনিস এবং অন্য যে সকল কট হউক তাহা পাটা-সকলে ল্লুফ্ট ও পরিষ্কার লেখা যায় ইতি।—১৭৯৩ সা।৮ আ।৫৭ ধা।২ প্র।
- ১৪। আশা এবং উদ্মেদ অভিশয় ইহাই জানা যায় যে কিছু কাল ব্যাজে সমস্ত ভূমাধিকারী ও মফঃসলী তালুকদারেরা ও ইজারদারেরা ও প্রজাবর্গে ইহাতে আপনারদিগের লাভদর্শন করিবেক যে ভূমির মালগুজারীর করারদাদের সকল সময়ে ভূমির নির্দ্ধার্য একং সংখ্যার উপর জমাও নিরুপণ করা যায় এবং যোডদারেরা ও চাদিরাও যে চাদ অধিক লাভের তরে জানে তাহাসেই ভূমিতে করে আর যে স্থানে এমত দাঁড়া থাকে যে ভূমির পাটাসকল চাদের ফেরফারে পাঠের ফেরফারে হয় ও দে ভূমির অধিকারিরা চাহে যে সেই দাঁড়া সাবাস্ত রাথে তবে তাহারদিগের কর্ত্রা যে ভূমির তায়দাদ ও চাদের রকম ও জমার বেওরা ও যত টাকা জমা তাহার সংখ্যা ও মিয়াদের ধার্য্য এবং এই একরার যে নির্দ্ধারিত মিয়াদের মধ্যে দে ভূমির চাদ উচিলে দে ভূমির মালগুজারীর করারদাদ হয় দেই মিয়াদের বাকী মুদ্ধতের নিমিত্তে অধবা উভয় স্বেচ্ছায় তাহাহইতে অধিক মুদ্ধতের জন্যে নয়া ভৌলে হই বেক ভূমির পাটাসকলে লেখায় ও তদনুসারে দেই ভূমির চাদ উচিতে লাগিলে তঃহার মালগুজারীর কারণ নয়া পাটা উপরের লিথিত মর্ম্ম ও একরার নিদর্শনে করা যায় ইতি।—১৭৯৩ সা। ৮ আ। ৫৬ ধা।
  - ১৫। इञ्चरत्को ১৭৯৩ माल्यत ৮ आह्न ७ ১৭৯৪ माल्य ८ आह्ना-

নুসারে প্রত্যেকে সমস্ত ভূমাধিকারিরা পাউার শরওয়া প্রস্তুত করিয়া তাহাতে কালেক্টর সাহেরের মঞ্জুরী করাইয়া লইবার ও ঐ আইনের নির্ণীত শরওয়া-মতে যে পাটা প্রস্তুত না হয় তাহা মাতবর বোধ না হইবার ত্রুমসমূলিত যে দকল কথা লেখা গিয়াছে তাহু৷ এই ধারানুসারে রদ ও রহিত ইইল অতএব উত্তর কালে ভুমাধিকারিদিগের ক্ষমতা থাকিবেক যে মফঃদলী তালুকদার ও ইজারদার ও প্রজাইত্যাদি আপনারদিগের পেটার সমস্ত লোককে আপনার-দিণের ও তাহারদিণের উভয়সমাত ও মনোনীত যে শরওয়া হয় দেই শরওয়া-মতে পাউ৷ লিখিয়া দিয়া কবুলিয়ৎ লয় কিন্তু এই হুকুমানুসারে কোন ভূম্যাধি-কারিকে তাহার আপন পেটার কাহার প্রতি অঙ্ক নির্দিষ্ট না করিয়া আব-ওয়াব কি মাথোট কিয়া এই প্রকারের আর্থ কোনরূপে কিছু নির্দ্ধার্য্য করিতে অনুমতি আছে ইহা কোন ব্যক্তি না বুঝে বর্ণ এই প্রকারে বাবসবাবের যে কিছু অঙ্ক নির্দিষ্ট বিনা যে কোন প্রকারে নিয়মিত হয় তাহা দেওয়ানী আদা-লতের বিচারে অত্যাসঙ্গত ও বাতিল বোধ হইবেক কিন্তু এমত অসঙ্গত নিয়ম লেখা থাকিলেও অঙ্ক নির্দ্দিষ্টক্রমে উভয়ের লিখিয়া পড়িয়া দেওয়া খাজানা আদায় করিবার হুকুম দেওয়ানী আদালতহইতে হইবেক ইতি। -১৮১২ সা। ৫ আ। ৩ ধা।

- ১৬। সদরের মালগুজার সকল ভূমাধিকারি ও ইজারদারেরদের কবুলিয়তের লিখিত যে সকল একরার ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৪১ আইনের
  লিখনানুসারে ছাপা ও জারীহওয়া কোন আইনের মতে মৌকুক না হইয়া
  থাকে তাহা স্থিরতর ও বহাল জানা যাইবেক ইতি।—১৭৯৩ সা। ৮ আ।
  ৬৭ ধা। ১ পু।
- ১৭। জমীদারপ্রভৃতি ভূম্যধিকারিদিণের সাধ্য আছে যে আপনারদিণের অবশিষ্ট ভূমির বন্দোবস্ত যে সকল ভ্কুম নির্দিষ্ট আছে তদ্ষ্টে যেরূপে উচিত জানে করে কিন্তু কর্ত্ব্য যে আপনারদিণের তাবের ইজারদারদিণের সহিত যে করারদাদ করে তাহাতে মালগুজারীর তায়দাদ এবং
  করারের নির্দার্যওহয় অর্থাৎ যবেস্থবে না থাকে যদি কোন ভূমির অধিকারি
  কিন্তা ইজারদার কাহারো স্থানে কিছু করারদাদহইতে অধিক লয় তবে সেই
  অধিক টাকা অসঙ্গতের ন্যায় বোধ হইয়া তাহার স্থানহইতে তাহার দ্বিগুণ
  দণ্ড দেওয়ান যাইবেক আর যে সকল নিষেধ ভ্কুমের প্রস্তাব এই ধারায়
  হইল তাহার বেওরা নীচের কএক ধারায় লেথা আছে ইতি।—১৭৯৩ সা।
  ৮ আ। ৫২ ধা।
- ১৮। সদর আদালত বিধান করিয়াছেন যে জমীদার এবং অন্যান্য ভূম্যধিকারি-দিগের অন্যায়রূপে টাকা তহসীল করণের যে দণ্ড পূর্ব্বোক্ত ধারাতে নিরপণ আছে সেই ' দণ্ড ভাহারা দিবেক এবং ভাহার অভিরিক্ত যে টাকা ভাহারা বেআইনমতে উসুল করিয়াছে প্রমাণ হয় ভাহা ফিরিয়া দিবেক। ১২৫ নমুরী আইনের অর্থ।

## ৪ ধারা !

### পাটা দেওন।

১১। কোন প্রজার মালগুজারী দেওয়া সঙ্গত নির্দিষ্ট হইলে পর সেই প্রজার শক্তি আছে ভূম্যাধিকারী কিয়া মফঃদলী তালুকদার অথবা ইজারদার যাহার স্থানে ভূমি লয় তাহার স্থানে কিয়া তাহার গোমাশ্তার নিকটে সেই ভূমির পাটা চাহে যদি সেই ভূম্যধিকারিপ্রভৃতি দে পাটা দিতে স্বীকার না করে তবে জিলার দেওয়ানী আদালতে তাহা প্রমাণ পূর্বেকে সেই ভূম্যধিকারিপ্রভৃতি স্বীকার না করণের কারণ সেই প্রজা যে এরচান্ত হইয়া থাকে কিয়া ব্যামোহ পাইয়া থাকে তদনুসারে দণ্ড ভূম্যধিকারিপ্রভৃতির উপর হইবেক আর সকল ভূম্যধিকারী ও মফঃসলী তালুকদার ও ইজারদারদিগের প্রতিও হকুম আছে যে তাহারা প্রজারদিগের মালগুজারীর ডৌল ধার্য্য করিলে পর একং থান পাটা হয় আপনারা সেই প্রজারদিগেরে দেয় না হয় আপনারদিগের গোমাশ্তাদিগের দারা দেওয়ায়। কিন্তু কোন মফঃসলী তালুকদার ও ইজারদারের সাধ্য হইবেক না যে আপন দথলী ভূমির পাটা তাহার অধিকারির বিনাঅনুমতিতে আপন তাহতের মিয়াদহইতে অধিক মুদ্দতের জন্য কাহাকেও দেয় এবং কোন গোমাশ্তার ক্ষমতাও থাকিবেক না যে ভূম্যধিকারী কিয়া মফঃসলী তালুকদার অথবা অনুপ্যুক্ত অধিকারিদিগের ভূমির সরবরাহকার ফলতঃ যে তাহার মুনিব হয় তাহার বিনাঅনুমতিতে কাহাকেও পাটা দেয় ইতি। —১৭১৩ সা। ৮ আ। ৫১ ধা।

২০। সদর আদালত বিধান করিতেছেন যে ভূমাধিকারী কিয়া ইজারদার পাটা দিতে কিয়া খাজানার রসীদ দিতে কবুল না করিলে তাহারদের নামেরাইয়ত এবং অন্যান্য পেটাও প্রজারা যে নালিশ করে তাহা চলিত আইনানুসারে কোন সরাসরীমতে নিম্পত্তি হইতে পারে না। যে রাইয়ত অথবা পেটাও প্রজা ভূমাধিকারী কিয়া ইজারদারের নামে সেইরূপে জাবেতামত নালিশ করিয়া রসীদ কি পাটা পাইবার দাওয়া সাব্যস্ত করে তাহারা ১৭৯৩ সালের ৮ আইনের ৫৯ এবং ৬৩ ধারার বিধির অনুসারে ঐ পাটা অথবা রসীদ পাইতে পারে এবং তদতিরিক্ত ঐ গরকবুল জমীদারের স্থানে ক্তিপূরণের টাকা পাইতে পারে। ৬৭ নমুরী আইনের অর্থ।

২১। জানা গেল যে ঐ আইনের ত্রুমঘাফিক মোকররী নিরিথ ও নক্শামতে স্থানেথ ভূম্যধিকারী ও ইজারদার ও শামিলাৎ তালুকদারেরা প্রজা-দিগেরে পাট্টা দিতে উদ্যত ছিল কিন্তু প্রজারা তাহা লয় নাই অতএব নির্দিষ্ট করা গেল যে ভুম্যধিকারী অথবা ইজারদার কিয়া শামিলাৎ তালুকদারেরা আইনের হুকুমমাফিক মোকররী নিরিথ ও নক্শামতে পাড়া কিয়া পাড়াদক-লের নকুশা তৈয়ার করিয়া ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৮ আইনের ৫৮ ধারার অনুসারে কালেক্টর সাহেবের মঞ্জুর করাইয়া সেই নক্শামাফিক পাড়ী প্রজাদি-গেরে দিবার কারণ আপন্থ অধিকার কিয়া ইজারার মহালের সদর কাছারী অথবা কাছারীসকলে আপন্থ মোহর ও দম্ভথতে একং লিখন লট্কাইয়া ' সেই সপ্রাদ দিবেক ও পুজা লোকে সেই মোকররী নিরিথও নক্শা মাফিক পাটা চাহিলে তাহা যে স্থানে যে কালে যাহার মারফতে পাইবেক তাহার জিগির সেই লিখনে লিখিতে হইবেক ও তাহাতে জানিবেক যে সেই লিখ-নের দ্বারা দণ বাদ করা ও পাটা দেওয়া সমান অর্থ এবণ তদনুসারে ইহাও জানা যাইবেক যে ভূম্যধিকারী ও ইজারদার ও শামিলাৎ তালুকদারের ইঙ্গরেজী ১৭১৩ সালের ৮ অন্টম আইনের ৫১ ধারার হকুম বজায় রাখিয়াছে এব০১ এমতে সপ্রাদ করিয়া যে কেহ পাটা দিতে উদ্যত থাকে দে ব্যক্তি ইঙ্গরেজী ১৭৯৩ দালের ১৭ সপ্তদশ আইনে যে মতে দুব্যাদি ক্রোক করণের হুকুম লেথা যায় সেই মতে প্রজাদিগের দ্ব্যাদি ক্রোক করিয়া কিন্তা তাহারদিগের নামে

দেওয়ানী আদালতে নালিশ করিয়া আপন পাওনা মালগুজারী লইতে পারিবেক ইতি।—১৭৯৪ সা। ৪ আ। ৫ ধা।

#### ৫ ধারা।

## পার্টার মিয়াদ।

- ২২। ইঙ্গরেজী ১৭৯৩ দালের ৪৪ আইনের যে ২ ধারা ১৭৯৫ দালের ৫০ আইনের যে ২ ধারা ও ১৮০৩ দালের ৪৭ আইনের ২ ধারার যে ২ প্রকরণেতে জমীদার ও হজুরী তালুকদারইত্যাদি ভূম্যাধিকারিদিগকে তাহার-দিগের আপন পেটার কাহাকেও ১০ দশ দনের অধিক মিয়াদে পাটা দিতে নিষেধ লেখা গিয়াছে তাহা এই ধারানুদারে রদ ও রহিত হইল ও ভূম্যাধিকারিদিগকে অনুমতি দেওয়া যাইতেছে যে তাহারদিগের ও তাহারদিগের পেটার ইজারদারইত্যদির যে মিয়াদের ইচ্ছা হয় ও তাহাতে চাসবাস ও যোত আবাদের আধিক্য হইতে পারে সেই মিয়াদে পাটা লিথিয়া দেয় ইতি।—১৮১২ সা।৫ আ।২ ধা।
- ২৩। ইঙ্গরেজী ১৮১২ দালের ৫ আইনের ২ ধারার লিখনের মর্মেতে দন্দেহ জন্মিল একারণ সৃদ্ধান্ত বিবরণ করা যাইতেছে যে ঐ ধারার যথার্থ মর্মানুদারে এই অনুমতি হইয়াছে যে ভূম্যধিকারিরা আপনারদিণের ফলোদ্যের নিমিত্তে যে জমায় ও যে মিয়াদে ইচ্ছা বর্ৎ দর্ফ কালের নিমিত্তে পাটা লিখিয়া দেয় কিন্তু যে কোন ব্যক্তি নিরুপিত কোন মিয়াদপর্যান্ত কি আপন জীবনাবধি ভূমির স্বস্ত্র রাখে কি তাহার শদ্যাদি ভোগ কি দানবিক্রন্যাদি করণে দমপূর্ণ ক্ষমতা কি স্বাধীনতা না রাখে দে ব্যক্তি আপন স্বত্বের মিয়াদ কি ক্ষমতার অতিক্রমে তাহার পাটা দিতে পারিবেক এমত বোধ না হয় ইতি।—১৮১২ সা। ১৮ আ। ২ ধা।
- ২৪। অংশগণের দর্থান্তে কিয়া আদালতের ডিক্রীঅনুসারে যদি সাধারণ কোন ভূমির অংশাংশি হয় তবে যদি ভূমি বিভাগ হওনের পূর্ব্বে তাহার মালিক অর্থাৎ অধিকারিদিগের ও প্রজাও ইজারদার ও ইঙ্গরেজা ১৭৯৩ সালের ৪৪ আইনের ৭ ধারার লিথিত তালুকদারছাড়া মফঃসলী তালুকদারদিগের মধ্যে কোন করারদাদ হইয়া থাকে তথাপি তাহাতে দৃষ্টি না করিয়া ইঙ্গরেজা ১৭৯৩ সালের ১ আইনের ১০ ধারার ও ১৭৯৫ সালের ২৭ আইনের ৭ ধারার লিথনানুসারে ঐ ভূমির প্রতি অংশতে হিস্যাওয়ারী জমার নিরপণ হইবেক কিন্তু সাধারণ ভূমি অংশগণের মধ্যে বিভাগ কি আদালতের ডিক্রীক্রমে ঐ ভূমি সম্যক কি তাহার কিছু বিক্রয় কি উত্তরাধিকারিত্ব কিংবিক্রয় কি দানক্রমে হন্তান্তর হইলেও যে পাটা ইঙ্গরেজা ১৮১২ সালের ৫ আইনের ২ ও ৩ ধারার ও এই আইনের ২ ধারামতে দেওয়া গিয়া থাকে তাহা বহাল থাকিবেক ইতি।—১৮১২ সা। ১৮ আ। ৩ ধা। ২ প্র।
- ২৫। এই আইনের অনুসারে এমত নিষেধ অনুমান না হয় যে ভূমাধিকারিরা বিলায়তী সাহেব লোকছাড়া অন্য কাহাকেও আপনারদিগের কিছু
  ভূমি কিঞ্ছিৎকাল মুদ্ধতে কিয়া চির কালের নিমিত্তে কোন এমারৎ ও অন্যথ্
  ব্যাপারের গৃহ ও বাগাৎআদি করিতে সরকারের কার্য্যকারকদিগের বিনাহকুমে না দেয় ইতি।—১৭১৩ সা। ৪৪ আ। ৮ ধা।

#### ৬ ধারা।

#### থাজানা দেওন।

২৬। ভূম্যধিকারিগণ ও ইজারদারদিগকে হুকুম আছে যে তাহারা কোন প্রজা কিয়া অপর যোতদারের স্থানে কিস্তিবন্দীর কিয়া অন্য লিখনপঠনের অথবা যেখানকার যে দাঁড়া সেইমতে থাজানা তলবের নির্ণীত সময়ের পুর্বে কাহার স্থানে কিছু মালগুজারী তলব না করে ও না লয় এবং প্রজাদিকেও সেমতে মালগুজারী দিতে বারণ আছে। ইহাতে যদি প্রজাদির কেহ পশ্চাৎ এই নিষেধের অন্যথায় নির্ণীত সময়ের পুর্বে কিছু মালগুজারী কাহাকেও দেয় ও পশ্চাৎ দে ভূমি সরকারে ক্রোক হয় কিয়া ভূম্যধিকারী অথবা ইজারদার জার কোর করে তবে সেই পুর্বে দেওয়া মালগুজারীর দাখিলা সরকারের তরফ ক্রোকী আমলা কিয়া ক্রোককরণিয়া ভূম্যধিকারী অথবা ইজারদার যাহার নিকটে দর্শাইবেক তাহার নিকটেই সে দাখিলা প্রকৃত কি অপ্রকৃতইবা হউক কদাচ মঞ্জুর হইবেক না।—১৭১১ সা। ৭ আ। ২০ ধা। ০ প্র।

২৭। সকল ভূম্যধিকারী ও মফঃশলী তালুকদার ও সকল প্রকার ইজারদারদিণের কর্ত্তব্য যে আপনারদিণের তাবের মালগুজারেরদের শিরের মালগুজারীর কিন্তিসকলের ধার্য্য তাহারদিণের এলাকার ভূমির শন্য কাটিবার
ও বিক্রয় করিবার কাল নিদশনে করে ইহাতে অতিসরিলে মালগুজারেরদের
যে ক্ষতি হয় তাহার নালিশ দেই অধিকারিপ্রভৃতির উপর হইতে পারে ইতি।
—১৭১৩ সা।৮ আ। ৬৪ ধা।

## পত্তনি তালুক।

### ১ ধারা।

## সাধারণ বিধি।

১। যে২ ভূমাধিকারিদিগের সহিত সরকারের জঘার বন্দোবস্ত হইয়া थारक मन्माना वरमावरस्व निरमानुमारत मেই । जमीमारतत क्रमठा আছে य আপন জমীদারীর বিলি বন্দোবস্তের নিমিত্তে আপন হিতবোধানুসারে আপ-নার অধিকারের মহালাৎ মফঃনলী তালুক ও ইজারাআদিরপে দিতে পারে কিন্তু এ ক্ষমতা ইচ্ছানুরূপ নহে বর্ণ ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৪৪ আইনে-তে এই নিয়মে লেখা আছে যে দশ সালের অধিক কালের নিমিত্তে জমা মো-করর না করে ও ঐ ১৭১৩ দালের ৪৪ আইনেতে আর এই হুকুম আছে যে জমাদার আপন জমাদারীর বন্দোবস্তের নিমিত্তে কোন ব্যক্তির দহিত যে কোন করারদাদ করিয়া থাকে সরকারের বাকীর নিমিত্তে জমীদারী নীলাম হইলে নীলামের তারিথহইতে সে করারদাদ বাতিল হইবেক কিন্তু ঐ আই-নের ২ ধারার লিখিত যে নিয়মেতে দশ দালের অধিক কালের নিমিত্তে মো-কররী জমাতে তাল্কইত্যাদি দিতে বারণ আছে তাহা ইঙ্গরেজী ১৮১২ সা-লের ৫ আইনের ই ধারানুসারে রদ হইয়াছে। কিন্তু দর্ব্ব কালের নিমিত্তে সিদ্ধ হওনের কথা ক্পাফ্ট তাহাতে লেখা নাহি ও ঐ সালের ১৮ আইনেতে ইহা প্লাম্ট লেখা আছে যে জমানারেরা আপন ইচ্ছাক্রমে ইস্তমরারী জমাতে মফঃ-ললী তালুকওগয়রহ দিতে পারে কিন্তু দরকারের বাকীর নিমিত্তে নীলাম হও-নের সময়ে ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৪৪ আইনের ও আরং আইনের লি-থিত অন্য হুকুমমতে তাহা অসিদ্ধ হইবেক ও এ হুকুম এথনপায়ন্ত পুর্ব্বমত জারী আছে ও ইহাতে বুঝা গেল যে জমীদারের ইস্তমরারী জমাতে তালুক-ইত্যাদি দিতে ঐ ৫ আইনমতে ক্ষমতা আছে ও তাহার পুর্বের্ব দশ সালের অধিক কালের নিমিত্তে মোকররী জমাতে তালুক দিতে নিষেধ ছিল কিন্তু নি-ষেধদত্ত্বেও বাঙ্গালার অনেকং জমীদার এ প্রকীর তালুক দিয়াছিল ও নিষেধ করণের তাৎপর্য্য এই ছিল যে সরকারের মালগুলারীতে বিঘুনা হয় কিন্তু পরীক্ষার দ্বারা কোন হানি বোধ হইল না ইহাতে সরকার তাহা জারী করাতে ক্ষান্ত হইলেন অতএব ১৮১২ সালেতে তাহা রদ হইল কিন্তু তাহা জারী করণে ক্ষান্ত হওন ও রদ করণমতে ও ১৮১২ দালের ঐ দুই আইনের কোন আই-নেতে ইহার বেওরা ক্রাফ্ট কিছু লেখা নাহি যে তথনকার রেওয়াজমত হওয়া যে সকল অধিকারের করারদাদের নির্দ্ধার্য্য ১৭৯৩ সালের ৪৪ আইনের ২ ধারার অন্যমতে এতাবতা ইস্তমরারীইত্যাদি জমাতে হইয়াছে দে দকল অধি-কার সিদ্ধ বোধ হইবেক কি না ও সেই করারদাদের দস্তাবেজ আদালতে উপস্থিত হইলে ঐ আইনের মতে তাহা বাতিল কি মাতবর দলীল হইবেক এক্লনে এই দিখা মিটাইবার নিমিতে যে দকল মফঃদলী তালুক ও ইজারা-ওগ্রুরহের জমা ইস্তমরারীরপে কি দশ সালের অধিক কালের নিমিত্তে জমীদা-

রের তরফহইতে ১৮১২ দালের পুর্বে এতাবতা তাহা দেওনের নিষেধ ও বা-তিল হওনের হুকুম বহাল থাকনের সময়ে মোকরর হইয়াছে সে সকল তালুক ও ইজারাওগয়রহ সিদ্ধ ও সঙ্গত হওনের বেওরা লেথা কর্ত্তব্য। দ্বিতীয় এই যে দশ্যালা বন্দোবস্তের তাহ্তদারের। আপনার্দিগের ইজারাইত্যাদি দিতে ইচ্ছানুরপ ক্ষমতা আছে দেথিয়া নূতন করারদাদের দৃষ্টি করিয়াছে ও প্রথ-মতঃ তাহা বর্দ্ধমানের রাজার জমীদারীতে প্রকাশ হইয়াছে এক্সণে অন্য স্থানেও হইতেছে ও এ অধিকারের প্রকারে এই যে জমীদার কোন ব্যক্তিকে ইস্তম-রারী জমাতে তালুক দেয় ও তাহার মুনাফা যে ব্যক্তি তাহা লয় তাহার ও তাহার উত্তরাধিকারিদিণের পাওনা সর্ব্ব কালের নিমিত্তে করিয়া দেয় ও তালুকদারের স্থানে মালজামিন ও ফেয়ালজামিন লওয়া ও না লওয়ার ক্ষমতা আপনি রাথে কেননা যদি তালুকদারকে জামিন দেওনহইতে মাফ করে তবে তাহার পরে ঐ তালুক বিক্রয়াদির দারা যে ব্যক্তির হাতে যায় দে এড়াইতে পারে না বরণ তাহার স্থানে লইতে পারে ও ইহা এক্ষণকার রেওয়াজ অর্থাৎ চলনমতে জানা গেল ও তাহার দস্তাবেজেতে নিয়মের মধ্যে ইহা লেথা থাকে যে বাকী পড়িলে সে নিমিত্তে জমীদার তাহা বিক্রয় করাইতে পারিবেক ও যদি বিক্রয়ের পণ বাকীর সংখ্যা যত তত না হয় তবে যাহা বাকী থাকে তাহা তালুকদারের শিরে থাকিবেক যে দে নিমিত্তে তাহার মালআমওয়াল বিক্রয় হইতে পারে ও ঐ সকল এলাকা অর্থাৎ অধিকারকে পত্তনি তালুক বলে ও তাহালওনিয়া অনেক্থ লোক ঐ সকল নিয়ম ও নিৰ্ব্বন্ধে তাহা অন্যথ লোককে দেয় ও তাহারা দরপত্তনীদার কহলায় ও দরপত্তনিদার অন্যেরে দেয় ওক্রমে এইমত। ও ইহারদিগের প্রত্যেকের দস্তাবেজ এক মজমূনে হয় ও এই দকল তালুকের দস্তাবেজেতে যেথানে লিথে জমীদার বিক্রয় করাইতে পারিবেক বোধ হয় না যে ঐ বিক্রয়েতে জমীদারের হক্ বিক্রয় হয় কি তাহার তালুক-দারের হকু এতাবতা তালুক ইহারদিগের মধ্যে কাহার হক্ বলা যায় যে বা-কীহইতে অধিক মূল্য পাওয়া যাওনমতে বাকীর উপর বেশী যে টাকা থাকে তাহাকে পাইতে পারে ইহা জানা যায় ও ইহাও বুঝা যায় না যে বিক্রয়ের ভাবার্থ নীলাম কি বিক্রয়ের আর কোন প্রকার ও সরকারের আইনে ও দেশ-ব্যবহারেতে এমত কোন দাঁড়া ওদম্বর পাওয়া যায় না যে তাহাতে দৃষ্টি করিয়া দস্তাবেজেতে ল্লফ্ট লেখা না থাকনহেতুক হওয়া দ্বিধা মিটাইবার নিমিত্তে এক স্থির মতাবলম্বন করা যায় এনিমিত্তে ও বাঙ্গালাতে ঐ তালুক হওনের রেওয়াজ অতিশয় হইয়াছে ও এমত কোন দাঁড়া পাওয়া যায় না যে আদালতেতে তদনু-কুপ কার্য্য করা যায় এ জন্যে অনেক হানি হইয়াছে এ কারণ দরকারের আব-শ্যক হইল যে এ বিষয়ে এমত বিশেষ আইন নিদিষ্ট করা যায় যে তদ্ধার। পত্তনিদার পত্তনির করারদাদমতে কোনং হকের মালিক হইতে পারে তাহা জানা যায় এবং তাহাতে ইহা বেওরা করিয়া লেখা যায় যে পত্তনিদারের অন্যেরে দম্ভরমত দরপত্তনি দেওন সিদ্ধ হইবেক কি না এবং দরপত্তনিদার ও তাহার পেটার এলাকাদার জমীদারের সহিত পত্তনিদারের করা সাজশহইতে রক্ষা পাইতে পারিবার ও জমীদারের বাকার নিমিত্তে নীলাম হওনেতে জমী-দারের স্বত্তলোপ ও হানি না হইতে পারিবার নিমিত্তে কোন উপায় স্থির করা যায় এব ে নীলামের নকুশা মোকরর ও তাহা হওনের যে২ নিয়ম তাহার বিবরণ করাও আবশাক বোধ হইল ও যেহেতুক সরকারের মাল-

প্রজারীর মাহওয়ারী এক কিস্তির বাকীর নিমিত্তে জমীদারদিলের জমীদারী নী-লাম হওনের যোগ্য হয় অতএব যদি জমীদার আপন এলাকার অর্থাৎ অধি-কারের করারদাদেতে আপন বাকীর নিমিত্তে নীলাম হওনের নিয়ম করিয়া খাকে তবে তাহাকে বংশরের মধ্যেতে নীলাম করাইবার ক্ষমতা দেওয়া ও এক্ষণকার দম্ভরমত আথেরী দালেতে হওনের নির্ভর না থাকা অন্যায় বোধ হইল না ও ইহা দেই জমীদারের নিমিত্তে যে আপন এলাকার করারদাদেতে নীলাম হওনের নিয়ম করিয়া থাকে যদাপিও সাবেক আইনের মতে সাল আথেরীতে বাকীর জন্যে নীলামের নিয়ম করিয়া থাকে এবং তহুদীলের বাবৎ এক্ষণকার আইনের কোন্থ নিয়ম লোকদিগের চাতুরী ও প্রবঞ্চনা-প্রযুক্ত কার্য্যোপযুক্ত নহে অতএব চাতুরী না হইতে পাইবার ও সেইং নিয়মের বাঞ্চি ফলোদয় হইবার নিমিত্তে তাহার তাৎপর্যা বয়ান ও তাহার কোনং নিয়ম শ্বধরা আবশ্যক বোধ হইল অতএব এই সকল বিষয়ের দৃটে নীচের লিখিত নিয়ম এীযুত নওয়াব গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলহইতে নির্দিষ্ট হইল যে তাহা জারা হওনের তারিথহইতে মেদিনা-পুরের দহিত বাঙ্গালার জিলাতে জারী ও চলন হয় ইতি।—১৮১৯ দা। ৮ আ। হেতুবাদ।

- ত্কুম হইল যে যে কোন করারদাদ পাটা ও কবুলিয়তের অনুসারে অথবা অন্য নিদর্শনপত্রানুসারে দশ সালের অধিক নিরূপিত মিয়াদে কি সর্ব্ব কালের নিমিত্তে জমার ধার্য্য হইয়া সরকারের তাহুতদার জমীদারের কি অন্য যে ব্যক্তি এমত করারদাদ করিবার ক্ষমতা রাথে তাহার তরফহইতে হইয়া এপর্যান্ত বহাল থাকে তাহা তাহার নিয়মমত দিদ্ধ হইবেক ও তাহা ইঙ্গরেজী ১৮১২ দালের ৫ আইন জারী হওনের পুর্ব্বে যে সময়ে ইঙ্গরেজী ১৭১৩ দা-লের ৪৪ আইনের ২ ধারামতে দশ দালের অধিক মিয়াদে তালুকের জমা মো-করের করিয়া দিতে নিষেধ ও এমত করারদাদ বাতিল হইবার হুকুম ছিল দে সময়ে হইয়া থাকিলেও নিদর্শনপত্রেতে সে-সময়ের আইনের নিয়মের অন্য-মতে অধিক মিয়াদের কি দর্মকালের নিয়ম লেখা থাকিলেও বহাল রাখা ষাইবেক। জানা কর্ত্তব্য যে ইঙ্গরেজী ১৭১৩ দালের ৪৪ আইনের ৫ ধারার ত্কুম এই মজমূনে যে জমীদার আপন জমীদারীর মহালাৎ যে কোন করার-मार्ग मिया थारके मत्रकारतत वाकीत निभिर् नोनाम इहेल जाहा नीनारमत তারিথহইতে বাতিল হইবেক এথনপর্যান্ত বহাল আছে এই ধারা তাহার প্রতিবন্ধক হইবেক না বর্ণ যে২ এলাকা অর্থাৎ অধিকার ঐ ৪৪ আইনের কি অন্যথ আইনের ছকুমের বহির্ভৃত নহে তাহার বিষয়ে জমীদারের করা . করারদাদ সরকারী নীলামের ভারিথহইতে বাতিল হইবেক ইতি। —১৮১১ मा। ৮ जा। १ था।
- ৩। পত্তনি তালুকনামে যে সকল অধিকারের বয়ান এই আইনের হেতুবাদে লেখা গেল তাহা তাহার নিদর্শনপত্রের নিয়মমত সর্ফ্রকালে সঙ্গত ও
  সিদ্ধ জানা যাইবেক ও তাহার নিদর্শনপত্রের লিখিত নিয়মের মধ্যে তাহা
  উত্তরাধিকারিকে পঁছছনের নিয়মো সিদ্ধ হইবেক ও তদ্বাতিরিক্ত হুকুম হইল
  যে ঐ সকল তালুক তালুকদারের ইচ্ছামতে বিক্রয় কিয়া দানক্রমে অথবা অন্য
  প্রকারে হস্তান্তর হইতে পারিবেক ও দেনার নিমিত্তে আরং বস্তুর মত বিক্রযের যোগ্য হইবেক ও আদালতের ক্রোক্ ও জব্বের হুকুম যেমত অন্যং

স্থাবর বস্তুতে জারী হয় দেইমত ইহাতেও জারী হইবেক ইভি।—১৮১১ না।৮ আ। ৩ ধা।১ প্র।

#### ২ ধারা।

## পত্তনি তালুক হস্তান্তর করণ।

- ৪। পত্তনিদারেরা আপনারদিগের পত্তনি তালুক আপনং হিতবোধক্রমে দরপত্তনি ও ইজারাইত্যাদিরপে অন্যেরে দিতে পারিবেক ও অন্যং
  করারদাদের ন্যায় তাহারদিগের করা এং করারদাদ্যত তাহাকরণিয়া উভয়
  পক্ষের ও তাহারদিগের ওয়ারিসানের ও স্বরূপ ব্যক্তিরদিগের কার্য্য করিতে
  হইবেক কিন্তু জানা কর্ত্র্য যে তাহারদিগের কোন কৌলকরারেতে বাফার
  নিমিত্তে জমাদারের নালাম করাইতে পারিবার আটক হইবেক না ও ঐ নীলামেতে পত্তনি তালুক জমাদারের স্থানহইতে যেমত কাহারু দখলবিনা পত্তনিদার পাইয়াছিল সেই মত নীলামের থরীদারকে পঁছছিবেক ও পত্তনিদারের
  তরকহইতে ঐ তালুকের বিষয়ে যে২ করারদাদ হইয়া থাকে তাহা বাতিল
  হইবেক ইতি।—১৮১৯ না। ৮ আ। ৩ ধা। ২ প্র।
- ৫। যদি পত্তনিদার হেতুবাদের লিথিত যে সকল নিয়মেতে আপনি পত্তনী লইয়াছে সেই সকল নিয়মেতে অন্যেরে দরপত্তনী দেয় তবে লওনি-য়া এতাবতা দরপত্তনীদার উপরের ধারার হুকুমেতে জমীদারের সম্বন্ধে পত্তনীদারের তুলা হইবেক ও তৃতীয় পত্তনি ও চতুর্থ পত্তনিআদিও ঐ মত হইবেক ইতি।—১৮১৯ সা।৮ আ। ৪ ধা।
- ৬। যেহেতৃক পত্তনি তালুকের মালিকদিগের উপরের লিখনমত বিক্রয় ও দানাদি করিবার ক্ষমতা আছে অতএব যদি ঐ তালুকদার তালুক বিক্রয়াদি করে তবে তাহাতে জমীদারের থারিজদাথিল করণের প্রতিবন্ধকতা ও আটক করা কর্ত্তব্য নহে বর্ণ উচিত যে বিক্রয়কর নিয়াকে ছাড়িয়া থরীদারের স্থানে তাহত ওগয়রহ লয় কিন্তু জানা কর্ত্তব্য যে জমীদারের দাখিল ও থারিজের র্দুম লইবার ক্ষমতা যেমত এক্ষণে আছে তাহা থাকিবেক কিন্তু র্দুম এই হিসাবে নিরূপণ হইল যে পত্তনীর অধিকারের দালিয়ানা জমার হিসাবে শতকরা ২ টাকা করিয়া রমুম এক শতপর্যান্ত লইতে পারিবেক ও কোন প্রকারে এক শত টাকাহইতে অধিক লইতে পারিবেক না ও অর্দ্ধেক জমা-পর্যান্তের মাতবর মালজামিন লইতে পারিবেক কেননা পত্তনি তালুক যে পায় জমীদার আপন থাতিরজমার নিমিত্তে চাহিলে তাহার কি তাহার জামিনের মাতবরীর আবশ্যকতা আছে ও জানা কর্ত্তব্য যে আদালতের ডিক্রী জারীর নি-মিত্তে নালাম হওনমতে ও স্বেচ্ছাপূর্বকে করা দানবিক্রয়ের প্রকরণের উক্তমত এই ধারার লিথিত রসুম ও মালজামিন লইবার ক্ষমতা থাকিবেক কিন্তু জমী-দারের কি বাকীদারের প্রধান পত্তনিদারের আপনং বাকীর নিমিত্তে করাণ नीनारमत् श्रुकत्रांवर् ये नीनारमत् यतीनारतत् नाम माथिनथातिरजत् तमुम বিনা রেজিউরীতে দাখিল হইবেক ও জনীদার রসুম তলব না করিয়া দখল দিবেক কিন্তু মালজামিন লইতে পারিবেক ইতি।—১৮১১ সা। ৮ আ। ৫ ধা।

9। জমীদারের ক্ষমতা আছে যে উপরের মোকররকরা রসুম দাথিল না হইলে কি মাতবর মালজামিন না দিলে থারিজদাথিল করিতে না দেয় কিন্তু জানা কর্ত্তবায়ে যদি থরীদার কি অনা যে ব্যক্তি পায় সে জামিনী উপ- স্থিত করে ও জমীদার তাহা মঞ্কুর না করে ও থরীদারইত্যাদি তাহাতে নারাজ হয় তবে জিলার দেওয়ানী আদালতে মুৎফরক্কারপে দর্থান্ত দিতে পারিবেক। যদি আদালতের তজবীজে জামিনী মাতবর ঠাহরে তবে জমীদারের উপর ছকুম হইবেক যে মঞ্কুর করিয়া বিক্রেয় দিদ্ধ করিয়া অবিলয়ে দাখিল থারিজ করে জানা কর্ত্তব্য যে ৫ ধারার ও এই ধারার লিখিত নিয়ম কেবল পত্তনীর দমাক্ অধিকার দানবিক্রয়াদ্কিমে হস্তান্তর হওনের সহিত সম্পর্ক রাখে নির্দেশিত জমাতে তাহার কতক বিক্রয় ও দানের সহিত সম্পর্ক রাখিবেক না কেননা জমীদারের জমার তফ্রিক ও তক্দীম জমীদারের বিনানুমতিতে হইতে পারে না ইতি।—১৮১৯ সা। ৮ আ। ৬ ধা।

৮। ডিজ্রী জারী বাবতে পত্তনী তালুকের নীলামের থরীদার যদি নীলা-মেতে থারীদ করণের তারিথহইতে এক মাদপর্যান্ত এই আইনের ৫ ধারার হুকু-মেতে তাহার ধরীদা তালুকের দাখিলথারিজ করণের নিমিত্ত জমীদারের কিয়া অন্য যে ব্যক্তিকে তাহার জনা দিতে হয় তাহার কাছারীতে না যায় তবে এক মাদের পরে জমীদারইত্যাদিরা যাবৎ দাথিল ও থারিজের নিয়মমতাচরণ না করে তাবৎ অধিকার কোকে ও দধলে রাথণের কারণ আপন ক্ষমতাক্রমে সরেজমীনে দাজওয়াল পাচাইতে পারিবেক এব ্ম যদি জমীদার আপন বাকীর নিমিত্তে এই আইনের নিয়মমতে পত্তনির অধিকার নালাম হইলে জামিনী তলব করে ও নীলামের ধরীদার ধরীদের তারিথহইতে এক মাদের মধ্যে তাহা না দেয় তবে জমীদারের ঐ মত ক্ষমতা আছে যে তাহার থরীদা অধি-কার যাবৎ মালজামিন না দেয় তাবৎ ক্রোকে ও দথলে রাথণের কারণ দাজ-ওয়াল পাঠায় ও ক্রোকের কালের উৎপন্ন যত টাকা এই ধারানুদারে পাওয়া যায় তাহাহইতে থরচথরচাদমেত জমা মিনাহ দিয়া যতটাকা বেশী থাকে তাহা থরাদারের নিমিন্তে আমানৎ থাকিবেক ও যদি ক্রোকী আমলের উৎপন্ন টাকা জনাহইতে কন হয় তবে বাকীর জওয়াব থরীদারের দিতে হইবেক ও তাহার এলাকা অর্থাৎ অধিকার নীলামইত্যাদি হওনের যোগ্য হইবেক যেমত তাহার দথলে থাকিলে হইত ও এপ্রকারেতে জমীদার কি অন্য যে ব্যক্তি ক্রোক করিয়া থাকে তাহার দরপেশকরা হিসাবে যাহা লেথা থাকে তাহাই প্রথমতঃ প্রমাণ বোধ করা যাইবেক ও তহদীলের উপায়ের প্রকরণে দরা-দরীতে এই প্রমাণি বিস্তুর ইতি।—১৮১১ দা।৮ আ। ৭ ধা।

### ৩ ধারা।

## বাকী থাজানার নিমিত্ত পত্তনি তালুকের নীলাম।

১। এই ধারার প্রস্তাবিত এলাকাদারদিণের শিরে বাকী পড়াতে তাহারদিনের এলাকা ইঙ্গরেজী ১৭৯১ দালের ৭ আইনের ১৫ ধারার ৭ প্রকরণের
হকুমমতে ইজারাআদি বাতিল হওনের মতবাতিল হইবেক না বরণ্থ এলাকা
পত্তনীদারের করারদাদের মধ্যে থাকিয়া জমীদারের বাকীর নিমিত্তে নীলামেতে বিক্রের হইবেক অতথব পণের মধ্যে যত টাকা বাকীহইতে বেশী হয়
তাহা পত্তনীদারের হকু হইবেক ও তাহা পাইবার অধিকারী পত্তনিদার বরণ্থ
তাহা যেথ বিষয়ে বিলি হইবেক তাহার নিরপণের হকুম ১৭ ধারাতে লেখা
যাইবেক ইতি।—১৮১১ সা।৮ আ। ৩ ধা। ৩ প্র।

- ১০। বৈশাথ মাদের ১ পহিলা তারিথে এতারতা যে সালের বাকীর তলব থাকে তাহা তামাম হওনের পর হালদালের ১ প্রথম দিবদে জমীদার তালুক-দারদিগের কি অন্য যাহারদিগের এলাকা অর্থাৎ অধিকারের দস্তাবেজে উপরের প্রকরণের উক্ত প্রকারের হয় তাহারদিগের নামে গুজস্তা দনের বাকার তফসালসম্বলিত এক আরজা জিলার দেওয়ানা আদালতে ও এক আর-জী জিলার কালেক্টর সাহেবের নিকটে দাখিল করিবেক ও ঐ কৈফিয়তের আরজী ঐ কাছারীতে যেথানে সকলে দেথিতে পায় সেই স্থানে এই মজ-মুনের ইশ্তিহারসহিত লট্কান যাইবেক যে যদি তলবী বাকী এই সনের আগামি মাদ অর্থাৎ জৈতেষ্ঠর ১ পহিলা তারিথের পুর্বের্ব আদায় না হয় তবে ঐ তারিখেতেই কৈফিয়তের লিখিত এলাকা ঐ তারিখপর্যান্ত বাকী দাখিল না করণমতে নীলাম হইবেক কিন্তু যদি পহিলা জ্যৈষ্ঠ রবিবার কি পালি পর্ফের্ দিন হয় তবে তাহার পর যে দিন পর্ফের ও রবিবার না হয় দেই দিন নীলা-মের নিগিত্তে মোকরর হইবেক ও ঐ মজমুনের দোদরা ইশ্তিহার জমীদারী কাছারীতে লট্কান যাইবেক ও তাহার নকল কিয়া ভিন্নং লাট লাটের কথা লেখা খোলাদা মফঃদলেতে পাচান যাইবেক যে বাকাদারদিগের কাছারীতে কি তাহারদিগের এলাকার প্রধান কদবা কি মৌজাতে দেওয়া যায় ও যদি এই সকল নিয়মের কোন নিয়ম ছাড়া যায় তবে তাহার জওয়াব জমীদারের দিতে হইবেক ও মফঃদলেতে পাচাইবার ইশ্তিহার এক জন পেয়াদার মার-ফতে পাচান যাইবেক ও ঐ পেয়াদার আবশ্যক যে বাকীদারের কি তাহার নায়েবের স্থানে দিয়া তাহার রস্টাদ লয় ও তাহা যদি না হইতে পারে তবে তাহার আশপাশের তিন জন মাতবর দাক্ষির দাক্ষ্য প্রমাণে ঐ ইশ্তিহার পঁত্তিবার ও জারী হইবার মজমুনে এক লিখন লেখাইয়া লয় যদি রদীদ কি ঐ লিখনের দ্বারা এমত জানা যায় যে ১৫ বৈশাথের পুর্বের মফঃদলেতে পঁত্-ছিয়াছিল তবে ঐ লিখন নিরূপণকরা দিনে নীলাম করণের অর্থে মাতবর দলীল হইবেক ও যদি আশপাশের নিবাদি লোকেরা তাহা লিথিয়া দিতে ওজর করে তবে পেয়াদার আবশ্যক যে নিকটের মুনদেফের কাছারীতে কি মুনদেফ না থাকিলে থানাদারের কাছারীতে গিয়া ইশ্তিহার লইয়া যাওনের ও জারী করণের অর্থে তাহার নিকটে হলফ করিয়া এ বিষয়ের সর্টিফিকট তা-হার্দিগের একের দম্তথৎ ও মোহরে লেথাইয়া আনে ইতি। -১৮১১ সা। ৮ আ।৮ ধা। ২ প্র।
- ১১। ঐ মত কার্ত্তিক মাদের ১ পহিলা তারিথেতে জমীদারের কর্ত্তব্য যে হালসালের আথিরী আশ্বিন লাগাইতের বাকীর কৈফির্থনমূলিত আরজী ঐ দুই কাছারীতে দাথিল করিয়া অগ্রহায়ণ মাদের ১ পহিলা তারিথে বাকীদারের এলাকা অর্থাই অধিকার নীলাম হওনের কথাসমূলিত ইশ্তিহার এ কথাযুক্তে লট্কাইয়া দেওয়ার যে ইশ্তিহারের লিথিত বাকী তামাম আদায় না হইলে কিয়া ইস্তক বৈশাথ লাগাইই আথিরী কার্ত্তিক মাফিক কিষ্তিবন্দী জমীদারের যত টাকা পাওনা হয় তাহার চৌথাই বাকী থাকিলে ইশ্তিহারের লিথিত তারিথে নীলাম করা যাইবেক ইতি।—১৮১১ সা। ৮ আ। ৮ ধা। ৩ প্র।

১২। সদর আদালতে জিল্লাসা হইল যে ১৮১৯ সালের ৮ আইনের ৮ ধারায় যে উপকারি বিধান আছে তাহা লাথেরাজদারের সঙ্গে সম্পর্ক রাথে কি না। তাহাতে সদর আদালত বিধান করিলেন যে ঐ ধারার মধ্যে কেবল জ্বমীদার অর্থাৎ যে ভূমাধিকারির। একেবারে সরকারের সঙ্গে বন্দোবন্ত করিয়াছে তাহারদের বিষয় লেখে অতএব অন্য কোন প্রকার জ্বমীদারের সঙ্গে তাহার কোন সম্পর্ক নাই। ৩১৩ নম্বরী আইনের অর্থ।

- ১৩। সদর আদালত বিধান করিতেছেন যে আগামি ছয় মাসীয় নীলামের নিমিষ্ট স্কমীদারের তরফে দর্থান্ত দাখিল করণের যে দিবস নিরূপণ আছে তাহা পরবের মধ্যে পড়িল অতএব ১৮১৯ সালের ৮ আইনের ৮ ধারার মর্মানুসারে তৎপরে যে প্রথম দিবসে দেওয়ানী আদালতের কাছারী হয় সেই দিবসে তাহারদের ঐ দরখান্ত দাখিল করিতে হইবেক এবং সেই দিবসের পর এক মাস অতীত না হইলে নীলাম হইবেক না। ৩২৯ নমুরী আইনের অর্থ।
- ১৪। উক্ত আইন ও ধারানুসারে বাকী থাজানার নিমিত্ত কোনং প্রকার ভূমি নির্দিষ্ট সময়ে নীলাম করিতে জমীদারেরদের যে অধিকার আছে সেই অধিকার তাঁহারা আপনারদের ইজারদারকে দিতে পারেন্ কি না অর্থাৎ যে ভূমাধিকারী আপনার মালগুজারী একেবারে সরকারে দাখিল করেন্ সেই ভূমাধিকারী আপনার ভূমি ইজারা দেওয়াপ্রযুক্ত ৮ ধারার উপকারজনক নিয়মের বহিভূত হন্ কি না। তাহাতে সদর আদালত বিধান করিলেন যে ১৮১৯ সালের ৮ আইনানুসারে বাকী থাজানার নিমিত্ত পত্তনি তালুক নিয়মিত্ত কালোম করিতে জমীদারের যে অধিকার আছে তাহা তিনি ইজারদারকে দিতে পারেন্ না যেহেতুক উক্ত ধারার অনুসারে যে জমীদারেরা সরকারের সঙ্গে একেবারে বন্দোবস্ত করিয়াছেন কেবল তাঁহারাই ঐ সাময়িক নীলামের বিষয়ের দর্থান্ত করিতে পারেন। ৪৬১ নমুরী আইনের অর্থা
- ১৫। সদর আদালতে জিলাসা হইল যে কোর্ট ওয়ার্ডসের অধীন যে ব্যক্তি ভূমির ইজারা লয় সেই ইজারদার ১৮১৯ সালের ৮ আইনানুসারে মফঃদলী তালুক নীলাম করিতে পারে কি না। তাহাতে সদর আদালত বিধান করিলেন যে কালেক্টর সাহেব ফলতঃ কোর্ট ওয়ার্ডস জমীদারের স্থলে আছেন্ এবং জমীদার বয়ঃপ্রাপ্ত হইয়া যে সরবরাহকারকে নিযুক্ত করেন্ তাহার যে ক্ষমতা আছে কালেক্টর সাহেবের দ্বারা নিযুক্ত সরবরাহকারেরো সেই ক্ষমতা আছে এবং ভূমির সরবরাহকার্য্যে যাহাথ করে তাহার বিষয়ে সেই ব্যক্তি কালেক্টর সাহেবের নিকটে দায়া। কালেক্টর সাহেবের স্থানে যে ইজারদার ইজারা করিয়া ভূমি লয় সেই ইজারদার কেবল ঐ থাজানার বাবং কালেক্টর সাহেবের নিকটে দায়া এবং জমীদারের ইজারদার যে অবস্থায় আছে কালেক্টর সাহেবের ইজারদারও সেই অবস্থায় আছে। এবং ৪৬১ নয়রী আইনের অর্থে সদর আদালত বিধান করিয়াছিললেন যে ১৮১৯ সালের ৮ আইনের ৮ ধারানুসারে ভূমাধিকারিদিগকে যে ক্ষমতা দেওয়া গেল ভূমাধিকারিরদের ইজারদার সেই ক্ষমতানুসারে কার্য্য করিতে পারে না। সদর আদালতের সেইরপ আইনের অর্থ করণের অভিপ্রায় এই যে সেই আইনে কেবল ভূমাধিকারিরদের বিষয় লেখে অতএব সেই আইনের নির্দিষ্ট ভারি ক্ষমতা জমীদারভিন্ন অন্য ব্যক্তিকে যে দেওয়া গিয়াছে এইমত অর্থ হইতে পারে না। ৫২৩ নয়রী আইনের অর্থ।
- ১৬। এই আইনমতে দরখান্ত করিলে পর যে এলাকা অর্থাৎ অধিকার নীলাম হইতে পারে তাহা তাহার জিলার দেওয়ানী কাছারীতে দেওয়ানী আদালতের রেজিন্টর সাহেবের হজুরে নীলাম হইবেক ও রেজিন্টর সাহেবে উপস্থিত না থাকিলে তাঁহার স্থানে যিনি থাকেন্ তাঁহার হজুরে নতুবা জজ সাহেবের হজুরে হইবেক ও নীলামা এলাকা অর্থাৎ অধিকার যে ব্যক্তি মূল্য বেশী কছে তাহাকে দেওয়া যাইবেক ও বাকীদার দেওয়ায় জমীদার কি বাকীদারের পেটার এলাকাদার যে হউক সে নীলামেতে লইতে পারিবেক ও পণের টাকার মধ্যে শতকরা ১৫ টাকা নীলাম সারা হইবামাত্র নগদ দিতে হইবেক ও যে সাহেবের

হজুরে নীলাম হয় তাঁহার ক্ষমতা আছে যে যাহার স্থানে ঐ আন্দান্ধ টাকা থাকনের কি দুই ঘড়ি পরে দিতে পারিবার প্রতায় না হয় তাহার তাক নামঞ্জুর
করেন্ ও শতকরা ১৫১ টাকা নগদ কি তাহার বাঙ্গাল বেঙ্ক নোট কি কোষ্ণানির কাগজইত্যাদি দুই ঘড়ির মধ্যে না দিলে ইশ্তিহারী লাট পুনরায় ঐ
মজলিসেতে নালাম করা যাইবেক ও শতকরা ১৫১ টাকা দিয়াও যদি পণের
বাকী টাকা নীলামের অফীম দিবসের দুই প্রহরপর্যান্ত না দেয় তবে দুই
প্রহরের পরে লোকদিগকে নবম দিবসে এতাবতা তাহার পর দিবস নীলামের
নিমিত্তে জমা হইবার কারণ জানাইবার নিমিত্তে জিলার সদর শহরের সদর
বাজারেতে ঢোল ফিরাইয়া ধেঁড়রা ক্রায়া যাইবেক তাহার পরে ঐ লাট
নির্মাণত সময়ে বিক্রয় করা যাইবেক ও যদি প্রথম নীলামেইতে কম
মূল্যেতে বিক্রয় হয় তবে দিতীয় নীলামহইতে প্রথম নীলামেতে যত টাকা
বেশী হইয়া থাকে তাহা প্রথম নীলামের থরীদারের দেনা হইবেক ও তাহা
ডিক্রী জারীর মতে লওয়া যাইবেক ও তাহার দাথিলকরা শতকরা ১৫১
টাকা পণের টাকার মধ্যে ধরা গিয়া তাহা ফিরিয়া দেওয়া যাইবেক না ইতি।

—১৮১১ সা।৮ আ। ১ ধা।

১৭। ইঙ্গরেজী ১৮১৯ সালের ৮ আইনের এবং ১৮২০ সালের ১ আইনের যে২ ভাগে লেখা আছে যে পত্তনি তালুক অথবা বিক্রয়যোগ্য অন্যহ
অধিকার রেজিন্টর সাহেব অথবা আকটিঙ্গ রেজিন্টর সাহেবের দ্বারা অথবা
তিনি উপস্থিত না থাকিলে জজ বা মাজিন্টেট সাহেবের দ্বারা নীলাম হইবেক
এবং ঐ আইনের যে২ ভাগে হুকুম আছে যে ঐ তালুক অথবা বিক্রয়যোগ্য
অন্য কোন অধিকার নীলামের পুর্ফে যাহাহ করিতে হইবেক ভাহা এবং ঐ
নীলামসমুর্কীয় অন্যহ কর্মা জজ সাহেব করিবেন ভাহা মভান্তর হইবাতে হুকুম
হইল যে উত্তর কালে সেই সকল নীলাম এবং তংশমুর্কীয় অন্যহ কার্য্য মালগুজারীর কালেক্টর অথবা ডেপুটী কালেক্টর সাহেবের দ্বারা কি কালেক্টর
বা ডেপুটী কালেক্টর সাহেবের, প্রধান আদিক্টাণ্ট সাহেবের দ্বারা হইবেক
এবং অন্যহ সরাস্রী মোকদ্মার উপর ইঙ্গরেজা ১৮৩১ সালের ৮ আইনের ৪ ধারার হকুমানুসারে আইন না থাটনহেতুক যেমত রাজন্বের কমিস্যনর সাহেবের নিকটে আপীল হইতে পারে সেইমত আইন না থাটনহেতুক
এ মোকদ্মারো উপর ঐ সাহেবের নিকটে আপীল হইতে পারিবেক ইতি।—
১৮৩২ সা। ৭ আ। ১৬ ধা। ১ প্র।

১৮। সদর আদালত বোধ করেন্ যে নীলামের শ্রীদার যদি শ্রীদের টাকা নীলামের দিবদের পর অফ্য দিবদের দৃই প্রহর বেলার মধ্যে না দেয় তবে নীলামের দিবদে
মের দিবদের পর অফ্য দিবদের দৃই প্রহর বেলার মধ্যে না দেয় তবে নীলামের দিবদে
মৈ শতকরা ১৫১ টাকা করিয়া আমানৎ করিয়াছিল তাহা হারিবেক এবং দিতীয় নীলামে
যদি কিছু অধিক টাকা পাওয়া যায় তবে তাহা পাইবেক না এবং যদি কম টাকায় বিক্রয়
হয় তবে তাহার নিশা করিবেক। এবং যে শতকরা ১৫১ টাকা এইরুপে জব্দ হয় তাহা
বাকীদারের নামে জমা হইবেক। জমীদার যে বাকী টাকার দাওয়া করে তাহা যদি ঐ জব্দ
হওয়া টাকায় পোযাইয়া উঠে তবে আর নীলাম করণের আবশ্যক নাই যদি না পোষায়
এবং বাকীদার বাকীর টাকা না দেয় তবে ঐ তালুক নবম দিবদে পুনর্বার বিক্রয় হইবেক
এবং ঐ জব্দগুরা শতকরা ১৫১ টাকা এবং দিতীয় নীলামের উৎপন্ন টাকাছইতে জমীদারের দাওয়া পরিশোধ হইলে পর যাহা বাঁচে তাহা বাকীদারকে দেওয়া যাইবেক। ৫৮৩
নমুরী আইনের অর্থ।

- ১৯। সদর আদালতে জিজাসা করা গোল যে বাকী খাজানার বাবৎ সরাসরী ডিক্রী জারী করণার্থ ১৮১৯ সালের ৮ আইনের ১৮ ধারার ৪ প্রকরণের বিধির অনুসারে জজ অথবা রেজিইটর সাহেব ভালুক নীলাম করিতে পারেন্ কি না। ভাহাতে সদর আদালত বিধান করিলেন যে যে সকল ভালুকে দখীলকার ব্যক্তির লাভ নীলাম হইতে পারে সেই ভালুকের বাকী খাজানার নিমিত্ত ভাহা নীলাম হইতে পারে এবং ১৮১৯ সালের ৮ আইনের ৯ এবং ১৬ ধারার বিধির অনুসারে পত্তনি ও দরপত্তনি ভালুক যেরূপে নীলাম হইতে পারে সেইরূপে ঐ ভালুকের নীলাম রেজিইটর সাহেবের দ্বারা অথবা ভাঁহার অবর্তমানে জজ কিয়া মাজিট্রেট সাহেবের দ্বারা এবং ১৮৩২ সালের ৭ আইনের ১৬ ধারানুসারে কালেক্টর সাহেবের দ্বারা হইতে পারে।
- ২০। সদর আদালতে জিজাসা করা দৈলি যে এক জন পত্তনি তালুকদার খাজানা বাকী রাখিল তাহাতে তাহার পত্তনি তালুক নীলাম হইল এবং বাকীদার ১৮১৯ সালের ৮ আইনের ৯ ধারার বিরুদ্ধে আপনি বেনামীতে তাহা খরীদ করিল এবং দরপত্তনিদারকে বেদখল করিল ইহাতে দরপত্তনিদারের কিরুপে প্রতিকার হইতে পারে। দেই ব্যক্তি আপনার দরপত্তনি তালুক ফিরিয়া পাইবার নিমিত্ত নালিশ করিতে পারে কিকেবল ঐ আইনের ১৩ ধারার এবং ১৭ ধারার ৫ প্রকরণের লিখিতমতে প্রতিকার পাইতে পারে। তাহাতে বিধান হইল যে বাকীদার আপনি পন্তনি তালুক বেনামীতে খরীদ করিতে পারে না তাহার ঐ খরীদ বেআইনী অতএব দরপত্তনিদারকে বেদখল করিতে তাহার কোন ক্ষমতা নাই। এইপ্রযুক্ত ঐ দরপত্তনিদার যদি বেদখল হইয়া থাকে তবে সেই ব্যক্তি ভূমি ফিরিয়া পাইবার নিমিত্ত বেনামী খরীদারের নামে নালিশ করিতে পারে এবং সেই তালুকে তাহার যে লাভ ছিল তাহা মোকদ্দমার মূল্য ধরিবেক। ১২৪৩ নমুরী আইনের অর্থ।
- ২১। পত্তনিদারের পেটার যে দকল তালুকদারের তালুকের দস্তাবে-জের মজমুন পত্তনিদারের দস্তাবেজের মজমুনমাফিক তাহার বিষয়েতে ইহ। লেখা গিয়াছে যে বাকা পড়াতে করারদাদ বাতিল হয় না অতএব তাহারদিণ্যের স্থানে জমা তলবকরণিয়া ব্যক্তি যদি আপন বাকার নিমিত্তে যাহার শিরে তলব এতাবতা বাকা থাকে তাহার এলাকা করারদাদের নিয়মমতে নীলাম করাইতে চাহে তবে উচিত যে ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারা ও চলিত অন্য আইনের মতে দালআথেরীতে নালাম করাইবার অনুমতি পাইন্বার নিমিত্তে দস্তরমত কার্য্য করে কিন্তু উচিত যে ঐ নালাম পূর্বে যেমত লেখা গেল সেইমত ভরা পুরা মজ্লিসে ও রেজিন্টর সাহেবের কি তাঁহার আকটি অর্থাৎ স্বরূপ যে সাহেব থাকেন্ তাঁহার ও তিনি উপস্থিত না থাকিলে জজ সাহেবের মারকতে হয় ও দশ দিন মিয়াদে ঐ নালামের ইশ্তিহার আদালতের ও কালেক্টরীর কাছারীতে লট্কান যায় ও এই আইনের লিখিত নালামের অন্য যেং নিয়ম তাহারদিগের অবস্থাযোগ্য হয় তাহা পত্তনিদারের ন্যায় তাহারদিগের প্রতি বর্ত্তিবেক ইতি।—১৮১৯ সা। ৮ আ। ১৬ ধা।
- ২২। যদি জমীদারের তলবী যে বাকী টাকার নিমিত্তে ইশ্তিহার হইয়া থাকে তাহানীলামের নিমিত্তে মোকরর হওয়া দিবসপর্যান্ত আদায় না হয় তবে এই আইনের ১ ও ১০ ধারার উক্তমতে নিশ্চয় নীলাম করা যাইকেক কোন প্রকারে উপরের লিখনমতে তলবী টাকা আমান হওনবাতিরিক্ত মৌকুফ ও বিলম্ব করা যাইকেক না যদি কেহ জমীদারের বাকী স্বীকার না করে কি অন্য কোন হেতুতে নীলাম দিজ না হওনের ও তাহা করাইতে জমীদারের ক্ষমতা না থাকনের দাওয়া দরপেশ করিতে চাহে তবে তাহার ক্ষমতা আছে যে

আদালতেতে নম্বরী নালিশ করে ও তাহার দাওয়া সাবুদ হইলে আদালতের তামাম থরচা ও থেসার ধরিয়া পাওনের সহিত নালাম রদ হওনের ডিঞ্জী হইবেক ও ঐ নালামের থরীদার দম্ভরমত এই দাওয়াতে আসামী হইবেক ও যদি নালাম রদ হওনের ডিঞ্জী হয় তবে আদালতের হাকিমের এমত সাবধান হওয়া আবশাক যে থরীদারের কোন প্রকার ক্ষতি না হয় যাহা হয় তাহা জমীদারের পক্ষেহয় ইতি।—১৮১৯ সা। ৮ আ। ১৪ ধা। ১ প্র।

২৩। এব॰ যদি তালুকদার জমীদারের ইশ্তিহারের কৈকিয়তের লি-ধনমত পাওনা স্বীকার না করে তবে তাহার ক্ষমতা আছে যে ইশ্তিহারের নিয়াদের মধ্যে সরাসরী তজবীজ হওনের নিমিত্তে দর্থাস্ত করে পরে জমীদার-কে অল্প মিয়াদের মধ্যে কবুলিয়ৎ ও বাকী দাবৃদ হওনের অন্যং দলীল গুজ-রাইবার হুকুম হইবেক যে হুইতে পারিলে স্রাস্রী মোকদ্মা নীলামের দিবস উপস্থিত হওনের পুর্বেষে নিক্পত্তি করা যায় ও ঐ নিষ্পত্তিমতে নীলাম হইবেক অথবা তাহা হওয়া রহিত হইবেক কিন্তু যদি নীলামের অবধারিত দিবদপর্যান্ত নিষ্পত্তি না হয় তবে দাওয়া করা লাট বিলিমতে নীলামে ধরা যাইবেক ইহা-তে যদি জমীদার কি তাহার ম্বরূপ ব্যক্তি ইশতিহারের লিথিত বাকী লওনের নিমিত্তে জেদ করে তবে নীলাম মৌকুফ হইবেক না ও তাহার জওয়াব দিবার দায় জমীদারের শিরে থাকিবেক ও তাহার পরে সরাসরী নালিশেতে তজবীজ করা যাইবেক না কিন্তু যদি বাকীদার তলবী টাকা নগদ কি তাহার বাঙ্গাল বেস্ক নোট অথবা কোম্লানির কাগজ আমানৎ করে তবে হইবেক ও তাহা দেও-য়ায় নীলাম রদ হইবার ও তাহাতে হওয়া ক্ষতি ধরিয়া পাইবার নিমিত্তে নমুরী নালিশ করণবাতিরিক্ত আর কোন উপায় নাহি ইতি। -১৮১১ সা। ৮ जा। ১৪ शार था।

### 8 शांता।

# নীলাম স্থণিত করিতে পেটাও পত্তনিদারের ক্ষমতা।

২৪। প্রথম দরজার তালুকদারের এলাকা অর্থাৎ অধিকার জমীদারের বাকীর কারণ নীলামের নিমিত্তে এই আইনের ৮ ধারার ২ ও ৩ প্রকরণের লিখনমত ইশ্ভিহারের কৈফিয়তে লেখা গেলে দ্বিতীয় দরজার সমস্ত এলাকাদারেরা কি তাহারদিগের কোন২ জন জমীদারের মোখ্রারকার নীলামের মজলিদেতে বাকী যত টাকা জাহির করে তাহা আমানৎ রাখিয়া নীলাম মৌকুফ করাইতে পারিবেক ও ঐ মত নীলামের দিবদের পূর্ব্বে তাহারদিগের প্রথম দরজার তালুকদারের শিরে বাকী থাকনের অনুমান হইলেও সাবধানার্থে আমানৎ রাখিতে পারিবেক কারণ এই যে আমানতের টাকার সপ্যা নীলামের দিবদে জমীদারের তলবী বাকীর সমান সাবুদ হইলে নীলাম মৌকুফ হইবিক ও যদি বেশী হয় তবে যত বেশী হয় তাহা আমানৎরাখিনিয়াকে কিরিয়া দেওয়া যাইবেক ও আমানৎ রাখা টাকা জমীদারকে দেওয়া যাইবেক ইতি।—১৮১৯ সা।৮ আ। ১৩ ধা। ২ প্র।

২৫। যদি ঐ আমানৎ যে ব্যক্তির শিরে তাহার ব্যাপক ব্যক্তির ওয়া-জিবী বাকী থাকে তাহার তরকহইতে হয় তবে বাকীর অর্থে দেওয়া যাওনের জিগির দিয়া দিতে হইবেক কারণ এই যে যদি ইশ্তিহারের লিখিত বাকীদার দেই সালের ও কিন্তির বাকীর দাওয়া ভাহার নামে করিয়া থাকে তবে তত টাকা শোধ পায় এব° ভাহার পরে দে নিমিত্তে তাহার নামে আদালতে নালিশ হইলেও ভাহা শোধ হয় ইতি।—১৮১৯ সা।৮ আ।১৩ ধা।৩ প্র।

২৬। যদি আমান কর ণিয়ার শিরে কিছু বাকী না থাকে তবে তাহার রাথা টাকা আগামি কিন্তিতে নালাম মৌকুফ হওনের নিমিত্তে কাটিয়া লওয়া যাইবেক না বর শ্রুণিতহারের লিথিত এলাকাদার তাহার ঐ টাকার দেনদার বোধ হইবেক ও যে তালুক ঐ টাকা দেওয়াতে নালামহইতে বাঁচে তাহা ঐ দেওয়া টাকাতে বন্ধক হইবেক ও বন্ধক দুবোতে বন্ধকলওনিয়ার যেমত দাওয়া থাকে দেইমত টাকাদেওনিয়ার দাওয়া ঐ তালুকেতে থাকিবেক এতাবতা তাহা দথলের দরখান্ত করিবামাত্র দেওয়ান যাইবেক যে আমানতের টাকা তাহার মুনাকাহইতে দে পায় ও ইশ্তিহারের লিথিত বাকাদার যদি তাহার স্থানহইতে তালুক ফিরিয়া লইতে চাহে তবে তাহার এই দুই কর্মের এক কর্মকরা উচিত যে হয় আমানতের টাকা আমানতের তারিথহইতে দথল পাওবের তারিথপর্যান্ত শতকরা ১২ টাকার হিসাবে সুদ্দমেত দেয় কি নম্থানালিশ করিয়া ইহা লাবুদ করে যে ঐ আমানতের টাকা সুদ্দমেত তালুক কের মুনাকাহইতে দে পাইয়াছে ইতি।—১৮১১ লা। ৮ আ। ১০ধা। ৪ প্র।

#### ৫ शहा।

## নীলামে থরীদারেরদিগকে যে স্বত্তার্পণ হয় তাহা।

২৭। এই আইনানুসারে জমীদারের বাকীর নিমিন্তে যে২ তালুক নীলাম হয় সেই২ তালুক তাহার বিষয়ে বাকীদারের কি তাহার উত্তরাধিকারির কি অন্য স্বরূপ ব্যক্তির তরকহইতে যে২ করারদাদ ও নিয়ম হইয়া থাকে সে সমস্ত করারদাদ ও নিয়ম ছাড়াইয়া নীলামের এরীদারকে পঁছছিবেক কিন্তু যদি জমীদার ঐ বাকীদারকে যে সে করারদাদে কি বিশেষ কোন কৌলকরারেতে তালুক দিতে ক্ষমন্তা দিয়া থাকে ও দস্তাবেজতে তাহার কথা স্লফ্ট লেথা থাকে তবে তাহার বহির্ভূত হইবেক না ও এ বিষয়ে বিশেষ ও স্লফ্ট লুকুম হইল যে এলাকাদারের করা কোন বিক্রয় কি দানে কি দেওয়া বন্ধকে কিয়া কটে বিক্রয় করাতে অথবা অন্য আচরণেতে তাহার শিরে বাকী পড়িলে এলাকা জমীদার যেরপে দিয়াছিল সেইরপে এতাবতা তাহাতে অন্য কোন জনের দখল থাকনব্যতিরেকে নীলামের নিমিন্তে জমীদারের হাতে আদিবার আটক ও বাধা হইবেক না কিন্তু যদি নীলাম হইলে তাহা বহাল থাকিবার কিয়ম করারদাদের নিয়মের মধ্যে থাকে এবং নীলামের পরে তাহা বহাল থাকিবার স্লফ্ট অনুমতি জমীদারের স্থানে কবে বহাল থাকিবেক ইতি।—১৮১৯ সা।৮ আ। ১১ ধা।১ প্র।

২৮। এব° বাকীদার ইজারাওগয়রছের যে সকল পাট্টানুসারে উপরি ব্যক্তিকে আপনার ও চাসী প্রজা লোকদিগের মধ্যগত করিয়া থাকে সে সমস্ত পাট্টা ও তাহা দিবার ক্ষমতা তাহাকে স্বস্টরপে দেওয়া গিয়া থাকনব্যতিরিক্ত নীলাম হওয়াতে বাতিল হইবেক কেননা এমত এলাকাদারেরা বাকীদারের যে হক্ত এভাবতা অধিকার ভাহার কিছু ও কিঞ্চিদ°শ পাইয়াছে ও ভদ্মারাব্যতি-রিক্ত ক্ষমীন দ্থল করণের ও প্রজা লোকের স্থানে তহুসীল করণের অধিকারী

নহে ও ঐ অধিকার সমাকৃ জমার জন্যে নীলাম হওয়াতে যায় অতএব ঐ এলা-কাদারদিণের হকৃ যাহা ভাহারি হিস্যা ভাহা সুভরাপ যাইবেক ইভি।— ১৮১৯ সা।৮ আ।১১ ধা।২ প্র।

২১। এই ধারানুসারে তালুকের থরীদারপ্রভৃতি যাহারা প্রজা লোক ও জমীদারের মধ্যেতে থাকে তাহারা থোদকস্তা প্রজা লোক কি বহুকালের কি পুরুষানুক্রমের নিবাসি অন্য চাসী লোককে তাহারদিগের জমীহইতে বেদথল করিতে পারিবেক না এবং বাকীদার কি তাহার স্বরুপ যে ব্যক্তি হয় সে উপরের উক্ত চাসী ও প্রজা লোকের সহিত জমা নিশস্তীর যে নিয়ম ও কৌলকরার বিনা চক্রান্ত ও চাতুরীতে করিয়া থাকে তাহাও বাতিল করিতে পারিবেক না কিন্তু যদি দেওয়ানী আদালতে নমুরী নালিশেতে ইহা সাবুদ হয় যে পার্টা দিবার সময়ে পার্টাতে লেখা থাকা জমাহইতে অধিক জমা চাসীর শিরে ওয়াজিবী দেনা ছিল তবে পারিবেক ইতি।—১৮১১ সা। ৮ আ। ১১ ধা। ৩ প্র।

#### ৬ ধারা।

## নীলামের পর তালুকের দথল পাওনের নিয়ম।

- এই আইনমতে হওয়া নীলামের এরীদারের স্থানে সমৃদ্য় টাকা আদায় হইবামাত্র ঐ ধরীদার নীলামকরণিয়া সাহেবের স্থানহইতে টাকার রদীদসম্বলিত এক দটিফিকট পাইবেক পরে উচিত যে দটিফিকটদমেত জমী-দারের কাছারীতে দাখিল থারিজের নিমিত্ত যায় ও জামিন তলব হইলে অর্দ্ধেক জমাপর্যান্তের জামিন দিতে হইবেক ও জামিন দিলে পর দথলের হুকুমনামা ও এক ইশ্তিহার এই মজমুনে পাইবেক যে সমস্ত প্রজা ও অন্য অন্যেরা থরীদারের নিকটে রুজু হইয়া নীলামের তারিথহইতে তাহার নিকটে মালগুজারী করে এব ে জমীদারের আবশাক যে বিক্রয়হওয়া তালুকের যে সকল কাগন্ত ভাহার কাছারীতে মৌজুদ থাকে ভাহা সমস্ত এরীদারকে দেখায় ও যদি জমীদারের তলবমত জামিন দিলে পর জমীদার আবশ্যকী হকুমনামা দিতে ও দাখিলথারিজ করিতে টালমটাল করে তবে থরীদার আদালতেতে এ বিষয়ের নালিশ করিয়া দথলের হুকুমনামা লইয়া নাজিরের মারফতে ডিব্রু জারী করণেতে যেমত দম্ভর আছে দেইমতে দথল পাইতে পারিবেক কিন্তু যদি জামিনের মাতবরীর বিষয়ে জমীদারের আপত্তির নিমিত্তে টালমটাল হয় তবে এই আইনের ৬ ধারার মতে তাহার তদারক করা যাইবেক ইতি। - ১৮১२ मा। ৮ जा। ३० था। ३ थ।
- ৩১। থরীদার তাহার অধিকারের সরেজমীতে দথল পাইবার নিমিন্তে গোলে যদি বাকীদার কি তাহার পেটার তালুকদারেরা প্রতিবন্ধক হয় কিয়া প্রতিবন্ধকতার চেম্টা ও তদবারে থাকে অথবা তাহার থরীদার এলাকাহইতে তহলীল করণেতে ব্যাঘাত জন্মায় তবে থরীদারের ক্ষমতা আছে যে তৎক্ষণাৎ জিলার দেওয়ানী আদালতে সহায়তা করণের অর্থে দর্থান্ত করে ও ঐ আদালতহইতে আদালতের মোহর ও জজ লাহেবের দন্তথতে এক ইশৃতিহার এই মজমুনে জারী হইবেক যে যেহেতুক দর্থান্তকর্নিয়া জমীদারের বাকীর নিমিন্তে নীলামহওয়া এলাকার থরীদার বটে অতথব বাকীদারের তালুকের সমন্ত হকু অর্থাৎ স্বত্র যেমত ঐ বাকীদার জমীদারের স্থানে পাইয়াছিল সেই-

মত তাহা সমুদ্য দর্থাস্তকরণিয়ার হইয়াছে ও কাহার ভাগী হওয়া বিনা
মকঃসলের তহসীলের ক্ষমতা তাহারি বটে ইহাতে যদি প্রজাদিগের মধ্যে
কেহ থরীদার কি তাহার মোধারভিন্ন অন্য জনকে এক কপর্দক দেয় তবে
তাহা ইঙ্গরেজী ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারামতে সরাসরী নালিশেতে
কিয়া ইঙ্গরেজী ১৮১২ সালের ৫ আইনের মতে তাহার মালআমওয়াল
ক্রোক মৌকুফীর নিমিন্তে আপন করা দর্থান্তের তজবীজেতে কি কোন প্রকারেতে শোধ পাইতে পারিবেক নাইতি।—১৮১৯ সা।৮ আ।১৫ ধা।২ প্র।

৩২। ঐ ইশ্তিহারনামা জারী হইলেও যদি দাবেক বাকীদার তালুকদার কি তাহার পেটার অন্য এলাকাদারের। এরীদারের দএল পাওনে প্রতিবন্ধক হয় কিয়া কোন প্রকারে কাহারু তরফহইতে দাঙ্গা হইবার অনুমান হয় তবে এমত ত্কুম আছে যে ঐ এরীদার সহায়তার দর্থাস্ত করিলে পোলী-দের কার্যকারক লোকেরা কিয়া সরকারের অন্য যে কার্যকারক থাকে তাহারদিগৃহইতে যে সহায়তা হইতে পারে তাহা করে ও যদি দাঙ্গা ও হঙ্গামা উপস্থিত হয় তবে যে ব্যক্তি এরীদারের হক্ পাওনের প্রতিবন্ধকতা ও বাধা করিয়া থাকে তাহার জওয়াব তাহাকেই দিতে হইবেক ইতি।—১৮১৯ সা। ৮ আ। ১৫ ধা। ৩ প্র।

## বাকী রাজস্বের নিমিন্ত ভূমির নীলাম।

- ১। যেহেতুক ভূমিসমুর্কীর ব্যক্তিরদিণের উপকারের নিমিন্ত মালগুজারীর বাকী আদায়ের কারণ জমীদারীর সাময়িক নীলামের সংশ্যা নিরপণ করিতে এবং ঐ বাকীর উপর সুদ ও জরীমানা লওয়া রহিত করিতে এবং যে মহালের সমুদ্য ভূমির মালগুজারী নিয়মিত দিবসে বা নিয়মিত দিবসের পূর্বের না দেওয়া যায় সেই মহাল নিশ্চিত এবং প্রকাশিত সময়ে নীলাম করণের ভ্রুম করিতে এবং অন্যং প্রকারে ভূমির মালগুজারী আদায় করণার্থ আইন শুধরিতে উচিত বোধ হইল
- ২। অতএব ইহাতে ত্কুম হইল যে ১৭৯৩ দালের ১৪ আইনের ২ ধারা ও ১৭৯৪ দালের ৩ আইনের ২ ধারা এব ০৩৬ ও ৩৮ ধারাব্যতিরিক্ত ১৮২২ দালের ১১ আইন এব ০১৮৩০ দালের ৭ আইন রদ হইল কেবল উক্ত আইনের যে বিধির দারা অন্য আইন বা আইনের কোন ভাগ রদ হই-য়াছিল তাহা বহাল থাকিবেক।—১৮৪১ দা। ১২ আ। ১ ধা।
- ৩। আরো ইহাতে ত্রুম হইল যে এই আইনের ৩৫ ধারার নিরূপিত তারিথের পর যে ভূমির মালগুজারী বাকী পড়ে তাহার উপর কিছু মুদ বা জরীমানার দাওয়া হইবেক না ইতি।—১৮৪১ সা। ১২ আ।২ ধা।
- 8। এব॰ ইহাতে ত্কুম হইল যে এই আইন জারী হওনের পর কলি-কাতার দদর বোর্ড রেবিনিউর দাহেবেরা তাঁহারদের অধীন ইস্তমরারী জনা ধার্যাহওয়া প্রত্যেক জিলা বা প্রদেশের বিষয়ে প্রতিবৎদরে যেং নিশ্চিত

তারিথে মহাল বিক্রয়ের দারা তাহার ভূমির মালগুজারীর বাকী আদায় করণের কার্য্য আরম্ভ হইবেক তাহা নিরূপণ করিবেন। এব ে বোর্ডের সাহেবেরা ঐ নিরপণকরা তারিথের সমাচার কলিকাতা গেজেটে প্রকাশ করিবেন। আরো প্রত্যেক জিলার কালেক্টর দাহেবের কিয়া এই আইনক্রমে নীলাম করণের ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কার্য্যকারকের কাছারীতে এবণ জন্ধ ও মাজিষ্ট্রেট সাহেব এব॰ প্রধান সদর আমীন ও সদর আমীন ও সদর মুনসেফের কাছা-রীতে ঐ সমাচার প্রত্যেক জিলার চলিত ভাষায় ঘোষণা করিতে ত্কুম দিবেন। এব ্যেথ তারিথ ঐমত নিরূপণ ছইবেক দেইথ তারিথ ঐ বোর্ডের দাহেবেরা পূর্ব্বোক্তমতে ইশৃতিহার ও এত্তেলা দেওনের দ্বারা পরিবর্ত্ত না করিলে পরি-বর্ত্ত হইবেক না। এবং এ ইশ্তিহার ও এত্তেলা উক্তমতে প্রথমবার প্রকাশ হওনের পর যে বৎদরে নৃতন তারিথ বা তারিথদকল আমলে আসিবেক তা-হার পূর্বের মালগুজারীসম্পর্কীয় বৎসর সমাপ্ত না হওনের অন্যুন তিন মাস পূর্ব্বে এমত ইশ্তিহার ও এত্তেলা দিতে হইবেক। এবপ নীলামের নিমিত্ত যে প্রত্যেক দিবদ নিরূপিত হয় তাহার অন্যুন পূর্ফো দমপুর্ণ ১৫ দিবদপর্যান্ত পূর্ব্বোক্ত প্রত্যেক কাছারী ও আদালতে ইশ্ডিহার লট্কাওনের দ্বারা নিয়ত অন্য এক এত্তেলা দিতে হইবেক। এব পথ মিয়াদের মধ্যে কালেক্টর সা-হেব যে২ মহালে বাকী পড়িয়াছে এব প্রত্যেকের উপর যত টাকা বাকী আছে তাহার সমপুর্ণ বেওরা যত ব্যক্তি জানিতে চাহে তাহারদিগকে নিতান্ত मितिन ইতি।—১৮85 मा। ১২ আ। **១** था।

৫। ইস্তমরারী জনা ধার্যাহওয়া ভূমির ১৮৪২। ৪৩ এবং তৎপরং সালের বাকী মালপ্রজারী আদায়কারণ ১৮৪১ সালের ১২ আইনের ৩ ধারানুসারে তাহা নীলাম করি-বার নিমিত্ত সদর বোর্ড রেবিনিউর সালেবেরা নীচের লিখিত তারিখ নিরূপণ করিয়াছেন এবং ঐ বোর্ডের দক্তরহুইতে অন্য এত্তেলা না হওনপর্যান্ত ঐং তারিখ বহাল থাকিবেক।

ছিলট জিলাভিন্ন যে জিলা ও মহালে বাঙ্গলা অথবা অমলী সন চলন আছে তাহাতে এই হ তারিখে নীলাম হইবেক।

> ২৮ জুন। ২৮ সেপ্টেম্বর। ২৮ ডিসেম্বর ও ২৮ মার্চ।

যে২ জিলা ও মহালে ফদলী দন চলন আছে তাহাতে এই২ তারিখে নীলাম হইবেক।

৭ জুন। ২৮ সেপ্টেম্বর। ২৮ ডিসেম্বর এবং ২৮ মার্চ।

নে ক্ষুদুং মহালের জমা ১০০১ টাকার অনধিক তাহার জমা বুঝিয়া বৎসরের মধ্যে এক কিয়া দৃই বা তিনবার নীলাম হইবেক অর্থাৎ।

যে মহালে বাঙ্গলা ও অমলী সন চলন আছে তাহাতে

১০১ টাকা ও তাহার কম জমা ধার্য্যহওয়া ভূমি ... ... ... মার্চ মাসে। ১০১ টাকার অধিক কিন্ত ৫০১ টাকার অনধিক জমা ধার্য্যহওয়া } ডিসেম্বর ও

০০ ছাকার আধিক কিন্ত ৫০০ ঢাকার অনাধক জমাধায়াইওয়া ।ডিসেয়র ও মার ভুমি ... ... ... ... ... ... ... ... মাসে।

যে মহালে ফদলী দন চলন আছে তাহাতে।

১০১ টাকা ও তাহার কম জনা ধার্যাহওর। ভূমি ... ... ... জুন মাদে।

১০১ টাকার অধিক কিন্ত ৫০১ টাকার অনধিক জমা ধার্যাহওরা । ডিদেয়র ও জুন ভূমি ... ... মাদে।

৫০১ টাকার অধিক কিন্ত ১০০১ টাকার অনধিক জমা ধার্যাহওরা । ডিদেয়র ও মার্চ ও ভূমি ... ... ... ... জুন মাদে।

জিলা ছিলটের নিমিত্ত নীচের লিখিত তারিখা নিরূপণ হইয়াছে।

২৮ সেপ্টেম্বর। ১৮ জানুআরি এবৎ

১৮ আপ্রিল।

মন্তব্য কথা। এই এত্তেলা চাটিগাঁর এলাকার মধ্যে অর্থাৎ চাটিগাঁও ত্রিপুরা এবং বলুআ জিলার নানা মহালে থাটিবেক না। ঐই জিলার মহাল নালাম করণের নিরূপিত দিবদ ঐ এলাকার কমিদানর দাহেবের ছকুমক্রমে পূর্বে প্রকাশ হইয়াছে। দদর বোর্ড রেবিনিউর ১৮৪২ দালের ২২ জানুআরির দরকুলের অর্ডর।

- ৬। আরো ইহাতে ত্রুম হইল যে ইস্তমরারী জমা যেং জিলাতে ধার্য হয় নাহি দেইং জিলায় এবং সুবে বারাণদে ভূমির রাজস্বের বাকীর অথবা সরকারের অন্য দাওয়ার নিমিক্ত নীলাম করিতে হইলে প্রত্যেক নীলামের বিষয়ে সদর বোর্ড রেবিনিউর বিশেষ অনুমতি পুর্বের্ব প্রাপ্ত না হওয়া গেলে কোন নীলাম হইবেক না ইতি।—১৮৪১ সা। ১২ আ। ৪ ধা।
- 9। এব প্ইহাতে হুকুম হইল যে যেপ্রকার দন ধরিয়া কোন মহালের বন্দোবস্ত ও কিন্তিবন্দা হইয়াছিল দেই দনের কোন মাদের সমুদয় কিন্তা অথবা কিন্তার কতক অপশ দে বৎদরের তৎপর মাদের প্রথম তারিথে যদিনা দেওয়া যায় তবে ঐ না দেওয়া টাকা রাজ্যের বাকী জ্ঞান হইবেক ইতি।

  —১৮৪১ দা। ১২ আ। ৫ ধা।
- ৮। আরো ইহাতে হকুম হইল যে পশ্চাৎ লিখিত বর্জিত বিষয়ব্যতি-রেকে নীলামের নিরূপিত দিবদের পূর্ব্ব দিবদ দূর্যাস্ত্রদময়ে যে দকল ভূমির মালগুজারী বাকী থাকে তাহা ঐ নিরূপিত দিবদে অথবা পশ্চাৎ লিখিতমতে তাহার পর দিবদ বা দিবদদকলে কালেক্টর দাহেবের অথবা নীলামের বিষয়ে কালেক্টর দাহেবের যে ক্ষমতা আছে দরকারহইতে দেই ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের দাক্ষাৎ নীলামে ধরা যাইবেক এবং যে ব্যক্তি অধিক ডাকে তাহাকে বিক্রেয় করা যাইবেক। এবং নীলামের নিরূপিত দিবদের পূর্ব্ব দিবদ দূর্যান্ত দময়ের পর থাজানার টাকা দেওয়া গেলে অথবা দিবার প্রন্থাব হইলে তাহাতে ঐ নীলামের দময়ে অথবা তাহার পরে নীলামের নিবারণ অথবা প্রতিবন্ধক হইবেক না ইতি।—১৮৪১ সা। ১২ আ। ৬ পা।
- ১। ১৮৪১ সালের ১২ আইনের ৬ ধারার বিধির উপলক্ষে সদর বোর্ডের সাহেবের। হুকুম করিতেছেন যে রাজস্বের কমিস্যানর সাহেব আপনার এলাকার কালেক্টর সাহেবদিগকে এমত হুকুম করিবেন যে যে জিলার মধ্যে কোন মহাল থাকে তাহাছাড়া অন্য
  জিলার থাজানাখানায় যে ব্যক্তিরা আপনারদের খাজানা দেয় তাহারদিগকে ইহা জানান্
  যে যে খাজানাখানায় টাকা দাখিল করে ভাহার কালেক্টর সাহেবের টাপ অথবা চালান
  কি রসীদ লইয়া যে জিলার মধ্যে ভাহারদের মহাল থাকে ভাহার খাজানাখানায় নীলামের নিরূপিত দিবসের পূর্ব্ব দিবসে কি ভাহার পূর্ব্বে দাখিল করে অবং আপনারদের জিলার
  খাজানাখানায় পূর্ব্বাক্ত দিবস বা ভাহার পূর্ব্বে দাখিল করিলে এবং আপনারদের জিলার

খাজানাখানায় ঐ খাজানার রসাদ না দেখাইলে ভাহারদের জ্মীসারীর নীলাম রহিত হই-বেক না। সদর বোর্ড রেবিনিউর ১৮৪২ সালের ২৩ ফেব্রুআরির সর্বুলর অর্ডর।

- ১০। ১৮৪১ সালের ১২ আইনমতে জুমি নীলাম করিবার অচিক্রিত ডেপুটী কালেক্টরের ক্ষমতার বিষয়ে গবর্ণমেন্টের জিজাদা করাতে বোর্ডের যে মত গত জুন মাদের ৬ তারিখের ২০৭ নম্বরী দদর বোর্ডের দেক্রেটারীর পত্রে লেখা ছিল সেই পত্রের সম্পর্কে বাঙ্গলা দেশের জীযুত ডেপুটী গবর্নর দাহেব অকুম করিতেছেন যে দেই বিষয়ে উত্তর কালে নীচের লিখিত বিধানমতে কর্মা করা যায়। সদর বোর্ড রেবিনিউর ১৮৪২ সালের ২৪ অক্টোররের সরক্যুলর অর্ডরের ১ দ্ব্রু।।
- ১১। প্রত্যেক গতিকে গবর্ণমেন্টের অনুমতি পাইবার সময় থাকিলে গবর্ণমেন্টের বি-শেষ অনুমতি না পাইলে অচিছিত কোন ডেপুটী কালেক্টর ভূমি নি লাম করিতে পারিবেন না। যে ডেপুটী কালেক্টরকে ঐ কার্য্যের নিমিত্ত পদল করা গিয়াছে ভাঁহার নাম ঐ অনুমতি পাইবার দর্থান্তে লেখা থাকিবেক এবং যদি ঐ জিলার মধ্যে কএক জন ডেপুটী কালেক্টর থাকেন্ তবে যে কারপে ঐ ব্যক্তিকে পদল করা গিয়াছে তাহা ঐ দর্খান্তে লেখা থাকিবেক। সদর বোর্ড রেবিনিউর ১৮৪২ সালের ২৪ অক্টোবরের সর্কুলের অর্ডরের ২ দফা।
- ১২। যদি আবশ্যক গতিকে কমিস্যনর সাহেব কি অত্যাবশ্যক গতিকে কালেক্টর সাহেব বোধ করেন্ যে উপরিস্থ কার্য্যকারকেরদের অনুমতি না লইয়া ১৮৪১ সালের ১২ আইনের ৬ ধারানুসারে ভূমি নীলাম করিতে ডেপুটী কালেক্টরকে ক্ষমতা না দিলে নয় তবে গবর্ণমেন্টে তাতা মঞ্জুর হওনের নিমিত্ত উপযুক্ত কার্য্যকারকের দ্বারা ঐ বিষয়ের রি॰পোর্ট তৎক্ষণাথ করিতে ত্তীবেক। সদর বোর্ড রেবিনিউর ১৮৪২ সালের ২৪ অক্টোবরের সরক্যুলর অর্ডরের ও দফা।
- ১৩। এব॰ ইহাতে ত্কুম হইল যে মালগুজারীর কমী বা মাফ হওনের বিষয়ে যে কোন দাওয়া থাকে তাহা যদি দরকারের হকুমানুদারে মঞ্জুর না হইয়া থাকে তবে ঐ দাওয়ার দ্বারা অথবা দরকারের স্থানে বাকীদারের কোন দাওয়ার দারা কিয়া দরকারের দহিত মোকদ্দমা করণের কোন কারণ বা অনু-মানহওয়া কোন কারণের দ্বারা ঐ নীলাম নিবারণ হইতে পারিবেক না এবং তৎপ্রযুক্ত এই আইনানুসারে হওয়া নীলাম অসিদ্ধ হইতে পারিবেক না কিয়া অসিদ্ধ ইইবার যোগ্য হইবেক না। এব প্যাহাতে বাকীপড়া টাকা অথবা তাহার কোন ভাগ প্রচুরমতে পরিশোধ হইতে পারে এমত বাকীদারের টাকা কালেক্টর সাহেবের হাতে আছে এই ওজরে নীলাম নিবারণ হইতে পারি-বেক না কিয়া এই আইনানুসারে হওয়া নীলাম অসিদ্ধ বা অসিদ্ধ হইবার যোগ্য হইতে পারিবেক না। কিন্তু যদি ঐ টাকা বিনাবিরোধে কেবল বাকী-দারের নামে লেথা থাকে এব ে যদি বাকীদার উপযুক্ত সময়ের মধ্যে দর্থাস্ত করিলে পর কালেক্টর দাহেব ঐ টাকা ঐ মহালের নামে জমা করিতে ত্রুটি করিয়াছিলেন অথবা অপুচুর কারণেতে তাহা অস্বীকার করিয়াছিলেন তবে তাহাতে নীলাম নিবারণ হইতে পারে এব এই আইনক্রমে হওয়া নীলাম রদ হইতে বা রদ হইবার যোগ্য হইতে পারে ইতি।—১৮৪১ সা। ১২ আ। न था।
- ১৪। কিন্তু ইহাতে ত্কুম হইল যে এক এত্তেলানামাতে বাকী টাকার অথবা দাওয়ার প্রকার ও দং-থ্যা বিশেষরূপে জিলার চলিত ভাষায় লেথাইয়া নীলামের তারিথঅপেকা সমপূর্ণ পনের দিনের কম না হয় এত পুর্বের ঐ এত্তেলানামা কালেক্টর সাহেবের কি উক্তমত ক্ষমতাপর অন্য যে কোন

কার্যকারকের দারা নালাম হইবেক তাঁহার কাছারীতে এব ইশৃতিহারহওরা ভূমি যে জজ সাহেবের এলাকায় থাকে সেই সাহেবের কাছারীতে ও জিলার সমস্ত প্রধান সদর আমান এব সদর আমান ও মুনসেফদিগের কাছারীতে এব এল্ডেলানামাসম্পর্কীয় জমাদারী বা জমাদারীর অ শ যে পোলীসের এলাকায় থাকে সেই এলাকার পোলীসের থানায় এব জমাদারীর মালের কাছারীতে কি জমাদারীতে সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে লট্কাইয়া না দেওয়া গেলে নীচের লিথিত প্রকার বাকী বা দাওয়া আদায় করণের কারণ কোন জমাদারী নীলাম হইবেক বা। উক্ত যেহ কার্যকারকের কাছারীতে ঐ এভেলানামা ঘোষণা হয় তাঁহারা একহ রসাদ দিয়া ঐ ঘোষণাহওয়া জ্ঞাত করিবেন এব জমাদারীতে প্রকাশ হওনের প্রমাণ ঐ কর্মে নিযুক্ত পেরাদা বা অন্য ব্যক্তি দিবেক। এব এব এভেলাতে ইহা জ্ঞাত করা যাইবেক যে নীলামের নিরূপিত দিবসের পূর্ব্ব দিন সূর্য্যান্তের পর বাকী বা দাওয়ার টাকা দেওয়া গেলে বা দিবার প্রস্তাব হইলে তাহাতে নীলামের সময়ে বা তাহার পরে নীলামের নিবারণ বা ব্যাঘাত হইতে পারিবেক না ইতি।— ১৮৪১ সা। ১২ আ! ৮ ধা।

১৫। উত্তর পশ্চিম দেশের সদর দেওয়ানী আদালতের সাহেবদিগকে জানান গিরাছে যে এক জন জজ সাহেব ১৮৪১ সালের ১২ আইনের ৮ ধারার নির্দিষ্ট নীলামের এতেলা কালেক্টর সাহেবের স্থানে পাইয়া তাহা অধীন আদালতে তৎক্ষণাৎ পাঠান্ নাই এবং দেই বিলম্বপ্রযুক্ত র্বাকী মালগুজারীর নিমিত্তে যে নীলামের প্রকুম ছিল তাহা মৌকুফ হইল অভএব সদর আদালতের সাহেবেরা দেওয়ানী আদালতের সাহেবদিগকে প্রকুম করিতেছেন যে উক্ত আইনের নির্দিষ্ট নীলামের এতেলা অধীন আদালতে পাঠাওন এবং কাছারীতে লট্লাওন এবং তাহা প্রাপ্ত হওনের সর্চিফিকট দেওনের বিষয়ে অভিশয় তাকীদ করেন্ এবং কোন প্রকার বিসম্ব হইতে না দেন্। ১৮৪২ সালের ২ ডিসেয়রের সরক্যুলর অর্ডরের ১ দফা।

১৬ ব জজ সাহেব আপন অধীন আদালতের বিচারকদিগকে এই সরক্যুলর অর্ডরের বিষয়ে মনোযোগ করাইবেন। ১৮৪২ সালের ২ ডিসেম্বরের সরক্যুলর অর্ডরের ২ দফা।

১৭। ইস্তমরারী জমা ধার্যা না ছওয়া জমীদারীর বাঁকী অথবা দেইরপে জমীদারী নীলামের দারা যে বাকী আদায় করিতে হয় তাহা।—১৮৪১ সা। ১২ আ।৮ ধা।১ প্র।

১৮। হালের অথবা তাহার পূর্ব্ব বংসরের ছাড়া বাকী।—১৮৪১ সা। ১২ আ।৮ ধা।২ পু।

১৯। যে জমীদারী বিক্রেয় হইবেক তাহাছাড়া অন্য জমীদারীর বাকী।— ১৮৪১ সা। ১২ আ।৮ ধা। ৩ প্র।

২০। আদালতের কার্যাকারকেরদের হৃতুমক্রমে যে মহাল ক্রোক হই-রাছে তাহার বাকী।—১৮৪১ না। ১২ আ।৮ধা। ৪ প্র।

২১। তাগাবী বা পুলবন্দীর বিষয়ে পাওনা বাকী টাকা অথবা অন্য যে কোন দাওয়া ভূমির রাজস্বের বিষয়ে না হইয়া ভূমির রাজস্বের বাকী আদায় করণের নিয়মানুসারে আদায় হইতে পারে তাহা।—১৮৪১ সা। ১২ আ। ৮ধা। ৫ পু।

২২। এব॰ ইহাতে তুকুম হইল যে নীলামের নির্নপিত দিবদের পূর্যে দিবদ সূর্যান্তের পুর্বে কোন সময়ে বাকীপড়া জমীদারীর মালিকবাতিরিক অন্য কোন ব্যক্তির স্থানে ঐ জমীদারীর বিষয়ে পাওনা মালগুলারীর বাকী টাকা কালেক্টর সাহেব আমানংস্বরূপ লইতে পারেন্ এব প যদি সূর্যাস্তের পূर्क्स थे जमीमातीत मानिक थे वाकी होका शतिसाध ना कतिया थारिक छत्व ঐ আমানতী টাকা দূর্যান্তসময়ে ঐ জমীদারীর হিসাবে জমা করিবেন। যে ব্যক্তির ঐ আমানৎকরা টাকা পূর্ব্বোক্তমতে জমীদারীর হিদাবে জমা করা যায় সেই ব্যক্তি যদি ঐ জমীদারী কি তাহার কোন অংশের দথল পাই-বার নিমিত্ত দেওয়ানী আদালতে উপস্থিতথাকা কোন মোকদ্মায় ফরিয়াদী হয় তবে যে জিলার মধ্যে ঐ জমীদারী থাকে তাহার জজ সাহেব আপেলাও ও আসামীর স্থানে জামিন লওনের চলিত বিধি বহাল রাখিয়া ঐ জমীদারী কিছু কালের নিমিত্ত উক্ত ব্যক্তিকে দখল দেওয়াইতে হুকুম করিতে পারেন। এব থ ব্যক্তির ঐ আমানৎকরা টাকা পূর্ফ্রোক্তমতে জমা করা গিয়া থাকে দে ব্যক্তি যদ্যপি কোন ক্ষমতাপন্ন দেওয়ানী আদালতে এমত প্রুমাণ দিতে পারে যে ঐ জমীদারীতে আমার যে সম্পর্ক তাহা নীলামের দারা বিষ্ণু বা ক্ষতি হইতে পারিত অভএব তাহা বজায় রাথিবার নিমিন্ত আমি টাকা আমানৎ করিয়াছি তবে দে ঐ আমানতী টাকা সুদদমেত ঐ জমীদারীর মালিকের স্থানে আদায় করিতে পারিবেক ইতি।—১৮৪১ সা। ১২ আ। ১ ধা।

২৩। আরো ইহাতে ভ্রুম হইল যে কোর্ট ওয়ার্ডদের দাহেবদিণের তাবে জমীদারী থাকনসময়ে যে মালগুজারী বাকী পড়ে তাহা আদায়ের নিমিত্ত ঐ জমीनाती नीलाटमत (याता) इहेरवक ना। अव॰ (य जमीनाती अक कि उर्जाधिक নাবালকমাত্রেরি সমুন্তি হয় এব ে উত্তরাধিকারি বুক্রমে তাহারি বা তাহার-দেরি অশিয়াছে এব ে তাহার বিষয় কোট ওয়ার্ডদের বিজ্ঞাপনের নিমিত্ত কালেক্টর সাহেবকে জ্ঞাত করা গিয়াছিল কিন্তু ১৮২২ সালের ৬ আইন-ক্রমে কোর্ট ওয়ার্ডসের সাহেবেরা তাহার তত্ত্বাবধারণের ভার লন্ নাহি ঐ জমীদারী তাহার বা তাহারদের উত্তরাধিকারিত্বকমে হওনের পর তাহাতে যে মালপ্তজারী বাকী পড়ে তাহা আদায়ের নিমিত্ত ঐ এক কি ততোধিক নাবালক कि डाशातरमत कान अक जन मम्पूर्व असीमन वर्षवयक्क ना श्वराशधास বিক্রয় ছইবেক না। এব॰ রাজস্বের কার্য্যকারকেরা আদালতের ভ্কুমব্যতি-রেকে অন্য কোন প্রকারে যে কোন জমীদারী ক্রোক করেন ভাছা ক্রোক থাকনসময়ে বাকীপড়া মালগুজারীর নিমিত্তে নীলামের যোগ্য হইবেক না। এব যে জমীদারী আদালতের তৃত্ব্যক্রমে রাজস্বের কার্য্যকারকের স্বারা ক্ৰোক হইয়া থাকে তাহাতে ক্ৰোক থাকনসময়ে যে মালগুজারী বাকী পড়ে ভাছা আদায়ের নিমিন্ত যে বৎদরে ঐ বাকী পড়িল দেই বৎদরের শেষ না इहेल थे जमीनाती विक्य इहेरवक ना हेजि।->৮৪> मा। >२ जा। >० धा।

१८। এব॰ ইহাতে হকুম হইল যে কোন জমীদারীর নীলাম আরম্ভ হওনের পুর্যে কোন সময়ে কালেক্টর সাহেব ঐ জমীদারীর নীলাম ক্ষমা করি-তে পারেন। এব॰ সেই প্রকারে জমীদারীর নীলাম আরম্ভ হওনের পুর্যে কোন সময়ে রাজস্বের কমিসানর সাহেব কালেক্টর সাহেবকে প্রত্যেক গতিকে বিশেষ আজ্ঞা দিয়া ঐ জমীদারীর নীলাম ক্ষমা করিতে পারেন। এব॰ কোন জমীদারীর বিষয়ে ক্ষমার হকুম প্রাপ্ত হওনের পর সেই জমীদারী নীলাম হইলে তাহা সিদ্ধ হইবেক না। কিন্তু এই ধারাক্রমে হকুম হইল যে এইরপা ক্ষমা করণের কার্ণ কালেক্টর সাহেব অথবা কমিসানর সাহেব রীতিমত এক

কৃবকারীতে লিখিবেন। কিন্তু যদ্যপি নীলাম ক্লমা করণের ঐ হকুম কালেক্টর লাহেবের নিকটে পঁহছনের পুর্বে নীলাম হইয়া গিয়া থাকে তবে কমিসানর লাহেব নীলাম ক্লমার যে হুকুম পাচাইয়াছিলেন তাহার দ্বারা ঐ নীলাম অসিদ্ধ হইবেক না ইতি।—১৮৪১ সা। ১২ আ। ১১ ধা।

২৫। এবং ইহাতে হকুম হইল যে কালেক্টর লাহেবের অথবা লরকারহইতে নীলাম করণের ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্যাকারকের দারা জিলার লদর
মোকামে ভূমির রাজস্বের কাছারীতে নীলাম লামান্যতঃ হইবেক কিন্তু যথন
ভূমিসমুর্গীর ব্যক্তির পক্ষে উপকারক বোধ হয় তথন লদর বোর্ডের লাহেবেরা
ঐ কাছারীভিন্ন অন্য কোন স্থানে নীলাম করণের হকুম দিতে পারেন্ ইতি।
১৮৪১ লা। ১২ আ। ১২ ধা।

২৬। আরো ইহাতে হকুন হইল যে পুর্বোক্তমতে নীলামের নির-পিত দিন উপস্থিত হইলে যদ্যপি কালেক্টর সাহেব কি উক্তমত ক্ষমতাপন্ন আন্য কার্যাকারক পীড়া কি পর্ব অথবা অন্য কোন কারণপ্রযুক্ত নীলাম আর্ম্ব করিতে না পারেন্ কিয়া আরম্ভ করিয়া যদ্যপি কোন কারণপ্রযুক্ত তাহা শেষ করিতে না পারেন্ তবে তাহার পর দিবস রবিবার না হইলে অথবা অন্য কোন পর্যনিমিক্তক বন্দের দিন না হইলে পর দিনপর্যান্ত ঐ নীলাম বিলম্ব করিতে পারেন্। এবং ঐরপ বিলম্ব করণের কারণ ক্ষবকারীতে লি-থিয়া তাহার নকল রেবিনিউর কমিস্যানর সাহেবের সমাপে পাচাইবেন ও ঐ বিলম্ব করণের সমাচার ইশ্তিহারনামাতে লেথাইয়া আপন কাছারীতে লট্কাইয়া সকলকে জানাইবেন। এবং এইরপে যেপর্যান্ত ঐ নীলাম আরম্ভ করিতে অথবা তাহা শেষ করিতে না পারেন্ সেইপর্যান্ত দিনদিন এপ্রকার কর্ম্ম করিবেন কিন্তু যদি এরপে নীলামের বিলম্ব না হয় ও তাহা ক্রবকারীতে না লেথাযায় এবং তাহার সম্বাদ না দেওয়া যায় তবে নীলামের উক্তমত নির্বাপত দিবদেই প্রত্যেক নীলাম নিয়ত হইবেক ইতি।—১৮৪১ সা। ১২ আ। ১০ ধা।

২৭। এবং ইহাতে হকুম হইল যে এই আইনের ৩ ধারার নীলামের নিরুপিত দিনে নীলাম একাদিক্রমে হইবেক অর্থাৎ নীলাম করিতে নিশ্চয়হওয়া যে জমীদারী ঐ জিলার তৌজীতে অথবা কালেকুটর সাহেবের কাছারীতে ব্যবহৃত রেজিউরের শেষ নম্বরে থাকে তাহা নীলামে প্রথম ধরা যাইবেক 
এবং ঐমতে একাদিক্রমে নীলাম হইবেক। এবং ঐ নম্বর অর্থাৎ সংখ্যার 
ক্রম ব্যতিক্রম করিয়া কোন জমীদারী নীলামে ধরিয়া দিতে কোন কালেক্টর 
সাহেবের কি উক্তমত ক্রমতাপন্ন কোন কার্যাকারকের ক্রমতা নাহি ইতি।
১৮৪১ সা। ১২ আ। ১৪ ধান

২৮। আরো ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্তনতে জমীদারী নীলাম হইলে যে ব্যক্তি ঐ জমীদারীর থরীদার নির্দ্ধারিত হয় সেই ব্যক্তি তৎক্ষণাথ অথবা নীলাম শেষ হওনের পর কালেকটর সাহেব যত শীঘু আবশ্যক বোধ করেন তাহার মধ্যে আপন ডাকের সংখ্যার চতুর্থাংশ টাকা নগদ কি বাঙ্গাল ব্যাস্ক্র নোট অথবা ঐ ব্যাক্কের পোট বিল কিয়া দাঁড়ামত দস্তথংকরা কোয়া-নির প্রোমিসরি নোট বায়নাম্বরুপ দিবেক এবং ঐ বায়নার টাকা না দিলে ঐ জমীদারী তৎক্ষণাথ নীলামে ধরা গিয়া বিক্রেয় হইবেক ইতি।—১৮৪১ সা। ১২ আ। ১৫ ধা। ২৯। সদর বোর্ড রেবিনিউর ছকুমক্রমে কমিস্যনর সাহেবকে আদেশ হইল যে তিনি আপন এলাকার কালেক্টর এবং স্থাধীন তেপুটী কালেক্টর সাহেবদিগকে ইহা জানান্ যে ১৮৪১ সালের ১২ আইনের ১৫ ধারানুসারে তাঁহারা কোন প্রোমিসরি নোট আমানং- যক্রপ লইলে তাহার এইমত মুল্য ধরিতে হইবেক যে তাহা বিক্রের হইলে যত টাকার নিমিত্ত আমানং হইয়াছিল তত্ত্বলা টাকা পাওয়া যাইতে পারে। কালেক্টর সাহেবেরা অবশ্যই অবগত আছেন্ যে আইনমতে গবর্গমেটের কে:ন প্রোমিসরি নোট কোন ভূমির মূল্য টাকা অথবা অন্য কোন সরকারী দাওয়া পরিশোধ করণের নিমিত্তে লওয়া যাইতে পারে না কিন্তু যে টাকা পরিশোধ করিতে হইবেক সেই টাকা উপযুক্ত সময়ে দেশের চলিত মুদ্যুতে দেওনের বিষয়ে ঐ নোট কেবল আমানংখরপ লওয়া যাইবেক। ১৮৪২ সালের ২৭ আপ্রিলের সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

এব ে ইহাতে ভ্কুম হইল যে ক্রেতা যে দিবদে জমীদারী থরীদ করে দেই দিবদের পর ত্রিপশন্তম দিন সূর্য্যান্তের পূর্ব্বে তাহার মূল্যের সমু-मय **টोको थे थरोमादित मिर**ङ इहैरवक। अवे॰ यि मिर्नेटम नीमाप्त इहेग्रा थार्कि তাহা ঐ ত্রি॰ শত্তম দিনের এক দিন গণ্য হইবেক। যদি ঐ ত্রি॰ শত্তম দিবদ রবিবার বা অন্য কোন পর্বনিমিত্তক বন্দের দিন হয় তবে ত্রিৎশত্তম দিবসের পর যে প্রথম দিবদে কাছারীতে কার্য্য হয় সেই দিবদে দমুদয় টাকা দিতে হই-বৈক। এবং যদি পুর্বোক্তমতে নিরূপিত দিবদে টাকা দিতে ত্রুটি করে তবে দেই সময়ে এবং তৎপরে যতবার ক্রটি হয় ততবার বায়নার টাকা সরকারে मं असंज्ञ भ ल अ सा या है रेवक अव ० अ जभी माजी भून स्वात नी नाम हहे रवक अव ० ক্রটিকারি ক্রেতার ঐ জনীদারীর উপর অথবা পশ্চাৎ তাহা যত টাকায় বিক্রয় হয় তাহার কোন অংশের উপর কোন দাওয়া থাকিবেক না। এবং যে নী-লাম শেষে দিদ্ধ হয় তাহাতে যদ্যপি পুর্ব্বোক্ত ত্রুটিকারি ডাকনিয়া যে মূল্যে ভাকিয়াছিল তাহাহইতে কম মূল্য হয় তবে যত কম হয় তাহা সরকারী মীল-গুজারী আদায়ের নিমিত্ত যে২ হুকুম নির্দিষ্ট আছে তাহার কোন এক হুকুম-গতে তাহার স্থানে আদায় হইবেক এব ে ঐ টাকা দেইরপে আদায় হইয়া বিক্রাহওয়া জমীদারীর বাকীদার মালিকের নামে জমা হইবেক এব ে যদি এক বারের অধিক থরীদের টাকা দেওনে ত্রুটি হয় তবে ত্রুটিকারি ডাকনি-য়ার। প্রত্যেক জন যত ডাকিয়াছিল তাহার সংখ্যাপর্যান্ত ঐ কমী টাকার বি-ষয়ে তাহারা দাধারণের এবপ একেং দায়ী হইবেক কিন্তু এইরূপ যতবার পুনর্নীলাম হয় তাহা এই আইনের ৮ ধারার নির্দারিত এতেলা ও নিয়মানু-দারে করা যাইবেক ইতি।—১৮৪১ সা। ১২ আ। ১৬ খা।

৩১। বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের প্রীযুত সেক্রেটারী সাহেবের নিকটে সুপ্রিম গবর্ণ-মেন্ট গত মানের ৫ তারিখে যে পত্র লিখিলেন তাহাতে এই বিধান করিলেন যে ১৮৪১ সালের ১২ আইনানুসারে কোন মহাল নীলাম হইলে পর যদি পরীদার ঐ আইনের ১৬ ধারার নির্দিন্টমতে খরীদের টাকা দাখিল করিতে ফ্রটি করে তবে কালেক্টর সাহেবের উচিত যে ঐ মহাল পুনর্কার নীলাম করেন। এবং পুনর্কার এইক্রপ নীলাম না হইবার নিমিত্তে তিনি বাকীদার ভুয়াধিকারির স্থানে বাকী মালওজারী লইতে পারেন্ না। পুনর্কার নীলামের এক্তেলা ঐ আইনের ৮ ধারার নির্দিন্ট পাঠানুলারে দিতে হইবেক কিন্ত

<sup>\*</sup> ফিনান্সিয়াল ডিপার্টমেটে ভারতবর্ষের গ্রণ্মেন্টের ১৮৪২ সালের ২৩ মার্চ ভারি-থের ছকুম।

বাকী মালগুজারী দেওনের বিষয়ের কোন কথা তাহার মধ্যে লেখা থাকিবেক না। ১৮৪২ সালের ৭ সেপ্টেম্বরের সদর বোর্ড রেবিনিউর সরকালর অর্ডরের ১ দফা।

- ৩২। সদর বোর্ড রেবিনিউর সাহেবের। ছকুম করিতেছেন যে কমিসানর সাহেব আপন এলাকার প্রত্যেক কালেক্টর সাহেবের নিকটে এই পত্রের এক নকল তাঁহারদের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে পাঠান্। সদর বোর্ড রেবিনিউর ১৮৪২ সালের ৭ সে-প্টেম্বের সরকালর অর্ডরের ২ দফা।
- ৩৩। আরো ইহাতে ছকুম হইল যে পুর্বোক্তমতে কোন জনীদারী বিক্রা হইলে কালেক্টর সাহেব অথবা উক্তমত ক্ষমতাপন্ন কোন কার্য্যকারক আপন কাছারীতে এব॰ তৎপরে যত শীঘু হইতে পারে যে মুনদেফ ও পোলাদের দারোগার এলাকা বা এলাকাসকলের মধ্যে ঐ জমীদারীর কোন অংশ থাকে তাঁহারদের কাছারীতে এবং ঐ জমীদারীর মালগুজারের কাছারীতে অথবা ঐ জমীদারীর মধ্যে সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে ঐ জিলার চলিত ভাষায় লেখা এক ইশৃতিহারনামা লট্কাইয়া দেওয়াইবেন। ঐ ইশ্তিহারনামাতে ঐ জমীদারীর রাইয়ত ও পাটাদার প্রজাদিগের প্রতি এই হকুম হইবেক যে ইশ্তিহারের লিথিত তারিওঅবধি এই আইনের পশ্চাথ লিথিত ২১ ধারার নিরূপিত ইশ্তিহারের তারিথপায়ন্ত যে থাজানা দেনা হয় তাহারা তাহা না দেয় এবং ঐ দুই তারিথের মধ্যে তাহারা যত থাজানা দেয় তাহা জমীদারীর ক্রেতার হিসাবে তাহারদের নামে জমা হইবেক না ইতি।—১৮৪১ সা। ১২ আ। ১৭ ধা।
- এব ে ইহাতে হুকুম হইল যে এই আইনানুসারে যে কোন নী-লাম হয় তাহার উপর আপীল যদি রাজম্বের কমিস্যানর সাহেবের নিকটে ১৬ ধারার অনুসারে হিসাব করিয়া নীলামের তারিথঅবধি পঞ্চদশ দিবদে বা তাহার পূর্ব্বে করা যায় অথবা যদ্যপি কমিস্যনর সাহেবের নিকটে প্রেরণ হও-নের নিমিত্ত নীলামের দিবসের পর দশম দিবসে বা তাহার পূর্ব্বে কালেক্-টর সাহেবের নিকটে করা যায় তবে রাজস্কের কমিস্যনর সাহেব ঐ আপীল লইতে পারেন্ নতুরা লইতে পারেন্ না এব^ এইরূপে আপীল হইলে যদি কমিদ্যানর দাহেব বোধ করেন্ যে এই আইনানুদারে হওয়া কোন জমীদারীর नीनाम এই আইনের विधिमण्ड निक्षांश श्य नाशि उति मिरे नीनाम तम किति-তে পারেন্ এব ে যদি ভূমাধিকারির ত্রুটিপ্রযুক্ত নীলাম হইয়া থাকে তবে এরীদারের ক্ষতিপুরণের নিমিত্ত তাহার উপযুক্ত টাকা দিতে ভূম্যধিকারিকে হুকুম দিবেন। ঐ ক্ষতিপুরণের টাকা কালেক্টর দাহেবের কাছারীতে যে আ-মানতা টাকা কিয়া এরাদের অবশিষ্ট টোকা যত কাল গচ্ছিত ছিল তাহার উপর গ্রর্ণমেন্টের চলিত প্রোমিস্রি নোটের সুদঅপেক্ষা অধিক হইবেক না। এব । এইমন্ত গতিকে কমিদ্যানর দাহেবের ত্কুম চূড়ান্ত হইবেক ইতি।— ১৮৪১ मा। ३२ ज्या ३৮ था।
- ৩৫। এবং ইহাতে হুকুম হইল যে রাজস্বের কমিদ্যনর দাহেব যদ্যপি
  এইমত বোধ করেন্ যে নীলাম করণেতে অতিকচিন ব্যবহার বা অন্যায় হইয়াছে তবে আপীলের চূড়ান্ত হুকুম দেওয়া স্থানিত রাখিতে পারেন্ এবং দেই
  বিষয় দদর বোর্ড রেবিনিউর দাহেবদিগকে জানাইতে পারেন্ এবং তাঁহারা
  উপযুক্ত কারণ দেখিলে তথাকার গ্রন্মেণ্টকে নীলাম অন্যথা করিতে পরামর্শ দিতে পারেন্ এবং তথাকার গ্রন্মেণ্ট এমত গতিকে ঐ নীলাম রাহত
  করিতে এবং যে নিয়ম তাঁহার যথার্থ ও উচিত বোধ হয় দেই নিয়মে ঐ

জমীদারী মালিককে ফিরিয়া দেওয়াইতে পারেন্ ইতি।—১৮৪১ সা। ১২ আ। ১১ধা।

৩৬। আরো ইহাতে হ্কুম হইল যে যে সকল নীলামের ধরীদের টাকা এই আইনের ১৬ ধারার নিরুপিতমতে দেওয়া গিয়াছে এব॰ তাহার উপর আপীলের কোন প্রস্তাব হয় নাই সেই সকল নীলাম নীলামের দিবসের পর ত্রি॰ শত্তম দিবল দুই প্রহরের সময়ে চূড়ান্ত ও সিদ্ধ হইবেক। ঐ নীলামের দিবল ত্রি॰ শত্তম দিবলের প্রথম দিবল গণ্য হইবেক। এব॰ যে নীলামের উপর আপীল হইয়াছে এব॰ ঐ আপীল কমিসানর সাহেবের দ্বারা জিলমিল হইয়াছে যদি নীলামের দিবসের পর ত্রিশ দিবসের অধিক হইলে তাহা ডিসমিল হয় তবে ঐ জিলমিসের তারিথঅবিধি তাহা চূড়ান্ত ও সিদ্ধ হইবেক এব॰ যদি ত্রিশ দিবসের কমে ডিসমিল হয় তবে পুর্ব্বোক্তমতে ত্রি॰ শত্তম দিবল দুই প্রহরের সময়ে তাহা চূড়ান্ত ও সিদ্ধ হইবেক ইতি।—১৮৪১ সা। ১২ আ। ২০ ধা।

৩৭। এব° ইহাতে ত্কুম হইল যে কোন নীলাম চূড়ান্ত এব° নিদ্ধ হই-বামাত্র কালেক্টর সাহেব অথবা কালেক্টর সাহেবের ক্ষমতাপন্ন অন্য কোন কার্য্যকারক নীচের লিথিত পাচানুসারে ক্রেতাকে অধিকারের সটিফিক্ট অর্থাৎ নিদর্শনপত্র দিবেন।

আমি অমুক জ্ঞাপন করি যে অমুক ব্যক্তি ১৮৪১ সালের ১২ আইনক্রমে অমুক মহাল নালামে থরাদ করিয়াছে এবং তাহার থরাদ অমুক মানের অমুক তারিথঅবধি অর্থাৎ নালামের দিবস এবং তাহার পরঅবধি আমলে আদিবেক।

অমুক কালেক্টর ।

এবং ঐ নির্দিষ্ট তারিথঅবধি নিদর্শনপত্রের লিথিত ব্যক্তি বা ব্যক্তিরদের বিক্রয়হওয়া জমীদারীতে অধিকার হইয়াছে ইহার প্রচুর প্রমাণ সকল আদা-লতে উক্ত নিদর্শনপত্র জ্ঞান হইবেক। এব > কালেক্টর সাহেব ঐ জমীদারী থারিজ দাথিল হওনের কার্য্য এক লিথিত ইশ্তিহারের দারা আপনার কাছা-वोट्ड अव॰ य मृनत्मक ও मार्ताभाव अनाकांत्र माथा विक्रयम् अमानातीत কোন ভাগ থাকে তাঁহারদের কাছারীতে এব ে জমীদারীর মালগুজারের কা-ছারীতে অথবা জমীদারীতে দকল লোকের দুর্ফিগোচর কোন স্থানে প্রকাশ করিবেন। এব॰ নীলামের দিবদে যে সকল টাকা বাকী ছিল তাহা থারীদের টাকা नहेश পরিশোধ করিবেন অথবা যদি পুনর্নীলামের দারা ঐ নীলাম শেষে সম্ভন্ন হয় তবে প্রথম নীলামের দিবদে যে টাকা বাকী ছিল তাহা পরি-শোধ করিবেন। দিতীয়তঃ ঐ জিলার সরকারী হিসাবে ঐ মহালের নামে যে সকল পাওনা লেখা থাকে তাহা পরিশোধ করিবেন। যদি কিছু টাকা অব-শিষ্ট থাকে তবে তাহা বিজ্ঞীত জমীদারীর রেজিষ্টরীহওয়া সাবেক মালিকের কি মালিকেরদের নামে আমানৎ রাখিবেন ও তাহারা দাওয়া করিলে তাহার-एवं इमीममुटके नीटवर निधिजमण के छोका मिरतन वर्षा यमानि विज्ञेज জমীদারীর অপশ ভিন্নং লেখা গিয়া থাকে তবে ঐ লিখিত অপশমতে তাহার-দিয়কে টাকা দিবেন কিন্তু যদ্যপি তাহার প্রত্যেক অংশ তিন্তরপে না লেখা প্রিয়া থাকে তবে তাহারদের সকলের দম্ভথৎকর। একি রদীদদৃটে মোট টাকা সমান্ত ভুমাধিকারিকে দিবেন। কিন্তু সরকারের সমন্ত বাকী এব ? পাওনা পরি-

শোধ করণের পর যদ্যপি থরীদের টাকার অবশিষ্ট যাহা থাকে তাহা বিক্রয়হওয়া মহালের মালিককে অথবা তাহার প্রতিনিধিকে দেওনের পুর্বে মহাজ্বনেরা অথবা কোন এক মহাজন ঐ মালিকের স্থানে আপনার পাওনা আছে
বলিয়া তাহার দাওয়া করে তবে প্রিদেপ্ট অর্থাৎ আদালতের ত্রুমভির এবং
ঐ কর্জের বিষয়ে আদালতের ডিক্রী জারী করণভির ঐ অবশিষ্ট টাকা ঐ দাওয়াদারকে দেওয়া যাইবৈক না এবং ক্রোক করণপুর্বেক তাহা ঐ ভূম্যধিকারিকে দিতে আটক হইবেক না। এবং যন্যপি ঐ থরীদের অবশিষ্ট টাকা উক্ত
কোন গতিকে আদালতের আজ্ঞাক্রমে ভূম্যধিকারির যথার্থ দেনা পরিশোধের
কারণ দেওয়া গিয়া থাকে এবং যদি তাহার পর ঐ নালাম অন্যথা করণের
ডিক্রী হয় তবে এইরপ দেওয়া টাকা ভূম্যধিকারী যেপর্যান্ত সুদ্দমেত ফিরিয়া
না দেয় সেইপর্যান্ত সে আপনার ঐ ভূমির দথল পাইবেক নাইতি।—১৮৪২
সা। ১২ আ। ২১ ধা।

৩৮। আরো ইহাতে হকুম হইল যে পূর্ব্বোক্ত মত সার্চিফিকটপ্রাপ্ত থরীদারকে বেদখল করিবার নিমিত্ত যদি এই বাবতে নালিশ করা যায় যে ঐ সার্চিফিকটপ্রাপ্ত থরীদারভিন্ন অন্য ব্যক্তির নিমিত্ত জমীদারী থরীদ হইয়া-ছিল কিন্তু আপোসের দ্বারা ঐ সার্চিফিকটপ্রাপ্ত ব্যক্তির নামে দেওয়া গিয়া-ছিল তবে থরচাসমতে নালিশ ভিদমিস হইবেক ইতি।—১৮৪২ সা। ১২ আ। ২২ ধা।

৩৯। আরো ইহাতে ত্রুম হইল যে কমিস্যার সাহেব যদ্যপি নীলাম অসিদ্ধ করেন্ তবে এই আইনের ২১ ধারায় যেরপ নীলাম সিদ্ধ ও চূড়ান্ত হও-নের সংবাদ দিতে ত্রুম আছে সেইরপ কালেক্টর সাহেব কি উপরের উক্ত-মত ক্ষমতাপল্ল অন্য কার্য্যকারক অসিদ্ধ হওনের সংবাদ সর্বত্র দিবেন। এবং ধারীদার যে বায়নার টাকা দাখিল করিয়াছিল ও ধারীদের যে অবশিষ্ট টাকা দিয়াছিল তাহা তৎক্ষণাৎ তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক এবং ঐ টাকা দাখিল করণের তারিথঅবধি তাহা ফিরিয়া দেওনের তারিথপর্যান্ত গ্রন্থনিটের চলিত প্রোমিসরি নোটের সকলহইতে উচ্চ সুদের হারানুসারে তাহা-কে সুন দেওয়া যাইবেক ইতি।—১৮৪১ সা। ১২ আ। ২৩ ধা।

৪০। এব॰ ইহাতে ত্কুম হইল যে মালপ্তজারীর বাকী আদায়ের নি-মিন্ত নীলামহওয়া জমীদারী যে ব্যক্তি থারীদ করিয়া মালিকের সার্টিফিকট পা-ইয়াছে সে ব্যক্তি নীলামের দিনের পর সরকারী মালপ্তজারীর যে সকল কিন্তী দের হয় তাহার দায়ী হইবেক কিন্তু যদ্যপি পুনর্নীলাম হয় তবে প্রথম নী-লামের দিবসের পরঅবধি মালপ্তজারীর যত কিন্তী দেয় হয় তাহার দায়ী থারীদার হইবেক ইতি।—১৮৪১ সা। ১২ আ। ২৪ ধা।

৪১। এবং ইহাতে ত্রুম হইল যে এই আইন জারী হওনের পর মালগুলারীর বাকীর নিমিত্ত অথবা অন্য যে কোন দাওয়া তাহার ন্যায় আদায় হইতে পারে তাহার নিমিত্ত যে নীলাম হয় তাহা কেবল এই হেতুতে কোন আদালতে অন্যথা হইতে পারে যে এ আইনের বিধির বিরুদ্ধ নীলাম হইয়াছিল। এবং যদি ঐ বিরুদ্ধ কর্মা এই আইনের ১৮ ধারাক্রমে ক্মিল্যনর লাহেরের নিকটে করা আপালেতে বিশেষরূপে লেখা ও নির্দিষ্ট না হইয়াছিল এবং এই আইনের ২০ ধারার নির্দিষ্ট প্রকারে যদি নীলাম চুড়ান্ত ও সিদ্ধ ইওনের তারিথঅবধি এক বংশরের মধ্যে মোকদ্মা দেওয়ানা আদালতে উপস্থিত

না ইয় তবে কোন দেওয়ানা আদালত নালাম অসিদ্ধ করিতে পারেন্না।
এব° কোন ব্যক্তি থরাদের টাকাহইতে কিছু টাকা গ্রহণ করিলে পর নালাম
বেআইনা ইইয়াছে বলিয়া নালিশ করিতে পারিবেক্না। এব° আরো এই
ধারাক্রমে হকুম হইল যে এই আইনের কোন ভাগের এমত অর্থ করিতে
হইবেক না যে এই আইনক্রমে হওয়া নালামঘটিত কোন কার্য্যে বা ব্যাপারে
যদি কোন ব্যক্তি আপনাকে অন্যায়গ্রস্থ বোধ করে তবে যে ব্যক্তির কার্য্যতে
অথবা ক্রটিতে আপনাকে ক্ষতিগ্রস্থ জান করে দেই ব্যক্তির নামে ক্ষতিপুরণের
দাওয়ায় নালিশ করণের ঘারা প্রতিকারের চেটা করিতে নিষেধ হইল ইতি।
—১৮৪১ সা। ১২ আ। ২৫ ধা।

- 8 । এব° ইহাতে হকুম হইল যে কোন নীলাম আদালভের চূড়ান্ত ডিক্রীক্রমে অসিদ্ধ হইলে থরীদের টাকা এব° গবর্ণমেণ্টের চলিত প্রোমিসরি নোটের সকলহইতে উচ্চ সুদের হারানুসারে সুদ থরীদারকে সরকারহইতে ফিরিয়া দেওয়া যাইবেক ইতি।—১৮৪১ সা। ১২ আ। ২৬ ধা।
- ৪৩। এব॰ ইহাতে হ্কুম হইল যে বাঙ্গলা ও বেহার ও উড়িষ্যার এবং বারাণসের ইস্তমরারী জমা ধার্যাহওয়া জিলার কোন জমীদারীতে মালগুজারী বাকী পড়িলে ঐ বাকী আদায়ের নিমিন্ত এই আইনক্রমে বিক্রয়হওয়া ঐ জমীদারী যে ব্যক্তি থরীদ করে দে ব্যক্তি বন্দোবস্তের সময়ের পর ঐ জমীদারী যে ব্যক্তি থরীদ করে দে ব্যক্তি বন্দোবস্তের সময়ের পর ঐ জমীদারী ওাইবেক এবং ১৮১২ সালের ৫ আইনের ১০ ধারার নির্দিষ্ট এজেলা দিলে পর আপন ইচ্ছাক্রমে নীচের লিখিত বর্জিত বিষয়ব্যতিরেকে ঐ জমীদারীর সমস্ত পাট্টাদার প্রজাদিগের খাজানা বৃদ্ধি করিতে পারে এবং সমস্ত রাইয়তকে উঠাইয়া দিতে পারে এবং চলিত আইনের মধ্যে ইহার বিরুদ্ধে কিছু থাকিলেও প্রতিবন্ধক হইবেক না।—১৮৪১ সা। ১২ আ। ২৭ ধা।
- ি ৪৪। ইস্তমরারী বন্দোবস্ত হুওনের ১২ বৎসরের অধিক পুর্বেষ ভূমি ইস্তমরারী কি মোকররী পাউাক্রমে নির্দ্ধারিত থাজানাতে দেওয়া গিয়াছিল ভাহা।—১৮৪১ সা। ১২ আ। ২৭ ধা। ১ পুর।
- ৪৫। দশদনী বন্দোবস্তের দময়ের বর্ত্তমান যে পাটার বিষয়ে এমত প্রমাণ দেওয়া যায় নাহি অথবা দেওয়া যাইতে পারে না যে ইঙ্গরেজী ১৭৯৩ দালের ৮ আইনের ৫১ ধারার লিথিত হেতুপ্রযুক্ত বেশী থাজানার যোগ্য দে পাটা। —১৮৪১ দা। ১২ আ। ২৭ ধা। ২ প্র।
- ৪৬। যে২ থোদকস্তা অথবা কদিমী রাইয়তেরদের নিশ্চিত থাজানায় অথবা চলিত আইনের নিশ্চিত বিধানানুদারে যে থাজানা নিরপণ হইতে পারে এইমত থাজানায় ভোগদথল করণের অধিকার আছে তাহারদের ভূমি।
  —১৮৪১ সা। ১২ আ। ২৭ ধা। ৩ প্র।
- ৪৭। যে২ ভূমি বসতবাটী বা কারথানা নির্মাণের নিমিত্ত অথবা ধাতু- করলাপ্রভৃতির আকরের নিমিত্ত কিয়া বাগান কি পুষ্করিণী অথবা থোদা থাল কি ঈশ্বরের আরাধনার স্থান কি গোরস্থানের নিমিত্ত কি জঙ্গল কাটিবার নিমিত্ত বা অন্যথ সেইরপ উপকারক কার্য্যের নিমিত্ত প্রকৃতার্থে মিয়াদী বা চির কালের পাটাক্রমে উপযুক্ত থাজানায় দেওয়া গিয়া পাটার নির্দিষ্ট

কার্য্যে এইপর্যান্ত আসিতেছে সেই২ ভূমি।—১৮৪১ সা। ১২ আ। ২৭ ধা। ৪ প্র।

৪৮। ভূমির দাবেক মালিক নির্দিষ্ট ভূমির যে ইজারা প্রকৃতার্থে ওয়াজীবী থাজানায় ২০ বৎসরের অনধিক মিয়াদে লিথিত পাষ্টাক্রমে দিয়াছিলেন এব ে তাহার তারিথের পর এক মাদের মধ্যে তাহা রেজিউরী হইয়াছিল সেই ইজারা। কিন্তু সেই সময় প্রত্যেক গতিকে ইজারদারেরা কালেকুটর সাহেবকে এক লিখিত এত্তেলা দিবেন এব ে তাহাতে ঐ ভূমি যে স্থানে আছে তাহা ও তাহার থাজানা ও তাহার পরিমাণ ও পাটার নিয়ম ও ইজারদারের-দের নাম লেখা থাকিবেক এব ে যদ্যপি কালেকটর দাহেবের এমত বোধ হয় যে ঐ ইজারাতে সরকারী রাজস্বের নিতান্ত ক্ষতি হওনের সম্ভাবনা তবে তিনি তাহার বিষয়ে আপত্তি করিতে পারেন্ এবণ্ কালেক্টর সাহেব ইজারদারের স্থানে দেইরূপ এত্তেলা পাওনের তারিথের পর তিন মাদের মধ্যে কমিদ্যনর দাহেবের দম্ভিক্রমে আপনার কাছারীতে এক ইশ্ভিহার লট্কাইয়া যে ইজারার বিষয়ে আপনার আপত্তি জানান্ সেই ইজারা এই প্রকরণের দ্বারা বর্জিত হইবেক না। কিন্তু এইরূপ সকল ইজারা লিথিত ও রীতিমত রেজিউরী-হওয়া পাট্টাক্রমে দেওয়া গেলেও এব > পূর্ব্বোক্তমতে তাহার বিষয়ে এতেলা দেওয়া গেলেও যদ্যপি তাহা প্রকৃতার্থে ওয়াজীবী থাজানায় দেওয়া যায় নাহি তবে মালগুজারীর বাকী আদায়ের নিমিত্তে কোন জমাদারীর খরীদার আদা-লতে নালিশ করিয়া তাহা অন্যথা করিতে পারে ইতি।—১৮৪১ সা। ১২ আ। २१ था। ७ थ।

৪৯। এবণ ইহাতে ত্রুম হইল যে ২৭ ধারার লিখিত জিলাভিন্ন অন্য কোন जिलाय य जमीनातीत माल छजाती वाकी পড़ियाट जारा जानारयत নিমিত্তে এই আইনক্রমে নেই জমীদারী বিক্রয় হইলে তাহার থরীদার বন্দো-বদ্ধের সময়ের পার যে সকল দায় তাহাতে সংযোগ হইয়া থাকে তাহা রহিত হইয়া দেই জমীদারী পাইবেক এব পথমতঃ যে ব্যক্তি বন্দোবন্ত করিয়াছে তাহার স্থলাভিষিক্ত বা লিথনাদির দারা তৎস্বত্বপ্রাপ্ত বাকীদার কিয়া তাহার পুর্ব্ববর্ত্তি লোক যেথ নির্শদনপত্রাদি দিয়াছে তাহা এবণ শেষ বন্দোবস্তের পরে দেই প্রথম বন্দোবস্তুকারী কিম্বা তাহার স্থলাভিষিক্ত লোক প্রজাইত্যাদির-দিগকে যে২ পাটা দিয়া থাকে কিয়া বহাল রাথিয়া থাকে তাহা এবং প্রথম বন্দোবস্তকারী আপন ভূমির বন্দোবস্তের নিয়নানুদারে যেথ পাট্টাইত্যাদি রদ কি মতান্তর করিতে অথবা পুনর্তন করিয়া দিতে পারিত তাহা ঐ থরীদার রহিত ও রদ করিতে পারিবেক। े কিন্তু বসতবাটী এবণ তৎসমুর্কীয় কার্য্যার্থে . অন্য গৃহ কিয়া বাগান অথবা পুষ্কবিণী কি থোদা থাল কিয়া জলের নালা-ইত্যাদির নিমিত্তে ভূমির যেং পাটা হইয়া থাকে যাবৎকাল ঐ ভূমি ঐং कार्या आहरम ও তोहात निर्म्वातिष्ठ थाजाना (मुख्या याय जावर काने कथन দেইং পার্টা রদ করিতে পারিবেক না। কিন্তু এই আইনের তাৎপর্য্য এমত নহে যে যাহারা ভূমি নীলামে এরীদ করে তাহারা যে পাটাদারের পাটা বা বন্দোবস্ত উক্তমতে রহিত হয় দেই পাড়াদার রাইয়তের হানে পুর্বের মাল-গুজার যে থাজানা লইতে পারিত তাহারদের স্থানে তাহার বেশী লইতে পারে কিন্তু যদি ইহা বোধ হয় যে বিশেষ অনুগ্রহপ্রযুক্ত কিয়া কোন লাভইত্যাদি-প্রযুক্ত পূর্বের মালগুজারেরা পুর্বের নিরূপিত জমার কিছু কমী দেওয়াতে

পার্টাদার প্রজারা ওয়াজীবী জমাহইতে কম জমার পার্টার অনুসারে ভূমি ভোগ করে কিয়া এমত প্রমাণ হয় যে ঐ ভূমি যে পরগনার কিয়া মৌজার কি ভূমির অন্য কিসমতের মধ্যগত হয় তথাকার যে দম্ভর থাকে তদনুসারে সেই পার্টাদার প্রজাদিগের স্থানে সরকারের আইনের অনিষিদ্ধ কিছু বেশী কিয়া আর কিছু তলব করা যাইতে পারে তবে বেশী জমা লইতে পারিবেক ইতি।—১৮৪১ সা। ১২ আ। ২৮ ধা।

৫০। এব ইহাতে ত্রুম হইল যে স্থানীয় গ্রর্ণমেণ্ট যথন উপযুক্ত दूरबन् मालछ नातीत वाको जानारात निमित्त कृपि नीनारमत शूर्व्स कोन সময়ে ঐ ভূমির তংকালের অধিকারী কিয়া তাহাঁর পিত্পিতামহইত্যাদিরা অথবা তাহার পুর্ব্ববর্ত্তি লোকেরা দেই ভূমিসমুকীয় যে২ পাটা কিম্বা হস্কান্তর করণের পত্র দিয়া থাকে কিয়া ঐ ভূমিতে আর যে কোন দায় সংযোগ করি-য়া থাকে দে সমস্ত কিয়া তাহার মধ্যে যাহা গবর্ণমেণ্ট উপযুক্ত বুকেন্ তাহা वहान ताथिया नोनाम कतिवात हकूम मिए भारतन् यमि हेहा है य उरव खानीय গবর্ণমেণ্ট ঐ ভূমিতে যেথ নিয়ম বহাল রাথণের হুকুম করেন্ দেই ভূমির লাট নীলাম করনের সময়ে কালেক্টর সাহের সেই২ নিয়মের কথা সকল লোককে জানাইবেন এবৎ স্থানীয় গবর্ণমেণ্ট ঐ ভূমির বিষয়ে আর যে২ ত্রুম করেন্ তাহাও প্রচার করাইবেন কিন্তু এই প্রকার নিয়মযুক্ত ভূমি নীলাম করণেতে যে টাকা পাওয়া যায় তাহা যদি নীলামের তারিথপর্যান্ত ঐ ভূমির উপর মাল-গুজারীর যত টাকা বাকী হয় তাহার কম হয় কিয়া দেই ভূমিতে এঁং নিয়মযুক্ত থাকিলে উত্তর কালে তাহার রাজস্ব পাওনের ব্যাঘাত হইতে পারিবেক এমত বোধ হয় তবে স্থানীয় গবর্ণমেণ্ট ঐ নিয়মযুক্ত ভূমির নীলাম এই আইনের ২০ ধারার নিরূপিত প্রকারে চূড়ান্ত ও সিদ্ধ হওনের পূর্ফো কোন সময়ে ঐ নী-লাম রদ করিতে এব॰ এই আইনের ২৭ ধারার ১.।২।৩।৪।৫ পুকর-ণের নির্দিষ্ট বর্জিত বিষয়ের নিয়মব্যতিরিক্ত অন্য দকল নিয়ম ছাড়াইয়া পুনর্জার নীলাম করিতে ত্রুম দিতে পারেন্ এব ে যদি নীলাম চূড়ান্ত ও সিদ্ধ হওনের পরে ঐ পূর্ফ্রাক্ত নিয়মযুক্ত নীলামকরা ভূমি মালগুজারীর বাকীর নিমিত্তে পুনর্কার নীলাম করণের প্রয়োজন হয় তবে স্থানীয় গবর্ণমেণ্ট সর্কাদা ছুকুম দিতে পারেন্যে এই আইনের ২৭ ধারার ১।২।৩।৪।৫ প্রকর-ণের নির্দ্দিষ্ট বর্জিত বিষয়ব্যতিরেকে অন্যথ নিয়ম বর্জিত করিয়া কিম্বা পুর্ব্বোক্ত নিয়মযুক্ত করিয়া দেই মহাল নীলাম করা যায়। এই দুই কল্পের প্রথম কল্প इहेल थे नियम वर्जिं नीलामाउ य मूला পाउया याय ठाहा यिन नियम-যুক্ত নীলামেতে পাওয়া মূল্যের টাকাহইতে অনেক অধিক হয় তবে স্থানীয় গ্রণমেণ্ট ঐ অধিক টাকার কোন অংশ কিয়া তাহা সমুদ্য প্রথম নীলামেতে বাহারদিগের উপস্তু বহাল রাখা গিয়াও দিতীয় নীলামেতে রহিত হইল সেই লোকেরদিগকে দিতে আজ্ঞা করিতে পারেন ইতি।-১৮৪১ সা। ১২ আ। ২১ ধা।

৫১। আরো ইহাতে হুকুম হইল যে যে জমীদারী বাঁটওয়ারা হই-তেছে তাহার যে অপশিরা ১৮১৪ সালের ১৯ আইনের ৩৩ এবপ ৩৪ ধারাক্রমে আপনারদের অপশ নীলামহইতে রক্ষা করিয়াছে এমত অপশি-ভিন্ন যদি কোন রেজিউরীহওয়া বারেজিউরী না হওয়াভূমাধিকারী অথবা শরীক যে জমীদারীর মালিক অথবা শরীক হন্ তাহা আপন নামে অথবা বি- নামে থরীদ করেন অথবা এই আইনক্রমে বাকার নিমিন্ত ঐ জমাদারা নালাম হওনের পার পুনর্বার থরীদের দারা অথবা অন্য প্রকারে তাহার পুনর্বার দথল পান্ সেই ভূম্যধিকারা এবং জমাদারার উপর যে বাকা পড়িয়াছে বা যে দাওয়া হইয়াছে তাহাছাড়া অন্য বাকা অথবা দাওয়ার নিমিত্ত সেই জমাদারা নালাম হইলে তাহার থরীদার ঐ থরীদের দারা নালামের সময়ে জমাদারার উপর যে সকল দায় সংযোগ হইয়াছিল সেই দায়সমেত তাহা পাইবেন এবং নালামের সময়ে রাইয়ত এবং পাটাদার প্রজাদিগের উপর উক্ত জমাদারার সাবেক মালিকের যে য়ত্ব ছিল না তিনি এমত ম্বত্ব পাইবেন নাইতি।—১৮৪১ সা। ১২ আ। ৩০ ধা।

- ৫২। এবং ইহাতে হুকুম হইল ষে নীলামের তারিখে আপন রাইয়-তের স্থানে বাকীদারের যে বাকী খাজানা পাওনা থাকে তাহা নীলামের পূর্বে যে কোন রীতিক্রমে আদায় করিয়া থাকেন দেই রীতিক্রমে নীলামের পর তিনি আদায় করিতে পারিবেন কেবল ক্রোক করিতে পারেন্ না ইতি।— ১৮৪১ সা। ১২ আ। ৩১ ধা।
- ৫৩। আরো ইহাতে ত্কুম হইল যে কোন কালেক্টর সাহেব অথবা নীলামের বিষয় কালেক্টর সাহেবের ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক খোলা কাছারীতে অথবা যে দম্ভরে কোন সময়ে কার্য্য করেন তাহাতে আপনার সাক্ষাৎ করা কোন অবজ্ঞার ২০০ দুই শত টাকার অনধিকপর্যান্ত জরীমানা করিতে পারেন্ এবং যদি তাহা না দেওয়া যায় তবে তাহার পরিবর্ত্তে এক মাসের অনধিক কাল দেওয়ানী জেলখানায় অপরাধিকে কয়েদ করিতে পারেন এবং পুর্বোক্তমতে কালেক্টর সাহেব যে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পার্টান্ তিনি ঐ দণ্ডের ত্কুম জারী করিবেন। কিন্তু এই ধারাক্রমে যে ত্কুম হয় তাহার উপর আপীল রাজস্বের কমিন্যনর সাহেবের সমীপে হইতে পারে এবং তাহার করা নিষ্পত্তি চূড়ান্ত হইবেক ইতি।—১৮৪১ সা। ১২ আ। ৩২ ধা।
- ৫৪। এব॰ ইহাতে হকুম হইল যে এই আইনের ১৫ ধারায় যে বায়না করণের দ্বারা ডাক সিদ্ধ করিতে হয় সেই বায়না না দেওয়া আদালতের অবজ্ঞা গণ্য হইবেক ইতি।—১৮৪১ সা। ১২ আ। ৩৩ ধা।
- ৫৫। আরো ইহাতে ত্রুম হইল যে বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়মের উভয় রাজধানীর গবর্ণমেণ্টের অধীনে বাঙ্গলা ও বেহার ও উড়িয়া এবক বারাণসের যে দেশ এক্ষণে সাধারণ আইনের অধীন আছে এবক দন্ত ও জয়করা যে দেশ সেইরপে সাধারণ আইনের অধীন আছে কেবল সেই২ দেশে এই আইনের কার্য্য হইবেক এবক এই আইনের লিখিত কোন বিধি শহর কলিকাতা অথবা সিক্তপুর বা পিনাঙ্গ কি মলাকার বস্তির ভূমির সঙ্গে সম্বর্ক রাখিবেক না ইতি।—১৮৪১ সা।১২ আ। ৩৪ ধা।
- ৫৬। এব° ইহাতে হকুম হইল যে ১৮৪২ সালের ১ জানুআরি তারি-থে এব° তাহার পর এই আইনের কার্য্য আরম্ভ হইবেক ইতি।—১৮৪১ সা। ১২ আ। ৩৫ ধা।
- ৫৭ । সদর দেওয়ানী আদালতের পরামর্শানুসারে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা কমিস্যানর সাহেবকে অকুম দিতেছেন যে তিনি আপনার এলাকার কালেক্টর সাহেবদিগকে জানান্ যে জমীদারী নীলামবিষয়ক নূতন আইন কেবল সরকারের বাকী মালওঞ্জারীর বিষয়ে

অর্থবা সরকারের অন্য যে কোন দাওয়া বাকী মালগুলারীর ন্যায় আদায় করা যাইতে পারে ভাহার বিষয়ে খাটে (১৮২২ নালের ১১ আইনও কেবল সেই২ বিষয়ে খাটিভ) এবং ১৭৯৩ সালের ৪৫\* আইনে যে সকল বিধি নির্দ্দিষ্ট আছে ভাহা আদালতের ডিক্রী জারী করণার্থ ভূমির নীলাম করণের বিষয়ে চলন আছে। সদর বোর্ড রেবিনিউর ১৮৪২ সালের ২৭ আপ্রিলের সরক্যুলর অর্ডর।

# ক্রোক করণের বিষয়ি বিধান।

#### ১ ধারা।

क्याकर ७३। मन्भवित नोलाय क**त्र** (१३ क्रम् छ।।

- ১। এই ধারাক্রমে হুকুম হইল যে এই আইন জারী হওনের পর ১ মে তারিথঅবিধি বাঙ্গলা দেশের চলিত আইনের মধ্যের যে আইনের বা আই-নের কোন অংশের দ্বারা কোন ব্যক্তিকে বা কোন সম্পুদায়ের ব্যক্তিকে আপন্ধ পদের উপলক্ষে মালগুজারীর বাকী আদায়ের নিমিত্তে ক্রোকহওয়া সমুত্তি বিক্রুয় করিতে ক্ষমতা দেওয়া গিয়াছে সেই আইনের ঐ প্রকার ক্ষমতা দেওনবিষয়ক কথা রদ হইবেক ইতি।—১৮৩৯ সা। ১ আ। ১ পা।
- ২। আরো এই ধারানুদারে হুকুম হইল যে ঐ তারিথঅবধি বাঙ্গার ফোর্ট উলিয়মের রাজধানীর অধীন প্রত্যেক জিলার কালেক্টর দাহেবকে অথবা কালেক্টর দাহেবের ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারক দাহেবকে এই ক্ষমতা দেওয়া গেল যে তিনি এই আইনের শেষের দংশুক্ত তফদীলের কথাক্রমে এবং ঐ বিষয়ে যেং হুকুম প্রাপ্ত হন্ তদনুদারে আপনার জিলার প্রত্যেক পরগনা বা ডিহাতে মালগুজারীর বাকী আদায়ের নিমিত্তে ক্রোকহওয়া দম্পত্তি বিক্রে করণের কার্য্য নির্দ্ধাহ করিতে আপনার দম্ভথৎ ও মোহরকরা দনদের দ্বারা কোন এক বা ততাধিক ব্যক্তিকে নিযুক্ত করেন্ এবং ঐ ব্যক্তিরদিগকে শতকরার হিদাবে দম্পত্তিহতৈ বাদ দিয়া লওনের দ্বারা আপনারদের মেহন্তানা পুষিয়া লইতে হুকুম করেন্ কিন্তু তাহারা নালামের উৎপন্ন টাকাহইতে শতকরা ১০ দশ টাকার অধিক লইতে পারিবেক না ইতি।—১৮৩৯ সা। ১ আ। ২ ধা।
- ৩। এব পএই ধারাজ্রমে হকুম হইল যে বাঙ্গলা দেশের যে সমস্ত চলিত আইনের বা আইনের অপশের দারা মালগুজারীর বাকী আদায়ের নিমিন্তে কোকহওয়া সমুন্তি নীলামের কার্য্যে নিযুক্ত ব্যক্তির দিগকে ক্ষমতার্পণ হইয়াছে অথবা যাহার দারা তাহারদের কার্য্যনির্দ্তাহের বিধি নির্দিষ্ট হইয়াছে অথবা যাহার দারা তাহারদের কার্য্যের ক্রটি করণের বিষয়ে কোন জরীমানা বা অন্য কোন শান্তি নির্দিষ্ট হইয়াছে তাহা এই আইনানুলারে ঐরপ সমুন্তি বিক্রয়ের কার্য্যে নিযুক্ত ব্যক্তিরদের উপর থাটিবেক ইতি।—১৮৩৯ সা। ১ আ। ৩ ধা।

<sup>\*</sup> ১৭৯৬ সালের ১২ আইন এবং ১৮৪১ সালের ২০ সেপ্টেম্বর তারিখের ২৫ নম্বরী সর্ক্যুলর অর্ডর দেখ।

৪। আমি অমুক জিলার কালেক্টর সাহেব কি কালেক্টরের ক্ষমতা-প্রাপ্ত ইঙ্গরেজী ১৮৩১ দালের ১ আইনের মতে যে ভার রাখি ভদনুসারে ভোমাকে গবর্গমেণ্টের আইনের প্রস্তাবিভনতে থাজানার বাকী আদায়ের কারণ কোকহওয় দুব্য নীলামের নিমিত্তে কমিস্যনরী কার্য্যে নিযুক্ত করিলাম। তুমি অমুক পরগনার অমুক মোকামে থাকিয়া ঐ সমস্ত আইনের লিখিত ক্ষমতাক্রমে কিয়া অপর যে আজ্ঞা তোমার কর্ম্ম চালাইবার নিমিত্তে পাচান যায় তদনুসারে কোকহওয়া দুব্য নীলামের কার্য্য করিবা এবং আপনার কর্মের প্রতিদিনের ক্রকারী অর্থাৎ নিতাবিবরণলিপি সাবধানে রাখিবা এবং তাহা আমার দ্বারা অথবা আদালতের দ্বারা তলব হইলে তৎক্ষণাৎ দাখিল করিতে হইকে। তোমার মেহনতানার নিমিত্তে নীলামের উৎপন্ন টাকাহইতে শতকরা এত টাকা বাদ দিয়া নিজের নিমিত্তে লইতে তোমাকে ক্ষমতা দেওয়া গেল ইতি।

#### ২ ধারা।

### ক্রোক করণের ক্ষমতা।

- দকল জমীদার ও হজুরী তালুকদার ও অন্য ভূম্যধিকারী ও সদর ইজারদারদিগেরে শক্তি দেওয়া যাইতেছে যে তাহারা মালগুজারীর বাকীর কারণ আপনারদিগের তাবে সমস্ত কট্কিনাদার ও তালুকদার ও প্রজাবর্গের সমস্ত ভূমির উৎপন্ন নানাবিধ শদ্যাদি দামগ্রী এবং গরুপ্রভূতি পণ্ড ও গৃহ-मानी मुरा नामशोषानि चम्रावत नम्नु याशा माने वाकीनात्र निर्धात निर्धात वा-টীতে কিয়া তন্তির স্থানে অথবা অন্যের বাটীতে কিয়া স্থানান্তরে তাহারদি-গের অধিকারভূমি অথবা ইজারা মহালের মধ্যে কিয়া বাহিরে থাকে তাহা দেওয়ানী আদালতের জজ সাহেব কিম্বা সরকারের অন্য আমলার বিনাএত্তে-লায় ক্রোক করিয়া বিক্রয় করে কিন্তু যে দকল বাকীদার এীযুত কোম্লানি বাহাদুরের সরকারের মহাজনী দুবা দামগ্রী প্রস্তুতের ও নিমকপোঞ্চানীর কার্য্যে নিযুক্ত আছে তাহারদিগের সরঞ্জাম ও গৃহস্থালী দুব্যাদি অস্থাবর সমুত্তি ক্রোকের পর যেমতে এত্তেলা দিতে ৩১ একত্রি°শৎ ধারায় লেখা আছে দেই মতে এর্ত্তেলা দেয় আর ভাবে তালুকদারেরা ও তাহারদিগের পেটার সকল কট্কিনাদার ও প্রজাবর্গের স্থানহইতে মুখার্থ বাকী লইতে উপরের লিথনানুদারে ক্ষমতা রাথে এবপ জমীদার ও হজুরী তালুকদার ও অন্য ভূম্য-धिकाती अ प्रकःमली जालूकमात अ ममत रेजातमात्रमिर्गत स्राप्त य मकल কট্কিনাদার কট্কিন। লইয়া থাকে তাহারাও আপনারদিগের পেটার সমস্ত मत्रक है कि नामात अ भामिला अ जानू कमात अ श्रजाव दर्शत सान इहे उन को लहे-বার জন্যে উপরের লিথনক্রমে সাধ্য রাথে অতএব উপরের লিথিত সকল প্রকার ভুমাধিকারী ও ইজারদারদিণেরে এই ধারাক্রমে যে শক্তি অর্পণ হইল তাহারা এতদনুসারে নীচের লিথিত সমস্ত ধারার মর্মাদৃষ্টে সাবধানে কার্য্য করিবেক ইভি।-১৭৯৩ দা। ১৭ আ। ২ ধা।
- ৬। সদর আদালত বিধান করিলেন যে বাকী থাজানার নিমিত্ত ভূমাধিকারিদিগ-কে আপনারদের রাইয়তের প্রতি যে কার্য্য করণের বিধি ১৭৯৯ সালের ৭ আইন এবং ১৭৯৩ সালের ১৭ আইন এবং ১৭৯৫ সালের ৩৫ আইনে আছে সেই বিধি জ্ঞাতি সা-

ধারণ এবং সকর বা নিফার ভূমির বাকী খাজানার দাওয়ার বিষয়ে তুলামতে খাটে। ৩০ নমুরী আইনের অর্থ।

१। इऋरत्रको ১৭৯७ माल्लत ১৭ আইনের १ धातानूमारत ममरत्रत মালগুজার জমীদার ও তালুকদারপ্রভৃতি ভুমাধিকারিগণ ও ইজারদারদিগের যাহারং প্রতি মালগুজারীর বাকী আদায়ের কারণ স্বস্থব্যাপ্য প্রজাদির ভূমির শন্য ও পশ্বাদি জন্ত এবং অপর দুব্যাদি অস্থাবর যে সকল মন্ত্রন্তি যে২ মতে কোক অর্থাৎ আটক করিবার ক্ষমতার্পণ হইয়াছে তাহারা তদর্থে এ আইনের হুকুমদৃষ্টেও দেই২ মতে দে দকল দম্ভত্তি ক্রোকের ভার আপনার্দিগের তহদীলের দণ্ক্রান্ত নায়েব ও গোমাশ্তাওগয়রহ আমলাদিগের ঐ ১৭ আ-ইনের ৩২ ধারার প্রস্তাবিত কুকী শিরে রাখিয়া দিতে পারে। ও দে নায়েব-ওগয়রহ আমলারাও পাওয় ভারক্রমে বাকী আদায়ের নিমিত্তে আপনং মনিবের ধার্যামতে ক্রোকের ব্যাপার করিতে পারিবেক ও তাহা করিতে সে আমলারা আইনের মর্মা জানিয়া ও শুনিয়া তাহার অন্যথাচরণ করিলে দণ্ডের দায়ে তাহারা ও তাহারদিগের মনিবেরাও ঠেকিবেক। কিন্তু জানিবেক যে এ ধারাক্রমে সমাক্ ঐ ১৭ আইনের কিয়া ইঙ্গরেজী ১৭১৫ সালের ৩৫ আইনের অথবা ক্রোকের দংকান্ত অপর কোন আইনের হুকুমের অন্যথা-চরণ করিলে সেহেতুক যে দণ্ড করিবার নিরূপণ ভূম্যপিকারিগণ ও ইজারদার-দিগের ও তাহারদিগের চাকর নায়েবওগয়রহ আমলার প্রতি আছে তাহা তৎকালে করা যাইবেক না যে কালে এমত মুষ্ট না বুঝা যাইবেক যে তাছারা ঐ দকল আইনের মর্মা জানিয়া ও শুনিয়া কিম্বা ক্রোকের দণকান্ত অপর সমুদায় হ্রুম জ্ঞাত হইয়া সে কর্ম করিয়াছে। ও তৎকালে এমত স্লাইট না বুকা গেলে আইনের অন্যথায় দে কর্ম করিতে উৎপাতগ্রস্তের যে অপচয় ইইয়া থাকে কেবল তাহারি নিশা দেই ক্রোককরণিয়ার স্থানহইতে দেওয়ান যাইবেক। তাহাতেও যদি এমত প্রমাণ হয় যে ক্রোককরণিয়া দে কর্মা করিয়া পরে আইনের অন্যথা হওন চাহরিয়া সে সময়ে কিয়া দাওয়ার নালিশ তাহার নামে হইবার পূর্বে অন্য কোন সময়ে সেই অপচয় ধরিয়া দিতে চাহি-য়াছিল ও উৎপাতগ্রস্ত ফরিয়াদী তাহা লয় নাই তবে দে অপচয়ের কিছুই पितात पारत मारे क्वांककत्विता bिकटिवक ना रेंछ। -> १२२ मा। १ था। १ श्री।

৮। যে সকল লোক দুবাদি ক্রোক করণের ক্ষমতা রাথে তাহারদিগের কাহারো গোমাশ্তা কিয়া পেশ্কার অথবা চাকর কিয়া কার্যকারক আমলায় যদি তাবের কট্কিনাদার কিয়া তালুকদার অথবা প্রজাবর্গের কিয়া তাহার-দিগের মালজামিন কাহারো দুবাদি ক্রোক কিয়া বিক্রয় করে অথবা তাহা ক্রোক ও বিক্রয়ের বিষয়ে এমতে উদ্যুক্ত হয় যে তাহাতে এই আইনের বিপরীত দর্শে তবে কর্ত্তব্য যে এমত ক্রোক কিয়া বিক্রয় অথবা নিষিদ্ধ বিষয় সেই গোমাশ্তাপ্রভৃতির মনিবদিগের অনুমতিতে কিয়া জ্ঞাতদারে হইয়া থাকে কিয়া না হইয়া থাকে তথাচ উৎপাত্যুম্ব ব্যক্তি তাহার নালিশ সেই গোমাশ্তা প্রভৃতির মনিবদিগের নামে করে কিন্তু জানিবেক যে সেই মনিব যাহাকে যে দুবাদ্ধি ক্রোক করিতে পাঠায় দেওয়ানী আদালতের জজ সাহেবের নিকটে যদি সেই মনিবের অনুমতি ও জ্ঞাতসারে ২১ একবিণ্শতি ধারার ব্যতিক্রমে সেই লোক অন্তঃপুরে প্রবেশ করিবার ও সদর ছারাদি ভাঙ্গিবার বিষয়ে প্রমাণ

না হয় তবে এই ধারার মতানুসারে সে মনিব কয়েদ হইবেক নাইতি।— ১৭৯৩ সা। ১৭ আ। ৩২ ধা।

- ১। যে কালে ক্রোককারকদিণের কোন ব্যক্তির মরণ হয় সে কালে ভাহার যেই উন্তরাধিকারী সেই মৃত ব্যক্তির পাওনা যে সকল বাকী টাকার স্বত্বান অর্থাৎ হকদার থাকে তাহারা সেই স্বত্বের অধিকারী রহিবেক ও তাহারা সেই সকল বাকী টাকা উমুলের কারণ বাকীদারের ও সে সকলের জামিনদারদিণের যে দুব্যাদি এই আইনের মতে ক্রোক হইতে পারে তাহা এই আইনের মতানুসারে ক্রোক করিতে পারিবেক। এবণ জানিবেক যে অযোগ্য ভূম্যধিকারিদিণের অধিকারের সরবরাহকারেরা এবণ সাধারণ যে ভূমির অধিকারী অযোগ্য ও যোগ্য দুই কিন্তা অধিক জনে থাকিয়া তাহার মধ্যে যোগ্যতাক্রমে যে কেহ সেই অধিকার সমুদয়ের সরবরাহকার রহে সেই ব্যক্তিরা ও উপরের প্রস্তাবিত সরবরাহকারেরা সেই সকল অধিকারের স্বয়ণ কর্ত্তা হইলে যেরপে দুব্যাদি ক্রোক করিবার ক্ষমতা রাথিত ইহারা ঐ সকল অধিকারের সরবরাহকারীতেও সেইরপে ক্ষমতা রাথিবেক এবণ এমতে কর্ত্তা-দিণের প্রতি যে নিষেধ ও দণ্ড বিধান আছে সেই নিষেধ ও দণ্ডেতেও তাহা-রা বন্ধ থাকিবেক ইতি।—১৭১৩ সা। ১৭ আ। ৩০ ধা।
- ১০। জানিবেন যে উপরের ধারাসকলের লিখিত যেই ছকুম সদরের মালগুজার ভূম্যধিকারিগণ ও ইজারদারদিগের প্রতি মালগুজারীর বাকী উদুলের ভারার্পণের নিদর্শনে আছে সেইই ছকুম যাবদীয় অযোগ্য অধিকারির অধিকারের ও সাধারণ অধিকারভূমিসকলের সরবরাহকারদিগের সরবরাহকারীতে এবং কালেক্টর সাহেবদিগের কর্তৃত্বে ও সরকারী অন্য যে আমলারা কোন অধিকারের সরকারী জন্য ধার্য্যের নিমিত্তে কিয়া বিষয়ান্তর-জন্যে অথবা ভূম্যধিকারি কিয়া ইজারদারের সহিত বন্দোবস্ত না হওনপ্রযুক্ত থাস তহসীলে আসিয়া থাকা কোন ভূমির তহসীলের নিমিত্তে নিযুক্ত হইয়া থাকে তাহারদিগের কর্মকারিব্রেও চলিবেক। আর এ আইনের ই দিতীয় ধারাক্রমে যে শক্তি ভূম্যধিকারিগণ ও ইজারদারদিগের চাকরের। পাইয়াছে সেশক্তি এমত সরবরাহকারদিগের এবং কালেক্টর সাহেবদিগের ও সরকারী অন্য আমলাদিগের নিযুক্তকরা গোমাশ্তাপ্রভৃতিতেও পাইতে পারিবেক যদি তাহারদিগের মনিবের। সে শক্তি তাহারদিগেরে দেয় ইতি।—১৭৯১ সা। ৭ আ। ১৯ ধা।

# ত ধারা।

### অপরাধের দও।

১১। ভূমাধিকারী ও ইজারদারদিগেরে তাহারদিগের তাবের কোন কট্কিনাদার ও তালুকদার ও প্রজাকে কিয়্ব। তাহারদিগের মালজামিন কাহা-কেও বাকী টাকা উদুলের কারণ কয়েদ কিয়া নিগ্রহ করিতে নিষেধ আছে ইহাতে যদি কোন ভূমাধিকারী ও ইজারদার এই নিষেধের অন্যথায় কাহা-কেও কয়েদ কিয়া নিগ্রহ করে তবে সে কারণে উৎপাতগ্রস্তের সাধ্য আছে যে তাহার নালিশ সেই অত্যাচারির নামে কৌজদারী আদালত কিয়া দেওয়ানী আদালতে করে তাহাতে জজ সাহেব সে মোকদমার গতিকানুসারে দওক্রমে টাকা আদালতের থরচাসমেত অত্যাচারির স্থানহইতে উৎপাতগ্রস্তকে দেও-য়াইবেন।—১৭৯৩ সা। ১৭ আ। ২৮ ধা।

১২। ক্রোককারকদিণের কেছ আপন তাবের কট্কিনাদার ও তালুকদার ও প্রজাদিণের সরঞ্জাম ও গৃহস্থালা দুবাদি ক্রোক করিলে যদি দেওয়ান আদালতের জজ সাহেবের নিকটে বিচারে এমত প্রমাণ হয় যে তাহারদিণের শিরে কিছু বাকা নিতান্তই নাই তবে এমতে সেই ক্রোকা দুবাাদি তাহার কর্তাকে ক্রোককারক ব্যক্তির ফিরিয়া দেওয়া উচিত হইবেক কিয়া সেই দুবাাদি বিক্রয় অথবা নই কিয়া অন্থিত হইয়া থাকিলে সেই ক্রোককারক দণ্ডক্রমে সেই দুবাাদির মূলাের তুলা টাকা আদালতের এরচাসমেত দিবেক ইতি।—১৭১৩ সা। ১৭ আ। ৬ ধা।

#### ৪ ধারা।

### वाकोमात् ।

১৩। ইঙ্গরেজী ১৭৯৩ দালের ১৭ আইনের ৫ ধারার লিথিতের মধ্যে হকুম আছে যে তাবের কট্কিনাদারেরা ও তালুকদারেরা ও প্রজাবর্গ याव बोशनर मिरतत वाको हाका उनव रहेल शत मिरा क्रिक कि যদি মালজামিন দিয়া থাকে ও দেই মালজামিনও হাজির থাকিলে তলবমতে वाको টाका দिতে যাবৎ আপত্তি না করে তাবৎ কট্কিনাদারওগয়রহ বাকী-দারদিণের মধ্যে গণ্য হইবেক না এ ত্কুম রদ হইল। হর্রকম মালগুজা রেরা অর্থাৎ নানাপ্রকার রাজস্বদায়কেরা কিন্তিবন্দার নির্দিষ্ট দিনে কিয়া অন্য ক্রারী দিবদে অথবা দিন নির্দিষ্ট কোন করার না হইয়া থাকিলে তথাকার দাঁডাক্রমে থাজানা তলব হইবার দিবদে আপনারদিগের শিরের মালগুজারী ना मिला वाकीमांत ठाश्वित्वक। अ मारे वाकीमात्वता उनवमरा वाकी ना দিলে দে বাকীমালজামিনের স্থানে তলব হইয়া থাকে কি না থাকে তথাচ তৎক্ষণাৎ সেই বাকীর অনুসারে তাহারদিগের দুব্যাদি ক্রোকের যোগ্য হই-বেক। তাহাতে যদি কেই মালজামিন দিয়া থাকা কোন প্রজাদির দুব্যাদি সে মালজামিনের নিকটে বাকী তলব না করিয়া আগে ক্রোক করে তবে সে প্রজাপুত্তিতে দে সমাচার আপন মালজামিনকে দিবেক এবং দে দুব্যাদি নীলাম হইবার পুর্বে দেই বাকী দিতে চাহিলেও দিতে পারিবেক। অথবা সেই ক্রোককর্ণিয়া নিজে দে সমাচার সেই মালজামিনকে জানাইয়া তাহার স্থানে বাকী টাকা চাহিবেক। ইহাতে যদি ক্রোককরণিয়া বাকীদারের কিম্বা 'মালজামিনের অথবা ঐ উভয়ের দুব্যাদি ক্রোক করা বিহিত বুকেতবে তাহা ও তত ক্রোক করিতে পারে যাহা বাকীর অনুসারাপেক্ষা অধিক চাহর না হয় কিন্তু মালজামিনের দুব্যাদি তাবৎ ক্রোক হইবেক না যাবৎ বাকীদারের স্থানে বাকী তলব না করা যায় ও সে তলব বার্থ না হয়। তাহাতে যদি বাকীদার পলায় কিম্বা অদেখা হয় ও মালজামিনেও সে বাকী তলবমতে শোধ না দেয় তবে দে মালজামিনের সম্ভৃত্তি ক্রোকের উপযুক্ত দেইরপে হইবেক কিন্তু ষেরপে বাকীদার সাক্ষাৎ থাকিলেও তলবমতে বাকী শোধ না দিলে ক্রোক হইত ইতি।—১৭৯৯ না। ৭ আ। ৩ ধা।

১৪। যে যে লোক আপনং সন্তান কিয়া অন্য সমুর্কীয়দিগের নামে

অথবা বিনামে যে দকল ভূমি কট্কিনা লইয়া স্পষ্টতঃ আপনার্দিণেরে তাহারদিণের মালজামিন নির্দিষ্ট করিয়া দেই কট্কিনার বন্দোবস্ত ও দমস্ত কর্মের
ভার স্বহস্তে রাথিয়া বস্তুতঃ আপনারা কট্কিনাদার হয় তাহারা দেই দকল
ভূমির স্বয়^ কট্কিনাদার গণ্য হইবেক ও তাহার্দিণের অস্থাবর দমস্ত দুব্যাদি এই আইনের লিথনানুদারে যেমতে তাহার্দিণের নিজনামে কট্কিনা
খাকিলে বাকার কারণ ক্রোকের যোগ্য হইত দেই মতে ক্রোক হইবেক ইতি।
—১৭১০ দা। ১৭ আ। ২৭ ধা।

### ৫ ধারী।

# ক্রোক করণের বিধান।

ক্রোককারকের। যাহাকে বাকীদারের দুব্যাদি ক্রোক করিতে পা-ঠায় কর্ত্তব্য যে তাহাকে আপন্থ মোহর ও দম্ভথতে এক লিথন যে বাকী নি-মিত্তে বাকীদারের দুব্যাদি ক্রোক করিতে হয় সেই বাকীর মোট ও যে তারিখে সে বাকী দেওয়া সঙ্গত ছিল সে তারিথযুক্তে দেয় ও সেই লোক সেই লিখনকে ক্রোকের কর্তৃত্বের নিদর্শন লিপির মতে জানায় আর যে দিনে দুব্যাদি ক্রোক করে দেই দিনে দেই লিথনের নকলের পৃষ্ঠে ক্রোকী দুব্যাদির ফিরিস্তি যে স্থানে ক্রোকী দুব্যাদি রাখে সেই স্থান নির্দ্দিষ্টে লিথিয়া বাকীদারকে দেয় এবং জ্ঞাতকারণ দেই নকলের পৃষ্ঠে ইহাও লিথে দেই দুব্যাদি ক্রোক হইবার পর দিনহইতে ১৫ পঞ্চদশ দিনের দিবসে বিক্রয় হইবেক কিন্তু ভূমির উৎপন্ন শদ্যাদির ন্যায় কোন দুব্য ক্ষেত্রহইতে কাটা না গিয়া ক্রোক হইয়া থাকিলে ভাহাতে সেই নকলের পৃষ্ঠে এমত লিথে যে সেই দুব্য কাটা গিয়া এই আই-নের ১৩ ত্রয়োদশ ধারার লিথনানুদারে যে দিনে স্থ্রহ অর্থাৎ জ্যা হয় সেই দিনহইতে ১৫ পঞ্চদশ দিনের দিবসে সেই দুব্য বিক্রয় হইবেক ইহার ছা-ড়ান কদাচ হইবেক না যদি বাকীদার ক্রোকী এরচাসমেত বাকী টাকা ক্রোকী দুব্যাদি বিক্রয়ের নির্দ্ধারিত দিনের পূর্বের না দেয় কিম্বা অসঙ্গত বাকী কহিয়া আপত্তি উপস্থিত করিয়া নীচের লিখনানুসারে ক্রোক থালাসের হুকুম না পায় আর যদি বাকীদার গরহাজির হয় তবে পৃষ্ঠে লিথিবার প্রস্তাবিত দকল বিষয় যুক্তে দেই লিথনের নকল ক্রোক হইবার দিনহইতে ৩ তিন দিনের মধ্যে তীহার বস্তির স্থানে লট্কান যাইবেক যদি ক্রোককারকেরা কাহারো দুব্যাদি ক্রোকের নিমিত্তে কাহাকেও এমত লিখন না দিয়া নিযুক্ত করিয়া দুব্যাদি ক্রোক করায় কিয়া সেই নিযুক্তহওয়া লোক সেই লিখন হস্তে রাখিয়া পৃষ্ঠে লিথিবার প্রস্তাবিত নকল বিষয়যুক্তে তাহার নকল বাকীদারকে না দেয় অথবা বাকীদার হাজির না থাকিলে দে লিখনের নকল নিয়মিত কালের মধ্যে তাহার বস্তির স্থানে না লট্কায় তবে এই তিন গতিকের কোন গতিক প্রকাশ হইলে क्यांककात्रक मिर्गत य वाकीत माउग्राय मिरे मुवामि क्यांक रय म वाकीत দাওয়া মিথ্যা হইবেক জজ সাহেব বাকীদারের দুব্যাদি ক্রোককারকদিগের স্থান-হইতে ফিরাইয়া দেওয়াইবেন কিম্বা দে দুব্যাদি বিক্রয় অথবানষ্ট কিম্বা অস্থিত হইয়া থাকিলে দণ্ডের মতে সেই দুব্যাদির মূল্যের তুল্য টাকা আদালতের থ্রচাসমেত দেওয়াইয়া দিবেন ইতি।—১৭১৩ সা। ১৭ আ। ৮ ধা।

১৬। इक्रांत्रजी ১৭৯৩ मालात ১৭ मक्षमण आहरतत व नवम ७ ३०

দশম যে দুই ধারায় তলবের বাকী টাকা বাকীদারের অসঙ্গত কহিয়া বিচারক্রমে সে বাকী দেওয়া সঙ্গত হইলে তাহা নিক্পান্তির তারিএপর্যান্ত সুদ ও
আদালতের এরচাসমেত দিবার করারে মালজামিন দিয়া নিয়মিত কালের
মধ্যে দেওয়ানী আদালতে নালিশ করিতে চাহিয়া তদনুসারে মালজামিন
দিলে সেই বাকীদারের দুব্য ক্রোক করণে ক্রোককারক ক্রান্ত হইবার হুকুম
ছিল এইক্রণে সে দুই ধারা সমুদয় রদ হইল এব০১ ঐ ১৭ আইনের ৮ অইম
ধারার মধ্যে এই বৃত্তান্ত যে কিয়া বাকীর আপত্তি উপস্থিত করিয়া ঐ ৯ নবম
ও ১০ দশম ধারার লিখনানুসারে ক্রোক মৌকুফের হুকুম পায় রদ করা।
গেল ইতি।—১৭৯৫ সা। ৩৫ আ। ২ ধা।

১৭। ইঙ্গরেজী ১৭৯৩ দালের ১৭ আইনের ৮ ধারার মধ্যের লিখিত যে হুকুম দুব্যাদি ক্রোক্ হইবার পর দিনহইতে পঞ্চদশ দিনের দিবদে তাহা বিক্রয় ইইবার নিদর্শনে লিথিয়া বাদীদারকে জানাইবার অর্থে আছে এবং ইঙ্গরেজী ১৭৯৫ দালের ৩৫ আইনের ৫ ধারার মধ্যের যে হুকুম দুব্য ক্রোকু इहेवात शत मिनइहेट अक्षम मिवरम जाहा नीलाम हहेवात निर्वे बाह्य দেই ২ ত্রুম এই ধারাক্রমে রদ হইল। আর ক্রোকী দুব্যাদির ফিরিস্তিযুতে य निथन निथिया वाकीमात्रक मिर्ड इय डाहारड क्वन वाकी है। कात्र मण्या ও যত শীঘু নীলাম করা কর্ত্তব্য তাহার মিয়াদ ধার্য্য করিয়া লিথিয়া বিশেষ জানাইবেক যে দেই মিয়াদের মধ্যে ক্রোকী থ্রচাসমেত বাকী শোধ না দিলে মিয়াদ পূর্ণের দিবদে তাহার ক্রোকী দুব্যাদি নীলাম হইবেক। তাহাতে যদি বাকীদার দে লিখন পাইয়া বাকী টাকা না দেয় কিয়া শীঘু বাকী দিবার অর্থে ক্রোক্করণিয়ার ছাছোধ না জন্মায় অথবা সে বাকীদার পলায় কিয়া এমতে গাঢাকা হয় যে কোনপ্রকারে দে লিখন তাহার স্থানে না পঁহুছিতে পারে তবে ক্রোক্করণিয়ার কর্ত্তব্য যে যে কাজী কিয়াকোকী দুব্যাদি নীলামের শক্তিমান অন্য যে কেহ নিকটে থাকে তাহার স্থানে সেই ক্রোকী দুব্যাদি শীলু নীলাম कतिवात कात्र मत्रथास পाठा हेरा। ए तम मत्रथात्स वाँकीत शतिपाँ। वव॰ দে দুব্য থাকিবার চিকানা লিখে এব ১ যদি ক্রোক্করণিয়া ঐ ১৭ আইনের ১২ খারা ক্রমে একস্থানহইতে স্থানান্তরে দুব্য উঠাইয়া লইবার বাসনা করে তবে যথায় উঠাইয়া লইবার বাদনা করে তথাকার নাম দেই দ্র্থান্তে লিথিয়া দেয়। তাহাতে কাজী কিম্বা অন্য যে কেহ দে বিষয়ের ভার রাথে তাহার উচিত যে দে দর্থাস্ত পাইলে পর ১৭৯৫ দালের ৩৫ আইনের ৫ ধারার ত্রুমমতে এব পনীচের লিখিত বিধিক্রমে কার্য্য করে বাক্যার্থ দুব্য ক্রোকের পর ১৫ मित्नत मिवरम नीनारमत मियामनिर्गरयत वमरन थे ७ थातीत जाभत विधिष् रहे দুব্যের মূল্য চাহর করাইয়া যত শীঘু তাহা নীলামূ করা কর্ত্তব্য তাহার মিয়াদ পরিয়া লিথিয়া দে সমাচার জানাইবার কারণ হাটের দিন ঢোল পিটায়। ভাহাতে এমত নিষ্কর্য জানায় যে সেই দিনের পর মধ্যে এক হাট বাদে দিতীয় হাটের দিন সে দ্বা নীলাম হইবেক। কিন্তু কথন কোন দুবা ক্রোকু হইবার **দিনহইতে পাঁচ দিন গত না হইলে নীলাম হইতে পারিবেক না।** আর কাটা না গিয়াথাকা কোন শদ্য কেছ কথন ক্রোক্ করিলে তাহা ঐ ১৭ আইনের ১৩ ধারার হুকুমেতে কাটাইয়া জড় করাইয়া যাবৎ উপরের লিথনানুসারে ঢোল शि**ष्टों हैं शामान ना (प्**य ठाव॰ ठांशा नीलाम श्टेट शाहित्वक ना। ইंशार्ड ক্রোক্করণিয়ার উচিত যে ক্রোকী দুব্য শীঘু নীলামের কারণ তাহার পূর্বে

এই যে দাঁড়া ফেরফার হইতেছে এ জন্যে প্রায়ুত কোষ্ণানি বাহাদুরের দরকারের মহাজনী ব্যাপারের কিয়া নিমকপোধানীর ব্যাপারের এলাকাদার কাহার দুরাদি মালগুজারীর বাকী আদায়ের কারণ ক্রোক করিলে পর দে সমাচার তথাকার কর্মকর্ত্তা দাহেবপ্রভৃতির স্থানে ঐ ১৭ আইনের ৩১ ধারার লিখনানুদারে যত অটিতি পঁছছাইতে পারে পঁছছায়। ও দে কর্মকর্ত্তা দাহেবপ্রভৃতিতে দে সমাচার পাইয়া দে বাকী টাকা আদায় পঁছছাইতে যত দিন বিলয় সম্ভবে তত দিনের মধ্যে দে দুরাদি নীলাম না করে। এমতে ক্রোককরণিয়ার দাধ্য আছে যে দে সমাচার লিখিয়া মহাজনী কুঠীর দাহেব কিয়া নিমকমহালের দাহেব অথবা কুঠীর গোমাশ্তা কিয়া নিমক চৌকীর দারোগা কলতঃ যাঁহার ব্যাপ্য দেই বাকীদার হয় তাঁহার নিকটেই বিহিত বুকি-য়া পাচাইতে পারে ইতি।—১৭৯৯ দা। ৭ আ ৪ ধা।

১৮। কোন জমীদার কিয়া হজুরী তালুকদার অথবা অন্য ভূম্যাধিকারী কিয়া সদরী ইজারদার থাজানার বাকী উসুলের নিমিন্তে তাহার পেটার মফঃসলী তালুকদার কিয়া ইজারদার অথবা প্রজাইত্যাদির জিনিসপত্র ক্রোক করিতে চাহিলে তাহার উচিত যে ক্রোক করণের সময়ে কিয়া তাহার পুর্ব্বে ঐ বাকী টাকা তলবের কথা লিথিয়া এক দম্ভাবেজ ঐ বাকীর তফদীলমুদ্ধা জমাওয়াসীলবাকার হিসাবসমেত বাকীদারের নিকট পাচাইয়া দেয় ও যাবৎ এই দাঁড়ার মতাচরণ যথার্থরূপে না হয় তাবৎ থাজানার বাকী আদায়ের নিমিত্তে জিনিসপত্র ক্রোক ও নীলামহওয়া সঙ্গত ও সিদ্ধ হইবেক না অতএব উপরের লিথিত ঐ দম্ভাবেজ জমাওয়াসীলবাকার হিসাবসমেত খোদ বাকীদারের হাতে দেওয়া কর্ত্রব্য কিন্তু তাহার অল্পন্ট থাকন কি পলাইয়া যাওনপ্রযুক্ত ইহা না হইতে পারিলে ঐ দম্ভাবেজ জমাওয়াসীলবাকার হিসাব সহিত তাহার বাস্মানে লট্কাইয়া দেওয়া কর্ত্র্ব্য ইহাতে তাহার হাতে দেওনের মত বোধ হইব্রেক ইতি।—১৮১২ সা। ৫ আ। ১৩ ধা।

- ১৯। ক্রোককারকদিগের তরফহইতে 'যে লোক যে বাকীদারের দুব্যাদি ক্রোক করিতে যায় তাহার নিকটে সেই বাকীদার ২ দুই জন দাক্ষির সমক্ষে সে বাকী টাকা দিতে চাহিলে দেই লোকের উচিত যে দেই বাকী টাকা তৎক্ষণাৎ লইয়া সেই দুব্যাদি ক্রোকহইতে হস্ত উঠায় ইতি।—১৭৯৩ সা। ১৭ আ। ৭ ধা।
- ২০। কর্ত্তবা যে বাকী আদায়ের কারণ সূর্য্যোদয় হইলে পর ও অস্ত হইবার পূর্ব্বে অর্থাৎ দিবাভাগে দুব্যাদি ক্রোক হয়। ইহাতে যদি ক্রোক কারক-দিগের কেই সূর্য্যাস্তোদয়ের মধ্যে এতাবতা রাত্রে দুব্যাদি ক্রোক কিয়া ক্রো-কের যতু করে তবে তাহার বাকীর দাওয়া মিখ্যা হইবেক ও দুব্যাদি ক্রোক করিয়া থাকিলে তাহা তাহার কর্ত্তাকে ফিরিয়া দিবেক কিয়া তাহা বিক্রয় অধ্বা নইট কিয়া অসপ্রান হইয়া থাকিলে আদালতের এরচাসমেত তাহার নিশা ক্রিতে হইবেক ইতি।—১৭১৩ সা। ১৭ আ। ১৭ ধা।
- ২১। তাবের কট্কিনাদার কিয়া তালুকদার অথবা প্রজাদিগের কেহ যদি আপন দুব্যাদি ক্রোকহইতে রক্ষাকরণের নিমিত্তে তঞ্চকক্রমে কাহাকেও দান করে তবে দেওয়ানী আদালতের জজ সাহেবের নিকট ইহা প্রমাণ হইলে সেই সাহেব সেই দুব্যাদি ক্রোককারককে সোপদ্দ করিবেন। এবং যাহাকে

সেই দুব্যাদি তঞ্চকে দান হইয়া থাকে তাহার স্থানহইতে সেই দুব্যাদির মূল্যের অর্জেক আনওয়ান দণ্ড আদালতের থরচাসমেত ক্রোককারককে দেওয়াইবেন্ ইতি।—১৭৯৩ সা। ১৭ আ। ১৮ ধা।

২২। তাবের কট্কিনাদার ও তালুকদার ও প্রজাদিগের কেছ যদি আপন
দুবাদি ক্রোকের প্রতিবাদী হয় কিয়। ক্রোক হইলে তাহা বলক্রমে কিয়া
গোপনে উচাইয়া লয় তবে দেওয়ানী আদালতের জজ সাহেব প্রমাণপূর্ব্ধকে
তাহাকে তাহার এ বিষয়ের সহকার লোকদিগের সহিত বন্দীশালে তাবৎ
বন্ধ রাথিবেন যাবৎ সেই দুষ্ট সেই দুব্যাদি পুনরায় ক্রোককারকদিগেরে
অর্পণ না করে কিয়া আপন শিরের বাকা আপন দুব্যান্তর ক্রোক ও বিক্রয়ে
অথবা মতভেদে ক্রোক ও আদালতের থরচাসমেত না দেয় ইতি।—১৭৯৩
সা।১৭ আ।১৯ ধা।

২৩। সদর আদালত বিধান করিয়াছেন যে ১৭৯৩ সালের ১৭ আইনের ১৯ ও ২০ ধারা এবং ১৭৯৯ সালের ৭ আইনের ৯ ধারানুসারে যে সকল মোকদমা হয় তাহা সরাসরী জান করিতে হইবেক কিন্তু আসামীর জওয়াব শুনিতে হইবেক এবং ক্রোকের বাধকতার বিষয়ে তাহার নামে নালিশ হইলে সেই নালিশ খওনার্থ যে সাক্ষ্য দেয় তাহা শুনিতে হইবেক। ২৩ নম্বরী আইনের অর্থ।

২৪। ১৭৯৩ সালের ১৭ আইনের ১৯ ধারাতে যে সরাসরী নালিশের বিষয় লেখে তাহা ক্রোকহওয়া সম্পত্তি বেআইনীতে উদ্ধার করণের বিষয়ে দেওয়ানী আদালতের দ্বারা যে দও হয় তাহার সঙ্গে সম্পর্ক রাখে। সেই কার্য্য অপরাধ হওনের পর এক বৎসরের মধ্যে করিতে হইবেক কিন্তু যদি গবর্গমেণ্ট ফরিয়াদী হন্ (এবং ফলতঃ কালেক্টর সাহেবের কি গবর্গমেণ্টের নালিশ কর। একি কথা) তবে বিলম্বের উপযুক্ত হেতু দর্শান গেলে এক বৎসর অতীত হইলেও নালিশ গ্রাহ্য হইতে পারে। ৩১৬ নম্বরী আইনের অর্থ।

यपि प्रामधकात्रिरात क्ट् काको আইনমতে प्रामधकातीत বাকীর কারণ তাহার দুব্যাদি ক্রোক হইতে লাগিলে তাহাতে নিজে কিয়া অন্যের দ্বারা এমত প্রতিবন্ধক হয় যে তাহাতে ক্রোক না হইতে পারে কি ক্রোক হইলে পরেই বা জোরে কিয়া ছাপাইয়া সে দুব্য উচাইয়া লয় তবে সে-প্রযুক্ত এইক্ষণে হৃদুম হইতেছে যে দেওয়ানী আদালতে এরপ প্রমাণ হইলে ইঙ্গরেজী ১৭৯৩ দালের ১৭ আইনের ১৯ ধারার লিথিত দণ্ড এবং যত দুব্য উচাইয়া লইয়া থাকে তাহার মূল্যের দ্বিগুণ দণ্ড সে লোকের উপর করা যাই-বেক। ও তাহাতে ক্রোককর্নিয়ার দাগ্য আছে যে যথায় দে দুব্য পায় তথায় পুনরায় ক্রোক করে। এবণ্মতাপরাধী ও যাহার দেই প্রতিবন্ধকতার বিষয়ে সে অপরাধির সহকার হইয়া থাকে তাহারাও সেই দুবা ক্রোক হইবার কালে হঙ্গামা ও গণ্ডগোল বাধাইয়া ছিল একারণ ধরা পড়িবার এবং দায়ের ও সায়েরী আদালতে বিচারের যোগ্য হইবেক। তাহাতে পোলীদের দারোগা-গণের কর্ত্তব্য যে এমত সমাচার পাইবামাত্র অবিলয়ে আপনি যথা স্থানে গিয়া म গগুলোলের মধ্যবর্ত্তি লোকদিগেরে ধরিয়া মাজিষ্টেট সাহেবের নিকটে পাচাইবার অর্থে আইনমতে যথাদাধ্য চেটা পায়। এব॰ ক্রোককরণিয়া আইনের অনুসারে ক্রোকী কর্ম করিতে পারিবার কারণেও সহায় হয়। আর বাকীদার ও তাহার মালজামিনছাড়া অন্য কেহ কোন কোকা দুব্য আপন সমুত্তি কহিয়া দাওয়া করিলে যদি ক্রোককরণিয়া সে দুব্য বিক্রয় করে তবে দে দাওয়াদার আপন দাওয়ার বিষয়ে দেওয়ানী আদালতে প্রমাণ করিতে

পারিলে ও ক্রোককরণিয়া যে বাকার কারণ সে দুব্য ক্রোক করিয়াছিল সে বাকার দায়া সে দাওয়াদার বটে এমত প্রতিপন্ন না করিতে পারিলে সেই দাওয়াদার সেই ক্রোককরণিয়ার স্থানে সে দুব্যের প্রকৃত মূল্য এবং সে মোক-দ্বার ভাবদৃষ্টে যত এরচা ও অপচয় ধরিয়া দেওয়ান সম্ভবে তাহাও পাই-বেক। কিন্তু বাকাদারের দখলে থাকা ভূমির কাটা কি অকাটা অর্থাৎ অসং-গৃহীত শন্য ক্রোক হইলে যদি কেহ তাহাতে এমত দাওয়া করে যে সে শন্য ক্রোকের পূর্বের্ব তাহার স্থানে বিক্রেয় কিন্তুা বন্ধকাদি হইয়াছে তবে সে দাওয়া মালগুজারার বাকার দাওয়ার উপর বলবৎ হইবেক না কারণ এই যে আদ্যোপান্ত সর্বেতোভাবে ভূমির উৎপন্ন শন্য ভূমাধিকারিগণের মালগুজারার টাকার ভূজানে আছে ও করারদাদের অনুনারে কিন্তুা কোন করারদাদ না থাকিলে তথাকার দাঁড়ামতে মালগুজারা উমুল না হইলে সে বাকা উমুলের কারণ ভূমির যত শন্য নালাম করিবার আবশ্যক হয় ততই ক্রোক ও নালাম করিতে ভূমাধিকারী শক্তি রাথে ইতি।—১৭৯১ সা। ৭ আ। ১ ধা।

২৬। কোকী ধনাধিকারিভিন্ন কেহ সেই ধন বলক্রমে কিয়া গোপনে উচাইয়া লইলে ইহা দেওয়ানা আদালতের জজ সাহেবের নিকটে প্রমাণপূর্বকে সে সাহেব তাহাকে বন্দীশালে তাবৎ বন্ধ রাখিবেন যাবৎ সেই দুব্য ক্রোককা-রকদিগেরে পুনরর্পণ্না করে কিয়া তাহার মূল্যের তুলা টাকা না দেয় ও অধিকন্ত সেই দুব্যের মূল্যের সমানে দণ্ড আদালতের খরচাসমেত দাখিল না করে ইতি।—১৭৯৩ সা। ১৭ আ। ২০ ধা।

# ৬ ধারা।

# খানাতলাশী।

ক্রোককারকদিণের সাধ্য আছে যে বাকীদারের দুব্যাদি ক্রোকের কারণে ঘোড়াশাল কিয়া গোহালী অথবা থামার কিয়া গোলা অথবা গোলা-ৰাটী কিন্তা অপর যে যে স্থানে বাকীদারের দুব্যাদি থাকে দেই ২ স্থান বলক্রমে থোলে এব ে যে বসত বাটীর পুরদ্বার অর্থাৎ সদরদরওয়াকা থোলা থাকে তথায় গিয়া অন্তঃপুরের দারছাড়া এই সকল স্থানের যে যে স্থানে দুব্যাদি রহে তাহা ক্রোককরণের নিমিত্তে দেই২ স্থানের দ্বার তাঙ্গে। কিন্তু এই ধারার লি-থিত মর্ম্মহইতে কোন প্রকারে ক্রোককারকদিগের এমত শক্তি বোধ ও অনুভব না হয় যে তাহারা কিয়া তাহারদিগের চাকর অথবা পেশকারেরা অন্তঃপুরের ছার ও থিড়কীর গমনাগমনের পথ থোলা থাকে কি না থাকে তথায় যায়। এব ে যে বাটীর দদর দ্বার রোধ কিম্বা কুলুপ দেওয়া থাকে তাহা ভাঙ্গিতে ও তাহার মধ্যে যাইতে চেক্টা করে। যে কেহ ইহার অন্যথায় অন্তঃপুরে যায় কিয়া কোন বাটীর কুলুপলাগান সদর দ্বার ভাঙ্গে সে লোক ছয় মাদপর্যান্ত কারাগারে বন্ধ রহিবেক এবং যে বাকী টাকার কারণ দুব্যাদি ক্রোক হয় দে টাকা ক্লোককারকেরা পাইবেক না এবং যে দ্ব্যাদি ক্রোক হইয়া থাকে তাহা **(मुख्यांनी आमान्छ के मार्ट्स क्वांक्क्र के मिर्ट्स खान्ड हे एक बाकी मार्ट्स** ফিরিয়া দেওয়াইবেন কিম্বা তাহা বিক্রয় অথবা নম্ট কিম্বা অস্থিত হইয়া থা∽ কিলে দেই দ্ব্যাদির অনুসারে ভারী দণ্ড আদালতের থরচাসমেত নিশা দেও-য়াইবেন। যে কোন বাটী কিম্বা ঘোড়াশাল অথবা গোহালী কিম্বা থামার

অথবা গোলা কিন্তা গোলাবাটী কিন্তা অপর যে স্থানে বাকীদারের দ্ধলের বিষয় না থাকে দেই বাটীওগয়রছে যদি তাহার দুব্যাদি ক্রোকের নিমিন্তে কোন ক্রোককারক প্রবেশ করে ও যায় ও তথায় দে বাকীদারের কিছু দুব্যাদি না মিলে তবে এমতে দেই বাটীওগয়রহের কর্ত্তা তাহার ক্ষতির দাওয়ায় দেই ক্রোককারকের নামে দেওয়ানা আদালতে নালিশ করিলে জজ সাহেব দেই মোকদমার গতিকক্রমে দণ্ড আদালতের থ্রচাসমেত দেই ক্রোককারকের স্থানহুতি দেই বাটীওগয়রহের কর্ত্তাকে দেওয়াইবেন ইতি।—১৭৯৩ সা। ১৭ আ। ২১ ধা।

২৮। জানা গেল যে ইঙ্গরেজী ১৭৯৩ সালের ১৭ আইনের ২১ ধারার লিথনানুসারে কাহার বসতবাটীর সদর দার বলক্রমে না থলিতে এবণ অন্তঃ-পুরে প্রবেশিতে যেহেতুক ক্রোককরণিয়ার প্রতি নিষেধ আছে দেহেতুতে দোষ দর্শিল অতএব ঐ নিষেধকে নীচের লিখনানুসারে নিবৃত্ত ও পরিবর্ত্ত করা গেল। ইহাতে যদি বুকা যায় যে কোন বাকীদার আপন দুব্যাদি আপন বসতবাটীতে রাথিয়া সদর দার রোধ করিয়াছে কিয়া যে অন্তঃপুরে এদেশা-চারক্রমে অন্যের প্রবেশ করণ অনুচিত তথায় রাথিয়াছে তবে ক্রোককর্নিয়ার শাধ্য আছে যে সেই এলাকার পোলীদের দারোগার নিকটে তাহার দর্থাস্ত করে ও তাহাতে সে দারোগার উচিত যে আপন পক্ষের জনেক লোককে তথায় পাটায় ও দেই লোকের দাক্ষাৎ ক্রোককরণিয়া দে বাটীর দদর দ্বার সেইরপে জোর করিয়া থোলে যেরপে পূর্ফে অন্তঃপুরছাড়া অন্য মহলের ছার সহসা থালিতে পারিত। ও দারোগা লোকের সমক্ষে অন্তঃপুরস্থা স্ত্রীগণকে ইহাও জানায় যে তাহারা তথাহইতে স্থানান্তরে যায় তাহাতে যদি দে দ্রীগণ বিশিষ্ট ঘরণী হয় ও এদেশাচারে অন্য পুরুষের সমুথ দিয়া তাহারদিণের গতি করণ না সম্ভবে তবে তাহারা স্থানান্তর যাইতে যে আয়োজন আবশ্যক চাহি তাহা যোগাইয়া দেয় ও তাহার দে অন্তঃপুর ছাড়িলে পর তথায় প্রবেশিয়া বাকী শোধের যোগ্য যে কিছু দুষ্য পায় তাহা ক্রোক করিতে পারে ও দে দুব্য মিলিলে কর্ত্তর্যায়ে অব্যাজে তথাহইতে উঠাইয়া লইয়া পরে সেই স্ত্রীগণের রহিবার নিমিত্তে দেই অন্তঃপুর ছাড়িয়া দেয়। ও এ আইনমতে এমত বোধ না হয় যে কেহ এই প্রস্তাবিত দাঁড়াছাড়া অন্য দাঁড়ায় কাহার বসতবাটীর সদর দার থোলে কিয়া অন্তঃপুরে প্রবিষ্ট হয় যদি কথন কেহ এ ধারার অন্য-থাচরণ করে তবে তাহার ভারী দণ্ড করা যাইবেক এব ে যে বাকীর কারণ দুব্য ক্রোক হয় সে বাকীর দাওয়াও মিখ্যা হইবেক ইতি।—১৭৯৯ সা। ৭ আ। ১০ ধা।

২৯। যদি ক্রোকের শক্তিমানদিগের কেই তথাকার এলাকার পোলীদের দারোগার নিকটে দুব্য ক্রোকের কালে প্রতিবন্ধক ও গগুগোল না হইতে
পারিবার কারণ তথায় পোলীদের কোন আমলা দাক্ষাৎ থাকিবার নিমিত্তে
দর্থাস্ত করে তবে দে দারোগার কর্ত্তব্য যে তাহাতে যথাদাধ্য আনুকূল্য করে।
এবং যাহাকে আপন পক্ষহইতে পাচায় তাহারো উচিত যে গগুগোল না
হইতে পারিবার নিমিত্তে যথাশক্তি ব্যাপার পায় এবং ক্রোককরণিয়া যে
কর্ম্ম করে তাহাও গোড়াগুড়ি জ্ঞাত হয় এইহেতুক যে পশ্চাৎ কথন জজ কিয়া
মাজিস্ট্রেট সাহেবের স্থানে দে বিষয়ের দাক্ষ্য দিবার তাৎপর্য্য হইলে তাহা
তথায় দিতে পারে ইতি। ত ৭৯৯ সা। ৭। আ। ১১ ধা।

## ৭ ধারা।

ক্রোকহওয়ার যোগ্য সম্পত্তি এবং তাহার বিষয়ি বিধান।

[২ ধারার পর ১৭৯৩ সালের ১৭ আইনের যে ২ ধারা লিখিত হইয়াছে তাহা দে**খ।**] ৩০। বাকীদার ও তাহার মালজামিনছাড়া অন্য কেহ কোন কোকী দুব্য আপন সম্লুত্তি কহিয়া দাওয়া করিলে যদি ক্রোককরণিয়া দুব্য বিক্রয় করে তবে দে দাওয়াদার আপন দাওয়ার বিষয়ে দেওয়ানী আদালতে প্রমাণ করিতে পারিলে ও ক্রোককরণিয়া যে বাকীর কারণ সে দ্ব্য কোক করিয়াছিল দে বাকীর দায়ী দে দাওয়াদার বটে এমত প্রতি-পত্ন না করিতে পারিলে দেই দাওয়াদার দেই ক্রোককরণিয়ার স্থানে দে দুব্যের প্রকৃত মূল্য এবণ দে মোকদমার ভাবদৃষ্টে যত থরচা ও অপচয় ধরিয়া দেওয়ান সম্ভবে তাহাও পাইবেক। কিন্তু বাকীদারের দথলে থাকা ভূমির কাটা কি অকাটা অর্থাৎ অসৎগৃহীত শস্য ক্রোক হইলে যদি কেহ তাহাতে এমত দাওয়া করে যে দে শদ্য ক্রোকের পূর্বের তাহার স্থানে বিক্রয় কিয়া বন্ধকাদি হইয়াছে তবে দে দাওয়া মালগুজারীর বাকীর দাওয়ার উপর বলবৎ হইবেক না কারণ এই যে আদ্যোপান্ত সর্ব্রতোভাবে ভূমির উৎপর শদ্য ভূমাধিকারিগণের মালগুজারীর টাকার ভুকানে আছে ও করারদাদের অনুসারে কিয়। কোন করারদাদ ন। থাকিলে তথাকার দাঁড়ামতে মালগুজারী উদুল না হইলে দে বাকী উদুলের কারণ ভুমির যত শদ্য নীলাম করিবার আবশ্যক হয় ততই ক্রোক ও নীলাম করিতে ভূমাধিকারী শক্তি রাথে ইতি।-১৭৯৯ দা। ৭ আ। ৯ ধা।

- ৩১। সদর আদালত বিধান করিতেছেন যে কথিত বাকীদার কিয়া তাহার জামিনছাড়া অন্য কোন ব্যক্তি ক্রোকহওয়া সম্পত্তির উপর দাওয়া করিলে সেই ব্যক্তি জামিন দিয়া ঐ সম্পত্তি থালাস করিতে পারে না এবং ১৮১২ সালের ৫ আইনের ১৫ ধারার বিধির অনুসারে তাহার দাওয়ার তজবীজ হইতে পারে না। ৩৪৮ নমুরী আইনের অর্থ।
- ৩২। যাহারদিগেরে ক্রোকের শক্তি অর্পণ হইল তাহারা আপনারদিগের তাবে দকল কট্কিনাদার ও তালুকদার ও প্রজাবর্গের ভূমি ও বাটা ও অন্য স্থাবর বস্তু ক্রোক ও বিক্রয় করিতে পারিবেক না এবং প্রিয়ুত কোষ্ণানি বাহাদুরের দরকারের মহাজনা দুব্য দামগ্রী প্রস্তুতের কার্য্যে নিযোজিত তাঁতী কিয়া কারীগর অথবা অপর যাহারদিগের স্থানে ঐ দরকারের বস্ত্রাদি দামগ্রী ও দাদনীর টাকা থাকে তাহা এবং তাঁতী কিয়া কারীগরপ্রভৃতি ব্যবদায়া অধ্বা মজুরদিগের তাঁত ও দূভা ও কাঁচা রেশমআদি এবং ঐ ব্যাপারের অন্য ব্যাপারী ও মজুরলোকের যে যন্ত্র ও হাতিয়ারওগয়রহ দরঞ্জাম বাকা আদাধ্যের নিমিত্তে ক্রোক ও বিক্রয়ের অযোগ্য ও এ প্রকার ক্রোক ও বিক্রয়ে শরার মতের ব্যতিক্রম ও নামপ্তর তাহা ক্রোক ও বিক্রয়ের নিষেধ জানাগিয়া বাকাদাবের শিরের যে বাকার কারণ তাহা ক্রোক করা গিয়া থাকে দে বাকা মাফ হইবেক। এবং দেওয়ানী আদালতের জজ দাহেব দেই ক্রোকা দুব্যাদি তাহার কর্ত্তাকে ফিরাইয়া দেওয়াইবেন কিয়া দেই ক্রোকা দুব্যাদি যদি অস্থাব্রজাক্রারকদিগের স্থানহইতে নিশা দেওয়ান যাইবেক এবং যে দুব্যাদি

ক্রোক ও বিক্রয়ের জন্য তাহার কর্ত্তার যে ক্ষতি প্রমাণ হয় তাহাও দণ্ডের মতে আদালতের থরচানমেত দেই কর্ত্তাকে দেওয়ান যাইবেক ইতি।— ১৭৯৩ সা। ১৭ আ। ৩ ধা।

- ৩৩। বাকী আদায়ের কারণ তাবের সকল কট্কিনাদার ও তালুকদার ও প্রজাদিগের লাঙ্গল ওগয়রহ চাদের হাতিয়ার ও হালিয়া গরু ও বীজধানাাদি ক্রোক হইবেক না যদি বাকী আদায়ের আনওয়ানে তাহারদিগের অনা গরু-আদি পশু কিয়া ধানাাদি শদ্য অথবা দ্ব্যান্তর যাহা তাহারদিগের স্থানে থাকে তাহা ক্রোককারকদিগের হস্ত্রগত হয়। যদি কেহ এই ধারার হকুমের ব্যতিক্রম করে তবে তাহাতে যাহার যে ক্ষতি হয় দগুক্রমে তাহার তুল্য টাকা আদালতের এরচাদমেত দেই ব্যতিক্রমকারির স্থানহইতে উৎপাতগ্রস্তকে দেওয়ান যাইবেক অতএব ক্রোককারকদিগের কর্ত্ব্য যে এই ধারার মর্মাদ্ষ্টে অতিসাবধানে থাকে ইতি।—১৭১৩ সা। ১৭ আ। ৪ ধা।
- ৩৪। থাজানার বাকীর নিমিত্তে লাঙ্গলইত্যাদি কৃষিকর্মের দ্বাজাত ও হালের গরুইত্যাদি ও কারীগরলোকের হেত্যার সরঞ্জাম বাকী টাকা আদায় হওনের উপযুক্ত অন্য দুবা বাকীদারের না থাকিলেও ক্রোক ও নীলামের যোগ্য বোধ হইবেক না ইতি।—১৮১২ সা। ৫ আ। ১৪ ধা।
- ৩৫। ক্রোককারকেরা যে কালে আপনারদিগের তাবের কট্কিনাদার ও তালুকদার ও প্রজাদিগের ভূমির উৎপন্ন শন্যাদির ন্যায় যে দুব্য ক্ষেত্রই-তে কাটা না গিয়া থাকে তাহা ক্রোক করে দে কালে তাহা সময়শিরে কাটাইয়া সেই ভূমির শিরে উপযুক্ত স্থানে কিয়া থামারে অথবা গোলায় সংগ্রহ করাইবেক ও সেই ভূমির শিরে থামারআদি না থাকিলে কর্ত্রতাযে সেই ভূমির শিরে গেই প্রগনার দীমার মধ্যে যত নিকটে থামার কিয়া উপযুক্ত স্থান মিলে তথায় সংগ্রহ করায় ইহাতে সেই দুব্য কাটাইবার ও সংগ্রহ করিবার থরচ তাহা ছাড়িয়া দিবার কালে তাহার কর্ত্রার স্থানে কিয়া তাহা বিক্রয় হইলে তাহার মূল্যহইতে আদায় হইবেক ইতি।—১৭৯৩ সা। ১৭ আ। ১৩ ধা।
- ৩৬। যে পরগনায় যে পশ্ব ও দুবাদি ক্রোক হইয়া থাকে তাহা ক্রোক-কারকের। দেই পরগনার দীমান্তরে না লয় বর° যে স্থানে ক্রোক হয় তথায় যাহার স্থানে তাহা গচ্ছিতকরণ উচিত জানে তাহার স্থানে গছায়। অথবা দেই স্থানের নিকট যে স্থান দেই পরগনার বাহির না হয় এমত স্থানান্তরে স্ক্র্তোভাবে দাবধানে রাথে ইতি।—১৭৯৩ দা। ১৭ আ। ১২ ধা।
- ৩৭। ক্রোককারকেরা ক্রোকী পশুকে আপন চাস কর্মে ও অপর কার্যোনা থাটায় এবং ক্রোকী অন্য দুব্যাদিও ব্যয় ওব্যবহার না করে। এবং সেই পশুর আবশ্যক থোরাক দিতে থাকে তাহার থরচ তাহা ছাড়িয়া দিবার সময়ে তাহার কর্ত্তার স্থানে কিন্তা তাহা বিক্রেয় হইলে তাহার মূল্য-হইতে আদায় হইবেক ইতি।—১৭১৩ সা। ১৭ আ। ১৪ ধা।
- ৩৮। ক্রোকী ধন যাবৎ ক্রোককারকের হস্তবশ থাকে তাবৎ আদ্যোপান্ত সর্ব্যেকারে তাহার রক্ষণাদি না করিবাতে যদি সেই ধন চোরে যায় কিয়া হারায় অথবা শীতলে কিয়া উন্তাপে অর্থাৎ জলে কিয়া রৌদাদিতে অথবা অন্য হেতুতে নই ও ক্ষতি হয় তবে তাহার নিশা তাহার কর্তার স্থানে ক্রোক-কারকেরা করিবেক ইতি।—১৭১৩ দা। ১৭ আ।১৫ ধা।

৩৯। বাকীর নিমিছে যে দুবাদি ক্রোক করিতে হয় তাহা বাকীর আন-ওয়ানে সম্ভবক্রমে ক্রোক হয় তাহার বহিভূতি না হয়। তাহাতে ক্রোককারক-দিগের কেহ বাকীর আনওয়ানছাড়া দুবাদি ক্রোক করিলে যদি বিচারক্রমে এমত প্রকাশ হয় যে ক্রোককারকেরা বাকী আদায়ের অনুমানে সেই ক্রোকী দুবাপেক্ষা অল্প মূল্যের দুবান্তির ক্রোক করিতে পারিত তবে এমতে দেওয়ানী আদালতের জজ সাহেব ক্রোককারকদিগের স্থানহইতে সেই মোকদ্মার গতি-কের যোগ্য দণ্ড আদালতের থরচাসমেত সেই দুবাধিকারিকে দেওয়াইবেন ইতি —১৭১৩ সা। ১৭ আ। ১৬ ধা।

## ৮ ধারা।

क्वांकर ७३। मन्भविष्ठ नीलाय्यत् कार्याकात्रकत्रामत् यारा कर्वता ।

[১৭৯৯ সালের ৭ আইনের ৪ ধারা দেখা]

যে কালে কাহারো দুব্য ক্রোক হয় সে কালে ক্রোককারকের কর্ত্তব্য যে যে দিন সেই দুব্য ক্রোক হয় তাহার পর দিনহইতে পাঁচ দিনগতে অফী-হের মধ্যে এব ে দুবা ভূমির যে শদ্য কাটা না গিয়া থাকে তাহার ন্যায় रहेल हेक्रदेखी ১१२० मार्लिं ५१ मध्रम् आहेरमद ५० खरहाम्स धांताद লিথনানুসারে সেই শদ্য কাটা গিয়া যে দিন থামারে রাশি হয় তাহার পর দিনহইতে পাঁচ দিন গতে অফীহের মধ্যে সেই দুব্যের মূল্য চাহর ও নীলা-মের জন্যে পরগনার কাজীর নিকটে দর্থাস্ত করে। কাজীর উচিত যে সেই দুব্যের ফিরিস্তি অর্থাৎ তফদীল জায়ের ফর্দ নীচের লিথিত মর্মযুক্তে আপন বাঁটীর দদর দ্বারে এব ে দ্ব্য নীলামের কারণ যে স্থান নিরূপণ হয় তথায় লট্-কাইয়া দেওয়ায়। দেই মুর্মের বেওরা এক এই যে দুব্য নীলামের স্থাননিরপণ যে স্থানে ক্রোককারক দেই দুবা রাথিয়া থাকে অথবা ভাহার নিকটস্থ যে গঞ্জ কিয়া বাজার অথবা হাট হয় অথবা অন্য থে স্থানে সকলের গমনাগমন থাকে ফলতঃ যে স্থানে দে দুব্য উচ্চ মূল্যে বিক্রয়হওন কাজী ঠাহর করে দেই স্থান হইবেক। দ্বিতীয়। দুবানীলামের তারিখ নির্ণয় যে দিন দেই দুবা ক্রোক হয় তাহার পর দিনহইতে পঞ্দশ দিবদ ইহাতে দে দুবা ভূমির যে শদ্য কাটা না গিয়া থাকে তাহার ন্যায় হইলে ইঙ্গরেজী ১৭১৩ দালের ১৭ দপ্তদশ আই-নের ১৩ ত্রয়োদশ ধারার লিথনানুসারে সেই শস্য কাটা গিয়া যে দিন থামারে রাশি হয় তাহার পর দিনহইতে পঞ্চল দিবস হইবেক। তৃতীয় দুব্য নীলা-মের সময় নির্দিষ্ট যে সময়ে অনেক লোক ঐহিক ব্যাপার কার্য্য করিবার, বাসনা রাথে সেই সময়ে হইবেক এইহেতুক যে সে সময়ে বিস্তর লোক একতা হইতে পারে। তদনন্তর কাজীর কর্ত্তব্য যে দেই দুব্যের মূল্য ঠাহরিবার জন্যে বিশ্বাদী ও মাতবর যে লোকেরা আপন্থ ব্যবদায় কিয়া ভারক্রমে তাহা চাহ-রের যোগ্যতা রাথে তাহারদিগেরে আমীন মোকরর করে। সেই আমীনদি-গের উচিত যে সেই পরগনার সময়শিরের দরের অনুসারে একং দুবোর মূল্য ঠাছরিরা সেই দকল দুব্যের তফদীলের ফর্দ্দ একং দুব্যের মূল্য নিদর্শনে দুরন্ত করিয়া দেই কর্দের নীচে এই পাঠ যে আমরা এই দকল দ্ব্যের মূল্য চাহ্র আপনারদিনের যথাদাধ্য বৃদ্ধি ও বিবেচনাক্রমে করিয়াছি লিথিয়া ভাহাতে আপেনারদিগের মোহর ও দন্তথৎ করে। কাজীর কর্ত্তব্য যে সেই ফর্দের উপর

আপন মোহর করিয়া তাহা আপন বাটীর সদর দ্বারে এব নলামের কারণ যে স্থান নিরপণ হয় তথায় লট্কাইয়া দেওয়ায়।—১৭৯৫ সা। ৩৫ আ। ৫ ধা।

[ क्लांक वर्गास करतावर महामही भाकमभाद विषय 8 व्यक्षायाद 58 थांद्रा प्रथ ।]

- এই আইনের দ্বিতীয় ধারার লিখিত নানা প্রকার ভূম্যাধিকারী ও ইজারদারপ্রভৃতিরা এই আইনের লিখিত সমস্ত মর্মাদৃষ্টে প্রীযুত কোম্লানি বাহাদুরের সরকারের মহাজনী দুব্য সামগ্রী প্রস্তুতের কার্য্যে ও নিমকপোঞ্জানীর ব্যাপারে যে সকল লোক নিযুক্ত আছে তাহারদিগের দুব্যাদি মালগুজারীর বাকী টাকা আদায়ের কারণ এযুত কোম্লানি বাহাদুরের সরকারের তেজারতী কুঠীর সাহেবদিগকে ও নিমক মহালের সাহেবদিগকে ও অপর আমলাকে এত্তেলা না করিয়া প্রথমতঃ ক্রোক করিবার ক্ষমতা রাখে কিন্তু ক্রোককারকেরা যে কোন তাঁতী কিম্বা মলঙ্গীর দুব্যাদি বাকীর দায়ে যে দিন ক্রোক করে তাহার পর দিনহইতে তিন দিনের মধ্যে দেই দুবাাদি ক্রোক করণের বিষয় এক লিখনের দারা তেজারতী কুঠীর সাহেব কিয়া নিমক মহালের সাহেবের নিকটে অথবা যে স্থানে দুব্যাদি ক্রোক হয় ভাহার সন্নিকটে ভেজারভী কার্থানার পেটার যে কুচা কিয়া নিমক মহালের মফঃদল যে কাছারী থাকে তথাকার আমলাদিগের স্থানে म॰ वाम मिरवक এইছেতুক যে সেই ক্রোকী দুব্যাদি विकारहत य मिन निर्मिष्ठ इह जाहाह शृर्ख मिह मारहरवहा थहे आहितह ব্যতিক্রম না হয় এমতে দেই জাঁতী কিয়া মলঙ্গীর দুব্যাদির ক্রোক থালাস অথবা অপর যে গতিক উচিত জানেন তাহা করেন ইতি।-১৭৯৩ গা। ১৭ আ ৷ ৩১ ধা ৷
- ৪২। থাজানার বাকী আদায়ের কারণ নীলাম হওনার্থে জিনিস ক্রোক হইলে কর্ত্তব্য যে নীলাম হওনের পূর্ব্বে এই প্রকার জিনিস কেনাবেচার ওয়াকীফহাল লোকদিগের দ্বারা তাহার মূল্য চাহরা ও নিরপণ করা যায় অত-এব ঐ ওয়াকীফহাল লোকদিগের কর্ত্তব্য যে তাহার মূল্য নিরপণের বৃত্তান্ত-সম্বলিত এক সটিফিকট অর্থাৎ দম্ভাবেজ লিথিয়া দেয় যে ঐ সটিফিকট নীলাম হওনের দিবদের তিন দিবস কি ইহাহইতে অধিক দিবস পূর্ব্বে জ্ঞাত হওনার্থে জিনিসের মালিক অর্ধাৎ স্থামিকে দেওয়া যায় ইতি া—১৮১২ লা। ৫ আ। ১৮ ধা।
- ৪৩। যদি বাকীদার তাহার দুব্যাদি ক্রোক হইলে পর সেই দুব্যাদি বিক্রয় হইবার দিন নিষ্কুর্যের পূর্ব্বে তাহার স্থানের তলবের টাকা ক্রোকী আবশ্যক খরচাসমেত ২ দুই জন মাতবর সাক্ষির সমক্ষে দিতে চাহে তবে ক্রোককারকের কর্ত্তব্য যে সে বাকী টাকা খরচাসমেত তাহার স্থানে তৎক্ষণাৎ লইয়াক্রোকী দুব্যাদি অবিলয়ে ছাড়িয়া দেয় ইহাতে ক্রোকী খরচার বিষয়ে কিছু বচসা ও আপত্তি হইলে তাহা পরগনার কাজীর নিকটে নিষ্পত্তি পাইবেক। যদি ক্রোককারকদিগের কেহ এই ধারার ব্যতিক্রমে কার্য্য করে তবে সে নালিশ দেওয়ানী আদালতের জল সাহেবের স্থানে হইলে সেই সাহেব মোকদমার গতিকানুসারে তাহার দণ্ড আদালতের খরচাসমেত ফরিয়াদীকে দেওয়াইবেন ইতি।—১৭৯৩ সা। ১৭ আ। ১১ ধা।

## ১ ধারা।

### बीलाट्यत निग्रम ।

৪৪। উচিত যে দেই দুবা নীলামের দিন প্রাতঃকালে যে সকল লোক তাহা কিনিবার বাদনা করে তাহারদিগের দৃষ্টির নিমিত্তে নালামের স্থানে আনা যায় কিয়া ভূমির যে শদ্য এক স্থানহইতে স্থানান্তরে উচাইতে ও লইতে বায়বাছলা হয় ভাহার নাায় দেই দুবা হইলে দেই একং দুবোর নমুনা বা-চনি না করিয়া আনা ষায়। এব শকাজী সেই দুবা এক লাটে কিয়া অনেক লাটে অর্থাৎ একত্র অথবা পৃথক্থ করিয়া যেমতে নীলাম করণ বিহিত জানে দেই মতেই করে ও যে কেহ অধিক মূল্য কহে কর্ত্তব্য যে দেই ব্যক্তিই দে দুব্য থরীদ করে। ইহাতে যদি সেই দুব্য নীলামের টাকা বাকীর অনুসারঅপেক্ষা অধিক হয় তবে যে টাকা অধিক হয় তাহা ক্রোক ও নীলামের এরচা বাদে সেই দুয়োর অধিকারী পাইবেক। যদি দেই দুব্য নীলামের টাকাবাকী টাকা এব০১ ক্রোক ও নীলামের ধরচায় না কুলায় তবে ক্রোককারকের ক্ষমতা থাকিবেক যে দেই অবশিষ্ট বাকী টাকা আদায়ের কারণ দেই বাকীদারের অন্যং সামগ্রী ক্রোক করিয়া নীলাম করায়। ইহাতে কাজীর উচিত যে ক্রোক ও নীলামের যে সকল ধরচের ফর্দ তাহার নিকটে ক্রোককারক দেয় তাহা দেখিয়া ও তহকীক করিয়া সে পকল থরচের মধ্যে যাহা অদঙ্গতানুমান করে তাহা বাদ দেয় যে লোকেরা ক্রোক করিবার শাখ্য রাখে তাহারদিগের কেহ যদি ক্রোক-হওয়া দুবাদামণী এই ধারার লিথনানুদারছাড়া মডান্তরে বিক্রয় করায় তবে যে বাকীর নিমিত্তে দুবাসামগ্রী ক্রোক হইয়া থাকে সে তাহা না পাইয়া অপ-রাধী হইবেক এব ্রিক্রীত দুবোর মূল্যও আদালতের থরচাসমেত দুব্যাধিন कांत्रिक (मध्यान याहरतक है जि ।--> १३ ६ मा। ७६ जा। ६ था।

৪৫। ক্রোকা জিনিল নীলাম হওনের সময় যদি নিরপণকরা মূল্যেতে কোন যাক্তি তাহা ধরীদ করিতে না চাহে তবে দেখানকার আইন্দা বাজারের দিবলপর্যান্ত নীলাম মৌকুফ থাকিবেক ও দে দিবল নীলামের দম্ভরেতে যে মূল্য পাওয়া যায় তাহা প্রথম দিবল নীলাম হইলে যে মূল্য পাওয়া যায়তে পারিত তাহাহইতে কম না হইলে লেই মূল্যেতে ঐ জিনিল বিক্রয় করা যাই-বেক ইতি।—১৮১২ লা। ৫ আ। ১৯ ধা।

৪৬। ক্রোকী দুবাদি নীলামের সাধাবান কাজীপ্রভৃতিতে দুবা নীলামের ইশ্তিহার দিবার ও নীলাম করিবার এবং ইঙ্গরেজী ১৭৯৫ সালের ৩৫ আইনের ৫ ধারানুসারে তাহার মূল্য চাহরিবার থরচের নিমিত্তে ও নিজ বেতনের অর্থে রসুম দুবা নীলামে বিক্রয়মুথে যত টাকা হয় তাহার টাকার প্রতি /০ এক আনার হারে পাইবেক ও বে রসুম নীলামী টাকায় কর্ত্তন হইয়া অবশিষ্ট যে থাকিবেক তাহা ক্রোকী থরচাসমেত বাকার মোটে মজুরা পড়িয়া যত অকুলান হয় তাহার দায় সেই বাকাদারের শিরে রহিবেক কিন্তু বাকাদার আপন দেনা দিবাতে কিন্তুা অপর কোন হেতুতে যদি নীলাম থামে তবে তাহারা রসুম পাইবেক না। কেবল সে দুবাদি ক্রোক করিতে যথার্থ যে থরচ লাগিয়া থাকে তাহাছাড়া অন্য কিছু থরচা সে বাকাদারের স্থানে লওয়া যাই-বেক না ইহাতে এই প্রার্থনা যে ক্রোকী দুবা নীলামের সাধ্যবানেরা এই

রসুম পাইবার ভরদার দর্শতোভাবে প্রকৃতপ্রস্তাবে ঐ ভারিত কর্ম বিশিষ্ট রূপে করে। আর যদি বাকীদার কিয়া ক্রোককারক অথবা এরীদার কিয়া নী-লামকার বিরুদ্ধাচরণ কিয়া কোন অতাহিত এতৎ কর্ম করে তবে আইনমতে তৎক্ষণাৎ তগীরের যোগ্য হইবেক অধিকস্ত আইনের লিথিত অন্য দণ্ডের এবং উৎপাতগ্রস্তের ক্ষতি পোষাইয়া দিবার দায়েও ঠেকিবেক ইতি।—১৭৯১ সা। ৭ আ। ৫ ধা।

ক্রোককারক ও কাজী ও মুকীমদিগেরে এই নিষেধ আছে যে क्लोको मुर्गापित कोन पुरा ठकात्त्व ७ उक्षरक जाशनाता क्य नो करत यपि কোন কাজী কিয়া মুকীম এই হুকুমের অন্যথায় কার্য্য করে তবে দে দুবা তাহার কর্ত্তাকে ফিরিয়া দেওয়া তাহারদিগের সঙ্গত হইবেক কিম্বা তাহা নষ্ট অথবা অস্থিত হইলে দেই দুব্যের আনওয়ানে নিশা দিবেক এবণ্- দেই দুব্যের মূল্যের টাকা জব্দ হইয়া বাকীদারের বাকী আদায়ে আসিবেক এবণ আদাল-তের থরচাও তাহারদিগের দেওয়া উচিত হইবেক দেওয়ানী আদালতের জজ লাহেব তাহার বেওরা 🗃 যুত গবর্নর জেনরল বাহাদুর কৌন্সেলের হজুরের अखिलाकार्य मन्त्र (मध्यानी जामानर्डिंग मार्ट्यिम्शित द्यान निश्वितन তদ্ষ্টে এযুত গবর্নর্ জেনরল বাহাদুর কৌন্সেলে দে কাজীকে কজায়ী থেদ-মংহইতে তগীর করণ উচিত জানিলে তাহা করিতে হুকুম দিবেন আর যদি ক্রোককারকদিগের কেহ এই ধারার নিষেধের অন্যথায় কার্য্য করে তবে যে দুব্য থরাদ করে তাহা দেই দুব্যাধিকারিকে ফিরিয়া দিবেক কিয়া তাহা নউ অথবা অস্থিত হইয়া থাকিলে তাহার মূল্যের তুল্যের নিশা করিবেক এবণ্৲ যে বাকীর দাওয়ায় দে দুব্য ক্রোক করিয়া থাকে দে দাওয়াও মিথ্যা হইবেক এবং আদালতের থরচাও তাহার দেওয়া উচিত হইবেক ইতি।—১৭১৩ मा। ३१ जा। २8 था।

৪৮। বাকীদার কিয়া তাহার পক্ষের কাহাকেও ক্রোকী দুব্যাদি ক্রয় করিতে আজ্ঞানাহি ইতি।—১৭৯৩ দা। ১৭ আ। ২৫ধা।

৪৯। কর্ত্তব্য যে ক্রোকহওয়া দুব্য নীলামের মনয়ে তাহার মূল্যের টাকা নগদ লওয়া যায় এব॰ থরীদার তাহার টাকা না দিয়া কোন দুব্য উঠাইয়া লইতে না পারে ইহাতে যে দিন নীলাম হয় তাহার পর দিনহইতে পাঁচ দিনের মধ্যে যদি থরীদার দুব্যের মূল্য টাকা সমস্ত না দেয় তবে য়ত দুব্যের মূল্য আদায় না হইয়া থাকে তত দুব্য পুনরায় কাজীয় মায়কতে সে যে দিনাবধারণ করে সেই দিনে যে রূপে হইতে পারে সেই রূপেই নীলাম হইবেক আর যদি মূল্যের টাকা কিছুই না দেয় তবে সমস্ত দুব্যই পুনর্বার নীলামে বিক্রয় করা যাইবেক এব॰ সেই প্রথম থরীদার প্রথম নীলামের মূল্য টাকার শত তক্কায় ১০১ টাকার হারে এব॰ তন্তির যে ক্লতি প্রথম নীলামের মূল্যের উপর দিতীয় নীলামে হয় সে তাহা সেই দিতীয় নীলামের থরচাসমেত সেই বাকীদারকে দিবেক আর দিতীয় নীলামে লাভ হইলে সে লাভের টাকাও বাকীদারের হিসাবে মজুরা হইবেক ইতি।—১৭৯৫ সা। ৩৫ আ। ৭ ধা।

'৫০। কাজীর কর্ত্তব্য যে দুব্যাদির মূল্য নিরূপণ ও বিক্রয় করণে কিছু বিরুদ্ধাচরণ না করে যদি করে তবে ভাহা দেওয়ানী আদালতের জজ সাহেবের নিকটে প্রমাণ হইলে দেই বিরুদ্ধাচরণে বাকাদারের যে ক্ষতি হয় ভাহা আ- দালতের ধরচাসমেত জজ সাহেব দেওয়াইয়া তাহার বেওরা প্রায়ৃত গবর্নর্ জেনরল বাহাদুর কৌন্সেলের হজুরের এত্তেলাকারণ সদর দেওয়ানী আদাল-তের সাহেবদিগের নিকটে লিখিবেন তদ্ন্টে প্রায়ৃত গবর্নর্জেনরল বাহাদুর কৌন্সেলে সেই কাজীর ফ্রটি নিশ্চয় জানিলে তাহাকে কজায়ী থেদমৎহইতে তগীর করণ উচিত হইলে করিতে হ্কুম দিবেন ইতি।—১৭৯৩ সা। ১৭ আ। ২৩ ধা।

# मलीलम्खार्ति ज्व रेखी झ।

এ আইন জারী হওনের ডারিথঅবধি এ আইনের শেষের লিথিত  $\Lambda$  চিক্লেডে চিহ্নিড তফদীলের বিশেষ করিয়া লিখিত মুল্যানুসারে প্রতিজ্ঞাপত্র ও নিদর্শন পত্র ও লেখাপড়ার উপর পর্বমতে ইফ্টাম্পকাগন্ধ বিক্রয় করণের দারা মাসুল তলব করা ও লওয়া ঘাইবেক এবং টাকা শোধকরণ কি লওন বিষয়ের কি এ আইন যে দকল দেশে কি স্থানে চলে ঐং দেশে কি স্থানে থাকা কোন স্থাবর কি অস্থাবর বন্ধর বিক্রয় কি হস্তান্তর করণ কি অর্পণ করণ বিষয়ের অথবা ঐথ বস্তুতে কোন অধিকারিস্ত বিষয়ের কোন একরারনামা কি চুক্তি পত্র কি টাকাইত্যাদি দিবার অনুজ্ঞাপত্র কি কবুলিয়ৎ কি নিরূপণপত্র পূর্ব্বোক্ত কোন मिट्न कि द्वारत मकल हहेवाद निमिट्ड बेर अक्दादनामाहेजानि अ **आहे**न कि हिलंड जना কোন আইনানুসারের ইফ্টাম্পকাগজে না লেখা গেলে কোন আদালতে সাক্ষ্য কি অন্য কোন কার্য্যের নিমিত্তে গ্রাহ্য হইবেক না এবং হিন্দুস্থানের মধ্যবর্ত্তি কোন স্থানে করা সামান্য প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র কি লেখাপড়া ঐ উপরের উক্ত তফ্দীলেতে ঐ প্রকার প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র কি লেখাপড়া করিবার নিমিত্তে নিরুপিত ইফ্টাম্পযুক্ত কাগজ কি বেলম কি পার্চমেন্ট কি অন্য কোন বন্ধতে দিখিত না হইলে ফোর্ট উলিয়ম অর্থাৎ কলিকাতা রাজধানীর অধীন কোন জিলা কি আদালতে কি সরকারী অন্য কোন কাছা-ব্রীতে দাখিল করণের যোগ্য কি গ্রাহ্য হইবেক না এবং উপরের উক্ত ভফ্নীল সর্বপ্রকারে ও সর্ব্রভোভাবে এই আইনের এক অংশ বোধ করা ঘাইবেক ইতি।—১৮২৯ সা। ১০ আ। ৩ধা। ১প্র।

কিন্ত ইহা নির্দিষ্ট হইল যে এ আইনের শেষের লিখিত তফসালের নির্রুপিত ইফ্টাম্প কাগজে না লেখা কোন প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র কি লেখাপড়া যদি তাহার নির্নুপিত ইফ্টাম্পকাগজের অধিক মুল্যের ইফ্টাম্পকাগজে লেখা যায় অথবা এই আইন নির্দিষ্ট ও জারী করিবার পূর্ব্বে এ প্রতিজ্ঞাপত্র কি নিদর্শনপত্র কি লেখাপড়া যে কাগজ 'ইত্যাদিতে লেখা গিয়াছে তাহাতে যে ইফ্টাম্প ছাপা হইয়াছে তাহা যদি ঐ প্রতিজ্ঞাপত্র-ইত্যাদি কর্ণসময়ে তাহার ইফ্টাম্প কাগজের যে মুল্য উপযুক্ত তাহার দহিত মিলে তবে তাহা গ্রাহ্যহওনে কোন আপত্তি হইবেক না ইতি।—১৮২৯ সা। ১০ আ। ও ধা। ২ প্র।

